Alumnus, al-umnus, (L. *alo*, to nourish) *n.* ছাত্র, বিদ্যালয় বিশেষের ছাত্র, A pupil, a graduate of a college or university, one educated at a college is called *alumnus* of that college — পালক পুত্র, A foster child. *pl*=*alumni*.

Alum stone, *n.* এক প্রকার খনিজ পদার্থ, A kind of mineral

Alum-water—ফটকিরি মিশ্রিত জল, Water impregnated with alum

Alum works, *n* ফটকিরি প্রস্তুত করণের সরঞ্জম; Apparatus for making alum.

Alutation, *n* চর্ম্ম নির্ম্মাণ করণ, The tanning or dressing of leather

Alveary, *n* কর্ণকুহর, The hollow of the ear :— মধুমক্ষিকার চাক মৌচাক, মধুচক্র A bee-hive.

Alveolate *a* মৌচাকের ন্যায় ছিদ্রযুক্ত, Divided into open cells, like honey-comb

Alveolory, Alveolor, *adj*, কোটর বা গর্ত্ত বিশিষ্ট, Having a small hollow or cavity

Alvine, *adj* উদর বা তলপেট সম্বন্ধীয়, Pertaining to the lower belly or intestines, pertainting to the abdomen

Always, awl wāz **alway**, awl wā, *adv* সর্ব্ব প্রকারে সর্ব্বদা, অনুক্ষণ অনবরত, চিরকাল, Through always, continually, for ever, at all times, without variations, in every case, invariably, *Syn* continually, constantly, unceasingly

Am, am (A S *eom*, Gr *eimi*, L *sum* for *esum*, Sans *asmi* as, to be) *v* হওয়া, হই, আছি, The first person of the verb *to be*

I am ঈশ্বরের উপাধি, অজর, আমি আছি, One of God's titles.

Amability, *n.* সৌন্দর্য্য, প্রিয়ত্ব, মনোহারিত্ব, Loveliness, the power of pleasing

Amadavad, *n* ক্ষুদ্র পক্ষীবিশেষ A small bird

Amadino *n* শ্বেতসারের তরলনীয় অংশ, The soluble part of starch

Amail, *n* জাল বুনান, Net-work

Amain a mān (Prefix *a* and Main) *adv* বলপূর্ব্বক, সজোরে, বেগে, With strength, vehemently, with sudden force, with vehemence, fiercely forcibly, at once

Amalgam, a malgam, (L and Gr *malagma*, an emollient—Gr. *malasso*, to soften) *n.* কোমল মিশ্রণ Any soft mixture.— পারদ মিশ্রিত ধাতু A compound of mercury with another metal - মিশ্রণ, Mixture

Amalgamate, a-malgam āt, *v. t.* অন্য ধাতুর সহিত পারদ মিশ্রিত করা, To mix mercury with another metal —মিশ্রিত করা, সম্মিলিত করা, To compound or mix —*v i* মিশ্রিত বা সম্মিলিত হওয়া, মিলিত হওয়া, যুক্ত হওয়া, To unite in an amalgam, to blend, to coalesce. *Syn*— commix, combine, mingle, blend, incorporate, fuse.

Amalgamation, a-mal-gam-ā'shun, *n* মিশ্রণ; ধাতুমিশ্রিত করণ, A mixing together of different bodies or metals —সংযোজনা, যোগ, The mixing of different things or race.

Amand, *v.* পাঠাইয়া দেয়, প্রেরণ-করা, সরাইয়া দেয় To send one away, to remove.

Amandation, *n* পাঠাইয়া দেওন, প্রেরণ করণ, The act of sending on a message

Amanuensis, a-man-ū-en'sis, (L *ab* from, *manus*, hand) *n* হস্তলেখক, অনুলিপিকর নকলনবিস, সম্পাদক, A copyist, a writer to dictation.

Amaranth, á-mar anth -us, (Gr *amarantos*, unfading—*a*, neg, and root *mar*, to waste away, allied to Lat *mori*, to die and Sans *mri* to die) *n* দীর্ঘস্থায়ী ফুলের একজাতীয় চারাগাছ, লতা বিশেষ, A plant of which the flower long retains its colour —দেবপুষ্প, পারিজাত পুষ্প, অম্লানপুষ্প, An imaginary flower which never fades

Amaranthine, a-mar-anthin *a* অমরত্ব পুষ্পসম্বন্ধীয়. Pertaining to amaranth —অম্লানীয় পুষ্পবিশিষ্ট Belonging to amaranth —অমরত্ব পুষ্পসদৃশ, Like amaranth —অম্লান, Unfading, undecaying

Amaritude, *n* তিক্তত্ব, কটুত্ব, Bitterness

Amaryllis, *n* সুন্দর বৃক্ষ বিং, A beautiful plant

Amarynthos—One of the dogs of Actæon

Amass, a-mas' (Fr *amasser* --L *ad* to and *massa* a mass) *v t* সঞ্চয় কৃ To accumulate —রাশীকৃত কৃ একত্রিত-কৃ To gather into heap, to collect to gather in large quantity *Syn*= Heap up, accumulate pile up gather collect aggregate scrape together rake up

Amass *n* সঞ্চয় ঢিপি জমা সমূহ, An assemblage an accumulation

Amassed, *a* রাশীকৃত Collected into a heap

Amassment *n* রাশীকরণ, স্তূপ An accumulation a heap collected

Amate, *v* সঙ্গে গমন-কৃ To accompany —ভয় বা ত্রাসযুক্ত হয়, To be terrified

Amateur, am-at ūr' (L *amator* a lover *amo* to love) *n* অর্থোপার্জনের অভিপ্রায় না রাখিয়া কেবল সক করিয়া যিনি কোন বিদ্যাবিশেষের আলোচনা করেন আত্মবিনোদনার্থ সঙ্গীতাদি বিদ্যানুশীলনকারী One who cultivates a study or art for the love of so doing and not for gain a virtuoso, lover of some art but not a professor

Amative, am'at iv (From L *ams—atum* to love) *a* প্রণয়সংক্রান্ত, কামুক, বা কামবৃত্তিসংক্রান্ত, Relating to love amorous amatory

Amativeness, am at iv-ness, *n* শৃঙ্গারেচ্ছা রমাভিলাষ প্রণয়াসক্তি Propensity to love কামোৎপত্তি স্থান, in phrenolgy, the supposed seat of the sexual passion

Amatorculist, *n* কৃত্রিম প্রেমী, মৌখিক প্রেমী কপট প্রেমী, অল্পস্নেহকারী A little insignificant lover, a pretender to affection.

Amatorial, am-a-tō'ri-al, **Amatorian,** am-a tō'ri-an, **Amatorious,** am-a tō'ri-ous *a* প্রেমোৎপাদক, শৃঙ্গাররস প্রধান প্রেমবিষয়ক, Tending to love, causing love, relating to love

Amatory, amat-or-i *adj* প্রণয়সংক্রান্ত, বা প্রেমোত্তেজক, Relating to, or causing love —সস্নেহ, বা স্নেহময়, Amorous, prone to love, affectionate

Amaurosis, am-aw-rosis, (Gr. *amaurous* dark dim) *n* অন্ধতা, দৃষ্টিহীনতা, Loss or decay of sight, without visible defect in the eye

Amaze, a-māz' (Prefix *a*, and Maze) *v t* বিস্ময়াপন্ন কৃ, হতবুদ্ধি-কৃ, বিস্ময়াভিভূত করা, To put the mind in a maze, to bewilder, to astonish, to confound with surprise or wonder to strike with wonder —*n* কিংকর্তব্য বিমূঢ়তা, বিস্ময় বোধ, ব্যাকুলতা, Astonishment, perplexity, confusion *Syn*= Surprise astonish, astound, startle, alarm, electrify *n*=*amazement.*

Amazedly, *adv* বিস্ময়ের সহিত, With amazement, astonishingly

Amazement, a-māz-ment *n* বিস্ময়, A mingled feeling of surprise and wonder *Syn*= Astonishment, admiration, perplexity confusion

Amazedness, a māzed ness, *n* বিস্ময়, বিস্ময়াপন্নত্ব, আশ্চর্য বোধ, ব্যাকুলতা, A feeling of surprise mixed with wonder, the state of being amazed, or confounded with fear, surprise or wonder

Amazing, a-māzing *a* বিস্ময়কর Astonishing.

Amazon, am'az on (Ety doubtful perhaps from Gr *a* priv *mazos*, a breast, they were said to cut off the right breast that they might use their weapons more freely) *n* কল্পিত রণপ্রিয় স্ত্রীজাতি পুরুষ সদৃশা রমণী, কলহপ্রিয় স্ত্রীলোক, রণপ্রিয়া স্ত্রী যোদ্ধাজাতি (One of a fabled nation of female warriors) masculine woman a virago; a race of female warriors a warlike or manlike woman A horse woman a fighting or masculine woman The word means *without breast*, or rather deprived of a pup According to Grecian story, there was a nation of women in Africa of a very warlike character There were no men in the nation and if a boy was born, it was either killed, or sent to his father who lived in some neighbouring state The girls had their right breast singed off that they might the better draw the bow Probably the fable is founded on a misconception of the Circasian word *maza* (the moon) the Amazon of Thermodoon, in Asia Minor, being worshippers of the moon

Amazonian, am az ōnian *a* সমরানুরাগিনী, রণপ্রিয়া Resembling an amazon warlike —পুরুষোচিত আচারবিশিষ্ট Of masculine manners

Ambassade, Ambassage, *n* রাজকার্য, দূত প্রেরণ, An embassy a mission

Ambassador, am bas a-dur (It *ambasciadore* L *ambactus* derived by Grimm from Gath *andbahts* a servant whence Ger *amt*, office) *n* রাজদূত, Diplomatic minister of the highest order sent by one sovereign power to the court of another, to support the interest of his own sovereign, an envoy *fem—Ambassadress* *Syn*- Legal, deputy, minister, plenipotentiary

Ambassadorial, am basa-dur'ial *a* রাজদূত সম্বন্ধীয় Pertaining to ambassador

Ambazes, *n. pl* জড়িত বাক্য, পেঁচাও কথা A circumlocution, a circuit of words —আঁকাবাঁকা পথ, A circuitous path turnings

Ambe, Ambi, *n* ক্ষুদ্র পাহাড়ের পার্শ, The ridge or side of a hill, a brim

Amber, ambėr, *n* তৈণমণিক, A yellow fossil resin rendered electric by friction, a yellowish semi-transparent substance, supposed to be a fossil resin, it is highly electrical when rubbed:

adj তৈলস্ফটিক নির্মিত, Made of amber —তৈলস্ফটিক সদৃশ, Resembling amber —তৈলস্ফটিক যুক্ত, Consisting of amber.

Amber drink *n* (তৈল স্ফটিকবর্ণবিশিষ্ট) পানীয় দ্রব্য বিশেষ, A drink resembling amber in colour

Ambergris, amber grēs, (Amber and Fr *gris* gray) *n* সুগন্ধি দ্রব্য, A fragrant substance of *gray* colour found on the sea-coast of warm countries and in the intestines of the spermaceti whales a fragrant substance in perfumary

Amber seed- মৃগনাভির দানা, Musk seed

Amber tree *n* সুগন্ধি বৃক্ষ বিশেষ, A fragrant evergreen shrub

Ambidexter, ambi dekster (L *ambo* both and *dexter*, right hand) *n* যে ব্যক্তি উভয় হস্তে তুল্যরূপ কর্ম করিতে পারে সব্যসাচী One who uses both hands with equal facility, a man using both hands —কপটী কপটাচারী, A double dealer *adj* *Ambidextrous*

Ambidexterity Ambidextrousness, *n* সব্যসাচিত্ব, দুইহস্ত সমানরূপে চালন দ্বিপক্ষ কার্য্যকারিত্ব, The quality of being ambidextrous faculty of using both hands with equal facility দ্বিপক্ষ পাতিত্ব, Double dealing

Ambidexterous, *adj* দুই হস্ত সমানরূপে চালন সমর্থ Having the faculty of using both hand with equal facility উভয় পক্ষপাতী, Practising or siding with both parties

Ambient, ambi ent (L *ambi* about and *e* to go akin to Sans *e* (ই ধাতু) to go *adj* পরিবেষ্টক, ব্যাপিক বেষ্টনকারী অবরোধকারী *Going round* investing surrounding on all sides

Ambigu, *n* একপ্রকার খানাপিনা যাহাতে নানা দ্রব্য An entertainment consisting not of regular courses but a medley dish set on together

Ambiguity, ambi gu-i ti দ্ব্যর্থ বোধকতা, অর্থের অনিশ্চয়তা, Uncertainty or doubleness of meaning equivocation

Ambiguous, amb ig'u'-us (L *ambiguus* ambig to go about *amb* about *ago* to drive) *adj* অনিশ্চিতার্থ, দ্ব্যর্থবোধক, অস্পষ্ট সন্দেহজনক Of doubtful signification, equivocal, admitting of double meaning doubtful *Syn* Dubious indeterminate enigmatical vague equivocal uncertain doubtful indefinite indistinct

Ambiguously, am-big'ū us li *adv* অস্পষ্টরূপে সন্দেহপূর্ব্বক, অনিশ্চিতরূপে In an ambiguous manner doubtfully uncertainly

Ambiguousness, amb-ig ū us ness, **ambiguity,** amb ig ū i-ti, *n* দ্ব্যর্থ বোধকতা, অর্থের অনিশ্চয়তা, সন্দিগ্ধতা, অনিশ্চয়ত্ব, Uncertainty as to meaning double meaning

Ambiloguous, *a* অনিশ্চিতবাক্যবাদী, দ্ব্যর্থবাদক, Using ambiguous or doubtful expressions

Ambiloguy, *n* অস্পষ্টার্থ বাক্যের ব্যবহার, The use of double or ambiguous expression

Ambilogy, *n* অনিশ্চয়ার্থক বাক্য, দ্ব্যর্থক বাক্য Talk of ambiguous or doubtful expressions

Ambit, *n* বেষ্টন সূত্র, মণ্ডল, The line that encompass a thing

Ambition, amb ishun (L. *ambitio*, the going about, *i e* the canvassing for votes practised by candidates for office in Rome—*ambi*, about, and *eo*, *itum*, to go allied to Sans *e* (ই) to go) *n* দুরাকাঙ্ক্ষা, যশোলিপ্সা, গৌরব লালসা, Desire of power, fame, excellence or superiority, an inordinate desire of preferment —in a good sense, a laudable desire of excellence. *Syn*= Eagerness, avidity, aspiration, hankering, longing, emulation

Ambitious, amb ishus *adj*. উচ্চপদাভিলাষী, লোভী, দুরাকাঙ্ক্ষ, Desirous of power aspiring, full of ambition —উচ্চাকাঙ্ক্ষাসূচক, দুরাকাঙ্ক্ষাযুক্ত, Indicating ambition

Ambitiously, am bishus li *adv* দুরাকাঙ্ক্ষা পূর্ব্বক উচ্চ আকাঙ্ক্ষার সহিত উচ্চাভিলাষের সহিত, In an ambitious manner

Ambitiousness, *n* উচ্চাভিলাষ লোভ লালচ, বিদ্যা বা ঐশ্বর্য্য ইত্যাদি কোন বিষয়ে বৃহদাকাঙ্ক্ষা, The quality of being ambitious

Amble, ambl (L *ambule* to walk about) *v i*. অশ্বের ন্যায় একপার্শ্বস্থ দুই পদ পর্য্যায়ক্রমে উত্তোলন করিয়া চলা To move by lifting both legs on each side alternately ধীরে ধীরে যাওয়া To move at an easy pace as a horse ভঙ্গি করিয়া চলা, গর্ব্বিতভাবে চলা To move affectedly —*n* অশ্বের মৃদু গমন অশ্বের গতিবিশেষ A *gait* of a horse, a pace of a horse between a walk and a trot

Ambler, ambler *n* মৃদুগমনশীল অশ্ব A horse that ambles a pacer

Ambling, *p a* মন্দ গতিবিশিষ্ট Pacing or trippling along moving easily

Amblingly, *adv* মন্দ গতির সহিত With an ambling movement

Ambo, *n* বেদী An oblong elevated pulpit

Ambreada, *n* কৃত্রিম তৈলস্ফটিক বিশেষ, কৃত্রিম অম্বর বিশেষ A kind of fictitious amber

Ambrosia, am brō zhi a (L —Gr *ambrosias* = *ambrotos* immortal— *a* negative and *brot*, mortal for *mrotos* Sans *mrta* dead *mri* (L *mori*) to die Sans অমৃত The fabled food of the gods which conferred *immortality* on those who partook of it) *n* অমৃত, The food of the Gods so called for it made them immortal —তৃপ্তিকর বস্তু উপাদেয় বস্তু, Whatever is very pleasant to the taste or smell —লতাবিশেষ, A plant

Ambrosial, am brō zhi al *a* অমৃত সম্বন্ধীয়, Pertaining to the food of the Gods —স্বাদু, উপাদেয়, Delicious সুগন্ধি Fragrant

Ambrosian Library A library in Milan, so called in complement of St. Ambrose, the patron saint

Ambrosiant Chant—The choral music introduced from the eastern to the western by St. Ambrose, the bishop of Milan in the fourth century It is used till Gregory the Great changed it for the Gregorian

Ambry, ambri, (L *armarium*, a chest for arms —*arma* arms) *n* ধর্ম্মমন্দিরে পবিত্র গৃহসামগ্রী রাখিবার স্থান A niche in churche in which sacred utensils were kept —ভিক্ষাশালা An Almonry —খাদ্য ভাণ্ডার, A pantry a cup board for vic-

tuals :—গৃহ সামগ্রী রাখিবার স্থান ; গৃহপাত্র রক্ষার্থ স্থান ; A place for house-keeping utensils.

Ambsace, *n.* পাশা কিংবা তাস খেলিতে যখন দুই চিহ্ন একেবারে উঠে ; A double aces ; two aces turned up at the same time by two dice.

Ambulance, ambūl-ans, (Fr.—L. *ambulans, antis*, pr. p. of *ambulo*, to walk about) *n.* যুদ্ধে আহত ব্যক্তিদিগের চিকিৎসালয়রূপে ব্যবহৃত শকট ; যুদ্ধে আহত সৈন্যদিগের সহগামী চিকিৎসালয় , A carriage which serves as a moveable hospital for the wounded in battle ; a flying hospital to follow an army in its movements.

Ambulance cart —আহত ব্যক্তিদিগের বহনার্থ যান বা গাড়ী , A vehicle for wounded person.

Ambulant, ambū-lant, (L. *ambula*, to walk) *adj.* গমনশীল ; প্রদক্ষিণ বা ইতস্ততঃ গমনশীল ; Walking , moving about from place to place.

Ambulate, ambūl-āt, *v.* ইতস্ততঃ গমন-কৃ ; Walk about , to move backward and forward.

Ambulation, am-bū-lāshun, (L. *ambuls*, to walk) *n* ইতস্তত. গমন , ভ্রমণ , Walking about.

Ambulatory, ambūl-āt-or-i, (L. *ambuls*, to walk) *a.* চলনক্ষম , Having the power or faculty of walking ; as, an *ambu'a'ory animal* .—পরিবর্ত্তনশীল , Not fixed in its legal character, but capable of being altered —নানাস্থানে ভ্রমণশীল , Moving from place to place , not stationary —*n.* গাড়ীবারান্দা , Any part of a building intended for walking in.

Ambulator, ambūl-at-or, *n* পতঙ্গ বিশেষ , ফড়িং বিশেষ , An insect ; the cerombyx.

Ambury, *n.* অশ্ব শরীরের কোন এক অংশস্থিত রক্তবিশিষ্ট আব বা আঁচিল , A bloody wart on any part of a horse-body.

Ambuscade, ambusk-ād, **Ambush,** amboosh, (It. *imboscare*, to lie in ambush —*im*, in, and *basco*, a wood (from root of Bush) *n.* লুক্কায়িত সেনাদল , শত্রু আক্রমণার্থ গুপ্তভাবে সংস্থিতি , A body of troops in concealment , a lying in concealment to attack an enemy by surprise —যে স্থানে সৈন্যেরা শত্রুর অপেক্ষায় উপবিষ্ট থাকে ; ঘাটি, গুপ্তস্থান , The place where troops lie in wait —*v. t* হঠাৎ আক্রমণ-কৃ , To surprise —শত্রু আগমনার্থে অপেক্ষা করিয়া অবস্থান-কৃ ; To lie in wait forenc. *Syn* Lurking-place, cover, retreat, shelter.

Lay an ambush —আক্রমণার্থে গুপ্ত স্থানে সৈন্য সন্নিবেশ-কৃ , Post troops in a concealed place to surprise or attack or an enemy.

Lie in ambush —আক্রমণার্থে লুকাইয়া থাকা , হঠাৎ আক্রমণ করিবার অভিপ্রায়ে লুকায়িতভাবে অবস্থান করা , To remain concealed in order to surprise an enemy ; or, for attacking by surprise.

Ambushed, *p. a.* লুকাইত বা স্থাপিত বা আড়ালে স্থিত , গুপ্তস্থানে স্থিত ; Placed in ambush.

Ambust, *a.* অগ্নি বা তপ্তজলের দ্বারা দগ্ধ ; গরম জলে পুড়িয়া যাওন ; Burnt , scolded.

Ambustion, *n.* দাহ ; দগ্ধতা ; A burn or scold.

Ameer, a-mēr', (Ar. *amir*, see Admiral) *n.* মুসলমান রাজ্যে স্বাধীন শাসনকর্তা ও অন্যান্য বড় লোকদিগের সম্ভ্রমসূচক উপাধি , আমির ; A title of honour, also of an independent ruler, in Mohommedan countries , as, *ameer* of Cabul.

Amel, *n.* মিনার্থক দ্রব্য ; The matter with which metallic bodies are overlaid in the process of enamelling ; the matter used for enamelling.

Ameliorate, a-mēlyor-āt, (L. *ad*, to, and *melior*, better) *v. t.* ভাল-কৃ ; উৎকর্ষসাধন করা ; উন্নতি করা ; উন্নত করা , To make better ; to improve ; as, *to ameliorate* the condition of the poor —*v. i.* ভাল হওয়া , উন্নত হওয়া ; To grow better ; as, wine *ameliorates* by age. *Syn*= Amend, better, benefit, asuage, lesson, relieve, alleviate , mend.

Amelioration, a-mēlyor-ā'shun, *n.* উন্নতি ; উন্নতিসম্পাদন ; Improvement :—উপশম ; লঘুতা ; Mitigation.

Ameliorative, a-mēlyor-āt-iv, *a.* উপশমকারক , উন্নতি-কারক ; Producing amelioration or improvement ; as, *ameliorative* remedies.

Amen, ā'meń, à'meń, (Gr. Heb. *amen*, firm, true) *adv.* তথাস্তু , এবমস্তু ; স্বস্তি , So it be ; be it established ; very ; truly ; certainly ; an expression used at the end of prayers meaning so be it —*n.* স্থায়ীত্ব ; দৃঢ়তা ; কাঠিন্য ; সত্য ; Stability , firmness ; truth.

Amenable, a-mēńa-bl, (Fr. *amener*, to lead—*a* = L. *ad*, and *mener*, to lead—Low L. *minare*, to lead, to drive (as cattle) , L. *minari*, to threaten) *adj.* সহজে পরিচালন বা শাসন যোগ্য , Easy to be led or governed .—দায়ী , দায়ভাগী , Liable to answer , liable to be called to account ; answerable ; responsible —বাধ্য ; অধীন ; Submissive , tractable. *Syn* = Accountable, answerable, liable, responsible. *adv* = *amenably*. *n* = *amenabi'ity, ameneb'eness.*

Amenage, ā'meń-aj, *v. a.* বলপূর্ব্বক দমন বা কার্য্য-কৃ , To manage by force.

Amenance, ā'meń-ā-nc, *n.* আচারব্যবহার ; Conduct , behaviour.

Amend, a-mend, (Fr. *amender* for *emender*—L. *emendo,—are*, to remove a fault—*e, en*, out of, and *mendo*, a fault) *v. i.* উন্নত হওয়া ; To grow or become better ; to reform —*v. t.* সংশোধন কৃ , উন্নতিসাধন-কৃ ; To correct ; to make better , to improve ; to reform :—আবার শুদ্ধ-কৃ ; চরিত্র শোধন-কৃ , To rectify , to change anything that is wrong to something better ; improve morality. *Syn*=correct, reform, rectify, improve, better, repair.

Amendable, a-menda-bl, *a.* সংশোধন যোগ্য ; উত্তরোত্তর ভদ্র হবনীয় ; Capable of being amended , that may be amended ; as, an *amendable* writ or error.

Amendatory, *adj.* সংশোধনপূর্ণ , Containing amendment ; corrective.

Amende, a-mand, *n.* ক্ষতিপূরণ ; প্রত্যাখ্যান ; Reparation ; retraction —দণ্ড ; জরিমানা , দোষক্ষম , A fine or punishment.

Amende honorable, a-mánd-ońo-rábl, ক্ষমা প্রার্থনা ; ক্ষতি পূরণ ; A full apology for injury or insult ; a recantation. In France, (amende honorable) was a degrading punishment inflicted on traitors, parricides, and sacrilegious

persons, who were brought into court with a rope round their neck, and made to beg pardon of God, the king and the the court Now, the public acknowledgment of the offence is all that is required.

Amender, *n.* শোধনকর্ত্তা, শুদ্ধ বা সাধু করায় যে, শাস্তা, One who amends or corrects.

Amendful, *adj.* শোধন গুণবিশিষ্ট, Full of improvement.

Amending, *p. v.* শোধন করা, Correcting, reforming —উন্নতি করা, Improving.

Amendment, a-mendment, *n.* সংশোধন, Correction of faults, improvement —পাণ্ডুলিপির প্রস্তাবিত পরিবর্ত্তন, An addition or alteration proposed to be made in a bill or a motion.

Amends, a-mendz, *n* প্রতিকার, ক্ষতিপূরণ, Reparation, satisfaction for loss or injury, recompense, compensation. *Syn*=Recompense, satisfaction, compensation, atonement, apology, remuneration, requital, equivalent.

To make amends for —ক্ষতিপূরণ-কৃ, To give adequate compensation, as, ' yet thus far fortune *maketh us amends* "—Shakespeare.

Amenity, a-men-i-ti, (Fr amćnite—L *amœnitas* -*amœnus*, pleasantness, as regards situation climate, manners or disposition) *n* স্থানের, জল বায়ু, আচার ব্যবহার বা স্বভাব সম্বন্ধে মনোজ্ঞতা, রমণীয়তা, Agreeableness in situation, climate, manners or disposition *Syn* pleasantness, agreeableness, suavity, complaisance

Amenorrhoea, a-men-or-rea, (Gr *a*, priv., *men*, month and *rhein*, to flow) *n.* রজঃ বন্ধতা ঋতুরোধ, Absent, retarded or deficient menstruation, want of proper menstruation

Amentia, a-men-shi-a (L, fr Gr *a*, priv and L. *mens*, *mentis* mind allied to Sans *mana* (মনঃ), mind) *n* বাতুলতা, পাগলতা, জড়তা, Imbecility of mind, idiotism.

Amerce, a-mers, (O. Fr. *amercier*, to impose a fine—L. *merces*, wages, fine) *v t* অর্থদণ্ড কৃ, জরিমানা কৃ, To punish with a fine, as, the court *amerced* the criminal in the sum of one hundred dollars. *Syn* Fine mulct

Amerceable, *adj* অর্থদণ্ড যোগ্য, জরিমানার যোগ্য; Liable to be punished with a fine

Amercement, a mers-ment, *n.* প্রদত্ত দণ্ড, অর্থদণ্ড, জরিমানা, A penalty inflicted at the discretion or mercy of the court a fine.

Amercer *n.* দণ্ডনিরূপণ করে যে, শাস্তি বা সাজা দেয় যে, He that sets a fine or penalty.

American, a-mer'ik-an, (From America, so called accidentally from Amerigo Vespucci, a navigator who explored part of the continent after its discovery by Columbus) *adj.* আমেরিকা, বিশেষতঃ ইউনাইটেডষ্টেট্স সম্বন্ধীয়, Pertaining to America, especially to the United States—আমেরিকা দেশীয়, Of or belonging to America or United States —*n.* আমেরিকাদেশবাসী, A native of America.

Americanise, a merik-an-iz, *v. t.* আমেরিকা দেশবাসী করা, To make American, to render American.

Americanism, a-mer'ik-an-izm, *n.* আমেরিকাবাসীদিগের মধ্যে প্রচলিত বিশেষ পদ, বাক্যাংশ, বাক্য, বা ভাষা, A word, phrase, or idiom peculiar to the Americans —আমেরিকা বাক্যের বিশেষ রীতি, An American idiom.

Amethodical, *adj.* অধারা বিশিষ্ট, ব্যবস্থারহিত; Without method, irregular.

Amethyst, amcth-ist, (Gr. *amethystos*—*a.* neg. *methyo*, to be drunken -*methu*, wine, Eng. *meal*, Sans. *madhu*, sweet) *n.* একপ্রকার পিঙ্গলবর্ণ বহুমূল্য প্রস্তর বা মণি, A bluish-violet variety of quartz of which drinking-cups used to be made which the ancient supposed *prevented drunkenness* মণি বিশেষ, A precious stone of deep violet colour. *adj* - *Amethystine*

Amethystine, a-me-thist in, *adj.* এমিথিষ্ট নামক মণি সম্বন্ধীয় বা সদৃশ, Pertaining to, or resembling amethyst

Amiable, ami-a-bl. (Fr *amiable*, friendly, -L *amicabilis*, from *amicus*, a friend, there is a confusion in meaning with Fr *amiable*, lovable—L *amabilis amo*, to love) *n.* অমায়িক, অনুরাগের যোগ্য, রমণীয়, মনোহর, প্রিয়, হৃদয়গ্রাহী, Worthy of love deserving of love, pleasing agreeable lovely, lovable *Syn*—Lovable pleasing sweet engaging, delightful, kind, agreeable, pleasant, cheerful, good-humoured

Amiable sex, *n* স্ত্রীলোক Fair-sex, woman.

Amiableness, ami-a-bl-ness **Amiability,** ami a bil-i ti *n* অমায়িকতা, স্বভাবের মাধুর্য্য, রমণীয়তা Quality of being amiable, or of exciting love sweetness of disposition, loveliness

Amiably, *adv* অমায়িকরূপে সদ্ভাবের সহিত, প্রীতিপূর্ব্বক স্নেহের সহিত In an amiable manner.

Amianthus, a-mi-anth u (Gr *amiantos*, unpollutable *a* neg and *miaino* to soil) *n* ধাতু বিশেষ A mineral substance somewhat resembling flax.

Amicable, amik-a-bl (L *amicabilis*—*amo*, to love) *a* বন্ধুত্বাবিশিষ্ট, মিত্রতার বিশিষ্ট, বন্ধুতাপ্রিয়, স্নেহশীল শান্তিপ্রিয় Friendly peaceable, kind, peaceful *n* *Amicableness Amicability*. *Syn*=Fraternal, brotherly, cordial, neighbourly, kind, kindly friendly

Amicable action - উভয় পক্ষ সম্মত নালিশী বিষয় (Law An action commenced and prosecuted according to mutual understanding for the purpose of obtaining a decision of the courts on some matter of law involved in it

Amicable settlement—আপোষে মিট্মাট।

Amicableness, *n* মিত্রতা, বন্ধুত্ব, অমায়িকতা, Friendliness, good will.

Amicably, amik-a-bli, *adv.* মিত্রভাবে, প্রণয়পূর্ব্বক, In a friendly manner.

Amice, amis, (O Fr. *amis*, *amict*—L. *amictus amicio*—, to wrap about—*amb*, about, and *jacio*, to throw) *n.* পুরোহিতের পরিচ্ছদ বিশেষ, A Catholic priest's shoulder-cloth, or alb, a loose flowing garment, worn by pilgrims.

Amicus curiæ One in the court who informs the judge of some error he has detected.

Amid, a-mid', **Amidst,** a-midst', (Prefix *a*, on, in and A. S. *mid*, middle. Sans. *madhya*, middle) *prep* মধ্যে ; অভ্যন্তরে ; মধ্যস্থলে ; In the midst of ; among ; in the middle.

Amidship, *adv.* জাহাজের ঠিক মধ্যস্থলে ; Half-way between the stem and the stern of a ship.

Amir—same as **Ameer.**

Amiss, a-mis', (*a*, on and Ice. *missa*, a loss. See Miss) *a.* ভ্রমাত্মক ; ভ্রান্ত ; ভ্রমশীল ; Wrong ; in error ; out of order :—*adv.* মন্দরূপে ; দূষিতভাবে ; In a faulty manner ; faultily ; improperly.

To come amiss—অসময়ে উপস্থিত হওয়া ; To come at an unfavourable time.

To take amiss—দোষ ধরা ; ক্রুদ্ধ হওয়া ; Find fault with ; be offended at.

Amity, am'i-ti, (Fr. *amitive—ami*—L. *amicus*, a friend) *n.* মিত্রতা ; মিলন ; ঐক্য ; উপচিকীর্ষা ; Friendship ; harmony ; good will. *Syn*=Harmony, friendship, good-will, friendliness.

Ammon—The Libyan Jupiter ; so called from the Greek *ammos* (sand), because his temple was in the desert.

Ammonia, am-mō'ni-a, (From *sal-ammoniac*, or smelling-salts, first obtained near the temple of Jupiter Ammon) *n.* একপ্রকার উগ্রগন্ধবিশেষ ; A pungent gas yielded by smelling-salts, and by burning feathers &c. ; a volatile alkali :—ক্ষারবিশেষ ; Spirit of hart's horn.

Chloride of Ammonia—নিশাদল।

Ammoniac, am-mō'ni-ak, **Ammoniacal,** am-mōni'-ak-al, *a.* এমোনিয়া সংক্রান্ত, বা এমোনিয়া ধর্মবিশিষ্ট ; Pertaining to, or having the properties of ammonia.

Ammoniac, am-mō'ni-ak, *n.* নির্যাস বিশেষ ; A gum resin. *a*=*Ammoniacal.*

Ammonite, am'mon-īt, (Corwn *Ammonis*, the horn of Ammon, so named from its resemblance to a ram's horn the statues of Jupiter. Ammon being represented with ram's horn) *n.* কোমলাঙ্গ প্রাণী বিশেষের আবরণ ; The fossil shell of an extinct genus of mollusks, so called because it resembled the horns on the statue of Jupiter Ammon, worshipped as a ram :—কোমলাঙ্গ প্রাণী ; A fossil mollusk.

Ammunition, am-mūn-ishun, (L. ad, for *munitio*, defence—*munio*, to defend.) *n.* আত্মরক্ষার্থ ব্যবহৃত দ্রব্য ; Anything used for *munition* or defence :—যুদ্ধোপকরণ ; যুদ্ধ সামগ্রী, যথা—বারুদ, গোলা, গুলি ইত্যাদি ; Military stores, esp. powder, balls, bombs, shells &c.

Ammunition-bread, *n.* যুদ্ধকালে সৈন্যগণের আহারার্থ রুটী ; Bread for armies (during campaigns).

Amnesty, amnesti-i, (Gr. *a-mnestos*, not remembered.) *n.* রাজক্ষমা ; রাজনৈতিক অপরাধীদিগের সাধারণ ক্ষমা ; A general pardon of political offenders ; a general pardon of past offences by a government ; an act of oblivion. *Syn*=act of oblivion ; remission of penalty ; goal delivery.

Amnicolist, *n.* নদীতীরবাসী ; One who lives near a river, or on the shore of a river.

Amnigenous, *n.* নদীতীরজ ; নদীজ ; Born of a river.

Amœba, a-mē'ba, (Gr. *ameibo*, to change) *n.* এক প্রকার ক্ষুদ্রপ্রাণী ; A microscopic animal capable of undergoing many changes of form at will. *pl.*=*Amœbæ.*

Amomum, *n.* ছোট এলাচি ; A hot spicy sort of fruit.

Among, a-mung, **Amongst,** a-mungst, *prep.* মধ্যে ; অন্তরে ; Amidst ; of the number of.

Amoret—brought up by Venus in the courts of love. She is the type of female loveliness—young, handsome, gay, witty and good. She is no Diana to make "gods and men fear her stern frown ;" No Minerva to "freeze her foes into congealed stone with rigid looks of chaste austerity ;" but a living, breathing virgin, with a warm heart. She becomes the loving, tender wife of Sir Sandamore.

Amorist, Amoroso, *n.* (*masculine*) কামীপুরুষ ; উপপতি ; A lover, a gallant, *fem*=*amorasa.*

A-morning, *adv.* প্রভাতে ; In the morning.

Amorosa, *n.* রসিকা স্ত্রী ; লম্পটা বা ভ্রষ্টা স্ত্রী ; A wanton woman ; a courtesan.

Amorous, am'or-us, (L. *amor*, love) *a.* কামুক ; মোহিত ; কামজাত বা সম্বন্ধীয় ; Inclined to love ; loving ; as, amorous disposition :—প্রণয়াসক্ত ; (with '*of*') In love ; enamoured ; as, Amorous delight :—সহজে প্রণয়াসক্ত ; Easily inspired with love. *n.*=*Amorousness*, কামুকতা। *Syn*=Loving, fond, tender, affectionate, attached ; amatory, erotic.

Amorous glance—কামকটাক্ষ ; প্রণয় কটাক্ষ।

Amorously, am'or-us-li, *adv.* প্রণয়াসক্ত ভাবে ; In an amorous manner ; lovingly ; fondly.

Amorousness, *n.* কামুকতা ; The quality of being amorous.

Amorphous, a-morf'us, (Gr. *a*, neg., and *morphe*, form) *a.* মূর্তিশূন্য ; নিরাকার ; অনঙ্গ ; Without regular shape ; shapeless ; anamalous ; having no determinate form. *Syn*=Irregular, formless, shapeless, unformed, unshapen.

Amorphy, *n.* স্থাপিত মতত্যাগ ; নিরূপিত ধারাচ্যুত হওন ; Departure from the established form.

Amort, *adj.* মৃত্যুবৎ ; নির্জীব ; ম্লান ; Lifeless ; in the state of dead ; dejected.

Amortise, *v.* কোন সমাজে ভূমিদান-কৃ ; To alienate lands to a corporation.

Amortisement, *n.* ভূমিদানের ক্ষমতা ; The right of transferring lands to *mortmain* ; that is, to some company that never is to cease.

Amotion, *n.* স্থানান্তর করণ ; Act of removal.

Amount, a-mownt', (O. Fr. *amounter*, to ascend—L. *ad*, to, *mous*, mountain) *v. i.* সমষ্টি হওয়া ; Come in the aggregate to :—মোট হওয়া ; To mount or rise to :—ফলে, বা তুল্য হওয়া :—To result in ; to approach to :—একত্র হওয়া ; To rise to in the accumulative quantity ; to compose in the whole :—সমান হওয়া ; Be equivalent :—বৃদ্ধি হওয়া ; To increase :—দামে বাড়া ; To rise in value :—*n.* সমষ্টি ; মোট ; The sum of total :—ফল ; The effect or result :—সমস্ত ফল ; The whole result. *Syn*=come to ; attain, mount, extend.

Amour, am-ōōr', (L. *amor*, love) *n.* গুপ্ত প্রণয় ;

কামুকতা ; কামবৃত্তি ; প্রসক্তি ; A love intrigue ; an affair of gallantry.

Amour propre—One's self-love, vanity, or opinion of what is due to self. *To make an appeal to one's amour propre*, is to put a person on his metal. *To wound one's amour propre*, to gall his good opinion to himself—to wound his vanity.

Amphibia, am-fí-bi-a, **Amphibials**, or **Amphibians**, (Gr. *amphi*, both sides, and *brachys*, short) *n. pl.* উভচর প্রাণী ; যে সকল প্রাণী স্থল ও জল উভয়ে বিচরণ করিতে পারে ; Animals capable of living both under water and on land ; animals living both in water and on land.

Amphibious, am-fíbi-us, *a.* উভচর ; ভূ-জলচর ; Able to live in two elements : pertaining of two natures, so as to have the power of living on land or in water.

Amphibiousness, *n.* দ্বিধর্ম্মত্ব ; Ability to live in two elements.

Amphibiology, am-fi-bi-ŏlŏji, (Gr. *amphi*, on both sides, and *brachys*, short) *n.* উভচর প্রাণি-তত্ত্ব বিদ্যা ; A treatise on amphibious animals :—দুই ভাবের কথোপকথন ; Discourse of uncertain meanings :—দুইপ্রকার ভাবের কথা ; Ambiguity ; equivocation.

Amphiboly, *n.* নানার্থক বচন ; বহু অর্থক কথোপ-কথন ; Discourse of various meaning.

Amphibrach, am-fi-brak, *n.* কবিতার পদ বিশেষ ; In poetry, a foot of three syllables, the middle one long, the first and last short.

Amphictyons, am-fikti-unz, *n.* প্রাচীন গ্রীস দেশের একটি সভার সভ্যগণ ; Members of the celebrated council of ancient Greece.

Amphictyonic Council—A council of confederate Greeks of twelve tribes, each of which had two deputies. The council met twice a year—in the spring at Delphi, and in the autumn at Thermoplylæ.

Amphisbœna, *n.* শাঁখিনী সর্প ; A genus of serpent distinguished by having very small mouths and eyes and their bodies of nearly the same size from head to tail.

Amphisi, Amphiscians, *n.* অতি গ্রীষ্মদেশীয় লোক বিশেষ ; এক অয়নে এক দিকে অন্য অয়নে অন্য দিকে ছায়া পড়ে যে দেশে তদ্দেশীয় লোক ; The inhabitants between the tropics, whose shadows, in one part of the year are cast to the north, and in the other to the south.

Amphitheatre, am-fi-thē'a-tėr, (Gr. *amphi*, round about, and *theatron*, a place for seeing—*theaomai*, to see) *n.* রঙ্গভূমি ; বৃত্তাকার মঞ্চ , A circular building, where plays and games were publicly exhibited with seats gradually rising, one behind the other ; gallery.

Amphitrite—The sea. In classic mythology, the wife of Neptune.

Amphitryon—ভোজদাতা ; The person who provides the feast (whether master of the house or not) is the real host.

Amphnysian prophetess—The Cumæan sibyl.

Amphora, *n.* কুঁজা ; A jug with a double ear.

Ampiliate, [illegible] *a.* বৃদ্ধি-কৃ ; বিস্তার-কৃ ; To enlarge ; to extend ; to make greater.

Ampiliation, *n.* বিস্তার ; প্রশস্ততা ; Enlargement ; extention.

Ample, am-pl, (L. *amplus*, large) *adj.* বৃহৎ ; প্রশস্ত ; Wide ; spacious ; large ; as, "*ample room*" :—প্রচুর ; Abundant ; fully sufficient ; as, an *ample* provisions or resources :—বহুল ; Not brief ; diffusive ; as, an *ample* narrative :—দানশীল ; Liberal. *n = ampleness. Syn* = Spacious capacious, wide, extensive, abundant, plenteous, plentiful, full, large, unrestricted, diffusive.

Ampleness, *n.* প্রশস্ততা ; বিস্তীর্ণতা ; Largeness ; wideness :—প্রাচুর্য্যতা ; Abundance ; sufficiency : —দানশীলতা ; Liberality.

Amplificate, *v.* বৃদ্ধি-কৃ ; বিস্তীর্ণ-কৃ ; To enlarge.

Amplification, ampli-fi-kā'shun, *n.* বৃদ্ধি করণ ; Enlargement ; extention :—বিস্তার পূর্ব্বক বর্ণনা ; A description in many words.

Amplifier, *n.* বর্দ্ধন বা বিস্তার করে যে ; One who amplifies or enlarges.

Amplify, ampli-fī, (L. *amplus*, large, and *facio*, to make) *v. t.* ভাষা প্রয়োগে অধিকতর বিস্তৃত করা ; বিস্তার পূর্ব্বক কহা ; To enlarge by addition or discussion ; to treat copiously ;—*v. i.* বহু-ভাষী-হ ; To describe in many words ; to delate ; —often with *on* or *upon* , as, *to amplify upon* a subject :—বিস্তৃত হইয়া পড়া ; ছড়াইয়া পড়া ; To be diffused. *Syn* = Enlarge, extend, expand, dilate, stretch.

Amplitude, ampli-tūd, *n.* বিস্তৃতি ; বিস্তার ; Largeness of dimension ; as, "*amplitude* of heaven and earth." :—ক্ষমতার সীমা ; Extent of capacity ; as, "*amplitude* of mind." :—প্রচুরতা ; Abundance, sufficiency ; as, the *amplitude* of matter :—দৃষ্টি পরিচ্ছেদ রেখার পূর্ব্ব বা পশ্চিম প্রান্ত হইতে দূরত্ব ; The distance from the east point of a horizon at which a heavenly body rises or from the west point at which it sets.

Amply, *adv.* বিস্তারিতরূপে ; বাহুল্যরূপে ; Largely ; liberally ; fully ; copiously.

Amputate, ampūt-āt, (L. *amb*, round about, and *puto*, to cut) *v. t.* অঙ্গচ্ছেদন-কৃ ; To cut off an arm or leg :—চারা গাছের অগ্রভাগ ছেদন-কৃ , To prune. *Syn* = Remove, lop, truncate.

Amputation, am-pū-tā'shun, *n.* অঙ্গচ্ছেদন , The act or operation of cutting off a limb :—চারাগাছের অগ্রভাগ ছেদন ; The act of pruning.

Amuck, a-muk, (Malay, *amok*, intoxicated or excited to madness) *ad.* ক্ষিপ্তের ন্যায় ; Wildly ; without discrimination, after the manner of a Malay :—*n.* হত্যা ; Slaughter.

To run amuck—ক্ষিপ্তের ন্যায় দৌড়াইয়া সকলকে আক্রমণ করা ; To run frantic through the streets attacking every one :—অপরিজ্ঞাত বা অজ্ঞাপিত বিষয়ে বলা বা লিখা ; To talk or write on a subject, of which one is wholly ignorant.

Amulet, amū-let, (L. *amuletum*, a word of unknown origin ; curiously like the moe. Ar. *himalah,—at*, lit. 'a carrier,' often applied to a shoulder-belt, by which a small Koran is h[illegible] on the breast.) *n.* রক্ষাকবচ ; কবচ ; A [illegible]

scroll, or other object carried about the person, as a charm against evil ; a charm ; talisman.

Amurcosity, *n.* গাদের বা ছানার বা মলের গুণ বা ধর্ম ; The quality of less, or dregs.

Amurcous, *adj.* মললাবিশিষ্ট ; Full of dregs.

Amuse, a-mūź, (Fr. *amuser*) *v. t.* বিনোদন-কর ; To entertain agreeably ; as, to *amuse* one's self :—প্রতারণা করা ; To delude ; to beguile with expectation ; as, to *amuse* one with false hopes. *Syn*=Divert, gratify, please, recreate, enliven, delight, solace, delude, deceive.

Amusement, a-mūź-ment, *n.* বিনোদন ; আমোদ ; Pastime ; entertainment. *Syn*=Diversion, entertainment, recreation, pastime, sport.

Amusing, a-mūź-ing, *adj.* বিনোদক ; আমোদ-জনক ; মনোহর ; সন্তোষজনক ; Affording amusement; entertaining ; pleasing ; delighting. *adv.* =*amusingly.*

Amusive, a-mūź-iv, *adj.* আহ্লাদ বা সন্তোষজনক ; Having power to amuse or entertain the mind.

Amyclæan Brothers—Caster and Pollux, who were born at Amyclæ.

Amygdalate, *n.* বাদাম তৈলাক্ত ; Milk of almonds.

Amygdaline, a-mug'da-lin, *adj.* বাদামবৎ : Almond like :—*n.* A crystalline principle obtained from bitter almonds.

Amygdalus, a-meg'-da-lus, (Gr. *amugdalon*, almond) *n.* বাদাম , Almond.

Amylaceous, am-i'-láshus, *a.* শ্বেতসারধর্মক ; Starchy ; of the nature of starch.

Amyloid, amíl-oid, (Gr. *amylon*, the finest flour, starch , lit. 'underground'—*a.* negative, *myle*, a mill, and *eidos*, form) *n.* অর্ধচুর্ণ পদার্থ বিশেষ ; A half-gelatinous substance like starch, found in some seeds.

Amylum, am-i'-lum, *n.* শ্বেতসার ; Starch of wheat.

An, an, *adj.* এক , কোন ; একটী ; One or any, commonly called the indefinite article, used before words beginning with the sound of a vowel.

An, an, (a form of And) *conj.* যদি ; যদ্যপি ; If.

Ana, ána, (The neuter plural termination of L. adjective in *anus*=pertaining to) ব্যক্তি বা বস্তুর প্রত্যয় বিশেষ ; A suffix to names of persons or places, denoting a collection of memorable sayings ; as, *Johnsoniana*, sayings of Dr. Johnson : —সমানাংশে ; তুল্য পরিমাণে ; An equal quantity of several ingredients.

Anabaptise, an-a-bap-tiź, *v. t.* পুনর্ব্বার অভিষেক করা , জল প্রক্ষেপ দ্বারা খ্রীষ্টীয় ধর্ম্মে পুনঃ দীক্ষিত করা ; To baptise again ; to rebaptise.

Anabaptism, *n.* যৌবনাভিষেকবাদীত্ব ; The doctrine of the anabaptist.

Anabaptist, an-a-bapťist, (Gr. *ana*, again, *baptizō*, to dip in water, to baptise) *n.* খ্রীষ্টীয় ধর্ম্মে দীক্ষা ; পুনঃ অভিষেকবাদী ; যৌবনাভিষেকবাদী ; One who holds that those who have been baptised in infancy should be rebaptised.

Anabrosis, *n.* ক্ষয়প্রাপ্ত হওন ; A wasting away of the body.

Anacamptic, *adj.* ঘুরিয়া বা উড়িয়া আইসনশীল ; প্রতিগমনধর্মক ; Reflecting or reflected , as, an *anacamptic* sound.

Anacamptics, *n.* আলোর উড়িয়া আইসন মত বা বিদ্যা ; The doctrines of reflected light.

Anacathartic, *n.* বমিকারক ঔষধ ; A medicine which excites discharges by the mouth.

Anacephal Æosis—বাক্যের প্রধান কল্প বা প্রসঙ্গ বিস্তার করণ বা আবৃত্তি করণ ; A recapitulation of the heads of a discourse.

Anachoretical, *adj.* সন্ন্যাসীসম্বন্ধীয় ; Relating or pertaining to a hermit.

Anachronism, an-ákron-ism, (Gr. *ana*, backwards, and *chronos*, time) *n.* কালগণনা বিষয়ে ভ্রম ; কালনিরূপণে ভ্রম ; An error in regard to time, whereby a thing is assigned to an earlier or to a later age than what it belongs to ; error in date. *adj. Anachronistic.*

Anachronistic, an-akron-is-tik, *adj.* তারিখ সম্বন্ধে ভ্রমপূর্ণ ; Erroneous in date ; containing an anachronism.

Anaconda, an-a-konda, *n.* সর্প বিশেষ ; A large snake of the Boa family, found in S. America.

Anacreon, *n.* একজন গ্রীক কবি ; A Greek poet, who wrote chiefly in praise of love and wine.

Anacreontic, an-a-cre-ontik, *a.* গ্রীক কবি আনাক্রীয়নের অনুকরণে লিখিত ; In imitation of Anacreon ; after the manner of Anacreon, a Greek poet :—স্বাধীন ; Free .—প্রেমমূলক ; Amatory.— *n.* প্রণয় পদ্য ; An amatory poem.

Anadem, ana-dem, (Gr. *anadema*, Fr. *anadeim*, to tie up, to wreathe) *n.* মালা বা হার ; পুষ্প-মুকুট ; A garland ; a crown of flowers.

Anadromus, *adj.* ঊর্দ্ধগামী ; Ascending , going upwards.

Anæmia, an-ēmi-a, (Gr. *a*, an, neg., and *haima*, blood) *n.* দেহে শোণিতের অত্যন্ত অভাব ; প্রচুর রক্তস্রাবের পর দেহের অবস্থা ; শোণিতের শূন্যতা ; নীরক্ততা ; A morbid want of blood ; the condition of the body after great loss of blood , a dificiency of blood ; poverty of blood.

Anæsthetic, an-ēs-thetik, (Gr. *a*. an, neg., and *aisthesis*, sensation—*aisthanomai*, to feel) *adj.* স্পর্শশক্তি-নাশকারী ; চৈতন্যনাশক ; Tending to deprive of sensation ; producing insensibility :—*n.* চৈতন্যহারক দ্রব্য , A substance, as chloroform, used to render persons insensible.

Anaglyph, ana-glif, (Gr. *ana*, up, and *glypho*, to carve) *n.* কাষ্ঠে বা প্রস্তরে খোদিত বা নির্ম্মিত অলঙ্কার ; An engraved or sculptured ornament in relief, chasing or embossing. *adj.*=*anaglyphtic.*

Anagogical, *adj.* মনুষ্যবুদ্ধির অগম্য , আশ্চর্য্য ; গূঢ় , Superhuman ; mysterious.

Anagogics, ana-gog'-iks, (Gr. *ana*, up, and *agein*, to lead) *n.* বাইবেলের ব্যাখ্যা , The mystical interpretation of the Scriptures.

Anagram, ana-gram, *n.* বিভিন্ন প্রকারে অক্ষরের সমাবেশ দ্বারা অন্য শব্দ কল্পনা ; কোনও বাক্যের বর্ণমালা বিপরীতভাবে লিখিলে যে বাক্যের উৎপত্তি হয় ; An inversion or redistribution of words in a sentence ; as, *live*—*evil*, *on* –*no*.

Anagrammatic, Anagrammatical, *adj.* বিভিন্ন প্রকারে অক্ষর সমাবেশ দ্বারা অন্য শব্দ কল্পনা-কারক ; Forming an anagram.

Anagrammatist, *n.* বিভিন্ন প্রকারে অক্ষর সমাবেশ দ্বারা অন্য শব্দ কল্পনাকারক ; A maker of anagrams.
Anagraph, ańa-graf, (Gr. *ana*, up, and *graphein*, to write) *n.* টীকা , ব্যাখ্যা , A commentary.
Anah—A tender-hearted, pious, meek, and loving creature, grand-daughter of Cain-Iaphet loveu her, but she had set her heart on the Searph Azáziel, who carried her off to some other planet when the flood came.
Anal, ăńal, *a.* গুহ্যদ্বার সম্বন্ধীয় বা তন্নিকটস্থ , মলদ্বারের নিকটস্থ , Belong to or near the anus , pertaining to the anus.
Analects, an-a-lekts, (Gr. *ana*, up, and *legein*, to gather) *n.* সাহিত্য-সংগ্রহ , নানা গ্রন্থ হইতে সংগ্রহ ; Collected fragments of other selected pieces. *adj.=Analectic. plural=analecta*
Analemma, *n.* মধ্যরেখার প্রক্ষেপণ , A projection of the sphere on the plane of the meridian.
Analepsis, *n.* শক্তি বা বল প্রাপণ , Recovery of strength , a taking or receiving.
Analogical, *adj* সাদৃশ্যপূর্ণ বা বোধক , Containing or implying analogy , having, or according to analogy. *n.=analogicalness.*
Analogically, *adv* তৎসম্বন্ধ বা সম্পর্করূপে , In an analogical or analogous manner.
Analogise, an-á-lŏ-jı'z, *v.* উপমা দ্বারা ব্যাখ্যা-কৃ ; সম্বন্ধ দ্বারা অর্থ-কৃ , To explain by way of analogy.
Analogism, an-a-lo-jizm, *n.* কারণ হইতে কার্য্য নির্ণয় , কারণ হইতে কার্য্যোৎপত্তিসূচক বিচার বা অনুশীলন, An argument from the cause to the effect.
Analogist, an-a-lo-ji'zt, *n.* উপমা-প্রয়োজক , One who adheres to analogy.
Analogue, ańa-lŏg, (Fr. from Gr. *analogos*) *n.* এক কার্য্যকারী অথচ বিভিন্ন গঠন বিশিষ্ট শারীরিক যন্ত্র , (*Ant*) An organ which performs the same function as another, though differing from it in structure :—সাদৃশ্য বস্তু , সদৃশ পদ বা পদার্থ , A thing analogous or corresponding to another , a word or body bearing analogy to, or resembling another.
Analogous, *adj.* সদৃশ , সাদৃশ্যপূর্ণ , Similar , correspondent ; bearing some resemblance to.
Analogy, an-ălŏ-ji, (Gr. *ana*, according to, and *logos*, ratio) *n.* সাদৃশ্য , উপমা , সাধারণ সম্বন্ধ , সমতা , A proportion or parallelism between things which are in some respects different , relation in general , likeness —(*Geom*) সমানুপাতের তুল্যতা , Equality, proportion, or similarity of ratio *Syn*=Similarity, resemblance, similitude , parallelism, correspondence.
Analysable, ańa-lis-a-bl, *a.* বিশ্লেষণ যোগ্য , That can be analysed or separated.
Analyse, ańa-li'z, (Gr. *ana*, up, and *lyo*, to loosen) *v. t.* বিশ্লেষণ-কৃ ; মূল উপাদানে আনয়ন-কৃ , To resolve a compound into its elements , to separate into component parts.
Analyser, *n.* বিশ্লেষণকারক , One who analyses.
Analysis, an-ălis-is, *n.* বিশ্লেষণ , A resolving or separating a thing into its elements or component parts. It is opposed to *Synthesis* —সংক্ষিপ্ত বিবরণ A compendium. *pl.=Analyses. Syn*=Decomposition, separation, dessolution, dissection , parsing.
Analyst, ańal-ist, *n.* বিশ্লেষণপটু ব্যক্তি ; বিশ্লেষণকারী ; One skilled in analysis , one who analyses.
Analytic, an-a-lit'-ik, *adj.* বিশ্লেষক , বিশ্লেষণকারী , বিভাগক , Pertaining to an analysis
Analytical, an-a-litik al, *adj.* বিশ্লেষণ-সংক্রান্ত ; বিভাগসম্বন্ধীয় , Resolving into first principles , pertaining to an analysis.
Analytically, an-a-litik-al-li, *adv* বিশ্লেষণপূর্ব্বক ; In the manner of analysis.
Analytics, an-a-litiks, *n.* বিশ্লেষণ বিজ্ঞান . The science of analysis.
Anamorphosis, an-a-mŏr-fo-sis, (Gr. *ana*, again, and *morphe*, form) *n.* কোন বস্তুর বিকৃত ছবি , A distorted representation of an object.
Anamnesis, *n.* স্মরণ , স্মৃতি , মনে করা . Remembering , reminding , a figure which calls to remembrance something omitted.
Anamnestic, *adj.* স্মৃতি বা মেধা সাহায্যকারী ; স্মারক , Helpful to the memory.
Ananas, a-ná-nas, (Malay. *nanas, ananas.*) আনারস , The pine-apple.
Anapest, ańa-pest, (Gr. *anapaistos* reversed, because it is the dactyl reversed In verse , a foot consisting of three syllables, two short and the third long, or (in Eng) two unaccented and the third accented as ap-pre-hend') *n.* ছন্দবিশেষ , A metrical foot of three syllables, the first two short, the third long or accented. *adj —Anapestic, anapestical.*
Anapestic, Anapestical, *adj.* ছন্দবিষয়ক , ছন্দসম্বন্ধীয় , Relating to anapest , pertaining to or consisting of anapest
Anaphora, *n* বাক্যের পৃথক পৃথক অংশের আদি শব্দ , সমস্ত বা সমগ্র হইতে প্রত্যর্থ , A figure in rhetoric, when the same words are repeated at the beginning of two or more succeeding verses or clauses of a sentence , as, where is the wise ? where is the scribe ? where is the disputer of this world —(*med*) মুখ দিয়া রক্তাদি নির্গত হওন , Discharge of blood or purulent matter by the mouth.
Anaphrodisia, *n.* নপুংসকত্ব , Impotence , absence of sexual appetite
Anaplasty, *n.* (*surg*) The art of restoring lost parts or the normal shape. *adj — anaplastic*
Anapodeictic, ańa-po dik'tik, *adj.* অপ্রমাণনীয় , Undemonstrable —অপ্রদর্শনীয় , That cannot be shown.
Anaptotic, an-ap-totik, (Gr. *ana*, back, and *ptosis*, inflection) (*Gram.*) *adj* Lossing inflection,—said of languages which lose inflection, as the English.
Anaplerotic, ańa-pl-ratic, *adj.* শূন্যস্থান সম্পূরণ করণশীল , Filling up.
Anarch, ań-ark, *n.* গোলমালকর্ত্তা , গণ্ডগোলের সর্দ্দার , The author of confusion.
Anarchic, Anarchical, *adj.* অরাজক , অস্থির , Without rule or government , lawless , confused.
Anarchism, *n.* অরাজকতা , অব্যবস্থাভাব , গোলমাল অবস্থা , Misrule , confusion , lawlessness.
Anarchist, ańark-ist, *n.* রাজবিপ্লবকারী , A promoter of anarchy , one who excites revolt.

Anarchy, an'ark-i, (Gr. *a*, an, neg., and *arche*, government) *n.* অরাজকত্ব, অরাজকতা ; রাজ্যবিপ্লব ; শাসনরাহিত্য ; The want of government in a kingdom or state ; state of lawlessness ; political confusion in a country. *Syn* = Disorder, confusion, misgovernment, misrule, lawlessness.

Anas, *n.* জলচর পক্ষীবিশেষ ; A genus of water-fowls.

Anasarca, an'a-sar'ka, (Gr. *ana*, throughout, *sarx, sarkos*, flesh) *n.* শোথ ; General dropsy.

Anasarcous, *adj.* শোথ বা জলস্ফীতি বিশিষ্ট ; Dropsical.

Anastasis, an-a-stásis, (Gr. *ana*, up, and *histanci*, to stand) *n.* (*med.*) আরোগ্যলাভ ; A rising up from sickness ; recovery ; a translation of humors to a superior part.

Anastomosis, *n.* শিরাসন্ধি ; সংযোগ ; The opening of one vessel into another, as a vein into a vein. *adj.=Anastomotic. v.=anastomose.*

Anastrophe, a-nas'tro-fi', *n.* (*Rhet.*) বিশেষ রূপক শব্দ বিন্যাস ; A figure whereby words that should have preceded are postponed ; an inversion of the natural order of words.

Anathema, an-á-thema, (Gr. *ana*, up, and *tithemi*, to set) *n.* ধর্মযাজকের অভিসম্পাতগ্রস্ত ব্যক্তি বা বস্তু ; Any person or thing anathemised :—ধর্মযাজকের অভিসম্পাত ; An ecclesiastical curse ; excommunication :—ভজনালয়ে প্রদত্ত পূজার সামগ্রী বা উপহার ; An offering or present made to some deity, and hung up in a temple. *Syn* = malidiction, imprecation, proscription, excommunication, fulmination. *n = anathematisation.*

Anathematise, an-áthem-at-i'z, *v. t.* অভিশাপ বাক্য উচ্চারণ করা ; অভিসম্পাত-দে , To pronounce a curse against ; to excommunicate , to pronounce accursed ; to pronounce with curses.

Anatiferous, *adj.* হংসোৎপাদক ; Producing ducks. [সম্বন্ধীয় ; Pertaining to ducks.

Anatine, an'a-tin, (L. *anas* duck) *a.* পাতিহাঁস

Anatocism, *n.* সুদের সুদ বাড়ান বা বৃদ্ধি করণ ; Interest upon interest ; the taking of compound interest.

Anatomic, an-a-tom'ik, **Anatomical,** an-a-tom'ik-al, *a.* শবচ্ছেদ-বিদ্যা-বিষয়ক ; শরীর ব্যবচ্ছেদ বিদ্যা-বিষয়ক ; Relating to anatomy.

Anatomise, an-átom-iz, *v. t.* সূক্ষ্মভাবে খুলিয়া দেওয়া ; (fig.) To lay open minutely :—শবচ্ছেদ-কৃ ; To dissect a body. *n = anatomization.*

Anatomism, a-nat'o-mizm, *n.* ব্যবচ্ছেদ প্রণালী প্রয়োগ করণ , Application of the principles of anatomy, as in art.

Anatomist, an-átom-ist, *n.* শবচ্ছেদ-বিদ্যাবিৎ ; One skilled in anatomy or the art of dissection.

Anatomy, an-átom-i, (Gr. *ana*, up, asunder, and *temno*, to cut) *n.* শরীর ব্যবচ্ছেদ বিদ্যা; শবচ্ছেদ দ্বারা দৈহিক-গঠন-নির্ণয়-বিদ্যা ; The art of dissecting any organised body ; science of the structure of the body learned by dissection.

Comparative anatomy—সাদৃশ্য বোধক শবচ্ছেদ বিদ্যা ; The science which teaches the difference in the structure and organisation of the animal kingdom.

He is like an anatomy—অতিশয় কৃশ ; অত্যন্ত দুর্ব্বল ; A mere skeleton, very thin, like one whose flesh had been anatomised or cut off.

Anatreptic, *a.* পরাজয়ী ; Overthrowing ; defeating.

Anbury, an'bér-i, (*med.*) (From A. S. *ampre*, a crooked swelling vein) *n.* A disease in turnips and horses.

Ancestor, an'sés-tur, (O. Fr. *ancestre*—L. *antecessor* = he who goes before—*ante*, before, and *cedo*, *cessum*, to go) *n.* পূর্ব্বপুরুষ ; One from whom a person has descended ; a forefather ; a progenitor. *fem.* = ancestress.

Ancestral, an'-sés-tral, *adj.* পৈতৃক ; পূর্ব্বপুরুষসম্বন্ধীয় ; Relating to ancestors.

Ancestrel, *adj.* পূর্ব্বপুরুষাধিকৃত ; Claimed or descending from ancestor.

Ancestry, an'ses-tri, *n.* পূর্ব্বপুরুষগণ ; পূর্ব্বাবর্ত্তী বংশাবলী ; কুল ; গোত্র ; A line of ancestor ; pedigree ; descent ; lineage.

Anchor, angk'ur, (L. *ancora*—Gr. *angkyra*, from *angkos*, a bend—root *angk*, bent. Conn. with Angle) *n.* নঙ্গর ; An iron instrument for holding a vessel at rest in water :—আশ্রয় ; শরণ ; (Figuratively) that which gives stability or security ; that on which we place our dependence for safety ; as, "an *anchor* of the soul."—Bible. —*v. t.* দৃঢ়বদ্ধ-কৃ ; To fasten :—নঙ্গর-কৃ ; To place at anchor ; to fix by an anchor ; as, *to anchor* a ship :—*v. i.* নঙ্গর বদ্ধ-হ ; নঙ্গর ফেলা ; To cast anchor ; to come to anchor ; as, our ship *anchored* in the Downs :—গতিরহিত হওয়া ; To stop or rest on.

An anchor comes home—যখন নঙ্গর নদী হইতে বায়ু বা স্রোতের বেগে সরিয়া যায় ; When it is dislodged from its bed, so as to drag from the violence of the wind, sea, or current ; as, "We thought once or twice our *anchor had come home.*"—Defoe.

Compensate, kom-peń-sāt or kuḿpen-sāt, *v. t.* [L. *com*, intensive, and *penso*, to weigh, freq. of *pendo*, to weight] পুরস্কার-দে ; প্রতিদান-কৃ ; To recompense ; to give an equivalent for :—সমতুল্য-কৃ ; ক্ষতিপূরণ-কৃ ; To counterbalance, to make amends for. *Syn* :—Reward, recompense, remunerate, requite, atone, satisfy, indemnify, repay ; counterbalance, countavail.

Compensate for—পূরণ-কৃ ; পোষাইয়া-দে ; Make up for.

Compensation, kom-pen-sāshun, *n.* পুরস্কার ; প্রতিদান, Recompense ; remuneration :—ক্ষতিপূরণ ; Satisfaction ; amends

Comensative, Compensatory, kom-peń-sator-i, *a.* ক্ষতিপূরক ; Making amends.

Compete, kom-pēt, *v. i.* [L. *combeto*—*com*, together, and *peto*, to seek] প্রতিযোগী-হ ; পারিতোষিক পাইবার জন্ত চেষ্টা করা ; To contend for a prize ; to carry on competition :—চেষ্টা-কৃ, To strive.

Compete with (one) for—কাহারও সমকক্ষ-হ ; Strive to be equal to .—একই বিষয় পাইবার নিমিত্ত আগ্রহের সহিত চেষ্টা-কৃ ; Strive for the thing with another.

Competence, kompe-tens, **Competency,** kompe-ten-si, *n.* যথেষ্টতা ; প্রাচুর্য্য ; প্রচুরতা ; Sufficiency, especially of means of subsistence :—অধিকার ; Legal power or capacity or qualifications ; right or authority :—উপযুক্ততা ; উপযোগীতা ; Fitness ; suitableness, adequacy.

Competent, kompe-tent, *a.* [L. *competo*, to strive after together, to agree—*com*, with, and *peto*, to seek] উপযোগী, উপযুক্ত. যথেষ্ট ; প্রচুর, Suitable ; fit ; adequate ; sufficient :—উপযুক্ত ; Qualified :—ক্ষমতাশালী, Having adequate power or right. *Syn* :—Fitted, adequate, fit, adapted, equal, sufficient ; able, qualified, capable.

Competition, kom-pe-tishun, *n.* প্রতিযোগিতা ; এক বস্তুর জন্ত সাধারণ চেষ্টা, প্রাধান্ত লাভের চেষ্টা ; প্রতিদ্বন্দ্বিতা ; বিবাদ, Rivalry ; strife for superiority ; rivalship, contest, struggle, contention, emulation.

Competitive, kom-peti-tiv, *a.* প্রতিযোগী ; প্রতিযোগিতামূলক ; In the way of competition ; emulous.

Competitor, kom-peti-tor, *n.* প্রতিদ্বন্দ্বী ; প্রতিযোগী, A rival or opponent.

Competitory, kom-peti-tor-i, *a.* প্রতিযোগিতাসম্বন্ধীয় ; Acting in competition ; rivalling.

Compilation, kom-pil-āshun, **Compilement,** *n.* সঙ্কলন ; সংগ্রহ, The act or process of compiling :—সংগ্রহ পুস্তক, সঙ্কলিত গ্রন্থ ; A literary work, consisting of parts selected ; a literary work composed by gathering the materials from various authors.

Compile, kom-pīl, *v t.* [L *com*, together, and *pilo*, to plunder] রচনা-কৃ ; লিখ ; To write or compose :—সঙ্কলন-কৃ ; To select and put together :—সংগ্রহ করিয়া পুনর্নিবেশ-কৃ, সংগ্রহ-কৃ ; To collect and re-arrange ; to draw up or collect.

Complacence, kom-plāsens, **Complacency,** kom-plāsen-si, *n.* প্রসাদ ; প্রসন্নতা ; সন্তোষ ; সুখ ; A feeling of quiet pleasure ; satisfaction, pleasure :—আনন্দের কারণ ; The cause of pleasure or joy :—শিষ্টতা ; সৌজন্য ; Civility ; complaisance.

Complacent, kom-plāsent, *a.* [L. *com*, intensive, and *placeo*, to please] শিষ্ট ; Having a desire or disposition to please :—প্রসন্ন ; সন্তুষ্ট ; পরিতৃপ্ত ; Gratified ; pleased, agreeable ; pleasing. *Syn* :—Courteous, affable, complaisant ; gratified, contented. *ad*=complacently.

Complain, kom-plān, *v. i.* [L. *com*, intensive, and *plango*, to bewail ; (*lit.*) to beat (the breasts)] বিলাপ-কৃ ; অসন্তোষ প্রকাশ-কৃ ; To lament ; to murmur :—অভিযোগ-কৃ ; নালিশ-কৃ ; To accuse. *Syn* :—Lament, regret, repine, bewail, grieve, murmur ; find fault, croak.

Complain to (one) of—কাহারও নিকট কোন কিছুর জন্ত নালিশ-কৃ ; Bring an accusation before one against somebody .—দোষ-দে ; Find fault with :—দুঃখ প্রকাশ-কৃ, Lament :—(শারীরিক) অসুখ প্রকাশ-কৃ ; Express one's sufferings due to some bodily disease.

Complainant, kom-plānant, *n.* অভিযোক্তা ; বাদী ; যে নালিশ করে ; A prosecutor or plaintiff ; one who raises a suit

Complaint, kom-plānt, *n.* বিলাপ ; দুঃখপ্রকাশ ; Lamentation ; an expression of grief ; murmuring :—দুঃখের বা পীড়ার কারণ ; Cause or subject of complaint or murmuring :—ব্যাধি ; পীড়া ; A malady ; a disease :—অভিযোগ ; অভিযুক্ত বিষয় ; A charge against any one or thing ; the thing complained of. *Syn* :—Remonstrance, accusation, charge ; lamentation, murmuring, sorrow, grief ; illness, sickness, disease ; disorder ; grievance.

Complaisance, kompla zans, *n.* সৌজন্য, দাক্ষিণ্য ; শিষ্টাচার ; ভদ্রতা, Civility ; courtesy, care or desire to please.

Complaisant, kompla-zant, *a.* শিষ্ট, সুশীল, ভদ্র ; বিনয়ী, Desirous to please ; courteous, well-bred ; obliging, civil, polite.

Complement, komple-ment, *n.* [L. *com*, and *plco*, to fill] অনুপূরক ; পূরক ; That which completes or fills up ; a filling up or completing .—পূর্ণ সংখ্যা ; Full quantity or number :—সহায় ; Something added for ornament, an accessory.

Complemental, kom-ple-mental, **Complementary,** kom-ple-mentar-i, *a.* অভাব পূরক, পরিপূরক ; Supplying a deficiency ; fully completing, filling up.

Complete, kom-plēt, *a.* পূর্ণ, Entire, perfect ; consummate :—সম্পূর্ণ ; সমাপ্ত ; Finished, ended, concluded. *Syn* :—Whole, entire, total, full, all, perfect, faultless ; absolute, finished, ended, concluded ; unbroken, undivided.

Complete, kom-plēt, *v. t.* [L. *compleo*, *completum*, to fill up—*com*, intensive, and *pleo*, to fill] শেষ-কৃ ; সম্পূর্ণ-কৃ ; To finish ; to perfect ; to consummate :—সম্পন্ন-কৃ ; To fulfil ; to accomplish ; to realise. *Syn* :—Perform, execute ; end ; terminate, conclude.

Completion, kom-plē'shun, *n.* সমাপ্তি ; Fulfilment ; accomplishment ; realisation :—পূর্ণতা ; পূর্ণাবস্থা ; Perfect state.

Complex, kom'pleks, *a.* [L. *com*, together, and root of *plico*, to fold] জটিল ; দুরূহ ; Not simple ; complicated ; involved ; intricate ; difficult :—মিশ্রিত ; মিশ্র ; Composed of more than one, or of many parts ; composite. *Syn* :—Composite, compounded, complicated, involved. *ad*=complexly. *n*=complexness.

Complexion, kom-plek'shun, *n.* [L. *complexio*, a combination, physical structure of body—*complector*, *complexus*, to entrance—*plectere*, to plait] মিশ্রতা ; অংশের যোগ ; Complexity ; connection of parts :—মুখের বর্ণ ; মুখশ্রী ; The colour or hue of the skin, particularly of the face :—আকার প্রকার ; The general appearance or aspect :—দেহ ; Frame or texture. *a*=complexional.

Complexional, kom-plek'shun-al, *a.* বর্ণসংসৃষ্ট ; বর্ণমূলক ; Depending on or pertaining to complexion.

Complexioned, kom-plek'shund, *a.* বর্ণবিশিষ্ট ; স্বভাববিশিষ্ট ; Having a certain hue or natural temperament or state. [cacy.

Complexity, kom-plek'si-ti, *n.* জটিলতা ; Intri-

Compliance, kom-plī'ans, *n.* স্বীকার ; সম্মতি ; Submission ; concession ; consent , agreement . —বশ্যতা ; A disposition to comply ; yielding.

In compliance with—(কাহারও প্রার্থনা, ইচ্ছা, বা প্রস্তাবের) অনুরোধ ; Agreebly to (one's request, wish, or proposal).

Compliant, kom-plī'ant, *a.* শিষ্ট ; নম্র ; বিনয়ী ; শান্ত . সভ্য ; আজ্ঞাকারী ; Yielding ; pliant ; civil, complying, bending , submissive.

Complicacy, kom'-pli-ka-si, *n.* জটিলতা ; State of being complicated ; complexity.

Complicate, kom'pli-kāt, *v. t.* [L. *com*, together, and *plico*, *plicatum*, to fold] জড়িত-কৃ ; ফাঁদে ফেলা ; To fold or twist together ; to interweave ; to entangle :—বিষম-কৃ ; সঙ্কুল-কৃ ; To render complex ; to involve ; make intricate :—*a* জটিল ; Intricate ; complex ; confused.

Complication, kompli-kā'shun, *n.* জটিল, মিশ্রণ বা বিশৃঙ্খলা ; An intricate blending or entanglement.

Complicity, kom-plis'i-ti, *n.* কুকর্মের সহকারিতা , দুষ্কর্মের সহযোগিতা ; State or condition of being an accomplice.

Compliment, kom'pli-ment, *n.* শিষ্টাচার ; অভিনন্দন ; সমাদর ; সাদর অভ্যর্থনা ; An expression of civility, respect, or regard ; delicate flattery . —*v. t.* প্রশংসা-কৃ ; অভ্যর্থনা-কৃ ; তোষামোদ-কৃ ; To praise ; to congratulate ; to flatter. *Syn* :—(*n.*) Commendation, flattery, praise, gift, favour.

To stand on compliment—সমাদর-কৃ ; To treat with ceremony.

Complimental, Complimentary, kom-pli-men'tar-ri, *a.* অভিনন্দন ; সম্মানসূচক ; আশাপ্রদ ; তোষামোদকারী ; Containing or expressing civility, respect, or praise ; congratulatory ; flattering.

Complot, kom'plot', *n.* একত্র ষড়যন্ত্র ; চক্রান্ত ; ষড়যন্ত্র ; কুমন্ত্রণা ; সন্ধি ; A plotting together ; a joint plot, a plot ; a conspiracy, a confederacy.

Complot, kom'plot', *v. t.* ষড়যন্ত্র-কৃ ; To plot together ; to conspire.

Comply, kom-plī, *v. i.* [O. Fr. *complir*, It. *complire*, to fulfil, to suit, to offer courtesies—L. *complere*, to fulfil or complete] সম্মত-হ ; স্বীকৃত-হ ; অনুমোদন-কৃ ; To agree ; to consent or conform :—অন্যের ইচ্ছানুসারে কার্য্য-কৃ ; To yield to the wishes of another :—সম্মতি দেওয়া ; To yield or assent to :—পূর্ণ-কৃ ; সম্পন্ন-কৃ ; To fulfil, perform or execute. *pr. p*=complying. *pa. t. pa. p*=complied.

Comply with—প্রার্থনারূপ কার্য্য-কৃ ; কাহারও অনুরোধ রক্ষা-কৃ বা প্রার্থনা শুনা ; Yield to :—কোন কিছুর অনুগত হইয়া চলা , Conform to.

Inclined to comply—সম্মতিশীল ।

Complying, *a.* নম্র ; নীচাশয় ; Yielding.

Component, kom-pō'nent, *n.* [L. *com*, together, and *pono*, to place] মিশ্রিত পদার্থের উপাদান ; উপাদান ; A constitutional part ; one of the elements of a compound ; an elementary part of a compound :—*a.* সম্পূর্ণক ; নির্মাণোপযোগী ; উপাদানীভূত ; অংশীভূত ; Constituent ; helping to form a compound

Comport, kom-pōrt', *v. t.* [L. *com*, together, and *porto*, to carry] আচরণ-কৃ ; To behave ; to bear one's self ; to conduct—with a reflexive pronoun :—*v. i.* সম্মত-হ ; উপযুক্ত-হ ; যোগ্য-হ ; To agree ; to accord , to suit.

Comportment, kom-pōrt'ment, *n.* আচরণ ; চালচলন ; Behaviour, deportment.

Compose, kom-pōz', *v. t.* [Fr. *composer*, from L. *cum*, and Fr. *poser*, which is from L. *pausare*, to cease, to rest] একত্রিত-কৃ ; To put together ; to make up :—অংশ-হ ; To form a compound :—উদ্ভাবিত-কৃ ; উদ্ভাবন-কৃ ; রচনা-কৃ ; To invent ; to originate ; to write, as an author, or become the author of, as, a book :—মীমাংসা-কৃ ; To settle ; to adjust ; as, to compose difficulties :—সান্ত্বনা-কৃ ; স্থির-কৃ ; To tranquilise ; to quiet ; to soothe :—সুর বাঁধা ; To form a tune :—উপযুক্তভাবে রাখা ; To place in a proper form :—মুদ্রাক্ষরবিন্যাস-কৃ ; To set up types.

Be compose (or made) of—উপাদানে গঠিত ; Be formed of ; consist of.

Composed, kom-pōzd', *a.* শান্ত ; স্থির ; Calm ; sedate ; tranquil :—মীমাংসিত ; স্থিরীকৃত ; Settled ; formed ; constituted ; adjusted. *ad*=composedly. *n*=composedness.

Composer, kompō'zer, *n.* যে ব্যক্তি রচনা করে বা সাজাইয়া রাখে ; লেখক ; গ্রন্থকার ; One who composes or adjusts a thing ; writer ; an author, esp., of a piece of music.

Composite, kom'poz-it, *a.* [L. *compositus*, pa. p. of *composere*, to put together] বিমিশ্র ; মিশ্রিত ; Composed of two or more distinct parts ; compounded ; as, a composite language :—গৃহনির্মাণ রীতিবিশেষ সম্বন্ধীয় ; দুইপ্রকার গৃহনির্মাণ-প্রণালীর মিশ্রণসূচক ; Belonging to a certain order of architecture grafted upon the Corinthian ;

noting a blending of the Ionic and the Corinthian orders.

Composite number—বিভাজ্য সংখ্যা ; A number that can be measured or divided by other numbers greater than a unit.

Composition, kom-pō-zishun, *n.* রচনা ; প্রবন্ধ ; A written or printed work, a writing ; a pamphlet or book :—In *music,* সুরবন্ধন কার্য্য ; the act of forming tunes :—মিশ্রণ ; Mixture :—ভিন্ন অংশের যোগ ; Any union, combination or disposition of parts :—মীমাংসা ; সন্ধি ; Adjustment ; mutual agreement to terms or conditions ; agreement :—রফা ; বন্দোবস্ত ; Discharging a debt by paying a part :—সঙ্কলন ; সংশ্লেষণ ; Synthesis, as opposed to analysis :—অক্ষর-বিন্যাস ; Act of setting types. *Syn* :—Constitution, formation, making, work, production ; mixture, compound, union, combination, conjunction ; adjustment, commutation, settlement, compromise.

Compositor, kom-pozi-tor, *a.* মুদ্রাক্ষর বিন্যাসকারী ; One who sets up types, and puts together for printing

Compost, kompōst, *n.* সার, A mixture for manure :—প্রলেপ বিশেষ ; A kind of plaster.

Composure, kom-pō'zhūr, *n.* বিন্যাস ; Form, adjustment, or disposition of the various parts :—ধৈর্য্য ; Calmness ; tranquility :—স্থৈর্য্য, স্বস্থভাব ; Self-possession. *Syn* :—Sedateness, calmness, placidity, coolness.

Compound, kom-pound, *v. t.* [L. *com,* and *ponere,* to put] মিশ্রিত-কৃ ; যোগ-কৃ, একত্রিত-কৃ ; To mix or combine :—বিবাদ ভঞ্জন-কৃ, আপোসে মিটাইয়া ফেলা ; To settle amicably ; to adjust by agreement ; to compromise —*v i.* সম্মত-হ ; সন্ধি-কৃ ; To agree, to settle by compromise. *Syn* :—Combine, unite, mix, amalgamate, intermingle, blend ; adjust, settle, compromise

To compound a felony—অপরাধীকে ছাড়িয়া দিয়া কিছু লওয়া বা লাভ-কৃ ; অভিযোগ করিতে বিরত হইবার জন্য কিছু লওয়া ; To accept of a consideration for forbearing to prosecute.

Compound, kompownd, *a.* মিশ্রিত ; যৌগিক, Composed of elements, ingredients ; not simple :—*n.* মিশ্রণ, যৌগিক পদার্থ, A mass made up of a number of parts.

A compound word—যৌগিক শব্দ।

A compound addition, subtraction, &c.—মিশ্র সঙ্কলন, ব্যবকলন ইত্যাদি।

Compounder, kompound-er, *n.* যে রফা করে, One who discharges a debt by certain fixed payments, or by several payments :—ঔষধ-পরিবেষক ; One who compounds or mixes different things.

Comprehend, kom-pre-hend, *v. t.* [L. *com,* with, and *prehendo,* from *præ,* before, and an old word *hendo*=Gr. *chandanō,* to hold, comprise] অন্তর্ভূত-কৃ ; অন্তর্ভুক্ত-কৃ ; To comprise ; to include :—অনুভব-কৃ ; ধারণা-কৃ ; বুঝা ; To conceive ; to understand ; to grasp. *Syn* :—Apprehend, embrace ; comprise, include, conceive, understand, discern, perceive.

Comprehensible, kom-pre-hensi-bl, *a.* বোধগম্য ; বুদ্ধিগ্রাহ্য ; Capable of being understood, intelligible ; conceivable. *ad*=comprehensibly, *n*=comprehensibility, comprehensibleness.

Comprehension, kom-pre-henshun, *n.* অন্তর্ভব ; অনুভূতি ; A comprising ; perception :—ধীশক্তি ; Capacity of the mind to understand :—সংক্ষিপ্তসার ; Summary ; epitome :—শব্দের ব্যাপক অর্থ বা বস্তুর সাধারণ সাধারণ সাধারণচিত গুণসমষ্টি ; The intension of a term or the sum of the qualities implied in the term.

Comprehensive, kom-pre-hensiv, *a.* ব্যাপক ; বিস্তীর্ণ ; পূর্ণ, Including much ; extensive ; full :—বোধক ; ধীশক্তিসম্পন্ন ; Having the quality or power to comprehend much. *ad*=comprehensively. *n*=comprehensiveness.

Compress, kom-pres, *v. t* [L. *com,* together, and *pressare,* to press—*premo, pressus,* to press] সংক্ষিপ্ত-কৃ ; সংকোচ-কৃ, সঙ্কুচিত-কৃ ; চাপিয়া ক্ষুদ্র-কৃ ; To bring within narrow limits ; to press together ; to crowd ; to condense.

Compress, kompres, *n.* অস্ত্র-চিকিৎসায় ব্যবহৃত উপাদানবিশেষ ; ক্ষতস্থানে দিবার জন্য নেকড়ার গদি, Folds of linen, used in surgery to make due pressure on any part.

Compressibility, kom-presi-bil-i-ti, *n.* শক্ত বস্তুর সংকোচন গুণ, সংকোচনশীলতা ; The property that bodies have of being reduced in bulk by pressure.

Compressible, kom-presi-bl, *a.* সংকোচনীয়, সংকোচনশীল ; সম্পেষণীয়, That may be compressed

Compression, kom-preshun, *n.* সংকোচন ; The act of forcing into a narrow compass ; state of being compressed.

Compressive, kom-presiv, *a.* সংকোচনক্ষম, Having the power to compress ; able to compress.

Comprisal, kom-prizal, *n.* ধারণ ; একত্রকরণ ; The act of comprising.

Comprise, kom-priz, *v. t.* অন্তর্ভুক্ত-কৃ ; অন্তর্গত-কৃ. To include ; to comprehend within itself :—ধারণ-কৃ ; To contain :—আলিঙ্গন-কৃ ; বেষ্টন-কৃ, To embrace, to inclose.

Compromise, komprō-miz, *n.* [Fr. *compromis,*—L. *com,* together, and *promitto,* to promise] আপোষ ; মীমাংসা ; A settlement of differences by mutual promise or concession, adjustment in which concessions are made on each side :—*v. t.* আপোষে নিষ্পত্তি-কৃ ; আপোষ-কৃ, To adjust and settle by mutual agreement and concessions ; to compound :—বিপদগ্রস্ত-কৃ ; সংকটাপন্ন-কৃ ; To pledge ; to commit ; to put to hazard ; to involve or bring into question.

Comptroll, kom-trōl, *n.* দমন ; প্রভুত্ব ; আজ্ঞা ; শাসন ; ক্ষমতা ; Restraint, authority, command, government, power :—*v. t.* দমন-কৃ ; শাসন-কৃ ; To check, to govern.

Comptroller, kom-trōlér, *n.* কার্য্যাধ্যক্ষ ; হিসাব-পরীক্ষক ; A regulator ; a superintendent ; a supervisor.

Compulsion, kom-pulshun, *n.* বল-প্রয়োগ, বাধ্য, সম্পীড়ন, আবশ্যকতা, Force ; constraint ;

necessity ; violence. *Syn* :—Constraint, restraint, coercion, force, urgency, pressure.

Compulsive, kom-pulśiv, *a.* বলপ্রকাশক ; সম্পীড়ক ; Constraining ; forcing ; having power to compell. *ad*=compulsively.

Compulsory, kom-pulśor-i, *a.* বলবৎ ; অবশ্য করণীয় ; অবশ্য সম্পাদ্য ; Forcible , constraining ; obligatory ; not voluntary. *ad*=compulsorily.

Compunction, kom-pungḱshun, *n.* [L. *com*, intensive, and *pungo*, *punctus*, to prick] অনুতাপ ; অনুশোচনা ; Remorse ; sting of conscience ; repentance.

Compunctious, kom-pungḱshus, *a.* অনুতপ্ত ; অনুতাপান্বিত ; Repentent , remorseful ; penitent.

Compunctive, kom-pungt-iv, *a.* অনুতাপকারক , Causing remorse.

Computable, kom-pūťa-bl, *a.* গণনীয় ; That can be numbered or reckoned ; that may be calculated.

Computation, kom-pūt-áshun, *n.* গণনা ; হিসাব ; Reckoning ; calculation ; estimate. *Syn* :—Account, enumeration, numbering.

Compute, kom-pūť, *v. t.* [L. *com*, together, and *puto*, to reckon] সংখ্যা-কৃ ; গণনা-কৃ , হিসাব-কৃ , To count ; to reckon , to number , to estimate , to calculate. *Syn* :—Number, reckon, enumerate, cast up, sum, calculate ; rate, estimate, value. [One who computes.

Computer, kom-pūť-ér, *n.* মুহুরী ; হিসাবকারী ;

Comrade, komŕād, *n.* [Sp. *camarada*, a roomfull, a chamber-mate—L. *camera*, a chamber] সহচর ; সঙ্গী ; An intimate companion ; an associate.

Con. kon, *v. t.* [A. S *cunnian*, to test, to try to know—from *cunnan*, to know] কণ্ঠস্থ কৃ , মুখস্থ-কৃ , যত্নসহকারে অধ্যয়ন-কৃ ; To commit to memory , to study carefully. *pr p*=conning. *pa. p*=conned

Con, kon, Contraction of Latin *contra*. বিরুদ্ধে , Against [For and against

Pro & Con—অনুকূলে ও প্রতিকূলে , সপক্ষে ও বিপক্ষে ,

Concatenate, kon-kaťe-nāt, *v t* [L. *con*, together, and *catena*, a chain] শৃঙ্খলাবদ্ধ-কৃ , যোগ-কৃ , শেণীবদ্ধ-কৃ , To link together ; to unite.

Concatenation, kon-kat-e-na'shun, *a.* [L *con*, and *catena*, chain] শ্রেণীপরম্পরা , একত্র সংবদ্ধ শৃঙ্খলশ্রেণী ; A series of links united.

Concave, końkāv, *a.* [L. *concavus*, from *con*, intensive, and *cavus*, hollow] ফাঁপা ; উত্তান ; বক্রোদর ; বক্রীভূত , নিম্নাভ্যন্তর খিলানবিশিষ্ট ; Hollow vaulted, curved or arched ; applied to the inner side of any curved line or rounded body, and opposed to *convex*, which is applied to the outside :—*n.* খিলান ; ফাঁপা ; শূন্যগর্ভস্থান ; A hollow , an arch or vault.

Concavo-concave, *a* উভয়দিক খিলানবিশিষ্ট ; Concave on both surfaces.

Concavo-convex, *a.* Concave on one side, and convex on the other.

Concavity, kon-kaví-ti, *n.* উত্তানতা ; নিম্নাভ্যন্তরতা ; বক্রোদরতা ; খোল ; The inner surface of a concave or hollow body.

Conceal, kon-sēl, *v. t.* [L. *concelo*, from *con*, intensive, and *celo*, to hide] গোপন-কৃ ; লুক্কায়িত-কৃ ; To keep secret ; to hide ; to keep from sight. *Syn* :—Hide, secrete, cover, mask, screen, disguise. [may be concealed.

Concealable, kon-sēla-bl, *a.* গোপনীয় ; That

Concealment, kon-sēlment, *n.* গোপন ; Secrecy ; disguise :—গোপনীয় স্থান ; গুপ্তস্থান ; Hiding-place.

Concede, kon-sēd, *v. t.* [L. *con*, signifying completeness, and *cedo* to go, to yield] আত্মসমর্পণ-কৃ , ত্যাগ-কৃ ; To surrender ; to quit .—স্বীকার-কৃ ; সত্য বলিয়া স্বীকার-কৃ ; To grant , to admit to be true .—*v. i.* স্বীকার-কৃ ; To make concession. *Syn* :—Grant, acknowledge, confess, allow, admit, give up, surrender.

Conceit, kon-sēť, *n.* চিন্তা ; কল্পনা ; Idea ; thought ; conception :—বিকৃত কল্পনা ; উৎকট ভাব বা কল্পনা ; A quaint fancy ; pleasant, phantastic or affected notion —আত্মগৌরব ; আত্মশ্লাঘা , অভিমান ; অহমিকা ; Vanity ; overestimation of one's self , overweening pride. *Syn* —Idea, image, opinion, imagination, notion, thought ; fancy, whim, vagary, estimate, judgment, opinion ; vanity, egotism , quip. [longer fond of.

Out of conceit with—পূর্ব্ব অনুরাগ বিস্মৃত ; No

Conceited, kon-sēťed, *a.* আত্মাভিমানী ; দাম্ভিক ; Vain ; egotistical , opinionative. *ad*=conceitedly. *n*=conceitedness.

Conceivable, kon-sēva-bl, *a.* বোধগম্য ; That may be understood or believed ; imaginable. *ad*=conceivably *n*=conceivableness.

Conceive, kon-sēv, *v. t.* [R. *concipio*, *conceptum*, from *con*, and *capio*, to take] গর্ভে ধারণ-কৃ ; To receive into the womb and breed :—কল্পনা-কৃ ; To devise , to form in the mind :—অনুভব-কৃ ; চিন্তা-কৃ ; To imagine , to comprehend .—*v. i* গর্ভবতী-হ , To become pregnant —চিন্তা-কৃ ; বিবেচনা-কৃ , To think. *Syn* —Suppose, understand, believe, fancy, apprehend, devise, project.

Concentrate, kon-seńtrāt, *v t.* কেন্দ্রীভূত-কৃ ; একত্র-কৃ , এক সাধারণ বিন্দুতে আনয়ন-কৃ , To bring to a common centre or point —সন্নিকৃষ্ট-কৃ ; অল্লায়তন-কৃ ; জমাট-কৃ , ঘনীভূত-কৃ , To bring into a closer union, or a narrower compass ; to condense.

Concentrate on—এক জায়গায় জড়-কৃ ; Bring together so as to meet in a common centre or place —একই বিষয়ে সমস্ত মন অর্পণ-কৃ ; Bring together so as to be directed towards a certain object.

Concentration, ken-sen-trá-shun, *n.* সমাহার ; ঘনীভূতকরণ ; The act of bringing to a common centre ; collection into one point or centre ; condensation.

Concentration of mind—মনের একাগ্রতা ।

Concentrative, kon-seńtra-tiv, *a.* কেন্দ্রাভিসারী ; Tending to concentrate.

Concentre, kon-senťér, *v. i.* এক সাধারণ বিন্দুতে আনয়ন-কৃ ; To bring to a common centre or point :—একস্থানে মিলিত-হ ; To come to a point.

Concentric, kon-seńtrik, **Concentrical,**

kon-seń-trik-al, *a.* সমকেন্দ্র, এক কেন্দ্রবিশিষ্ট, Having a common centre

Concept, końsept, *n* মনের ভাব, মত, A notion

Conception, kon-sep'shun, *n* গর্ভসঞ্চার, গর্ভধারণ, The act of conceiving —চিন্তা, মত, Notion, idea, view or opinion.—বুদ্ধি, ধারণাশক্তি, The faculty of apprehending

Conceptive, kon-cept-iv, *a* ধারণক্ষম, Capable of conceiving

Conceptualism, kon-sep'tu-al-izm, *n* বস্তু হইতে তদানুষঙ্গিক গুণপরম্পরায় পৃথক করিয়া বুঝাতে পারা যায়, দর্শনশাস্ত্রের এই মত, The doctrine that general properties can be conceived in the mind apart from any concrete embodiment

Concern, kon-sérn, *n* [Fr L. *concerno*, from *con*, together, and *cerno*, to sift, to see] ব্যাপার, বিষয়, কার্য, Business affair —আবশ্যকতা, Moment, importance —উদ্বেগ, Regard, solicitude, anxiety —কার্যালয়, Firm and its business —সংস্রব, That which relates or belongs to one *Syn* —Matter business, affair, transaction, care, anxiety, solicitude, carefulness, uneasiness, importance, interest, moment, consequence, weight, firm, establishment — *v t* সংস্রব থাকা, লিপ্ত-কৃ, To relate, belong to —আবশ্যক-হ, To be of importance —যত্ন কৃ, To look after —হস্তক্ষেপ-কৃ, To intermeddle —উদ্বিগ্ন-কৃ, অসুখী-কৃ, To make uneasy *Syn* —Interest, affect, touch regard, trouble, make anxious, distress *n*=concernment

Concerned, kon-sernd *a* ব্যাপৃত, Engaged, having connection with —উদ্বিগ্ন, Anxious —মনোযোগী, Interested *ad*=concernedly. *n*=concernedness. [Have to do with

Be concerned with—সম্পর্ক বা সংস্রব থাকা,

Concerning, kon-sérning, *prep* সম্বন্ধে বিষয়ে, About, relating to, pertaining to, regarding.

Concernment, kon-sérn-ment, *n* ব্যাপার, Affair.—হস্তক্ষেপ, Interposition —উদ্বেগ, Solicitude, anxiety.

Concert, kon-sért, *n* যোগ, যোগদান, Union, agreement in a design or plan, accordance in a scheme —সুস্বর, সুরের মিল, Musical harmony —সঙ্গীত, Musical entertainment —মিলন, মিল, Harmony, accordance —গায়ক দল, A number of persons playing or singing the same piece of music in harmony.

Concert, końsért, *v. t* [Fr *concerter*—*con* together, *certare*, to contend, vie with, acc to Skeat, from L *consertus*, joined together] মন্ত্রণা-কৃ, একত্রে মন্ত্রণা কৃ, একত্রে পরামর্শ-কৃ To plan together, to plan to devise.—*v. i* মিলিত হইয়া কার্য্য-কৃ, একত্রে অভিসন্ধি-কৃ, To act in harmony, form combined plans, take counsel —সজ্জিত-কৃ, ঠিক-কৃ, To arrange, to adjust *Syn* —Contrive, plot, devise, design, combine, cooperate

Concertina, kon-sér-te'na, *n.* বাদ্যযন্ত্রবিশেষ, A musical instrument, on the principle of the accordion

Concerto, kon-sér'tō *n* গানবিষয়ক রচনা, সঙ্গীতবিষয়ক রচনা, A piece of music for a concert.

Concession, kon-seshun, *n.* অনুমোদন; The act of granting or yielding —অনুগ্রহ; দান; বস্তু, The thing yielded, a grant.—দোষ স্বীকার, Acknowledgment by way of apology, confession of guilt [plying concession

Concessive, kon-sesiv, *a* অনুমোদনসূচক, Im-

Concessory, kon-sesor-i, *a.* অনুমোদনকারী, Yielding, conceding.

Conch, kongk, *n* [L. *concha*—Gr. *kongche*, Sans. *camkha*, a shell, conn. with *cockle*] শঙ্খ, শাঁক A marine shell, trumpet

Conchiferous, kong-kif'er-us, *a* [L. *concha* and *fero*, to bear] শঙ্খের দুই আবরণবিশিষ্ট, Having a bivalve shell

Conchoidal, kong-koidal, *a* [Gr. *kongchē* and *eidos*, form] শঙ্খবৎ, Shell like, applied to the fracture of a mineral

Conchologist, kong-kolo-jist, *n.* শঙ্খবিজ্ঞানবিৎ One versed in conchology.

Conchology, kong-kolo-ji, *n.* [Gr *kongche* and *logos*, a discourse] শঙ্খবিজ্ঞান, The science of shells and of the animals inhabiting them

Conciliate, kon-sili-āt, *v t* [L *concilio*, *conciliatus*, to bring together] অনুরঞ্জিত-কৃ, অনুরক্ত-কৃ সন্তুষ্ট-কৃ, To win over, to reconcile, to make friendly *Syn* —Reconcile, pacify, appease draw over

Conciliation, kon-sil-i-ā'shun, *n.* অনুরঞ্জন সন্তুষ্টিসাধন, The act of winning over —পুনর্মিলন, Reconciliation. [peace-maker

Conciliator, kon-sili-ā-tor, *n* শান্তিকারক, A

Conciliatory, kon-sili-a-tor-i, *a.* অনুরঞ্জক, শান্তিজনক, প্রীতিজনক, Winning, pacific

Concise, kon-sīs, *a* [L *concido*, *concisus*, from *con*, and *caedo*, to cut] সংক্ষিপ্ত, Brief, terse, laconic, short, shortened, abbreviated, abridged *Syn* —Succinct, summary, compendious, comprehensive, condensed, pithy *n*=conciseness —সংক্ষিপ্ততা, Brevity. *ad*=concisely—সংক্ষেপে, Briefly

Concision, kon-sizhun, *n.* অংশ, ত্বক্‌-ছেদন, Circumcision, a division, a faction

Conclave, końklāv, *n* [L *con*, together, and *clavis*, a key] গুপ্তসভা, A private meeting, any close assembly —যাজকসভা, Private assembly of cardinals, the body of cardinals.—গুপ্তগৃহ, A private apartment.

Conclude, kon-klōōd, *v t* [L *concludo*—*con*, together, and *claudo*, to shut] সমাপন-কৃ, শেষ-কৃ, নিষ্পত্তি কৃ, To close, to end, to finish, to decide —*v i* শেষ-হ, নিষ্পত্তি-কৃ, সিদ্ধান্ত-কৃ, উপসংহার-কৃ, To close, to end, to decide, to infer, to form a final judgment. *Syn* —Finish, terminate, end, close, gather, infer, deduce, determine, judge, decide

Conclusion, kon-clōō'zhun, *n.* শেষ, অবসান; সমাপ্তি, Close, termination, the end :—সিদ্ধান্ত; অনুমান, Inference or consequence.—নিষ্পত্তি; বিচার, Final determination, judgment.

Conclusive, kon-klōō'siv, *a* শেষ; চূড়ান্ত, অকাট্য, Final, decisive; definite. *Syn* :—Final, ultimate, definitive, decisive, convinc-

ing, unanswerable. *ad*=conclusivley—নিঃসন্দিগ্ধভাবে ; অখণ্ডনীয়রূপে। *n*=conclusiveness—অকাট্যতা ; অখণ্ডনীয়তা।

A foregone conclusion—পূর্ব্ব হইতে স্থিরীকৃত বিষয় ; বিচারের পূর্ব্বেই যে সিদ্ধান্ত মনে মনে স্থির করা হইয়াছে ; Predetermination ; decision which has preceded argument or examination ; a predetermined decision.

Arrive at a conclusion (Come to a conclusion)—(তর্ক কিংবা অনুসন্ধান করিয়া) কোন সিদ্ধান্তে উপনীত-হ ; Come to a decision (by inquiry or reasoning).

Draw a conclusion or inference—(কোন পূর্ব্ব কথা হইতে) কোন বিষয় সিদ্ধান্ত করিয়া লওয়া ; Form an opinion or judge (from premises).

In conclusion—অবশেষে ; উপসংহারকালে ; Finally.

Jump to a conclusion—একবারে সিদ্ধান্ত-কৃ ; (বিশেষ বিবেচনা না করিয়া) হঠাৎ কোন সিদ্ধান্তে উপনীত-হ ; Come to a conclusion hastily.

Try conclusions—বল পরীক্ষা-কৃ ; Enter into a trial of strength , be at issue ; make a trial of one's strength.

Concoct, kon-kokt', *v. t.* [L. *concoquo, concoctus*—*con*, together, and *coquo*, to cook, to boil] পরিপাক-কৃ , To digest :—পরিপক্ব-কৃ , To ripen , to mature or perfect , to prepare :—অভিসন্ধি-কৃ ; মনে মনে স্থির-কৃ ; To devise , to contrive , to plan , to plot. *Syn* —Brew, hatch ; prepare, mature, plot, design, devise.

Concoction, kon-kokshun, *n.* পরিপাক ; Digestion —পরিপাকাবস্থা ; Maturation by heat .—অভিসন্ধি , Contrivance —প্রস্তুতকরণ ; Preparation.

Concomitance, kon-komi-tans, **Concomitancy,** kon-komi tan-si, *n.* সমন্বয় , সহযোগিতা ; সাহচর্য্য , সংযোগ ; সহবর্ত্তন ; একত্র গমন , Accompaniment ; a going or being together, or in connection with another thing.

Concomitant, kon-komi-tant, *a.* [L. *con*, with, and *comitans*, pr p of *comitor*, to accompany —*comes*, a companion] আনুষঙ্গিক ; সংমিলিত , সংযুক্ত , Accompanying or conjoined , going along with ; concurrent ; attending :—*n.* সহচর ; সঙ্গী ; সহবর্ত্তী ; A companion , an attendant. *ad* =concomitantly.

Concord, kong'kord, or konkord, *n.* [Fr. *concorde*—L. *concordia*—*concors*, of the same heart, from *con*, together, and *cor, cordis*, the heart] মিলন ; একতা ; শান্তি ; Harmony ; union ; agreement ; unity ; peace :—অন্বয় ; যোজনা ; Agreement or proper relation of words in a sentence :—একতান ; সুরের মিল , Concert :—সন্ধি ; A compact ; treaty. *Syn* :—Harmony, unity, unanimity, friendship, good understanding ; consonance, unison, concert.

Concordance, kon-kordans [L. *concordans*, pr. p. of *concordo*—*concors*, agreeing] ঐক্য ; Agreement :—নির্ঘণ্ট ; An index ; a dictionary of biblical phrases ; glossary.

Concordant, kon-kordant, *a.* সুস্বরবিশিষ্ট ; একত্রিত ; মিলবিশিষ্ট ; Harmonious ; united, agreable, agreeing, correspondent. *ad*=concordantly.

Concordat, kon-kordat, *n.* [L. *concordo*, to agree] সন্ধি ; A compact ; an agreement ; a convocation :—রাজা ও প্রজার মধ্যে সন্ধি ; A treaty or compact between a temporal sovereign and people.

Concourse, kong'kōrs, *n.* মিলন ; সঙ্গম ; সমাগম ; Confluence :—জনসমূহ ; জনতা , সমবায় ; An assemblage of men or things :—সভাস্থল ; A place of meeting ; meeting. *Syn* :—Confluence, convergence ; assembly, meeting, assemblage, gathering, collection, crowd, throng.

Concrescence, kon-kresens, *n.* সংযোগ দ্বারা বর্দ্ধন ; বৃদ্ধি ; Growing together ; growth or increase.

Concrete, konkrēt, *a.* [L. *concretus*,—*con*, together, *cresco, cretum*, to grow] জমাটবদ্ধ ; Formed into one mass :—স্থূল ; Conceived as a subject with its attributes ; the opposed of abstract , not abstract. *Syn* :—Compact, consolidated, condensed, incorporated ; not abstract, not general :—*n.* সংহত পদার্থ ; বালি, চুণ সুরকি প্রভৃতি গৃহনির্ম্মাণের উপাদানসমূহের মিশ্রণ ; A compound ; a mixture of a lime, sand, pebbles, used for the foundation of buildings. *ad*=concretely *n*=concreteness.

Concrete, konkrēt, *v. i.* জমাট-হ ; জমিয়া-যা ; To unite into a solid mass ; to congeal :—*v. t.* জমাটবদ্ধ-কৃ ; To form into a mass.

Concrete number—(দ্রব্যের নামের সহিত) যুক্ত সংখ্যা, যেমন 'পাঁচখানি' বই, 'তিনটী' ছেলে।

Concretion, kon-krē'shun, *n.* পিণ্ড ; তাল ; A lump ; a mass conreted.

Concretive, kon-krētiv, *a.* জমাট বাঁধিবার শক্তিসম্পন্ন ; Causing or having power to *concrete.*

Concubinage, kon-kū-bin-āj, *n.* বিবাহ বিনা সহবাস , পরস্পর বিবাহিত না হইয়া স্ত্রীপুরুষের ন্যায় সহবাস , স্ত্রীপুরুষের অবৈধ সহবাস ; The state of living together as man and wife without being married.

Concubine, kong'kū-bīn, *n.* [L. *concubina*,—*con*, together, *cubo*, to lie down] উপপত্নী ; যে অবিবাহিতা স্ত্রীলোক পরপুরুষের সহবাস করে . A woman who cohabits with a man, without being married.

Concupiscence, kon-kū'pis-ens, *n.* [L. *con*, intensive, *cupio*, to desire] কাম , আত্যন্তিক বা অবৈধ কাম-প্রবৃত্তি . Lust ; unlawful or irregular desire of carnal pleasure. *a*=concupiscent—কামুক ; Libidinous , lewd ; lustful , salacious, sensual.

Concur, kon-kur', *v. i.* [L. *con*, together, and *curro, cursum*, to run] একস্থানে মিলিত-হ ; To coincide ; to meet in one point :—একমত-হ ; সম্মত-হ ; To agree ; to assent :—যুক্ত-হ ; To unite ; to help ; to conspire. *Syn* :—Agree, coincide, harmonize ; unite, join, combine, conspire ; approve, assent, acquiesce.

Concurrence, kon-kur'ens, *n.* মিলন ; যোগ ; Union ; conjunction ; combination :—সম্মতি ; Agreement or consent ; assent.

Concurrent, kon-kur'ent, *a.* সহগামী ; সহকারী ; সহযোগী ; অনুচর ; Co-operating ; accompanying. *ad*=concurrently.

Concussion, kon-kushun, *n.* [L. *con*, intensive, and *quatio*, to shake] দুই বস্তুর অকস্মাৎ সংঘর্ষণে দারুণ আঘাত ; ধাক্কা ; A violent shock caused by the sudden contact of two bodies :—আঘাত ; The shock of some organ by a full or like cause :—আলোড়ন ; Agitation. *Syn* :—Shaking, agitating ; shock, crash, clash.

Concussive, kon-kuśiv, *a.* কম্পনক্ষম ; বাধাকরণ-গুণসম্পন্ন ; আলোড়ক ; Having the power or quality of shaking ; agitating.

Condemn, kon-dem, *v. t.* [L. *con*, intensive, and *damno*, to damn] নিন্দা-কৃ ; দোষ-দে ; To censure ; to blame :—দণ্ডবিধান-কৃ ; To pronounce judicial sentence against :—অকর্ম্মণ্য স্থির-কৃ ; To be unfit for use or service :—দোষী সাব্যস্ত-কৃ ; অপরাধী স্থির-কৃ ; To pronounce guilty :—বাজেয়াপ্ত হইয়াছে এইরূপ স্থির-কৃ ; To declare to be forfeited :—নামঞ্জুর-কৃ ; To reject. *Syn* :—Censure, reprove, reproach ; upbraid, doom, sentence, adjudge ; confiscate, forfeit.

Condemnable, kon-demna-bl, *a.* দণ্ডার্হ , Deserving of punishment :—নিন্দনীয় ; দোষী , Blamable ; censurable ; culpable

Condemnation, kon-dem-náshun, *n.* নিন্দা ; Blame :—দণ্ড ; Punishment :—নিন্দার কারণ ; Cause of blame.

Condemnatory, kon-demna-tor-i, *a* দণ্ডসূচক , নিন্দাসূচক ; নিন্দনীয় , Containing or implying condemnation.

Condensable, kon-densa-bl, *a* ঘনীভূত হইবার যোগ্য ; ঘনত্ব প্রাপণীয় ; ঘনকরণীয় ; Capable of being condensed.

Condensation, kon-den-sáshun, *n.* গাঢ়করণ , ঘনীকরণ ; ঘনত্ব ; ঘনত্বপ্রাপ্তি ; সঙ্কোচ ; The act of making more dense ; the state of being condensed : compression.

Condensative, kon-den-sat-iv, *a.* ঘনকরণক্ষম , Having power or tendency to condense.

Condense, kon-dens, *v t.* [L. *con*, intensive, *denso*, to make dense] ঘন-কৃ ; গাঢ়-কৃ , To make close, compact, thick or dense :—চাপিয়া ক্ষুদ্র আয়তন-কৃ ; To compress ; to reduce into a smaller compass :—*v. i.* ঘন-হ ; To become dense, close or compact ; to grow dense. *Syn* :—Compress, consolidate, contract, concentrate, abridge, reduce, epitomize ; thicken, inspissate, harden : —*a.* ঘন ; Dense.

Condenser, kon-denśer, *n.* বাষ্প ঘন করিবার পাত্র ; A vessel for condensing vapour :—তাড়িত সংগ্রহ বা ঘন করিবার দ্রব্য ; An appliance for collecting or condensing electricity.

Condescend, kon-de-send, *v. i.* [L. *con*, intensive, and *descendo*, to descent] নম্র-হ ; প্রসন্ন-হ ; হীনতা স্বীকার-কৃ ; To stoop ; to yield ; to deign ; to vouchsafe ; to lower one's self ; bend.

Condescending, kon-de-sending, *a.* শিষ্টাচারী, শিষ্ট ; বিনীত, দাক্ষিণ্যপ্রদর্শক ; Complaisant ; courteous. *ad*=condescendingly.

Condescension, kon-de-senshun, *n.* শিষ্টাচার ; দাক্ষিণ্য ; শিষ্টতা ; নম্রতা ; অনুকম্পা ; Courtesy ; complaisance ; favour ; kindness to inferiors. *Syn* :—Submission, humiliation, obeisance ; deference, courtesy, graciousness, favour, civility.

Condign, kon-din, *a.* [L. *con*, wholly, *dignus*, worthy] যথার্থ ; উপযুক্ত ; গুণসম্পন্ন ; Deserved ; well-merited (applied to punishment). *ad*=condignly, *n*=condigness.

Condiment, kondi-ment, *n.* [L. *condio*, to preserve, to pickle] আচার ; চাটনি ; Sauce ; pickle ; seasoning.

Condition, kon-dishun, *n.* [L. *conditio*, to put together] অবস্থা ; State or situation :—গুণ ; Quality ; property ; attribute :—নিয়মপত্র, করার ; Term of agreement ; stipulation :—জীবনধারণের বিশেষ প্রকার ; A particular manner of living :—পদমর্য্যাদা ; পদবী ; Rank :—Something laid down as essential. *Syn* :—Circumstances, station, case, state, situation, plight, predicament, stipulation, article, terms, provision, arrangement :—*v. t.* নিয়ম-কৃ ; To stipulate ; to agree upon :—*v. i.* যে সর্ত্তে মিট্‌মাট্ করিতে হইবে তাহা বলা ; To make terms.

Condition of sale—নীলামের চুক্তি বা সর্ত্ত ; উক্ত বিষয়ের চুক্তিপত্র , The terms on which it is proposed to sell property at auction ; also the instrument containing or expressing these terms.

On condition of, On condition that—এই সর্ত্তে যে , যদি , Upon the terms that ; provided that.

Conditional, kon-dishun-al, *a* সাপেক্ষ , নিয়মাধীন বর্ত্তী , Containing or depending on certain terms not absolute :—বিকল্পসূচক , (In grammar), expressing a condition or supposition *n*=conditionality. *ad*=conditionally.

Conditioned, *a.* বিশেষ অবস্থা বা গুণযুক্ত , Having a certain condition, state, or quality :—সম্বন্ধবিশিষ্ট ; নিয়মাপেক্ষী , In metaphysics having conditions or relations , subject to limitations

Condolatory, *a.* সমদুঃখপ্রকাশক , Expressing condolence.

Condole, kon-dol, *v. i* [L. *con*, with, and *delso*, to grieve] সহানুভূতি প্রকাশ-কৃ ; পরদুঃখে দুঃখিত-হ , To sympathise in sorrow ; to grieve with another in distress or misfortune.

Condolement, kon-dolment, **Condolence,** kon-dolens, *n.* সমদুঃখতা ; সহানুভূতি ; পরদুঃখে দুঃখপ্রকাশ ; Grief for another's sorrow. [giveness.

Condonation, kon-don-áshun, *n.* ক্ষমা ; Forgiveness.

Condone, kon-dón, *v. t.* [L. *con*, *done*, to give] ক্ষমা-কৃ , To pardon , to forgive.

Condor, kondor, *n.* দক্ষিণ আমেরিকার গৃধ্র ; The vulture of South America.

Condottiero, *n. pl.* দস্যু ; In Italy, the leader of a band of mercenary soldiers, living by pillage ; a brigand.

Condottieri, *n.* সেনা-নায়কগণ ; Leaders of military adventurers in the 15th century.

Conduce, kon-dus, *v. i.* [L. *con*, together, and *duco*, *ductus*, to send] সাহায্য-কৃ ; আনুকূল্য-কৃ ; To lead or tend to ; to contribute. *Syn* :—Contribute, avail, tend, subserve.

Conducible, kon duśi-bl, *a.* অনুকূল, উপযোগী, জনক, আবহ, উন্নতিসাধক ; Leading or tending to,

having power to promote. *ad*=conducibly. *n*=conducibleness

Conductive, kon-dūsiv, *a.* উপযোগী, বৰ্দ্ধনক্ষম, আবহ, জনক, উন্নতিসাধক, That may contribute, having a tendency to promote *ad*=conducively. *n*=conduciveness

Conduct, kon-dukt', *v t* পথ প্রদর্শন-কৃ, পথ দেখাইয়া লইয়া যাওয়া, To lead or guide, to accompany and lead the way —আদেশ কৃ, To direct, to command —নির্ব্বাহ-কৃ, আচরণ-কৃ, To manage, to regulate —পথে সঙ্গে যাইয়া রক্ষা কৃ To escort, to accompany and protect on the way —সঞ্চালন কৃ, সঞ্চালিত কৃ, In electricity to carry or transmit —*v i* ব্যবহার-কৃ, To behave, act *Syn* —Escort, convoy, direct, control manage, administer, regulate, command, govern, preside over

Conduct, kondukt, *n* পরিচালন, পথ-প্রদর্শন, Guidance —সেনাপতিত্ব, Generalship, skilful guidance —রক্ষক, Convoy, guard, escort —আচরণ, ব্যবহার, Personal deportment, demeanour, behaviour —নির্ব্বাহকতা, Management *Syn* —Behaviour, carriage, bearing, deportment demeanour direction, administration, guard, escort, convoy

Safe conduct -Passport

Conductible, kon dukti bl, *a* সঞ্চালনীয় পরিচালনীয়, Capable of being conducted or transmitted *n* -conductibility

Conduction, kon-dukshun, *n* সঞ্চালন, Transmission through a conductor, a , heat

Conductive, kon-duktiv, *a* সঞ্চালন গুণবিশিষ্ট বা পার করিবার শক্তিবিশিষ্ট, Having the quality or power of conducting *n*=conductivity

Conductivity, kon duk-tivi ti *n* বস্তুর তাপ এবং বিদ্যুৎ সঞ্চালন শক্তি, A power that bodies have of transmitting heat and electricity

Conductor, kon-duktor, *n* পথ প্রদর্শক, A guide —নায়ক, সেনানায়ক, A chief, a commander a leader —যানচালক, সারথি, A driver —কার্য্য নির্ব্বাহক, A manager, director —সঞ্চালনী শক্তিবিশিষ্ট পদার্থ, A substance capable of transmitting electricity, heat &c —বিদ্যুদ্দণ্ড, A lightning-rod Fem=Conductress

Conduit, kondit, or kun—, *n* [Fr *conduit*—L *conductus*—*conduco,* to lead.] জল-প্রণালী, পয়ঃনালা, পয়ঃ প্রণালী, A channel or pipe for the conveyance of water, a channel, a surface drain *Syn* —Channel, pipe, canal, duct, passage

Cone, kōn, *n* [Fr *cone*—L *conus*—Gr *kōnos,* a peak, a peg, from a root *ka,* to sharpen, allied to E. *hone*] সূচী স্তম্ভক্ষেত্র, A solid pointed figure with a circular base —মোচাকৃতি ফল, Fruit shaped like a figure. [A rabbit.

Coney, Cony, kō'ni or kuni, *n* শশক, খরগস,

Confabulate, kon fabū-lat, *v i.* [L *con,* together, and *fabulor, fabulatus,* to talk—*fabula,* the thing spoken about] গল্প-কৃ; To chat, to talk familiarly *n*=confabulation

Confect, konfekt, *v. t.* মিঠাই-কৃ, রসে পাক-কৃ, To form into sweetmeats; to prepare with sugar.

Confect, konfekt, **Confection,** kon-fekshun, *n.* [L *conficio, confectus,* to make up together —*con,* together, *facio,* to make] মিষ্টান্ন, মিঠাই; মোরব্বা, Sweetmeat, a comfit

Confectioner, kon-fekshun-ėr, (B) **Confectionary,** *n.* মোদক, ময়রা, One who makes sweetmeats.

Confectionery, kon-fekshun-ėr-i, *n.* মিষ্টান্ন; মিঠাই, Sweetmeats —মিঠাইয়ের দোকান, A place for making or sellings seetmeats.

Confederacy, kon feder-a si, *n* সন্ধি, ঐক্য; A league, alliance, a compact —সন্ধিসূত্রে বদ্ধ ব্যক্তি বা জাতি, The persons, states, or nations united by a league. *Syn* —League, covenant, compact, alliance, combination, coalition, conspiracy.

Confederate, kon-feder-āt [L *con,* together, *faedus, federis,* a league] সন্ধি কৃ, To ally —*v i* সন্ধি দ্বারা মিলিত-হ, সন্ধিতে যোগ দেওয়া, To unite in a league —*n* সহায়, মিত্র, An ally, an accomplice —*a* সন্ধিবদ্ধ, সন্ধিসূত্রে আবদ্ধ; Bound by treaty

Confederate states, *n* The eleven states, which revolted from the union in the late American war

Confederation, kon fed-ėr āshun, *n* সন্ধি, A league alliance —সন্ধিবদ্ধ ব্যক্তি বা জাতি, The parties to a league

Confer, kon-fer', *v t* [Fr —L. *confero*—*con,* together, and *fero,* to bring] দান-কৃ, অর্পণ-কৃ, To grant, to give, to bestow —*v i* কথোপকথন কৃ, পরামর্শ কৃ, To converse, to give, to consult or talk together *Syn* —Bestow, grant, award, vouchsafe, discourse, converse, deliberate, consult, advise with

Confer on, *v* পদ বা সম্মান দেওয়া, Give some post or honour to.

Confer with, *v* কাহারও সহিত মন্ত্রণা করা, Hold a consultation with one

Conference, konfer-ens, *n* কথোপকথন, Formal discourse —পরামর্শ ও বিচার করণার্থ সভা, A meeting for discussion [the same monastry

Conferes, *n* সহযোগী, Associates, brothers of

Confess, kon-fes, *v t* [L. *con,* signifying completeness and *fateor*—*fari,* to speak] অপরাধ স্বীকার-কৃ, To acknowledge, as a crime or fault —স্বীকার কৃ, To own or recognise, to admit —পুরোহিতের নিকট পাপ স্বীকার-কৃ, Make known, as sins to priest —পুরোহিত হইয়া পাপ স্বীকার শ্রবণ-কৃ, To hear a confession, as a priest —প্রমাণ কৃ, To prove, attest —সত্য বলিয়া স্বীকার কৃ, To admit, as true, to assent to —প্রকাশ-কৃ, To disclose —*v i.* অপরাধ স্বীকার করা, To make confession *ad*=confessedly. *Syn* —Admit, grant, allow, concede; avow, own, recognize, exhibit, declare, attest, prove.

Confess the faith—প্রকাশ্যে কোন ধর্ম্মে বিশ্বাস জ্ঞাপন কৃ, Declare publicly one's faith in a religion

Confession, kon-feshun, *n* অপরাধ স্বীকার, Acknowledgment, avowal —পুরোহিতের নিকট পাপ স্বীকার, Acknowledgment of sins to a

priest :—ধর্মমত স্বীকার ; ধর্মবিষয়ক বিশ্বাসের বিবৃতি ; A creed to be assented or signed.

Confessional, kon-feshun-al, *n.* দোষ স্বীকার শ্রবণার্থ পুরোহিতের আসন, The seat or inclosed recess where a priest hears confessions ; a confession-chair.

Confessor, kon-fesor, *n.* পাপ শ্রোতা পুরোহিত ; A priest who hears confessions :—খ্রীষ্টধর্ম বিশ্বাসী ; One who makes a profession of his faith in the Christian religion.

Confidant, konfi-dant, **Confidante,** *n.* বিশ্বস্ত বন্ধু ; A confidential or bosom-friend *fem*= confidante.

Confide, kon-fid, *v. i* [L *con*, signifying completeness, and *fido*, to trust] পূর্ণমাত্রায় বিশ্বাস-কৃ, নির্ভর-কৃ ; To trust wholly or have faith in, to rely :—*v t.* বিশ্বাস করিয়া কোন ব্যক্তির হস্তে সমর্পণ-কৃ, To intrust, or commit to the charge of.

Confide in, *v.* কাহাকে বিশ্বাস-কৃ, Believe or trust a person.

Confide to, *v* বিশ্বাস করিয়া বলা ; Intrust one with (a secret in the belief that it will not be given out), communicate to one confidentially —ভারার্পণ-কৃ, Intrust to one, with assurance of safe keeping or good management.

Confidence, konfi-dens, *n* বিশ্বাস, দৃঢ় বিশ্বাস ; Trust, reliance, belief :—বিশ্বাসভূমি, Ground of trust or reliance :—আত্মনির্ভর, আত্মাবলম্বন, সাহসিকতা ; সাহস ; Assurance, self-reliance, boldness. *Syn* :—Alliance, assurance, expectation, hope ; trust, dependence, reliance, belief, faith, boldness, courage, assurance.

In confidence—বিশ্বাসপূর্ব্বক, গুপ্তভাবে, In secret trust ; confidentially, relying on one's secrecy.

To be in one's confidence—কাহারও বিশ্বাসভাজন হওয়া ; To enjoy the confidence of one, to be trusted by one

To have confidence in—বিশ্বাস থাকা, To have faith in :—প্রচুর বলিয়া বিশ্বাস থাকা, সত্য বলিয়া দৃঢ়বিশ্বাস থাকা, To have reliance on, as being sufficient, to have firm belief in, as being just.

To take into confidence—কাহাকে বিশ্বাস করিয়া মনের কথা বলা, To admit a person into one's secrets

To worm oneself into one's confidence—ক্রমে কৌশলে কাহারও সহিত ভাব করা বা তাহার বিশ্বাসভাজন হ, To enter gradually by arts and insinuation into the confidence of a person

Confident, konfi-dent, *a.* অতি বিশ্বাসী, দৃঢ় প্রত্যয়ান্বিত, Truthful, trustful —সাহসী, Bold, relying on one's own ability —নির্লজ্জ, Bold to a fault, impudent, positive *ad*—confidently.

Confidential, kon-fi-denshal, *a* বিশ্বস্ত, গুপ্ত, Trustworthy, secret *ad*=confidentially *Syn*. —*Trustworthy, faithful ; private, secret*

Confidential communication—(Law) One made by a client to his counsel, solicitor, or attorney in professional confidence and which he is not permitted to divulge—called also *privileged* communication.

Configuration, kon-fig-ū-rāshun, *n* [L. *con*, together, and *figuro*, to form] বহিরাকৃতি ; বাহ্য আকার বা গঠন ; External form :—গ্রহগণের আপেক্ষিক অবস্থান বা দৃশ্য ; Relative position or aspects of the planets.

Confinable, kon-fina-bl, *a.* অবরোধ যোগ্য ; That may be confined.

Confine, konfin, *n.* [L. *con*, with, and *finis*, the end or boundary] ধার ; সীমা ; কিনারা ; Border, boundary or limit—generally used in the plural —*v. t.* বদ্ধ-কৃ, কারারুদ্ধ-কৃ ; To shut up, to fasten, to imprison :—*v. i.* সাধারণ সীমা-বিশিষ্ট-হ, To have a common boundary. *Syn* :—(*n*) Limit, border, frontier, march. (*v.*) bound, limit, shut up, imprison, immure, incarcerate.

Confine (one) in—কারাগারে বদ্ধ-কৃ ; Imprison [one in.

Confine (oneself) to—নির্দিষ্ট সীমার ভিতরে থাকা, Restrict oneself to ; not to go beyond

Be confined to—বদ্ধ থাকা ; কোন কিছুর বাহিরে না যাওয়া, Be limited to

Be confined to one's bed or room—পীড়াপ্রযুক্ত শয্যা হইতে উঠিতে বা ঘর হইতে বাহির হইতে অক্ষম হওয়া, Be unable through illness to leave one's bed or room. [in child-bed

To be confined—আসন্ন প্রসবা হওয়া, To be

Confinement, konfinment, *n.* অবরোধ ; কারাবন্ধন, নির্জ্জনবাস, Restraint, seclusion :—প্রসবাবস্থা, Restraint from going abroad by sickness, especially caused by child-birth — কয়েদ, Imprisonment.

Confirm, kon-ferm, *v. t* [Fr —L *confirmo*— *con*, intensive, and root of *firm*] দৃঢ়-কৃ ; To make firm, to strengthen —অনুমোদন-কৃ ; To ratify —নিশ্চিত-কৃ, To assure, to render certain —খ্রীষ্টান অধিকার প্রদান-কৃ, To admit to full Christain privileges by the laying on of hands *a*=confirmable *Syn* :—Strengthen, establish, fix, settle, verify, assure, bind, ratify.

Confirmed madcap—বদ্ধপাগল।

Confirmable, *a* দৃঢ়ীকরণোপযুক্ত প্রমাণার্হ, Capable of being confirmed.

Confirmation, kon-fer-māshun, *n* দৃঢ়ীকরণ, The act of confirming —প্রত্যয়জনক প্রমাণ, Convincing testimony, proof —অনুমোদন, সমর্থন, Ratification.

Confirmative, kon-ferma tiv, *a* দৃঢ়ীকরণক্ষম, Tending to confirm, having the power of confirming

Confirmatory, kon-ferma-tor-i, *a.* সন্দেহভঞ্জক, সাহায্যকারী, পোষক, Affording additional proof, serving to confirm, corroborative.

Confiscate, kon-fiskāt, *v. t* [L. *con*, and *fiscus*, a basket, the public treasury] দণ্ডস্বরূপ রাজকোষভুক্ত কৃ, ক্রোক-কৃ, বাজেয়াপ্ত-কৃ, To adjudge to be forfeited to the state ; to forfeit to the commonwealth. *a*=confiscable *n*=confiscation.

Confiscate, kon-fiskāt, *a.* রাজকোষভুক্ত ; Forfeited to the public treasury.

Confiscator, konfis-kā-tor, *n.* ক্রোককর্ত্তা, যে রাজসরকারে বাজেয়াপ্ত করে ; One who confiscates.

Confiscatory, *a.* ক্রোককরণযোগ্য, Consigning to forfeiture.

Conflagration, kon-fla-gráshun, *n.* [L. *con*, intensive, and *flagro*, to burn] মহাগ্নি ; প্রকাণ্ড অগ্নিদাহ ; A great fire.

Conflagration in a forest—দাবাগ্নি ।

Conflict, kon-flikt, *n.* প্রচণ্ড পরস্পর আঘাত ; Violent collision :—বিবাদ ; বিরোধ ; Contest ; strife ; combat :—মৃত্যু-যন্ত্রণা ; The last struggle of life ; agony. *Syn* :—Contest, collision, struggle, combat, strife, contention, battle, fight, encounter, engagement.

Conflict, kon-flikt́, *v. i.* [L. *con*, together, and *fligo*, to dash] সংগ্রাম-কৃ ; To meet in violent collision ; to clash :—বিরোধী-হ ; To contend ; to fight ; to contest. *Syn* :—Fight, contend, contest, struggle, combat, strive.

Confluence, końfloo-ens, *n.* নদীর সঙ্গম ; একত্র প্রবহণ ; The junction of two or more streams of water :—জনতা ; মিলন ; সমবায় ; A crowd ; a concourse ; an assemblage. *Syn* :—Conflux, convergence, concurrence ; a concourse, assemblage, a multitude ; meeting.

Confluent, końfloo-ent, *a* [L. *con*, together, and *fluo*, to flow] একত্র প্রবহমাণ ; Flowing together .—মিলিত ; একত্রিভূত ; Running together , united.

Conflux, końfluks, *n.* নদীসঙ্গম ; A flowing together of currents ; confluence :—জনতা ; A crowd ; assemblage .—সমষ্টি ; A collection.

Conform, kon-form, *v. t.* [L. *con*, with, and *formo—forma*, form] অনুরূপ-কৃ , To make like, in external appearance :—সমভাবাপন্ন-কৃ ; To reduce to a likeness in manners, opinions, or moral qualities :—উপযোগী-কৃ , To adjust :—*v. i.* সম্মত-হ ; To comply with , to yield or obey — To comply with the usages of the Established Church. *Syn* :—Make like, adapt, assimilate , agree, harmonize, accord.

Conform to—অনুসারে চলা ; Act in accordance with :—উপযোগী করিয়া লওয়া , Adapt something to

Comformable, kon-forḿa-bl, *a.* অনুরূপ , Similar ; like ;—অনুরূপ ; Agreeable ; suitable ; consistent :—আজ্ঞাবহ , নম্র ; Submissive ; compliant ; disposed to obey. *Syn* ·—Resembling, similar ; compliant with ; submissive to ; agreeable to ; suitable to ; consistent with. *ad*= conformably.

Conformation, kon-for-máshun, *n.* গঠন , আকার , Shape or structure.

Conformer, kon-formér, **Conformist,** kon-forḿ-ist, *n.* যে ব্যক্তি নিরূপিত ধর্মোপদেশ স্বীকার করে ; One who conforms, especially with the worship of the Established Church—opposed to a dissenter or nonconformist.

Corrupt, kor-upt', *v t.* [L. *cor*, intensive, and *rumpo*, *ruptus*, to break] বিকৃত-কৃ ; পচাইয়া ফেলা ; To change from a sound to a putrid state ; to taint :—দূষিত-কৃ ; To vitiate ; to deprave :—নষ্ট-কৃ ; To waste or consume :—উৎকোচ প্রদান-কৃ ; To bribe :—বিকৃত-কৃ ; To debase :—ভ্রমপূর্ণ-কৃ ; To falsify ; to infect with errors :—*v. i.* পচিয়া যাওয়া ; To rot :—কলুষিত-হ ; দূষিত-হ ; To become vitiated ; to lose purity :—*a.* বিকৃত ; পচা ; Putrid ; unsound :—দূষিত ; কলুষিত ; Vitiated ; depraved , debased ; perverted :—অবিশুদ্ধ ; ভ্রমপূর্ণ ; Not genuine ; full of errors. *Syn* :—(*v.*) Putrify, debase, defile, pollute, taint, infect, vitiate ; pervert, deprave, demoralize, bribe. *ad*=corruptly. *n*=corruptness, corrupter.

Corruptible, kor-upt'i-bl, *a.* নশ্বর ; Subject to decay and destruction :—দূষিত বা বিকৃত হইবার যোগ্য ; That may be vitiated in qualities or principles ; liable to be corrupted :—*n.* মানবদেহ ; In Scripture, the human body :—*n*=Corruptibility, corruptibleness. *ad*=corruptibly.

Corruption, kor-up'shun, *n.* বিকৃতি ; বিকৃতাবস্থা ;

Taint, rottenness —পূঁজ; Putrid matter —অসাধুতা, পাপ, উৎকোচ, Depravity; impurity; bribery —কলুষতা, A debased or impure state *Syn* —Impurity, bribing, bribery, depravity, immorality vitiation, infection, pollution, depravation debasement, perversion

Corruptive, kor-up'tiv, *a* দূষিতকরণ, বিকৃতিকরণ, Tending to corrupt or vitiate.

Corsair, kor'sār, *n* [Fr *corsaire*—L *cursus*, a running—*curro*, to run] জলদস্যু, বোম্বেটে, A pirate —দস্যুপোত, A piratical vessel —ভ্রমণকারী, A rover

Corse, kors, *n* শব, A poetic form of corpse

Corselet, Corslet, korslet, *n* [L *corpus*, the body] বক্ষস্ত্রাণ, ক্ষুদ্র কবচ, বর্ম, Armour for the breast —*v t* বর্মধারণ-কৃ, To encircle with a *corselet*

Corset, kor'set, *n.* [Fr *cors*—L *corpus*, the body] কুর্তিকা, স্ত্রীলোকের অঙ্গাবরণ বিশেষ, Stays, Bodice

Cortege, kor'tāzh, *n* পরিচারকবর্গ, অনুচরবর্গ, A train of attendants a procession.

Cortes, kor tes, *n* [*cortex corticis*, bark] স্পেন ও পর্টুগালের মহাসভা, The Spanish or Portuguese Parliament

Cortex, kor'teks, *n* বৃক্ষত্বক, বকল The bark of a tree —আচ্ছাদন আবরণ A covering

Cortical, kor'tik-al, *a* বকলসম্বন্ধীয়, বহিঃস্থ, Pertaining to bark, external

Corticate, kor'ti-kāt **Corticated,** kor'ti-kāt-ed, *a.* বকলসদৃশ, বকলবিশিষ্ট, Resembling a bark having the bark

Corundum, *n* ধাতুবিশেষ, A mineral

Coruscant, ko-rus'kant, *a* দীপ্তিমান Flashing

Coruscate, ko-rus'kāt, or kor'—, *v i* [L *corusco*, *coruscatus* to vibrate, glitter] স্ফুরিত-হ, ঝকমক-কৃ, চকমক কৃ To flash or sparkle —আন্দোলিত-হ, To vibrate *Syn* —Glisten, gleam, sparkle, radiate, flame, flash, glitter, scintillate.

Coruscation, ko-rus kā'shun, *n* স্ফুরণ, ছটা আভা, A sudden flash of light. *Syn* —Glitter blaze gleam, sparkle, radiation

Corvette, kor-vet, *n* [L *corbita*, a slow-sailing ship, from *corbis* a basket] রণপোত বিশেষ রণতরি, A war-ship, carrying not more than 20 guns.

Corvine, kor'vin, *a* [L *corvinus*, *corvus*, a crow] কাকসম্বন্ধীয়, Pertaining to the crow or raven

Corypheus, kor-i-fē'us, *n* [L—Gr *koryphaios*—*koryphe*, the head] রঙ্গভূমি গায়কসম্প্রদায়ের অধিনায়ক, The leader of a Greek dramatic chorus *Syn* —Conductor, director, leading spirit, chief

Cosmetic, koz-met'ik, *n* [Gr. *kosmētikos*—*kosmeo*, to adorn—*kosmos*, order, ornament] লাবণ্যবর্দ্ধক দ্রব্য, সৌন্দর্য্যবর্দ্ধক প্রলেপ, Preparation used for beautifying the complexion:—*a.* শোভাবর্দ্ধক, সৌন্দর্য্যবর্দ্ধক, Beautifying, promoting beauty *ad*=cosmetically

Cosmic, koz'mik, **Cosmical,** koz'mik-al, *a.* বিশ্বসম্বন্ধীয়, জাগতিক, Relating to the world or visible nature —সূর্য্যানুগত, সূর্য্যসহ উদয়শীল ও অস্তগামী, (In Astronomy) rising or setting with the sun

Cosmogonist, koz-mog'o-nist, *n* বিশ্বতত্ত্ববিৎ; বিশ্বের উৎপত্তিতত্ত্ব সমালোচক, One skilled in cosmogony, one who speculates on the origin of the universe

Cosmogony, koz-mog'o-ni, *n* বিশ্বোৎপত্তি ও সৃষ্টি বিজ্ঞান, বিশ্বের উৎপত্তিতত্ত্ব, The science of the origin and creation of the universe

Cosmographic, koz-mo-graf'ik, **Cosmographical,** koz-mo-graf'ik-al, *a.* বিশ্বতত্ত্বসম্বন্ধীয়; Relating to cosmography

Cosmography, koz-mog'ra-fi, *n* [Gr *kosmos*, and *graphō*, to write] বিশ্বনির্ম্মাণ-কৌশলতত্ত্ব, বিশ্বতত্ত্ব, The science of the constitution of the universe. *n*=cosmographer (one skilled in cosmography)

Cosmologist, koz-mol'o-jist, *n* সৃষ্টি-বিজ্ঞানবিৎ, বিশ্বতত্ত্ববিৎ পণ্ডিত, One skilled in cosmology

Cosmology, koz mol'o-ji, *n* বিশ্ব বিজ্ঞান, সৃষ্টি-বিজ্ঞান, বিশ্বতত্ত্ব, The science of the world. *a*=cosmological

Cosmopolitan, koz mo-pol'i-tan, **Cosmopolite,** koz-mop'o-lit, *n* বিশ্ববাসী, জগদ্বাসী, জগন্নিবাসী, A citizen of the world. *n*=cosmopolitanism

Cosmorama, koz-mo-rä'ma, *n* [Gr *kosmos*, and *horama*, a spectacle—*horaō* to see] কৃত্রিম দর্শন, A picturesque exhibition of the world *a*=cosmoramic

Cosmos, koz'mos, *n* পৃথিবী, The world

Cossack, kos'ak, *n* রুশিয়া দেশের পূর্ব্ব ও দক্ষিণ প্রদেশবাসী যুদ্ধপ্রিয় লোকদিগের মধ্যে একজন, One of a warlike tribe in the east and south of Russia

Cost, kost, *n.* [L *constare* to stand at—*con*, and *stare* to stand] মূল্য Price value —ব্যয়, খরচ, Expense, charge —ক্লেশ Pain, suffering —ক্ষতি, Loss —*pl.* মোকদ্দমার ব্যয়, Expenses of a lawsuit —*v t.* খরচা লাগে ব্যয় করান, To be bought for —আবশ্যক করে To require to be laid out or employed —সহ্য করায়, To require to be borne or suffered *Syn* —(*n*) Price charge, expense, figure, loss, detriment, damage.

At any cost, At all costs—যত কেন ক্ষতি হউক না, যতই কেন কষ্ট বা ক্ষতি হউক না, সমস্ত স্বীকার করিয়া, At any expense, at any sacrifice

At cost price—কেনা দামে, At the price paid by the seller [expense.

At one's cost—(কাহারও) ব্যয়ে, At one's

At the cost of—ক্ষতি বা হানি করিয়া, To the injury or detriment of [any price.

Cost what it may—যতই খরচ হউক না কেন, At

To cost one dear to—ক্ষতিসাধন-কৃ, To entail a heavy loss or injury on one.

To one's cost—কাহারও পক্ষে ক্ষতি বা হানি; বিশেষ ক্ষতিগ্রস্ত-কৃ, To one's loss or injury

Costal, kos'tal, *a* [L *costa*, a rib] পঞ্জরস্থ, Relating to the side of the body.

Costard, *n.* বড় আতা ; A large apple.

Costate, kostat, **Costated,** kostat-ed, *a.* পঞ্জর-বিশিষ্ট ; Ribbed ; having ribs or the appearance of ribs.

Costermonger, koster-mung-ger, **Costard-monger,** *n.* ফলবিক্রেতা ; An itinerant seller of fruit :—*a.* নীচ এবং অর্থলিপ্সু ; Mean and mercenary.

Costive, kostiv, *a.* কোষ্ঠবদ্ধ ; Confined in the bowels ; constipated. *n*=costiveness. *ad*=costively.

Costiveness, kostiv-nes, *n.* কোষ্ঠবদ্ধতা ; Slowness in the action of the bowels ; constipation.

Costly, kostli, *a.* ব্যয়সাধ্য ; মূল্যবান্ ; Expensive, valuable ; high-priced. *n*=costliness. *Syn* :—Dear, expensive, high-priced, sumptuous ; precious, valuable.

Costume, kos-tūm, *n* [F. from L. *consuetudo*, custom] পরিচ্ছদ-প্রণালী ; পরিধান-প্রণালী ; Style of dress :—পরিচ্ছদ ; Dress. *Syn* :—Robes, attire, apparel, uniform.

Cot, kot, *n.* [A. S. *cote*, a *cot* or den] কুঁড়ে ঘর ; কুটীর ; A cottage :—দোলনা ; A swinging bed or cradle :—জাহাজের উপর নাবিকের শয্যা ; A sleeping place in a ship :—গো-মেষাদির খোঁয়াড় ; An enclosure for sheep or cattle. *Syn* :—Hut, cottage ; shed ; bed-stead.

Cote, kōt, *n* গো-মহিষ শালা ; গো-মেষাদির খোঁয়াড় ; A pen ; an enclosure for sheep &c.

Cotemporaneous, kō-tem-po-rāne-us, **Cotemporary,** kō-tempo-rar-i, *a.* Same as contemporaneous, contemporary.

Coterie, kō'te-rē, *n.* [Low L. *cota*, a hut] বন্ধুদিগের দল, অন্তরঙ্গলোকের দল ; A friendly party ; a select party.

Cotillon, Cotillion, ko-tilyun, *n.* নৃত্যবিশেষ, A brisk dance by eight person.

Cotquean, kotkwēn, *n.* যে পুরুষ স্ত্রীলোকের কর্মে নিযুক্ত থাকে ; A man who busies himself with women's affairs.

Cott, *n.* দোলনা ; A little bed ; cradle.

Cottage, kotāj, *n.* কুটীর ; A small neat dwelling. *Syn* :—Cot, hut, cabin, lodge.

Cottager, kotāj-er, *n.* কুটীরবাসী ; One who lives in a hut.

Cottar, Cotter, koter, *n.* Same as cottager.

Cotton, kotn, *n.* তুলা ; কার্পাস ; Soft substance got from the pods of the cotton plant :—সূত্র বস্ত্র, কার্পাস বস্ত্র ; Cloth made of it ; calico :—*a.* কার্পাস-সম্বন্ধীয় ; Made of or pertaining to cotton.

Cotyledon, *n.* বীজাধার পত্র ; The seed-lobe. *a*=Cotyledonous.

Couch, kowch, *v. t.* [L. *collocare*, to place,—*col*, and *locus* a place] শয্যায় শায়িত-কৃ ; To lay down on a bed or other resting place :—বিস্তার-কৃ ; To spread :—প্রকাশ-কৃ ; প্রকাশিত-কৃ ; To express :—ভাষাতে সজ্জিত-কৃ ; To arrange in language :—চক্ষের ছানি তোলা ; To depress or remove a cataract in the eye :—*v. i.* বিশ্রাম-কৃ ; শয়ন-কৃ ; To lie down ; to repose :—লুকায়িত থাকা ; লুকাইয়া থাকা ; To hide. *Syn* :—Deposit ; conceal, hide, cover up ; set forth, express ; point, direct ; lie down, recline ; stoop, bend down ; squat :—পালঙ্ক ; শয্যা ; Any place for rest or sleep ; a bed.

To couch a cataract—ছানি তোলা ; To depress it by means of a needle to remove it.

To couch a spear *or* **lance**—বর্মের পার্শ্বে বর্শা স্থিরভাবে রাখা ; To fix a spear in its rest at the side of the armour in the po ture of attack.

Couchant, kowchant, *a.* মস্তক উন্নত করিয়া শয়ান ; Lying down with the head raised.

Cougar, koo'gar, *n.* মার্কিনদেশের চিতাবাঘ ; The American panther.

Cough, kof, *n.* কাশি ; কাশ, Convulsive noisy effort of the lungs to throw off offending matter :—*v. t.* ফুস্‌ফুস্ হইতে বেগে বাহির-কৃ ; To expel from the lungs by a violent effort with noise :—*v i.* কাশা ; To make a violent effort to expel the air from the lungs.

Could, kood, Past tense of *can*.

Coulter, kolter, *n.* লাঙ্গলের ফাল ; The sharp iron of the plough which cuts the earth.

Council, kownsil, *n.* [L. *con*, together, and root *cal*, to call] সভা ; মন্ত্রণা-সভা ; An assembly met for consultation or convened to give advice. *Syn* :—Meeting, congress, diet, convention, convocation, conclave, cabinet, ministry, body of advisers.

Council of war—সৈনিক সভা ; An assembly of officers called to consult with the commander-in-chief in regard to measures of importance or necessity.

Privy council, *n.* রাজমন্ত্রিবর্গ ; A select number of persons for advising a sovereign in the administration of public affairs.

Councillor, kownsil-or, *n.* মন্ত্রণা-সভার সভ্য, A member of a council.

Counsel, kownsel, *n.* [L *consulere*, to cousult] পরামর্শ ; উপদেশ ; Consultation, advice :—ব্যবহারাজীব, ব্যারিষ্টার, A barrister or advocate :—পরিণাম দর্শন ; Prudence, deliberate judgment :—গুপ্ত মন্ত্রণা ; Secret opinions or purposes :—অভিপ্রায় ; Purpose :—*v t.* পরামর্শ-দে ; To advise :—সতর্ক-কৃ ; To warn. *Syn* :—(*n*) Consideration, consultation ; deliberation, admonition, information ; counsellor, lawyer, barrister, advocate, solicitor, attorney.

Keep one's counsel—মনের কথা ব্যক্ত না করা ; Keep one's purpose or opinion to oneself.

Take counsel with one—(কাহারও) পরামর্শ লওয়া ; Consult with one.

To take a man into one's counsels—(বিশ্বাস করিয়া) কাহাকেও নিজের গুপ্ত কথা বলা ; To admit a man into one's secret opinions, design or purpose.

Counsellor, kownsel-or, *n.* পরামর্শ-দাতা ; One who advises another :—ব্যবহারাজীব ; উকীল ; A barrister ; an advocate. *n*=counsellorship.

Count, kownt, *v. t.* [L. *computare*, to reckon] গণনা-কৃ ; To number ; enumerate :—আরোপ-কৃ ; To ascribe or impute :—বিবেচনা-কৃ ; To think, judge, or consider ; to esteem :—সমষ্টি-কৃ ; Sum up. *Syn* :—Enumerate, number ; calculate,

compute, esteem, consider, reckon, estimate, rate ; impute, ascribe :—*v. i.* গণিত-হ ; To number or be counted :—সংখ্যা বৃদ্ধি-কৃ ; To swell the number :—ক্ষমতা বৃদ্ধি-কৃ ; To add strength or influence :—নির্ভর-কৃ ; To depend.

Count, kownt, *n.* গণনা ; গণন ; Reckoning ; act of numbering :—সংখ্যা ; সমষ্টি ; Number ; total amount :—(Law) অভিযোগ ; A particular charge in an indictment :—সম্মানসূচক উপাধিবিশেষ ; A foreign title of nobility answering to English *earl.* *fem*=countess. *a*=countless.

To be counted on one's fingers—অল্প-হ ; To be few ; to be scarcely any.

To count upon—নির্ভর-কৃ ; আরোপিত-কৃ ; To rely upon ; to ascribe to :—আশা-কৃ ; To except.

Count for nothing—কোন কার্য্যের না হওয়া।

Countenance, kowńten-ans, *n.* [F. *contenance*, from L. *continere*, to hold together] আকৃতি ; অবয়ব ; Look ; aspect ; mien :—বদন ; মুখমণ্ডল ; মুখ ; The face ; the features :—অনুগ্রহ ; দয়া ; Favour ; good will ; kindness :—আনুকূল্য ; সাহায্য ; উৎসাহ ; Support ; aid ; patronage ; encouragement :—*v t* অনুগ্রহ-কৃ ; উৎসাহ-দে ; সাহায্য-কৃ ; To favour ; to encourage ; to support ; to aid. *Syn* —(*n*) Aspect, look, mien, vasage, features ; favour, encouragement, support, approval, sanction, patronage :—(*v. t.*) Sanction, favour, approve, encourage, foster, aid, abet.

In countenance—In an assured condition or aspect from shame or dismay.

Keep one's countenance—অন্তরের ভাব মুখের ভাবে প্রকাশ না-কৃ ; হাসি কিংবা কান্না ইত্যাদি চাপিয়া রাখা ; আকার সম্বরণ-কৃ ; Preserve a composed look, refrain from expressing joy, anger, or other passion by an unchanged countenance.

Lend *or* **give countenance to**—অনুকূল ভাব দেখান ; Favour :—উৎসাহ দেওয়া ; Encourage.

One's countenance falls—মুখ ঝুলে পড়া ; মুখ ভার হওয়া ; One appears dejected.

Out of countenance—লজ্জিত ; হতবুদ্ধি ; Confounded ; abashed ; dismayed.

To be out of countenance—ভগ্নোৎসাহ হওয়া ; লজ্জিত বা কিংকর্ত্তব্যবিমূঢ় হওয়া ; To be cast down or dejected ; to be abashed or confounded.

To keep in countenance—সাহায্য-কৃ ; ভয় পাইতে না দেওয়া ; To support ; to keep (one) in an assured or confident look ; to aid by favour ; to keep from dejection or dismay.

To keep the countenance—শান্তভাব ধারণ-কৃ ; To preserve a calm, composed, or natural look, unruffled by feeling.

To put out of countenance—হতবুদ্ধি-কৃ, লজ্জিত-কৃ · To annoy and vex ; to disconcert ; to abash.

To stare one out of the countenance—কাহার দিকে একদৃষ্টে চাহিয়া হতবুদ্ধি-কৃ ; Confound one by staring him in the face ; put a man out of countenance by staring him in the face.

Counter, kowńtėr, *n.* গণক ; He who or that which counts :—গণনার্থ ব্যবহৃত ধাতুখণ্ডাদি ; A piece of metal &c. used in reckoning.

Counter, kowńter, *adv.* [L. *contra*, against] প্রতিকূলে ; বিরুদ্ধে ; Against, in opposition :—*a.* প্রতিকূল ; বিপরীত ; Countrary ; opposite. *Syn* :—(*ad*) Against, opposed, contrary, opposite, adverse, contravene.

Run counter—বিরুদ্ধ-হ ; বিপরীতভাবে চলা ; Be opposite to ; clash ; militate against ; to go against.

Run counter to—প্রতিকূলে যাওয়া ; বিপরীতভাবে চলা ; Follow a course opposed to ; go against ; clash with.

Counteract, kown-tėr-act, *v. t.* প্রতিপক্ষতা-কৃ ; বিফল-কৃ ; বাধা-দে ; বিরুদ্ধকার্য্য-কৃ ; নিবারণ-কৃ ; To act in opposition ; to hinder ; to defeat ; to frustrate ; to prevent. *Syn* :—Oppose, cross, thwart ; frustrate, defeat ; neutralize, counterval. *n*=counteraction.

Counteraction, *n.* বাধা ; বিপরীত ক্রিয়া ; Hinderance ; action in opposition.

Counteractive, kown-tėr-akťiv, *a.* বিপরীতকার্য্যকারী ; Tending to counteract :—*n.* বিরুদ্ধাচারী ব্যক্তি বা দ্রব্য ; One who or that which counteracts. *ad*=counteractively.

Counterbalance, kowńtėr-bal-ans, *v. t.* তুল্য ভার-কৃ ; সমান ভার-কৃ ; To weigh against with an equal weight ; to equiponderate ; to counteract. *Syn* :—Counterpoise, balance ; countervail, compensate, set of, made up for :—*n* তুল্যভার ; সমভার, Equal opposing weight ; equivalent. [charge.

Connter-charge, *n.* প্রত্যভিযোগ ; An opposite

Counterfeit, kowńtėr-fit, *v. t.* [L. *contra*, against, *facere*, to do, to make] জাল-কৃ, নকল-কৃ ; অনুকরণ-কৃ ; To forge ; to imitate with a view to deceive ; to copy without authority :—*v. t.* ভাণ-কৃ, প্রবঞ্চনা-কৃ ; To feign , to dissemble ; to pretend. *Syn* :—Forge ; imitate, impersonate ; feign, pretend, simulate, sham.

Counterfeit, kowńtėr-fit, *n.* প্রবঞ্চক ; প্রতারক ; A cheat ; an impostor :—প্রতিরূপ ; অনুরূপ ; A likeness ; a counterpart :—জাল ; That which is made in imitation of something else :—*a.* কৃত্রিম ; Fabricated without right :—কপট ; মিথ্যা ; False ; spurious ; hypocritical :—মিথ্যা ; অপ্রকৃত ; Not genuine. *Syn* :—Forged, supposititious, spurious, fraudulent, simulated, sham, mock, false.

Counterfoil, kowńtėr-foil, *n.* The corresponding part of a tally or check.

Counter-irritation, kowńter-i-ri-táshun, *n.* (ঔষধার্থে) বিরোধিতা ; আদিম রোগ নিবারণার্থ কৃত্রিম রোগোৎপাদন ; Antagonism ; the production of an artificial or secondary disease, in order to relieve another or primary one.

Countermand, kown-tėr-mand, *v. t.* [L. *contra*, against, and *mando*, to order] পূর্ব্ব আদেশের বিপরীত আদেশ প্রদান-কৃ ; আদেশ রহিত-কৃ ; বাধা দেওয়া , To revoke, as a former command ; to oppose, to contradict the orders of another :—*n.* পূর্ব্বাদেশ খণ্ডন ; পূর্ব্ব আদেশ রহিতকরণ ; A contrary order ; a revocation of a former order. *a*=countermandable.

Countermarch, kown-tėr-mărch, *v. i.* প্রত্যাগমন-কৃ , প্রতিগমন-কৃ , To march back, or in

reversed order :—*n.* প্রত্যাগমন ; প্রতিগমন ; A marching backward :—সৈন্য সমাবেশ-বিপর্য্যয় বিশেষ ; An evolution by which a body of men change front, and still retain the same men in the front rank.

Counter-mine, kowńtėr-mīn, *v. t.* শত্রুখাতের প্রতিকূলে খাত নির্ম্মাণ করিয়া পরাজিত-কৃ ; To mine in opposition, or to search for an enemy's mine : —গোপনে ব্যর্থ-কৃ ; To frustrate by secret means :—*n.* শত্রুনির্ম্মিত খাতের প্রতিকূলে খনিত খাত : —A mine formed in opposition to that of an enemy :—প্রতিকূল কৌশল ; A stratagem or counterplot.

Counterpane, kowńtėr-pān, *n.* লেপ ; শয্যার [আবরণ ; A quilt or coverlet.

Counterpart, kowńtėr-pärt, *n.* প্রতিলিপি ; A part corresponding to another part ; a copy. *Syn* :—Duplicate, copy ; correlative, complement, suppliment ; match, twin, tally, mate, fellow.

Counterpoise, kowńtėr-poiz, *n.* প্রতিভার ; প্রতিবল ; সমভার ; An equal weight ; equiponderance :—সমবল ; Equal force or power sufficient to balance another force or power :—*v. t.* তুল্য-হ ; সমগুরুতা বিশিষ্ট-হ ; To weigh against ; to counterbalance.

Counterscarp, kowńtėr-skärp, *n.* পরিখা পার্শ্ব ; দুর্গ পরিখার বহিঃস্থ অংশ ; The exterior slope of the ditch.

Countersign, kowńtėr-sīn, *v. t.* একজনের স্বাক্ষর সত্বেও অতিরিক্ত স্বাক্ষর-কৃ ; একজনের স্বাক্ষরের পর অন্য জনের স্বাক্ষর-কৃ ; To sign a document in addition to another to attest its authenticity :—*n.* সৈনিকদিগের সংজ্ঞা বিশেষ ; সাঙ্কেতিক শব্দ ; A watchward :—প্রতি স্বাক্ষর ; A counter signature.

Counter-signature, kowńtėr-sig'na-tūr, *n.* লিখনের সত্য সপ্রমাণ করণার্থ অতিরিক্ত স্বাক্ষর ; A name countersigned to a writing.

Countor-toner, *n.* মধ্যম স্বর ; A middle part between tenor and treble.

Countervail, kown-tėr-vāl, *v. t.* তুল্য-হ ; তুল্যমূল্য-হ ; To equal ; to balance ; to be of equal value to. *Syn* :—Balance, compensate ; make up for, counteract ; obviate :—*n.* ক্ষতিপূরণ ; Equal weight, strength, or value ; compensation.

Countess, *n.* The wife of a *count* or earl.

Country, kuńtri, *n.* [Low L. *contrata, contrada*, an extension of L. *contra*, over against] জমি ; A region :—স্বদেশ ; জন্মভূমি ; Native land :—পল্লীগ্রাম ; দেশ ; Rural region, as distinct from town :—*a.* গ্রাম্য ; পল্লীসম্বন্ধীয় ; Belonging to the country ; rural, rustic :—অসভ্য ; Rude.

Country-man, kuńtri-man, *n.* কৃষক ; A rustic :—স্বদেশবাসী ; One born in the same land. *Syn* :—Rustic, husbandman, peasant, swain, hind, boar, clown ; fellow-subject, fellow-citizen, compatriot.

Country-dance—See *contradance*.

County, kowńti, *n.* প্রদেশ ; A shire.

County palatine—বিশেষ অধিকার যুক্ত প্রদেশ ; In England, one having particular privileges.

Couple, kupl, *n.* [L. *copu'la*] যুগ্ম ; A pair :—যুগল ; দম্পতী ; A married pair :—*v. t.* সংযুক্ত-কৃ ; সংযোজিত-কৃ ; To join :—বিবাহ-দে ; To marry. *Syn* :—(*n.*) Pair, brace ; chain, link. (*v.*) Unite, conjoin, buckle, clasp ; marry, wed.

Couplet, kup'let, *n.* দ্বিচরণের শ্লোক ; দ্বিপ্রাক্ষর ; দ্বিপঙ্ক্তি-চরণ ; Two lines of verse that rhyme with each other.

Coupling, kup'ling, *n.* সংযোগ ; সংযোজক পদার্থ ; That which connects :—সংযোজক ; Connection.

Coupon, kōōpong, *n.* [Fr. *couper*, to cut off] কুসীদপত্র ; টাকার খতচিঠি প্রভৃতির অংশবিশেষ ; An interest certificate attached to a transferable bond, to be cut off for payment when interest is due.

Courage, kur'āj, *n.* (Fr. *courage*, from L. *cor*, the heart] সাহস ; বীরত্ব ; সাহসিকতা ; Bravery ; valour ; daring ; fearlessness. *Syn* :—Heroism, intrepidity, valour, boldness, daring, firmness, hardihood, resolution, bravery, fortitude.

Have the courage of one's opinions or convictions—নিজের মত ব্যক্ত করিতে সঙ্কুচিত না হওয়া ; Be fearless in the expression of one's belief :—যাহা সত্য বলিয়া বিশ্বাস তাহা করিতে সাহসী হওয়া ; *Have the boldness to execute what one* believes to be right.

Courageous, kur-āјus, *a.* নির্ভীক ; সাহসী ; নির্ভয় ; Brave ; fearless ; daring. *n*=courageousness *ad*=courageously. *Syn* :—Gallant, brave, valiant, valorous, heroic, intrepid, fearless, hardy, daring, dauntless, bold.

Courant, Couranto, *n.* দ্রুত নৃত্যবিশেষ ; A lively dance :—পত্রিকা ; A newspaper :—সঙ্গীত ; A piece of music in triple time.

Courier, kōō'ri-ėr, *n.* [Fr. from *courir*—L. *currere*, to run] রাজদূত ; রাজভৃত্য ; A state servant or messenger :—সংবাদপত্র ; The name of a newspaper :—ভ্রমণসহচর ; A travelling attendant.

Course, kōrs, *n.* [Fr *cours*—L. *cursus*, from *curro, cursum*, to run] গতি ; ধাবন ; Act of moving from one point to another :—গমনমার্গ ; Path traversed ; track ; way :—ক্রমোন্নতি ; The progress of anything :—সুশৃঙ্খল কার্য্য ; Orderly progress ; methodical action :—কার্য্যপরম্পরা ; কার্য্যপ্রণালী ; A succession of acts connectedly followed :—আচরণ ; Line of conduct ; conduct :—স্বাভাবিক গতি ; Natural bent :—ব্যবহার ; Deportment ; behaviour :—ক্রম ; Regularity ; order ; regular succession :—*pl.* স্ত্রীলোকের ঋতু ; Menstrual flow. *Syn* :—Process, advance ; way, road, track, route, passage, race ; series, succession, manner, method, plan, mode ; direction.

Course, kōrs, *v. t.* অনুসরণ-কৃ ; পশ্চাদ্ধাবন-কৃ ; ধাবমান-হ ; To hunt ; to pursue ; to chase :—দৌড়িয়া পার-হ ; To run through or over :—*v. i.* বেগে ধাবমান-হ ; ধাবিত-হ ; To move with speed.

A matter of course—যাহা হইতেই হইবে ; A matter that must come about in regular and natural order.

In course—যথাক্রমে , In regular succession.

In the course of—কালক্রমে ; (কোন সময়ের) মধ্যে , At some time during .—কোন কিছু করিতে করিতে বা হইতে হইতে , While doing anything

Of course—অবশ্যই , তাহার কোন ভুল নাই , By consequence , naturally, certainly.

Courser, kōrsėr, *n.* তেজস্বী ঘোটক , দ্রুতগামী অশ্ব , যুদ্ধঘোটক , A swift horse , a war-horse — শিকারী , One who courses or hunts.

Coursing, kōrsing, *n.* শিকারী কুকুর লইয়া মৃগয়াকরণ , Hunting with grayhounds

Court, kōrt, *n.* [Fr. *cour,* O Fr *cort*—Low L *cortis,* a courtyard—L. *cors, cohors,* an inclosure, L. *hortus,* a garden] প্রাঙ্গণ , গৃহপ্রাঙ্গণ , A court-yard .—বেষ্টিত স্থান , A small paved square or space surrounded by houses — বিচারালয় , The hall of justice —বিচারপতি , বিচারকমণ্ডলী , The judges and officials who preside there —প্রাসাদ , রাজ-অট্টালিকা , The palace of a sovereign —রাজপরিচারকবর্গ , রাজসভাসদ্‌বর্গ , The collective body of persons composing the retinue of a sovereign —শিষ্টতা , ভদ্রতা , Attentive to one in power , politeness , civility —*v t* সন্তুষ্ট করিতে চেষ্টা-কৃ , To endeavour to please —প্রেমপ্রার্থী-হ , প্রণয় প্রার্থনা-কৃ , To woo —প্রার্থী-হ , অন্বেষণ-কৃ , To solicit , to seek *Syn* —(*v*) Woo, make love to, flatter, fawn upon , seek, solicit. [general facts

Court of enquiry—A court to ascertain

Court of justice—ধর্মাধিকরণ ।

Court martial, kōrt-mar'shal, *n* সৈনিক-বিচারালয় , সৈনিকপুরুষ বা নাবিকদিগের অপরাধ বিচারের সভা , A court held by officers of the army or navy for the trial of offences against military or naval laws , A court of justice composed of military or naval officers for the trial of offences, committed in the army or navy. *pl*=courts-martial

Court mourning—কৃত্রিম দুঃখপ্রকাশ , Mock mourning worn for the death of a prince.

Court party—A party attached to the court.

Court-plaster, kōrt-plaster, *n* প্রলেপ বিশেষ , Sticking plaster made of silk, orig applied as patches on the face by ladies at court.

Court-plaster, *n.* পটী , Plaster for wounds

Pay court to—(কোন বড়লোকের অনুগ্রহ লাভের আশায়) আনুগত্য কৃ , Try by flatterry or obsequiousness to gain the favour of one in power

Courteous, kurt'yus, *a* শিষ্ট , সভ্য , সুশীল , বিনীত , Polite , respectful , obliging , affable *n*=courteousness *ad*=courteously. *Syn* — Civil, obliging, complaisant, affable, respectful, attentive, well-bred, ceremonious, gracious

Courtesan, Courtezan, kurte-zan, *n.* উচ্চ শ্রেণীর বেশ্যা , অসতী স্ত্রী A fashionable prostitute , a woman of loose virtue

Courtesy, kurtsi, *n.* ভদ্রতা , Civility —সৌজন্য , শিষ্টতা , সম্মানপ্রদর্শন , An act of civility or respect —অনুগ্রহ , A favour —স্ত্রীলোকদিগের নমস্কার বা প্রণাম , An act of respect or reverence paid by a woman —*v. i* স্ত্রীলোকদিগের নমস্কার-কৃ , প্রণাম-কৃ , To make a courtesy *Syn* —(*n*) Politeness, civility, courteousness, elegance.

By courtesy—অনুগ্রহের উপর , By indulgence, not of right.

Too much courtesy too much craft—অতি ভক্তি চোরের লক্ষণ ।

Courtier, kōrt'yėr, *n* রাজ-সভাসদ , A man who attends or frequents the courts of princes :— অনুগ্রহাকাঙ্ক্ষী , চাটুকার , One who courts or solicits the favour of another , one who flatters to please

Courtly, kōrtli, *a* শিষ্ট , সুসভ্য , সুশিক্ষিত , উন্নত ; High bred , dignified and elegant , refined — নীচ তোষামোদকারী , Sycophantic , obsequious , fawning , flattering *Syn* .—Polished, refined, high bred, lordly, ceremonious. *n*=courtliness.

Courtyard, kōrt'yard, *n* অঙ্গন , A court or inclosure near a house

Courtship, kōrtship, *n* প্রেমাকাঙ্ক্ষী , বিবাহকরণাভিপ্রায়ে প্রেম প্রার্থনা , Act of wooing

Cousin, kuzn, *n* খুড়তুত মামাত জেঠতুত পিসতুত ভাই ভগ্নী প্রভৃতি , The son or daughter of an uncle or aunt

Cousin-German, kuzn-jer'man *n pl* সর্বাপেক্ষা ঘনিষ্ঠ সম্পর্কীয় উল্লিখিত ভাই ভগ্নী A first cousin cousin in the first generation

Cove, kōv, *n* [A S *cofa* a chamber *Ice kofi* a shed] সাগর-শাখা উপসাগর A small inlet creek, or bay —বালক কি বা মনুষ্য , A boy or man —*v t* আচ্ছাদন-কৃ , আশ্রয় দে To overarch , to shelter

Covenant, kuve-nant, *n* [L *con,* together and *venio,* to come] নিয়ম চুক্তি , A contract , a stipulation —নিয়ম-পত্র , A writing containing the terms of agreement or contract — প্রতিজ্ঞা A solemn league —ঈশ্বরকৃত অঙ্গীকার , The promise made by God to man on certain conditions —স্কটলণ্ডীয় সংস্কৃত খ্রীষ্টধর্ম রক্ষণ প্রতিজ্ঞা , (Ecclesiastical History) A solemn agreement made by the Scotish Parliament in 1638 and entered into in 1643 by the English Parliament for the preservation of the reformed religion in the church of Scotland and the extirpation of popery and prelacy —usually called the '*Solemn-League and covenant*" It was renewed in 1674 —*v i* নিয়ম পত্র দ্বারা বদ্ধ-হ চুক্তি-কৃ To enter into a formal agreement to contract —*v t* নিয়ম-পত্র দ্বারা প্রদান কৃ বা অঙ্গীকার-কৃ , To grant or promise by a covenant. *Syn* — (*n*) Contract, compact, bargain, arrangement, stipulation treaty, concordat, convention , bond deed, (*v i*) Agree, contract, bargain, stipulate

Covenanter, kuv-e-nantėr, *n* স্কটলণ্ডীয় নিয়মপত্রে স্বাক্ষরকারী , One who joined in the solemn league and covenant in Scotland in the reign of Charles I and Charles II

Coventry, *n* A town in the country of Warwick, England.

To sent to coventry—সমাজ হইতে বহিষ্কৃত-কৃ , সমাজচ্যুত-কৃ , To exclude from society , to shut out from all social intercourse for conduct regarded as mean or ungentlemanly.

Cover, kuvėr *v. t* [L. *con.* and *aperio,* to

cover] আবৃত-কৃ ; আচ্ছাদিত-কৃ ; To overspread :—সংগোপিত-কৃ ; লুকাইত-কৃ ; To conceal ; to hide :—হতবুদ্ধি-কৃ ; To overwhelm ; as, to cover with shame :—ক্ষমা-কৃ ; To pardon or remit :—আচ্ছাদিত-কৃ ; বস্ত্রাচ্ছাদিত-কৃ ; To wrap ; to clothe :—তা দেওয়া ; To broom or sit on :—সমান-হ ; পর্য্যাপ্ত-হ ; To equal ; *to* be *equivalent* ; *to* be sufficient :—গোপন-কৃ ; To disguise :—আশ্রয়-দে ; To protect ; to defend ; to shelter :—শিরস্ত্রাণ পরিধান-কৃ ; To put on a hat :—অপ্রকাশ রাখা ; To refrain from disclosing :—*n.* আবরণ ; আচ্ছাদন ; That which is set, or spread over another thing :—পর্দ্দা ; ঢাকনি ; A screen ; disguise ; superficial appearance :—আশ্রয় ; রক্ষণ ; Shelter ; defence ; protection :—গোপন ; Concealment and protection :—মৃগের আবাস ; শৃগালাদির পলায়ন স্থান , In hunting woods, underbrush &c. which shelter game :—মেজ-বস্ত্র ; A table-cloth. *Syn* :—(*v.*) Conceal, hide, cloak, veil, shroud, mark, enfold, disguise ; shelter, shield, protect, defend ; enfold, wrap, clothe, invest ; *comprehend, include, comprise* ; compensate, balance. [for.

A cover for—(কোনও কিছুর) ছুতা ; A pretend

Cover is laid for—(একজনের) খাবার প্রস্তুত ; Dinner is prepared for guests.

To break cover—লুকায়িতস্থান হইতে বাহির-হ ; To start from the covert or temporary lair.

Under cover—লুকায়িত ; Under concealment, hidden :—ছলে ; Under the disguise of.

Under cover of—কিছুর দ্বারা আচ্ছাদিত বা রক্ষিত হইয়া , Being concealed by, under the protection of —অছিলায় , Under the disguise of

Covering, kuv́-ėr-ing, *n.* আবরণ ; আচ্ছাদন , Any thing spread or laid over another :—বস্ত্র , Garments —বিছানার চাদর ইত্যাদি ; Bed clothes

Coverlet, kuv́-ėr-let, *n.* শয্যাচ্ছাদন , শয্যাবরণ , A bed-cover

Covert, kuv́ėrt, *a.* গোপনীয় , গুপ্ত ; Secret ; hid ; disguised .—রক্ষিত , Sheltered ; protected ; not open or exposed :—আশ্রয়াধীন ; আশ্রিত ; (Law) under protection :—*n.* আশ্রয়স্থান ; আশ্রয় ; A place which covers and protects ; a shelter .—বন , ঝোপ ; A thicket ; a shade place :—পক্ষীর পুচ্ছের পালক ; Feathers on or under the wings of birds. *Syn* :—Hid, secret, private, disguised, concealed, underhand.

Covertly, kuv́ėrt-li, *ad.* লুকায়িতভাবে ; গুপ্তভাবে ; In a concealed manner ; secretly.

Coverture, kuv́ėr-tur, *n.* আশ্রয় ; রক্ষণ ; Shelter ; the defence :—স্বামীর অধীনাবস্থা , বিবাহিতা রমণীর বিধিবিহিত অবস্থা ; (In law) condition of a married woman under the power and protection of her husband.

Covet, kuv́ėt, *v. t.* [L. *cupidus*, desirous—*cupio*, to desire] আকাঙ্ক্ষা-কৃ ; To desire or wish for eagerly :—অন্যায় লোভ-কৃ ; To wish for what is unlawful. *a.*=covetable (স্পৃহনীয়) । *Syn* :—Long for, desire, hanker after, lust after, yearn for, aspire to.

Covetious, kuv́et-us, *a.* অভিলাষী ; Eager to obtain :—ধনলোভী ; অর্থগৃধ্নু ; (Avaricious. *n*=Covetiousness. *Syn* :—Eager, greedy, avaricious ; griping, penurious, miserly, niggardly, sordid, close-fisted. *ad*=covetously.

Covey, kuv́i, *n.* [L. *cubo*, to lie down] পক্ষীর পাল ; ক্ষুদ্র পক্ষীদল ; A small flock of birds.

Cow, kow, *n.* [A. S. *cu*, sans. *go*, from its cry] গাভী ; The female of the bull. *pl* =cows, kine.

Cow, kow, *v. t.* [Dan. *kue*, to subdue, to keep under] ভীত-কৃ ; বশীভূত রাখা ; ভগ্নোৎসাহ-কৃ ; To depress with fear ; to keep under ; to dispirit ; to dishearten.

Coward, kow'ard, *n.* [L. *conda*, a tail] ভীরু-ব্যক্তি ; কাপুরুষ ; A timid person. *Syn* :—Craven, recreant, poltroon, dastard, skulk, sneak.

Coward, kow'ard, **Cowardly,** kow'ard-li, *a.* ভীরু ; কাপুরুষ ; Timid :—নীচ ; Base, mean. *n*=cowardliness. *ad*=cowardly. *Syn* .—Timid, fearful, timorous, distardly, craven, fainthearted, chicken-hearted ; mean, base.

Cowardice, kow'ard-is, *n.* ভীরুতা ; কাপুরুষতা ; Timidity ; want of courage. [calf.

Cow-calf, kow'kaf, *n.* বকনা বাছুর ; A female

Cow-herd, *n.* রাখাল ; গোপাল ; One who tends cows in the field.

Cow-leech, Cow-doctor, *n.* গো-বৈদ্য ।

Cow-pox, kow'poks, *n* গো-বসন্ত ; Small blisters that appear on the teats of cows, the vaccine matter for inoculation being obtained from the skin of a cow. [of primrose.

Cow-slip, kow'slip, *n.* একজাতীয় পুষ্প ; A species

Cow-tree, kow'trē, *n.* গোপাদপ ; A tree of South America producing a nourishing milk.

Cower, kow'ėr, *v i* [Dan. *kure*, to lie quiet] জড়সড়-হ ; ভীত-হ , To crouch ; to shrink through fear. *Syn* :—Shrink, crouch, stoop, bend, squat.

Cowl, kowl, *n.* [L. *cucullus*, hood] সন্ন্যাসীদিগের মস্তকাবরণ ; সন্ন্যাসীদিগের পরিধেয় শিরস্ক ; A monk's hood or habit :—ধূমনির্গম-মার্গের আচ্ছাদনী ; ধূমনলীর আবরণ ; A cover for a chimney that turns with the wind. *a*=cowled.

Cowled, kewld, *a.* মস্তকাবরণ বিশিষ্ট ; Wearing a cowl.

Cowry, kowri, *n.* কড়ি ; A small shell used as money in the East Indies and in Africa.

Coxcomb, koḱs-kōm, *n.* মস্তকাগ্রভাগ ; The top of the head or the head itself :—ভাঁড় ; শৌখ পোসাকী , মূর্খ ; A fop , a vain showy fellow ; a fool :—পুষ্প বিশেষ ; A kind of red flower :—An ornament on a fool's cap. *Syn* :—Fop, prig, puppy, beau, dandy.

Coxswain—See cock-swain.

Coy, koy, *a.* [L. quietus, quiet] লাজুক, লজ্জাশীল ; বিনীত ; নম্র ; Shy ; bashful ; reserved ; modest. *n*=Coyness. *ad*=coyly. *Syn* :—Modest, bashful, shy, reserved, backward, distant, diffident, demure.

Coyish, koy'ish, *a.* ঈষৎ লজ্জাশীল ; Somewhat coy. *ad*=coyishly *n*=coyishness.

Coyness, *n.* লজ্জাশীলতা , Shyness. *Syn* :—Shrinking, backwardness, modestly, bashfulness, timidity, diffidence.

Cos, kuz, *n.* A contraction of *cousin*.

Cozen, kuźn, *v. t.* তোষামোদ-কৃ ; প্রতারিত-কৃ ; প্রতারণা-কৃ ; To flatter ; to cheat ; to beguile. *Syn* :—Overreach, dupe, gull, chouse, diddle, circumvent, impose on. *n*=cozener.

Cozenage, koźn-āj, *n.* প্রতারণা ; প্রবঞ্চনা ; Fraud ; deceit ; practice of cheating.

Cozener, *n.* প্রতারক ; প্রবঞ্চক ; A cheat.

Cozy, Cosey, kōzi, *a.* সুখকর ; আরামপ্রদ ; স্বাচ্ছন্দ্যকর ; Warm ; snug ; comfortable :—আলাপী ; গল্পপ্রিয় ; Chatty ; talkative. *ad*=cozily.

Crab, krab, *n.* কর্কট ; কাঁকড়া ; A common shell-fish :—কর্কটরাশি ; কর্কটরাশী ; A sign in the zodiac :—বন্য কটু ফল ; বুনো আতা ; A wild apple.

Crabbed, krabed, *a.* কর্কশ ; খিটখিটে ; রূঢ় ; Sour ; rough ; harsh, austere ; peevish : morose :—দুষ্কর ; দুর্বোধ্য ; Perplexing ; difficult. *ad*=crabbedly. *n*=crabbedness. *Syn* :—Testy, cross, morose, fretful, petulant, captious, ill-tempered ; difficult, tough.

Crack, *v. t.* বিদীর্ণ-কৃ ; ভগ্ন-কৃ ; ভগ্ন-কৃ ; To rend ; break or burst ; break into chinks :—আকস্মিক শব্দ উৎপাদিত-কৃ ; হঠাৎ তীব্র শব্দ উৎপাদন-কৃ ; To snap ; to produce a sudden noise :—দুঃখ দ্বারা বিহ্বল-কৃ ; দুঃখাভিভূত-কৃ ; To distress ; to pain ; to torture :—চতুরতা পূর্ব্বক বলা ; To utter smartly and sententiously :—প্রশংসা-কৃ ; সুখ্যাতি-কৃ ; To cry up ; to extol :—বুদ্ধিভ্রষ্ট-কৃ ; To disorder ; to make crazy :—*v. i.* বিদীর্ণ-হ ; To burst ; to split :—উচ্চ বা তীব্র শব্দ-কৃ ; To utter a loud or sharp sound :—*n.* ছিদ্র ; ফাট ; A narrow breach, a chink or fissure :—আকস্মিক তীব্র শব্দ ; A burst of sound ; a sharp or low sound uttered suddenly or with violence :—ক্ষিপ্ততা ; ক্ষিপ্ত ব্যক্তি ; Craziness of intellect ; a crazy person. *Syn* :—(*v.*) Chip, cleave, splinter ; fracture, burst, snap ; (*n.*) Break, crevice ; breach, cleft, chink, fissure, crainy ; snap ; report, clap, pop, burst, explosion.

Crack a bottle—মদ্যপান-কৃ ; Drink a bottle.

The crack of doom—প্রলয় ; The end of the world.

To crack a joke—সহসা তীব্র ব্যঙ্গোক্তি-কৃ ; To break a jest ; to utter or throw out a jest.

Crack-brained, *a.* বুদ্ধিশূন্য ; *Crazy* ; *crazed.*

Cracker, krakér, *n.* বিদীর্ণকারী ; বিদারক ; The person or that which cracks ; as, a nut cracker :—পটকা ; বোম ; A noisy fire-work :—বিস্কুট ; A hard biscuit.

Crackle, krakl, *v. i.* মস মস চড় চড় শব্দ-কৃ ; To make small abrupt snapping noises :—পুনঃ পুনঃ অল্প বিদারণ শব্দ-কৃ ; To give out slight but frequent cracks.

Crackling, krakl-ing, *n.* ভর্জিত শূকর-মাংসের উপরিভাগ ; The rind of roasted pork.

Cracknel, kraknel, *n.* বিস্কুট : A hard brittle cake or biscuit.

Cradle, krādl, *n.* শিশুদিগের দোলনা ; দোলা ; A rocking bed for infants :—শৈশবাবস্থা ; Infancy : জাহাজ ভাসাইবার জন্য অস্থায়ী ফলক ; A frame under a ship for launching it :—*v. t.* দোলায় শায়িত-কৃ ; শান্ত কৃ ; To lay in a cradle ; to rock in a cradle ; to compose or quiet :—লালন-কৃ ; To nurse in infancy.

From the cradle, *n.* বাল্যকাল হইতে ; শৈশবাবস্থা হইতে ; From the state of infancy ; from infancy.

In one's cradle—শৈশবাবস্থায় ; In one's infancy.

Craft, kraft, *n.* কৌশল ; নিপুণতা ; নৈপুণ্য ; দক্ষতা ; Art ; dexterity ; skill :—শঠতা ; ধূর্ত্ততা ; Cunning ; artifice ; fraud :—ব্যবসায় ; শিল্পবিদ্যা ; Manual art ; trade :—ক্ষুদ্র জলযান ; ক্ষুদ্র জাহাজ ; Small sailing ship. *Syn* :—Skill, ability, cleverness, dexterity ; aptitude, expertness ; artifice, cunning, subtlety, shrewdness, guile ; trade, employment, occupation.

Craftsman, kraftśman, *n.* শিল্পী ; কারিকর ; ব্যবসায় বিশেষে প্রবৃত্ত ব্যক্তি ; A mechanic ; an artificer ; one engaged in a trade.

Crafty, krafti, *a.* নিপুণ ; ধূর্ত ; প্রবঞ্চক ; Artful ; cunning deceitful. *ad*=craftily. *n*=craftines. *Syn* :—Artful, wily, sly, deceitful, subtle, shrewd, guileful, tricky.

Crag, krag, *n.* উচ্চনীচ বন্ধুর পর্ব্বত ; A steep rugged rock :—শম্বমিশ্রিত কঙ্কর-স্তর ; A bed of *gravel mixed with shells.*

Cragged, krag'ed, **Craggy,** krag'i, *a.* ভগ্ন প্রস্তরপূর্ণ ; বন্ধুর ; Full of broken rocks ; rough ; rugged. *n*=craggedness, cragginess. *Syn* :—Cragged, rocky ; broken, rough, rugged.

Crake, krāk, *n.* পক্ষী বিশেষ ; A kind of bird.

Cram, kram, *v. t.* [A. S. *crammian* ; Ice. *kramja*, to squeeze] ঠাসিয়া পোরা ; চাপ দেওয়া ; To stuff ; to fill to excess :—পর্য্যাপ্ত খাদ্য দ্বারা পূরিত-কৃ ; পরিতৃপ্তির অতিরিক্ত ভোজন করান ; To fill with food beyond satiety :—বলপূর্ব্বক প্রবেশ করান ; পূর্ণ-কৃ ; To thrust in by force ; to crowd : শিক্ষা প্রদান দ্বারা পরীক্ষোপযোগী-কৃ ; To qualify for public examination by hasty preparation :—*v. i.* অতিরিক্ত ভোজন-কৃ ; To eat greedily or beyond satiety :—পরীক্ষোপযোগী-হ ; To make preparations of examination by hasty review of studies. *Syn* :—Crowd, squeeze, press, compress ; gorge, glut, satiate.

Crambo, krambō, *n.* A cramming or crowding of rhymes together.

Crammer, kramér, *n.* যে ব্যক্তি ছাত্রদিগকে মুখস্থ করাইয়া পরীক্ষা দানার্থে প্রস্তুত করে ; One who prepares students for examination by cramming them with the required knowledge.

Cramp, kramp, *n.* অঙ্গগ্রহ ; 'খাল' ; A painful spasmodic contraction of muscles :—প্রতিবন্ধ ; অবরোধ ; প্রতিরোধ ; Restraint :—কাষ্ঠাদি ধরিবার উপযোগী লৌহখণ্ড বিশেষ ; An iron instrument to hold together timbers, stones, &c :—*v. t.* অঙ্গগ্রহ পীড়া দ্বারা কষ্ট-দে ; খাল-ধ্ ; To affect with spasms :—জোরে আবদ্ধ-কৃ ; To hold tightly. *Syn* :—(*v.*) Confine, restrict, hamper, clog, hinder, impede.

Cramp-fish, kramp'fish, *n.* বাইন মৎস্য বিশেষ ; *The torpedo*, or electric ray, whose touch imparts, a shock of electricity.

Cranberry, kranbér-i, *n.* লালবর্ণ জম্বু বিশেষ ; ফলবিশেষ ; A red berry of acid taste.

Cranch—Same as crunch.

Crane, krān, *n.* [Gr. *geranos*, L. *grus*, a crane] সারস জাতিয় পক্ষী, A wading-bird, having long legs, a long neck, and a long beak —ভারি বস্তু উঠাইবার যন্ত্র, A machine for raising weights —বক্রিয়া নিঃসারক বক্র নল, A bent tube for drawing liquors out of cask —*v. t.* উত্তোলন-কৃ, To raise —*v. i.* কিছু দেখিবার জন্য গ্রীবা প্রসারিত-কৃ, To stretch the neck in order to observe something [taining to the skull

Cranial, krā́ni-al, *a.* মস্তকের খুলি সম্বন্ধীয়, Per-

Craniologist, krā-ni-olo-jist, *n.* শিরস্তত্ত্বজ্ঞ পণ্ডিত, A phrenologist, one skilled in *craniology.*

Craniology, krā-ni-olo-ji, *n.* মাথার খুলি পরীক্ষা করিয়া মনের শক্তি নির্ণয় করিবার বিদ্যা, শিরস্তত্ত্ব, মস্তিষ্ক-তত্ত্ব, Phrenology, the study of skulls *a.*= craniological.

Cranium, krā́ni-um, *n.* মাথার খুলি, নর-কপাল, করোটি খর্পর, The skull of an animal.

Crank, krängk, *n.* বক্রাকৃতি বস্তু বক্রতা, Anything bent or turned —শ্লেষ, শ্লেষোক্তি, পরিহাস, A turn in speech, a pun —বাগবৈদগ্ধি, A whim —বিকৃত মস্তিষ্ক বিশিষ্ট ব্যক্তি, One full of cranks, or deranged

Crank, krangk **Cranky,** kranki *a.* ক্ষিপ্র Brisk, lively —দুর্বল Weak —বিপদগ্রস্ত হইবার সম্ভাবনা বিশিষ্ট Liable to be upset

Crank, krangk **Crankle,** krangkl **Crinkle** kringkl *v. i.* বক্র হ, কুঞ্চিত হ, To bend and turn —*v. t.* বক্র কৃ, কুঞ্চিত-কৃ, To break into bends &c. [A bend

Crankle, krangkl **Crinkle,** kringkl *n.* বক্রতা

Crankness, krangkness *n.* বিপদগ্রস্ত হইবার সম্ভাবনা Liability to be upset

Cranny, krani *n.* ছিদ্র ফাট An open crack, a chink, a cleft, a crevice —নির্জন স্থান, গুপ্ত স্থান, A retired or secret place —*v. i.* ছিদ্র কৃ To make crannies —ছিদ্র দিয়া প্রবেশ কৃ To enter by crannies *Syn* —(*n*) Crevice crack chink hole, nook [বিশেষ, A thin cloth

Crape, krāp, *n.* [L. *crispus*, crisp] বস্ত্র

Crapulence, krap-ū-lens *n.* অমিতাচার দ্বারা উৎপন্ন রোগ বিশেষ, Sickness caused by intemperance

Crapulent, Crapulous, *a.* অমিতাচার দ্বারা পীড়াগ্রস্ত, Sick from intemperance

Crash, krash *n.* ঝন ঝন শব্দ, A noise as of something breaking —*v. i.* ঝন ঝন শব্দ হ To make a noise as of things breaking —*v. t.* খণ্ড খণ্ড-কৃ, চূর্ণ-কৃ, To break to pieces violently *Syn* —(*n*) Clash, clang, jar, collision concussion

Crasis, krāsis, *n.* দুইটী স্বরবর্ণের মিলন The contraction of two vowels into one long vowel, or into a diphthong

Crass, kras, *a.* স্থূল, মোটা, Coarse or gross, thick *Syn* —Dense, close, gross, obtuse, confused, muddled

Crassament, krasa-ment, *n.* রক্তাদি তরল পদার্থের গাঢ় অংশ, The thick part of a fluid, esp blood, the clot [ness, coarseness

Crassitude, krasitūd, *n.* গাঢ়তা স্থূলতা, Gross-

Cratch, krach, *n.* পশ্বাদির খাদ্য রাখিবার আধার, জাবপাত্র, A manger or open frame for hay.

Crate, krāt, *n.* [L. *crates*, a hurdle] ঝুড়ি, A large wicker basket

Crater, krāter, *n.* আগ্নেয় গিরির মুখ, The mouth of a volcano [with the teeth.

Craunch, kranch *v. t.* দন্ত দ্বারা ভাঙ্গা, To crush

Cravat, kra-vat *n.* গলাবন্ধ, গ্রীবাবন্ধনী, A neck-cloth *Syn* —Neckcloth, neckerchief, neck-tie.

Crave, krāv *v. t.* [A. S. *crafian*, to crave] যাচঞা-কৃ, প্রার্থনা-কৃ, ভিক্ষা কৃ, To ask earnestly, to beg, to entreat, to beseech, to long for, *Syn* —Beg, beseech, entreat, solicit supplicate, implore, desire long for hanker after

Craven, krāvn *n.* কাপুরুষ ভীরু ব্যক্তি, A coward, a spiritless fellow —*a.* নিস্তেজ, ভীরু Cowardly, spiritless *Syn* —(*n*) Coward, poltroon dastard, recreant *ad.*=cravenly *n.*= cravenness [strong desire

Craving, krāving *n.* আকাঙ্ক্ষা প্রবল ইচ্ছা, A

Craw, kraw *n.* পক্ষীর পাকস্থলী The stomach of fowls *Syn* —Crop, gallet throat

Craw-fish, Cray-fish, *n.* কাঁকড়া, চিংড়ি মাছ, River lobster

Crawl, krawl *v. i.* [Ger *krabbeln* to creep] বুকে হেঁটে যা To creep to move slowly as a worm, —হামাগুড়ি দিয়া-যা, To move feebly or slowly

Crayon, krāon *n.* [L. *creta*, chalk] পেনসিল, A piece of chalk, or other soft substance used for drawing —খড়ির পেনসিল, Coloured drawing chalk —*v. t.* উক্ত পেনসিল দ্বারা চিত্র অঙ্কিত কৃ খসড়া লিখ বা নকসা কৃ, To sketch with a *crayon* to sketch, to plan

Craze, krāz *v. t.* উন্মত্ত-কৃ, বুদ্ধি বিকৃত-কৃ, To impair the intellect to render insane, —বিদীর্ণ কৃ, খণ্ড খণ্ড কৃ To break, to crack *Syn* —Crush, confuse bewilder, insane, derange *ad.*= crazedly

Crazy, krāzi *a.* দুর্বল Weak feeble —ক্ষিপ্ত, উন্মত্ত, বিকৃত বুদ্ধি Deranged in intellect insane, crack-brained —ভগ্ন Broken. *Syn* —Shattered broken, tottering insane deranged, mad lunatic, cracked *ad.*=crazily *n.*=craziness

Croak, krēk *v. i.* কচ কচ শব্দ কৃ কর্কশ কর্কশ শব্দ-কৃ To make a sharp, harsh, grating noise —*v. t.* To produce a creaking sound with —*n* কচ কচ শব্দ The sound produced

Cream, krēm *n.* দুগ্ধের সর, The oily substance forming a scum on the surface of milk —সারাংশ The best part of any thing —*v. t.* ননি বা সর তুলিয়া লওয়া, To skim, to take off cream —সারাংশ গ্রহণ লওয়া, To take off the best part of anything —*v. i.* সর পড়া, ননি জমা, To gather cream [Coward looking pale.

Cream-faced, krēm-fāst, *a.* ভীত, পাণ্ডুবর্ণ,

Creamy, krēmi *a.* সরময়, সরসদৃশ, Full of or like cream, gathering like cream *n.*=creaminess

Crease, krēs, *n.* ভাঁজের দাগ, A mark made by folding —*v. t.* ভাঁজ করিয়া চিহ্নিত-কৃ, To mark by a fold like a furrow [Malay dagger.

Crease, Creese, krēs, *n.* মালয় দেশীয় ছোরা;

Create, krē-āt, *v. t.* [L. *creo, creatus* ; cog. with Gr. *krainō*, to accomplish, to fulfill ; Sans. *kri*, to make] সৃষ্টি-কৃ ; জন্মান ; To produce ; to cause to exist :—উৎপাদন-কৃ ; To produce ; to cause ; to be the occasion of :—উৎপন্ন-কৃ , To beget ; to generate. *Syn* :—Produce, make, cause, originate ; constitute, appoint.

Creation, krē-ā'shun, *n.* সৃষ্টি ; সৃজন ; The act of creating :—বিশ্ব, জগৎ ; That which is created ; the world ; the universe :—সৃষ্টি ; Formation.

Creative, krē-ā'tiv, *a.* সর্জনক্ষম ; সৃষ্টিকরণে সমর্থ, সৃজনক্ষম ; That has power or tendency to create. *ad*=creatively, *n*=creativeness.

Creator, krē-ātor, *n.* স্রষ্টা ; জগদীশ্বর ; One who creates, a maker, especially the Supreme Being.

The creator—জগদীশ্বর ; The Supreme Being.

Creature, krē'tūr, *n.* সৃষ্ট পদার্থ, That which is created :—প্রাণী , জন্তু , মনুষ্য ; পশু , Every animated being , an animal ; a man ; a brute :—মনুষ্য ; A human being, in contempt or pity :—অধীনস্থ লোক ; A servile dependent or tool. *Syn :—Being,* substance, *body* ; *animal,* beast ; man, person, dependant, minion.

Creature comforts—যে সকল বস্তু দ্বারা দেহের সুখ বৃদ্ধি হয় ; দৈহিক সুখ সবর্দ্ধক ; মহাপ্রাণী চেষ্টা করিবার দ্রব্যাদি ; Those things which minister to the comforts of the body ; things ministering to the comfort of the body, such as good food.

Creature of circumstances—অবস্থার অধীনে (অবস্থায় পড়িয়া লোক ভালমন্দ হয় এই ভাবে) ; One entirely dependant on circumstances.

Credence, krē'-dens, *n.* প্রত্যয় ; Trust :—ক্ষুদ্র টেবিল ; বেদীর পার্শ্বস্থ ক্ষুদ্র টেবিল ; The small table beside the altar.

To find credence in—বিশ্বাসভাজন হওয়া ; To be believed in

Credenda, krē-denda. *n. pl.* বিশ্বাসভাজন বিষয় সমূহ ; Things to believed ; articles of faith.

Credent. krē'dent, *a.* সহজবিশ্বাসী , Easy of belief.

Credential, krē'-denshal, *a.* প্রত্যয়জনক ; Giv*ing a title to belief or credit* —*n.* প্রত্যয় বা শ্রদ্ধাজনক বিষয় ; That which entitles to credit or confidence :—*pl.* যে পত্র দ্বারা কোনও ব্যক্তি বিদেশীয়দিগের নিকট প্রত্যয় বা শ্রদ্ধাভাজন হয় , Exp. the letter by which one claims confidence or authority among strangers.

Credible, kredi-bl, *a.* বিশ্বাসনীয়, প্রত্যয়যোগ্য , That may be believed. *n*=credibility, credibleness, *ad*=credibly.

Credit, kredit, *n* শ্রদ্ধা ; Esteem :—যশ, সম্মান , Reputation, honour :—ধারে বিক্রয় ; Sale on trust :—*v. t.* বিশ্বাস-কৃ ; To trust :—ধারে দেওয়া, ধারে বিক্রয়-কৃ ; To sell or lend to on trust.

Credit one with—কাহারও উপর ফেলা ; Charge one with :—কোন গুণ আছে বলিয়া কাহাকেও স্বীকার-কৃ ; Give one credit for.

Carry to the credit of (credit to)—হিসাব জমার দিকে লেখা ; Enter upon the credit side of an account, set to the credit of.

Give credit to—বিশ্বাস-কৃ ; Believe ; place reliance on.

Give one credit for—(কোন কিছুর জন্য) কাহার প্রশংসাবাদ-কৃ ; কাহাকেও প্রশংসা-কৃ ; To give one praise for.

On or upon credit—ধারে (বিক্রয় করা বুঝায়) ; On trust existing between buyer and seller.

On the credit of—কাহার জামিনে, কোন কিছুর যাতব্বরিতে ; On the security of.

Take credit to one's self—কোনও কার্য্য করা হইয়াছে বলিয়া সম্মান দাবি-কৃ ; Lay claim to the honour (of doing something).

Creditable, kredit-a-bl, *a.* বিশ্বাসভাজন ; যশস্কর ; Trustworthy , bringing credit or honour. *n*= creditableness, *ad*=creditably.

Creditor, kredit-or, *n.* উত্তমর্ণ ; One to whom a debt is due.

Credulity, kre-dū'li-ti, *n.* বিশ্বাসশীলতা, বিশ্বাসপ্রবণতা ; Excessive easiness of belief ; unsuspecting trust.

Credulous, kredū-lus, *a.* সন্দেহশূন্য, সহজে প্রতারিত ; Apt to belief without sufficient evidence ; unsuspecting , easily deceived. *ad*= credulously, *n*=credulousness.

Creed, kred, *n.* [L *credo,* believe, the first word of *the Apostles'* creed] ধর্ম্মমত ; ধর্ম্মবুদ্ধি , A summary of the articles of religious belief , any system of principles *professed* or believed ; a religious symbol.

Creek, krēk, *n.* অপ্রশস্ত প্রণালী , খাড়ি , A small inlet or bay of the sea or river :—নদীর বাঁক · Sudden bend of a river. *Syn* .—Inlet, cove, bight, small bay , rivulet, stream , winding, turn.

Creeky, krēki, *a* বক্রাকার ; Full of creeks, winding.

Creel, krēl, *n.* ঝুড়ি , A wicker basket, especially an angler's basket.

Creep, krēp, *v t.* [*pr p.* creeping, *pa. t* and *pa. p* crept] বুকে হেঁটে যাওয়া ; To crawl :—ধীরে ধীরে যাওয়া ; মন্দ মন্দ গমন-কৃ , *To move* slowly and feebly —ধীরে ধীরে অজ্ঞাতসারে যাওয়া ; অজ্ঞাতসারে চলিয়া যাওয়া . To move stealthily, as time .—অজ্ঞাতসারে প্রবেশ-কৃ ; To steal in :— লতাইয়া যাওয়া , To grow along, as a plant :— *To have the sensation* as of insects creeping on the skin of the body :—রোমাঞ্চ-কৃ ; To fawn. *Syn* :—Crawl , glide smoothly , steal upon ; insinuate, fawn, cringe

Creeper, krēp'ér, *n.* লতা ; লতানিয়া গাছ ; A climbing or trailing plant :—ক্ষুদ্র পক্ষী বিশেষ ; A genus of small climbing birds.

Bower of creeper—লতাগৃহ, লতাকুঞ্জ ।

Creese, Crease, krēs, *n.* মালয়দেশীয় তরবারি ; A Malay dagger.

Cremate, *v. t.* শবদাহন-কৃ ; To burn especially a corpse.

Cremation, krem-āshun, *n.* [L. *cremo,* to burn] শবদাহ ; The burning of the dead.

Cremona, krem-ō'na, *n.* উৎকৃষ্ট বকমের বেহালা ; A superior kind of violin, *made at Cremon,* in Italy.

Crenate, Crenated, *a.* খাঁজ কাটা ; (bot). Having the edge notched.

Creole, krē'ol, *n.* ইউরোপীয় ঔরসজাত আমেরিকার লোক ; A native of Spanish America or West India Islands, descended from European ancestors.

Creosote, krē'a-sōt, **Creasote,** krē'o-sōt, *n.*

এক প্রকার রাসায়নিক তৈল; An oily, colourless liquid.

Crepitate, krep'i-tāt, *v. i.* [L. *crepo*, to crack, rattle] চট্ চট্ শব্দ-হ; To make a small crackling noise. *Syn* :—Crackle, snap, crack.

Crepitation, krep-i-tāshun, *n.* চট্ চট্ শব্দ; A small sharp crackling noise.

Crept, *pt.* and *pa. p.* of creep.

Crepuscular, kre-puskū-lar, **Crepusculous,** kre-puskū-lus, *a.* গোধূলি সম্বন্ধীয়; প্রদোষ সম্বন্ধীয়; Pertaining to twilight.

Crepuscule, kre-puskūl, **Crepuscle,** kre-pusl, *n.* [L. *creper*, dusky, obscure] গোধূলি; প্রদোষ; Twilight.

Crescent, kresent, *a.* [L. *crescens, crescentis*, pr. p of *cresco*, to grow] অর্দ্ধচন্দ্র; The increasing or new moon :—অর্দ্ধচন্দ্র চিহ্নিত মুসলমান পতাকা; The figure of the new moon borne in the Turkish flag :—তুরস্ক পতাকা; মুসলমান ধর্ম্মের চিহ্ন; বক্রাকার অট্টালিকা শ্রেণী; The standard itself, and figuratively the Turkish power, a range of buildings in curved form :—*a.* বর্দ্ধিষ্ণু, Growing; increasing.

Customan, kus-tō'mi-an, *n* সরকারী গৃহের তত্ত্বাবধায়ক, One who has the care or custody of some public building

Cut, kut, *v t*. [W *cutan*, to shorten] কর্তন-কৃ; কাটা, বিদীর্ণ কৃ, বিভক্ত-কৃ, ছিন্ন-কৃ, To make an incision, to sever, to divide, to carve or hew; পার হইয়া-যা, To clear or pass through —পরস্পর বিভক্ত কৃ, To cross —আহত-কৃ, মর্ম্মবেদনা-দে; To wound or hurt, to affect deeply —মুষ্ক ছেদন-কৃ; খাসি কৃ, To castrate —*v i* বিভাগ-কৃ, মধ্যে দিয়া যা; To divide or pass through —বিভক্ত-হ, To be served —*n* আঘাত, কর্তন, প্রহার, A strike or blow with a sharp instrument —বিদারণ, বিভাজন, A cleaving or dividing —ছেদ, খণ্ড, আঘাত, A cleft, a gash, a notch, a wound —পরিহাস; A severe remark, a sarcasm —প্রণালী, A groove, furrow, a canal —ছিন্ন অংশ, কর্তিতাংশ, A part cut off —নিকট পথ, A short or near passage —গঠন, Form, shape, fashion, as, the cut of a coat —ক্ষোদিত কার্য, ক্ষোদিত প্রতিমূর্তি, A carving or engraving likewise the print from it *Syn* —(*v*) Sever divide, carve, chisel, cross intersect, wound, hurt, pierce (*n*) gash, incision, wound, hurt, slice, piece, channel, passage, short way, engraving, fashion, style, shape

A short cut, *n* সোজা পথ, সহজ পথ, A cross-path which shortens the way —(কোন বিষয় পাই বার) সহজ উপায় For way of getting at (some thing) —([illegible]) সহজ উপায়, Easy means of making the way seem short

Cut across—[illegible] পার হইয়া যাওয়া, Pass through in the most direct way

Cut a dash or a figure—জাঁক দেখান, To make a display

Cut a finger—আত্মগুণগরিমা প্রকাশ-কৃ, Show off conspicuously

Cut a joke—কৌতুক কৃ, To be witty, and sociable.

Cut a knot—Effect anything by short and strong measures

Cut and direct—পূর্ব্ব হইতে প্রস্তুত, Prepared beforehand, not spontaneous

Cut and dry—পূর্ব্ব প্রস্তুত Already prepared; prepared beforehand

Cut capers—লম্ফ ঝম্প-দে, To play pranks, to frisk about.

Cut down, *v t* কর্তন কৃ, To fell —লজ্জিত কৃ, হতাশ কৃ To abash to depress, to humble, to shame —কাটিয়া ফেলা, Cause to fall by severing —কেটে দিয়ে কমান, Reduce.

Cut glass—Glass having the surface shaped by grinding and polished

Cut in—বাধা দে, যোগ দেওয়া, To interrupt, to join in anything suddenly, to take part in

Cut in or into—বাধা-দে, প্রতিবন্ধ-কৃ, Interrupt.

Cut jokes (crack jokes)—ঠাট্টা তামাসা করা; কোন বিষয় বা ব্যক্তিকে উপলক্ষ্য করিয়া আমোদ-কৃ, Make merry

Cut off—বিচ্ছিন্ন কৃ পৃথক-কৃ, Sever or separate —কাহার মৃত্যু হওয়া, Deprive of life.—সংহার-

কৃ; Kill :—নষ্ট-কৃ; Destroy :—প্রতিরোধ-কৃ; To intercept.

Cut one's acquaintance—পরিচিত লোকের সহিত আলাপ না করা; Refuse or avoid recognising him when meeting or passing each other.

Cut one's coat according to one's cloth—আয় বুঝে ব্যয়-কৃ; Keep one's expenses within *one's means.*

Cut one's eye teeth—সতর্ক হওয়া; To be wide [awake.

Cut one off with a shilling—উত্তরাধিকারীকে যৎসামান্য দেওয়া; Leave a very small sum as a legacy :—পৈত্রিক সম্পত্তি হইতে বঞ্চিত-কৃ, *Disinherit one.*

Cut one's wisdom teeth—সাবালক-হ; Reach [the years of discretion.

Cut out—স্থানান্তরিত-কৃ; Remove from the midst :—গঠন-কৃ; উপযোগী-কৃ; To fashion; adopt :—স্থানচ্যুত-কৃ; To take the place of; supersere.

Cut out a ship—Enter a harbour, seize and carry off a ship by sudden attack.

Cut purse, kut'purs, *n.* গাঁটকাটা; চোর; দস্যু, One who cuts purses, in order to steal them or their contents; a thief, a robber.

Cut short—সংক্ষিপ্ত কৃ;—To abridge :—কোনরূপ বাধা দিয়া বন্ধ-কৃ, হঠাৎ (কাহার কথা) বন্ধ-কৃ; Hinder from proceeding by sudden interruption, bring to a sudden termination.

Cut the acquaintance of or to cut a person—বাক্যালাপ বন্ধ-কৃ; চিনিতে না পারা, Drop intercourse with, avoid recognising.

Cut the cards—তাস ভাগ-কৃ; Divide a pack into portions.

Cut the (Gordian) knot—কোন গেরো খোলা শক্ত দেখিয়া তাহা কেটে ফেলা, যেমন তেমন এক রকম করিয়া সহজ মীমাংসা-কৃ, কলে কৌশলে সঙ্কট কাটাইয়া উঠা; Get over a difficulty by short and strong measures rather than by skill and patience.

Cut the teeth—দন্ত নির্গত-হ; Put forth teeth.

Cut throat, *n* ঘাতক, হত্যাকারী, One who cuts a throat, a murderer; assassin.—*a.* নিষ্ঠুর, Muderous; cruel.

Cut to the quick—মর্মভেদ-কৃ; মর্মে আঘাত-কৃ, Wound one's sensibilities deeply.

Cut under—অন্য অপেক্ষা কম দরে বিক্রয়-কৃ, Undersell.

Cut up—মরমে আঘাত-কৃ; Pain or wound one's feeling :—বিনষ্ট-কৃ, নষ্ট-কৃ; Destroy :—দোষ বাহির করিয়া মাটি-কৃ; Criticize severely :—খণ্ড খণ্ড করিয়া বিভাগ-কৃ, Divide into pieces :—বেত্রাঘাত-কৃ, Whip :—Suffer severely.

Cut-water, kut-watėr, *n.* জাহাজের অংশ; The fore part of a ship's prow that cuts the water, fore part of a ship's form, which cuts the water :—খিলানের অবলম্বের অংশ, Part of the pier of a bridge, formed with an angle, directed up the stream.

To be cut off—Allied to an army in the field that has lost many men as killed and wounded.

Cutanious, kū-tāne-us, *a.* চর্মসম্বন্ধীয়; ত্বক্ সম্বন্ধীয়; Pertaining or belonging to the skin.

Cutis, *n.* ত্বক্; The true skin.

Cuticle, kūti-kl, *n.* [L. *cuticula*, dim. of *cutis*, the skin] সর্বোপরিস্থ অতি সূক্ষ্ম ত্বক্; ত্বক্, The outermost or thin skin. *Syn* :—Epidermis, scarf-skin.

Cutlass, kutlas, *n.* তরবারি বিশেষ; A broad, covering sword with but one cutting edge.

Cutler, kutlėr, *n.* ছুরি, কাঁচি, তরবারি নির্মাতা বা বিক্রেতা; One who makes or deals in cutlery.

Cutlery, kutlėr-i, *n.* ছুরি কাঁচির ব্যবসায়; Trade of a cutler :—ছুরি কাঁচি প্রভৃতি বস্তু; Edge or cutting instruments in general.

Cutlet, kutlet, *n.* [L. *costa*, a rib] ক্ষুদ্র মাংসখণ্ড; A piece of meat, cut for broiling.

Cutter, kutėr, *n.* ছোট জাহাজবিশেষ; A vessel with one mast :—কর্তক, কর্তনকারী, One who, or an instrument which cuts :—সম্মুখের দন্ত, A front tooth that cuts :—The forepart of the prow of a ship which cuts water.

Cutting, kuting, *n.* কর্তন; কর্তনজনিত ক্ষত; কর্তিত খণ্ড; পল্লব; A dividing or lopping off; an incision; a piece cut off; a twig.

Cuttle, kutl, **Cuttlefish**, kutlfish, *n.* জলচরবিশেষ; A mollusc.

Cyanean, sī-ānē-an, *a.* গভীর নীলবর্ণ; Having a dark blue or an azure colour.

Cycle, sīkl, *n.* [Gr. *kyklos*, a circle] নিয়মিত কালক্রম; An interval of time in which events re-occur in certain order :—কালাবর্ত; খ-মণ্ডলে কল্পিত বৃত্ত; An imaginary circle or orbit in the heavens. *a* = cyclic. *Syn* :—Round of years, revolution, period.

Cycloid, sīkloid, *n* বৃত্তাকার ক্ষেত্র; বক্ররেখা বিশেষ; A figure like a circle; a curve made by a point in a circle, when the circle is rolled along a straight line. *a.* = cycloid.

Cyclometry, sī-klomet-ri, *n.* বৃত্ত পরিমাণ বিদ্যা; The art of measuring cycles or circles.

Cyclone, sīklōn, *n* প্রবল ঘূর্ণিবাতাস, প্রবল ঘূর্ণিবাত; A rotatory storm or whirlwind of extensive circuit.

Cyclopean, sī-klō-pē'an, **Cyclopic**, sī-klop'ik, *a* সুবৃহৎ, প্রকাণ্ড, ভয়ানক, Pertaining to the cyclone, vast; terrific; giant-like.

Cyclopœdia, Cyclopedia, sīklō-pē-dia, *n.* [Gr *kyklos*, a circle, and *paideia* learning] বিদ্যাকল্পদ্রুম, সর্ববিদ্যা-সংগ্রহ, বিশ্বকোষ; A book of universal knowledge. *a* = *cyclopedic.*

Cyclops—Giants with one eye and that in the centre of their forehead whose business it was to forge iron for Vulcan.

Cygnet, sig'net, *n.* হংস-শাবক; A young swan.

Cylinder, silin-dėr, *n.* [Gr. *kylindo*, to roll] গোলাকার বস্তু, সম গোলাকার দীর্ঘ ঘন দ্রব্য; A roller; a long circular body of uniform diameter. *a* = cylindric, cylindrical.

Cylindric, Cylindrical, *a.* Having the form or properties of a cylinder.

Cymar, si-mar', *n.* সামান্য আবরণ; গ্রীবাবন্ধনী; A slight covering, a scarf.

Cymbal, simbal, *n.* বাদ্যযন্ত্র বিশেষ; ঝাঁঝরী; A basin-like musical instrument of brass, beaten together in pairs.

Cynic, sinik, **Cynical**, sinik-al, *a.* কঠোর; রূঢ় প্রকৃতি, অসৎস্বভাব; মনুষ্যদ্বেষী; Surly and snarling; austere, misanthropic.—*n.* মনুষ্যদ্বেষী; A misan-

thrope :—বিলাসবিমুখ পণ্ডিতসম্প্রদায় ; এক সম্প্রদায় প্রাচীন দার্শনিকগণের একজন ; One of a sect of ancient philosophers, who condemned riches, the arts and science. *Syn* :—(*a*) Snarling, captious, censorious, sarcastic, cross, morose, sour, misanthropical. *ad*=cynically.

Cynicism, sin-sizm, *n.* রূঢ়তা ; হৃদয়হীনতা ; মনুষ্যজাতির প্রতি বিদ্বেষ ; Heartlessness, misanthropy ; contempt for human nature.

Cynosure, sino-shoor, *n.* [Gr. *kyōn*, *kynos*, a dog, *oura*, a tail] উত্তর কেন্দ্রস্থিত নক্ষত্রমণ্ডল ; উত্তর কেন্দ্রস্থিত তারাসমূহ ; The constellation of the Lesser Bear, to which, as containing the pole star, the eyes of mariners are often directed :—আকর্ষণকারী সাধারণ চিত্তাকর্ষক বস্তু ; Point of attraction.

Cynthia, *n.* চন্দ্র ; Moon.

Cypress, sī'press, *n.* বৃক্ষবিশেষ ; A coniferous tree :—শোক-চিহ্ন ; An emblem of mourning.

Cyprian, *n.* সাইপ্রাস-বাসী , A native of Cyprus ; বেশ্যা ;—Horlot ; a woman of loose morals :—*a.* Pertaining to the island of Cyprus, renowed for the worship of Venus :—লাম্পট্য সম্বন্ধীয় ; Pertaining to leudness.

Cyprus, *n.* পট্টবস্ত্র ; Thin stuff.

Cyst, sist, *n.* পূযকোষ ; জীবদিগের বিকৃত অংশধারী কোষ ; A pouch or bag without opening, containing morbid matter.

Cytherean, *a.* Relating to Venus.

Czar, tzar, zär, tsär, *n.* [Rus. *tsare*, a king, L. *caesar*, a king or emperor] রুস-দেশীয় সম্রাট ; The emperor of Russia :—*fem.* Czarina, Czareena (the empress of Russia).

Czarowitch, Czarewitch, zar'e-witch, **Cesarewitch,** sēz-ar'ewitch, *n* রুস যুবরাজ , রুসীয় সম্রাটের জ্যেষ্ঠ পুত্র ; The eldest son of the Czar of Russia. *fem.*=czareena (zär-ewna).

D

D—ইংরাজি বর্ণমালার চতুর্থ অক্ষর ; The fourth letter in the English alphabet.

Dab, dab, [*pr. p.* dabbling, *pa. p.*=dabbed] ধীরে ধীরে আঘাত-কৃ , To strike gently :—*n.* মৃদু আঘাত, লঘু প্রহার ; A gentle blow :—ক্ষুদ্র পিণ্ড , কোমল জড়পিণ্ড ; A small lump of any thing soft and moist :—ক্ষুদ্র মৎস্য , A small flat fish.

Dab, dab, **Dabster,** *n.* নিপুণ ব্যক্তি ; An expert person.

Dabble, dabl, *v. t* ছিটাইয়া-দে ; আর্দ্র-কৃ ; সিক্ত-কৃ ; To spatter ; to sprinkle ; moisten :—*v. i.* জলক্রীড়া-কৃ ; To play in water with hands or feet : —*n.* ভাসা ভাসা কোন কার্য্য-কৃ ; To work in a superficial manner, touch here and there :—তাচ্ছিল্য-সহকারে কার্য্য-কৃ ; হস্তক্ষেপ-কৃ ; To meddle. *n*=dabbler. *Syn* :—Splash, spatter ; work superficially, trifle ; meddle, tamper.

Dabble in—কোন বিষয় লইয়া ভাসা ভাসা চর্চ্চা-কৃ ; Work in slight or superficial manner at (any science or art).

Dabbler, dablėr, *n.* যে ব্যক্তি হস্তক্ষেপ করে, যা তাচ্ছিল্য-সহকারে কার্য্য করে ; One who does things in a superficial, trifling way.

Dabchick, dabchik, *n.* পানকৌড়ি ; A small waterfowl.

Dace, dās, **Dare,** dār, **Dart,** därt, *n.* ক্ষুদ্র মৎস্য বিশেষ ; A small river-fish.

Dactyl, daktil, *n.* [L. *dactylus*—Gr. *daktylos*, a finger] ত্রিপদীছন্দের চরণবিশেষ ; ত্রিমাত্র চরণবিশেষ ; A poetical root, consisting of three syllables, the first long followed by a short or one accented followed by two unaccented.

Dactylic, dak-tilik, *a.* Relating to or consisting of dactyls. *n.*=A series of dactyls.

Dactylist, daktil-ist, *n.* কবিতা-লেখক ; One who writes flowing verse.

Dactyology, dak-til-olo-ji, *n.* [Gr. *daktylos*, and *logos*, discourse—*legō*, to speak] ইসারা দ্বারা মনোভাব প্রকাশের কৌশল ; The art of talking with the fingers, like the deaf and dumb :—অঙ্গুলি সঙ্কেতদ্বারা কথোপকথন-প্রণালী ; A method of communication for the deaf and dumb, in which the motions of the fingers answer to the written alphabet.

Dad, dad, **Daddy,** dadi, *n.* বাবা ; Father, a word used by children.

Daffodil, daf'o-dil, **Daffodilly,** daf'o-dil-i, *n.* পদ্ম ; A lily.

Dag, *n.* ছোরা ; Dagger.

Dagger, dag'ėr, *n* ছোরা ; A short sword ; a poniard :—চিহ্ন বিশেষ ; A mark of reference (+) : —*v t.* সাংঘাতিকরূপে আঘাত-কৃ , To stab.

At daggers-drawn—শত্রুতা অবস্থায় , In a state of open enmity —পরস্পরের প্রতি খড়্গহস্ত , At enmity , in a state of open hostility.

Look daggers—ভয়ঙ্কর আকার ধারণ কৃ ; Look fiercely.

Daggle, dag'l, *v t.* কর্দ্দম মধ্য দিয়া যা , To run through wet or dirt :—পঙ্কে নিক্ষেপ-কৃ , Dip in mire or water. *Syn* :—Draggle, befoul, soil.

Daggle tail, *n.* নোংরা স্ত্রীলোক , অপরিচ্ছন্না রমণী ; Slovenly woman , a slattern —*a.* অপরিচ্ছন্ন পরিচ্ছদ প্রাপ্ত , Having the lower ends or garments defiled with mud.

Daguerreotype, da-ger'o-tip, *n.* চিত্র বিশেষ ; A painting on metal by sun-light.

Dahlia, dāli-a, *n.* সুন্দর ফুলের গাছ , A garden plant with a large, beautiful flower.

Daily, dāli, *n.* and *ad* দৈনিক ; প্রতিদিন , Every day :—*a* সুস্বাদু , Delicious to the taste :—সুস্বাদ্য ; দুষ্প্রেরণীয় , Fastidious :—সূক্ষ্মবিচারী , শিষ্টাচার , বিলাসপূর্ণ , Ceremonious ; scrupulous in manners :—*n.* সুখাদ্য দ্রব্য , A delicacy. *n*=Daintiness. *Syn* :—Savoury, tasty, nice, delicate, tender, palatable, elegant, fine, neat, refined ; rare ; fastidious, scrupulous, overnice. *ad.*=Daintily, (*n*) Delicacy, nicety, tid-bit.

Dairy, dāri, *n.* গব্যাগার ; দুগ্ধমন্থনালয় ; দুগ্ধাগার ; Place for making butter and cheese :—*a.* গোরক্ষণ ও গব্যাদি প্রস্তুত করণ বিষয়ক ; Pertaining to the keeping or cows, managing of mild, and making of butter and cheese.

Dairyman, dār'i-man, *n.* গোয়ালা ; গোপ ; A male manager of a dairy.

Dairy-maid, dāri-mād, *n.* গোয়ালিনী ; গোপী ; গোপিনী ; A female manager of a dairy.

Dais, dáis, *n.* [Low L. *discus*, a table—L. *discus*, a quoit] উচ্চ আসন ; চন্দ্রাতপাচ্ছাদিত আসন ; Raised or canopied seat :—ভোজনাগারস্থ উচ্চ স্থান ; A raised floor at the upper end of dining hall.

Daisied, dázid, *a.* ডেজিপুষ্প শোভিত ; Covered with daisies.

Daisy, dázi, *n.* [A. S. *daeges ege*, day's eye, the sun] বাসন্ত পুষ্প বিশেষ ; A common spring flower.

Dale, Dell, dál, del, *n.* উপত্যকা ; A valley. *Syn* :—Vale, valley, gleu, dingle, bottom. *n.*= Dalesman.

Dales-man, *n.* উপত্যকাবাসী ; One living in a dale.

Dalliance, dali-ans, প্রেমালিঙ্গন ; Interchange of embraces :—অনর্থক খেলা বা উপেক্ষা করিয়া সময়ক্ষেপ ; Dallying, toying, or trifling.

Dally, dali, *v. i.* [A. S. *dol*, foolish, Ger. *dahlen*, to trifle] আলস্য বা উপেক্ষা করিয়া অনর্থক সময় নষ্ট-কৃ ; To lose time by idleness or trifling ; *pa. p*=dallied. *Syn* :—Trifle, tamper with ; play with ; loiter ; linger, dawdle :—আমোদ বা তুচ্ছ বিষয়ে সময় নষ্ট-কৃ ; To waste in effiminate or voluptuous pleasures or in idleness and trifles : প্রেমালিঙ্গন-কৃ ; To fondle ; to interchange caresses :—বিহার-কৃ , খেলা-কৃ , To sport ; to play.

Daltonism, *n.* বর্ণ প্রভেদ করিতে অক্ষমতা ; Colour blindness (after the chemist, Dalton, who was so affected.)

Dam, dam, *v. t.* বাঁধ দ্বারা প্রবাহ রোধ-কৃ ; জল আটক-কৃ , To keep back water by a bank :—*n.* বন্ধ-কৃ ; আবদ্ধ-কৃ , To shut up ; confine :—ধাড়ি ; পশু-প্রসূতি , A female parent used of beasts :—বাঁধ ; A mole to keep back water.

Dam out—Keep out by means of dam.

Damage, damáj, *n.* [Gr. from L. *damnum*, loss, injury] ক্ষতি , অনিষ্ট ; Any hurt or loss ; injury :—*pl* ক্ষতিপূরণ ; দণ্ড ; Compensation for loss :—*v. t.* ক্ষতি-কৃ ; বিকৃত-কৃ , To harm, to injure ; to impair :—*v.i.* ক্ষতিগ্রস্ত-হ ; To be injured *Syn* :—(*n*) Hurt, loss, mischief, detriment, impairment ; (*pl*) compensation, satisfaction, fine.

Damageable, damáj-a-bl, *a.* অপচয়শীল ; নাশশীল , Capable of being damaged.

Damask, damask, *n.* বুটাদার কাপড় , Figured silk or linen :—লালবর্ণ , Red colour :—*a.* লোহিত ; লাল ; Of a red colour like that of the damask rose :—*v. t.* কাপড়ের উপর ফুল তোলা ; To form flowers on cloth.

Damask colour—লালবর্ণ , That of the damask rose.

Damask rose—A variety of rose, native to Damaskas.

Damask silk—A heavy, rich figured silk.

Damask steel—A fine quaeity of steel, originally made at Damascus, and valued for sword blows.

Dame, dám, *n.* [Fr. *dame*—L. *domina*, a mistress, *fem.* of *dominus*, a master] গৃহিণী ; Matron :—পদস্থা মহিলা ; সুশিক্ষিতা রমণী ; A lady in rank or culture.

Damn, dam, *v. t.* [L. *damnare*, to condemn, from *damnum*, loss, penalty] অনন্ত নরক ভোগ করিতে আদেশ-কৃ ; To sentence to eternal misery in the future world :—টিটকারি-দে ; To condemn as bad by hissing ; as, to damn a play :—*n.* শপথ ; অভিশাপ ; An oath, a curse.

Damn with faint praise—Praise, but so stintedly that it is understood to mean disparagement or blame.

Damnable, damna-bl, *a.* নরকবাসের যোগ্য ; Deserving damnation ; condemnatory :—দণ্ডযোগ্য ; ঘৃণার্হ , অনিষ্টকর ; Odious, pernicious. *ad.*=damnably, *n*=damnableness.

Damnation, dam-náshun, *n.* পরকালে পাপীর দণ্ড ; অনন্ত শাস্তি ; অনন্ত নরক বাসাজ্ঞা ; Sentence to enternal punishment.

Damnatory, damna-tor-i, *a.* অনন্ত দণ্ডবিধান-সমন্বিত ; দণ্ডাজ্ঞাপূর্ণ ; Containing a sentence of condemnation.

Damned, *a. p.* পরকালে দণ্ডভোগ করিতে আদিষ্ট ; Sentenced to punishment in a future state :—ঘৃণিত ; Hateful ; abominable.

Damon and Pythias—Inseparable companions. They were two Pythagoreans, remembered as models of faithful friendship.

Damp, damp, *a.* [Gr. *dampf*, vapour] আর্দ্র ; ভিজা , কুজ্ঝটিকাময় , Moist ; foggy ; humid :—*n.* আর্দ্রতা , কুজ্ঝটিকা ; Moisture ; fog :—*pl* বিষণ্ণতা ; Depression ; lowness of spirits :—ভূগর্ভোত্থিত প্রাণঘাতক বায়ু , Noxious vapours issuing from the earth :—*v. t* ঈষৎ আর্দ্র-কৃ , শীতল-কৃ , To moisten ; to chill :—ভগ্নোদ্যম-কৃ , ভগ্নোৎসাহ-কৃ ; To discourage, to depress ; to check. *n*=dampness. *ad*=damply. *Syn* :—(*n.*) Dampness, mist, fog, vapour ; (*v.*) chill, deaden, depress, deject, dispirit.

Damper, damp'ér, *n.* দমন , শাসন ; That which damps or checks :—একপ্রকার দ্রুতপক্ক রুটী ; A kind of hastily-baked bread.

Damsel, damzel, *n.* [Low. L. *domicellus*, dim. of *dominus*, a lord] বালিকা ; A girl :—অবিবাহিতা অল্পবয়স্কা স্ত্রীলোক ; A young unmarried woman.

Damson, damzn, *n.* কুল ; বদরী . A plum.

From Dam to Beersheba—সকল স্থানে, Everywhere.

Dance, dans, *v. i.* [O. Ger. *danson*, to draw along] নৃত্য ইতস্ততঃ লাফাইয়া বা খেলা করিয়া বেড়ান ; To move nimbly, to move with measured steps, caper ; frisk —*v t.* নৃত্য বা লম্ফ প্রদান করান , To make to dance or jump :—*n.* নৃত্য , The regulated movement of the feet. *n* =dancer.

Dancer, danśér, *n.* নর্তক বা নর্তকী , One who practises dancing.

Dancing, dansing, *n* নৃত্য বা নৃত্য বিদ্যা ; The act or art of moving in the dance.

Dance attendance—আজ্ঞাকারী হইয়া অপেক্ষা-কৃ ; হাজিরি দেওয়া , উমেদারী-কৃ , Wait with obsequiousness , wait on (a person or at a place long and assiduously).

Dancing master, *n.* নৃত্য শিক্ষয়িতা , One who teaches dancing.

Dance on nothing—ফাঁশিকাঠে লম্বমান-হ ; To be hanged.

Lead one a pretty dance—কাহাকেও কষ্ট দেওয়া ; Put one to trouble.

Dandelion, dan-de-lí'un, *n.* [Fr. *dent de lion*, tooth of the lion] লতা বিশেষ ; A common plant with a yellow flower.

Dander, *n.* বিরক্তি ; Anger or vexation.
Get up one's dander or have one's dander roused—ক্রোধান্বিত-হ ; Get into a passion.
Dandiprat, dandi-prat, *n.* ছোকরা ; গর্ব্বিত বালক ; An urchin ; a little conceited fellow.
Dandle, dandl, *v. t.* [Ger. *tandeln*, from *tand*, prattle] জানু বা হাতে করিয়া তোলা দেওয়া ; নাড়া দেওয়া, সোহাগ-কৃ ; আদর-কৃ ; To fondle or toss in the arms, as a baby. *Syn* :—Dance, toss up ; fondle, toy with, pet, caress.
Dandriff, dandrif, **Dandruff,** dandruf, *n.* মরামাস ; খুস্কী ; A caly scurf which grows on the head ; scurf on the head. [silly fellow.
Dandy, dandi, *n.* ফুলবাবু ; A fop ; a foppish,
Dandyism, *n.* বাবুগিরি ; Foppishness. [mark.
Dane, dān, *n.* ডেন্‌মার্কবাসী ; A native of Den-
Danger, dānjér, *n.* [L. *damnum*, damage] বিপদ্ ; অনিষ্ট ; অমঙ্গল ; Peril ; hazard ; risk. *Syn* :—Peril, hazard, risk, jeopardy, insecurity, venture.
Dangerous, dānjer-us, *a.* বিপদজনক ; সঙ্কটজনক ; বিপদপূর্ণ, নিরাপদ, Unsafe ; perilous ; insecure *ad*=dangerously. *Syn* :—Perilous, hazardous, risky , unsafe.
Dangle, dang'gl, *v. i.* দোলা , দোলায়মান-হ ; To hang loosely :—অনুগামী-হ ; অনুচর-হ ; To hang on any one ; follow loose about :—*v. t.* দোলান , দোলায়মান করান , To cause to dangle ; to swing
Dangle about or after—Hang upon importunely , beset.
Dangler, dang'gler, *n.* যে ব্যক্তি অন্যের, বিশেষতঃ স্ত্রীলোকের, আনুচর্য্য করে , One who dangles about others, especially about woman. [Denmark.
Danish, dānish, *a.* ডেন্‌মার্ক দেশীয় , Belonging to
Daphne, *n.* Laurel (A nymph beloved by Apollo, who was turned into a laurel tree).
Daphnis, *n.* A son of Mercury, a young shepherd, the inventer of pastoral songs.
Dank, dangk, *a.* অতি আর্দ্র , সিক্ত ; Close and damp ; moist, wet.
Dapper, dap'ér, *a.* দ্রুতগামী , তৎপর ; Little and active ; nimble ; smart :—পরিচ্ছন্ন ; পরিপাটি ; Neat, spruce.
Dapple, dap'l, *v. t.* চিত্র-কৃ ; চিত্রবিচিত্র-কৃ , Variegate :—*a.* নানা বর্ণে চিত্রিত ; Marked with spots ; variegated :—*n.* ফুট্‌ ফুট্‌ দাগযুক্ত , One of the spots on a dapple animal.
Dare, dār, *v. t.* [Sans. *dhrish*, to be bold] সাহসী-হ ; সাহস-কৃ ; To venture ; to be bold enough :—*v. i.* যুদ্ধে আহ্বান-কৃ , To challenge ; to defy :—*n.* এক প্রকার ছোট মাছ ; A small fish. *Syn* :—(*v.*) Presume, venture ; hazard, risk , challenge, provoke, defy.
Dare devil—দুঃসাহসিক লোক ; A fellow without fear and reckless.
Daring, dār'ing, *a.* সাহসী ; সাহসিক ; নির্ভীক ; Bold ; fearless ; courageous :—*n.* সাহস ; সাহসিকতা , দুঃসাহসিক উদ্যম ; Boldness ; a hazardous attempt. *ad.*=daringly.
Dark, dārk, *a.* অন্ধকারময় ; Without light :—মেঘাচ্ছন্ন ; Clouded :—কৃষ্ণবর্ণ ; Black :—দুর্ব্বোধ্য ; Obscure ; difficult to understand ;—দুর্জ্ঞেয় ; অজ্ঞেয় ; Mysterious :—বিষণ্ণ ; নিরানন্দ ; Gloomy ; dismal , not cheerful :—গুপ্ত ; Concealed ; secret :—পাপিষ্ঠ ; Vile ; wicked :—অশিক্ষিত ; জ্ঞানহীন ; Unrefined ; ignorant ; unenlightened :—*n.* অন্ধকার ; Darkness :—গোপনীয়তা ; গূঢ়ত্ব ; Obscurity ; secrecy :—অজ্ঞতা ; মূর্খতা ; Ignorance. *n*= darkness. *ad*=darkly. *Syn* :—Black, durky, sable, sombre ; darksome, lurid, murky, cloudy, shady, pitchy ; obscure, abstruse, recondite, occult, mysterious ; gloomy, discouraging ; cheerless, dismal ; dim, benighted, ignorant ; wicked, atrocious, vile, foul ; infernal. *ad*=darkly. *n*=darkness. [from A. D. 476 to 776.
Dark ages—The period of European History
Be in the dark—অজ্ঞ থাকা ; অনভিজ্ঞ থাকা ; কোন বিষয় সম্বন্ধে অন্ধকারে থাকা , Be in a state of ignorance.
Keep in the dark—গোপন রাখা ; Keep something from the knowledge of others.
Land of darkness—কবর ; Grave.
Leave in the dark—কাহাকে কোন বিষয় জানিতে না দেওয়া , Keep one in a state of ignorance.
The powers of darkness—দানবগণ , নারকী দূতগণ , The infernal powers.
To be left in the dark—(কোন বিষয়) জানিতে না পাবা , To be kept in a state of ignorance.
Trope in the dark—অন্ধকারে হাতড়ান , Endeavour to find something like a blind man by feeling.
Darken, dark'n, *v. t.* অন্ধকারময়-কৃ ; তিমিরাচ্ছন্ন-কৃ ; To make dark :—মূর্খ-কৃ , জ্ঞানহীন-কৃ , To stupify ; to render ignorant :—কলুষিত-কৃ ; কলঙ্কিত-কৃ , To sully :—অজ্ঞেয়-কৃ , দুর্জ্ঞেয়-কৃ ; To obscure :—*v. i.* অন্ধকারযুক্ত-হ ; To grow dark or darken.
Darkish, darkish, *a.* ঈষৎ অন্ধকারযুক্ত ; Rather dark , somewhat dark :—অস্পষ্ট , Dusky.
Dark browed, *a* ক্রোধপ্রকাশক ; Stern of aspect, frowning.
Dark minded, *a.* প্রতিহিংসাপরায়ণ ; Having a dark, close, or revengeful mind.
Darkness, darknes, *n.* অন্ধকার ; Absence of light :—অজ্ঞতা ; Ignorance. *Syn* :—Dimness, obscurity, gloom, blackness, blindness, ignorance.
Darksome, dārksum, *a.* তিমিরাচ্ছন্ন ; অন্ধকারময় ; বিষণ্ণ ; Rather dark , obscure ; gloomy.
Darling, dar'ling, *n.* স্নেহপাত্র ; অতি প্রিয়পাত্র ; A much loved one ; a favourite . one dearly beloved :—*a.* প্রিয়তম ; প্রিয় ; Dear, dearly beloved, favourite.
Darn, dārn, *v. t.* [W. *darn*, a piece, a patch] রিপু-কৃ ; Mend by sewing :—*n.* রিপু করা অংশ ; The place mended by darning.
Darnel, dār'nel, *n.* এক প্রকার আগাছা ; A weed among corn.
Dart, dārt, *n.* [H. Ger. *tart*, *dart*, dagger ' ক্ষুদ্র বর্শা ; ছোট বর্শা ; A short lance :—ভেদক দ্রব্য Fig, that which pierces or wounds :—*v. t.* হঠাৎ নিক্ষেপ-কৃ ; To hurl suddenly :—নিক্ষেপ-কৃ ; সবলে ত্যাগ-কৃ ; বর্ষণ-কৃ ; To send or shoot forth :—*v. i.* শীঘ্র বহির্গত-হ ; To start or shoot forth rapidly. *Syn* :—(*n.*) Arrow ; javelin, spear, (*v.*) Throw,

hurl, launch ; shoot, send off, emit ; rush, fly off, fly along. *ad*=dartingly.

Darter, därtėr, *n.* বর্শা-নিক্ষেপকারী ; One who throws a dart :—পক্ষীবিশেষ ; The snake-bird, a bird of the pelican family.

Dash, dash, *v. t.* [Dan. *daske*, to slap] সজোরে নিক্ষেপ-কৃ ; To strike suddenly, to throw violently :—চূর্ণ-কৃ ; ভগ্ন-কৃ ; To strike, bruise and break :—হঠাৎ জলনিক্ষেপ-কৃ ; To throw water suddenly :—ছিটাইয়া দেওয়া ; ছিটান ; Bespatter ; sprinkle :—মিশ্রিত-কৃ ; Mix or adulterate :—অনবধানতাসহকারে বা শীঘ্র কার্য্য-কৃ ; *To form or sketch* out in haste or carelessly :—মুছিয়া ফেলা ; To erase ; to blot :—বিফল-কৃ ; ব্যর্থ-কৃ ; Destroy or frustrate :—হতবুদ্ধি-কৃ ; লজ্জিত-কৃ ; হতাশ-কৃ ; To confound ; to put to shame :—*v. i.* বেগে ধাবমান-হ ; ধাক্কা লাগা ; আহত হওয়া ; *To rush or strike with* suddenness ; to strike against :—*n.* প্রচণ্ড সংঘর্ষণ ; আঘাত ; A violent striking ; collision :—আক্রমণ ; A rushing or violent onset :—বৃথা অহঙ্কার ; গর্ব্বিত ভাব প্রকাশ ; A flourish ; vain show :—বাধা ; A sudden check, frustration ; ruin .—Capacity or readiness for quick bold movements against an enemy ;—চিহ্ন বিশেষ ; A mark (—) at a break in a sentence .—আঘাত ; A blow .—সামান্য মিশ্রণ ; A slight admixture.

Dash about—বেগে ধাবিত-হ ; Rush about .—দেখান ; Parade ostentatiously.

Dash against—আঘাত লাগা ; Strike against.

Dash along—দ্রুতবেগে যাওয়া , Move rapidly.

Dash at—হঠাৎ আক্রমণ-কৃ ; Make a chance attack on.

Dash forward—বেগে অগ্রসর-হ ; Rush rapidly.

Dash in—বেগে প্রবেশ-কৃ ; Rush in.

Dash off—বেগে কোন কার্য্য-কৃ ; সত্বর সম্পাদন-কৃ , Execute with careless haste ; to execute rapidly :—দেখান ; Show off.

Dash off into (or **to**)—সহসা কোন বিষয়ে প্রবৃত্ত হওয়া ; Enter suddenly into. [through hastily.

Dash through—দ্রুতবেগে ভিতর দিয়া যাওয়া ; Pass

Cut a dash—বিখ্যাত-হ ; Make a figure.

Dashing, dashing, *a.* সাহসী , অবিমৃষ্যকারী ; হঠকারী ; Reckless ; hasty and rush ; rushing , gallant *ad*=dashingly.

Dastard, dastard, *n.* [A. S. *adastrigan*, to frighten] কাপুরুষ ; ভীরু ব্যক্তি ; A coward ; poltroon :—*a.* ভীরু ; Cowardly ; meanly shrinking. *n*=Dastardness, dastardliness. *ad*=dastardly. *Syn* :—(*n*) Poltroon, craven, recreant.

Data, dātā, *n. pl.* [L. *datum, data*, given—*do*, to give] স্বীকৃত সত্য , স্বীকৃত বা কল্পিত বিষয় , Known or admitted facts, facts given or admitted from which other facts may be deducted. *sing* =*datum*.

Date, dāt, *n.* [L. *datus, pp.* of *dare*, to give] কাল ; তারিখ ; Time at which any thing happens : —কোন ঘটনার সময় ; The time of any event :— নিরূপিত বা নিরূপিত সময় ; A stipulated time ; period, duration :—খর্জ্জুর ; The fruit of the date-palm :—*v. t.* তারিখ-দে ; সময় বা তারিখ লেখা , Put in date ; to affin the date to :—*v. i.* গণনা আরম্ভ-কৃ ; To reckon ; to begin. *Syn* :—(*n*) Time, epoch, era, age.

From date—আজ হইতে ; Begin from to-day.

Out of date—সেকেলে ; (নিন্দাসূচক অর্থে) মান্ধাতার আমলে ; Antiquated ; old-fashioned, out of use.

Dative, dātive, *a.* প্রদত্ত ; নির্দ্দিষ্ট ; নিরূপিত ; That which is given or appointed.

The dative case—সম্প্রদান কারক ; The oblique case of nouns &c , which follows verbs or other parts of speech that expresses *giving* or some act directed to the object—generally indicated in English by *to* or *for*.

Datum, dātūm, *n.* স্বীকৃত তত্ত্ব ; Something given, especially a standard.

Daub, dawb, *n.* [L. *dealbare*, to whitewash—*de*, down, and *albus* white] মোটামুটি চিত্র ; A *course painting* :—*v. t.* মোটামুটি চিত্র-কৃ ; To paint coarsely :—লেপন-কৃ ; To plaster :—গোপন-কৃ ; To disguise ; to conceal :—তোষামোদ-কৃ , Flatter grossly. *Syn* :—(*v*) Plaster, cover , besmear, begrime, bedaub. [painter.

Dauber, dawbėr, *n.* স্থূল চিত্রকর ; A coarse

Daughter, daw'tėr, *n.* [Sans. *duhitri*, from *duh* or *dhugh*, to milk] দুহিতা ; কন্যা ; A female child :—বংশোদ্ভূতা ; A female descendant. :— স্ত্রীলোক , অধিবাসিনী ; A woman, a female inhabitant. [A son's wife.

Daughter-in-law, daw'tėr-in-law, *n.* পুত্রবধূ ;

Daughterly, daw'tėr-li, *a.* কন্যোপমা , কন্যোচিত ; কর্ত্তব্যপরায়ণা ; Becoming a daughter ; dutiful ; filial. *n*=daughterliness.

Daunt, dant or dawnt, *v. t.* [L. *domare*, to tame] হতসাহস-কৃ ; ভগ্নোৎসাহ-কৃ , ভীত-কৃ ; Dishearten ; discourage ; destroy , frighten. *Syn* .— Dismay, intimidate, frighten, terrify, scare, cow, alarm, appal.

Dauntless, dāntless, *a.* নির্ভীক , সাহসী ; Bold ; fearless. *ad* =dauntlessly, *n* =dauntlessness. *Syn* :—Intrepid, undaunted, brave, valiant, heroic.

Dauphin, daw'fin, *n.* ফ্রান্সদেশীয় যুবরাজ ; The eldest son of the king of France [hin's wife.

Dauphiness, *n.* ফ্রান্সের যুবরাজ-পত্নী ; The daup-

Davit, dāvit, *n.* [Fr *davier*, a forceps] জাহাজে নঙ্গর তুলিবার কাষ্ঠবিশেষ ; A short piece of timber used in raising an anchor :—*pl.* জাহাজে বোট তুলিবার যন্ত্র । [world.

Davy John's Locker—পরকাল ; The spirit

Gone to Davy John's Locker—মৃত-হ ; Is dead.

Davy Jone's Locker—সমুদ্র ; The Ocean.

Davy lamp, *n.* A form of lamp invented by Sir Humphrey Davy ; a lantern, the light of which is inclosed within wire-gauze, as a protection against explosions of gases in mines— invented by Sir Humprey Davy.

Daw, daw, *n.* দাঁড়কাক , A bird of the crow kind ; the Jackdaw.

Dawdle, daw'dl, *v. i.* সামান্যকার্য্যে সময় ক্ষেপণ-কৃ ; অনর্থক সময় নষ্ট-কৃ ; আস্তে আস্তে কার্য্য করা বা সঞ্চালিত হওয়া , To waste time in trifling employment, to trifle ; to waste a time by trifling ; to act or

move slowly :—v. t. বৃথা কার্য্যে সময় নষ্ট-কৃ ; To waste by trifling. *Syn* :—dally, fiddle, trifle.

Dawn, dawn, *n.* [A. S. *dagian*, day] প্রভাত ; ঊষা , The break of day ; day-break :—বিকাশ , প্রারম্ভ ; আরম্ভ ; First beginning or appearance :—*v i.* অরুণোদয়-হ , প্রভাত-হ ; To begin, to show day or day-light :—বিকসিত-হ , To begin to appear or expand. *Syn* :—Break, gleam, rise, glimmer ; begin, open, appeai.

Dawn on or **upon**—সূর্য্যোদয় হইয়া যেমন অন্ধকার দূর করে, সেইভাবে কাহারও মনে উদিত বা প্রতিভাত হওয়া , Arise in one's mind (like light, dispelling doubt or gloom)

Day, dā, *n* দিবস ; অহোরাত্র ; The time from morning till night ; twenty-four hours .—আলোক ; Light ; sunrise :—কাল , An age , as in these days.

A day after the fair—অতি বিলম্বে ; Too late.

A lunar day—তিথি ।

All day long—সমস্ত দিন ; The whole day from morning to evening.

As the day is long—সম্যক্‌রূপে ; অপ্রতিহতভাবে , To the utmost event ; uninterruptedly.

At this time of day—এতকাল পরে ; এতক্ষণ পরে ।

Carry the day—কৃতকার্য্য-হ , Succeed in one's struggle or contest.

Civil day—The day used in ordinary reckoning of time, among most nations, beginning at midnight.

Clear as day—স্পষ্ট ; Very obvious.

Day after day—দিন দিন ; প্রত্যহ ; Each day in succession , every day.

Day by day—প্রত্যহ , দিন দিন ; Day after day , daily ; every day.

Day of judgment—শেষ দিন ; বিচারের দিন (যে দিন ভগবান আমাদের পাপপুণ্যের বিচার করিবেন) ; The day when final judgment will be pronounced on us by God.

Day of reckoning (or judgment)—দণ্ডপ্রাপ্তির দিন , জবাবদিহির দিন ; A day when a guilty person meets with the punishment he deserves ; a day on which one's obligations and liabilties will be taken into account and settled.

Day of rest—রবিবার ; Sunday.

Every other day—একদিন অন্তর ; একদিন পর একদিন ; Every alternate day.

From day to day—প্রতিদিন ; উত্তরোত্তর ; As time passes.

Gain (or win) the day—জয়ী-হ ; যুদ্ধে বা তর্কে জয়লাভ-কৃ ; Be victorious ; gain the victory, win the victory.

Happy as the day is long—অত্যন্ত সুখী ; Very happy.

Have had one's day—সে দিন আর নাই, সে দিন গিয়াছে ; One's good days are gone.

Have one's day—সুসময় আসিসে ; পড়্‌তা থাকা, ভাল সময় হওয়া ; Have one's time of success or prosperity ; having one's period of prosperity which is but a short one.

In broad day (or day-light)—দিনের বেলায় (লুকিয়ে চুরিয়ে নয়) ; In open day-light (*i. e.* not in a concealed or covert way) ; publicly ; before the eyes of all.

In his day—তৎকালে ; In his time,

Jewist day—সূর্য্য উদয় হইতে অস্ত পর্য্যন্ত ; The period from sun-rise to sun-set.

Keep the day—বার্ষিক পালন-কৃ ; Observe duly, as an anniversary ; observe duly, as a time of commemorating an event :—কড়ার মত দেওয়া ; Be punctual to one's day of payment.

Labour day and night—দিন রাত্রি পরিশ্রম-কৃ ; Labour without intermission.

Of one's day—তাঁর সময়ের ; Of one's time or age.

Of the day—তৎকালে ; তদানীন্তন ; Of that period or time ; of the time, period or age.

One day or **one of these days**—কোন সময়ে ; ইহারই মধ্যে একদিন ; At an indefinite time in the future ; sooner or later ; at an early date.

One has seen better days—ভাল অবস্থায় ছিল ; এখন নাই , (কাহারও) একদিন গিয়াছে ; One was once in better circumstances, but is now reduced.

One's days are numbered—অধিক দিন বাঁচিতে হইবে না ; আয়ুঃ শেষ হইয়াছে ; One has not long to live , one has only a short time to live.

Red letter day—শুভ দিন ; A lucky day.

See the light of day—জন্মগ্রহণ-কৃ ; Be born.

The other day—সে দিন ; Not long ago ; not long before.

This day week—সপ্তাহ পরে এই দিন ; আগামী সপ্তাহের এইবারে ; On this day, a week after, this day next week.

This or that day year—আগামী কিংবা গত বৎসরের সেই বারে ; The corresponding day of last or next year (may be used of week or month).

To-day—অদ্য ; On this day.

To this day—আজ পর্য্যন্ত , এখনও ; Even now ; up to this moment.

Day-bed, *n.* পালঙ্ক , A couch for repose ; a sofa.

Day-book, dābook, *n.* দৈনিক ক্রয়বিক্রয়ের হিসাব বই ; দৈনিক ক্রয়বিক্রয়ের পুস্তক ; Tradesman's journal ; a book in which merchants, &c., enter the transactions of every day.

Day-break, dābrāk, *n.* অরুণোদয় কাল ; প্রভাত ; The first appearance of light ; dawn.

Day-dream, dādrīm, *n.* জাগ্রত স্বপ্ন ; কল্পনা ; Mere visionary scheme ; reverie ; a dreaming or musing while awake.

Day-fly—অল্পকালস্থায়ী কীট ; An ephemeral insect.

Day-labour, *n.* মজুরি ; Labour performed or hired by the day.

Day-labourer, *n.* মজুর ; One who works by the day.

Day-light—আলোক ; Light of day.

Day-lily, dā-lil-i, *n.* পদ্মবিশেষ ; Asphodel ; a lily that blooms for a day only.

Day-peep or **day-spring,** dāspring, *n.* ঊষা ; প্রভাত ; The dawn.

Days-man, dāzman, *n.* মধ্যস্থ ; বিচারক ; An umpire.

Days of grace—Days granted for delay.

Day-sight, *n.* রাত্র্যন্ধতা ; Night-blindness.

Day-star, dāstār, *n.* শুকতারা ; The morning star.

Day-work—দৈনিক কর্ম্ম ; Work done by day.

Daily, dāli, *a* দৈনিক ; Diurnal :—*ad.* প্রতিদিন ; Everyday , day by day :—*n.* দৈনিক সংবাদ-পত্র ; A publication appearing everyday.

Daze, dāz, *v. t.* [Ice. *dasa*, to be breathless or

exhausted. A. S. *dwaes*, foolish] ধন্দলাইয়া-দে ; To dazzle :—হতবুদ্ধি ; To bewilder, confuse ; *to* render dull or stupid.

Dazzle, dazl, *v. t.* ধন্দলাইয়া-দে ; মোহিত-কৃ ; To overpower with any strong light or brilliancy :—হতবুদ্ধি, অভিভূত বা দৃষ্টিশক্তি হীন-কৃ ; To dim or blind by a glare of light. *Syn* :—Daze, confuse, bewilder. *ad*=dazzlingly.

Deacon, de'kn, *n.* [L. *diaconus*—Gr. *diakonos*, a servant] যাজক ; সভাবিশেষের অধ্যক্ষ ; The lowest order of the clergy ; an ecclesiastical officer. *fem.*=Deaconess, *n.*=deaconship, deaconry.

Deaconal, *a.* Pertaining to deacon.

Deaconate, *n.* The office of a deacon.

Deaconship, *n.* যাজকের কার্য্য ; The office of a deacon.

Dead, ded, *a.* মৃত ; Deprived of life :—অচেতন ; Lifeless :—মৃতবৎ ; Dead-like :—নিশ্চল ; Motionless :—অকর্ম্মণ্য ; অকেজো, Unproductive ; unprofitable :—তেজোহীন ; নিস্তেজ ; Spiritless ; dull :—সমভাববিশিষ্ট ; Monotonous, blank :—নিশ্চয় ; সম্পূর্ণ ; Certain, exact ; complete ; final :—ধর্ম্মভাবশূন্য ; Wanting in religious spirit and vitality :—পাপভারাভিভূত ; Lying under the power of sin :—গভীর ; Deep :—অস্পষ্ট ; Obscure :—বিস্বাদ ; Tasteless :—অনুর্বর ; Without vegetation :—*n.* পূর্ণ নিস্তব্ধতার কাল ; The time of greatest stillness :—*n. pl.* মৃত ব্যক্তিগণ ; Those who are dead :—*ad.* সম্পূর্ণরূপে ; Completely. *Syn* :—Deceased, defunct, inanimate, lifeless, extinct, departed ; breathless, cold, frigid, dull, torpid, inert ; lukewarm, indifferent ; spiritless, tasteless, vapid, flat ; unemployed, useless, *unprofitable* ; *entire, total. ad*=Deadly. *n*= deadness.

A dead bargain—সুলভ মূল্যে ক্রয় ; A purchase made on very favourable terms.

A dead hand at—চূড়ান্ত লেখক ; সর্ব্বশ্রেষ্ঠ লেখক ; A masterly writer of ; a masterly hand at.

At dead of night, In the dead of the night—দ্বিপ্রহর ; At midnight :—গভীর রাত্রে ; নিশীথ সময়ে ; At the most quiet or death-like time of night.

Beat a dead-lock—কোন কার্য্যে সম্পূর্ণরূপে স্থগিত বা রুদ্ধগতি-হ ; Come to a stand-still.

Beat or come to a dead lock—সমস্ত কার্য্য স্থগিত ; Beat or come to a complete standstill for complications.

Dead bargain—সুবিধাজনক ক্রয় ; A purchase on very favourable terms.

Dead drunk—মাতাল ; বেহুঁস মাতাল ; পুরা মাতাল ; Helpless with drink ; stupefied with liquor ; completely drunk.

Dead heat, *n.* সমকক্ষ ; A race where all are equal ; race with no result.

Dead language—প্রাচীন অপ্রচলিত ভাষা ; সেকেলে ভাষা ; A language that has ceased to be spoken, or is not in use now ; a language no longer spoken ; an obsolete language.

Dead letter—অদাবিক পত্র ; A letter remaining in the post-office uncalled for ; a letter undelivered and unclaimed at the post-office :—অপ্রচলিত রীতি ; যে লিখন অচল বা যাহার অনুসারে কার্য্য হইতেছে না ; That which has fallen into disuse ; a written document that has fallen into disuse or become ineffective.

Dead level—Perfect level ; perfect uniformity.

Dead lift—সঙ্কট ; দারুণ সঙ্কট ; Position of extreme difficulty ; a lift requiring main strength ; an extreme exigency.

Dead-lights—পোতকক্ষের বৃষ্টিরোধক বাতায়ন-কাষ্ঠ ; Storm-shutters for a cabin window.

Dead lock—গতিরোধ ; স্থগিত অবস্থা ; A stoppage with no power of motion ; a position of matters when they have become so complicated that they are at a complete standtill and progress is impossible.

Dead loss—অপূরণীয় ক্ষতি ; Loss with no chance of recovery.

Dead march, *n.* শব যাত্রাকালীন বাদ্য ; শবযাত্রিক খেদসূচক সঙ্গীত ; A funeral march ; a piece of solemn music played at funeral processions, especially of soldiers.

Dead men tell no tales—মৃত ব্যক্তি দ্বারা গুপ্ত বিষয় প্রকাশ হইবে না ; No secret can be divulged by a dead man.

Dead reckoning—কেবল গতিলিপি পুস্তকের সাহায্যে জাহাজের উপস্থিতি-স্থান-নিরূপণ ; An estimation of a ship's place, simply by the log-book.

Dead set—স্থির লক্ষ্য ; A steady and determined aim.

Dead shot—অব্যর্থসন্ধানী ; ধনুর্দ্ধর ; অভ্রান্ত লক্ষ্যবেধক ; Perfect or unerring marksman.

Dead stand—সঙ্কট ; Situation of perplexity.

Dead stock—অব্যবহৃত দ্রব্যজাত ; Materials lying useless or unemployed.

Dead struck—ভয় বিহ্বল ; Struck with horror.

Dead to—উদাসীন ; Indifferent.

Dead upon any mistake—ভ্রম উপেক্ষা না করা ; Sure to notice it.

Dead wall—অবকাশশূন্য প্রাচীর ; A wall in which here is no opening.

Dead water—জাহাজের পশ্চাদ্বর্ত্তী আবর্ত্ত বা ঘূর্ণি জল ; The water that closes in with a ship's stern.

Dead weight—কষ্টদায়ক ভার ; অতিরিক্ত গুরুভার ; A heavy or oppressive burden.

For a dead certainty—নিশ্চয় ; Without any doubt.

More dead than alive—আধমরা ; মৃতপ্রায় ; Nearly dead ; half dead.

Strike one dead—আঘাত দ্বারা মারিয়া ফেলা ; Give a blow to one so as to cause death.

The dead—মৃত লোকগণ ; The dead men.

Wait for dead men's shoes—Look out for legacies.

Deaden, dedn, *v. t.* ভোতা-কৃ ; নিপ্রভ-কৃ ; To blunt :—বেগ হ্রস্ব-কৃ ; To retard :—হ্রাস-কৃ ; ন্যূন-কৃ ; To lesson or obscure :—নিস্তেজ-কৃ ; To make vapid or spiritless. *Syn* :—Weaken, lesson, dull, damp ; benumb, paralyze, blunt.

Deadly, dedli, *a.* প্রাণনাশক ; সাংঘাতিক ; মৃত্যুজনক ; Fatal ; mortal ; murderous :—অপ্রশমনীয় ; চিরপ্রতিকূল ; Implacable ; desparatly hostile. *Syn* :—Lethal, fatal, mortal, poisonous, venomous, noxious, destructive, pernicious, baneful ; implacable, rancorous. *n.*=Deadliness.

Death, deth, *n.* মৃত্যু ; মৃত্যুসংখ্যা ; Decease, demise, mortality, cessation of life —মরণ-প্রণালী, Manner of dying —মৃত্যুর কারণ, Cause of death —কঙ্কাল, A skeleton *Syn* —Decease, demise, departure, dissolution, emit, release, end of life, debt of nature, extinction, destruction ; mortality, king of terrors.

Death's door, *n* মরমর হওয়া, A near approach to death, the point of death, very near dying

Be at death's door—প্রায় মৃত-হ, Be nearly dead [when a stag is slain

Be in at the death—Be present at the time

Be in at the death of—মরিতে দেখা, Be present at the death of [of death to

Be the death of—মৃত্যুর কারণ-হ, Be the cause

Civil death, *n.* সামাজিক মৃত্যু The state of a person who has lost all civil rights.

Deal the death-blow—সাংঘাতিক আঘাত-কৃ, Inflict fatal injury on

Death-bed, dethbed, *n* মৃত্যু-শয্যা, The bed on which a person dies, a bed, to which a person is confined in his last illness, last illness

Death bed repentance—মৃত্যুকালীন অনুতাপ।

Death bell, *n* মৃত্যুসূচক ঘণ্টা, The bell that announces death.

Death boding—মৃত্যু[illegible]ক, Portending death

Death dance or **danco of death**—An allegorical representation of a more or less grimly humorous character of the universal power of death

Death devoted—Devoted to death.

Death doomed—Sentenced to death.

Death's head—মাথার খুলি, An image or figure representing the head of a human skeleton or skull.

Death is the grand leveller—মৃত্যু সকল প্রকার সামাজিক বিভিন্নতা বিনাশ করে, Death abolishes all social distinctions

Death-like, *a* মৃতবৎ, Resembling death.

Deathless—অমর, Immortal, never dying.

Deaths man, *n.* জল্লাদ, An executioner.

Death rattle—মৃত্যুকালে গলার ঘড় ঘড় শব্দ, The rattling noise in the throat of a dying person

Death warrant, *n* বধাদেশ, An order for the execution of a criminal.

Fight to the death—যতক্ষণ জীবন থাকে ততক্ষণ লড়া, আজীবনকাল যুদ্ধ করিতে বা বাধা দিতে থাকা, Fight until one dies, continue fighting or resisting as long as life exists.

House of death—সমাধি, Grave.

Put to death—বধ কৃ, Kill

Spiritual death—মোহনিদ্রা ; (scripture) Alienation of the soul from God, state of being under the power of death.

The hand of death is upon one—যমে ধরিয়াছে, One's death is imminent.

To be bored to death—নিরতিশয় বিরক্ত বা ক্রুদ্ধ-হ, To be extremely annoyed.

Still as a sleep—অত্যন্ত নিস্তব্ধ, Very quiet

Deaf, def, *a* বধির, Deprived of hearing, unable to hear at all.—অমনোযোগী, শ্রবণেচ্ছু, Inattentive ; not to be persuaded ; not willing to hear *ad*=deafly, *n*=deafness. [deaf.

Deaf as a post—একবারে বধির ; Exceedingly

Deaf to—বধির (না শুনা এই অর্থ), Unwilling to listen to, determinedly inattentive to.

Deaf to reason—এক গুঁয়ে, Obstinate in one's opinions

Deafen, def'n, *v t.* বধির-হ, To make deaf —শব্দ অনধিগম্য-কৃ, শব্দ-সঞ্চরণ-শক্তি-শূন্য-কৃ ; To make impervious to sound.

Deaf-mute, def'-mūt, *n.* বোবা ও কালা, যে ব্যক্তি মূক ও বধির উভয়ই, One who is both deaf and mute or dumb

Deaf-nut, def'nut, *n.* যে বাদামের শাঁস নষ্ট হইয়া গিয়াছে, A nut, the kernel of which is destroyed.

Deal, dēl, *n.* [A S *dael* ; Ger *thiel,* a part or division] অংশ, অনির্দ্দিষ্ট পরিমাণ, A part or portion, an indefinite quantity —বহু পরিমাণ ; A large quantity —তাস বণ্টন, The act of dividing cards —গুঁড়ি চেরা তক্তা, দেবদারু তক্তা ; One of the divisions or board into which a piece of timber is cut, a pine or fir board —*v. t.* ভাগ-কৃ, বণ্টন-কৃ, To distribute, to scatter —*v i* ব্যবসায়-কৃ কারবার কৃ To traffic, to transact business —কার্য্য কৃ ভাল বা মন্দ ব্যবহার-কৃ ; To act to behave well or ill —তাস বণ্টন-কৃ, To distribute cards *Syn* —(*v*) Bestow, apportion, dispense, allot, mete out, dole out, traffic, trade, treat with, conduct one's self, behave, distribute cards *pa t* and *pa p* =dealt (delt)

Deal by—ভাল কিংবা মন্দ ব্যবহার-কৃ, Treat well or ill

Deal in—নিযুক্ত-হ কোন কিছুর সংস্রবে থাকা, Have to do with, be engaged in, be concerned in —ব্যবসায় কৃ To trade in to traffic in

Deal out—বিতরণ-কৃ, To distribute, dispense.

Deal with—(ভাল বা মন্দ) ব্যবহার-কৃ ; Treat with use well or ill —ব্যবসায়-কৃ, কারবার-কৃ ; Trade with have to do with contend with —মধ্যস্থ হইয়া বোঝা, Manage —হাতে লওয়া, Take on hand —লেখা বা উল্লেখ-কৃ, Write about.

Be dealt with—দণ্ডিত হওয়া, Be punished.

To deal understand—গোপনে কাজ করা ; To carry on business secretly.

Dealer, dēlér, *n* ব্যবসায়ী, A trader

Dealing, dēling, *n* ব্যবহার আচরণ, Practice ; conduct —ব্যবসায়, বাণিজ্য, Trade.

Dean, dēn, *n* [L *decanus,* a chief of ten—*decem,* ten] খ্রীষ্টানধর্ম্মের উপাচার্য্য ; A dignitary in cathedral and collegiate churches, who presides over the other clergy —বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ ; The president of the faculty in a college.

Deanal, *a.* Pertaining to a deanery

Deanery, dēné-ri, *n.* খৃষ্টীয় উপাচার্য্যের পদ বা অধিকার, The office of jurisdictiction of a dean .—খৃষ্টীয় উপাচার্য্যের গৃহ, The house of a dean.

Deanship, dēnship, *n.* খৃষ্টীয় উপাচার্য্যের পদ বা কার্য্য, The office of a dean

Dear, dēr, *a.* মহার্ঘ, দুর্ম্মূল্য, উচ্চ মূল্য ; High in price, costly, expensive .—প্রিয়, আদরণীয় ; অত্যন্ত আদৃত, Greatly beloved, precious ; highly esteemed —প্রিয়তম, প্রিয়পাত্র, One **dearly**

beloved ; a darling. *Syn* :—Costly, precious, expensive, high-priced, rich ; beloved, cherished, treasured, darling. *ad*=dearly. *n*=dearness.

Dear bought—বহু মূল্যে ক্রয় করা ; Purchased at a high price.

Dear me—বিস্ময়-ভয়-দুঃখ-প্রকাশক চীৎকার ; An exclamation expressive of some emotion as surprise, fear, grief, pain and the like.

Pay dear for the whistle—বহু মূল্যে কোন সুবিধা প্রাপ্ত-হ ; Get any advantage at too great a cost.

Dearth, dĕrth, *n*. দুর্মূল্যতা ; অধিক মূল্য ; Dearness, high price :—দুষ্প্রাপ্যতা ; অভাব ; Scarcity, want : —দুর্ভিক্ষ ; Famine :—অনুর্বরতা ; Barrenness.

Debar, de-bär', *v. t.* [L. *de*, from, and *bar*] বহিষ্কৃত-কৃ ; বর্জন-কৃ ; বাধা দেওয়া ; To shut out ; to exclude ; to hinder :—বঞ্চিত-কৃ ; To deprive. *Syn* :—Hinder, prohibit, prevent, exclude, shut out.

Debar from—যাহা নাই তাহা পাইতে না দেওয়া ; Not allow one to have what one does not in fact possess.

Debark, de-bärk', *v t.* or *v. i.* জাহাজ বা নৌকা হইতে নামা ; To disembark ; to land from a ship or boat.

Debarkation, Debarcation, dē-bärkāshun, *n*. জাহাজ হইতে অবতরণ ; The act of landing from a ship.

Debase, de-bās', *v. t.* [L. *de*, down, and *base*, low] নিকৃষ্ট-কৃ ; নীচ-কৃ ; To degrade :—অপকৃষ্ট দ্রব্য মিশ্রিত-কৃ ; To adulterate *n*=debasement. *a*=debasing. [দ্রব্য মিশ্রণ ; Adulteration

Debasement, *n*. হীনতা ; Degradation :—অপকৃষ্ট

Debasing, *a*. অপকৃষ্ট ; Degrading.

Debatable, de-bāt'a-bl, *a*. বিবাদযোগ্য ; বিবাদ্য ; বিতর্কনীয় ; Liable to be disputed ; disputable.

Debate, de-bāt', *n*. [Fr. *de*, and *batter*, to beat] তর্কবিতর্ক ; বাদানুবাদ ; বিবাদ ; Contention in words or argument , discussion ; dispute :—*v. t.* তর্ক-কৃ ; To contend for in argument :—*v. i.* বিচারে প্রবৃত্ত-হ ; তর্কবিতর্ক-কৃ ; To deliberate ; to join in debate. [one who debates.

Debater, *n*. তর্ককারী ; বিতর্ককারী ; A disputant ;

Debating society—আলোচনা সভা ; A society for debate and improvement in extemporaneous speaking ; society for practising discussion.

Debauch, de-bauch, *n*. অমিতাচার ; অপরিমিতাচার ; Intemperance :—লাম্পট্য , Lewdness :—*v. i.* আমোদপ্রমোদে মত্ত-হ ; To indulge in revelry :—*v. t.* দুশ্চরিত্র-কৃ ; বিপথে লইয়া যাওয়া ; To corrupt with lewdness, to mislead. *Syn* :—Deprave, vitiate, pollute ; lead astray, seduce ; ravish, violate, deflout. [rake.

Debauchee, debo-shē', *n*. লম্পট ; A libertine ;

Debauchery, de-bawcher-i, *n* লাম্পট্য , ব্যভিচার ; Sensuality ; habitual lewdness :—কর্তব্য ভ্রষ্ট করণ ; Seduction from duty :—অতিরিক্ত অমিতাচার , Excessive intemperance. *Syn* :—Intemperance, dissipation ; disoluteness , lewdness, licentiousness.

Debenture, de-bentūr, *n*. [L. *debentur*, there are due, *debeo*, to own] ঋণ-স্বীকার পত্র ; ঋণপত্র ; A writing acknowledging of a debt ; a deed of mortgage giver by railway or other companies for borrowed money.

Debilitate, de-bili-tāt, *v. t.* [L. *debilis*, weak *de*, not, and *habilis*, able] দুর্বল-কৃ ; বলহীন-কৃ ; To enfeeble , to weaken ; to enervate. *Syn* :—Enfeeble, enervate, relax, weaken, exhaust, prostrate.

Debility, de-bili-ti, *n*. দুর্বলতা ; দৌর্বল্য ; Weakness ; langour , feebleness. *Syn* :—Infirmity, inbecility, faintness feebleness, weakness, frailty.

Debit, dĕbit, *n*. [L. *debitum*, what is due, from *debeo*, to own] হিসাব-বহির খরচের দিক ; An entry on the debtor's side of an account :—*v. t.* হিসাব-বহির খরচের দিকে লিখা ; খরচ লিখা ; To charge with debt ; to enter on the debtor's side of an account.

Debt, det, *n*. ঋণ : That which is due from one person to another :—বাধ্যতা ; Obligation ; liability :—পাপ ; দোষ ; Sin, guilt. *Syn* :—Liability, obligation, due, debit ; trespass, transgression, offence, sin.

Debt of nature—মৃত্যু ; Death.

Debt of honour—বিশ্বাসপূর্ব্বক ঋণ ; A debt for which no security is given.

Bad debts—যে ঋণ সম্পূর্ণরূপে আদায় হইবার নয় ; যে কর্জ্জ পুরোপুরি আদায় হয় না ; কর্জ্জ টাকা যাহা চেষ্টা আদায় হয় না ; Debts which cannot be wholly recovered. [overwhelmed with debt.

Be involved in debt—দেনায় জড়িয়ে পড়া ; Be

Contract a debt, Incur a debt, Run into debt—ধার-কৃ ; Borrow money.

Discharge a debt—দেনা শোধ-কৃ ; Clear or pay off a debt. [নাই, তাহার বিপদ নাই ।

Out of debt, out of danger—যাহার দেনা

Pay the debt of nature—পরলোক গমন-কৃ ; Give back to nature the life we have received for her , die.

Debonair, deb-o-nār, *a*. [Fr. *de*, of, *bon*, good, *air*, appearance, manner] বিনীত ; সুশীল ; শিষ্ট ; Gentle ; complaisant ; elegant ; well-bred.

Debouch, de-boosh, *v. i.* [Fr. *de*, from, *bouche*, the mouth] সঙ্কীর্ণ স্থান হইতে বহির্গত-হ ; To march out of a narrow place, or from a defile.

Debouchure, dā-boo-shoor, *n*. নদী বা প্রণালীর মুখ ; The opening of a mouth of a river or strait.

Debris, de-brē', *n*. ভগ্নাবশেষ ; রাবিশ ; Rubbish ; ruins :—প্রস্তর-খণ্ড ; Fragments of rocks. *Syn* :—Rubbish, remains, ruins, wreck.

Debtor, *n*. ঋণী ; One who owes a debt :—হিসাব-বহির খরচের দিক ; The side of an account on which debts are charged.

Debut, de-boo', *n* [Fr, *de*, from, *but*, aim, mark] প্রথম উদ্যম ; প্রারম্ভ ; A first attempt ; a beginning :—সাধারণ সমক্ষে প্রথম উপস্থিতি ; A first appearance, as of an actor public speaker, before the public.

Decachord, dĕka-kord, *n*. প্রাচীন দশতন্ত্রী বাদ্যযন্ত্র বিশেষ ; A musical instrument, among the ancients, of ten strings.

Decade, dek'ad, **Decad,** dek'ad, *n.* [Gr. *deka*, ten] দশ ; An aggregate of ten.

Decadence, de-kādens, **Decadency,** de-kāden-si, *n.* হ্রাস ; ক্ষয় ; Decay, fall, deterioration.

Decagon, deka-gon, *n.* [Gr. *deka*, and *gonia*, an angle] দশভুজ ; A plane figure of ten sides and ten angles.

Decahedral, déka-hē'dral, *a.* দশভূমি ; Having ten sides.

Flurry, flur'i, *n.* সবেগ প্রবাহ ; দমকা বাতাস ; Gust of wind ; sudden blast :—ব্যাকুলতা ; ব্যস্ততা ; চঞ্চলতা ; Violent ; agitation ; commotion ; bustle : —*v. t.* ব্যাকুল-কৃ ; চঞ্চল-কৃ ; To agitate ; to excite. *Syn* :—(*n*) Gust, flaw, squall ; flutter, tumult, confusion, hurry.

Flush, flush, *n.* [L. *fluo,* to flow] বেগ ; কপোল রাগ ; গণ্ডদেশে রক্তপ্রবাহ হেতু রক্তিমা ; Rush ; glow ; sudden flow of blood to the face :—বেগ, আকস্মিক উত্তেজনা বা দীপ্তি ; Sudden impulse :—মুকুল ; উৎফুল্লতা ; Bloom :—প্রাচুর্য্য ; Abundance :—*v. i.* বেগে ধাবিত-হ ; To rush :—দ্রুত আগমন-কৃ ; To come in haste :—রক্তিমা বর্ণ-হ ; মুখ লাল-হ ; To become red in the face :—ব্যাকুল-হ ; To agitate : —সহসা প্রবাহিত-হ ; To flow suddenly :—হঠাৎ দীপ্তি পাওয়া ; To glow :—*v. t.* রক্তিমাবর্ণ-কৃ ; To redden :—উল্লাসিত-কৃ ; To excite with joy :—প্রক্ষিপ্ত জলে ধৌত-কৃ ; Wash with water thrown on plentifully :—*a.* প্রফুল্ল ; উৎফুল্ল ; সতেজ ; Fresh ; glowing ; full of vigour. *Syn* :—(*v*) Blush, glow ; excite, animate, elate, elevate. (*a*) Fresh, bright ; affluent, rich, wealthy ; liberal, prodigal, lavish ; level, even, plane, flat.

Flush of—প্রচুর ; Abundant ; prodigal.

Flushed with victory—জয়োল্লাসিত।

Fluster, flustėr, *n.* গোলমাল ; বিশৃঙ্খলা ; Confusion, hurry :—*v. i.* গোলমাল-কৃ ; ব্যস্ত-হ ; To bustle, to be agitated :—*v. t.* ব্যাকুলিত-কৃ ; উত্তেজিত-কৃ ; To make hot and confused. *Syn* :—Excite, heat, worry, ruffle, flurry, confuse.

Flute, flōōt, *n.* [L. *flo, flatum,* to blow] বেণু ; বাঁশী ; বংশীনালী ; A pipe, fluting :—*v. i.* বেণু বাজান ; বংশীধ্বনি-কৃ ; To play the flute.

Fluter, flōōtér, **Flutist,** flawtist, *n.* যে বংশী বাজায় ; বংশীবাদক ; A flute-player.

Fluting, flōōting, *n.* স্তম্ভগাত্রস্থ নালী ; A channel, as on a pillar, a flute.

Flutter, flutér, *v. i.* [A. S. *flotorian,* to float about] পক্ষসঞ্চালন-কৃ ; ডানা নাড়া , Flap the wings :—কম্পমান-হ , সঞ্চালিত-হ , To vibrate , to palpitate :—চঞ্চল-হ ; ব্যাকুল-হ , To agitate :—*v. t* শীঘ্র নাড়া ; To vibrate or move quickly :—কোভিত-কৃ ; বিশৃঙ্খল-কৃ ; প্রমাদ পাতিত-কৃ , To agitate, disorder, throw into confusion :—*n.* কম্পন , Vibration, motion :—চঞ্চলতা ; গোলমাল ; গোলযোগ , তাড়াতাড়ি , Agitation ; confusion , hurry :—দ্রুত অসংগত গতি ; Quick and irregular motion *Syn* :—(*v*) Hover, vibrate, quiver, flaunt disorder, (*n*) Tremor , hurry, tumult.

Fluvial, flōō'vi-al, **Fluviatic,** flōō-vi-atik *a* নদী সম্বন্ধীয় , জলাশয় জাত ; Growing or living in streams or ponds.

Flux, fluks, *n* [L. *fluo,* to flow] প্রবাহ ; Act of flowing :—পরিবর্তন ; দ্রুত পর্যায় , Change , quick succession :—নিঃসৃত পদার্থ , Matter discharged :—জোয়ার , The flow of the tide :—*v t.* দ্রব-কৃ . To melt ; to fuse *n*=fluxation *Syn* :—(*n*) Motion, flow , mutation, transition ; dysentery, diarrhœa, looseness

Bloody flux—রক্তামাশয় , Dysentry

Fluxation, fluks-āshun, *n* প্রবহণ ; নিঃসরণ , The act of passing away and giving place to another

Fluxible, fluksi-bl, *a* বিগলনীয় ; Capable of being melted. *n*=fluxibility

Fluxion, flu'kshun, *n.* প্রবাহ , Flow :—ভাসমান বস্তু , The matter that flows :—স্রাব ; নিঃসরণ , Discharge :—পরিবর্তনশীলতা ; A difference or variation.

Fly, fli, *v. i.* উড়িয়া-যা , উড্ডীয়মান-হ ; Move through the air with wings :—শীঘ্র গমন-কৃ , Move rapidly like a bird :—পলায়ন-কৃ ; To flee :—বিদীর্ণ হ , To part, burst in pieces :—গত-হ , To pass away :—পক্ষসঞ্চালন-কৃ , To flutter, to vibrate :—*v t.* পরিহার-কৃ , পরিত্যাগ-কৃ ; To avoid, flee from :—উড্ডীন-কৃ , উড়ান , To cause to fly, as a kite :—*n* মক্ষিকা , মাছি , Flying insect :—যান বিশেষ , A kind of light carriage :—বস্ত্রাদির চক্র বিশেষ , A fly-wheel. *Syn* :—(*v*) Mount, soar, hover , wave ; undulate , pass, slip, glide, elapse , escape, decamp, abscond , explode, be scattered

Crush a fly on a wheel—মশা মারিতে কামান পাতা ; Same as, to crack a nut with a steam hammer.

Fly about—ইতস্ততঃ উড়িয়া-যা , Fly from place to place

Fly at—আক্রমণ-কৃ , আক্রমণার্থ মহাবেগে ধাবমান-হ ; Rush or fall on suddenly , attack ; spring towards one, rush on one.

Fly away—পলায়ন-কৃ ; Depart ; escape.

Fly away with—লইয়া যাওয়া ; Carry off.

Fly back—প্রত্যাগমন-কৃ , Return.

Fly back from—প্রত্যাহার-কৃ , Retract.

Fly off, Fly off from—পলায়ন-কৃ ; Diverge ; escape :—রাজবিদ্রোহাচরণ-কৃ ; Revolt.

Fly in the face—তুচ্ছ-কৃ ; অপমান-কৃ ; Act in defiance of ; insult.

Fly in the face of danger—বিপদের সম্মুখীন-হ ; To run rashly into danger.

Fly into a passion—হঠাৎ ক্রুদ্ধ-হ ; Become suddenly angry.

Fly low—স্থিরভাবে থাকা ; Keep quiet so as to escape observation.

Fly off at a tangent—উত্তেজিত-হ ; To be excited or hasty in action.

Fly on or upon—আক্রমণ-কৃ ; Attack.

Fly open—বলপূর্বক খোলা ; Open suddenly or with violence.

Fly out—বেগে ধাবিত-হ , Rush out :—ক্রোধান্বিত-হ ; ক্রুদ্ধ হ , Burst into anger ; burst into a passion.

Fly round—শীঘ্র ঘোরা , Move round swiftly.

Fly to—যাওয়া ; আপিল-কৃ , Go to , appeal to

Let fly—ছাড়া , Discharge.

The fly on the coach wheel—One who fancies himself of mighty importance, who in reality is of none at all.

Fly-boat, fli'bōt, *n.* দ্রুতগামী নৌকা , ডিঙ্গি , A long, narrow boat used on canals :—বোলে , A light canal boat. [The egg of a fly.

Fly-blow, fli'blō, *n.* মক্ষিকার ডিম্ব, মক্ষিকার অণ্ড ;

Fly-blown, fliblōn, *a.* মক্ষিকার দূষিত , Tainted with the eggs that produce maggot .

Fly-catcher, fli'kacher, *n.* মক্ষিকা-ভুক্ পক্ষী-বিশেষ , What catches flies , a bird

Fly-fish, fli'-fi h, *v. i.* মক্ষিকা দিয়া মৎস্য ধৃত-কৃ ; মাছির টোপে মাছ-ধ্ব ; Angle for fish with a fly *n*=fly-fishing.

Fly-leaf, fli'lēf, *n.* পুস্তকের আরম্ভ ও শেষে অক্ষর শূন্য পত্র , পুস্তকের অতিরিক্ত সাদা পত্র , A blank leaf at the beginning and end of a book.

Fly-wheel, fli'hwēl, *n.* গতি নিয়ামক চক্র , যন্ত্রের অতিরিক্ত চক্র বিশেষ , Wheel to equalise motion , a heavy wheel in machinery to equalise the effect of the moving power.

Flying-bridge, *n.* Temporary bridge.

Flying-camp, *n* Temporary camp.

Flying-colours, *n* জয় , Triumph

Flying-fish, fli'ng-fi-h, *n* মৎস্য বিশেষ , উড্ডীয়মান মৎস্য , A kind of fish , a fish which can leap from the water and sustain itself in the air for a short time by its long pectoral fins as if flying

Flying report or rumour—জনশ্রুতি ; A current story passing from one person to another.

Flying-squirrel, fli'ing-skwir'el, *n.* উড্ডীয়মান কাঠবিড়াল , লম্ফপ্রদানসমর্থ কাঠবিড়াল ; A leaping squirrel.

Come off with flying colours—জয়ী-হ ; Conclude an undertaking in triumph , to be successful or triumphant.

No flying without wings—সাধন বিনা সিদ্ধি লাভ হয় না , Nothing can be done without the proper means.

Foal, fōl, *n.* অশ্বশাবক ; গর্দভশাবক ; Colt or filly ; the young of a she-ass :—*v. t.* and *v i* (অশ্বশাবক বা গর্দভশাবক) প্রসব কৃ , To bring forth a colt or filly.

Foam, fōm, *n* ফেনা, Froth, spume —*v i* ফেনা উঠা, ফেনময়-হ, To gather foam, to form foam —ক্রোধান্বিত-হ, কুপিত-হ, To be in a rage —*v t* ফেনিল-কৃ, সবলে সক্রোধে নিক্ষেপ-কৃ, To cause to foam, to throw out with rage or violence *ad*=foamingly *a*=foamless. *Syn* —Spume, froth, spray.

To foam at the mouth—ক্রোধে উন্মত্ত-হ, To be beside one s self with rage

Foamy, fōmi *a* সফেন ফেনময়, Frothy.

Fob, fob, *n* ঘড়ি রাখিবার জেব বা ছোট পকেট, A little pocket for a watch —*v t* প্রতারণা-কৃ, To cheat [put aside

Fob off—ভুলে রাখা To shift off by an artifice

Focal, fō'kal, *a* কেন্দ্রীয়, কেন্দ্রসম্বন্ধীয়, Belonging to a focus [a *focus*, to concentrate

Focalise, fō'kal-iz *v t* কেন্দ্রগত-কৃ, To bring to

Focus, fō kus, *n* [L *focus*, a hearth] কেন্দ্রস্থল কেন্দ্র, Point where rays meet in or through a lass, any central point —*v t* কেন্দ্রীভূত কৃ, To b ng to a focus *n pl*=Focuses foci (fō'si)

Fodder, foder *n* [A S *foda*, food] পশুর আহার দ্রব্য, পশুর (তৃণাদি) খাদ্য, Dry food for cattle —*v t* পশুকে আহার-দে, তৃণাদি প্রদান-কৃ, To feed cattle with dry food

Foe, fō *n* [A S *fā fāh*, from *flogan* to hate] শত্রু, বিপক্ষ, An enemy *Syn* —Antagonist, adversary, opposer, opponent

Foeman, fō man *n* সাময়িক শত্রু, যুদ্ধে প্রতিপক্ষ, শত্রু, An enemy in war

Foetus—See fetus

Fog, fog *n* কুজ্ঝটিকা, Thick mist —*v t* কুজ্ঝটিকাচ্ছন্ন কৃ, To envelop as, with fog

Fog, fog **Foggage**, fog aj *n* প্রথম ছেদনের পর বৃদ্ধিপ্রাপ্ত তৃণ, After grass, grass that grows in autumn after the hay is cut

Fogbank, fog'bangk, *n* উন্নততলভাগবৎ পরিদৃশ্যমান সমুদ্রোত্থিত বাষ্পরাশি, A dense mass of watery vapour sometimes seen at sea appearing like a bank of land

Fog-signal, fog'sig'nal *n* কুজ্ঝটিকাকালে ব্যবহৃত শব্দ-সঙ্কেত An audible signal used during a fog when visible signals cease to be of use

Foggy, fogi *a* কুজ্ঝটিকাচ্ছন্ন কুজ্ঝটিকাময় আর্দ্র, Misty, cloudy, damp —অস্পষ্ট হীনপ্রভ Dull obscure *ad*=foggily, *n*=fogginess *Syn* —Hazy, dazed, confused stupid

Fogy, fō gi, **Fogie Fogey**, *n* অক্ষম ও অকর্মণ্য বৃদ্ধ ব্যক্তি; নির্বোধ বৃদ্ধ, সেকেলে বুড়ো, A dull old fellow, a person behind the times, one with antiquated nations [contempt, fie

Foh, fō *n* ছি, অবজ্ঞাসূচক ধ্বনি, Exclamation of

Foible, foibl, *n* [O Fr *foible* weak] দুর্বলতা, ত্রুটি; Failing moral weakness infirmity, defect *Syn* —Fault, imperfection, infirmity frailty, failing

Foil, foil *n* [F *fouler*, to tread under one s feet] ভঙ্গ, বিফলতা পরাভব, Defeat balk, miscarriage —অতীক্ষ্ণ অসি, ভোঁতা তলওয়ার, A blunt sword (used in fencing) —দর্পণস্থ পারদ, Quick silver on a looking glass —*v t* বিফল কৃ, নিষ্ফল-কৃ, ব্যর্থ-কৃ, হতবুদ্ধি-কৃ, নিরাশ-কৃ, To frustrate, to disappoint, to defeat, to puzzle. *Syn* —(*v*) Baffle, balk, counteract.

Foil, foil *n* [L *folium*, a leaf] ধাতুর পাত, Thin leaf, plate of metal —শোভা বর্দ্ধন, Any thing which serves to set off some thing else.

Be the foil to one—শোভা বর্দ্ধক হ, গুণ বর্দ্ধক হ, Serve the purpose of setting off one s powers to advantage

Foist, foist, *v t* [F *fausser*, to falsify] প্রক্ষেপ-কৃ, (মিথ্যাকে) সত্য বলিয়া চালান, Insert surreptitiously, introduce fallaciously, to interpolate

Fold, fōld, *n* [A S *fealdan*, to fold] ভাঁজ, মোহারা, Double, a doubling of any flexible substance —মেষশালা, খোঁয়াড়, Pen for sheep —মেষদল মেষের পাল; A flock of sheep —খৃষ্টীয় ধর্ম-মন্দির, ভজনালয়, The church —গুণ, Times or repetition —আলিঙ্গন, Embrace —*v t* ভাঁজ-কৃ, আবদ্ধ কৃ, To lay one part over another double —আবদ্ধ কৃ, To shut up —*v i* ভাঁজ-হ, আবদ্ধ-হ, To become folded or double —*ad* গুণ, বার, Times, as in *Twofold Syn* —(*v*) Enfold, inclose, wrap, envelop, double

Fold one's arms—নিশ্চেষ্ট-হ, Remain inactive.

Foldage, fōldaj *n* মেষাদি আবদ্ধ করিবার অধিকার, The right of folding

Folding, fōlding, *a* ভাঁজের যোগ্য, Capable of being folded or doubled —*n* ভাঁজ, মেষাদি আবদ্ধ করণ, A fold or plait, the keeping of sheep in inclosures on arable land

Foliaceous, fō-li-ā'shus, *a* [L *folium*, a leaf] পত্রবৎ পত্রযুক্ত, Belong to or having the form of a leaf

Foliage, fō'li-āj *n* [L *folium*, a leaf] পল্লব, পত্রসমূহ, Cluster of leaves *a*=foliaged

Foliaged, fō li-ājd, *a* পত্রগুচ্ছাকারে রচিত, Worked like foliage

Foliate, fō'li-āt *v t* দস্তার পারা মাখান, ধাতব পাতে আচ্ছাদিত কৃ, To spread over with a thin coat of tin and quick silver, to cover with leaf metal [of plates or thin layers

Foliated, fō'li āt-ed, *a* স্তর রচিত, Consisting

Foliation, fō-li āshun *n* পিটিয়া পাত করা, পাতা কারে রাখা, The act of beating into a thin plate

Foliferous, fo-lif er us *a* [L *folium*, a leaf, and *fero*, to bear] পত্রোৎপাদক, Producing leaves

Folio, fō'li-ō *n* [L *folium* a leaf] ভাঁজ করা কাগজ, উক্ত কাগজের বই, Leaf of a book, page book of sheets once doubled, a sheet of paper once folded —হিসাব বহির এক পাতা A page in an account book —*a* এক ভাঁজের কাগজ ঘটিত, Pertaining to or formed of paper folded but once

Foliole, fō li ōl *n* [L *folium*, a leaf] খণ্ড পত্র One single leaf of a compound leaf

Folious, fō li us, *a* পত্রময়, পত্রবৎ সূক্ষ্ম, Leafy, thin like a leaf

Folk, fōk, *n* লোক, জনসাধারণ, ব্যক্তি বিশেষ, Mankind, people in general, a nation, the people certain people

Folkland, fōkland, *n* সাধারণ ভূমি (সরকারী জমি Land granted to private persons by a written charter.

Folk lore, *n.* কোন পরম্পরাগত উপাখ্যানিক জ্ঞান; প্রাচীন রীত্যাদির জ্ঞান; Knowledge of popular tales and legends.

Folk mote—জনসভা; গ্রামসমিতি; An assembly of the people.

Follicle, foli-kl, *n* বীজকোষ; বীজাধার; Seed vessel; a gland.

Follow, folō, *v t* [A S. *folian,* to move or walk behind] অনুসরণ-কৃ; সঙ্গে সঙ্গে যাওয়া; অনুগমন-কৃ; To go after or behind; to pursue :—অনুকরণ-কৃ; To imitate :—পালন-কৃ; To obey :—উৎপন্ন-হ; To result from :—দেখা; লক্ষ্য-কৃ, To watch, as a receding object :—অর্থ গ্রহণ-কৃ, To understand the meaning, connection or force :—পাইতে চেষ্টা-কৃ; To strive to obtain :—অনুশীলন-কৃ; To attend upon closely as a profession :—*v. i* পশ্চাদ্গামী-হ; অনুগমন হওয়া; উৎপন্ন হওয়া; To come after another; to go after another; to result. *Syn* :—Succeed, come next; chase; attend, accompany; heed, observe; seek, cherish, cultivate; imitate, copy; ensue, result, proceed, arise, flow, issue.

Follow about—অভ্যাস-কৃ, অনুশীলন-কৃ; Attend closely.

Follow after—পরবর্ত্তী-হ; Ensue, succeed.

Follow from—উৎপন্ন-হ, Result from.

Follow in the foot steps of—অনুকরণ-কৃ, To imitate; to copy after; to take as an example.

Follow in the train or **wake of**—সঙ্গে সঙ্গে আসা, পিছু পিছু আসা; পশ্চাদ্বর্ত্তী হওয়া, Succeed; come along with.

Follow on, Follow upon—পশ্চাদ্বর্ত্তী-হ; Succeed:—একাদিক্রমে চেষ্টা-কৃ; Continue endeavours

Follow one's nose—ঠিক সোজা-যা; Go straight on :—পরিণাম না ভাবিয়া কার্য্য-কৃ; Go on and on without any direction or thought of consequences.

Follow out—নির্ব্বাহ-কৃ; Accomplish :—তন্ন তন্ন করিয়া অনুসন্ধান-কৃ; Trace or ascertain to the end

Follow suit—অনুকরণ-কৃ; একই ভাবাপন্ন-হ, অন্যের দৃষ্টান্তানুগামী-হ; Imitate, follow the example of others; behave in the same manner.

Follow up—অনুধাবন-কৃ; শত্রুপক্ষকে কতকটা পরাভব করিয়া আরও জয়ের আশা করা; Pursue closely; make the most of a victory or advantage gained by pursuing (an enemy) :—কাজে লাগান, Improve, as to follow up the advantage.

Follower, folō-ér, *n.* শিষ্য; সহচর; অনুচর; অনুকরণকারী; A disciple; a companion; an imitator, a copier. *Syn* :—Dependent, attendent, retainer, associate; adherent, partisan.

Following, folō-ing, *a.* পশ্চাদ্বর্ত্তী; Coming next after :—*n.* অনুযায়িবর্গ; Body of followers.

Folly, foli, *n.* [Fr. *fol,* foolish] মূর্খতা; নির্ব্বুদ্ধিতা; Foolishness; foolery. *Syn* :—Imbecility, fatuity, stupidity, dulness; absurdity, extravagance, imprudence, nonsense.

Foment, fo-ment', *v. t.* [L. *foveo,* to warm] সেক-দে; তপ্ত জলে সেঁক-দে; তাপ-দে; To cherish with heat; to bathe with warm water :—উত্তেজিত-কৃ; To excite; to abet; to encourage. *n*= fomentation, fomenter. *Syn* :—Abet, stimulate

Fomentation, fo-men-táshun, *n.* উষ্ণ জলে সেক দেওন; A bathing with warm, medicated water; a lotion applied hot :—উত্তেজন; Encouragement.

Fond, fond, *a.* [O. Eng. *fonne,* to be foolish M. E. *fon,* a fool.] আসক্ত; অনুরাগী; অত্যন্ত স্নেহপরায়ণ; Foolishly tender and loving; weakly indulgent; very affectionate. *n*=fondness, *ad*= fondly. *Syn* :—Weak, indiscreet, trifling; foolishly tender, doting, indulgent; long ardently.

Fond of—অনুরাগী; Relishing highly.

Fondle, fondl, *v. t.* আদর-কৃ; সোহাগ-কৃ; To caress; to treat with tenderness. *Syn* :—Dandle, pet.

Fondling, fondling, *n.* ভালবাসার ব্যক্তি বা বস্তু; প্রেমপাত্র; সোহাগের পাত্র; A person or thing fondled or caressed; favourite.

Font, font, *n.* উৎস; কুণ্ড; Baptismal vessel; fount; basin.

Font, font, **Fount,** fownt, *n.* মুদ্রাক্ষর; An assortment of types.

Taken to the font—খৃষ্টীয় ধর্ম্মে দীক্ষিত-কৃ; Baptised.

Food, fōōd, *n* খাদ্য দ্রব্য; ভক্ষ্য সামগ্রী; Eatables; victuals :—পোষণ; পোষক; পরিবর্দ্ধক; Anything that sustains, nourishes and augments. *a*= foodless. *Syn* :—Ailment, sustenance, nutriment, feed, fare, victuals, provisions.

Food and raiment—গ্রাসাচ্ছাদন।

Food for powder—সৈনিক-পুরুষ; Soldier.

Forbidden fruit—অভক্ষ্য।

Fool, fōōl, *n.* [F. *fol, fon,* foolish] নির্ব্বোধ; মূর্খ, One wanting in understanding, an idiot :—ভাঁড়; A jester :—দুষ্ট ব্যক্তি; A silly or wicked person :—*v. t.* প্রতারণা-কৃ; To deceive, to cheat :—*v. i.* মূর্খের মত কার্য্য-কৃ, তুচ্ছ-কৃ; To play the fool, to act like a fool, to trifle. *Syn* :—(*n*) An idiot, a natural, simpleton, dunce, jester, buffoon, clown, antic, mountebank.

Every man hath a fool in his sleeve—কেহ সকল সময়ে জ্ঞানী থাকে না; No one is always wise

Form fool—যে আপনাকে হাস্যাস্পদ করে; A person who makes himself ridiculous.

Fool away—অপচয়-কৃ, Lavishly spend in trifles, idleness.

Fool's-errand, fōōlz-er'and, *n.* অশক্য কর্ম্মের উদ্যোগ; বামনের চাঁদ ধরা; দুর্লভ বিষয়ে চেষ্টা; বেফয়দা কাজ; A silly or fruitless enterprise; the pursuit of what cannot be found, a foolish errand, an errand on which one would send a fool; search for what cannot be found; an foolish and profitless adventure.

Fool one to the top of one's bent—আচ্ছা করে বোকা বানান; Fool as much as possible :—যতদূর হইতে পারে কাহারও খেয়াল তুষ্ট করা; Humour one to the utmost possible extent.

Fool out of—বঞ্চিত-কৃ; Cheat.

Fool's paradise—নির্ব্বোধের স্বর্গ; Place of vain delights.

Fool with—প্রতারণা-কৃ; Delude; balk.

Fools build houses, and wise men buy them—জ্ঞানীরা নির্ব্বোধের অমিতাচারের ফল ভোগ করে; Wise men reap the benefit of the extravagance of the foolish.

Fools give feasts and wise men eat them—মূর্খেরা খাওয়ায়, জ্ঞানীরা খায়।

Make a fool of one—হাস্যাস্পদ-কৃ; কাহাকে

আহাম্মক বানান ; বোকা বানান ; নির্ব্বোধ সাজান ; Cause one to appear ridiculous.

Play the fool—মূর্খের মত কার্য্য-কৃ ; Act like a fool.

To have fool for one's client—নিজে নিজের ওকালতী করা বাতুলতা মাত্র, It is very foolish for any one to plead his own cause, before a court.

Foolery, fōōlėr-i, *n.* নির্ব্বুদ্ধিতা ; মূর্খতা ; Habitual folly, absurdity.

Foolhardy, fōōlhär'di, *a.* দুঃসাহসিক ; অন্যায় সাহসী ; হঠকারী ; গোঁয়ার ; Foolishly bold ; madly rash. *n* =foolhardiness. *Syn* :—Rash, venturesome, precipitate, headlong, incautious, reckless.

Foolish, fōōlish, *a.* মূর্খ ; নির্ব্বোধ ; হাস্যাস্পদ ; Weak in intellect ; wanting discretion ; ridiculous ; sinful. *n*=foolishness, *ad*=foolishly. *Syn* :—Absurd, shallow-brained, brainless, simple, irrational, idiotic, senseless, nonsensical ; unwise, absurd, indiscreet, incautious, vain, trifling

Foolscap, fōōlzkap, *n.* একপ্রকার কাগজ, A long folio paper about 13 by 16 inches.

Foot, foot, *n.* পদ ; That part of the body of an animal on which it stands or walks :—পদমূল ; পদতল, The base :—পরিমাণ বিশেষ, A measure consisting of 12 inches :—পদাতিক সৈন্য ; Foot-soldiers —চরণ, ছন্দের পাদ, A division of a line of poetry —*v. t.* পদাঘাত-কৃ, চরণে দলিত-কৃ, To kick, to tread —*v. i.* নৃত্য-কৃ, তালে তালে নাচা, গমন-কৃ ; পদব্রজে গমন-কৃ, To dance, to walk, tread to measure or music. *Syn* :—(*n*) Paw, base, bottom, foundation ; step, pace, infantry

At the foot of—তলায় ; পাদদেশে. At the base of

Be on foot—চলিতেছে, Be in process of execution ; be in progress.

By foot or **on foot**—হাঁটিয়া, By walking.

Foot a bill—Pay a bill.

Foot it—গমন কৃ, To walk on.

Foot to foot—শত্রুভাবে ; In a hostile attitude.

Go on foot—পদব্রজে-যা ।

Have the measure of one's foot—কাহারও মনের দৌড় জানা ; Know the exact calibre of one's mind.

On foot—পাওতলে ; By walking (without carriage) —দাঁড়িয়ে দাঁড়িয়ে, Not on horseback

Put one's best foot or **leg forward**—কায়মনোবাক্যে চেষ্টা-কৃ, Make one's best endeavours or exertions. [land in.

Set foot in, Set foot on—পদার্পণ-কৃ, Come to,

Set on foot—আরম্ভ-কৃ, Put in motion, start ; commence. [Be familiar with any work

Set one's foot in—কোন কার্য্য বিশেষরূপে জ্ঞাত-হ,

With one foot in the grave—মৃতকল্প, On the verge of grave.

Foot-ball, foot'bawl, *n.* ক্রীড়া বিশেষ ; এক প্রকার ফাঁপা বল ; An inflated ball, to be kicked about in sport : sport of kicking ; sport with this ball.

Foot-boy, foot'boy, *n.* ভৃত্য ; সামান্য অনুচর বা ভৃত্য ; A serving lad ; an attendant in livery.

Foot-bridge, foot'brij, *n.* ক্ষুদ্র পোল ; যাত্রীদিগের জন্য সঙ্কীর্ণ সেতু ; A narrow bridge for foot-passengers only.

Foot-fall, foot'fawl, *n* পদবিক্ষেপ ; পদক্ষেপ, A foot-step, tread of the foot.—পদস্খলন, A misstep.

Foot-guards, foot'gärdz, *n. pl.* পদাতিক সৈন্য ; পদাতিক রক্ষিদল ; The soldiers that serve on foot ; guards of infantry.

Foot-hold, *n.* যাহার উপরে নিরাপদে পা রাখা যায় ; পদস্থাপন স্থান ; That which sustains the foot ; that on which one may tread securely ; space for the feet to stand on. [servile flatterer.

Foot-licker, *n.* তোষামোদকারী ; চরণ-সেবক ; A

Foot-light, foot'-lit, *n.* নাট্য-মন্দিরাদির আলোক ; One of a row of lights in front of the stage in a theatre, &c., and on a level therewith.

Foot-man, foot'-man, *n.* পদাতিক সৈন্য ; Foot-soldier ; a soldier who marches and fights on foot.—ভৃত্য, A male servant who attends the door, carriage, stable &c. :—সামান্য ভৃত্য ; Waiter in livery ; a servant in livery. *n. pl*=footmen.

Foot-mark, Footprint, foot'märk, foot'print, *n* পদচিহ্ন, Mark or print of a foot, track

Foot-note, *n* পৃষ্ঠার নিম্নের টীকা ; A note of reference at the foot of a page.

Foot-pad, foot'pad, *n.* দস্যু ; স্থলপথ দস্যু ; A highway man or robber on foot ; a robber on foot, who frequents public roads.

Foot-passenger, foot'pasėn-jer, *n.* পথিক ; One who travels on foot.

Foot-rot, foot'rot, *n.* মেষের পায়ে ঘা, মেষের পায়ের ক্ষত, Ulcer in the feet of sheep.

Foot-rule, foot'rōōl, *n.* এক ফুট ; পরিমাণ বিশেষ ; A measure twelve inches in length, a 12th inch measure.

Foot-soldier, foot'sōljėr, *n.* পদাতিক সৈন্য ; One serving on foot, a soldier that serves on foot.

Foot-sore, *a.* Having tender or sore-feet as from much walking.

Footstall, foot'stawl, *n.* স্ত্রীলোকের (ঘোড়ায় চড়িবার) রেকাব, A woman's stirrup.

Foot-step, foot'step, *n.* পদবিক্ষেপ ; পদচিহ্ন ; পথ-নির্দ্দেশ ; Mark of the foot, track ; visible sign of a course pursued. *Syn* :—Footprint, footmark, trace, token, mark, vestige, sign.

Footsteps, foot'steps, *n. pl.* গতি ; পথ ; দৃষ্টান্ত ; Course ; example.

Tread in the foot-steps—কাহারও দৃষ্টান্ত অনুকরণ-কৃ ; Imitate the example of.

Foot-stool, *n.* পাদ-পীঠ ; Stool for the foot.

Footing, foot'ing, *n.* পাদবিক্ষেপ স্থান ; পদস্থাপন স্থান, মূল, Ground for the foot, place for the foot to rest on ; firm foundation to stand on :—আপেক্ষিক অবস্থা, Relative condition :—পদবিক্ষেপ ; Footstep :—অবস্থিতি ; Position :—নৃত্য ; Dance :—সূতার ফিতা, Plain cotton lace. *Syn* :—Basis, foundation, ground-work ; standing, status, position, condition ; settlement, establishment, stable position, addition, summation, sum total.

Be on good footing with the world—সংসারে মিত্রভাবে চলা ; Stand well with the world.

Gain footing, *n.* অধিকার প্রাপ্ত-হ ; Obtain possession of something which is to form the basis of future operations.

Make good one's footing—অধিকার দৃঢ়রূপে স্থাপন-কৃ ; স্বীয়পদ স্থায়ী (কায়েমী) করিয়া লওয়া ; Establish firmly or securely one's position.

On a footing with—সমাবস্থায় ; In a like condition or state with.

Fop, fop, *n.* [Dut. *foppen*, to cheat, mock] পরিচ্ছদাভিমানী ; ফুলবাবু ; Coxcomb ; dandy. *Syn* :—Puppy, prig.

Fopling, fop'ling, *n.* সামান্য ফুলবাবু ; A petty fop.

Foppery, fop'ér-i, *n.* বাবুগিরি ; বেশভূষাপ্রিয়তা ; পরিচ্ছদের আড়ম্বর ; Vanity in dress or manners ; affectation ; coxcombry ; folly.

Foppish, fop'ish, *a.* বেশভূষা-প্রিয় ; খোস-পোষাকী, আড়ম্বরপ্রিয় ; Vain of dress ; ostentatious in dress ; affected in manners. *ad*=foppishly, *n*=foppishness. *Syn* :—Finical, spruce, dandyish, dandified, coxcombical, dressy.

For, for, *pre.* জন্য ; On account of :—বদলে ; পরিবর্তে, Instead of ; in the place of :—তত্রাচ, সত্বেও ; In spite of :—অনুরোধ, জন্য : সাপক্ষ, For the sake of ; in favour of :—অভিমুখে : Toward, in the direction of :—হইয়া ; As being :—উপকারার্থে ; Beneficial to :—সম্বন্ধে : As for :—অনুসন্ধানার্থ ; সন্ধানে : In quest of :—ব্যাপিয়া : During :—পুরস্কারার্থ ; ক্ষতিপূরণে : In recompense of :—*conj.* জন্য ; যেহেতু ; Because, since, on this account ; by the reason that.

As for—বলিতে গেলে ; সম্বন্ধে ; পক্ষে ; So far as concerns.

For a dead certainty—নিশ্চয়ই ; Assuredly : without a doubt

For a song—ভারি সস্তা ; Very cheaply

For an age—অধিক দিন ব্যাপিয়া ; A long time.

For all—সত্বেও ; Notwithstanding.

For all the world—কোন কারণেই ; For any consideration whatever.

For all that—তৎসত্বেও ; তথাপি, In spite of, notwithstanding all that has taken place.

For as much, for'az-much, *conj.* যেহেতু ; Because that.

For as much as—যেহেতু, Because.

For aye—চিরকালের জন্য ; Always ; eternally.

For ever, for-ev'er, *ad* চিরকালের জন্য, অনন্তকাল পর্যন্ত, অনন্তকাল ব্যাপিয়া ; For all time to come, to eternity ; through endless ages

For ever and a day—সকল সময়েই ; At all times

For good—স্থায়ীরূপে ; Permanently

For life—আজীবন ; যাবৎ জীবনের জন্য ; As long as life lasts.

For many a long day—অনেক দিন ব্যাপিয়া, Through many days

For ought I know—যতদূর আমি জানি ; Nothing that I know is against it ; as far as I know.

For ought one knows—যতদূর একজন জানে, One does not know to the contrary ; as far as one knows.

For shame—লজ্জিত হওয়া উচিত ; You should be ashamed

For the better—ভালর জন্য ; Resulting in a better condition of affairs.

For the most part—সাধারণতঃ ; Generally.

For the nonce—এখনকার জন্য ; For the present time or purpose.

For the purpose of—এই অভিপ্রায়ে ; In order that ; with the view.

For the sake of—জন্য ; On account of.

For the time being—এখনকার জন্য ; For the present.

For the worse—মন্দের জন্য ; Resulting in a worse condition.

For to—অভিপ্রায়ে ; In order to.

I for one—আমার নিজের কথা বলিলে ; As far as I am concerned.

Were it not for—যদি তাহা না হইত তাহা হইলে ; যদি এরূপ হইত তাহা হইলে ; If it were not for.

Forage, for'aj, *n.* ঘাস ; অশ্বাদির খাদ্য ; Food for cattle :—খাদ্যদ্রব্যাদির অনুসন্ধান ; খাদ্যান্বেষণ ; আহার সংস্থান ; Search of provisions ; the act of providing food :—*v. i.* খাদ্যদ্রব্যাদির অনুসন্ধানার্থ গমন-কৃ ; বলপূর্বক অশ্বাদির খাদ্য সংগ্রহ-কৃ ; Wander in search of provisions or plunder ; to wander about and forcibly carry off food for horses and cattle :—*v. t.* লুণ্ঠন-কৃ ; লুঠ-কৃ : To plunder. *n*=forager.

Foraging party—লুণ্ঠনার্থ প্রেরিত দল ; A party sent out for forage.

Foramen, fo-rá'men, *n.* [L. *foro*, to pierce] ছিদ্র ; A hole ; a little opening ; a small opening.

Foraminated, fo-rami-nat-ed, **Foraminus,** fo-rami-nus, *a* সছিদ্র ; Having small holes ; porous.

Foray, Forray, for'a, *n.* আকস্মিক আক্রমণ ; আক্রমণ, A sudden incursion into an enemys country ; a raid. *Syn* :—Inroad, irruption, hostile incursion.

Forbade, for-bad, *pa t.* of *forbid.*

Forbear, for-bar', *v. i.* নিবৃত্ত-হ ; বিরত-হ ; দূরে থাকা, To refrain from proceeding ; to abstain ; to hold or keep away :—অস্বীকার-কৃ ; To refuse, decline :—*v. t.* বিরত থাকা ; ত্যাগ-কৃ ; To abstain from ; avoid voluntarily :—সহ্য-কৃ ; To bear with ; (কোন কাজ) না করা ; To withhold. *Syn* :—(*v*) Cease, suspend, desist, stay, break off ; refrain ; shun, decline, avoid ; omit ; bear with, indulge, spare.

Forbearance, for-bēr'ans, *n* তিতিক্ষা, ক্ষমা ; দয়া ; সহিষ্ণুতা ; নম্রতা ; Exercise of patience ; command of temper ; clemency ; mildness. *Syn* :—Abstinence, refraining, avoidance ; lenity, patience, indulgence, long-suffering.

Forbearing, for-bār'ing, *a.* সহিষ্ণু ; ধৈর্য্যশীল ; Patient. *ad*=forbearingly.

Forbid, for-bid, *v t.* নিষেধ-কৃ ; To prohibit ; to command not to do ,—*v. i.* বাধা-দে ; To utter a prohibition ; prevent. *Syn* :—Interdict, inhibit ; disallow, hinder

God forbid—ঈশ্বর না করুন। unlawful.

Forbidden, for-bidn, *a* নিষিদ্ধ ; Prohibited ;

Forbidden fruit is sweet—People are apt to relish much, what they are forbidden to have.

Forbidding, for-biding, *a.* অসন্তোষজনক ; বিরক্তিজনক ; ঘৃণাজনক ; Repulsive, disagreeable. *Syn* :—Unpleasant, displeasing, offensive, odious, abhorrent.

Force, fōrs, *n.* শক্তি ; বল ; ক্ষমতা ; Strength ; power, might :—অত্যাচার ; Violence :—প্রভাব ; Vehemence :—গুণ ; Efficacy ; virtue :—বেগ ; Momentum :—বুঝাইবার শক্তি ; Power to persuade or convince :—*pl.* (রাজ্যের) বল ; সেনা ; সৈন্যগণ ; Military or naval strength ; troops :—অলঙ্কার ; An ornament :—*v. t.* বলপূর্বক টানা ; সবলে আকর্ষণ-কৃ ; To draw or push by main strength :—বাধ্য-কৃ ; To compel ; to constrain :—বলপূর্বক অধিকার-কৃ, বলপূর্বক গ্রহণ-কৃ ; To take by force, to storm :

—বলাৎকার-কৃ, Ravish :—Reinforce :—অভিভূত-কৃ : To overpower :—চালিত-কৃ, To cause to move :—শীঘ্র শীঘ্র বর্দ্ধিত বা পক্ক-কৃ, To cause to grow or ripen rapidly *Syn* —(*n*) Vigour, energy, potency, cogency, validity, agency, compulsion, co-action, coercion, impulse, stress, emphasis (*v*) Constrain, oblige, necessitate, compel, coerce, drive, urge, impel, press, deflower, violate

Force, fōrs, *v t* মৎস্যাদির পুর দেওয়া, To stuff, as a fowl.

Force, fōrs, **Foss,** foss, *n* জলপ্রপাত A waterfall

Armed force—সৈন্যগণ, A body of soldiers

Brute force—আসুরিক বল।

Come into force—জারি হওয়া, Become law

Force a passage—বলপূর্ব্বক রাস্তা-কৃ, Make way by force

Force down—বলপূর্ব্বক নীচে নামান, Depress

Force from—বলপূর্ব্বক লওয়া, Extort, wrest

Force in—ভিতরে প্রবেশ করান, Drive in.

Force on (one)—জোর করিয়া ঘাড়ে চাপান, Thrust on or

Force open—ভাঙ্গিয়া খোল, Break open

Force out—বহিষ্কৃত-কৃ, Drive out —বলপূর্ব্বক লওয়া Extort by force

Force through—বলপূর্ব্বক প্রবেশ-কৃ, Get through

In force or of force—চলিত জারি, Valid, of full virtue current, not suspended or reversed

Put in force—চলিত কৃ, জারি-কৃ Enforce.

Forced, fōrst, *a* কৃত্রিম, অস্বাভাবিক, Artificial, unnatural —যত্ন দ্বারা সাধিত, কষ্টসিদ্ধ, Effected by labour

Forceful, fōrs'fool, *a* বলবান, শক্ত, Full of might, driven or acting with force or might. *ad*=forcefully

Forceless, fōrs'les *a.* বলহীন, Weak.

Force-pump, fōrs'pump, **Forcing-pump,** *n* জল তুলিবার কল, জল তোলা দমকল, Engine for raising water ; a pump which throws water to a distance through a side-pipe

Force-meat, fōrs'meat, *n* উত্তমরূপে পাক করা মাংস Meat minced and stuffed, meat chopped fine and highly seasoned, used either alone or as a stuffing

Forceps, for'seps *n* [L *formus* hot, and *capio*, to hold] সন্দংশ, সাঁড়াশী, Tongs, pincers —চিকিৎসাস্ত্রবিশেষ, A surgical instrument

Forcible, fōrs'i-bl, *a* বলবৎ, প্রবল, শক্তিসম্পন্ন, সতেজ, Mighty, strong, powerful, impetuous —বল দ্বারা কৃত, Done by force —কার্য্যকারী, ফলদ, Efficacious, impressive —গুরুতর, Weighty, cogent *n*=forcibleness, *ad*=forcibly *Syn* —Active, potent, valid, impressive, violent

Forcing, fōrsing, *n* বৃক্ষাদির সত্বর বর্দ্ধন-কৌশল, The art of hastening the growth of plants

Forcipated, for'si-pāt-ed, *a* সাঁড়াশীর আকারে গঠিত, Formed to open like a forceps

Ford, fōrd, *n* নদ্যাদির যে স্থানে হাঁটিয়া পার হওয়া যায়, সন্তরণাযোগ্য জলবিশিষ্ট স্থল, উত্তর স্থান, A place where water may be crossed on foot —*v t.* হাঁটিয়া পার-হ, To cross water on foot, wade through. *a*=fordable.

Fordable, *a.* সুতর, হাঁটিয়া পার হইবার যোগ্য, That may be forded or passed without swimming.

Fore, fōr, *a* অগ্রবর্ত্তী, সম্মুখস্থিত, পুরোবর্ত্তী, Going first, advanced in place or motion, in front of : —*ad* সম্মুখে, পুরোভাগে, At the front part —পূর্ব্বে, অগ্রে, Previously —*n* সম্মুখ, The front *Syn* .—(*a*) Front, anterior, antecedent, prior, earlier.

Fore and aft—অগ্র পশ্চাৎ, দীর্ঘে, In the direction of the head and stern, right through ; length wise

To the fore—সম্মুখে, ব্যবহার জন্য প্রস্তুত, In front ; in plain sight, ready for use.

Forearm, fōr'arm, *n* বাহুর পুরোভাগ, অগ্রবাহু, The fore part of the arm, the part of the arm between the elbow and the wrist —*v t* অগ্রে প্রস্তুত-হ, পূর্ব্বে প্রস্তুত-হ, To prepare beforehand, to arm or prepare for attack before the time of need.

Forebode, fōr-bōd, *v. t* পূর্ব্ব সূচনা-কৃ Prognosticate —পূর্ব্বে জানিতে পারা, To have a secret sense of something future, particularly of evil. —*n* পূর্ব্ব সূচনা, Forebodiment. *n*=fore-boder. *Syn* —Predict augur, presage, prognosticate, portend, betoken

Forebodement, fōr-bōd'ment, *n* ভাবী অমঙ্গলের জ্ঞান Perception of coming evil

Foreboder, *n* ভবিষ্যদ্বক্তা, Sooth sayer

Forboding, fōr-bōding *n* পূর্ব্ব সূচনা, অমঙ্গলাশঙ্কা, Prognostication, augury, a perception —*a* অনিষ্টসূচক, Presaging, ominous

Forecast, fōr-kast, *v. t* কল্পনা কৃ, পূর্ব্ব হইতে স্থির করা বা দেখিতে পাওয়া, To scheme, to foresee ; to provide against —*v i* পূর্ব্ব হইতে কল্পনা-কৃ, অগ্রেই স্থিরসঙ্কল্প হ, To form schemes beforehand —*n* পূর্ব্ব কল্পনা, পূর্ব্বচিন্তা, উদ্ভাবন, পূর্ব্ব হইতে অনুভব, Contrivance before hand, foresight

Forecastle, fōr'kas-l or foksl, *n* অগ্রমাস্তুলের পুরোবর্ত্তী জাহাজতল, A foredeck, raised above the main-deck, upper deck near the head

Foreclose, fōr-klōz, *v t* [L. *foris*, outside, *claudo, clausus*, to shut] নিবারণ-কৃ, বন্ধ-কৃ, সম্পত্তি উদ্ধারের ক্ষমতা হরণ-কৃ, To prevent, to stop, to cut off from the right of redemption

Foreclosure, fōr-klōzur, *n* বন্ধকী সম্পত্তি উদ্ধার করিবার ক্ষমতা লোপ, বন্ধকী-সম্পত্তির পুনরুদ্ধার নিবারণ. Deprivation of a mortgagor of the right of redeeming a mortgaged estate.

Fore-date, fōr-dāt' *v t* নির্দ্দিষ্ট সময়ের পূর্ব্বদিনের তারিখ-দে, পরবর্ত্তী তারিখ দেওয়া, To date before the true time, to antedate

Fore-deck, fōr'dek, *n.* জাহাজের সম্মুখদিক, পোত বা তাহার উপরিতলের অগ্রভাগ, The fore part of a deck or ship

Fore end, *n* সম্মুখভাগ The end that is forward

Forefather, fōr'fa-ther *n* পূর্ব্বপুরুষ, Ancester

Forefend, Forfend, fōr-fend, *v. t* নিষেধ-কৃ, নিবারণ কৃ, প্রতিরুদ্ধ-কৃ, To hinder, forbid, to fend off, avert, to ward off.

Fore-finger, fōr'fing-ger, *n* তর্জ্জনী অঙ্গুলী, The finger next to the thumb

Forefoot, fōr'foot, *n.* অগ্রপাদ, পশ্বাদির অগ্রপদ, Anterior foot of a beast.

Forefront, fōr'front, *n* সম্মুখদিক, সম্মুখ দেশ, পুরোভাগ, The front or foremost part, paw.

Forego, fōr-gō', *v. t.* পরিত্যাগ-কৃ ; Give up, lose, renounce :—অগ্রগামী-হ, To go before. *n*= foregoer. *Syn* :—Resign, abandon, abjure, waive, cede.

Foregoing, *a.* অগ্রবর্ত্তী ; Going before.

A foregone conclusion, *n* পূর্ব্ব কল্পিত সিদ্ধান্ত ; প্রমাণাদি না দেখিয়া অনুমিত সিদ্ধান্ত. A conclusion which one comes to, before examining the evidence ; a predetermined conclusion ; a conclusion which has preceded argument or examination.

Foreground, fōr'grownd, *n.* চিত্রের অগ্রভূমি ; চিত্রপটের মূর্ত্যাদির সম্মুখে দৃশ্যমান বিস্তৃত স্থান, The part of the field of a picture which seems to lie before the figures ; that part of a picture which seems to be nearest.

Forehand, fōr'hand, *n* অশ্বারোহী সম্মুখস্থিত অংশ ; আরোহীর পুরোবর্ত্তী অশ্বের অবয়ব, All that part of a horse before the rider.—অতি উৎকৃষ্ট অংশ, The most important part :—সুবিধা, বিমৃষ্যকারিতা, Prudence, advantage —*a.* যথোচিত সময়ের অগ্রে কৃত; Taken in hand or done before needed.

Forehanded, fōr'hand-ed, *a.* সময়োচিত, সাময়িক, অগ্রে সাধিত ; Early, seasonable, formed in the foreparts.

Forehead, for'hed, *n.* ললাট, কপোল, That part between the eyes and the hair, the brow —সাহস ; Boldness. *Syn* .—Front ; assurance, impudence.

Foreign, for'in, *a* [Low L *forens, foras*, out of doors] বিদেশীয়, বৈদেশিক, Belonging to another country ; alien .—অসঙ্গত, Not to the purpose ; remote ; irrelevent —অস্বাভাবিক, Not native or natural .—অনুপযোগী, অসংসৃষ্ট, Not appropriate, excluded :—অপরিচিত, Strange. *Syn* — Outlandish, exotic, extrinsic, extraneous, alien, remote, irrelevant. [ing or pertaining to.

Foreign to—বহির্ভূত (অন্তর্গত নহে), Not belong-

Foreigner, fōr'inér, *n.* বিদেশী, পারদেশিক, Native of foreign country, a stranger, an alien.

Forejudge, fōr-juj, *v t.* পূর্ব্ব হইতে বিচার কৃ, প্রমাণাদি গ্রহণ না করিয়া পূর্ব্বেই বিচার-কৃ. Judge beforehand, to judge before hearing the facts and proof.

Foreknow, fōr-nō', *v. t* পূর্ব্ব হইতে জানা, পূর্ব্ব হইতে জ্ঞাত হওয়া বা দেখিতে পাওয়া, Know beforehand, to forsee.

Foreknowledge, fōr-nolej, *n* পূর্ব্বজ্ঞান, ভাবী বিষয়ের জ্ঞান, Prescience, foresight.

Foreland, fōr'land, *n.* অন্তরীপ ; Headland, cape ; a point of land projecting forward into the sea.

Forelock, fōr'lok, *n.* অগ্রশিখা, মস্তকাগ্রস্থ কেশগুচ্ছ ; Lock of a hair on the forehead.

Take time or **occasion by the forelock**— সুবিধা না ছাড়িও-না, Not to let slip an opportunity.

To take by the forelock—তৎপর হইয়া (সুযোগ) অবলম্বন করা ; To make the most of ; to seize promptly.

Foreman, fōr'man, *n.* প্রধান লোক, মুখ্য পাত্র, জুরিদলের প্রধান ব্যক্তি, The first man, the chief man of a jury :—প্রধান কর্মচারী ; তত্ত্বাবধায়ক, Chief workman ; overseer.

Foremast, fōr'mast, *n.* অগ্রবর্ত্তী মাস্তুল ; Front mast :—(জাহাজের) পুরোভাগস্থ মাস্তুল ; The mast that is in front, or next the bow of a ship.

Forementioned, fōr-menshund, *a* পূর্ব্বোল্লিখিত ; Mentioned before ; mention in the former part of a writing or discourse.

Foremost, fōr'mōst, সর্ব্বোত্তম ; প্রধানতম ; শীর্ষস্থানীয় ; Most advanced ; first in rank, place, time *Syn* .—Leading, front, highest, principal.

Forenamed, fōr'nāmd, *a.* পূর্ব্বোল্লিখিত ; Mentioned before

Forenoon, fōr'nōōn, *n* পূর্ব্বাহ্ণ, The part of the day before mid-day ; the former part of day, from morning to noon or mid-day.

Forenotice, fōr-nō'tis, *n* ভাবী ঘটনার সংবাদ ; Notice of an event before it happens

Forensic, for-rensik, *a.* [L. *forum*, market-place] আদালত সম্বন্ধীয়, Belonging to courts of law —আদালতে ব্যবহৃত, বিচারকার্য্যে ব্যবহৃত ; Used in courts or legal proceedings ; as, a forensic speech

Fore-ordain, fōr-or-dān, *v. t.* পূর্ব্ব হইতে আদেশ কৃ, পূর্ব্ব হইতে নির্দ্দিষ্ট বা নির্দ্ধারিত-কৃ. To predestinate, to predetermine *n*=fore-ordination.

Forepart, fōr'pārt, *n.* অগ্রভাগ, সম্মুখ, Front — আরম্ভ, Beginning —পোতাগ্র, The bow of a ship

Forerank, fōr'rangk, *n* অগ্রশ্রেণী, সম্মুখভাগ, The first rank, the front. [To precede.

Forerun, fōr run, *v t* অগ্রবর্ত্তী-হ, অগ্রগামী-হ :

Forerunner, fōr-runer, *n* অগ্রগামী দূত, আগমনপ্রচারক দূত, A messenger sent before —ভাবী লক্ষণ, শকুন, Prognostic *Syn* —Harbinger, precursor, herald, sign omen, prelude

Fore-sail, fōr-sāl, *n* অগ্রবর্ত্তী মাস্তুলের পাল, Sail of the foremast, a sail attacked to the fore-yard on the foremast

Foresee, fōr-sē' *v t* or *v i.* ভাবী বিষয় জানা, অগ্রে জানা, ভাবী ঘটনা পূর্ব্ব হইতে জানিতে পারা, To know before hand, to anticipate, to see a thing before it happens *Syn* —Foreknow, forecast, forebode.

Foreshadow, fōr-shadō, *v t* লক্ষণ বা চিহ্ন দ্বারা পূর্ব্বে প্রকাশ-কৃ, পূর্ব্বে সূচনা-কৃ, To typify, to prefigure. *Syn* —Prognosticate, foreshow, predict

Foreship, fōr'ship, *n* পোতাগ্র, The fore part of a ship

Foreshore, fōr'shōr, *n.* (নদী প্রভৃতির) গর্ভের যে অংশে ভাটার সময় জল থাকে না, The part immediately before the shore.

Foreshorten, fōr-short'n, *v. t* বিস্তৃতাগ্র সম্মুখস্থ বস্তুর প্রতিমূর্ত্তি হ্রস্বাকারে চিত্র করা, To represent, in painting, the shortened appearance of an object that stands forward.

Foreshortening, fōr-short'n-ing, *n.* চিত্রপটে বিস্তৃতাগ্র সম্মুখস্থ বস্তুর হ্রস্বাকারে অঙ্কন, The representation, a picture, of the shortened appearance of an object standing forward.

Foreshow, fōr-shō', *v t.* ভবিষ্যৎ বিষয় বলা, ভাবী ঘটনা বলা, To predict ; to foretell

Foreside, fōr'sid, *n* অগ্রভাগ, The front-side.

Foresight, fōr'sit, *n.* ভবিষ্যৎ দর্শন ; ভবিষ্যৎ চিন্তা ; পরিণামদর্শিতা ; Wise forethought ; prudence. *a*= foresighted. *Syn* :—Prescience, foreknowledge, forecast, forethought, provident care, precaution.

Foreskin, fōr'skin, *n.* লিঙ্গের ত্বক ; শিশ্নাগ্রাচ্ছাদন ; The skin that covers the *glans penis* ; prepuce.

Fore-spent, *a.* ক্লান্ত ; Worn out.

Forest, for'est, *n.* [Low. L. *foresta*, open wood] অরণ্য , বন ; Great wood ; woody ground and rude pasture .—*a.* বন্য ; গ্রাম্য ; অসভ্য , Silvan ; rustic —*v. i.* বৃক্ষ দ্বারা আচ্ছাদন-কৃ ; বৃক্ষাচ্ছন্ন-কৃ , To cover with trees.

Forests laws—Laws which were formerly very rigidly observed for regulating parks and preserving game.

Forest-walk, *n.* উদ্যানের মধ্যে বৃক্ষ শোভিত পথ ; A rural and shady walk ; an avenue.

Forestall, fōr-stawl', *v t.* অন্যের অগ্রে করা বা গ্রহণ-কৃ , ভাবী বিষয়ের পূর্ব্বে নির্দ্ধারণ-কৃ , To anticipate :—বাজারে আসিবার পূর্ব্বে (পথে) দ্রব্য ক্রয়-কৃ , অগ্রে খরিদ-কৃ , একচেটিয়া-কৃ , To buy goods before they are brought to the market , monopolise —অগ্রে নিযুক্ত-কৃ , To occupy before hand. *Syn* :—Preoccupy, monopolize, engross.

Forester, for'est-ėr, *n.* বনবাসী ; Inhabitant of a forest —বনাধ্যক্ষ বা বনের কর্ম্মচারী , বনরক্ষক , Officer or keeper of a forest.

Foretaste, fōr-tast', *n* পূর্ব্বাস্বাদন , কল্পনায় ভাবী সুখ-সম্ভোগ , Anticipation ; a taste before hand —*v. t* পূর্ব্বাস্বাদন-কৃ , কল্পনায় উপভোগ-কৃ , ভাবী সুখ কল্পনা-কৃ , To taste before another , anticipate. *Syn* :—(*n*) Pregustation, prelibation, presentiment.

Foretell, fōr-tel', *v. t.* ভবিষ্যৎ বলা , ভাবী ঘটনা বলা , To predict ; to prophesy :—*v. i.* ভবিষ্যৎ বিষয় বলা , To utter prediction. *n*=foreteller (ভবিষ্যদ্বক্তা) ; *Syn* :—(*v*) Predict, prognosticate, augur, pre indicate, forebode, presage.

Forethought, fōr'thawt, *n.* পূর্ব্বজ্ঞান , ভবিষ্যৎ চিন্তা , পরিণাম চিন্তা , Provident care , prescience.

Foretoken, fōr'tō-kn, *n.* শকুন , পূর্ব্বনিদর্শন ; Prognostice , a previous sign .—*v. t.* পূর্ব্ব হইতে সূচনা-কৃ , To signify before hand.

Foretoken, fōr-tō'ken, *v. t.* পূর্ব্ব সঙ্কেত-কৃ , To presignify

Foretooth, fōr'tōōth, *n.* সম্মুখস্থিত দন্ত , সম্মুখের দাঁত , Incisor ; one of the teeth in the forepart of the mouth.

Foretop, fōr'top, *n.* মস্তকের সম্মুখের কেশ , The hair on the fore part of the head —অগ্র মাস্তুলের উপরিস্থিত মঞ্চ ; The platform erected at the head of the foremast.

Foretopmast, fōr-top'mast, *n.* জাহাজের অগ্রমাস্তুলের শীর্ষস্থ ছোট মাস্তুল , The mast erected at the head of the foremast, and at the top of which stands the Foretop-gallant-mast

Forewarn, fōr-warn', *v. i* পূর্ব্ব হইতে সতর্ক করা , Pre-admonish , to give previous notice ; *Syn* :—Admonish, caution, dissuade.

Forewarned is forearmed—পূর্ব্ব হইতে সতর্ক হইলে বিপদ প্রতিবিধানের উপায়-হ , সাবধানের বিনাশ নাই।

Forfeit, for'fit, *n.* [Low L. *foris*, beyond, and *facere*, to do] দণ্ড ; অর্থদণ্ড ; A penalty for crime a fine :—স্বত্বচ্যুত সম্পত্তি ; Anything forfeited :—গচ্ছিত বস্তু ; Something deposited and redemable by a sportive fine :—*v. t.* অপরাধ জন্য অধিকার হইতে বঞ্চিত-হ ; অপরাধ জন্য অধিকার ভ্রষ্ট-হ ; To lose the right to, by some fault :—*a.* অপরাধের জন্য বঞ্চিত ; Lost or alienated for an offence liable to penal seizure : *a*=forfeitable. *Syn* :—(*n*) Fine, mulct, amercement, penalty, forfeiture.

Forfeit a claim—অধিকার চ্যুত-হ ; স্বত্ব চ্যুত-হ।

Forfeiture, for'fit-ūr, *n.* অপরাধ জন্য অধিকার চ্যুতি ; অধিকার-ভ্রংশ , The losing of some right by some offence :—অর্থদণ্ড ; Penalty.

Forge, fōrj, *n.* [L. *faber*, a workman] কামারের হাপর ; কর্ম্মকারশালা , Smithy ; a furnace :—*v. t.* গঠন-কৃ ; To beat into shape :—নির্ম্মাণ-কৃ ; To frame :—মিথ্যা রচনা-কৃ ; To make falsely :—জাল-কৃ ; Counterfeit ; falsify .—*v. i.* জাল-কৃ ; To commit forgery. *Syn* :—(*v*) Fabricate, contrive, construct, make invent ; falsify, feign, counterfeit, imitate, coin.

Forge on—ধীরে ধীরে অতি পরিশ্রমে (জাহাজ) নির্ব্বাহ-কৃ ; Make its way slowly and labouriously, as a ship.

Forgery, fōrj'ėr-i, *n.* জাল , জাল দলিল ; Counterfeiting coins or document. *Syn* :—Falsification, illegal, coining, false signature.

Forget, for-get', *v. t.* বিস্মৃত-হ , Lose memory of .—তাচ্ছিল্য-কৃ , Neglect. *Syn* :—Slight, overlook.

Forget-me-not, for-get'-me-not', *n.* লতাবিশেষ ; উদ্ভিদ্ বিশেষ ; Pansy ; a small flowering plant :—বন্ধুত্বের নিদর্শন , A keepsake [আমাকে মাপ কর।

Forget and forgive—সে সব ভুলে যাও এবং

Forget oneself—ভুলক্রমে বলে ফেলা , Be so careless as to mention :—আত্মবিস্মৃত-হ , Lose command over one's memory —নিজের বিষয় কিছুমাত্র না ভাবা ; Not to think much of one's ownself.

Forget one's self—আত্মবিস্মৃত-হ , To be guilty of what is unworthy of one ; to lose one's dignity, temper or self control.

Forgetful, for-get'fool, *a* বিস্মৃতিশীল ; বিস্মৃতিপূর্ণ ; অমনোযোগী , Apt to forget , inattentive ; careless. *n*=forgetfulness, *ad*=forgetfully. *Syn* :—Heedless, neglectful

Forgive, for-giv', *v. t* [A S *for* and *gifan*, to give] ক্ষমা-কৃ , (ঋণ বিষয়ে) মুক্তি দেওয়া ; To remit ; to pardon , to absolve pardon. *Syn* :—Absolve, condone, acquit, excuse

Forgiveness, for-giv'nes, *n* ক্ষমা , Remission ; disposition to pardon —অপরাধ হইতে মুক্তি প্রদান ; Remission of an offence or debt. *Syn* :—Absolution, acquittal, pardon

Forgiving, for-giv'ing, *a* ক্ষমাশীল ; দয়ালু ; Disposed to pardon , merciful ; compassionate.

Fork, fork, *n.* কাঁটা ; Instrument with prongs ; a instrument having two or more points or prongs at the end —*pl.* বর্ত্ম বা নদীর খণ্ড বা শাখা ; The branches into which a road or river divides also the point of separation :—*v i.* দ্বিধা বিভক্ত-হ ; শাখাদি বিস্তার-কৃ , To divide into two branches or divisions ; to shoot into blades :—দুইভাগে বিভক্ত-

হ ; দ্বিধা বিভক্ত-হ ; To divide into two branches as road or tree :—পথের ন্যায় অনুবিভ-হ, শস্যাদি বিস্তার-কৃ ; To spout into blades, as corn :—কাঁটার ন্যায় (আকার) ধারণ-কৃ ; কাঁটা দ্বারা উত্তোলন করা, কাঁটা দ্বারা তোলা ; To form as a fork, to raise or pitch with a fork.

Fork out or **over**—দেওয়া ; To hand or pay over.

Forked, forked, **Forky,** forki, *a.* কাঁটার মত ; কাঁটার আকারে গঠিত ; Shaped like a fork *ad*= forkedly *n*=forkedness, forkiness

Forlorn, for-lorn, *a.* পরিত্যক্ত, Forsaken, lost : —দীন, নিঃসহায় ; আপন্ন ; হতভাগ্য, Wretched, destitute ; miserable. *Syn* —Destitute, abandoned, solitary, desolate, miserable, helpless, friendless, hopeless, disconsolate, pitiable

Forlorn hope, *n* অতি দুঃসাহসিক কার্যার্থ মনোনীত সৈনিক দল ; অসাধারণ বীরত্ব প্রদর্শনার্থ নির্বাচিত সেনাদল, A detachment of soldiers appointed for some service of uncommon danger, head of a storming party ; a body of soldiers selected to lead in an assult enter a breach, or perform service of uncommon peril —দুঃসাহসিক কার্য্য, Dangerous enterprise

A forlorn hope—যে সৈনিকেরা কোন অসম সাহসের কার্য্যে নিযুক্ত ; A body of soldiers selected for some service of uncommon danger —যে কার্য্যে সমূহ বিপদ আছে, A course or service that is full of danger —যে কার্য্যে প্রাণনাশের সম্পূর্ণ সম্ভাবনা আছে ; A desperate enterprise.

Form, form, *n* গঠন, আকার, Shape, make — আকৃতি ; Look, features —আদর্শ, ছাঁচ, Model, mould —শিষ্টাচার ; Formality, conventionality —সৌন্দর্য্য, Shapeliness, comeliness, beauty, elegance —সূত্র, Formula —লম্বা আসন, দীর্ঘ কাষ্ঠাসন, বেঞ্চ, A long bench or seat —বিদ্যালয়ের শ্রেণী, A class in a school —সামাজিক পদ, Class or rank in society —খরগোসের শয্যা, The bed of a hare :—শৃঙ্খলা, প্রণালী, Mode of arrangement, order, system —মুদ্রাঙ্কনার্থ সজ্জিত অক্ষর-সমূহ ; The type from which an expression is to be taken, arranged and secured in a chase — *v t* নির্ম্মাণ-কৃ, To make, create —রচনা, To constitute, to go to make up —শিক্ষা দে, To train —বিন্যাস-কৃ, Arrange. —*v i* আকার ধারণ-কৃ, To take a form *Syn* —(*v*) Fashion, frame, construct, create, produce, compose, make up, contrive, devise, invent, arrange, dispose, combine

Form a resolution—প্রতিজ্ঞা-কৃ, সিদ্ধান্ত কৃ।

Form an opinion—কোন বিষয়ে মত স্থির-কৃ।

Form friendship—বন্ধুত্ব কৃ। [বা নীতি।

Form of government—রাজতন্ত্র, শাসন পদ্ধতি

Form part of—অংশ-হ।

Form the majority—বহুলোক-হ।

In due form—যথাবিধি।

Formal, formal, *a* বাহ্যাড়ম্বরপ্রিয়, অনুষ্ঠানপ্রিয়, Ceremonious, stiff —প্রণালী শুদ্ধ, প্রণালীসঙ্গত, Methodical —সার, যথোচিত, Essential, proper, আচারানুসারে কৃত, রীত্যানুযায়ী, Done in due form, according to form —প্রচলিত প্রথানুযায়ী, Agreeable to established mode *Syn* —Express, explicit, positive, regular ; external, constitutive ; precise, punctilious, starched, affected.

Formalism, formal-izm, *n* বাহ্য ধর্ম্মানুষ্ঠান প্রিয়তা, লৌকিকতা, ধর্ম্মাচরণের বাহ্যানুষ্ঠান প্রিয়তা ; Quality of being formal, *esp* in matters of religion ; dependence on external forms only as in religion ; a reliance on the more external forms of religion

Formalist, formal-ist, *n* বাহ্য ধর্ম্ম অনুষ্ঠানকারী ; ধর্ম্মের বাহ্যানুষ্ঠান প্রিয় ব্যক্তি ; One who lays stress upon forms, an observer of forms only ; one who relies on the mere forms of religion.

Formality, *n.* বাহ্য ব্যবহার, প্রচলিত প্রথা ; অনুষ্ঠান রীতি পালন, The observance of forms or ceremonies, a formal ceremony, established order. *Syn* —Custom, established method, rule of procedure, ceremony, conventionality, etiquette

Formation, for-mashun, *n.* নির্ম্মাণ, উৎপাদন ; গঠন, Production, structure.

Formative, forma-tiv, *a.* [Fr *formo, formatus*, to shape] গঠনোপযোগী বা গঠন যোগ্য, Giving form, plastic —উৎপাদী, যৌগিক, Derivative, not radical —*n* যৌগিক পদ, A derivative

Formative word, *n* প্রকৃতি প্রত্যয় যোগে একশব্দ হইতে উৎপন্ন অন্য শব্দ, A derivative

Former, former, *a* পূর্ব্ব, প্রাক্তন, Before in time · পূর্ব্বোল্লিখিত, First mentioned.

Formerly, *ad* পূর্ব্বে, Heretofore

Formic, for'mik, [L. *formica*, an ant] পিপীলিকা সম্বন্ধীয়, পিপীলিকা ঘটিত, Pertaining to ants.

Formicate, for'mi-kat, *a* পিপীলিকাবৎ ; Resembling an ant

Formication, for-mi-kashun, *n.* [L. *formicare*, to creep like an ant] দেহের উপর সর-সরানির বোধ. A sensation like that of ants creeping on the skin

Formidable, for'mi-da-bl, *a* [L. *formido*, fear] ভয়ানক, ভীষণ Terrible, exciting fear *ad*= formidably, *n*=formidableness. *Syn* —Dreadful, fearful, frightful, shocking, horrible, terrific, tremendous.

Formula, formu-la *n* সূত্র, ধারা, নিয়ম, প্রণালী, Set form, a prescribed form, a rule, prescription, a formal statement of doctrines.—গণিত শাস্ত্রীয় অঙ্ক সমাধানার্থ সাধারণ সূত্র, A general expression for solving certain problems in mathematics

Formulary, formu-lar-i, *n.* ব্যবহার সংগ্রহ, আদর্শ নিয়মাবলী, A book of formulas or precedents —নির্দ্দিষ্ট, আনুষ্ঠানিক, Prescribed, ritual.

Formulate, formu-lat, **Formulise,** formu-liz, *v t* সাধারণ সূত্রাকারে পরিণত বা প্রকাশ-কৃ, নির্দিষ্ট সূত্রাকারে বিবৃত কৃ, To reduce to, or express in formula, to express in a clear or definite form

Fornicate, for'ni-kat, **Fornicated,** for'ni-kat-ed, *a* [L. *fornicor, fornicis*, an arch] ধনুরাকৃতি, Arched, arching over.

Fornicate, for ni-kat, *v t* [L. *fornix*, a vault, a brothel] ব্যভিচার-কৃ, অনুচিতগমন-কৃ, To have unlawful sexual intercourse, to commit lewdness

Fornication, for-ni-kashun, *n* অবৈধগমন ; অবিবাহিতের স্ত্রীপুরুষের অবৈধ সঙ্গম ; ব্যভিচার, Sexual

intercourse between unmarried persons ; adultery ; incest.

Fornicator, for'ni-kā-tor, *n.* অবিবাহিত অবস্থায় ব্যভিচারী, An unmarried person of either sex guilty of lewdness, one guilty of fornication *fem*=fornicatress.

Gloze, glōz, *v.* [A S ..., gloss] তোষামোদ কৃ To talk smoothly, to flatter, to wheedle —*v. t* ..., (মন্দকে) ভাল বলিয়া ব্যাখ্যা-কৃ, To palliate by specious explanation *Syn* —Cajole, misinterpret, gloss, smooth over

Glucose, gloo-kōs *n* [Gr *glykys*, sweet] ... The peculiar kind of sugar occurring in the juice of many fruits

Glue, glōō, *n* [Low L *glus*, to draw together] শিরীষ, Sticky cement —*v. t.* শিরিষ দিয়া জোড়া দে, To join with glue, to cement.—যোগ-কৃ, To hold together, to unite.

Gluey, glōō'i, *a.* আটাযুক্ত, আঠাল, Sticky, viscous *n*=glueyness.

Glum, glum, *a* ক্রকুট-কুটিল, বিষণ্ণ, Frowning, sullen, gloomy. *Syn* —Moody, sulky, lowering, morose, silent.

Glume, glōōm, *n.* [L. *gluma*, husk] তুঁষ ; তুষি ; A husk.

Glut, glut, *v. t.* গ্রাস-কৃ ; To swallow :—পর্য্যাপ্ত ভোজন-কৃ ; তৃপ্ত-কৃ ; To feast to satiety :—প্রয়োজনাতিরিক্ত দেওয়া ; To supply in excess :—*n.* গ্রাস ; That which is swallowed :—প্রাচুর্য্য ; Abundance ; supply beyond sufficiently :—তৃপ্তি ; Satiety. *Syn* :—(*v*) Gorge, stuff, cram, satiate, sate, cloy, surfeit.

Gluten, glōō'ten, *n.* ময়দার রুটীর কোমল আঠাল ভাগ ; A tough elastic substance seen in the dough of wheaten bread.

Glutinate, glōō'tin-āt, *v. t.* শিরিস দ্বারা যোজনা-কৃ ; যোড়া দেওয়া ; To unite as with glue to cement. *n*=glutination. [কারক ; আঠাল Tenacious.

Glutinative, glōō'tin-ā-tiv, সংশ্লেষক ; সংলগ্ন-

Glutinous, glōō'tin-us, *a.* সংযোজক , আঠাযুক্ত , Tenacious. *n*=glutinousness. *Syn* :—Viscous, viscid, ropy, sticky, cohesive.

Glutton, glutn, *n.* অতি ভোক্তা ; পেটুক , ঔদরিক ; One who overeats ; an epicure. *Syn* :—Gormandizer, gourmand.

Gluttonize, glutn-īz, *v. i.* পেটুকের মত খাওয়া , To eat voraciously or to excess.

Gluttonous, glutn-us, **Gluttonish,** glutn-ish, *a.* ঔদরিক , পেটুক ; Given to gluttony , excessive eating. [Excess in eating

Gluttony, glutn-i, *n.* ঔদরিকতা ; ঔদারিকতা ,

Glycerine, glis'er-in, *n.* [Gr. *glykys*, sweet] মধুবৎ মিষ্ট স্বচ্ছ দ্রব্য ; A viscid liquid of a sweet taste

Glyph, glif, *n* [Gr. *glypho*, to carve] প্রস্তর গাত্রাদিতে ক্ষোদিত নালী ; In architecture, an ornamental sunken channel, usually vertical.

Glyphography, glif-og'raf-i, *n.* [Gr. *glypho*, to carve, engrave, and *grapho*, drawing] তড়িৎ সাহায্যে নক্সার ছাপ লইবার কৌশল ; A process of taking a raised copy of a drawing by means of voltaic electricity. *a*=glyphographic.

Glyptic, glip'tik, *a.* হীরকাদি খোদন সম্বন্ধীয় ; চিত্রিত ; Pertaining to the art of carving on precious stones ; (*min*) figured.

Glyptics, glip'tiks, *n. sing.* হীরকাদি ক্ষোদন কৌশল ; The art of engraving, especially on precious stones.

Glyptodon, *n.* আমেরিকার জন্তু বিশেষ , An extinct quadruped of South America with fluted teeth

Glyptography, glip-tog'raf-i, *n.* [Gr. *glyptos*, carved, and *grapho*, to write] হীরকাদিব ক্ষোদন-কৌশল বিষয়ক বিবরণ ; A description of the art of engraving on precious stones. *a*=glyptographic.

Gnarl, närl, *v. i.* গোঁঙ্গান ; গর্জ্জন-কৃ ; অসন্তোষ প্রকাশ-কৃ ; To snarl or growl :—*n.* কাষ্ঠ-গ্রন্থি ; A twisted knot in wood. *Syn* :—Gumble, murmur.

Gnarled, närled, **Gnarly,** *a.* গ্রন্থিল , গ্রন্থিযুক্ত ; Knotty.

Gnash, nash, *v. t.* (দন্তে দন্তে) ঘর্ষণ কৃ ; দাঁত কিড়িমিড়ি-কৃ ; To strike the teeth together in rage or pain :—*v. i.* দাঁত কিড়মিড়-কৃ ; To grind the teeth.

Gnat, nat, *n.* মশক ; মশা ; A small dipterous insect.

Gnaw, naw, *v. t.* দংশন-কৃ ; চর্ব্বণ কৃ ; অল্পে অল্পে উৎপাটন-কৃ ; To tear with the teeth ; to bite with the teeth ; bite off by degrees :—*v. i.* দন্ত দ্বারা চর্ব্বণ-কৃ , To use the teeth in biting. *Syn* :—Bite, nibble, champ, eat away ; corrode, fret.

Gnome, nōm, *n.* ভূত ; বামন ; A fairy ; a goblin, a dwarf. *a*=gnomous.

Gnomon, nō'mon, *n.* [Gr. *gnomon*, an interpreter] ছায়া ঘড়ির-কাঁটা ; Pin of a sundial :—ছায়া ঘড়ি ; Sundial :—শঙ্কুক্ষেত্র ; In geometry, a parallelogram minus one of the parallelograms about its diagonal.

Gnomonic, nō-mon'ik, **Gnomonical,** nō-mon'ik-al, *a.* সূর্য্য-ঘড়ি নির্ম্মাণ-কৌশল সম্বন্ধীয় ; Pertaining to the art of dialling. *ad*=gnomonically.

Gnomonics, nō-mon'iks, *n. sing.* ছায়া ঘড়ি নির্ম্মাণ কৌশল ; The art of dialling.

Gnostic, nos'tik, *n.* [Gr. *gnōstikos*, good at knowing] খৃষ্ট সম্প্রদায় বিশেষ ; One of a sect of Christians :—*a.* উক্ত সম্প্রদায় বা তাহাদের মত সম্বন্ধীয় ; Pertaining to the Gnostics or their doctrines.

Gnosticism, nos'ti-sizm, *n.* পূর্ব্বোক্ত সম্প্রদায়ের মত ; The doctrines taught by the *Gnostics*.

Gnu, nū, *n.* এক জাতীয় মৃগ ; A kind of antelope found in S. Africa, resembling the horse and ox.

Go, gō, *v. i.* গমন-কৃ ; যাওয়া ; To pass from one place to another :—ঘটে ; অবস্থাবিশেষ প্রাপ্ত-হ ; To happen in any particular way , to turn out ; to fare :—চলা ; To walk :—গর্ভবতী-হ ; গর্ভধারণ-কৃ ; To be pregnant :—প্রস্থান-কৃ ; To leave ; to depart :—মৃত-হ , বিনষ্ট-হ ; To die ; perish :—চলা ; To be in motion :—অগ্রসর-হ ; To proceed :—মূল্য স্বরূপ প্রদত্ত বা গণ্য হওয়া ; To be accounted in value :—প্রস্তুত-হ ; To be about to do :—*v. t.* কোন কার্য্যে অংশী-হ ; To take a share in an enterprise ; to become a partner in :—*n.* ঘটনা ; A circumstance or occurrence :—রীতি , Fashion or mode :—আমোদ , Noisy merriment. *Syn* :—Pass, proceed, advance, travel, journey ; vanish ; reach, extend ; contribute, concur, tend, avail, serve ; be reckoned, be considered ; be worth, circulate.

Go a begging—যথেষ্ট-হ ; To be in excessive quantity :—(সচরাচর বাঞ্ছিত হইলেও ঘটনাক্রমে) গ্রাহকের জন্য উপযাচক হওয়া ফেরা ; Go about begging to be taken up, stand in need of being taken up (said of a thing which is generally coveted, but which, for the time being, there is no one to take up).

Go about—চারিদিকে যাওয়া বা ফেরা ; Go in all directions :—চেষ্টা-কৃ ; প্রবৃত্ত-হ ; Set about ; attempt , endeavour ; seek ; proceed.

Go abroad—বিদেশে যাওয়া ; Walk out ; go to foreign parts :—প্রকাশিত-হ ; Be published.

Go after—অনুগমন-কৃ ; Follow.

Go against—বাধা-দে ; Oppose :—প্রতিকূল-হ ; Be disagreeable to ; be adverse to.

Go against the grain—ভাল না লাগা ; ইচ্ছার বিরুদ্ধ হ ; Be against one's nature ; be against one's own inclinations :—ক্লেশকর বা বিরক্তিকর হওয়া , Prove mortifying.

Go against the stomach—বিরক্তিকর-হ ; To excite dislike or disgust.

Go ahead—অপরাপেক্ষা উন্নত-হ ; Advance beyond ; make progress beyond others.

Go all lengths—অধিক-হ ; To proceed with utmost limit in anything ; to be excessive :—অনেক দূর যাওয়া ; কোন বিষয়ে অনেক দূরে অগ্রসর হওয়া ; Proceed far in a matter :—উদ্দেশ্য সাধনার্থ যতদূর যাইতে হয় যাওয়া ; Go to the utmost or fullest extent.

Go among—কথাবার্ত্তা-কৃ ; Have intercourse with.

Go aside—বিপথগামী-হ ; Deviate.

Go astray—বিপথে গমন-কৃ ; Wander ; go out of the right and proper way.

Go at—আক্রমণ-কৃ ; Attack :—চেষ্টা-কৃ ; Attempt

Go away—প্রস্থান-কৃ ; Depart.

Go back on—পরিত্যাগ-কৃ ; বিপক্ষ-হ , To abandon ; turn against , expose.

Go beyond—অতিক্রম-কৃ , Surpass.

Go by—অনুসারে চলে ; অনুসারে কার্য্য করা ; Be guided by , act according to :—*n.* টাল মাটাল , বাহানা ; Evasion

Go down—পড়িয়া-যা , পতিত-হ ; Fall ; descend . —গ্রহণ-কৃ ; Be swallowed or received :—মূল্য হ্রাস-হ ; Fall in value .—কমিয়া-যা ; Abate :—অস্তে-যা , Set :—ডুবিয়া-যা ; Sink :—হ্রাস-হ , Decrease :—নত-হ ; Have to submit.

Go down with—গেলা ; গলাধঃকৃত-হ , Be accepted by :—সাদরে গৃহীত-হ , Be received with favour by.

Go far—অনেক দূর-যা ; অনেক পরিমাণে সাহায্য-কৃ , Materially contribute , reach a great way.

Go for—বলিয়া জানা , অমুক বলিয়া জানা , Pass for ; pass for another —অনুসন্ধান-কৃ , Seek.

Go for nothing—ব্যর্থ-হ , Have no efficacy ; prove ineffectual —কোন কাজের বলিয়া পরিগণিত না হওয়া , গণ্যের মধ্যে না-হ ; Be regarded as of no value.

Go forth—প্রকাশিত-হ , Become public.

Go forward—চলা , Go on , take place.

Go halves—সমান ভাগ লওয়া , Be partners in halves , divide equally

Go hand in hand—মিলে কাজ-কৃ , Act amicably

Go hard with—কষ্টের অধীন-হ , Be subjected to difficulties.

Go heels over head—অসাবধান ভাবে কার্য্য কৃ , Move in a heedless, rash or inconsiderate manner. [লাগা ; Strike effectively.

Go home—গৃহে-যা ; Go to one's place —ঠিক

Go in—অভ্যন্তরে প্রবেশ-কৃ।

Go in and out—স্বাধীন ভাবে যাওয়া ; Come backwards and forwards , move freely.

Go in for—চেষ্টা-কৃ , Attempt —কোন পরীক্ষা দিতে যাওয়া ; Appear at an examination to compete for a prize :—কোন বিষয়ের প্রতিপোষক হইতে যাওয়া , Undertake to advocate :—কোন কিছুতে মন-দে , Apply oneself diligently to.

Go into—যোগ-দে , Take part in :—স্ত্রী সহবাস-কৃ , Have sexual intercourse .—প্রবেশ-কৃ ; Enter into :—পরীক্ষা করিয়া দেখা , Examine —বিশেষ যত্নপূর্ব্বক কোন কার্য্যে প্রবৃত্ত-হ ; Apply oneself to.

Go into committee—কমিটী করিয়া কোন বিষয় বিচার-কৃ , Form a committee to discuss any point.

Go into fits—মূর্চ্ছা যাওয়া , Faint awya,

Go it—গোলমাল-কৃ , To behave in a wild manner ; be uproarious :—উন্নতি-কৃ ; To proceed ; make progress.

Go off—চলিয়া যাওয়া ; Depart ; go away :—বন্দুক ছুটিয়া-যা ; Explode or be discharged :—ভালরূপে বিক্রী-হ ; Sell well :—কৃতকার্য্য-হ ; Succeed :—মৃত-হ , Die :—নির্ব্বাহ হইয়া যাওয়া , Pass off , take place.

Go on—চলা ; Continue :—অতীত-হ ; Pass away ; wear on

Go on a fool's errand—অসম্ভব কার্য্যে প্রবৃত্ত-হ ; To undertake a useless or an impossible enterprise.

Go one's way—চলিয়া-যা ; Depart :—আপনার ইচ্ছামত কার্য্য করা ; আপনার ইচ্ছামত স্থানে যাওয়া ; *Follow one's inclination ; take one's own course.*

Go out—প্রস্থান-কৃ ; Depart :—নির্ব্বাণ হওয়া , Be extinguished ; become extinct (as light), cease.

Go over—পাঠ-কৃ To read :—পরীক্ষা-কৃ , ভাল করিয়া দেখা ; To examine , to review :—এক দল হইতে অন্য দলে যাওয়া , To change sides :—বর্ণনা-কৃ ; Review or relate.

Go over to—স্বপক্ষ ত্যাগ-কৃ ; দল ছাড়িয়া-যা ; Join ; pass from one party to (another).

Go partners, Go sharers—অংশীদার-হ ; Be in partnership. [to take part.

Go shares—খরচের ভাগী-হ , To share expense ;

Go shares with—ভাগাভাগি করিয়া লওয়া , Share.

Go the way of all flesh—মৃত-হ , Die.

Go the way of all the earth—মৃত-হ , Die.

Go the whole length—অনেক দূর-যা , To go to the extreme of anything ; to be an extremist , to be radical.

Go through—শেষ-কৃ ; Finish —কোন নিয়ম সম্যক্ পালন-কৃ ; Observe to the full extent —সমস্ত পরীক্ষা করিয়া দেখা , Examine the whole of —প্রবেশ-কৃ , Penetrate —সমাধা-কৃ ; সম্পন্ন-কৃ , Perform , finish :—(পুস্তকের) সংস্করণ-কৃ ; Pass through —সহ্য-কৃ , ভোগ-কৃ , Endure , suffer —সমস্ত স্থান পর্য্যটন-কৃ , Go over the whole extent of

Go through fire and water—যে কোন বিপদ হউক না কেন, তাহা হইতে পশ্চাৎপদ না-হ , আগুণেই পুড়ি আর জলেই ডুবি কাজ করিতেই হইবে, এই ভাবে কোন কার্য্যে প্রবৃত্ত হওয়া , Risk any danger , face any danger in order to gain some object.

Go through thick and thin—সকল বাধা অতিক্রম-কৃ , Be hindered by no obstacles.

Go to—ছি ; Come ! begin ! shame.

Go to and fro—ইতস্ততঃ ভ্রমণ কৃ।

Go to law—আদালতের আশ্রয় গ্রহণ কৃ ; To refer a dispute to judical decision.

Go to rack—নষ্ট-হ , To perish ; to be destroyed.

Go to sea—নাবিক-হ , Follow the occupation of a sailor.

Go to the pot and go to the dogs—নষ্ট-হ ; To be ruined or destroyed.

Go to the wall—কোন ঠেসা হওয়া ; উপেক্ষিত হওয়া ; অকৃতকার্য্য-হ ; Be shelved :—হেরে যাওয়া , Be discomfited, have to retire being hard pressed .—দুর্গতিপ্রাপ্ত-হ ; Become the unsuccessful party.

Go to war—যুদ্ধ-কৃ।

Go to wreck—নষ্ট-হ , To be destroyed.

Go together—একত্রে থাকা , Be seen associated.

Go under—আলোচ-হ ; Be talked of or known.
Go up—(দাম) চড়ে যাওয়া ; বৃদ্ধি হওয়া ; Rise.
Go upon—কোন কিছু অনুসারে চলা ; কোন বুনিয়াদের উপর ভর করিয়া চলা বা কোন কার্য্যে প্রবৃত্ত হওয়া ; Proceed upon, as on a foundation ; take as a principle :—কোন নিয়ম মত চলা ; Follow.
Go well with—সৌভাগ্যশালী-হ ; Prosper.
Go with—সঙ্গে ; Accompany :—সম্মত-হ ; Agree with.
Go with child, Go with young—গর্ভবতী-হ ; Be pregnant.
Go with the stream—স্রোতে ভাসিয়া-যা ; যাহা অপরে করে, সেইরূপ করা ; To do just as every body else does.
Go without—পরিত্যাগ-কর ; Forego ; be destitude of.
Go wrong—অকৃতকার্য্য-হ ; Not to prosper ; to be improperly managed.
Let go—ছাড়িয়া দেওয়া ; Relax one's hold :—যাইতে-দে ; ধরিয়া না রাখা ; Allow to depart.
A no-go—হইবার নহে ; Something unworkable ; failure.
Go-ahead, *n* উন্নতিশীল , Progressive.
Go-between, gō-be-twēn, *n.* মধ্যস্থ ; A person who is agent between two parties :—দালাল , An interpreter , broker.
Go-cart, gō-kart, *n.* চলিতে শিখিবার ছোট গাড়ী , শিশুদিগকে চলন শিখাইবার জন্য ব্যবহৃত ছোট গাড়ি ; A machine to teach children to walk in ; a small cart or frame-work for teaching children to walk.
Goad, gōd, *n.* অঙ্কুশ ; ডাঙ্গস ; A sharp-pointed stick for driving beasts :—উত্তেজনা ; A stimulus :—*v. t.* অঙ্কুশ মারা ; ডাঙ্গস মারা ; To drive with a goad :—উত্তেজিত-কর ; To urge forward , to incite. *Syn* :—(*v*) Excite, arouse, irritate , instigate, stimulate, spur.
Goal, gōl, *n* [Fr. *gaule*, a pole] সীমা , লক্ষ্য স্থান দৌড়ের সীমানির্দ্দেশক চিহ্ন ; ছাড়িবার বা জিতিবার খোঁটা . Starting point in a race ; post or mark set up to bound a race ; winning-post ; the two upright posts between which the ball is kicked in the game of foot-ball :—লক্ষ্য ; End or aim *Syn* .—Starting-post, close ; purpose.
Goat, gōt, *n.* ছাগল ; A beast ; a well-known quadruped, allied to the sheep.
Goat-herd, *n.* অজ-রক্ষক ।
Goatish, *a.* লম্পট ; Lustful.
Goatmoth, gōt'moth, *n.* দুর্গন্ধ পতঙ্গ বিশেষ ; A gray-coloured British moth, which has a goat-like odour.
Goat's-beard, Goat's-rue, Goat's-stones, Goat's-thorn, *n.* নানাজাতীয় উদ্ভিদ ; Plants of different kinds.
Goatsucker, gōt'suk-ėr, *n.* পক্ষীবিশেষ ; নিশাচর পক্ষী ; A kind of bird ; a nocturnal swallow.
Gob, *n.* অল্প পরিমাণ ; A small quantity :—মুখ ; The mouth :—লাল ; Spittle or saliva.
Gobbet, gobėt, *n.* গ্রাস ; A mouthful ; a little lump
Gobble, gobl, *v. t.* [Fr. *gober*, to devour] গোগ্রাসে খাওয়া ; To swallow hastily or in lumps —*v. i.* কণ্ঠ হইতে এক রকম শব্দ বাহির-কর ; To make a noise in the throat, as a turkey. *Syn* :—Gulp, bolt, swallow,
Gobble, *v. t.* শীঘ্র ভক্ষণ-কর ; To swallow in lumps greedily :—*v. i.* এক প্রকার শব্দ-কর ; To make a noise like the turkey cock.
Gobbler, *n.* পেটুক ; A greedy eater.
Goblet, goblet, *n.* পানপাত্র ; Drinking cup ; a cup without a handle.
Goblin, gob-lin, *n.* ফরাসী-দেশীয় চিত্রিত বস্ত্র বিশেষ ; A species of rich French tapestry.
Goblin, goblin, *n.* ভূত ; উপদেবতা ; An evil spirit ; a frightful phantom. *Syn* :—A gnome, an elf, sprite.
Goby, gōbi, *n.* মৎস্য বিশেষ ; A genus of small sea-fishes.
Go-by, gō'-bi, *n.* পলায়ন ; অলক্ষ্যে পলায়ন ; কৌশলক্রমে পলায়ন ; Escape ; evasion ; a passing without notice ; escape by artifice.
Give one the go-by—এড়ান ; কাহাকে উপেক্ষা-কর ; Evade one , pass one over.
God, god, *n.* পরমেশ্বর ; ঈশ্বর ; The all good, the Almighty ; the Supreme Being, the Creator and Preserver of the world :—দেবতা ; Deity ; a divinity. *fem*=goddess (দেবী) ।
God forbid—ঈশ্বর করুন যেন এরূপ না হয় ; Pray God that such a calamity may not happen.
God helps those who help themselves—যদি ঈশ্বরের সাহায্য পাইতে চাহ, তবে যতদূর পার চেষ্টা কর ; If you wish God to help you, do the best you can for yourself.
God knows, Heaven knows—ঈশ্বর জানেন (সচরাচর কোন অনিশ্চিত ঘটনা সম্বন্ধে এই বাক্য ব্যবহার করা যায়) ; God alone can tell (used of uncertain events) :—ঈশ্বর সাক্ষী ; ঈশ্বর দেখিতেছেন (নিশ্চিত ঘটনা বুঝায়) ; God is my witness (used of real facts).
God-child, *n.* ধর্ম্মপুত্র ; One for whom a person becomes sponser at baptism.
God-father, godfā-thėr, *n.* ধর্ম্মবাপ ; A man who becomes a sponser ; a man who, at a child's baptism, engage to be its father in relation to its religious training. *fem*=God-mother (ধর্ম্মমা) ।
God-head, *n.* দেবত্ব ; ঈশ্বরত্ব ; দেবতা ; ঈশ্বর ; Deity ; the state of being a God ; divine nature ; deity.
Godless, godles, *a.* ঈশ্বরের অস্তিত্বে অবিশ্বাসী ; নাস্তিক , Acknowledging no God , impious, atheistical. *ad*=godlessly. *n*=godlessness. *Syn* :—Irreligious, profane, wicked, ungodly.
God-like, godlīk, *a.* দিব্য ; স্বর্গীয় ; Divine.
Godly, godli, *a.* ঈশ্বর-প্রেমিক ; ধার্ম্মিক ; Pious. *n*=godliness. *ad*=godly, godlily. *Syn* :—Holy, devout, religious, righteous.
God-mother—ধর্ম্ম-মা ; A woman who becomes a sponser.
Godsend, godsend, *n.* সৌভাগ্য ; ঐশ্বরিক কৃপা ; An unexpected piece of good fortune.
God-speed, godspēd, *n.* সফলতা ; সাফল্য ; Good success , good speed.
Godward, godwawrd, *ad.* ঈশ্বরাভিমুখে ; ঈশ্বর-প্রতি ; Towards God.
Godwit, godwit, *n.* পক্ষীবিশেষ ; A kind of bird.
Goer, gō'ėr, *n.* ধাবনশীল ব্যক্তি ; গমনকর্ত্তা ; ধাবমান ব্যক্তি , Runner or walker ; one who goes ; a runner or walker :—ঘোড়া ; A horse.
Goggle, gog'l, *v. t.* চক্ষু ঘুরান ; নয়ন ঘূর্ণমান-কর ; To strain or roll the eyes :—*a.* ঘূর্ণমান ; Full and

rolling or staring,—said of the eyes :—বিস্ফারিত নেত্র; পরিঘূর্ণমান, With rolling eyes, staring, prominent.—*n* নয়ন ঘূর্ণন; নেত্র-বিস্ফারণ, A strained or affected rolling of the eyes :—*pl.* চশমা বিশেষ, A kind of spectacles :—ঘোড়ার চোখের ঠুলি; Blinds for shying horses

Goggle eyed—Having large prominent eyes, which are constantly in motion.

Going, gō'ing, *n.* প্রস্থান, যাত্রা, Departure :—গর্ভাবস্থা, Pregnancy :—জীবন, Course of life :—চলন; An an act of moving.

Goitre, Goiter, goi'tėr, *n* [L. *gutter*, the throat] গলগণ্ড, An enlargement of one of the glands of the throat [Affected with goiter

Goitred, Goitered, goi'tėrd, *a* গলগণ্ডযুক্ত;

Goitrous, goi'trŭs, *a* গলগণ্ড-সম্বন্ধীয়, Pertaining to or affected with goitre.

Gold, gōld, *n* স্বর্ণ, A precious metal of bright yellow colour —স্বর্ণবর্ণ, পীতবর্ণ, Yellow, gold colour :—অর্থ, ধন, Money, riches

Gold-beater, gōld-bē'tėr, *n.* স্বর্ণপত্র-নির্মাতা, One who beats gold into leaf. *n*=gold-beating.

Gold-coast, *n* Part of W Africa

Gold-company—One for working gold.

Gold-dust, gōld-dust, *n* কাঞ্চনরেণু, স্বর্ণরেণু, Very fine particles, as it is sometimes found in rivers. [gold

Gold-fever, *n.* স্বর্ণ পাইবার প্রবল ইচ্ছা, Mania for

Gold-field, *n.* স্বর্ণক্ষেত্র, Region, where gold is found. [singing bird

Gold-finch, gōldfinch, *n.* গায়ক পক্ষিবিশেষ, A

Gold-fish, gōldfish, *n.* চীনদেশীয় স্বর্ণবর্ণ ক্ষুদ্র মৎস্য বিশেষ, A small gold coloured fish, native to China, having gold-coloured wings.

Gold-hunter—স্বর্ণ অন্বেষণকারী, One who seeks after gold. [sheets of gold.

Gold-leaf, gōldlēf, *n.* স্বর্ণপত্র; সোনার পাত, Thin

Gold-proof, *a* অর্থ দ্বারা বশীভূত হইবার নহে, Not to be seduced by gold [ment for the finger

Gold-ring, *n* স্বর্ণাঙ্গুরীয়ক, সোনার আংটী, Orna-

Gold-smith, gōldsmith, *n.* স্বর্ণকার, স্যাকরা, A worker in gold. [gold-wire

Gold-thread or **wire,** *n* স্বর্ণ সূত্র, Thread of

Golden, gōldn, *a* স্বর্ণময়, সুবর্ণময়, Made of gold.—স্বর্ণময়, স্বর্ণ বর্ণ, উজ্জ্বল, সমুজ্জ্বল, Of the colour of gold, bright —মহামূল্য, Most valuable.—সুখপূর্ণ; অনুকূল, Happy, highly favourable :—উৎকৃষ্ট, Excellent *Syn* —Yellow, precious, valuable, auspicious, shining.

Golden age—সত্যযুগ, সত্যকাল, সত্যকালের ন্যায় সময়; The fabulous age of primeval simplicity and purity of manners, a period of great and unexampled prosperity.

Golden fleece, *n* কল্পিত লোম, Fabled fleece sought by the Argonauts —কুলিন সম্প্রদায়, Distinguished order of Knighthood.

Golden grease, *n.* উৎকোচ, Fee; bribe.

Golden haired, *a* Having yellow hair

Golden hearted—সৎ; Honest [cept.

Golden maxim—উৎকৃষ্ট উপদেশ, Excellent pre-

Golden mean—The intermediate position between two extremes.

Golden Rule, *n* ত্রৈরাশিক; Rule of three :—"যে মত অন্যের কাছে বাঞ্ছ ব্যবহার। অন্য প্রতি সেইরূপ করিবে আচার।" Rule of doing as we would be done by.

Goldy locks, gōldi-loks, *n.* পীতবর্ণ পুষ্পবিশিষ্ট গুল্ম বিশেষ, A plant bearing tufts of yellow flowers; wood crow-foot. [ball and bat or club.

Golf, golf, *n* ক্রীড়াবিশেষ; A game played with a

Gondola, gon'do-la, *n* কেলি নৌকা; প্রমোদ তরী; A long narrow pleasure-boat with a flat bottom used at Venice.

Gondolier, gon-do-lēr', *n.* উক্ত নৌকার মাঝি; One who rows a gondola; a boat-man.

Gone, gon, *past participle* of *go* [away.

Gone by—চলিয়া গিয়াছে বা অতীত হইয়াছে, Passed

Gonfalon, gon'fa-lon, *n.* পতাকা বা ধ্বজা; An ensign or standard [chief standard-bearer.

Gonfalonier, gon'fa-lonēr, *n* প্রধান পতাকী; A

Gong, gong, *n.* বাদ্য যন্ত্র, পেটাঘড়ি; A Chinese musical instrument, a metal drum, a station-ary call-bell

Gonorrhœa, gon-or-rē'a (গনোরিয়া), *n.* [Gr. *gone*, that which begets, and *rheo*, to flow] প্রমেহ, মেহরোগ, An inflammatory discharge of mucus from the membrance of the urethra of the male or the vagina of the female.

Good, good, *a* ভাল, উত্তম, Not bad :—উপযুক্ত; Fit, proper —উপযুক্ত; Competent —স্বাস্থ্যকর; Wholesome —ধার্মিক, Virtuous, pious —মৃদু; Mild —প্রবল, Valid —শুভ, Auspicious —অনেক, অনল্প, Considerable, no small —দয়ালু, সদয়, Kind, benevolent —নিপুণ, Skilful, clever —যথার্থ, Real, serious :—দোষশূন্য, Unblemished, honourable :—যথেষ্ট, Sufficient in a commercial sense —সম্পূর্ণ; Complete, full —উপকারী, Beneficial —*n.* উপকার, হিত, Advantage —সৌভাগ্য, উন্নতি, Prosperity —সুখ, Welfare —ধর্ম, Virtue —অধিকার; Possessions —নৈতিক গুণ, Moral qualities :—*pl.* সম্পত্তি; অস্থাবর সম্পত্তি, গৃহসজ্জা; পণ্যদ্রব্য, Moveable property, household furniture, merchandise —*ad* আচ্ছা, Well —অধিক পরিমাণে; Quite considerably —*int* বেশ, ঠিক, Well, right. *Syn* .—(*a*) Honest, just, true, excellent, valuable, useful, profitable suitable, seasonable, convenient; friendly, unimpeached, fair; able, skilful, qualified, pleasant, agreeable, considerable, great, (*n*) Boon, benefit, gain, blessing; weal; righteousness, abungance, richness.

As good as—বস্তুতঃ, কোন কিছুর সমান বা তুল্য মূল্য; Not less than, in effect, virtually; virtually the same as —প্রায়, Well-nigh

Be as good as your word—যে কথা সেই কার্য্য; অঙ্গীকার মত কার্য্য করা, Fulfil your promise, fulfil what your promise.

For good, For good and all—একবারে, চিরকালের নিমিত্ত, Finally, permanently (never to return).

Good at—পটু, Ready.

Good for—উপযুক্ত; যথেষ্ট, Sufficient.

Good for nothing—অপদার্থ, অকিঞ্চিৎকর; কোন কাজেরই নহে, Useless, worthless.

Good, good, *int.* আচ্ছা ; Well ; right.
Good Homer sometimes nods—মুনীনাঞ্চ মতিভ্রম ; We are all apt to make mistakes.
Good wine needs no bush—চেনা বামনের পৈতার দরকার নাই ; What is valuable does not need to be praised or advertised.
Hold good—খাটে ; ঠিক খাটা , Hold true ; be applicable :—স্থিরতর থাকা ; Be true or valid.
In good sooth—যথার্থ , Really.
In good time—ঠিক সময়ে ; Not too fast nor too slow.
Make good—ক্ষতি পূরণ-কৃ ; To indemnify for ; give an equivalent for :—স্থির-কৃ ; প্রমাণ-কৃ ; কার্য্য সংস্থাপন-কৃ , To prove ; to establish :—সম্পাদন-কৃ ; সমাধা-কৃ ; To fulfil ; effect ; perform.
Stand good—বলবৎ-হ ; To be firm or valid.
Good-breading, good-breding, *n.* ভদ্রতা ; শিষ্টাচার , Polite manners.
Good-by, good-bi, *n.* or *int.* মঙ্গল হউক , বিদায়-সূচক বাক্য; Farewell, adieu ; a form of address at parting ; a contraction of *God be with you.*
Good-cheer, *n.* আহারীয় দ্রব্য ; Articles of food.
Good-day, good-dā, *n.* or *int.* মঙ্গল হউক , সম্ভাষণ বাক্য ; A salutation at meeting during the day, wishing good to any one , a common salutation.
Good-fellow, good-felo, *n.* প্রিয় বন্ধু , আমোদী সহচর ; Boon companion ; merry companion.
Good-fellowship, good-felo-ship, *n.* আমোদপূর্ণ সঙ্গ ; Merry or pleasant company , companionableness.
Good Friday, good-fri'dā, *n.* খ্রীষ্টীয় পর্ব্ব দিবস , যিশুর স্বর্গারোহণ স্মরণার্থ উপবাস দিবস , A fast in memory of the crucifixion of Jesus, kept on the Friday before Easter.
Good-graces—অনুগ্রহ ; Favour.
Good-heed, *n* সাবধানতা . Due caution ; great care.
Good humour, good-yōō'mur, *n.* প্রফুল্লতা , প্রফুল্লভাব ; Cheerfulness , cheerful temper or state of mind :—*a* প্রফুল্ল ; Good-humoured , good-natured. *ad* =good-humouredly.
Good-living, *a.* সুখের জীবন ; A life of ease.
Good-looking, *a.* সুদৃশ্য , Beautiful.
Good-luck, *n.* শুভ ঘটনা ; Happy event.
Goodly, goodli, *n.* সুন্দর , সুদৃশ্য ; Handsome , good looking :—উৎকৃষ্ট ; উত্তম , Excellent :—বৃহৎ ; Large. *n*=goodliness *Syn* :—Pleasant, comely, graceful ; desirable, agreeable , considerable.
Goodman, good-man, *n.* স্বামী ; বাড়ীর কর্ত্তা , Husband ; the master of the house
Good-morning, *n.* or *intj.* সুপ্রভাত , A form of salutation in the morning.
Good-nature, good-nātūr, *n.* ভদ্রতা , সৎস্বভাব ; Mildness and kindness of disposition. *a*=good-natured, *ad*=good-naturedly.
Goodness, goodnes, *n.* সাধুতা , উৎকর্ষ ; Excellence :—ধর্ম্ম ; Virtue :—দয়া ; উপচিকীর্ষা , Benevolence. *Syn* :—Worth, value , righteousness, integrity, honesty, probity ; kindness, good will.
Good-night, good-nit, *n.* or *intj.* রাত্রিতে বিদায়কালীন অভিবাদন ; রাত্রিকালীন বিদায়সূচক বাক্য ; A salutation in parting for the *night,* wishing good to any one.
Good-offices, *n.* ভাল কার্য্য ; Intervention , mediation.
Good-Samaritan—বিপন্নজন-সহায় ; One who befriends others when in trouble, especially strangers and friendless persons.
Good-sense, *n.* সুবুদ্ধি ; Sound judgment.
Good-speed, good-spēd, *n. Excl.* কৃতকার্য্যতা ; আশীর্ব্বচন বিশেষ ; Good success ; an old form of wishing success.
Good-tempered, *a.* ধীরস্বভাব ; সৎস্বভাব ; Mild ; not easily irritated.
Good Templar—মদ্য ত্যাগে কৃত শপথ ; One of a society pledged by certain rites to teetotalism.
Good-turn—সময়মত সাহায্য , Timely help, aid or service.
Good-wife, good-wif, *n.* গৃহিণী , The mistress of a family.
Good-will, good-wil, *n.* দয়া , মঙ্গল কামনা ; মঙ্গলেচ্ছা ; Benevolence ; kindly feeling ; well-wishing :—পসার ; শুল্ক ; Saleable custom of a trade ; the custom of any business or trade.
Good-woman, *n.* স্ত্রী ; Wife.
Goody, *n* স্ত্রী ; Good wife , good woman.
Goose, gōōs, *n.* হংস , রাজহংস , Water-fowl , the well-known web-footed aquatic fowl :—দর্জির যন্ত্র বিশেষ ; A tailor's smoothing-iron, of which the handle resembles the neck of a goose :—চঞ্চল ব্যক্তি ; বোকা , A stupid silly person. *pl*=geese.
To kill the goose to get eggs—অসভ্য বস্তু লাভ করিতে যাইলে সঞ্চিত অর্থ বিনষ্ট হয় ; To grasp at what is more than is due, and lose an excellent customer.
Goose flesh skin—ভয় বা শীত জনিত চর্ম্মের কাঠিন্য ; A roughness of the skin produced by cold or fear.
Gooseberry, gōōzber-i, *n.* স্বনামখ্যাত গুল্ম ও তাহার ফল ; The fruit of a berry shrub of the same name :—বোকা ; A silly person.
Goose cap, *n.* চঞ্চল ব্যক্তি ; Silly person.
Goose-grass, gōōs-grass, *n.* লতাবিশেষ ; A common creeping plant.
Goose-quill, gōōs-kwil, *n.* রাজহাঁসের পাখার কলম ; A large wing-feather or quill of a goose, used as pen :—পেন ; Pen.
Goosery, gōōser-i, *n.* হংস রাখিবার স্থান ; A place for keeping geese.
Gorcock, gor'kok, *n.* পক্ষীবিশেষ, The red grouse or moorcock.
Gorcrow, *n.* gor'krō, *n.* কাক ; The common or carrion crow.
Gordian, dordyan, *a.* Pertaining to *Gordius,* king of Phrygia, or to a knot tied by him which could not be untied, but was cut by Alexander the Great —কঠিন , জটিল ; Intricate, complicated, difficult.
Gordian knot—অমোচ্য বন্ধন ; বিষম সমস্যা ; A knot so tied by Gordius, king of Phrygia, that no one could untie it , an inextricable difficulty.
Gore, gōr, *v. t.* [A. S. *gōr,* spear] রক্ত , রক্তপিণ্ড ; ত্রিকোণাকার কলিয় কাপড় বা ভূমিখণ্ড ; Blood ; clotted blood ; a triangular piece of cloth sewed into a garment to widen it :—*v. t.* শৃঙ্গ দিয়া বিদ্ধ-কৃ , তীক্ষ্ণাগ্র অস্ত্রদ্বারা বিদ্ধ-কৃ , To stab with a horn , to pierce ; to pierce with a pointed instrument : ত্রিকোণাকারে গঠন-কৃ ; To shape like, or furnish with, gores. *Syn* :—(*v*) Stab, wound.
Gorge, gorj, *n.* [L. *gurges,* a whirl-pool] কণ্ঠ ; The throat :—গিরিসঙ্কট ; A defile ; a narrow pas-

sage among hills —দুর্গের বহিঃপ্রাচীর প্রবেশ-পথ, The entrance to an outwork —*v. t* গ্রাস কৃ, To swallow greedily, to glut —*v i* ভক্ষণ-কৃ, ভোজন-কৃ, To feed. *Syn* —(*v*) Cram, stuff, fill, sate, satiate

Gorgeous, gor'jus, *a* [O Fr *gorgias* beautiful, gaudy] জাঁকাল, বিচিত্র, Showy splendid *n*=gorgeousness, *ad*=gorgeously *Syn* —Magnificent, glorious, brilliant superb luxurious

Gorget, gor'jet, *n* কণ্ঠকবচ, যোদ্ধার কণ্ঠভূষণ A piece of armour for defending the throat or neck

Gorgon, gor'gun, *n* রাক্ষস, কল্পিত ভয়ঙ্কর দেবতা বিশেষ, যাহাকে দেখিবামাত্র দর্শক পাথরে পরিণত হইত A fabled monster of so horrible an aspect that every one who looked on it was turned to stone —অতি কদাকার বস্তু, Any thing very ugly or horrid

Gorgonian, Gorgonean, gor'gō ni-an **Gorgon,** gorgon *a* অতি কদাকার কিংবা ভয়ানক অত্যন্ত বিকটমূর্তি, Very ugly or terrific very horrid

Gorilla, gor il'a, *n* আফ্রিকাদেশীয় বৃহদাকার বানর An ape of tropical Africa of great size, strength and ferocity

Gormand, gor mand, **Gourmound,** *n* পেটুক A glutton *Syn* —Epicure bon vivant

Gormandise, gor mand iz *v i* পেটুকের মত খাওয়া, অত্যন্ত আহার কৃ, To eat like a gormand *n*=gormandiser

Gormandising, gor'mand iz-ing *n* অতিভক্ষণ ঔদরিকতা, The act or habit of eating voraciously

Gorse, gors, *n* কণ্টক গুল্মবিশেষ, লতাবিশেষ, A thick, prickly shrub

Gory, gor'i, *a* রক্তাক্ত, রক্তময়, Bloody, covered with gore, ensanguined

Goshak, Goshawk, goshawk, *n* চিল একবকম শিকরে পাখী, Greedy hawk a short winged slender hawk, once used for hunting wild-geese

Gosling, gozling, *n* রাজহংস-শাবক, Little or young goose

Gospel, gos'pel *n* [A S *god* good and *spell* story] সুসমাচার, খ্রীষ্টধর্ম খ্রীষ্টীয় প্রত্যাদেশ Good news, good tidings the Christian revelation —ধর্মমত, A system of religious truth *Syn* —Revelation divine truth, doctrine, creed

Gospel truth—বেদবাক্য, A fixed truth

Gospellers, *n.* Followers of Wycliffe, called the Gospel Doctor

Hot gospellers, *n* A nickname applied to the Puritans after the Restoration

Gossamer gos'a-mer, *n* মাকড়সার জালের ন্যায় সূক্ষ্ম তন্তু, উর্ণা-তন্তু মাকড়সার জাল, Fine spider-threads which float in the air

Gossip, gosip *n* জল্পনা, মিথ্যাগল্প, Idle talk —জল্পক A talkative person, idle tattler —বিশেষ পরিচিত ব্যক্তি, A familiar acquaintance —*v t* জল্পনা-কৃ, বেশী কথা বলা Prate, to chat *Syn* —(*n*) Tattler, tell tale, newsmonger, chat, tattle, small talk.

Got, *p t* and *pt p* of *Get*

Goth, goth, *n* A tribe akin to the English —অসভ্য লোক, A barbarian, rude, ignorant person

The wisemen of Gotham—মূর্খ ব্যক্তিরা, Fools.

Gothamite, gotha-mit, **Gothamist,** gotha-mist *n* বোকা, A wiseacre, a simpleton

Gothic, gothik, *a* অসভ্য, অদ্ভুত, Belonging to the Goths or their language, barbarous, romantic —এক প্রকার গৃহনির্মাণ বিদ্যা সম্বন্ধীয়, প্রাচীন কালীয় একপ্রকার স্থাপত্য বিষয়ক বা তৎসূচক, Denoting a style of architecture with high pointed arches, clusterd columns &c

Gothicise, gothi-siz, *v t* To make Gothic —অসভ্যাবস্থায় আনয়ন কৃ, অসভ্য কৃ, To bring back to barbarism

Gothicism, gothi sizm *n* প্রাচীনকালের ন্যায় অট্টালিকাদির নির্মাণ প্রণালী Gothic idiom or style of building —অসভ্য ব্যবহার, অসভ্যতা, Rudeness of manners

Gouge, gowj *n* [Low L *gubia*, a kind of chisel] ছিদ্র করিবার একরকম বাটালী A chisel with a hollow blade for scooping or cutting holes —*v t* ছিদ্র কৃ জোর করিয়া বাহির কৃ To scoop out as with a gouge to force out as the eye with the thumb or finger [fruit

Gourd, gōrd *n* কুষ্মাণ্ড, অলাবু A plant and its

Gourmand, gōor mand *n* পেটুক, ঔদরিক, One who eats greedily, a glutton

Gout, gowt *n* সন্ধিগতবাত গেঁটে বাত A disease of the joints especially in the great toe

Gout, gōō *n* আস্বাদন Taste relish

Gouty, gowti *a* বাতরোগগ্রস্ত বেতো রোগী Relating to gout diseased with or subject to gout. *ad*=goutily *n*=goutiness

Govern, guvern *v t* [L *guberno* to rule] কর্তৃত্ব কৃ পরিচালিত-কৃ To direct, manage —শাসন কৃ Sway, rule with authority, control —দমন-কৃ Restrain —ব্যাকরণানুযায়ী অন্বিত কৃ In *gram* determine the mood tense, or case of —*v i*. প্রভুত্ব কৃ শাসন ক্ষমতা বা বিধিসমূহ পরিচালন কৃ, To exercise authority to administer the laws *a*=governable *Syn* —Administer guide superintend, order command, conduct pilot steer

Governable, *a* শাসন যোগ্য, শাসনীয়, বাধ্য, That may be governed

Governante, guver-nant', *n* শিক্ষয়িত্রী, A governess, a lady who has the care of young ladies

Governess, guver nes *n* শিক্ষয়িত্রী, শিক্ষয়িত্রী ও রক্ষয়িত্রী, A tutoress a lady who has the care of instructing and directing young ladies.

Government, guvern-ment, *n* শাসন, Management, control —শাসনকর্তা, শাসনভার প্রাপ্ত রাজকর্মচারিবর্গ, The body of administrators of a common wealth or kingdom —রাষ্ট্র, Kingdom, a state —শাসনপ্রণালী, তন্ত্র, System of governing —In *gram* the influence of a word in regard to construction —*a* রাজকীয়, রাজ্যশাসন সম্বন্ধীয়, Of or pursued by government *a*=governmental *Syn* —Rule, regulation, conduct, direction, guidance, restraint, control, sway dominion, common wealth, state, polity, administration executive

Governmental, guv-ern-men'tal, *a* রাজ্যঘটিত, রাজকীয়, Pertaining to or santioned by government.

Governor, guvern-ur, *n*, শাসনকর্তা, নিয়ন্তা,

Ruler :—শিক্ষক ; অভিভাবক A tutor; guardian :—কলের গতি সংযমনকারী কৌশলবিশেষ ; A contrivance for maintaining uniform velocity with a varying resistance :—জাহাজের পথ-প্রদর্শক ; A pilot. *n*=governorship *Syn* :—Directior, controller, manager ; magistrate, executive ; instructor.

Governor-general—বড় লাট The Viceroy of India ; chief governor of New Holland, Canada or the West Indies.

Gowan, gow'an, *n.* একরকম ফুল ; The mountain daisy

Gown, gown, *n* স্ত্রীলোকের পরিচ্ছদ ; স্ত্রীলোকদিগের ঘাগরা , Woman's long garment ; the outer garment of a woman :—লম্বা পরিচ্ছদ ; A long loose robe worn by professional men and scholars.

Gowned, gownd, *a.* ঘাগরা প্রভৃতিতে আবরিত , Dressed in a gown.

Gownman, gowńman, **Gownsman,** gownź-man, *n.* ধর্ম্মযাজক ; পাদরী , কৌন্সিলী , One whose professional habit is a gown, as a divine, a lawyer , one devoted to the arts of peace :—ইংরাজি বিশ্ববিদ্যালয়ের সভ্য , A member of an English university.

Grab, grab, *v t* and *v. i.* বলপূর্ব্বক ধৃত-কৃ ; হঠাৎ চাপিয়া ধৃ ; To seize with strength or suddenly : —*n* হঠাৎ হস্তদ্বারা ধারণ , A sudden grasp or seizure *Syn* —Seize, clutch, grasp, snatch.

Grace, grās, *n* [L. *gratia*, favour] অনুগ্রহ , প্রসাদ , Favour —সৌন্দর্য্য , লাবণ্য , Beauty —কৃপা , ক্ষমা , Mercy, pardon —সৌন্দর্য্য , Beauty, physical, intellectual, moral —স্বাভাবিক গুণ , Inherent excellence —ভোজনের পূর্ব্বে বা শেষে প্রার্থনা , A short prayer before or after meat —সম্ভ্রান্ত ব্যক্তির উপাধিবিশেষ , The title of a duke or an archbishop —ঈশ্বরের করুণা , The undeserved kindness or forgiveness of God :—অলঙ্কার , ভূষণ , Adornment , embllishment —অনন্ত জীবন , Eternal life —মুক্তি , Salvation :—*pl* সৌন্দর্য্যের অধিষ্ঠাত্রী দেবীত্রয় ; In *myth* the three sister goddesses in whom beauty was deified —*v t* ভূষিত কৃ , শোভিত-কৃ , To adorn, decorate :—মান্য-কৃ , To mark with favour , honour. *Syn* —(*n*) Beneficence, kindness, generosity , elegance, comliness, charm

Be in the good graces of one—কাহার প্রিয় পাত্র-হ , Be a favourite of one , be in friendship with one

Days of grace—হুণ্ডী প্রভৃতির টাকা দিবার নিধনাস্তরে দেয় তারিখের পরেও যে তিন দিন সময় দেওয়া হয় ; Three days that a bill may remain unpaid after its date

With a good grace—প্রসন্নভাবে , প্রীতিকরভাবে ; Gracefully , in a becoming manner.

With an ill grace—অপ্রসন্নভাবে , অপ্রীতিকরভাবে , In an unbecoming manner.

Graceful, grāsfool, *a.* সুন্দর ; কমনীয় ; Pretty ; elegant and easy. *n*=gracefulness. *ad*=gracefully. *Syn* —Beautiful, symmetrical , natural.

Graceless, grāsles, *a.* দুশ্চরিত্র ; পাপী ; Depraved ; wicked ; corrupt .—শ্রীহীন , Wanting in excellence. *n*=gracelessness. *ad*=gracelessly. *Syn* :—Degenerate, vicious, abandoned, worthless, profligate.

Gracious, grāshus, *a.* প্রসন্ন ; দয়াময় ; করুণাময় ; দয়ালু ; Merciful ; beneficent benevolent ; benignant :—উত্তম ; Excellent :—সুন্দর ; Beautiful. *n*=graciousness. *ad*=graciously. *Syn* :—Kindly condescending, pleasing, affable, courteous.

Gradation, gra-dāshun, *n.* [L. *gradatio*, a rising by steps] অনুক্রম পরম্পরা ; ক্রম ; ক্রমোন্নতি ; Grade , progress from one degree or state to another ; a rising or act of progressing by regular steps. *ad*=gradational

Gradationed, gra-dāshund, *a.* ক্রমান্বয়ে সজ্জিত বা গঠিত , Formed by stages.

Grade, grād, *n.* [L. *gradus*, a step] ক্রম ; পদমর্য্যাদা , পদ , A degree , a step in rank , a dignity ; stage :—ক্রমনিম্নতার পরিমাণ , The degree of slope on a road .—*v. t* To reduce to a level.

Gradient, grādi-ent, *a.* [L *gradior*, to step] ক্রমোচ্চ ; Rising gradually or with a regular slope .—*n.* বর্ত্মের ক্রমনিম্নতা , আনতত্ব ; The degree of slope on a road or railway ; an incline.

Gradual, gradū-al, *a* ক্রমসম্ভূত ; ক্রমাগ্রসর ; নিয়মিত শনৈশ্চর , Advancing by grades or degrees ; regular and slow. *ad*=gradually. *n*=graduality *Syn* .—Progressive, slow, continuous, gradational.

Gradual, gradū-al, **Grail,** grāl, *n.* [L. *gradus* a step] খৃষ্টীয় স্তোত্র গ্রন্থবিশেষ , An ancient book of hymns.

Graduate, gradū-āt, *v t* [L. *gradus*, a step, a degree] উপাধি গ্রহণ-কৃ , উপাধিপ্রাপ্ত-হ ; To take a degree at college :—*v t* চিহ্ন দ্বারা ভাগ-কৃ · ক্রমিক অংশে বিভক্ত-কৃ ; Divide into degrees or measures ; mark degrees :—*n.* বিশ্ববিদ্যালয়ের উপাধিপ্রাপ্ত ব্যক্তি ; One who has been admitted to a degree in a college, university, or society. *n*=graduation. *Syn* —(*v*) Adjust, regulate.

Graduator, gradū-ā-tor, *n.* রেখা বিভাগ করণার্থ গণিতযন্ত্র-বিশেষ ; Instrument for dividing scales.

Gradus, grādus, *n.* ছন্দের অভিধান , ছন্দোবিষয়ক পুস্তক , A Dictionary of Latin or Greek prosody.

Graff, Graft, graft, *n.* [L. *graphium*, a style or pencil] বৃক্ষাদির কলম , পরগাছার কলম , Shoot inserted in another tree —*v. t.* গাছের কলম-কৃ ; পরগাছার কলম-কৃ , To make an incision in a tree or plant and insert in it a small branch of another :—*v. i.* কলম লাগান ; এক গাছের কলম করিয়া অপর গাছে মিলিত-কৃ , To insert cuttings into a tree.

Grail, grāl, *n* পাত্র , পানপাত্রবিশেষ ; A broad, open dish or cup , a chalice.

Holy grail or **sangail**—In mediaeval legends, the dish in which Joseph of Arimathea received the blood of Christ and could be received by a knight, chaste in act and thought.

Grain, grān, *n.* [L. *granum*, seed] শস্য ; খাদ্য ; A kernel, especially of corn wheat —বীজ , Seed —কণিকা ; অণু ; A minute particle , a very small quantity :—ইংরাজি ওজনবিশেষ , রতি , The smallest weight , 20th part of a scruple , 24th of a penny-weight .—কাষ্ঠাদির আঁশসমূহের বিন্যাস , যে দিকে কাষ্ঠ তন্তু প্রসৃত ; Direction of the fibres of wood :—প্রকৃতি , Temper, disposition :—বুনন ; Texture :—বর্ণ ; Dye :—*pl.* অবশিষ্ট অংশ , ভুঁষ ;

খোসা ; The husks or remains of malt after brewing or any grain after distilation ; residum :—গঠন ; Texture :—*v. t.* রঙ্-কৃ ; কাঠের অণুাদির অনুকরণে চিত্র-কৃ ; To paint in imitation of the grain of wood. *Syn* :—(*n*) Cereals ; atom ; bit, jot, whit, tittle ; fibre, texture humour, tint, hue, shade, tinge.

Against the grain—কাষ্ঠতন্তু প্রসারের বিপরীত দিকে ; Against the direction of the fibres :—অনিচ্ছাপূর্ব্বক কষ্টে ; Unwillingly ; with difficulty

Dye in grain—রঙ্-কৃ ; পশমে রঙ্-কৃ ; Dye in the raw material ; dye firmly ; *dye in the* the wool.

Go against the grain—বিরক্তিকর-হ ; To be repugnant to.

In the grain—অন্তর্গত ; Deeply seated.

Grained, grānd, *a.* অণুতে বিভক্ত ; Divided into small particles or grains :—অমসৃণ ; বন্ধুর ; Roughened , rough :—রঞ্জিত , Dyed in grain : painted in imitation of wood —স্বাভাবিক ; Ingrained.

Grainer, grānėr, *n.* কাঠের অণুাদির অনুকরণে যে চিত্র করে ; One who paints in imitation of the grain of wood.

Grallatorial, gral-a-tōr'i-al, **Grallatory,** gral'a-tor-i, *a* [L. *grallator*, one walking on stilts] বক প্রভৃতি জলচর পক্ষিজাতীয় , Pertaining to the wading birds, as the stork, crane, &c.

Gram, Gramme, gram, *n.* ফরাসীদেশীয় ওজন-বিশেষ ; The French unit of weight.

Gramineal, gra-min'e-al, **Gramineous,** gra-min'e-us, *a.* [L. *gramen*, grass] ঘাসজাতীয় ; তৃণময় ; Like or pertaining to grass ; grassy.

Graminifolious, gram-in-i-fō'li-us, *a.* পত্রোৎপাদক , Bearing leaves

Graminovorous, gram-in-iv'o-rus, *a* তৃণভোজী ; উদ্ভিদ্‌ভোজী ; Feeding on grass.

Grammar, gramar, *n.* [Gr *gramma*, a letter] ব্যাকরণ ; ব্যাকরণশাস্ত্র ; The science which treats of the principles of language ; the law of speaking and writing.

Grammar-school, *n.* যে বিদ্যালয়ে ল্যাটিন ও গ্রীক শিক্ষা দেওয়া হয় ; A school in which Latin and Greek are taught :—ব্যাকরণ বিদ্যালয় ; A school in which grammar is taught.

Grammarian, gram-mā'ri-an, *n.* ব্যাকরণজ্ঞ ; বৈয়াকরণ ; বৈয়াকরণিক ; One skilled in grammar

Grammatic, gram-mat'ik, **Grammatical,** gram-mat'ik-al, *a.* ব্যাকরণসিদ্ধ ; ব্যাকরণঘটিত ; Belonging to or according to the rules of Grammar *ad*=grammatically.

Grammaticise, gram-mat'i-siz, *v. t.* ব্যাকরণ-সাপেক্ষ-কৃ ; To render grammatical :—*v. i* বৈয়াকরণের ভাব ভর্ক-কৃ ; To act the grammarian.

Grampus, gram'pus, *n.* মৎস্যবিশেষ , A cetacean.

Granary, gran'ar-i, *n.* শস্যাগার ; শস্যের গোলা ; A store house for grain or thrashed corn ; garner ; corn-house.

Grand, grand, *a.* [L. *grandis*, great] বৃহৎ ; বড় ; Great :—প্রধান ; Chief :—মহৎ , মহান্ ; খ্যাত , Noble ; lofty, dignified ; splendid ; illustrious :—পৈতামহিক ; মাতামহিক ; পৌত্রিক বা দৌহিত্রিক ; Of the second degree of parentage or descent. *n*=grandness, *ad*=grandly, *Syn* :—Majestic, elevated, stately, august, pompous, exalted, magnificent ; principal, superior.

Grandam-nam,-ny—বৃদ্ধা ; An old woman especially a grand mother.

Grandam, grandam, *n.* বৃদ্ধা ; আইমা ; An old dame or woman ; a grandmother.

Grand-child, grand-child, *n.* পৌত্র ; সন্তানের সন্তান ; Son or daughter's child.

Grand-daughter, grand-daw'tėr, *n.* পৌত্রী ; দৌহিত্রী ; The daughter of a son or daughter. *mas*=grandson.

Grand-father, —fa'thėr, *n.* পিতামহ ; মাতামহ ; A father or mother's father. *fem*=grandmother.

Grand-jury, —jōō'ri, *n.* অভিযুক্ত ব্যক্তির দোষাদোষ স্থিরকরণার্থ নিয়োজিত ব্যক্তিগণ ; Preliminary jury ; a jury that decides whether there is sufficient evidence to put the accused on trial.

Grand-mother—পিতামহী ; মাতামহী ।

Grand-nephew, —nef'ū, *n.* ভ্রাতৃপৌত্র, ভাগিনের প্রস্তুতির পুত্র ; The grand-son of a brother or sister *fem*=grand-niece.

Grandsire, —sire, *n.* পিতামহ বা মাতামহ ; পিতামহাদি-পূর্ব্বপুরুষ ; A grand-father, any ancestor.

Grandson, *n.* পৌত্র, দৌহিত্র ।

Grand vizior, *n* প্রধান মন্ত্রী ; The head of the Turkish council of state.

Great grand-father—প্রপিতামহ ।

Great grand-daughter—প্রপৌত্রী ।

Great, great grand-father—বৃদ্ধপ্রপিতামহ ।

Grandee, gran-dē', *n.* উচ্চপদস্থ সম্ভ্রান্ত লোক ; A Spanish nobleman ; a man of high rank or station. *n*=grandeeship.

Grandeur, grandūr, *n.* বৃহত্ত্ব ; Vastness :—জাঁক ; আড়ম্বর ; সৌষ্ঠব ; Splendour of appearance :—উচ্চভাব ; মহত্ত্ব , মহিমা , গৌরব , Elevation of sentiment, language or mien , sublimity. *Syn* :—Greatness, majesty, stateliness, augustness, loftiness, magnificence.

Grandiloquent, gran-dil'o-kwent, *a.* [L. *grandis*, and *loquor*, to speak] বাগাড়ম্বর পটু ; শব্দাড়ম্বর প্রিয় ; Speaking bombastically ; pompous. *n*=grandiloquence, *ad*=grandiloquently.

Grange, granj, *n* [L. *granum*, grain] খামার ; গোলাবাড়ী , Granary :—ক্ষেত্র , Farm.

Granite, gran'it, *n.* [L. *granum*, grain] স্ফটিক প্রস্তর বিশেষ ; A crystaline, unstratified rock ; stone consisting of grains.

Granitiform, gran-it'i-form, **Granitoid,** gran'i-toid, *a* স্ফটিক প্রস্তরাকার বা তৎসদৃশ ; Of the form of, or resembling granite.

Granivorous, gran-iv'or-us, *a.* [*granum*, and *voro*, to eat] শস্যজীবী ; শস্যভোজী ; Feeding on subsisting on grains or seeds.

Grant, grant, *v. t.* প্রদান-কৃ ; দান-কৃ ; To give ; to bestow :—স্বীকার-কৃ ; মানিয়া লওয়া ; To concede ; admit —অধিকার-দে ; To make conveyance of ; to give possession or title of :—*n.* প্রদান ; Bestowing :—দান ; An allowance ; a gift :—দানপত্র দ্বারা হস্তান্তর করণ ; A transfer or conveyance by deed or writing. *Syn* :—(*v*) Bestow ; transmit, convey, transfer , yield, (*n*) Gift, boon,

present, donation, largess, benefaction ; admission, concession

Take a thing for granted—স্বীকার করিয়া লওয়া ; মেনে লওয়া ; প্রকৃত বলিয়া বিশ্বাস-কৃ ; Admit to be true, allow.

Grantee, grant-ē', *n*. দানগ্রহীতা ; The person to whom a grant or conveyance is made.

Granter, Grantor, grantor, *n* দাতা ; দানকর্তা ; The person by whom grant is made.

Granular, granū-lar, **Granulary**, granū-lar-i, *a*. কণাময় ; দানার মত ; Consisting of or like grains. *ad*=granularly.

Granulate, granūlāt, *v. t*. দানাময়-কৃ ; বন্ধুর-কৃ ; To form into grains ; to make rough on the surface :—*v. i*. দানাবৎ-হ, দানা বাঁধা, To collect or be formed into grains :—*a*. দানাযুক্ত ; Granular :—বন্ধুর, Having small elevations on the surface.

Granulation, gran-ūlāshun, *n*. দানার আকার ধারণ ; The act of forming into grains :—*pl*. ক্ষতের অঙ্কুর ; The minute grain-like fleshy bodies which form in sores when healing. [particle.

Granule, granūl, *n*. দানা ; Little grain ; small

Granulous, granū-lus,-**ular**,-**ulate**,-**ulated**, *a*. দানাদার ; দানার মত, দানাযুক্ত, Consisting of or like grains or granules.

Grape, grāp, *n*. [O. Fr. *grappe*, a cluster of grapes] দ্রাক্ষা, আঙ্গুর ; Fruit of the vine :—গোলা বিশেষ ; Grape-shot .—ঘোড়ার পায়ে ফোড়া, A mangy tumour on the legs of a horse.

Grape shot, grāp'shot, *n*. অনেক ছিটাগুলি ; অনেকগুলি ছোট গুলি, Small shot from a cannon ; shot discharged in clusters.

The grapes are sour—কোন বস্তুকে না পাইয়া তুচ্ছ করা, A thing is disparaged when it is beyond one's reach. [grapes are grown.

Grapery, grāp'ēr-i, *n* দ্রাক্ষাক্ষেত্র ; A place where

Graphic, graf'ik, **Graphical**, graf'ik-al, *a* [Gr *grapha*, to write] বিচিত্র ; সুচিত্রিত ; সুবর্ণিত, Picturesque ; picturesquely described ; described picturesquely. *ad*=graphically. *Syn* :—Forcible, telling, vivid, lively.

Graphite, graf'it, *n*. খনিজ বিশেষ ; A mineral.

Grapnel, grap'nel, *n* ক্ষুদ্র নঙ্গর, লোহার আকর্ষী, Small anchor ; graphling-iron.

Grapple, grap'l, *v t*. গ্রহণ-কৃ ; ধৃত-কৃ ; চাপিবা-ধৃ ; To seize, hold, to lay fast :—*v. i*. মারামারি-কৃ, To contend in close fight .—*n*. A fastening one ship to another. *Syn* :—Grape, grasp, clutch ; struggle, cope, contest, wrestle.

Grappling-iron, *n*. শত্রুপক্ষীয় জাহাজ ধরিবার জন্য ব্যবহৃত লৌহযন্ত্র বিশেষ ; A large grapnel once used for seizing hostile ships. [like grapes.

Grapy, grāp'i, *a*. দ্রাক্ষাময় ; দ্রাক্ষাবৎ, Made of or

Grasp, grasp, *v. t*. গ্রহণ-কৃ ; আঁকড়িয়া ধরা ; To catch ; to seize and hold by clasping with the fingers or arms :—অর্থ গ্রহণ-কৃ ; To comprehend :—*v. i*. চেষ্টা-কৃ ; To endeavour :—ধরিতে চেষ্টা-কৃ, To endeavour to seize :—*n*. হস্তমুষ্টি, গ্রহণ, আয়ত্ত ; Gripe of the hand ; hold ; reach of the arms :—ধারণাশক্তি ; Wide reaching power of intellect to comprehend subjects. *Syn* :—(*v*) Catch, clasp, clutch ; aim at, strive for ; grapple.

Grasp at—আঁকু বাঁকু করিয়া ধরিতে যাওয়া ; Endeavour to seize eagerly :—পাইবার জন্য ব্যগ্র-হ ; Be eager to get.

He that grasps at too much holds nothing fast—অতি লোভে তাঁতি নষ্ট।

Grasping, grasp'ing, *a*. অর্থ-গৃধ্নু ; কৃপণ ; Covetious ; greedy *Syn* :—Avaricious, exacting, miserly, niggardly, close-fisted.

Grass, gras, *n*. ঘাস ; তৃণ ; A plant ; a common herbage :—*v*. তৃণাচ্ছাদিত-কৃ ; To cover with grass.

The sacrificial grass—কুশ। [grass.

Grass green, *a*. ঘাসের মত সবুজবর্ণ ; Green like

Grasshopper, grashop-ēr, *n* পতঙ্গ ; গঙ্গা ফড়িং, An insect ; a hopping insect allied to the locust and feeding on grass or leaves.

Grass-plot, grass-plot, *n*. তৃণাচ্ছাদিত ভূমি ; তৃণময় ভূখণ্ড ; A plot of grassy grounds ; a lawn.

Grass widow, *n*. পরিত্যক্তা স্ত্রী ; A woman living away from her husband.

Grassy, grasi, *a*. সবুজবর্ণ ; Like grass ; green :—তৃণাচ্ছাদিত, Covered with grass. *n*=grassiness.

Grate, grāt, *n*. [F. *gratter*, scratch] ঘসা ; To rub ; scratch ; wear away :—কর্কশ শব্দ-কৃ ; To rub hard so as to offend, to make a harsh sound :—ঝাঁঝরা বিশিষ্ট-কৃ ; To furnish with grates or cross bars :—বিরক্ত-কৃ ; উত্তেজিত-কৃ ; To offend or irritate :—*n*. জাফরি ; A lattice work used in windows of prisons &c. :—কয়লার চুল্লীর ঝাঁঝরী ; A frame of iron bars for holding coals. *Syn* :—(*v*) Scrape, scratch, abrade ; rasp, comminute, triturate ; be vexing, fret.

Grated, grāt'ed, *a*. ঝাঁঝরীবিশিষ্ট ; Having a grating.

Grateful, grāt'fool, *a*. [L. *gratus*, pleasing, thankful] সুখদ, মনোরম, সুন্দর ; Pleasant ; delightful ; acceptable ; acceptably welcome :—কৃতজ্ঞ ; Thankful. *n*=gratefulness, *ad*=gratefully. *Syn* :—Beholden, indebted ; gratifying, agreeable, welcome, delicious, palatable, nice.

Grater, grāt'ēr, *n*. মোটা উখা ; An instrument with a rough surface, rubbing off small particles of a body.

Gratification, grat-i-fi-kāshun, *n*. সন্তোষ ; আহ্লাদ ; The act of pleasing ; that which affords pleasure ; delight :—পুরস্কার ; Reward. *Syn* :—Pleasure, satisfaction, recompense.

Gratify, grat'i-fi, *v. t*. [L. *gratus*, and *facio*, to make] সন্তুষ্ট-কৃ ; তুষ্ট-কৃ, সান্ত্বনা-কৃ ; প্রশ্রয়-দে ; To please, to satisfy, to soothe ; indulge. *n*=gratifier. *Syn* .—Humour, delight ; requite, recompense.

Grating, grāt'ing, *n*. বার ; A partition or frame of bars :—*a*. সন্তাপদায়ক, বিরক্তিকর ; Harsh, irritating. *ad*=gratingly. *Syn* :—(*a*) Irritating, jarring, rough, disagreeable, offensive.

Grating, *n*. ঘর্ষণ জনিত কর্কশ শব্দ ; A harsh sound of rubbing.

Gratis, grātis, *a. n*. বিনা মূল্যে ; কিছুই না লইয়া ; নিঃস্বার্থে ; By grace or favour ; for nothing ; freely. [ness ; gratefulness.

Gratitude, grat'itūd, *n*. কৃতজ্ঞতা ; Thankful-

Gratuitous, gra-tū'i-tus, *a*. বিনা মূল্যে প্রদত্ত ; Done or given gratis or for nothing :—অমূলক ;

Without reason, ground or proof —স্বেচ্ছাপূর্ব্বক, স্বেচ্ছপ্রবৃত্ত, Voluntary —অকারণ, Without cause or provocation *Syn* —Spontaneous, assumed, groundless, unwarranted.

Gratuity, gra-tū'i-ti, *n* দান, পারিতোষিক, স্বেচ্ছাকৃত দান, Free gift, present *Syn* —Donation boon, grant, benefaction, endowment, charity

Gratulate, &c—Same as congratulate &c

Gravamen, *n* [L. *gravis*, heavy] অনুযোগ, অভিযোগের স্থায্য কারণ, Grievance, substantial cause of complaint or action

Grave, grāv, *v t* খোদন-কৃ, তক্ষণ-কৃ, To cut, to engrave —*v. i* খোদন-কৃ, To practise engraving —*n* কবর, সমাধি Tomb —মৃত্যু, অন্ত Death, end *Syn* —(*v*) Carve, sculpture, imprint, impress, infix, (*n*) Sepulchre, pit, vault, long home.

Grave, grāv, *a* [L *gravis*, heavy] ভারি, Heavy, weighty —গুরু, Important —গম্ভীর ধীর, Serious —গম্ভীর, In music, not acute *ad*= gravely, *n*=graveness. *Syn* —Pressing, exigent, sage, staid, sober, plain, not showy, deep

Have one foot in the grave—অতি বৃদ্ধ, অতি প্রাচীন, Have not long to live, being very old

On this side of the grave—এ জীবনে, বাঁচিয়া থাকিতে থাকিতে, In this life

Half-tint, hāf-tint, *n.* দুই রঙের মাঝামাঝি রঙ্ ; An intermediate tint.

Half-way, haf'-wā, *adv* অর্দ্ধপথে ; At half the way or distance :—অসম্পূর্ণরূপে ; Imperfectly ; partially —*a.* মাঝামাঝি ; মধ্যস্থিত ; Equally distant from two points.

Half-witted, hāf'-wited, *a.* চঞ্চল ; নির্বোধ ; তরল বুদ্ধি . Silly, foolish.

Half-yearly, haf'-yēr'li, *a.* ষাণ্মাসিক ; Occurring twice in a year :—*ad.* অর্দ্ধ বার্ষিক ; বৎসরে দুইবার ; Twice in a year.

Halibut, hali-but, *n.* মৎস্য বিশেষ ; A flat-fish.

Hall, hawl, *n.* ঘরের দালান ; সাধারণ গৃহ ; বিদ্যালয়-মন্দির ; Large room or building for public busi-

ness ; the edifice of a college. *Syn* —Vestibule, entry, court, public room, chamber, manor house ; college

Hall-mark, hawl-mark. *n.* স্বর্ণাদির বিশুদ্ধতা নিরূপণার্থ তদুপরি স্বর্ণকারদিগের দ্বারা প্রদত্ত চিহ্ন, The mark made on plate at goldsmith's *hall* to show its purity.

Halleluiah, Hallelujah, hal-e-lōō'ya, *n* and *interj* [Heb. *halelu*, praise ye, and *Yah* Jehovah] ধন্য হউক ; স্তোত্রে ব্যবহৃত বাক্য, A song of praise and thanks giving.

Hallelujah victory—A victory gained by some newly-baptised bretons, led by German, bishop of Auxene.

Halloo, hal-lōō', *n* মনোযোগাকর্ষণ করিবার জন্য আহ্বান, A call to invite attention —সাবাসি, A call ; shout :—*interj* সাবাস, An exclamation to call attention or encourage —*v. i* নাম ধরিয়া ডাকা, To cry out, call to by name :—*v t* বাহাদুরি-দে, চীৎকারপূর্ব্বক উৎসাহিত কৃ, To encourage or chase with shouts

Hallow, halō, *v t* [A S *hâl'ig*, holy] পবিত্র-কৃ, শুদ্ধ-কৃ, To make holy, to reverence *Syn* —Sanctify, venerate, consecrate dedicate, devote, enshrine

Halloween, halō-ēn, *n* খ্রীষ্টানদিগের উৎসব বিশেষের পূর্ব্ববর্ত্তী সায়ংকাল, The evening preceding All-Hallows or All-Saints'-Day

Hallowmas, halōmas, *n* খ্রীষ্টানদিগের উৎসব-বিশেষ ; The mass or feast of All-Hallows, All-Saints, All Souls

Hallucination, hal-lū-sin-āshun, *n* ভ্রম, মতি বিভ্রম, ভ্রান্তি, Blunder, delusion, illusion *Syn* .—Delusion, aberration, phantasm, dream, mistake, fallacy

Hallucinatory, hal-lū'sin-a-tor-i, *a.* ভ্রমজনক, ভ্রমাত্মক, Partaking of or tending to produce hallucination

Halo, hālō, *n* [Gr *halos*, a round thrashing floor] সূর্য্য বা চন্দ্রের বেষ্টক মণ্ডল, A red circle round the sun or moon —দেবমূর্ত্তির মস্তকস্থিত জ্যোতির্ম্মণ্ডল, Bright glory around a saint head —*v t.* or *v i.* জ্যোতিঃ দ্বারা বেষ্টন-কৃ, To form or surround with a halo. *pl* halos. *Syn* —(*n*) Corona, aureola, glory, gloriole.

Halser, hawzér, *n.* কাছি, A rope for hoisting anything, a small cable.

Halt, hawlt, *v. i* পথিমধ্যে অবস্থিতি-কৃ, পথে অবস্থান কৃ, To stop in walking or marching —খঞ্জের ন্যায় চলা, লেঙ্গচিয়া হাঁটা, To stop lamely, limp —ইতস্তত-কৃ, To hesitate —ছন্দোভঙ্গ-হ, To have an irregular rhythm —সন্দিগ্ধ হওয়া, দ্বিধা করা, To hesitate, to be in doubt —*v t* থামান, অবস্থাপিত-কৃ, To stop. to cease ; to cease marching —*a* পঙ্গু, Halting in walking, lame —*n* পথিমধ্যে অবস্থিতি, গমনে বিরতি, A stop in marching —খঞ্জতা, Act of limping, lameness *Syn* —(*v*) Rest, pause, falter, hobble (*n*) Stopping, stand, limp, lameness, stammer, stutter

Halt between two opinions—কোন্ পক্ষ অবলম্বন করিতে হইবে তাহা স্থির করিতে না পারা ; Be undecided as to which side to take.

Halter, hawltér, *n.* বাগডোর ; পশু বন্ধনার্থ রজ্জু, ফাঁস দড়ি ; উদ্বন্ধন রজ্জু ; Rope for a horse's head, rope for hanging —*v t* ফাঁস দড়ি লাগান, To put a halter on —রজ্জু দ্বারা বন্ধন-কৃ To catch or bind with a rope

Halting, hawlting, *a.* গমনে বিরত, নিশ্চেষ্ট, Holding back, stopping, limping *ad*=haltingly.

Halve, hav *v. t.* দ্বিভাগ-কৃ, দুই সমভাগে বিভক্ত-কৃ, To divide into equal parts.

By halves—আধ খেঁচড়া খানিকটা করা খানিকটা না করা, Half at one time and half at another ; partially (not thoroughly). [share.

Cry halves—সমান অংশ দাবী-কৃ ; Claim an equal

Go halves—সম অংশ দাবি-কৃ সমান ভাগ লওয়া, Have an equal share share equally

Halved, havd, *a* সমানাংশে বিভক্ত, Divided into halves ; appearing as if one side were cut away

Halyard, Halliard, halyard, *n* জাহাজের পাইল, মাস্তুল প্রভৃতি তুলিবার ও নামাইবার দড়ি, বাচ, A rope by which yards, sails, &c, are hauled or hoisted

Ham, ham, *n* হাঁটুর পশ্চাদ্ভাগ, ঊরু, জঙ্ঘা, Inner part of the knee, thigh, hip —শূকরের লবণাক্ত শুষ্ক জঙ্ঘা, Smoked thigh of a hog

Hamadryad, hama-dri-ad, *n* [Gr *hama*, together, *drys*, a tree] বনদেবী বিশেষ, A wood nymph. *pl*=hamadryads, hamadryades

Hamitic, ham-itik *a* নোয়ার পুত্র হাম বা তাহার বংশধরগণ সম্বন্ধীয়, Pertaining to Ham, a son of Noah or to his descendents. [village

Hamlet, hamlet, *n* পল্লি, ক্ষুদ্র গ্রাম, A small

Hammer hamér, *n* মুদগর, হাতুড়ি, A tool for driving nails —*v t.* মুদগর দ্বারা আঘাত কৃ, To drive, beat or forge with a hammer —মানসিক পরিশ্রম দ্বারা উদ্ভাবন-কৃ, To contrive by intellectual labour *Syn* —Form make shape [illegible]

Bring to the hammer—নিলামে বিক্রয় কৃ, Sell by public action (the auctioneer giving a rap with a small hammer when a lot is sold)

Come to the hammer—নিলামে বিক্রয় হওয়া Sell.

Hammer and tongs—বল ও শব্দ পূর্ব্বক, With [illegible] and noise

Hammer at—পরিশ্রম-কৃ, Labour at

Hammer out—প্রহার দ্বারা বাহির-কৃ, Beat out

Live hammer and tongs—সর্ব্বদা বিবাদ-কৃ, To be always quarreling

Send to the hammer—নিলামে বিক্রয় হইবার নিমিত্ত পাঠান, Send for sale by auction

Hammerman, hamér-man, *n* কর্ম্মকার, মুদগর দ্বারা গঠনকারী, A smith, a hammerer

Hammer cloth, *n* শকট-চালকের আসনাচ্ছাদন বস্ত্র, The cloth for covering a coach-box

Hammock, hamuk, *n.* দোলনা, দোলিকা, জাহাজের ঝুলনা শয্যা, Swinging bed ; sailing bed

Hamper, hampér, *v. t* আটক-কৃ, প্রতিরোধ-কৃ, শৃঙ্খলাবদ্ধ-কৃ, To impede, to shackle, to embarrass, to perplex —*n.* শৃঙ্খল, A shackle, fetter *Syn* —Shackle, fetter, entangle, clog, encumber, restrain, hinder, impede

Hamper, hampér, *n* ঝুড়ি, A large basket —*v t* ঝুড়িতে রাখা, To put in a hamper.

Hamster, hamstér, *n.* ইন্দুর বিশেষ ; এক জাতীয় মূষিক, A species of short tailed rat.

Hamstring, hamstring, *n.* জঙ্ঘার মাংস ; জঙ্ঘার শিরা ; Tendon of the ham :—*v. t.* জঙ্ঘার মাংস কাটিয়া খঞ্জ-কৃ ; To lame by cutting the hamstring.

Hanaper, hana-pėr, *n.* [Low L. *hanaperium*, a large vessel for keeping cups in] ঝুড়ি ; A royal treasure-basket.

Hand, hand, *n.* হস্ত ; পাণি ; The outer extremity of the human arm, consisting of the palm, thumb, and fingers :—ঘড়ির কাঁটা ; Index of a clock :—কর্মচারী ; কারিগর ; মজুর , An agent or workman :—হস্তলিপির ছাঁদ ; লেখার ছাঁচ ; Penmanship :—কৌশল ; Skill ; dexterity :—আয়ত্ত ; অধিকার ; Possession :—সম্পাদন ; সম্পাদন-কৌশল , Performance ; power or manner of performing · —প্রতিনিধি ; An agent :—দিক ; ধার , Side ; direction :—চারি বুরুল পরিমাণ ; Measure of four inches :—*v. t.* হস্ত দ্বারা-দে , To give with the hand :—পথ প্রদর্শন-কৃ ; চালিত-কৃ ; To lead or conduct :—(নৌকার পাইল) জড়ান ; To furl, as sails. *n*=hander. *Syn* :—(*n*) Palm, paw ; index, pointer ; part ; act, deed , influence, agency , chance, catch, take ; check, control ; conveyance, transmission ; labourer, operative, artizan, employee. (*v*) Transmit, convey ; conduct, lead, guide ; trim.

A note of hand—হ্যাণ্ড নোট ; A paper acknowledging a debt and promising payment

At first hand—মূল হইতে ; মূল ব্যক্তির নিকট হইতে , From the original source.

At hand—নিকটে , নিকটে (স্থান বুঝায়) ; Near , near in place :—আসন্ন ; নিকটে (সময় বুঝায়) ; Approaching ; near in time.

At one's hand, At the hands of—কাহার হাতে বা নিকট হইতে , From (a person).

At second hand—অন্যের নিকট হইতে , অন্যের নিকট শুনিয়া , Not directly from the original source ; from hearsay.

At the hand of—কাহারও নিকট হইতে ; From (a person)

Be a good or **bad hand at**—দক্ষতা থাকা বা না থাকা , (কোন কার্য্য) ভালরূপে করিতে পারা বা না পারা , Be skilful or unskilful.

Be admitted or **allowed on all hands**—সর্ববাদীসম্মত-হ , সর্বত্র স্বীকৃত হওয়া ; Be admitted everywhere and by all parties.

Be hand and glove with—বিশেষ পরিচিত ও অনুগত-হ ; Be intimate and familiar with — মাখামাখি-হ (অতিশয় আনুগত্য বুঝায়) ; Be intimate with ; be familiar with one.

Be in hand—হাতে থাকা ; Be in preparation.

Be in the hands of—কাহারও হাতে বা কর্তৃত্বাধীনে থাকা , Be under the power of.

Bear a hand—(naut.) ত্বরা-কৃ , Hasten :—শীঘ্র সাহায্য-দে , সাহায্যার্থ ত্বরিত-হ , To give help quickly ; make haste to help.

Bring up by the hand—স্তন্যদান ব্যতিরেকে লালন-পালন কৃ , Rear up, as a child, without suckling it

By hand—হস্ত দ্বারা ; With the hands, not by tool or instrument.

Carry things with a high hand—যথেচ্ছাচারী হইয়া কার্য্য-কৃ ; Do things arbitrarily or imperiously.

Change hands—হস্তান্তরিত-হ ; Change owners.

Clapping of hands—হাততালি (আনন্দসূচক) ; Striking the hands together in applause.

Come to hand—প্রাপ্ত-হ , হাতে থাকা , Be received.

Fall into one's hands—কাহারও হাতে পড়া ; Come under the power of one :—Pass to one's possession by chance.

From hand to hand—এক হস্ত হইতে অন্য হস্তে ; From one person to another.

From hand to mouth—ভবিষ্যৎ না ভাবিয়া ; কিছু সঞ্চয় না করিয়া ; যত আয় তত ব্যয় এই ভাবে ; Without thought for the future , precariously ; without previous provision.

Get or **have the upper hand**—প্রাধান্য লাভ-কৃ ; Be superior ; get or have an ascendency over.

Give one's hands to—কাহার পাণিগ্রহণ-কৃ ; কোন পুরুষের পাণিগ্রহণ-কৃ , পতিত্বে বরণ কৃ , Marry any person ; marry a man.

Go hand in hand with—একত্র থাকা ; একত্র দেখিতে পাওয়া যায় ; সঙ্গে সঙ্গে আইসা ; সমানভাবে চলা ; Keep pace with , come along with.

Hand and gloves—পরিচিত , Familiar ; intimate.

Hand down—পরম্পরাগত-হ ; Transmit ; in succession.

Hand down to—পরম্পরায় চলিয়া আইসা বা চালাইয়া দেওয়া ; Transmit in succession to one, (as from father to son or predecessor to successor).

Hand in—উপস্থিত বিষয়ে ; Under discussion :—রোক টাকা , In ready money.

Hand in hand—একত্রে :—In union :—(কোন কার্য্য হাতে) থাকা , Undertake , be engaged upon :—সম্পূর্ণ আয়ত্ত থাকা (হাতের ভিতর থাকা) ; Have under complete control.

Hands off—বিরত-হ ; Forbear.

Hand out—দ্বার পর্যন্ত সঙ্গে-যা ; Escort to the door.

Hand over—অর্পণ-কৃ , দেওয়া ; Deliver over.

Hand over head—অবিবেচনাপূর্বক ; By passing the hands alternately one before another ; rashly.

Hand over to—হাতে করে দেওয়া ; Give to ; make over to

Hand to hand—শত্রুর অতি নিকটবর্তী হইয়া , হাতাহাতি ; In close fight , in close encounter.

Hand up—Pass up

Have a hand in—কোন বিষয়ে হাত থাকা ; Be concerned , have concern with , have anything to do with

Have on hand—বিক্রীর জন্য থাকা , Have for disposal or sale.

Have one's hands full, One's hands are full—কাজে নিযুক্ত থাকে , নানা কার্য্যে সম্পূর্ণ ব্যাপৃত থাকা , যথেষ্ট কাজ থাকা ; Be completely occupied , have in hand all that one can do conveniently , have plenty of work to do.

Have or **take in hand**—কোন কার্য্যের ভার লওয়া , Undertake.

Have the cards in one's hands—সমস্ত নিজের এক্তিয়ারে থাকা , যেরূপ ইচ্ছা সেইরূপই করিতে পারে ; Have everything in one's own power.

Heavy hand, *n* উৎপীড়ন , Oppression.

Lay hands on—ধরা , হাতে পাওয়া ; আয়ত্ত-কৃ , Seize , get hold of :—হাতে আসিয়া পড়া ; Chance to find.

Lay violent hands on—মারা ; গায়ে হাত দেওয়া ; Commit an assault on :—পাকড়ান , জবরদস্তি করিয়া ধরা , Seize forcibly.

Lend a hand—সাহায্য-দে (হাত দিয়া কোন কার্য্যে কাহারও) সাহায্য-কৃ, Give assitance, assist (with the hand).

Off hand, Out of hand—অবিলম্বে, তৎক্ষণাৎ; না ভাবিয়া চিন্তিয়া, At once, without prepaiation, immediately

Off hand—বিলম্ব না করিয়া; Without delay, hesitation or difficulty. [sessio 1 or care

Off one's hands—হাতছাড়া; Out of one's pos-

Offer a person one's hand—পাণিগ্রহণের প্রস্তাব-কৃ; Make a proposal of marriage —সাহায্য করিবার নিমিত্ত হাত বাড়াইয়া দেওয়া, Present one's hand with a view to help.

Offer one's hand to—পাণিগ্রহণের বা সাহায্য-দানের প্রস্তাব-কৃ, To make proposal of marriage, to offer to help. [possession

On hand—কাহারও অধিকারে, হাতে (থাকা), I-

On the one hand—একপক্ষে, একদিকে, On the one side. [দিকে, On the other side

On the other hand—অপর পক্ষে, পক্ষান্তরে বা অন্য

One's hands are clean—নির্দ্দোষী, One is innocent of or free from guilt.

One's hands are tried—হাত পা বাঁধা থাকা (স্বাধীনভাবে কর্ম্ম করিতে অক্ষম), One is fettered or powerless to act freely.

One's right hand—প্রধান সাহায্যকারী, যাহার উপর সমস্ত কার্য্য নির্ভর করে, One's chief supporter, one's chief assistant.

Out of hand—অবিলম্বে, একবারে, At once, directly, without delay, immediately

Shake hands with one, Shake one by the hand—সাক্ষাৎকার বা বিদায় গ্রহণকালে কর মর্দ্দন কৃ Salute by grasping the hand and shaking it (at meeting or parting) —বিবাদ বা মনান্তর শেষ হইয়া সদ্ভাব পুনঃ স্থাপিত হইল এইভাবে কর মর্দ্দন কৃ, Shake hands as a mark of being reconciled as friends.

Take in hand—চেষ্টা-কৃ, কোন কার্য্যে হাত-দে, (কোন কার্য্য) হাতে লওয়া, Attempt, undertake —কাহাকে নিজের তত্ত্বাবধানে রাখা, Take under one's care

To be on the mending hand—আরোগ্য হ, To be convalescent or improving [nocent

To have clean hands—নির্দ্দোষী হ, To be in-

To hand, Is to hand—পৌঁছিয়াছে, Has reached us or come to us.—যাহা পাওয়া গিয়াছে, That is in our possession —যোগান, Occur to one.

Try one's hand at—কোন বিষয়ে হাত পরীক্ষা করা, কোন বিষয়ে ক্ষমতা পরীক্ষা-কৃ, Try (for the first time) one's power or skill in.

Turn one's hand to—যে কোন কার্য্য হউক হাতে-কৃ, (সম্পন্ন করিবার ক্ষমতা আছে এই ভাব), Set one's hand to, take in hand (used of versatile persons and implying a power of taking up a new occupation readily). [in hand

Turn one's right hand to—হাতে লওয়া, Take

Under hand of—হস্তাক্ষর বা স্বাক্ষর দ্বারা সপ্রমাণিত-কৃ, Authenticated by handwriting or signature of.

Under one's hands—হস্তগত, Under the power of one.

Walk hand in hand—হাত ধরাধরি করিয়া বা পাশাপাশি হইয়া বেড়ান, Walk side by side.

Wash one's hands of a thing—দোষ ক্ষালন-কৃ, নির্দ্দোষী-হ, হাত ধুইয়া ফেলা কোন বিষয় হইতে নিবৃত্ত বা সম্পর্ক রহিত-কৃ, Profess innocence, to declare that one has nothing to do with; disclaim all further connexion with, have anything further to do with

With a high hand—জবরদস্তির সহিত, স্বেচ্ছাপূর্ব্বক; গর্ব্বিত ভাবে, Arbitrarily, imperiously, arrogantly.

With clean hands—সর্ব্বদোষ নির্ম্মুক্ত, নিষ্পাপ, কোন দোষে দোষী নহে, Free from guilt of any kind, with blameless life. [হইয়া

With clean hands with innocence—দোষমুক্ত

Hand-barrow, hand-bar'ō, *n* হস্ত দ্বারা চালিত যান, হস্তচালিত চক্রহীন যান বিশেষ, A vehicle borne by men's hands, without a wheel

Hand-bill, handbil, *n.* ঘোষণাপত্র, বিজ্ঞাপন-পত্র, Printed sheet for circulation

Hand-book, handbook, *n* সর্ব্বদা প্রয়োজনীয় পুস্তক, সার গ্রন্থ, টীকাক্রমণিকা, A book of reference for the hand, a manual. [A palm

Handbreadth, handbredth, *n* তালাঙ্ক, করতল,

Handcart, handkart, *n* হাতগাড়ি, A cart drawn by hand

Handcuff, handkuf, *n* হাতকড়ি, Fetter for hand —*v t* হাতকড়ি দে To put handcuffs on *Syn* - Fetter, manacle, shackle

Handfull, handful [illegible] মুষ্টি, অল্প সংখ্যা বা [illegible], As much as the hand will hold, a small number or quantity *pl*=handfuls

Hand-gallop, hand-galup, *n* অশ্বের বল্গিত গতি, An easy gallop in which the hand presses the bridle to restrain the speed of the horse

Handglass, *n* [illegible] বায়ুপূর্ণ কাঁচাদি দ্বারা নির্ম্মিত পাত্র, A small glazed frame used to protect plants

Handi-cap, handi kap, *n* এক প্রকার ঘোড়দৌড়, [illegible], A race in which the horses carry different weights, according to their age and character for speed &c to equalise the chance as much possible —*v t* বাধা-দে, To hamper

Handicraft, handi-kraft *n* শিল্প, হস্ত দ্বারা সম্পাদিত [illegible] Manual occupation, work performed by the hand

Handicraftsman, handi-kraftsman, *n.* শিল্পী কারিকর, A mechanic, artisan

Handi-work, handi-wurk, *n.* শিল্পকর্ম্ম; বুদ্ধি বল, Work of skill or wisdom.

Handkerchief, hang'kerchif, *n* রুমাল; Linen to wipe the face or wear on the neck.

Handle, handl, *v. t.* [A. S. *handlian*, to touch] স্পর্শ কৃ, Touch with the hand :—নির্ব্বাহ-কৃ; চালিত কৃ, Wield; manage :—ব্যাখ্যা-কৃ; আলোচনা-কৃ, To discourse on; discuss :—অভ্যাস-কৃ; To practise :—*v. i.* হস্ত চালনা-কৃ; To use the hands :—*n* হাতল, হাতল; বাঁট: Haft; that part of a vessel held in the hand when used *Syn.*—(*v*) Manipulate, use; feel, treat well.

A handle to one's name—কোন উপাধি; A tittle such as "Raja", "Rai Saheb".

Give a handle to—সুযোগ-দে, Furnish an occasion or pretext for.

Handless, handles, *a* হস্তহীন, Without hands.
Handmade, *a* হস্ত দ্বারা প্রস্তুত, Made by hand.
Handmaid, Hand-maiden, *n* দাসী, চাকরাণী পরিচারিকা, A female servant, maid-servant
Handsel, handsel, *n* দাদন, দান বায়না, Earnest, gift —প্রথম বিক্রয় বা ব্যবহার, The first sale, the first using of a thing —*v t* ব্যবহার-কৃ, প্রথম উপহার দেওয়া, To use or do anything the first time, to give a handsel.
Handsome, handsum, *a* সুন্দর, Good-looking, beautiful —সদাশয়, উদার, Liberal, generous —যথেষ্ট, Ample, moderately large, *n*=handsomeness *ad*-handsomely. *Syn* —Pretty elegant, graceful, comely becoming, plentiful
Handspike, handspik *n* হস্তদ্বারা চালিত উত্তোলন দণ্ড, A bar used as a lever.
Hand-writing, handrit-ing, *n* হস্তাক্ষরের ছাঁদ হস্তাক্ষর, Chirography, cast of writing peculiar to hand
Handy, handi, *a* সিদ্ধহস্ত লঘুহস্ত, কৌশলী, দক্ষ Dexterous, skilful, convenient —নিকটস্থ, Near *Syn* —Adroit, ready, convenient
Handy-work —Same as *handiwork*
Hang, hang *v t* ঝুলান, লম্বিত কৃ, To suspend —ফাঁসি দে, To kill by suspending and choking —সুসজ্জিত কৃ To decorate with picture &c as a wall সংগ্রথিত কৃ, To affix to — *i* লম্বমান হ To be suspended dangle —দোলিত-হ, To cling —সন্নিহিত হ, To linger —*n* যোগ The manner in which one part hangs upon another, connection, arrangement —কৌশল, Plan *Syn* —(*i*) Incline bend attach, drape, execute, dangle, droop depend, rely on, rest cling, hover float about
Hang about —ঘুরিয়া বেড়ান, Loiter about —বিলম্ব কৃ Linger —তাক করে থাকা, Move to and fro in the neighbourhood of (threatening by or watchfully) [time idly, to loiter
Hang around —আলস্যে সময় কাটান, To pass the
Hang back —বিলম্ব হ যাইতে না চাহা Hold back hesitate, feel reluctant to proceed —পশ্চাতে হটিয়া যা, পশ্চাৎপদ-হ To recede
Hang by (or on) a thread —এক গাছি সূতায় ঝুলান বন্ধন ছিন্নপ্রায় হওয়া, আর টেকে না এমন হওয়া আসন্ন বিপদগ্রস্ত হওয়া, সঙ্কট পড়া বিপদ সম্মুখ হ, Be in a very precarious position or condition, hang by a very slight hold, be in suspense be in imminent danger, be in a critical situation
Hang down —লম্বমান-হ, Be suspended, lean over —নত কৃ, Bend down
Hang down one's head —লজ্জায় মস্তক অবনত-কৃ, লজ্জায় ঘাড় হেঁট করা, Bend down one's head out of shame
Hang fire —বিলম্বে কার্যকারী হ, Be slow in exploding be slow in taking effect [pence
Hang in doubt —সন্দিগ্ধাবস্থায় থাকা, Be in suspense
Hang in effigy —কাহার প্রতিমূর্তি করিয়া ফাঁসি-দে, Hang the image of a person.
Hang on or upon —নির্ভর কৃ, Depend on, rest on —সংলগ্ন থাকা, গলা জড়িয়া ধরিয়া থাকা, Adhere to, cling to. —কাণ করিয়া শুনা, মনোযোগপূর্বক শ্রবণ-কৃ, Listen with attention to —নির্ভর করিয়া থাকা; Be dependent on
Hang on the lips, words &c —বক্তৃতায় মুগ্ধ-হ; To be charmed by the eloquence. [dispay.
Hang out —প্রকাশ-কৃ, Expose to view, to
Hang out the red flag —যুদ্ধের সঙ্কেত-কৃ, To give signal of battle
Hang out the white flag —বশ্যতার চিহ্ন স্বরূপ শ্বেত ধ্বজা উত্তোলন কৃ, To ask quarter, to give a signal of submission
Hang to —সংলগ্ন-হ, লাগিয়া থাকা, Cling
Hang together —একত্রিত হ মিলিত থাকা, To be united, to remain united —সঙ্গত হ, To be self-consistant.
Hang over —স্নেহবশতঃ নত হ, Bend affectionately over —প্রক্ষেপ কৃ To project —আসন্ন-হ, ঘাড়ে ঝোলা, Impend over, to threaten —আচ্ছন্ন করিয়া থাকা, Overcloud
Hang up —লম্বমান হ, Suspend —অমীমাংসিত অবস্থায় থাকা To suffer to remain undecided.
Time hangs heavy on one's hands —সময় ভার স্বরূপ বোধ-হ, (কোন কাজ না থাকিলে সময় যেন কাটে না এই ভাবে), Time proves tedious (through want of occupation)
To get the hang of —অভ্যাসবশতঃ শৃঙ্খলা শিক্ষা-কৃ, To learn the arrangement of, become accustomed to
To hang by the eye-lids —সামান্য সূতায় ঝুলান, To hang by a very slight thread
Be hanged, drawn and quartered —ফাঁসি হওয়া এবং নামাইয়া চিরিয়া মৃতদেহকে খণ্ড খণ্ড করিয়া দুর্গতি করা Be hanged and subjected to the grossest insult that can be offered to the dead
Hangdog, *n* যে কুকুর ফাঁসি কাঠে ঝুলিবার যোগ্য, One who is worthy of the gallows
Hanger, hang'er, *n*. তরবারী A short broad sword —যাহা দ্বারা কোন বস্তু লম্বিত হয়, That by which a thing is hung
Hanger-on, hang er on, *n* অধীনস্থ লোক, গলগ্রহ, আশ্রিত জন, A dependent, an importunate acquaintance
Hanging, hang'ing *n* ফাঁসি, Death by suspension —*pl* ঝালর লম্বিত বস্ত্র Tapestry —*a.* প্রাণদণ্ড D serving death by the halter
Hanging gardens —উচ্চ দোদুল্যমান বাগান, Garden in terraces rising behind one another.
Hanging judge —উৎকণ্ঠে প্রাণদণ্ড দানপ্রিয় বিচারক; One fond of hanging criminals
Hangman, hang man, *n* ঘাতক, সরকারি জল্লাদ; A public executioner
Hank, hangk *n* সূতার ফেটি গোছা, Two or more skeins of thread tied together
Hanker, hang,er, *v i* ইচ্ছা কৃ, তৃষ্ণা-কৃ, To long for —ঘুরিয়া বেড়ান, To linger about *Syn* : —Hunger for, covet yearn for, lust for
Hanse, hans, *n* [O Ger *hansa*, association] সঙ্ঘ সমিতি, An association, a league
Hanse towns, *n* বাণিজ্য-সংরক্ষার্থ খ্রীষ্টীয় দ্বাদশ শতাব্দীতে মিলিত জর্মানীর কয়েকটী নগর, Certain cities in Germany, which leagued together for the protection of commerce about the 12th century

Hanseatic, *a* উক্ত নগরসমূহ বা তাহাদের সমিতি সম্বন্ধীয়, Pertaining to the Hanse towns or to their confederacy [superior cab

Hansom-cab, *n* গাড়ি বিশেষ, যান বিশেষ, A

Hap, hap, *n* [Icel *hapy*, unexpected good fortune] দৈব, ভাগ্য, ঘটনা, Chance, fortune accident *Syn* —Casualty, lot, fate. [accident

Hap hazard, hap'hazard *n* দৈবঘটনা Chance

Hapless, hap'les *a* দুর্ভাগা, অসুখী Unlucky unhappy *ad*=haplessly *Syn* —Luckless unfortunate, ill-starred, ill-fated

Haply, *ad* দৈবাৎ, হয়তো হইলেও হইতে পারে, বোধ হয়, It may be, perhaps

Happen, *v. i* ঘটা, সংঘটিত-হ To befall, fall out *Syn* —Take place, occur, betide bechance, supervene

Happiness, *n* সৌভাগ্য সুখ, Pleasure felicity, blessing *Syn* —Contentment, bliss blessedness welfare well being prosperity

Happy, hapi *a* সৌভাগ্যশালী ভাগ্যবান Fortunate lucky —[illegible] দক্ষ নিপুণ Dexterous —আনন্দকর আনন্দিত Felicitous delighted — [illegible] Strikingly appropriate to a speech —[illegible] Propitious favourable *ad*= happily, *n*=happiness *Syn* —Blessed blest blissful, pleased gratified glad joyous merry blithesome successful ready expert seasonable opportune felicitous

As happy (or merry) as the day is long —নিরবচ্ছিন্ন সুখী, Happy all the day perfectly happy

Harangue, harang *n* বক্তৃতা A popular oration, a public address, declamatory speech declamation — *t* বক্তৃতা কৃ To deliver a harangue —*v i* বক্তৃতা কৃ To address by a harangue *n*=haranguer.

Harass, har'a *v t* [Fr *harasser* probably from *harasse* a very shield] বিরক্ত-কৃ [illegible], হায়রাণ-কৃ, To worry, to weary to vex disturb *n*=harasser *Syn* —Fatigue tire exhaust jade perplex distress molest trouble tease, annoy [troublesome

Harassing, *a* ক্লেশকর বিরক্তিকর [illegible]

Harbinger, harbinjer, *n* অগ্রগামী [illegible] দূত A fore runner courier, envoy —*v t* [illegible] গমন-কৃ, অগ্রগামী হ পূর্ব্ব হইতে জ্ঞাপন করা, To precede and announce usher in

Harbour, harbur, *n* বন্দর, পোতাশ্রয় Haven a port for ships —আশ্রয় স্থান, Any refuge or shelter —*v t* (অতিথি) সৎকার-কৃ To lodge to entertain —ঝড় হইতে রক্ষা-কৃ To protect a ship *from* storms —পোষণ কৃ To indulge, as malice —*v i* আতিথ্য কৃ আশ্রয় লওয়া To take shelter, to lodge for a time —গোপন-কৃ, To secrete (a thief) *n*=harbourless *Syn* —(*n*) Asylum, covert, sanctuary retreat, anchorage destination [charge of a harbour

Harbour-master, *n* বন্দরাধ্যক্ষ, Officer having

Harbourage, *n* আশ্রয় Shelter, entertainment

Hard, hard, *a* কঠিন, দৃঢ়, ঘন, Not soft, firm, solid, impenetrable —দুর্ব্বোধ্য Difficult to understand —নির্দ্দয়, হৃদয়শূন্য, রূঢ়, উগ্র, Severe, unfeeling harsh —লবণাক্ত, Containing salt — কষ্টকর Painful —দুর্ভোগ্য, দুষ্প্রসাধ্য Difficult to please —দুঃসাধ্য, দুর্দ্দম্য Difficult to control or bear —অন্যায়পর Unjust —বিস্বাদ Sour —*ad.* কষ্টে, With difficulty —পরিশ্রম দ্বারা, Diligently —নিতান্ত, Excessively —বলপূর্ব্বক, Vigorously, forcibly —ব্যগ্রভাবে With urgency. —সাগ্রহে Earnestly *n*=hardness *Syn* — Puzzling, intricate, laborious arduous, oppressive exacting, rough, harsh stern, austere; unjust unreasonable, pinching, bitter, meagre scanty griping avaricious, coarse, unpalatable stiff constrained unyielding, stubborn cruel, abusive

A hard nut to crack—বিষম সমস্যা, A great difficulty to be got over [to.

Be hard of—সহজে করান যায় না Be impervious

Be hard of hearing—কাণে খাট-হ, Having the hearing impaired, be unable to hear well, be somewhat deaf

Be hard up—বড় অনাটনে পড়া, Be greatly pressed by want or necessity —অর্থের টানাটানি-হ Be in pecuniary difficulties

Be hard upon one—নির্দ্দয় ব্যবহার-কৃ কাহার সহিত কঠিন ব্যবহার কৃ, Treat one unkindly or oppressively

Die hard—অনুতাপ না করিয়া মরা Die impenitent —প্রাণপণে যুদ্ধ করিয়া মরা, Die only after a desperate struggle for life

Go hard with one—বিশেষ বিপদে ফেলা মুস্কিল পড়া Cause serious trouble or danger to, expose one to serious trouble or difficulty

Hard by—অতি নিকটে Not far off very near.

Hard up—অর্থের টানাটানি অভাবক্লিষ্ট, Without money or resources, closely pressed by want

Hard upon—কাছাকাছি (সময় বুঝায়), Very near (in point of time)

Hard-drinker, *n* মাতাল, Drunkard

Harden, hardn *v t* কঠিন-কৃ To make hard — দৃঢ় কৃ, To make firm, to strengthen —পাপ কর্ম্মে পরিপক্ব-কৃ To confirm in wickedness obstinacy — কঠিনান্তঃকরণ কৃ To make insensible —*v i* কঠিন হ To become hard or more hard, to become strengthened *n*=hardener *Syn* — Indurate consolidate compact, fortify, nerve, habituate inure season, train, sear

Hardened, hardnd *a* কঠিনীভূত নির্দ্দয় পাপাচরণে রত Made hard unfeeling confirmed in vice [উগ্রমূর্ত্তি, Having stern features

Hard-faced, Hard-favoured, hard-favrd, *a*

Hard-featured, hard feturd, *a* অপ্রসন্ন বদন, Of hard coarse or forbidding features

Hard-fisted, hard fisted, *a.* কৃপণ, Close-fisted, niggardly [contested

Hard-fought, *a* তুমুল, ঘোরতর, Vigorously

Hard-fought battle—ঘোর যুদ্ধ।

Hard-handed, hard handed, *a* অকোমল কর, কঠিন হস্ত কর্কশ, Having hands coarse from hard work harsh, rough [intelligent.

Hard-headed, hard-heded *a* সুচতুর Shrewd,

Hard-hearted, hard-harted, *a* নিষ্ঠুর, কঠিন হৃদয় Cruel, unfeeling. *n*=hard-heartedness.

Hardihood, hardi-hood, *n.* দুঃসাহসিকতা ; নির্লজ্জতা ; Boldness united with firmness and constancy of mind ; audacity ; impudence. *Syn* :—Boldness, firmness, intrepidity ; assurance, effrontery.

Hardiness, harde-ness, *n.* সাহসিকতা ; Hardihood ; boldness, firmness, assurance.

Hardish, hardish, *n.* কিয়ৎপরিমাণে কাঠিন্য ; Somewhat hard.

Hardly, hardli, *ad.* কষ্টে ; With difficulty :—কদাচ ; কদাচিৎ , Scarcely :—কঠোরভাবে ; কর্কশভাবে ; Harshly.

Hard money, *n.* রোক টাকা ; নগদ টাকা ; Coin or specie distinct from paper money.

Hard-mouthed, hard-mowthd, *a.* কঠিন মুখ , যে সহজে মুখে লাগাম লয় না , Having a mouth hard to the bit :—দুর্মুখ ; দুর্দম্য ; Not easily governed ; using hard words.

Hards, hardz, *n. pl.* শণের বর্জিতাংশ ; Refuse, or coarse part, of flax.

Hardship, hardship, *n.* কষ্ট , ক্লেশ ; কষ্টকর বিষয় , Grievance ; trouble. *Syn* :—Severe labour, toil, fatigue , oppression, trial, calamity, affliction

Hard-visaged, hard-vizajd, *a* কুরূপ ; উগ্রমূর্তি , Of a hard, coarse or forbidding visage.

Hardware, hardwar, *n.* লোহভাণ্ড ; লোহাদি-নির্মিত দ্রব্য ; Small wares of iron.

Hard water—ধাতু বিমিশ্রিত জল , Water containing mineral substance

Hard won, *a* অতি কষ্টে উপার্জিত , Obtained with difficulty or severe trouble.

Hard working, *a* পরিশ্রমী , Industrious.

Hardy, hardi, *a.* নির্ভীক ; সাহসী ; Bold , brave, confident :—দৃঢ় , শ্রমসহিষ্ণু ; শ্রমসহিষ্ণু , Strong ; firm ; inured to fatigue :—দুঃসাহসী , লজ্জাহীন , নির্লজ্জ , Impudent *ad*=hardily, *n*=hardihood, hardiness. *Syn* :—Brave, intrepid , stout, robust, lusty, vigorous, firm, stout.

Hare, har, *n.* শশক , খরগস , A timid animal

Hold with the hare and run with the hounds—কপট ব্যবহার-কৃ , Play a double and deceitful game.

Harebell, har'bel, *n.* এক রকম লতা ; A fanciful name, given to a plant with blue bell-shaped flowers.

Hare-brained, har'brand, *a* চপল ; চঞ্চলমতি ; Giddy , heedless

Hare footed, *a.* দ্রুতগামী , Swift.

Hare-hearted, *a.* ভীরু ; Fearful.

Harelip, har'lip, *n.* ছিন্নোষ্ঠ , খণ্ডিতোষ্ঠ ; গন্নাকাটা ; Splitting of the lip *a*=hare-lipped.

Harem, harem, *n.* অন্তঃপুর ; অবরোধ ; Woman's apartment ; seraglio :—(কাহারও) পত্নী ও উপপত্নীসমূহ ; The collection of wives and concubines belonging to one man.

Haricot, hari'-ko, *n* উদ্ভিদ সংযোগে ভর্জিত মেষমাংসের খণ্ড , Partly boiled pieces of mutton, fried with vegetables ; the kidney-bean.

Hark, hark, *int.* শ্রবণ-কৃ ; Listen, hear, attend.

Harl, harl, *n.* সূত্রবৎ পদার্থ ; শণগাছের ছাল ; A filamentous substance ; the skin of hemp or flax.

Harlequin, har'le-kin, *n.* ভাঁড় , সঙ ; Buffoon.

Harlequinade, har'le-kin-ad', *n.* সঙ ; অভিনয় ; A pantomine.

Harlot, har'lot, *n.* বেশ্যা ; গণিকা ; বারাঙ্গনা , Strumpet ; prostitute :—*a.* দুশ্চারিণী ; লম্পট ; Wanton lewd.

Harlotry har'lot-ri, *n.* বেশ্যাবৃত্তি ; Prostitution.

Harm, harm, *n.* ক্ষতি ; অনিষ্ট অপকার ; Injury ; damage :—*v. t.* অপকার-কৃ অনিষ্ট-কৃ ; To injure ; hurt. *Syn* :—(*n*) Mischief, evil, loss, damage, detriment, misfortune ; wickedness, criminality.

Harm set, harm get—পরের মন্দ করিতে গেলে নিজের মন্দ হয় ; Those who lay traps for other get caught themselves.

Out of harm's way—কোন বিপদ না ঘটে এমন ভাবে বা অবস্থায় · Safe from harm or evil.

Harmattan, *n* উষ্ণবায়ু প্রবাহ বিশেষ ; A dry, hot wind which blows for Africa.

Harmful, harm-fool, *a* অনিষ্টকর ; হানিজনক ; Injurious. *ad*=harmfully, *n*=harmfulness.

Harmless, harmles, *a* নির্দোষী ; নিরীহ , অক্ষত ; Innocent ; unhurt ; unharmed. *ad*=harmlessly, *n*=harmlessness *Syn* :—Innoxious, innocuous, inoffensive, unoffending, uninjured , gentle

Harmonic, har-monik, **Harmonical,** har-monik-al, *a.* সুস্বরবিশিষ্ট ; ঐক্য ; Musical ; concordant. *Syn* :—Harmonious, consonant, melodious, tuneful *ad*=harmonically.

Harmonics, har-moniks, *n. pl.* used as *sing.* শব্দবিজ্ঞান , সঙ্গীতরাগ-বিদ্যা , The doctrine or science of musical sounds :—*pl.* স্বরের সম্মিলন ; The component sounds.

Harmonious, har-moni-us, *a.* সুস্বর ; সুস্বরবিশিষ্ট ; সমস্বর , একতান , Harmonic ; concordant :—মিষ্ট ; Sweet ; melodious :—একাবয়ব ; Symmetrical. *ad*=harmoniously *n*=harmoniousness. *Syn* :—Concordant, consonant, tuneful, musical, mellifluous , correspondent, consistent, congruent ; friendly, amicable, cordial, agreeable, peaceful.

Harmonise, har'mon-iz, *v. i* একতান-হ ; মিল থাকা ; To be in harmony ; to agree in vocal or musical effect ; to concord :—মিলে জুলে থাকা ; To be in peace and friendship :—*v. t.* মিলিত-কৃ ; একতান-কৃ ; সুর বাঁধা , To cause to agree ; to bring into harmony. *n*=harmoniser. *Syn* :—Accord, agree, correspond with ; make harmonious , arrange, set in parts, adapt.

Harmonist, har'mon-ist, *n* গীত-রচয়িতা ; সঙ্গীত-রচয়িতা , Composer of music ; a musical composer :—Writer of a harmony of the gospels.

Harmonium, har-mo'ni-um, *n.* বাদ্যযন্ত্রবিশেষ ; A musical wind instrument.

Harmony, har'mo-ni, *a* [Gr. *harmos,* a fitting —*aro,* to fit] সমতান ; Concord ; melody :—একতা , Agreement :—যে সাহিত্য-পুস্তকে একই ঘটনার বিষয়ে লিখিত সমভাবাপন্ন বিভিন্ন বাক্যসমূহ সংগৃহীত থাকে , A book with parallel passages regarding the same event. *Syn* :—Consonance, unison ; correspondence, congruity, fitness ; peace, friendship, good understanding.

Harness, har'nes, *n.* ঘোড়ার সাজ ; অশ্বসজ্জা ; Furniture for horse and carriage ; equipment ; accoutrements, tackling :—*v. t.* অস্ত্র দ্বারা সজ্জিত-কৃ ; To equip with armour :—অশ্বের সজ্জা-দে ; To put the harness on a horse.

Die in harness—কাজ করিতে করিতে মরা ; Die

while actively engaged in the discharge of one's duties.

Harp, härp, *n.* [A. S. *hearpe.*] বীণা ; A musical instrument ; lute :—*v. t.* বীণা বাজা ; To play on the harp :—বারংবার উল্লেখ-কৃ ; To dwell tediously upon anything. *Syn* :—(*v*) Strum, thrum, be prolix.

Harp forever on the same string—এক কথা ক্রমাগত বলা ; To be forever teasing one about the same subject.

Harp on or **upon**—ভূয়োভূয় এক কথা বলা ; অন্যের বিরক্তিকর হয় এমন ভাবে ক্রমিক একই বিষয়ে কথা কহা ; Dwell on often or tediously ; dwell tediously or monotonously on

Harp upon the same string—একই বিষয় লইয়া ঘ্যান্ ঘ্যান্-কৃ ; Dwell on the same subject with wearisome persistence.

Harper, härp'ėr, **Harpist,** härp'ist, *n.* বীণা-বাদক ; A player on the harp.

Harpes, *n.* Rapacious monsters, having the faces of men, and the bodies, wings and claws of birds of prey.

Harpoon, här-po͞on', *n.* তিমি মৎস্য মারিবার বল্লম ; বৃহৎ মৎস্য হননার্থ বর্শা ; Dart for striking and killing whales :—*v. t.* বড়শী দ্বারা আঘাত-কৃ ; To strike with the harpoon.

Harpooner, här-po͞on'ėr, **Harponeer,** här-pon-ēr', *n.* বড়শী নিক্ষেপক ; মৎস্য হনন-বর্শা ব্যবহারকারী ; One who uses a harpoon.

Harpsichord, härp'si-kord, *n.* বাদ্যযন্ত্র বিশেষ ; A harp shaped musical instrument.

Harpy, här'pi, *n.* কল্পিত দৈত্য ; কল্পিত রাক্ষস ; A elfin bird of the Greeks ; a fabulous monster :—শোষক ; উৎপীড়ক ; An extortioner :—এক জাতীয় মাংসাশী পক্ষী ; A species of eagle.

Harquebus, Harquebuss, Harquebusse, här'kwi-bus, *n.* এক প্রকার কামান ; Hand gun.

Harridan, har'i-dan, *n.* বৃদ্ধা বেশ্যা ; A decayed strumpet ; prostitute ; a hag.

Harrier, har'i-ėr, *n.* কুকুর ; Hound :—এক জাতীয় শিকারী পাখী ; A kind of hawk.

Harrow, här'ō, *n.* [A. S. *hyrwian, herewian,* to vex, afflict] লোষ্ট্র-ভেদক বিদে ; মৈ ; Frame with spikes :—*v. t.* বিদে দেওয়া ; To draw a harrow over :—বিরক্ত-কৃ ; যন্ত্রণা-দে ; To harass ; to torment :—ছিন্ন-কৃ ; ছিন্নবিচ্ছিন্ন-কৃ ; To tear ; lacerate.

Harrowing, har'ō-ing, *a.* হৃদয়বিদারক ; তীব্রব্যথাদায়ক ; Heart-breaking. *ad*=harrowingly.

Harry, har'i, *v. t.* লুঠ-কৃ ; To pillage :—ধ্বংস-কৃ ; To ravage ; to destroy :—বিরক্ত-কৃ ; হায়রাণ-কৃ ; To worry, harrow. *Syn* :—Plunder, ravage, rob ; disturb, trouble, harass.

Harsh, härsh, *a.* কটু ; কর্কশ ; Rough to the touch, or feeling, taste :—কঠোর ; Severe ; crabbed :—অশ্লীল ; Abusive. *n*=harshness. *ad*=harshly. *Syn* :—Disagreeable, discordant, rugged, grating, jarring ; sour, bitter ; austere, morose, uncivil, bluff, rude, abusive, brutal, cruel.

Harshness, härsh'nes, *n.* কর্কশতা ; কঠোরতা ; Roughness ; sternness ; severity. *Syn* :—Acrimony, asperity, tartness. [*fem*=hind.

Hart, härt, *n.* হরিণ ; The stag or male deer.

Hart's horn, *n.* হরিণের শৃঙ্গ ; The antler of the hart or male deer.

Salt of hartshorn—An impure solid carbonate of ammonia, obtained by distillution of hart's horn. [common British fern.

Hartstongue, härts'tung, *n.* উদ্ভিদ্ বিশেষ ; A

Harum-scarum, hā'rum-skā'rum, *a.* চঞ্চল ; হঠকারী অসমীক্ষকারী ; Hare-brained ; wild ; rash ; giddv flighty.

Harvest, här'vest, *n.* [A. S. *harfest,* harvest, autumn] শস্য সংগ্রহ করিবার কাল ; Season when a crop is gathered :—শস্য ; ফসল ; Crop gathered :—ফল ; শ্রমফল ; The product of labour ; consequences :—*v. t.* শস্য সংগ্রহ-কৃ ; To reap or gather (fruits &c.). *Syn* :—(*n*) In gathering, produce, crops ; result, product.

Harvester, här'vest-ėr, *n.* শস্যসংগ্রাহক ; শস্যচ্ছেদক ; A reaper in harvest.

Harvest-home, här'vest-hōm, *n.* নবান্ন ; শস্যসংগ্রহান্তে উৎসব ; The feast itself ; the feast at the bringing home of the harvest :—শস্যসংগ্রহকালীন কৃষকদের গীত ; The song sung for reapers at the gathering of corn :—শস্য-সংগ্রহ-কাল ; Time of harvest. [at harvest.

Harvest-man—শস্য সংগ্রহকারী মজুর ; Labourer

Harvest-moon, här'vest-mo͞on, *n.* কর্কট সংক্রান্তিকালীন চন্দ্র ; Moon near the autumnal equinox, when it rises nearly at the same hour for several days.

Harvest-queen, här'vest-kwēn, *n.* পূর্ব্বকালে শস্য গৃহে আসিলে যে দেবীমূর্ত্তি লইয়া ইংরাজ কৃষক উৎসব করিত ; An image of Ceres, the queen or goddess of fruits, formerly carried about on the last day of harvest.

Has, haz, *n.* 3rd. pers. sing ind. of *Have.*

Hash, hash, *v. t.* খণ্ড খণ্ড-কৃ ; কুচিকুচি করিয়া কাটা Chop into small pieces and mix ; mince :—*n* মিশ্রিত খাদ্য ; কুচি কুচি মাংস ও তরকারির ব্যঞ্জন ; That which is hashed ; a mixed dish of meat and vegetables in small pieces.

Hashish, hash'ēsh, *n.* ভাঙ্গ ; ভাং ; A name given to the leaves of the common hemp, from which an intoxicating preparation is made.

Hasp, hasp, *n.* পত্তর ; লোহার হাল বা আঁকড়া ; A clasp ; a clap of a padlock :—*v. t.* পত্তর মারা ; To fasten with hasp.

Hassock, has'uk, *n.* খৃষ্টীয় ধর্ম্মমন্দিরে ব্যবহৃত মোটা মাদুর ; জানু পাতিবার আসন ; Mat cushion for kneeling in church.

Hast, hast, 2nd pers. sing. ind. of *Have.*

Hastate, has'tāt, **Hastated,** has'tāt-ed, *a.* Shaped like the head of a halberd.

Haste, hāst, *n.* দ্রুতত্তা ; ত্বরা ; দ্রুতগতি ; Quickness ; hurry ; speed. *Syn* :—Nimbleness, rapidity, swiftness, expedition, despatch ; precipitance, vehemence.

Haste, hāst, **Hasten,** hās'n, *v. t.* ত্বরা-কৃ ; দ্রুতচালিত-কৃ ; To hurry on ; to drive forward ; expedite :—*v. i.* দ্রুতগতি-হ ; তাড়াতাড়ি-কৃ ; To move with speed ; to be in a hurry. *Syn* :—Push on, accelerate, precipitate ; speed, press, hurry.

Be in haste—তাড়াতাড়ি-কৃ ; Be in a hurry ; be

quick (implying simply a strong desire to get on)
In haste—সত্বর, Quickly. [very great haste
In hot haste—খুব তাড়াতাড়ি, ব্যস্তসমস্ত হইয়া, In
Make haste—শীঘ্র শীঘ্র কোন কার্য্য-কৃ; শীঘ্র শীঘ্র যা ওয়া, Proceed quickly, be quick.
Hastiness, hās'ti-nes, *n* ত্বরা, Haste —অবিমৃষ্যকারিতা হঠকারিতা, Rashness, irritability. *Syn* —Precipitation, speed
Hasty, hās'ti, *a.* সত্বর, ত্বরিত, দ্রুত; Quick; speedy —অবিমৃষ্যকারী ব্যস্তবাগীশ Rash —ক্রুদ্ধ, ক্রোধশীল Passionate *Syn* —Expeditious, eager, precipitate, irritable, easily excited, forward, early ripe
Hat, hat, *n* টুপি, Cover for the head; cap, the dignity of a cardinal
Hat band, *n* A band round the crown of a hat
Send round the hat, The hat goes round —চাঁদা তুলিবার জন্য টুপি লইয়া প্রত্যেকের কাছে যোরা, Solicit subscriptions.
Hatable, hāta bl, *a* ঘৃণার্হ, That may be hated
Hatch, hach, *v t* ডিম ফুটান, তা দেওয়া, To produce, especially from eggs, by incubation —অভিসন্ধি কৃ, বল্পনা কৃ, উদ্ভাবন-কৃ, To contrive, to plot to originate —*v. i.* শাবক প্রসব কৃ, (ডিম) ফুটা To produce young —পরিপক্বাবস্থায় উপনীত-হ, ক্রমে পরিপক্ব হ, To advance towards maturity —*n.* ডিম ফুটান, Act of hatching, the act of exclusion from the egg —একবারে যত ছানা হয়, একবারে প্রসূত শাবকসমূহ, Brood hatched —প্রকাশ, আবিষ্কার, Disclosure, discovery —ক্ষুদ্র দ্বার, Half door, grated door or opening —ক্ষুদ্র দ্বারের আচ্ছাদন, The covering of a hatch way —তরঙ্গ রোধক দ্বার, A flood gate *Syn* —(*v*) Breed, quicken, plot, scheme, devise, contrive, concoct, incubate
Hatch, hach, *v t* সূক্ষ্ম সূক্ষ্ম রেখা দ্বারা চিত্রপটে ছায়া বা অন্ধকার দর্শান, (In painting and engraving) to shade by minute lines crossing each other. *n*=hatching
Be under the hatches—অবরুদ্ধ-হ, Be confined below —বিপন্ন হ Be in distress.
Hatch an egg—ডিম ফুটান Bring the young ones out of the eggs —পূর্ণ বয়ব কৃ, (hence) develop a scheme or bring it into maturity.
Hatch a pot—বসিয়া বসিয়া কুমন্ত্রণা আঁটা, Concoct a plan, commit mischief
Hatch-way, hach'wā, *n* জাহাজের একতল হইতে অন্যতলে যাইবার চাপ দরজা বা ক্ষুদ্র দরজা, An opening in a ship's deck, floor &c, covered by a hatch or trap-door.
Hatchel, hach'el, *n* same as *hackle* *Syn* —Heckle, dress [Small axe
Hatchet, hach'et, *n* ক্ষুদ্র কুঠার, কুড়ালি, টাঙ্গি,
Bury the hatchet—সন্ধি কৃ, Make peace
Take up the hatchet—যুদ্ধে প্রবৃত্ত-হ, Make war.
Hatchment, hach'ment, *n* কুল চিহ্নাঙ্কিত ফলকের বেষ্টন, গৃহাদিতে রক্ষিত মৃত ব্যক্তির পদবী-চিহ্নাধার, A frame bearing the escutcheon of a dead person, placed in front of the house, on a hearse or in a church —তরবারির বাঁটের উপর অলঙ্কার, An ornament on the hill of a sword.

Hate, hāt, *v t* ঘৃণা-কৃ, To dislike intensely; abhor, detest :—*n* অতি ঘৃণা; তুচ্ছ বোধ, Extreme dislike, hatred. *n*=hater. *Syn* .—(*v*) Abhor, detest, loathe, dislike, abominate.
Hateful, hāt-fool, *a* ঘৃণার্হ, ঘৃণিত, হেয়, ঘৃণাব্যঞ্জক, Odious, detestable *ad*=hatefully *n*=hatefulness *Syn* —Abominable, execrable, loathsome, abhorrent, repugnant, repulsive, disgusting, forbidding
Hatred, hā'tred, *n.* অতি ঘৃণা, শত্রুতা, বিদ্বেষ; Extreme dislike, malignity, odium enmity. *Syn* —Odium, ill-will, hate, animosity, malevolence, rancour, enmity, detestation, loathing, abhorrence, repugnance, antipathy [a hat.
Hatted, hat'ed, *a.* শিরস্ত্রাণাচ্ছাদিত, Covered with
Hatter, hat'er, *n* টুপি বিক্রেতা বা প্রস্তুতকারী, টুপিওয়ালা, One who makes or sells hats
Hatti-sheriff, hat'i-sher'if, *n* তুরস্ক সুলতানের হুকুম, A Turkish decree of the highest authority.
Hauberk, haw'berk, *n* বর্ম বিশেষ, Steel ring; sleeveless coat of mail.
Haughtiness, haw'te-nes, *n.* গর্ব্ব, অহঙ্কার, উদ্ধতা, Arrogance, insolence, disdain, contemptuousness, superciliousness, loftiness
Haughty, haw'ti, *a* [L *altus*, high] গর্ব্বিত, উদ্ধত, অহঙ্কৃত, Proud, arrogant, contemptuous *n*=haughtiness *ad*=haughtily. *Syn* —Scornful, imperious, insolent, supercilious, contemptuous, disdainful, overweening
Haul, hawl, *v t* জোরে টানা, আকর্ষণ-কৃ, To pull with violence, drag —যাইতে বাধ্য-কৃ, To compel to go .—*v i.* জাহাজের গতি ফিরান, To change the direction of a ship, sail with a changed course —*n.* টানা, আকর্ষণ, A pulling :—ক্ষেপ, জালের ক্ষেপ, A draught as of fishes *n*=hauler. *Syn* —Drag, pull pluck, tug tow, trail
Haul over the coals—তিরস্কার কৃ, Take to task for short coming, to call to account
Haulage, hawl'āj, *n* আকর্ষণ, Hauling —নৌকা আকর্ষণের খরচা, Charge for hauling or pulling a ship or boat —আকর্ষণের দূরত্ব Length hauled
Haulm, Halm, Haum, hawm, *n* খড়, শস্যাদির নাড়া, Straw, stubble. [thigh, hind part
Haunch, hānsh *n* জঙ্ঘা, কটি, নিতম্ব, Hip,
Haunt, hant, *v t* [A S *hentan*, to pursue] গমন-কৃ, গতিবিধি-কৃ, To frequent —ভূত হইয়া বাস কিংবা দেখা-দে To infest as a ghost —অনধিকার প্রবেশ-কৃ, To intrude on —*v. i* সর্ব্বদা উপস্থিত-হ, To appear or visit frequently —*n* সর্ব্বদা গতিবিধির স্থান, যে স্থানে নিয়ত লোক গতায়াত করে, A place much restored to. *Syn* —(*v*) Resort, repair to visit often. [quented by ghosts.
Haunted house, *n* প্রেত-নিবাস, A house fre-
Hautboy, hō'boi, *n* বাঁশী বিশেষ, শানাই, Wind instrument —ফল বিশেষ, A large kind of strawberry
Hauteur, hō'tur, *n* গর্ব্ব, Haughty manner or spirit, pride *Syn* —Haughtiness, pride, loftiness, stateliness, dignity, arrogance, disdain.
Have, hav, *v t* অধিকার-কৃ, স্বত্ববান্-হ, To own or possess .—গ্রহণ-কৃ, প্রাপ্ত-হ, লাভ-কৃ, To accept; obtain :—(সন্তান) উৎপাদন-কৃ, To bear or beget

(young) :—সম্পাদন-কৃ ; সম্পন্ন-কৃ ; To effect .—উৎপাদন-কৃ ; To cause :—বুঝিতে পারা ; Understand : —বাধ্য-হ ; To be under obligation. *Syn* :—Hold, occupy, acquire, receive ; take ; maintain, keep ; embrace, contain ; be obliged.

Have after—অনুধাবন-কৃ ; Pursue.

Have at—আক্রমণ-কৃ ; Assail ; attack.

Have away—স্থানান্তরিত-কৃ ; Remove.

Have been to—(কোন স্থানে বা কোন ব্যক্তিকে দেখিতে) গিয়াছিলাম বা গিয়াছিলেন ; Have visited or have gone to see (a person or place).

Have in, *v.* ধারণ-কৃ ; Contain ; hold in.

Have it out with one (*colloq*)—বিবাদ শেষ-কৃ ; (কাহাকে দেখে লওয়া, এই ভাব) ; Settle a dispute with one :—ঝগড়া-কৃ ; Have an altercation with one on any point.

Have on—পরিধান-কৃ ; Wear.

Haven, hávn, *n.* বন্দর ; নদীর মুখ ; Port :—আশ্রয় ; Shelter ; an asylum. *Syn* :—Harbour : refuge.

Haver-sack, havér-sak, *n.* সৈন্যদের খাদ্যাদি রাখিবার থলে ; A bag of strong linen for a soldier's provisions ; a provision bag.

Havock, havúk, *n.* [W. *hafog*, havoc] ধ্বংস ; সর্ব্বব্যাপী নাশ ; Wide and general destruction ; devastation ; waste :—*v. t.* ধ্বংস-কৃ ; To lay waste :—*int.* পুরাকালীয় মৃগয়া বা যুদ্ধকালীন চীৎকার শব্দ ; A cry, used originally in hunting, afterwards in war as a signal for slaughter. *Syn* :—(*n*) Desolation, ruin, ravage, slaughter, carnage.

Haw, haw, *n.* বেড়া ; A hedge :—ফল বিশেষ ; A fruit ; the berry and seed of the hawthorn :—বলিতে সঙ্কোচ ; সঙ্কোচ সহকারে উক্তি ; A hesitation in speech :—*v. i.* সঙ্কোচসহ বলা ; বলিতে সঙ্কোচ-হ ; To speak with hesitation.

Haw-finch, *n.* পক্ষিবিশেষ ; A small shy bird.

Haw-haw, *n.* বেড়া ; গুপ্তখাত ; A sunk fence or a ditch not seen till close upon it.

Hawk, hawk, *n.* শ্যেন , শিক্‌রে পাখী ; বাজ পক্ষী ; A rapacious bird ; a bird of prey ; a falcon :—শ্লেষ্মা নির্গমন ; কাশ তুলিবার চেষ্টা ; A noisy effort to force up phlegm with noise :—*v. i* বাজপক্ষী দ্বারা পক্ষী শিকার কৃ ; To catch birds with hawks :—উড়নকালে আক্রমণ-কৃ ; To soar or strike like a hawk :—শ্লেষ্মা নির্গত-কৃ ; গয়ের তোলা ; গলা হইতে কাশ তোলা ; To force up matter from the throat. *n*=hawker.

Hawk, *v. t.* দ্রব্য বিক্রয়ার্থ ঘোষণা-কৃ ; জিনিস ফেরি-কৃ ; বিক্রয়ার্থ চীৎকার-কৃ ; To carry about for sale ; to cry for sale ; peddle.

I know a hawk from a hand saw—I know one thing from another.

Hawker, hawkér, *n.* ফড়িয়া ; ক্ষুদ্র ক্ষুদ্র দ্রব্যবিক্রেতা ; ফেরিওয়ালা ; A peddler ; a falconer.

Hawk-eyed—তীক্ষ্ণ দর্শনশক্তি সম্পন্ন ; Having keen sight.

Hawse, hawz, *n.* জাহাজের কাছির অবস্থান বিশেষ ; The situation of cables before a vessel's stem : —*pl.* জাহাজের যে ছিদ্র দিয়া কাছি যায় ; The holes in a ship's bow through which the cables pass.

Hawseholes, hawźhōlz, See *hawse*.

Hawser, hawźér, **Halser,** *n.* জাহাজের কাছি ; Cable ; a large rope.

Hawthorn, haw'thorn, *n.* বেড়া দিবার এক রকম গাছ ; লতা বিশেষ ; A thorny flowing shrub or trees.

Hay, hā, *n.* শুষ্ক তৃণ ; Dried grass :—*v. i.* তৃণ শুষ্ক-কৃ ; To cut and dry grass for preservation.

Make hay while the sun shines—রৌদ্র থাকিতে থাকিতে ঘাস শুকাইয়া লইয়া ; সময় থাকিতে থাকিতে দুটাকা উপার্জ্জন (নিজের কাজ) করিয়া লওয়া ; Take advantage of a favourable opportunity while it lasts (to get money).

Hay-cock, hákok, *n.* ঘাসের স্তূপ ; ঘাসের গাদা ; Heap of hay.

Hay-fever, *n.* জ্বর বিশেষ ; সর্দ্দি জ্বর ; A catarrh accompanied with fever and some times with paroxyams of dyspnœa to which some persons are subject in the spring and summer.

Hay-knife, *n.* ঘাস কাটিবার যন্ত্র ; A sharp instrument used in cutting hay out of a stock.

Hay-loft—তৃণ রাখিবার মঞ্চ ; A loft or scaffold for hay.

Haymaker, hámāk-ér, *n.* অশ্বাদির খাদ্যার্থ তৃণ সংগ্রাহক ; One who cuts and dries grass for hay.

Hay rick or **stack,** *n.* ঘাসের স্তূপ ; Hay raised in a pile or heap for preservation in the open air.

Hazard, haźard, *n.* ঘটনা ; দৈব ; Chance ; accident :—বিপদ ; Risk ; danger :—দ্যূতক্রীড়া বিশেষ , Game at dice :—*v. t.* সঙ্কটে নিক্ষেপ-কৃ ; দৈবে নির্ভর-কৃ , To risk ; to expose to chance :—সাহস-কৃ , বিপদগ্রস্ত-কৃ , To venture ; jeopardise :—*v. i.* ঝুঁকি লওয়া ; To encounter risk, or danger. *Syn* :—(*n*) Casualty ; peril, risk, jeopardy. (*v*) Adventure, jeopard, peril, endanger.

At all hazard—যাহাই ঘটুক না কেন ; যত বিপদ ঘটুক না কেন ; Whatever the risk may be.

Hazardous, haźard-us, *a.* অনিশ্চিত ; Uncertain ; dubious :—বিপদজনক ; বিপৎসঙ্কুল ; Dangerous. *ad.* =hazardously. *Syn* :—Bold, daring, adventurous, venturesome ; precarious, uncertain, perilous, dangerous.

Haze, hāz, *n.* কুজ্ঝটিকা ; Fog ; mist :—অন্ধকার ; অস্পষ্টতা ; Obscurity . dimness.

Hazel, házl, *n.* বৃক্ষ বিশেষ ; A tree or shrub :—*a.* পিঙ্গলবর্ণ ; Of light brown colour :—উক্ত গাছ সম্বন্ধীয় ; Pertaining the hazel.

Hazel-nut, házl-nut, *n.* এক জাতীয় ফল ; বাদাম ; The nut of the hazel-tree.

Hazelly, *a.* পিঙ্গলবর্ণ ; Light brown like the hazel nut.

Hazy, hāźe, *a.* কুজ্ঝটিকাময় ; Thick with haze. *n*= haziness. *Syn* :—Misty, foggy, cloudy ; dim, obscure, uncertain, vague.

He, hē, *n. pron.* তিনি ; সে , তৃতীয় ব্যক্তি ; Of the 3rd person ; the man or male alluded to ; any person :—*a.* পুং জাতীয় ; Male.

Head, hed, *n.* মস্তিষ্ক ; মস্তক ; Seat of the brain ; that part of animal body which is the uppermost or foremost in the creature's locomotion :—বুদ্ধি ; বোধশক্তি ; Understanding :—নায়ক ; Leader :—কর্ত্তা ; Chief of a family :—অগ্রভাগ ; সম্মুখভাগ ; Top ; front :—বাক্যের প্রধান অংশ ; তর্কের মূল কথা ; A topic or chief point of a discourse :—নদীর উৎপত্তির স্থান ; উৎসমূল ; অন্তরীপ ; The source, as of a stream or river ; a cape :—সঙ্কট ; Crisis : —ক্ষমতা ; Power :—সম্মান স্থান ; The place of honour or command :—এক ব্যক্তি ; An individual .—কোন দ্রব্যের স্থূল অংশ ; The longer, thicker or heavier part or extremity :—*v. t.* কর্তৃত্ব-কৃ ; শাসন-কৃ ; To lead ; govern, command :—অগ্রে

গমন-কৃ ; To go in front of .—বাধা-দে ; কাভ-কৃ , To check :—*v i.* পাকিয়া উঠা ; হচ্যগ্র-হ ; To grow to a head :—উৎপন্ন-হ , অঙ্কুরিত-হ , To originate , spring from :—কোন দিকে গমন-কৃ , To go or tend :—*a.* প্রধান ; Chief , superior. *Syn* —(*n*) Summit, acme ; fore part ; noddle ; mind, intellect , chief, chieftain, ruler, commander , commencement, beginning, rise, source, origin , topic, subject ; class, division, section, branch, department, category , pitch, height (*v*) Direct, govern ; get in front of, intercept , be directed, tend towords.

At the head of—অধ্যক্ষ হইয়া ; As commander of :—সর্ব্বোপরে ; শীর্ষস্থানীয় , At the top of —যে স্থানে প্রধান ব্যক্তির বসা উচিত সেই স্থানে , Occupying the place of honour at .—সর্ব্বপ্রধান , সর্ব্বাগ্রগণ্য , The leader of , chief among.

At the head of affairs—রাজ্যের সর্ব্বময় কর্ত্তা , At the head of the government.

Be over head and ears—কোন কিছুতে ডুবিয়া থাকা , কোন বিষয় হেতু বিব্রত-হ , Be deeply involved or immersed in , be almost overwhelmed by.

Carry a high head—গর্ব্বিতভাবে বিচরণ-কৃ , Bear proudly or arrogantly.

Come or **gather to a head**—ফোড়া পাকিয়া উঠে , মুখ-হ , Suppurate —ঘটিবার উপক্রম-হ , পাকিয়া উঠা , Come to a crisis or height , come to a climax

From head to foot—আপাদমস্তক , সর্ব্বশরীর , From top to toe , all over.

Gain or **gather head**—ক্রমে ক্রমে প্রবল-হ , Gain strength :—পাকিয়া উঠা , Come to a crisis.

Give the head to—ছেড়ে-দে , ঘোড়ার রাস্ ছাড়িয়া দেওয়া , যে দিকে ইচ্ছা যাইতে-দে , Let go control , let go freely (as a horse) , as, he gave his horse the head —আয়ত্ত না রাখা , Give up all control over

Head and shoulders—বলপূর্ব্বক , সজোরে , জোর করিয়া , By force , violently .—অনেকটা , By a great degree , by far.

Head or tail—চিৎ কি উপুড় · এপিট্ কি ওপিট্ , This side or that , the obverse or the reverse.

Head over heels—হুমড়ি খেয়ে , Heels over head ; with the heels upper most.

It never entered one's head—এটা মনে উদয় হয় নাই ; এটা যোগায় নাই ; It did not occur to one

Lay heads together—মিলিত হইয়া (কোন বিষয়ের) পরামর্শ-কৃ , একত্র হইয়া মন্ত্রণা-কৃ ; To combine in a plan ; to consult together.

Make head or to make head against—লড়িয়া জয়ী হওয়া , বাধাদানে কৃতকার্য্য-হ , প্রতিরোধ-কৃ ; Resist with success :—কাহার বিপক্ষে অগ্রসর-হ , প্রতিকূলে যাওয়া ; Advance against

Make neither head nor tail of it—মাথামুণ্ড কিছুই বুঝিতে না পারা , Make out neither beginning nor end, make out nothing distinct or definite about it, be unable to see through it or understand it clearly.

Neither head nor tail—মাথামুণ্ড কিছুই না ; Neither distinct nor definite :—অসম্পূর্ণ ; অনিশ্চিত , Incomplete ; undefined

Off or **out of one's head**—ক্ষিপ্ত ; Insane.

On one's head—নিজের ঝুঁকিতে , On one's own responsibility.

Out of one's own head—বিনা সাহায্যে Without the advice or co-operation of another.

Over head and ears—সম্পূর্ণরূপে , In an extreme degree , entirely

Put over one's head—ডিঙ্গিয়ে উপরে তোলা , নীচের কর্ম্মচারীকে উপরে বসান ; Supersede one ; place over one.

Take it into one's head—চিন্তা-কৃ , হঠাৎ কোন খেয়াল-হ , Imagine , take a fancy , indulge a sudden whim , conceive a sudden notion :—কোন বিষয়ে কাহারও ধারণা-হ , Take a fancy

To his head—তাহার মুখের সামনে , মুখের সাক্ষাতে ; Before his face

Turn one's head—বুদ্ধিভ্রংশ-কৃ , Infatuate one.

Under the head of—(কোন বিষয়ের) অন্তর্গত ; হিসাব যে পৃথক পৃথক হেড্ বা ভাগ লেখা যায়, তাহারই কোনটীর অন্তর্গত , Included in the item of.

Under this or **that head**—এই শ্রেণী বা সেই শ্রেণী-ভুক্ত , As belonging to this or that class

Head-ache, hedāk (হেড্যাক্) *n.* শিরঃপীড়া , Pain in the head.

Head-band, hedband, *n.* শিরোবন্ধন , মাথার ফিতা , A fillet , top knot , a band for the head

Head-dress, hed-dress, *n.* শিরোভূষণ , স্ত্রীলোকের শিরোভূষণ বিশেষ , Trappings for the head , an ornamental dress or covering for the head, worn by women

Head-gear, hedgēr, *n.* শিরোভূষণ , Head-dress.

Head-guilt, *n.* প্রাণদণ্ডযোগ্য অপরাধ , Capital offence.

Heading, heding, *n.* শিরোনাম , শীর্ষস্থিত বিষয় ; That which stands at the head.

Head-land, hedland, *n.* অন্তরীপ ; A cape ; promontory.

Headless, hedles, *a.* মস্তকবিহীন , অধ্যক্ষশূন্য ; Without a head , having no head.

Headlong, hedlong, *ad.* দুঃসাহসসহকারে , অবিবেচনাপূর্ব্বক , Rashly , precipitately —*a.* দুঃসাহসিক , অবিবেচক , Rash —খাড়া , Precipitous ; steep. *Syn* —Hastily, without deliberation.

Head-man, *n.* প্রধান ব্যক্তি , মণ্ডল , Chief.

Head-money, *n.* মাথাগুন্তি কর , Poll tax.

Headmost, hedmōst, *a.* প্রথম , সর্ব্বাগ্রস্থ , First ; most advanced or forward.

Head-pan, *n* মস্তিষ্ক , Brain

Head-piece, hedpēs, *n* শিরস্ত্রাণ , Helmet ; morion, armour for the head —বুদ্ধি, Understanding.

Head-quarters, hedkwor-terz, *n. pl* সেনাপতির বাসস্থান , অধ্যক্ষের নিবাসস্থান , The residence of the commander-in-chief or general , centre of authority or order

Headsman, hedzman, *n.* জল্লাদ , ঘাতক , Executioner , a person who cuts off heads.

Headstall, hedstawl, *n* লাগামের নোক্তা , The part of bridle incompassing the head

Headstone, hedstōn, *n.* অট্টালিকার সর্ব্বোপরিস্থ প্রস্তর , The topmost stone of a building :—গোরের শুরোভাগের প্রস্তর , The stone at the head of a grave.

Headstrong, hedstrong, *a.* উগ্রস্বভাব , উগ্রচিত্ত ; একগুঁয়ে , Ungovernable , self-willed , stubborn. *Syn* —Obstinate, untractable, unruly, ungovernable, self-willed , venturesome, heady.

Head-swimming, *a* মাথা ঘোরা, Giddiness.
Head-tire, *n.* শিরোভূষণ Attire for the head
Headway, hedwa, *n* যতদূর অগ্রসর হওয়া যায়, The distance advanced —অগ্রগামী জাহাজের গতি, চলিষ্ণু জাহাজের গতি, Motion of an advancing ship. [furiously
Be under headway—সজোরে আঘাত-কৃ, Dash
Headwind, hedwind, *n.* চলিষ্ণু জাহাজের প্রতিকূলে প্রবহমান বায়ু, প্রতিকূল বায়ু, Contrary wind, a wind blowing right against a ship's head.
Head-work, *n.* মস্তিষ্কের কার্য্য, Labour of the understanding
Head-workman, *n.* প্রধান কারিকর, Foreman
Heady, hedi, *a* মস্তিষ্কের বিকার সম্পাদক Apt to affect the head, intoxicating —অবিবেচক, অবিবেকী, Rash, self-willed *n* headiness *ad*—headily *Syn* —Hasty, headstrong, stubborn intoxicating, inebriating
Heal, hel, *v t* [A. S *hælan*, from *hâl*, hale] আরোগ্য-কৃ, নীরোগ-কৃ To cure —দমন-কৃ, নিবারণ কৃ, To remove or subdue —*v i* সুস্থ হ নীরোগ-হ, To grow sound *n*=healer (চিকিৎসক, Physician) *Syn* —Remedy, restore remove differences reconcile, settle make up cicatrize
Physician heal thyself—তুমি ডাক্তার আগে নিজের রোগ সামলাও নিজের চরকায় তেল দাও, As you are a doctor cure your own disease first
Healing, heling *a.* আরোগ্যকারী আরোগ্যকর, Tending to cure —মৃদু, Mild —*n* আরোগ্য আরোগ্য করণ বা তাহার প্রক্রিয়া The act or process by which any thing is healed *Syn* —*(a)* Sanative, curative, medical
Health, health *n* [A S *hældh*, from *hâl*, hale] স্বাস্থ্য, সুস্থতা, Soundness of body —অপরের মঙ্গল প্রার্থনা A wish to health and happiness —ঈশ্বর-কৃপা, Divine favour *Syn* —Salubrity, soundness, vigour, robustness, moral well-being, purity, toast.
To drink a health—অপরের মঙ্গল প্রার্থনার্থে মদ্যপান-কৃ, (পাশ্চাত্য প্রথানুসারে) কাহারও কুশল মানসে মদ্যপান-কৃ, To drink with the expression of a wish for the health and happiness of some other person
Healthful, helthfool *a* সুস্থ, স্বাস্থ্যকর, Wholesome, salutary *n*—healthfulness. *ad*=healthfully *Syn* —Well, healthy, salubrious prosperous, favourable [*n*=healthlessness
Healthless, helthles *a* রুগ্ন, Sickly, ailing
Health officer, *n* One appointed to take care of the public health
Healthy, helthe, *a* সুস্থ, স্বাস্থ্যযুক্ত, Coducive to health —বলিষ্ঠ, সতেজ Sound, vigorous. *n*=healthiness *ad*=healthily. *Syn* —Active, hale hearty, salutary, salubrious wholesome, healthful
Heap, hep, *n* রাশি, স্তূপ, Pile, mass crowd, throng —ধ্বংসরাশি, A ruin —*v t* রাশীকৃত-কৃ, স্তূপীকৃত কৃ. সঞ্চয়-কৃ, To throw in a heap or pile, to amass, to pile *Syn* —*(v)* Pile, accumulate, add to, augment increase [(American).
Heap of love—অত্যন্ত প্রণয়, Very great love
Hear, her, *v. t.* শ্রবণ-কৃ, কর্ণপাত-কৃ, অবধান-কৃ, Perceive by the ear, attend to, listen to —বিচার-কৃ, Hear judically, try —অনুকূল উত্তর-দে, অনুগ্রহ-কৃ, To listen to and answer favourably; to favour —*v i* শুনিতে পাওয়া, শ্রবণ-কৃ, অবগত-হ; To listen, to be told, to be hold *n*=hearer. *Syn* —Hearken, heed, attend, regard, favour; examine judicially, be informed, be told
Hear from—পত্র প্রাপ্ত-হ, পত্রের দ্বারা খবরাখবর পা; Receive a letter, receive any communication from one (generally, written)
Hear of—বাচনিক অবগত হ, Be told of (by oral communication) —কাহারও বা কোন কিছুর বিষয় শুনিতে পাওয়া, Receive information about (a person or thing by report or by letter) —শুনা, Listen to
Hear out—শেষ পর্য্যন্ত শ্রবণ-কৃ Hear to the end
Hearing, hering, *n* শ্রবণ, Act of perceiving sound —শ্রবণশক্তি Sense of perceiving sound —মনোযোগ, Attention to what is delivered —যতদূর পর্য্যন্ত শব্দ শ্রবণ করা যাইতে পারে, শ্রবণ পথ Reach of the ear —শ্রোতৃবর্গ Audience —চরিত্র, হৃদয় Individual disposition or character —বিচারের জন্য শ্রবণ, A listening to fact and evidence for adjudication
In the hearing of one—শুনিতে পাওয়া যায় একপ ব্যবধানে কেহ শুনিতে পায় এমন তফাৎ হইতে Within reach of the ear of one so that one may easily hear
Out of hearing—শ্রবণাতীত।
Within hearing—শ্রবণ গোচর কথা কহিলে শুনা যায় এত নিকটে Near enough to be heard
Hearken, harkn, *v i* শ্রবণ কৃ মনোযোগ কৃ স্বীকার কৃ, To listen, to give heed to grant
Hearsay, her'sa, *n* জনশ্রুতি প্রবাদ, জনরব, Common talk, rumour
Hearsay evidence—শুনিয়া সাক্ষ্যদান।
Hearse, hers *n* [L *hirpex*, a harrow] শবযান, শববহন শকট, Carriage for carrying the dead —কবর, Tomb
Heart, hart *n* হৃৎপিণ্ড An organ of the body that circulates the blood —অন্তর, অন্তঃকরণ, Inner or vital part, core —হৃদয়, The seat of the affections, especially love —সাহস Courage, spirit, vigorous activity —গূঢ় অর্থ বা অভিপ্রায়, Secret meaning or design —হৃৎপিণ্ডাকৃতি, That which is heart-shaped *Syn* —Life, core, inner part, centre, kernel pith, marrow, geniality, cordiality, mind, will inclination, character, disposition, strength, spirit, vigour, resolution
After one's own heart—মনোমত, কাহারও ঠিক মনোমত, নিজেই ইচ্ছামত, Exactly according to one's liking, just such as one likes
At heart—বাস্তবিক, অকৃত্রিমরূপে, মনে মনে আসলটা, Really, in one's true character or disposition, at bottom
Break the heart of—হতাশ-কৃ, ভগ্নহৃদয়-কৃ, প্রায় সমাধা কৃ, Bring to despair or hopeless grief, to finish very nearly [thorough manner.
By heart—সম্যকরূপে, হৃদগতরূপে, In the most
Do one's heart good—মনের তৃপ্তি জন্মান, আহ্লাদ-হ, Please one very much, be exceedingly gratifying to one's feelings.

Eat into one's heart—হৃদয় ব্যথিত-কৃ ; Corrode one's heart ; prey upon one's mind.

Find in the heart—ইচ্ছুক-হ ; Be willing or disposed.

Get or **learn by heart**—কণ্ঠস্থ-কৃ , Commit to memory.

Go to one's heart—মর্ম্মভেদ-কৃ ; বড় ক্লেশকর-হ ; Affect or pain one deeply

Have in the heart—অভিপ্রায়-কৃ ; Purpose.

Have or **know by heart**—কণ্ঠস্থ থাকা ; Have a thing committed to memory

Have the heart in the mouth—ভীত-হ ; To be frightened.

Head and heart—সর্ব্বাংশে ; Both in intellect as well as in feelings ; thoroughly

Heart and soul—সর্ব্বান্তঃকরণে , Heartily ; enthusiastically

Heart upon one's sleeve, Wear one's sleeve—ভিতর বাহির এক হওয়া ; Have one's heart on one's sleeve as it were, so that others may easily see it ; have an open heart ; lay bare one's heart.

In one's heart of hearts—হৃদয়ের গূঢ়তম দেশে , বহুদূর হইতে হয় আন্তরিক , In the inmost recesses of one's heart ; secretly.

In the heart of—ভিতরে ; অন্তর্দ্দেশে ; মধ্যস্থলে ; In the innermost part of , in the centre of activity of (a place)

Lost heart—সাহসহীন-হ ; Lose courage.

One's heart bleeds—যাতনায় একশেষ হওয়া ; One is excessively pained.

One's heart fails one—দমে যাওয়া ; সাহসহীন-হ ; One loses courage or confidence.

One's heart is in the right place—হৃদয় ঠিক থাকা ; যে ভাবে থাকা উচিত সেই ভাবে থাকা (অর্থাৎ পরের সুখে সুখী এবং পরের দুঃখে দুঃখী-হ) , One is of a kindly and sympathetic disposition , one is true-hearted.

One's heart sinks within one—কাহারও মন একেবারে দমিয়া-যা , One is overwhelmed with depression.

Out of the fulness of one's heart—ভাবে ভোর হইয়া ; মনের বেগে , From feeling intensely on any subject, when one feels intensely.

Set one's heart on—কোন বিষয়ে তন্ময়-হ ; সমস্ত মন অর্পণ-কৃ ; Fix one's desires on ; long earnestly for.

Set the heart on—ইচ্ছা-কৃ ; Fix the desires on ; be very fond of.

Take heart—প্রফুল্লমনাঃ হওয়া , সাহসী-হ , সাহস পাওয়া , বুক বাঁধা ; Be cheerful ; become hopeful ; gain courage ; gain confidence.

Take or **lay to heart**—অত্যন্ত অভিভূত ; আন্তরিক বেদনা অনুভব-কৃ ; হৃদয়ে স্থান-দে ; Be much affected ; take to the inmost affections.

Take to heart—আন্তরিক বেদনা অনুভব-কৃ , হৃদয়ে স্থান-দে , Take to the inmost affections.

Take to heart, Lay a thing to **heart**—কোন বিষয় কাহারও লাগা (কষ্টকর-হ) ; Be much affected or pained by :—যত্নপূর্ব্বক মনে স্থান-দে বা বিবেচনা-কৃ ; Ponder over seriously.

Win one's heart—কাহারও প্রিয়-হ ; Gain one's affection.

With all one's heart, With one's whole heart—সর্ব্বান্তঃকরণে ; Heartily ; sincerely.

With half a heart—বড় ইচ্ছাপূর্ব্বক নহে ; Reluctantly :—সর্ব্বান্তঃকরণে নহে ; Being wanting in true attachment.

Heartache, hart'āk, *n.* দুঃখ , মনস্তাপ ; মনঃপীড়া ; Sorrow ; anguish.

Heart-breaking, hart'-brāking, *a.* মর্ম্মভেদী ; হৃদয়বিদারক , Crushing with grief or sorrow.

Heart-broken, hart'-brōkn, *a.* ভগ্ন-হৃদয় ; Having the heart intensely afflicted or grieved ; deeply grieved.

Heart-burn, hart'burn, *n.* বুকজ্বালা ; অম্লরোগ ; Affection of the stomach ; a disease of the stomach which causes a burning acrid sensation near the heart.

Heart-burning, hart'bur-ing, *n.* অসন্তোষ , মনোমালিন্য , Discontent ; secret enmity :—*a.* অসন্তোষজনক ; Causing discontent.

Heart-deep, *a.* হৃদয়স্থ ; Rooted in the heart.

Heart-ease, hart'ēz, *n.* মনের প্রসন্নতা , হৃদয়ের শান্তি , Quiet of mind ; tranquility.

Hearten, hart'n, *v. t.* [A. S *hiertan*] উৎসাহিত-কৃ ; উত্তেজিত-কৃ ; To encourage. *Syn* :—Incite, embolden, inspirit.

Heart-felt, hart'felt, *a.* হৃদয়জম , আন্তরিক , Felt deeply ; sincere.

Hearth, hārth, *n* চুল্লী ; The fire-side :—গৃহ ; Home ; the house itself.

Hearth and home—সমস্ত প্রিয়তম বস্তু , স্বদেশ , Objects dearest to one , one's own country.

Hearth-stone, harth'stōn, *n.* চুল্লী , যে প্রস্তর দ্বারা চুল্লী নির্ম্মিত হয় , The stone forming the hearth ; fire-side.

Heartily, hart'ē-le, *ad.* আন্তরিক , অন্তরের সহিত ; বাস্তবিক , From the heart ; with all the heart. *Syn* :—Cordially, sincerely, really, genially, zealously, actively, warmly, ardently, earnestly ; freely, largely.

Heartiness, hart'e-nes, *n.* অকপটতা , সরলতা , The state of being hearty. *Syn* :—Sincerity, zeal, earnestness, eagerness, warmth, cordiality.

Heartless, hart'les, *a* হৃদয়-বিহীন , হৃদয়শূন্য , নির্ম্মম , ভীরু , Wanting in feeling or courage ; destitute of heart. *ad*=heartlessly. *n*=heartlessness.

Heartlet, hart'let, *n.* ক্ষুদ্র হৃদয় ; A little heart.

Heart-quelling, *a.* হৃদয়জয়ী ; Conquering the affections.

Heart-rending, hart'-rending, *a.* হৃদয়-বিদারক ; হৃদয়ে ব্যথাদায়ক , মর্ম্মভেদী , Deeply afflective ; agonising.

Heart's-blood, *n.* সার , Life ; essence.

Heart's-ease, harts'ēz, *n.* লতাবিশেষ , পুষ্পবিশেষ ; Pansy ; a species of violet :—মনের শান্তি , হৃদয়ের শান্তি , Peace or tranquillity of feeling , ease of heart.

Heart-sick, hart'sik, *a.* হতাশ , মর্ম্মপীড়িত , ভগ্নাশ ; Sick at heart ; depressed ; dejected. *n*=heart-sickness.

Heart-sickening—হৃদয়-ভগ্নকারী , Tending to make the heart sick or depressed.

Heartsome, *a.* আনন্দকর , Cheerful.

Heart-sore, *n.* হৃদয়-বেদনা , What pains the mind :—*a.* Deeply wounded.

Heart-striken, Heart-struck—ভয়াভিভূত ; Driven to the heart ; shocked with fear.

Heart-string, *n.* হৃদয়-গ্রন্থি ; A nerve or tendon, supposed to brace and sustain the heart.

Heartwhole, härthōl, *a* অবিকৃত হৃদয় , Whole or unaffected at heart

Hearty, härtė, *a* অকৃত্রিম , Sincere , cordial, genuine —অতিশয় , প্রগাঢ় , Rich , abundant , warm —বলবান , বলবৎ , সুস্থ , পুষ্টিকারক , Strong , healthy , zealous , vigorous , nourishing *n*=heartiness *ad*=heartily *Syn* —Real, unfeigned, undissembled, warm, cordial earnest, ardent, eager active, energetic, sound, hale.

Heat, hēt, *n* [A S *haete*] উত্তাপ , তাপ , Caloric —উত্তাপ-বোধ , Sensation of warmth , the agent which excites the sensation of warmth —ক্রোধ , Rage, vehemence —একটী উদ্যম ঐকান্তিক উদ্যম , A single effort, as in a race —সজীবতা , উৎসাহ , Animation —উত্তাপ High temperature —লোহিতবর্ণ , রক্তিমা , Redness —যে সময়ে সর্ব্বাপেক্ষা উষ্ণতার বৃদ্ধি হয় , The warmest period, as the heat of the day —শৃঙ্গার বিষয়ক উত্তেজনা , Sexual excitement in animals —*v t* উত্তপ্ত-কৃ To make hot —উত্তেজিত-কৃ আলোড়িত-কৃ , To inflame, agitate excite —*v i* উত্তপ্ত-হ উষ্ণ হ To grow warm or hot. *Syn* —(*n*) Incalescence, calefaction, warmth , passion, violence ardour, excitement contest, race

At a heat—একটানে (ভাবিয়া চিন্তিয়া নহে) , By a single violent and unremitted effort

At the heat of the moment—রাগের মাথায় Under the influence of a sudden passion

Blood heat—মানবদেহস্থ শোণিতের স্বাভাবিক উষ্ণতা The natural temperature of the human body

Heater, hētėr, *n* উষ্ণকারক One who or that which heats

Heath, hēth, *n* চারাগাছ , উলুখড় A small evergreen shrub —মরুভূমি শস্যহীন অনুর্ব্বর প্রান্তর A desert a barren heathless country —ক্ষুদ্র চারাগাছপূর্ণ স্থান , A place overgrown with a heath

Heath-cock, *n* পক্ষিবিশেষ , A large bird which frequents heaths

Heathen, hēthn *n* ম্লেচ্ছ বিধর্ম্মী A pagan —ধর্ম্ম ও চিন্তা বিহীন ব্যক্তি , An irreligious unthinking person .—পৌত্তলিক One of those who worship idols and do not acknowledge the true God —*a* অধার্ম্মিক বিধর্ম্মী পৌত্তলিক Pagan irreligious *Syn* —Idolater unbeliever

Heathendom, hēthn-dum, *n* খ্রীষ্টান বা পৌত্তলিকতার বাসভূমি That part of the world which is not christian

Heathenise, hēthn-īz *v t* অখ্রীষ্টান-কৃ , পৌত্তলিক-কৃ To make heathen

Heathenish, hēthn ish *a* পৌত্তলিক সম্বন্ধীয় Relating to the heathen —অসভ্য বর্ব্বর , নিষ্ঠুর Rude , uncivilised *n*=heathenishness *ad*=heathenishly *Syn* —Pagan, gentile, heathen savage

Heathenism, hēthn izm, *n* পৌত্তলিকতা , Paganism , idolatry —অসভ্যতা , বর্ব্বরতা , Barbarianism , rudeness

Heather, hether, *n* উলুখড় Heath *a*=heathery

Heathy, *a* ক্ষুদ্র চারাগাছপূর্ণ , Full of or abounding with heath

Heave, hēv, *v t* [Goth *hafjan*, to lift] উত্তোলিত কৃ , উত্তোলন-কৃ , To raise , to lift —নিক্ষেপ-কৃ , উৎক্ষিপ্ত-কৃ , প্রেরণ-কৃ , To throw cast, send —বক্ষ হইতে নিঃসারিত-কৃ , To force from the breast ;—স্ফীত-কৃ , To cause to swell or rise —*v i* উৎক্ষিপ্ত-হ , উৎপাটিত-হ , স্ফীত-হ , To be raised ; to be thrown up , to rise and fall —বমন করিতে চেষ্টা-কৃ , To try to vomit —*n* উত্তোলন , উৎক্ষেপ , প্রক্ষেপ , স্ফীতি , An effort upward , an upward motion , a throw , a fling —বমনেচ্ছা , বমন চেষ্টা , An effort to vomit —স্ফীতি , Swell or distension, as of the breast *Syn* —(*v*) Elevate, upraise, hoist , breathe, force out , swell, dilate, expand , labour, pant retch, vomit

Heave down—একদিকে নিক্ষেপ-কৃ , Throw or lay down on one side.

Heave in sight—দৃষ্টিপথে উপস্থিত-হ , Come in sight —উপস্থিত হ , Appear (naut)

Heave out—নিক্ষেপ-কৃ , Throw out

Heave to—জাহাজের গতি বন্ধ-কৃ , Bring the ship's head to the wind and stop her motion (naut).

Heave up—ত্যাগ কৃ পরিত্যাগ-কৃ , বমন-কৃ , Give up relinquish , vomit out

Heaven, hevn, *n* [A S *heo*, for, heben] আকাশ , গগন শূন্যদেশ Sky firmament , the air —স্বর্গ , পরলোক , The celestial abode —সুখের অবস্থা , পরম সুখ চরমোৎকর্ষ State of bliss , supreme happiness a sublime condition —ঈশ্বর , God *Syn* —Welkin, starry sphere , abode of bliss , supreme happiness , elevation, sublimity

Go to heaven—পরলোক গমন কৃ , Die

Heaven kissing—বিমানস্পর্শী Touching heaven

Heavenly, hevn-lė *a* স্বর্গীয় Celestial —পরম সুখী Supreme blessed —পবিত্র , দিব্য , Pure , celestial —অত্যুৎকৃষ্ট Very excellent —*ad* স্বর্গীয় ভাবে স্বর্গীয় প্রভাবে In a heavenly manner *n*=heavenliness *Syn* —Divine, godlike, angelic, immortal, supernal

Heavenly-minded, hevn li-mind-ed, *a* পবিত্র , শুদ্ধান্তঃকরণ Pure *n*=heavenly-mindedness

Heavenward, hevn-ward, **Heavenwards,** hevn-wardz, *ad* স্বর্গাভিমুখে , Toward or in the direction of heaven

Heave offering, hēv-off'ėr-ing, *n.* ইহুদীদিগের পূজার প্রাচীন প্রথা বিশেষ Among the Jews an offering made to God which was heaved or moved up and down by the priest

Heaver, hēver, *n* উত্তোলক , One who or that which heaves or lifts

Heaviness, hevi ness, *n* গুরুত্ব , Weight , ponderosity of a body *Syn* —Gravity, ponderousness , oppressiveness, grievousness, severity , depression, dejection, sadness, dulness , languor, sluggishness , moisture, dampness

Heavy, hevė, *a* [A S *hefig, hāfig*, lifted with labour] ভারী গুরু , Weighty , not light , difficult to move —কষ্টকর , ক্লেশকর , Oppressive , afflicted —কার্য্যাক্ষম , নিদ্রালু অলস , Inactive , drowsy , sluggish , slow —উচ্চ , Loud —প্রচণ্ড , প্রবল , Violent —মেঘাচ্ছন্ন , অন্ধকারময় , Dark with clouds —বিষণ্ণ , Gloomy , sad —ব্যয়সাধ্য , Expensive —গুরুপাক , Not easily digested .—গর্ভবতী Pregnant —কর্দ্দমময় , Cloggy, claycy ; miry *ad*=heavily, *n*=heaviness. *Syn* :—Ponderous, bulky, massive ; grievous ; indolent, lazy ; stupid, foolish, wearisome, tedious , laborious ,

copious, abundant ; close, clammy ; low, deep.
Heavy with care—চিন্তাকুল। [stupid.
Heavy-headed, *a.* মূর্খ ; Having a dull head ;
Heavy-hearted, *a.* দুঃখে অভিভূত ; Borne down with sorrow. [burden.
Heavy-laden, *a.* ভারগ্রস্ত ; Having a heavy
Hebdomadal, heb-dom'a-dal, **Hebdomodary,** heb-dom'a-dar-i, *a.* [Gr. *hebdomas*, a period of seven days] সাপ্তাহিক ; Weekly.
Hebdomadary, *n.* রোমান্ ক্যাথলিক যাজক বিশেষ, A member of a chapter or convent whose week it is to officiate in the chair.
Hebee, *n.* সতী ; Goddess of youth.
Hebetate, heb'e-tat, *v. t.* [L. *habetare*, from *hebes*, dull] হতবুদ্ধি করা ; To render abtuse ; dull, blunt, stupefy.
Hebraic, he-bra'ik, **Hebraical,** he-bra'ik-al, *a.* ইহুদী জাতি বা ভাষা সম্বন্ধীয়, হিব্রু জাতীয় ; Relating to the Hebrews or to their language.
Hebraically, he-bra'ik-al-i, *ad.* ইহুদী ভাষার রীত্যানুসারে, দক্ষিণ হইতে বাম দিকে, After the manner of the Hebrew language ; from right to left.
Hebraise, he'bra-iz, *v. t.* হিব্রু ভাষাতে পরিণত-কৃ, To turn into Hebrew ; to convert into the Hebrew idiom.
Hebraism, he'bra-izm, *n.* হিব্রু ভাষানুসারিণী বাক্য-পদ্ধতি, Hebrew idiom —কঠিন আত্মসংযম, অশ্রান্ত পরিশ্রম, Hebraic type of character, servile and severe allegiance to conscience ; stoical self-control, unrelaxing industry.
Hebraist, he'bra-ist, *n.* হিব্রুভাষাজ্ঞ, হিব্রুভাষাভিজ্ঞ, One skilled in Hebrew. [like Hebrew.
Hebraistic, he-bra-is'tik, *a.* হিব্রুর মত ; Of or
Hebrew, he'broo, *n.* য়াবুবের বংশধর ; ইহুদি, Israelite ; Jew :—হিব্রুভাষা, The language of the Hebrew :—*a.* হিব্রু জাতীয়, Pertaining to the Hebrews or their language.
Hecate, *n.* ইন্দ্রজালের দেবতা, A goddess who presided over enchantment ; conjurations.
Hecatomb, hek'a-toom, *n* [Gr. *hekaton*, a hundred, and *bous* an ox] একশত বলিদান, বহুবলি ; Sacrifice of 100 head of cattle ; any large number of victims.
Heckle, hekl, Same as *Hackle.*
Hectic, hektik, *n.* ক্ষয়জ্বর, The fever of irritation and debility usually associated with consumption :—*a* ক্ষয়কারী, Consumptive, habitual.
Hectic, hek'tik, **Hectical,** hek'tik-al, *a.* [Gr. *hexis*, habit] অভ্যাসস্বরূপ, Habitual :—ক্ষয়জ্বর রোগাক্রান্ত, Constitutional.
Hector, hekter, *n.* [From *Hector*, A Trojan warrior] যে দাম্ভিক লোক অপরকে বিরক্ত করে, বিরক্তিকর জন, A bully ; one who annoys ; one who teases or vexes :—*v. t.* বিরক্ত-কৃ ; To treat insolently ; to annoy :—*v. i.* দম্ভ প্রকাশ-কৃ, To play the bully ; bluster. *Syn* :—Threaten, menace, lecture ; bluster, swagger.
Hedge, hej, *n.* [A. S. *hege*] লতার বেড়া ; ঝোড ; Fence of bushes ; a thicket of bushes :—*v. t.* লতার বেড়া-দে ; (বেড়া দ্বারা) বেষ্টিত-কৃ ; To enclose with hedge :—বেষ্টন-কৃ, রক্ষা কৃ ; বাধা দেওয়া, To surround ; to guard ; to obstruct. *Syn* :—(*n*) Fence, hedge fence. (*v*) Fence ; surround, hem in, skulk ; bet on both sides
Hedge-bill, hej'bil, **Hedging-bill,** hej'ing-bil, *n.* বেড়া ছাঁটিবার কাঁচি ; A bill or hatchet for dressing hedges.
Hedge-born, hej'bawrn, *a.* নীচবংশজাত ; নীচবংশোদ্ভব ; Of low birth ; outlandish ; obscure.
Hedge-creeper, *n.* One who skulks for bad purposes.
Hedger, hej'er, *n.* যে গাছের বেড়া দেয় ; যে বেড়া বাঁধে ; মালী ; One who dresses hedges.
Hedge-hog, hej'hog, *n.* জন্তু বিশেষ ; শজারু ; A small animal having frickles or spines on the upper part of the body and able to roll itself into a ball. [young hedgehog.
Hedgepig, hej'pig, *n.* শল্লকী (শজারু) শাবক ; A
Hedge-row, hej'ro, *n.* বেড়া বাঁধিবার বৃক্ষশ্রেণী ; A row of trees or shrubs for hedging fields.
Hedge-school, hej'skool, *n.* আয়র্লণ্ডে মাঠে যে পাঠশালা হয় ; An open air school kept by the side of a hedge in Ireland.
Hedge-sparrow, hej'-spar'o, *n.* ক্ষুদ্র গায়ক পক্ষী বিশেষ, An European little singing bird.
Heed, hed, *v. t.* [A. S *hēdan*] মনোযোগ-কৃ ; লক্ষ্য-কৃ, যত্ন-কৃ, To attend to ; to observe ; to look after :—*n.* মনোযোগ, লক্ষ্য, সতর্কতা, Attention ; notice ; caution. *Syn* :—Mind, watch, mark, note, consider.
Heedful, hed'fool, *a.* মনোযোগী ; সতর্ক ; Attentive, observing. *ad*=heedfully. *n*=heedfulness. *Syn* : —Vigilant, watchful, cautious, circumspect, wary, observant, suspicious, mindful, careful.
Heedless, hedles, *a.* অমনোযোগী, অনাবিষ্ট ; অসতর্ক ; Inattentive ; careless. *ad*=heedlessly. *n*=heedlessness. *Syn* :—Unobserving, incautious, reckless, careless, thoughtless, negligent, unmindful.
Heel, hel, *n.* পাদমূল, গোড়ালি, গুল্ফ ; গুড়মুড় ; Hind part of the foot :—শেষ ভাগ ; কোন বস্তুর পশ্চাদ্ভাগ, The latter or remaining part of any thing :—আব ; A protuberance :—চরণ ; The whole foot :—ঘোড়সওয়ারের জুতার কাঁটা, A spur :—গুল্ফ-আচ্ছাদনী, The covering of the heel :—*v. t.* নৃত্যে গোড়ালী লাগান, To use the heels as in dancing, furnish with heels :—*v. i.* হেলিয়া পড়া ; কাত-হ, To incline, to lean as a ship. [behind one.
At one's heels—পেছু পেছু, অনুপদ গমন ; Close
Be at the heels of—অতি নিকটে নিকটে অনুসরণ-কৃ, Pursue closely ; follow hard.
Beat the heels—পশ্চাদ্ধাবমান-কৃ, Pursue closely.
Lay by the heels—নিগড় বদ্ধ-কৃ ; শৃঙ্খলাবদ্ধ-কৃ ; Fetter, shackle ; confine.
Necks and heels—আপাদমস্তক ; সম্পূর্ণরূপে ; The whole length of the body ; completely. [stances.
Out at heels—মন্দ দশায় ; In decayed circum-
Take to the heels, Take to one's heels, Show a clean pair of heels—চম্পট-দে ; পিট্টান-দে ; পলায়ন-কৃ ; Take to flight ; run away ; to flee.
To be out at the heels—মন্দ দশাগ্রস্ত-হ ; দুর্দশাগ্রস্ত-হ, To have on wornout stockings ; to be in a bad condition.

To cool the heels, To cool one's heels—দাঁড়িয়া থাকা; Have to wait rather too long) or tediously:—অপেক্ষা-কৃ, To wait.

To go heal over head—তাড়াতাড়ি গমন-কৃ; ব্যস্তবাগীসের ন্যায় চলা, To move in a hasty, inconsiderate or rash manner.

To have the heels of—দৌড়িয়া অতিক্রম-কৃ, To outrun [To run from

To show the heels—(কেহ হইতে) পলায়ন-কৃ.

Heelpiece, hēlpēs, *n* গোড়ালীর আবরণ, A cover for the heel —শেষ, The end. [Heave up

Heft, heft, *n* ভার, Weight —*v t.* উত্তোলন-কৃ.

Hegemony, he-jemo-ni, *n.* [Gr *hegemon*, leader] অধিকর্তা, Leadership. *a*=hegemonic

Hegira, Hejira, he-jira, *n* [Ar *hijrah*, flight] মক্কা হইতে মহম্মদের পলায়ন সেই পলায়ন দিবস হইতে মুসলমানদের চলিত সন অব্দ হইয়াছে. মুসলমানদের শক, The flight of Muhammad from Mecca, September 13, (or 16 July) 622 A. D from which is dated the Muhammadan era —পলায়ন —Any flight. [mas ox

Heifer, hef'ér, *n.* বক্না, বক্না বাছুর, A young cow

Heigh-ho, hi-hō, *inti* হিহি, আহা, বিস্ময় বা ক্লান্তিব্যঞ্জক শব্দ, An exclamation expressive of surprise uneasiness or weariness.

Height, hit, *n.* [A S. *heatho*, from *heáh*, high] উচ্চতা, The condition of being high, attitude —পাহাড়, উন্নত ভূভাগ, উচ্চ প্রদেশ, A hill, an elevated place, a submit —পদের উচ্চতা, Elevation in rank or excellence, grade or degree —প্রবলতা, চরমসীমা, Utmost degree —উন্নতি, An eminence *Syn*.—Attitute, elevation, tallness, highest point, top, summit, apex, culmination, eminence, hill, mountain, utmost degree, acme.

At the height—চরম সীমায়, In the highest degree [clamax

Be at the height—চরমসীমা পৌঁছান, Reach the

Height of folly—মূর্খতার একশেষ।

In the height of fever—জ্বরের প্রাবল্য।

Heighten, hitn, *v t.* উন্নত-কৃ, উৎকর্ষ-কৃ, বৃদ্ধি-কৃ, To advance or improve, intensify —উজ্জ্বল বা দৃষ্টিগোচর-কৃ, To make brighten or more prominent *Syn*:—Elevate, exalt, raise, increase, augment, enhance, aggravate.

Heinous, hānus, *a* [Fr *haineux*, from *haine*, hatred] ঘোর, নিদারুণ, উৎকট, অত্যন্ত ঘৃণিত, অতি ঘৃণ্য, Atrocious, enormous, hateful *n*=heinousness *Syn* —Excessive, aggravated, monstrous, enormous, flagrant, flagitious, nefarious

Heir, ār, *n.* [L *heres*, an heir] উত্তরাধিকারী, One who is to succeed another. *n*=heirdom, heirship *feg*=heiress

Heir to—কোন কিছুর উত্তরাধিকারী, Successor to

Heir-apperent, ār-ap-pār'ent, *n.* ভাবী উত্তরাধিকারী, নির্বিরোধ উত্তরাধিকারী, One whose right to an estate is indefeasible, if he survives the person in possession

Heir-at-law—উত্তরাধিকারী, One who after the death of an ancestor or relation has a right to inherit all his intestate estates. [inheritance.

Heirdom, *n.* উত্তরাধিকারী সত্ব, Succession by

Heiress, *n.* উত্তরাধিকারিণী, A female heir.

Heirless, ār'les, *a.* উত্তরাধিকারিহীন Destitute of an heir.

Heir-loom, ār'lōōm, *a.* কোন অস্থাবর সম্পত্তি যাহা কুলক্রমাগত এক বংশের অধিকারে থাকে, উত্তরাধিকারীর প্রাপ্ত অস্থাবর সম্পত্তি, Any movable which descends to the heir with the freehold; any piece of furniture or personal property which descends to the heir along with the inheritance.

Heir-presumptive, ār-pre-zump'-tiv, *a.* যে ব্যক্তি একণে উত্তরাধিকারী, কিন্তু যাহার উত্তরাধিকারী সত্ব সন্তান জন্মিলে লোপ হইতে পারে, বিরোধ সম্ভাবনাবিশিষ্ট উত্তরাধিকারী, One who is heir at present, but who, would lose the heirship on the birth of a nearer relation, one who is presumed to be or would be *heir* if no nearer relative should be born.

Hejira—See *Hegira*.

Held, *p t.* and *p. p.* of Hold [beauty.

Helen, *n* সৌন্দর্যের আদর্শ. The type of the female

Heleotrope, hē'li-o-trōp, *n* [Gr. *helios*, the sun, *tropos* a turn] সূর্যমুখী গাছ, A plant whose flowers are said always to turn round to the sun —প্রস্তর বিশেষ, A variety of chalcedony of a dark green colour —সূর্য কিরণ দ্বারা দূরে সঙ্কেত দিবার যন্ত্র, An instument for making signals by means of the sun's rays

Heliac, Heliahcal, hēli-ak, he-li'ak-al, *a* [Gr. *helios*, the sun] সৌর, সূর্যকিরণ হইতে বহির্গামী বা তাহাতে পতনশীল Pertaining to the sun, emerging from or passing into the light of the sun —সূর্যের সঙ্গে উত্থিত বা অস্তমিত, সূর্যাসহ বা তৎসময়কালে উদয়াস্ত গমনশীল Rising or setting at or near the same time as the sun. *ad*—heliacally

Helical, helik-al, *a* জড়ান কুণ্ডলাকারে বক্র; Spiral *ad*=helically

Heliocentric, hē-li-o-sen'trik, **Heliocentrical,** hē-li o-sen'trik-al, *a* [Gr *helios*, the sun, *kentron*, the centre] সৌর কেন্দ্র হইতে দৃশ্যমান, Appearing to be seen from the sun's centre. *ad*= heliocentrically.

Heliograph, hē'li-o-graf, *n.* সূর্যকিরণ সাহায্যে বহুদূরে বার্ত্তা পাঠাইবার যন্ত্র, An apparatus for telegraphing by means of the sun's rays

Heliography, hē-li-og'ra-fi *n.* [Gr *helios*, the sun, and *graphe* a painting] সূর্যকিরণ-সাহায্যে প্রতিমূর্তি লিখন বা সাংকেতিক-বার্ত্তা-প্রেরণ বিদ্যা, The act of taking pictures by means of the sun and a camera obscura, the art of signalling by means of the sun's rays —আলোক লেখ্য, Photography *a*=heliographical *n*—heliographer.

Heliolater, hē-li-ol'a-tér, *n* সূর্যোপাসক, A worship of the sun [সনা, Worship of the sun.

Heliolatry, hē-li-ol'a-tri, *n* সূর্যপূজা, সূর্যোপা-

Heliometer, hē-li-om'e-tér, *n.* [Gr *helios*, the sun, *metron*, a measure] গ্রহাদির ব্যাস ও ব্যবধান পরিমাপক যন্ত্র, An instrument of measure to ascertain the apparent diameter of the sun or other heavenly body.

Helioscope, hē'li-o-skōp, *n* [Gr *helios*, the sun, *skopeo*, to look] সূর্য্য দেখিবার দূরবীক্ষণ, Teliscope for the sun.

Heliostat, hē'li-o-stat, *n* [Gr. *helios*, the sun, *statos*, fixed] একভাবে সূর্যকিরণ-প্রতিফলন যন্ত্র, An

instrument by which a sunbeam may be reflected in an invariable direction.

Helispheric, hel-i-sfer'ik, **Helispherical,** hel-i-sfer'ik-al, *a.* কুণ্ডলাকারে বক্র, Winding spirally round a sphere.

Helix, he'liks, *n* [Gr *helisso*, to turn round] জড়ান তার, কুণ্ডলাকার রেখা বা তার, A spiral line, as of wire in a circle —শম্বুকের খোলা, শঙ্খ, Shell of a snail —কর্ণের বহির্ভাগ কর্ণের বহিঃপ্রান্ত, The external part of the ear *pl*=helices

Hell, hel, *n* নরক, প্রেতভূমি, The abode of the dead, the place or state of punishment of the wicked after death, the abode of evil spirits —দুঃখ বা পাপের স্থান, পাপভূমি, Any place of vice or misery —দ্যূতগৃহ, জুয়াখেলার স্থান, A gambling-house —কারাগার, A dungeon or prison

Hellebore, hele-bōr, *n* লতাবিশেষ, উদ্ভিদবিশেষ, A poisonous plant used in medicine.

Hellenian, hel-lē'ni-an, *a* গ্রীসীয়, Pertaining to the Hellenes or Greeks, Greek Grecian

Hellenic, hel-len'ik, *a* গ্রীকসম্বন্ধীয়, Pertaining to the Hellenese or Greeks, Grecian

Hellenise, helen-iz *v. i* গ্রীকভাষা ব্যবহার কৃ, গ্রীক বলা To use the Greek language

Hellenism, helen-izm *n* গ্রীক বাক্য প্রয়োগ, গ্রীকভাষার রীতি, A Greek idiom

Hellenist, helen-ist, *a* গ্রীকভাষাজ্ঞ, যে ইহুদী গ্রীকভাষা নিজের মাতৃভাষারূপে ব্যবহার করে, One skilled in the Greek language, a Jew who used the Greek language, as his mother tongue —গ্রীসবাসী A Grecian

Hellenistic, hel en-istik **Hellenistical,** hel-en-isti-kal *a.* গ্রীকভাষী ইহুদীসম্বন্ধীয়, Pertaining to the Hellenists *ad*=hellenistically.

Hell-hound, hel'hownd, *n* নরকের কুকুর, নারকীয় কুকুর A dog of hell —নরকের দূত, পাপী, নারকী, An agent of hell, miscreant

Hellish, hel'ish *a* নরকসম্বন্ধীয় বা নরকের উপযুক্ত, নারকীয় নরকতুল্য, Pertaining to or fit for hell, infernal —অতি পাপী পামর Very wicked *n*=hellishness *Syn* —Infernal, fiendish diabolical, devilish, detestable abominable, malignant, extremely wicked.

Helm, helm, *n* [A S *helma*, *healma*, rudder] কর্ণ, জাহাজের হাল, A vessel's steering apparatus *esp* the tiller —চালাইবার স্থান, নেতৃপদ, The station of management or government *Syn* —Rudder, tiller, direction, control, command, helmet, morion

Helm, helm, **Helmet,** hel'met, *n.* মস্তক রক্ষণী, শিরস্ত্রাণ, A defensive covering for the head, head-piece —পুষ্পবিশেষের চূড়াকৃতি উদ্ভিদদল, The hood-formed upper sepal of certain flowers

Take the helm—কর্ণধার-হ Assume the direction of affairs or government

Helmed, helmd, **Helmeted,** hel'met-ed, *a.* শিরস্ত্রাণ সংবলিত, Furnished with a helmet.

Helmet, hel'met, *n* মস্তক-রক্ষণী, শিরস্ত্রাণ, Defensive armour for the head. *Syn* .—Head-piece, morion, casque.

Helminthic, hel-min'thik, *a.* [Gr *helminthos*, a worm] কৃমি-সম্বন্ধীয়, কৃমিনাশক, কীটনিবারক, Pertaining or relating to worms, expelling worms .—*n* কৃমিনাশক ঔষধ, A medicine for expelling worms

Helminthoid, helmin-thoid, *a* কীটাকৃতি, Worm-shaped.

Helminthology, hel-min-tholo-ji, *n* [Gr *helminthos*, a worm, and *logos*, a discourse] কীটতত্ত্ব, কৃমিবিষয়ক বিজ্ঞান, The science or natural history of worms *a*=helminthological *n*=helminthologist

Helmsman, helz'man, *n* মাঝি, কর্ণধার, Steers-man, the man at the helm.

Helot, he'lot, *n.* ক্রীতদাস, A slave in ancient Sparta

Helotism, he'lot-izm, *n* ক্রীতদাসের অবস্থা, দাসত্ব, State of a slave, slavery.

Helotry, he'lot-ri, *n.* ক্রীতদাস-দল, দাসশ্রেণী; The collective body of the helots, any class of slaves

Help, help, *v. t* [A S *helpan*] সাহায্য-কৃ, সহায়তা কৃ, To assist, to support, to aid —প্রতিবিধান-কৃ, নিবারণ-কৃ, To remedy, to prevent. —*v i* সাহায্য-দে, সহায় হওয়া, যোগ-দে, To lend aid or assistance, to contribute —*n* সাহায্য, Assistance aid, relief —সহায়, One who helps —দাস বা দাসী, A hired man or woman. *Syn* —(*v*) Succour, second, back, cure, heal, relieve, hinder, resist, withstand, avoid, forbear, promote, forward, co-operate in. (*n*) Succour, support, remedy, helper assistant.

Cannot help—না করিয়া থাকিতে পারা যায় না, Doing it.

Cannot help it—নাচার (যা হবার তা হয়েছে, এখন আর তার চারা নাই), There is no remedy

Help forward—সহায়তা-কৃ, Advance by assistance, promote by aid

Help off—সাহায্য দ্বারা দূর-কৃ, Remove by help

Help on—সহায়তা-কৃ, সহায়তা দ্বারা উৎকর্ষ সাধন-কৃ; Forward by aid

Help (one) in—কোন বিষয়ে কাহারও সহায়তা-কৃ; Render one some services in any matter

Help oneself to—আত্মসাৎ কৃ, Appropriate to one's own use (what does not belong to one).

Help out—কষ্ট হইতে উদ্ধার কৃ, বিপদ হইতে পরিত্রাণ জন্য সাহায্য-কৃ, Aid in delivering from difficulty or completing a design

Help out one's maintenance—জীবিকা নির্ব্বাহের প্রয়োজনীয় দ্রব্য উপার্জ্জন কৃ, Earn the necessaries of life

Help over—অতিক্রম করিতে সাহায্য-কৃ, অতিক্রমণে পারক-কৃ, Enable to surmount

Help to—যোগান, সংযোজিত কৃ, Supply with, furnish with

Help up—ধারণ-কৃ, To sustain —উঠিতে সাহায্য-কৃ, উত্থানে সহায়তা-কৃ, To assist in rising, as after a fall and like

Helper, help'er, *n* সাহায্যকারী, সহায়, One who helps, an assistant.

Helpful, help'fool, *a* উপকারী, সাহায্যকারী, স্বাস্থ্যকর, কর্ম্মণ্য, Furnishing help, useful, wholesome. *n*=helpfulness

Helpless, help'les, *a.* সাহায্যবিহীন, নিঃসহায়; নিরবলম্বন, Wanting assistance, destitute of help or power *n*=helplessness, *ad*=helplessly *Syn* —Feeble, weak, powerless, imbecile, impotent, abandoned, exposed, defenceless, unprotected, unavailing, beyond help.

Help-mate, -meet, help'mat, *n.* [From *help*, and *meet*, fit, proper] সাহায্যকারী, সহকারী, An assistant, a companion —সহধর্মিণী, A partner, a wife *Syn* —Helper, companion, consort

Helter-skelter, helter-skelter, *ad.* তাড়াতাড়ি ও গোলমাল করিয়া; ব্যস্তসমস্ত হইয়া, দিক্‌বিদিক্ জ্ঞানশূন্য ভাবে; In hurry and confusion.

Helve, helv, *n.* কুড়ালির বাঁট, হাতল, The handle of an axe or hatchet, a handle —*v. t.* (কুড়ালির) বাঁট দেওয়া, To furnish with a handle, as an axe

Helvetic, hel-vet'ik, *a.* সুইজর্লণ্ড সম্বন্ধীয়, Pertaining to Switzerland

Hem, hem, *n* [A S *hem*] পাড়, সেলাই করা বস্ত্রপ্রান্ত (মুড়ি), প্রান্তভাগ, Border of a garment, edge —কাশি, A sort of half cough to draw attention —*v t* মুড়িসেলাই-কৃ, To edge, form hem on. *Syn* —Tuck fringe edge margin (*v*) Border, skirt confine surround, inclose

Hem, hem, *int* হুম ইত্যাকার শব্দ, An utterance of half cough to attract attention —*v i* হুম ইত্যাকার শব্দ-কৃ, কাসা, কথা কহিবার সময় সঙ্কুচিত-হ, To utter the sound *hem*, to hesitate in speaking

Hem in or round—বেষ্টন কৃ, চারিদিকে বেষ্টন কৃ Surround, inclose so as to prevent egress or ingress

Hem out—প্রতিরুদ্ধ-কৃ, Shut out.

Hem stitch, *v t* শিলাই-কৃ, To ornament at the head of a hem by drawing out a few parellel threads in clusters.

Hemal, Hæmal, he'mal, *a* [Gr. *haima*, blood] রক্তসম্বন্ধীয়, শোণিত সম্বন্ধীয়, Relating to the blood or blood-vessels.

Hematemesis, *n.* রক্তবমন, Blood-spitting.

Hematine, hem'a-tin, *n* [Gr *haima*, blood] শোণিতের লোহিতবর্ণজনক পদার্থ, The colouring matter of the blood

Hematite, hem'a-tit, *n* [Gr *haima*, blood] লোহের খনি, আকরিক লৌহবিশেষ, Ore of iron, an important ore of iron, sometimes of a reddish-brown colour *a*=hematitic

Hemicrania, *n* মাথা ধরা, আধ কপালে, Pain of one side of head

Hemiplegia, *n.* শরীরের অর্দ্ধাংশে পক্ষাঘাত, A palsy that affects one side only of the body

Hemipter, hem-ip'ter, *n* পতঙ্গ বিশেষ, One of that order of insects, which has four wings, the two anterior of which are scarcely perceptible

Hemisphere, hem'i-sfer, *n* [Gr. *hemi*, half, and *sphaira*, a sphere] অর্দ্ধগোলক, ভূগোলের অর্দ্ধভাগ, গোলকার্দ্ধের মানচিত্র. Half of the globe or a map of it. *a*=hemispheric, hemispherical.

Hemispheric, hem-i-sfer'ik, **Hemispherical,** hemi-sfer'ik al, *a* অর্দ্ধগোলক বা তাহার মানচিত্র সম্বন্ধীয়, Relating to a *hemisphere*.

Hemistich, hem'i-stik, *n* [Gr *hemi*, half, *stichos*, a line] অর্দ্ধ শ্লোক, অসমাপ্ত পদ্য-পঙক্তি Half of a poetic verse, an incomplete poetic verse. *a*=hemistichal

Hemistichal, he-mis'tik-al, *a.* অর্দ্ধ শ্লোক রচিত, Relating to or written in *hemistichs*

Hemlock, hem'lok, *n.* বিষবৃক্ষ বিশেষ, বিষাক্ত উদ্ভিদ্ বিশেষ, A poisonous plant.

Hemoptysis, *n* রক্ত বমন, Spitting of blood

Hemorrhage, hem'or-āj, *n* [Gr *haima*, blood, *rhegnymi*, to burst] রক্তস্রাব, Any discharge of blood. *a*=hemorrhagic.

Hemorrhoids, hem'or-oidz, *n pl* [Gr *haima*, blood, and *rheo*, to flow] অর্শ, Piles, livid and painful tuberches around the margin of or with in the anus, from which blood is occasionally discharged. *a*=hemorrhoidal.

Hemp, hemp, *n* শণ, পাট, সিদ্ধি, গাঁজা, A plant whose fibrous bark is used for cloth, fibre of a plant, a rope *a*=hempen (শণ দ্বারা নির্ম্মিত, Made of hemp) [hemp

Hempen, hemp'en *a* শণ নির্ম্মিত, Made of

Hempy, hemp'i, *a* শণের ন্যায়, Like hemp

Hen, hen, *n* কুক্কুটী, মুরগী, The female or any domestic fowl *mas*=cock

Henbane, hen'bān, *n* ঔষধে আফিমের পরিবর্ত্তে ব্যবহৃত তীব্রগন্ধ উদ্ভিদ বিশেষ, বিষবৃক্ষ, The stinking nightshade, used in medicine as a substitute for opium, and so named because it is bane or poisonous to domestic fowls a poisonous plant

Hence, hens, *ad* এই স্থান হইতে, এই সময় হইতে, এই কারণ হইতে, From this place, from here, from this time, from this cause —*int.* দূর হও, চলিয়া যাও, Away ! begone !

Hence forth, hens forth **Hence forward,** hens-for'ward, *a* এই সময় হইতে, এখন হইতে আরম্ভ করিয়া, From this time forth or forward

Henchman, hensh'man, *n* দাস, চাকর, সহচর, A servant, a page, a supporter

Hencoop, hen'kōōp, *n* গৃহপালিত পক্ষীর পিঞ্জর, খাঁচা, Cage for poultry.

Hendecagon, hen-dek'a-gon, *n* [Gr *hendeka* eleven, *gonia*, an angle] একাদশভুজ ক্ষেত্র, A plane figure of eleven angles and as many sides

Hendecasyllable, hen-deka-sila-bl, *n* [Gr *hendeka*, eleven, and *syllale*, a syllable] একাদশাক্ষর ছন্দ A metrical line of eleven syllables *a*=hendecasyllabic

Hendiadys, hen di'a-dis, *n* দুইটী শব্দ বা বাক্য দ্বারা একার্থক প্রতিপাদক অলঙ্কার বিশেষ, A figure in which the same idea is presented in two words or phrases

Hen-harrier, hen-har'i-er, *n.* বাজপক্ষী; শ্যেনবিশেষ, A species of falcon

Henhearted, *a* ভীরু, Cowardly, timid

Henna, hen'a *n* [Ar *hinna*, a kind of colouring shrub] উদ্ভিদ্ বিশেষ হইতে প্রস্তুত রঞ্জন, A pigment used by the Egyptians and Asiatics for dying their nails and hair.

Henpecked, hen'pekt, *a* স্ত্রৈণ, Governed by a wife or woman, weakly subject to one's wife

Henroost, *n* কুক্কুটের বাসা, Perch on which poultry roost at night [rose.

Hep, hep, *n* ফল বিশেষ, The fruit of the dog-

Hepatic, hep-at'ik, **Hepatical,** hep-at'ik-al, *a* [Gr *hepatos* liver] যকৃৎ-ঘটিত, যকৃতের ন্যায় বর্ণবিশিষ্ট, যকৃত সম্বন্ধীয়, Pertaining to the liver.

Hepatitis, hep-a-ti'tis, *n* যকৃতের প্রদাহ, Inflamation of the liver

Hepatoscoy, *n.* জন্তর যকৃত দেখিয়া গণনা করা বা

যকৃতের কৌতুক, The act or art of divination by inspecting the liver of animals.

Heptade, hep'tad, *n.* [Gr. *hepta*, seven] সপ্ত; সাত, The sum or number of seven.

Heptaglot, hep'ta-glot, *n* [Gr. *hepta*, seven, and *glotta* language] সপ্ত ভাষায় লিখিত পুস্তক, A book in seven languages —*a.* সপ্ত ভাষায় লিখিত, In seven languages.

Heptagon, hep'ta-gon, *n.* [Gr *hepta*, seven, *gonia*, an angle] সপ্তভুজ, সপ্তভুজ সরল বৈখিক ক্ষেত্র, A plane figure with seven angles and sides *a*= heptagonal (seven-sided).

Heptahedron, hep-ta-hē'dron, *n* [Gr. *hepta*, seven, *hedra*, a base] সপ্তভূমি ঘনক্ষেত্র, A solid figure with seven bases or sides.

Heptarchy, hep'tár-ki, *n* [Gr *hepta*, seven, and *arche*, sovereignty] সপ্ত শাসন, সপ্তজন দ্বারা রাজ্যশাসন বা শাসিত রাজ্য, Government of seven persons or commonwealth, the seven English commonwealth in Britain. *a*= heptarchic.

Her, hėr, *pron.* তাঁহাকে, সেই স্ত্রীলোকের, তাঁহার, Objective and possessive case of *she* —*a* কোন স্ত্রীলোকের, Belonging to a female.

Herald, her'ald, *n.* [Gr *herold*, from *hari*, army] অগ্রগামী দূত, প্রচারক, ঘোষক, Forerunner, proclaimer, harbinger —কুলজী-রক্ষক, ঘোষক, An officer for keeping genealogies and for making proclamations; a proclaimer —*v t* ঘোষণা কৃ, To proclaim

Heraldic, her-al'dik, *a.* কুলজী-সম্বন্ধীয়, Of or relating to heralds or heraldry.

Heraldry, her'ald-ri, *n* কুল-চিহ্ন বিদ্যা, দৌত্য, কুলজী লিখন, The art or office of a herald; science of recording genealogies and blazoning coats of arms [*a*=herblest

Herb, hėrb, *n* শাক, ঔষধি, Plant, vegetable

Herbaceous, hėr-bā'shus, *a.* [L. *herbaceus*] শাকসম্বন্ধীয়, শাকজাতীয়, ঔষধিজাতীয়, Pertaining to or of the nature of herbs

Herbage, herbāj or ėrbāj, *n.* শাক-তৃণাদি উদ্ভিদ, সমগ্র ঔষধিজাতি, পশাদির ভক্ষ্য তৃণাদি, Herbs collectively, green food for cattle, grass —চারণ, মাঠ; Pasture

Herbal, hėrbal, *a.* শাকসম্বন্ধীয়, ঔষধি তরুলতা সম্বন্ধীয়; Pertaining to herbs.—*n* উদ্ভিদ-বিবরণ সম্বলিত পুস্তক, লতার বিবরণ সম্বন্ধীয় পুস্তক, A book containing a classification and description of plants —শুষ্ক লতার সংগ্রহ, যত্নে রক্ষিত বৃক্ষলতাদি, A collection of dried plants

Herbalism, hėrbal-izm, *n* ঔষধিতত্ত্ব; The knowledge of herbs

Herbalist, hėrbal-ist, *n* উদ্ভিদ বিষয়জ্ঞ; উদ্ভিদতত্ত্বজ্ঞ One skilled in plants, dealer in herbs

Herbarium, hėr-bā'ri-um, *n.* ঔষধিশালা, শুষ্ক তরুলতা সংগ্রহ, A classified collection of preserved herbs or plants, a garden of herb. *pl* =herbariums, herbaria

Herbescent. hėr-bes'ent, *a* উদ্ভিজ্জাতীয় প্রাপ্তিশীল, Growing into herbs, becoming herbaceous

Herbivorous, hėr biv'or-us, *a* [L *herva*, and *voro*, to devour] তৃণজীবী, তৃণাদিভোজী, Eating or living on herbs.

Herborisation, hėrb-or-i-zā'shun, *n.* বৃক্ষলতাদির অন্বেষণ, আকরিক পদার্থে তরু-লতাদির আকৃতি; The act of searching for plants, the figure of plants in mineral substances

Herborise, hė'bo-rīz, *v.i* নূতন উদ্ভিদের অনুসন্ধান-কৃ, লতাপাতা অনুসন্ধান-কৃ, To search for plants; to botanise, to search for plants or seek for new species —*v. t* (আকরিক পদার্থাদিতে) বৃক্ষলতাদির আকার গঠিত-কৃ, To form the figures of plants in, as in minerals *n*=herborisation.

Herculean, her-kū'lē-an, *a.* [L *Herculeus*] অতি কঠিন, অতি বলবান, অতি বৃহৎ, আসুরিক, Extremely difficult or dangerous, having extraordinary strength, size. *Syn* —Toilsome, laborious, operose, colossal, huge, gigantic, cyclopean, powerful, vigorous, brawny, athletic, *muscular, massive*

Follow one to the pillars of Hercules—পৃথিবীর শেষ পর্য্যন্ত কাহার সঙ্গে যাওয়া, To follow one to the ends of the earth.

Hercule's club—ভীমের গদা; A stick of unusual size and formidable appearance.

Hercule's pillars—The rocks on the African coast of Gibralter

Herd, herd, [A S. *heord*, Gr *herde*] যূথ; পশুপাল, Flock —দল, (ইতর লোকের) জনতা, নীচ লোক; Crowd, rabble —রাখাল, One who tends cattle. —*v. i.* দল বাঁধিয়া দৌড়ান, পালে পালে গমন-কৃ, To run in herds —একত্রিত-হ, দলে মিশা, To unite in a company by custom or inclination —*v t.* দলবদ্ধ-কৃ, To form or put in herd.—পশুপালন-কৃ; To tend as a herdsman. *Syn* .—(*n*) Drove; rabble, herdsman, shepherd.

Herdman, hėrdman, **Herdsman,** hėrdz̄man, *n.* রাখাল, *A man employed to tend cattle*

Here, hēr, *ad* এখানে, In this place —এ জীবনে, বর্ত্তমান অবস্থায়, ইহলোক, In the present life or state.

Hereabout, hēr-a-bowt, **Hereabouts,** —a-bowts, *ad.* এই স্থানের নিকটে, ইহার নিকটে, এই অঞ্চলে, About or near this place, about this place, in this neighbourhood

Hereafter, hēr aft'ėr, *ad* ভবিষ্যতে, পরকালে, পরে; In time to come, in some future state, after this —*n* পরকাল, ভাবী অবস্থা, A future existence, a future state.

Here and there—ইতস্ততঃ, এখানে কিছু সেখানে কিছু, এখানে সেখানে, In this and in that place, in one place and in another, lying in a dispersed manner :—কোন কোন স্থলে, In a very few cases. —যেখানে সেখানে, At random —বিরল, ফাঁক ফাঁক, আলুথালু, Thinly, irregularly

Hereat, *ad* ইহার জন্য; At or by reason of this.

Hereby, hēr-bi, *ad* এতদ্দ্বারা, By means of this; by this.

Herein, hēr in, *ad.* ইহাতে, In this. [of this.

Herein after—এই পর্য্যন্ত, In the following part

Herein to—ইহাতে, Into this

Hereof, hėr of', *ad* ইহা হইতে, এতৎসম্বন্ধে, Of this concerning or from this.

Hereditable, he-red'it-a-bl, *a* উত্তরাধিকারসূত্রে প্রাপ্য, Capable of being inherited.

Hereditament, her-e-dita-ment *n* উত্তরাধিকারস্বত্বে প্রাপ্য সর্ব্বপ্রকার সম্পত্তি, উত্তরাধিকারী. Any property of whatever kind that may be inherited, any species of property that may be inherited

Hereditary, he-rede-tar-e, *a* [F *hereditaire*, from L. *haeres*, heir] পৈতৃক, উত্তরাধিকারে ক্রমে প্রাপ্ত, বংশপরম্পরায় আগত, উত্তরাধিকারস্বত্বে প্রাপ্য, Transmitted from parents to their offspring *Syn* —Ancestral, patrimonial, transmitted, inherited, inheritable.

Heredity, he-redi-ti, *n.* বংশপরম্পরাগত গুণ, কৌলিক গুণাধিকার, The hereditary transmission of qualities or even acquirements

Heresiarch, her'e-si-ark, *n* প্রচলিত ধর্ম্মমতের বিরুদ্ধবাদিগণের নেতা, Chief in heresay, a leader among heretics

Heresy, her'e-se, *n* [Gr *hairesis*, a taking, a sect] স্থাপিত ধর্ম্মের বিরোধী মত, প্রচলিত ধর্ম্মমতের বিরুদ্ধবাদ, Heterodoxy, opinion not in accordance with the christian church *Syn* —false opinion, unsound doctrine

Heretic, her'e-tik, *n* ধর্ম্মবিরোধী, চলিত ধর্ম্মের বিরুদ্ধবাদী. One who holds heresis, the upholder of a heresy. *a*=heretical *ad*=heretically *Syn* —Schismatic, sectarian, sectary, dissenter, nonconformist

Hereto—এই পর্য্যন্ত, To this.

Heretofore, her-too-for', *ad* ইতিপূর্ব্বে ইতঃপূর্ব্বে, আগে, Before this time, formerly *Syn* —Previously, antecedently

Hereunto, her-un too', *ad* এই কাল পর্য্যন্ত, এ পর্য্যন্ত, To this point or time

Hereupon, her-up-on, *ad* ইহার জন্য, ইহাতে, এই কারণে, On this, in consequence of this

Herewith, her-with, *ad.* ইহা সহ, এতৎসহকারে With this

Neither here nor there—তাতে কিছু আইসে যায় না, সে কথায় এখন কাজ নাই, সে কিছুই নহে, No matter of no consequence

Heriot, her'i-ot, *n* (ইংলণ্ডে) প্রজার মৃত্যুতে ভূস্বামীকে দেয় কর, An ancient tribute of munitions of war given to the lord of the manor, a duty paid to the lord of the fee on the decease of a tenant.

Heritable, her'it-abl, *a* উত্তরাধিকার-যোগ্য, উত্তরাধিকারসূত্রে প্রাপ্য, That may be inherited

Heritable property—স্থাবর সম্পত্তি, Real property as opposed to movable property

Heritage, her it aj, *n* পৈতৃক বিষয়, উত্তরাধিকারস্বত্বে প্রাপ্ত সম্পত্তি That which is inherited inheritance *Syn* —Patrimony portion estate

Heritor, her'it-or, *n* কোন এক গির্জ্জার অধিকারস্থ জমির ভূস্বামী, উত্তরাধিকারী A landholder in a parish in Scotland, heir, land-owner

Hermaphrodism, her-maf'rod-izm, **Hermaphroditism,** her-maf'rod-it-izm, *n* একাধারে স্ত্রীত্ব ও পুংভাবের সমাবেশ, The union of the two sexes in one individual

Hermaphrodite, her-maf'rod-it, *n* একাধারে পুং ও স্ত্রী-লক্ষণযুক্ত প্রাণী, উদ্ভিদ বা মানব, নপুংসক, An animal or plant of the both sexes :—দ্বিলিঙ্গ, স্ত্রী ও পুংজাতির উভয়বিধ চিহ্ন বিশিষ্ট, Uniting the distinctions of both sexes.

Hermaphroditic, her-maf-rod-itik, **Hermaphroditical,** *a* পুংস্ত্রী উভয় জাতির ভাব বিশিষ্ট, দ্বিলিঙ্গ, Partaking of both sexes

Hermeneutic, her-me-nu'tik, **Hermeneutical,** her-me-nu'tik-al, *a* [Gr *hermeneus*, an interpreter] ব্যাখ্যাকারী, Explanatory, interpreting *ad*=hermeneutically

Hermeneutics, *n* *sing* ব্যাখ্যা বিজ্ঞান, The science of interpretation, especially of the scriptures

Hermes, *n* The Greek name of Mercury.

Hermetic, her-metik, **Hermetical,** her-met'ik-al, *a* রাসায়নিক, ঐন্দ্রজালিক, Chemical, magical —গোপনীয়, বদ্ধ, সম্পূর্ণরূপে আবদ্ধ, Secret, completely closed *ad*=hermetically [schemy

Hermetic art, *n.* অপরসায়ন বিদ্যা, The art of

Hermetically sealed—সম্পূর্ণরূপে বদ্ধ; (কাচপাত্রাদির মুখ আগুনে গলাইয়া) সম্পূর্ণরূপে আবদ্ধ, Closed completely as a bottle, against the admission of air or any fluid closed completely, said of a vessel, the opening of which is closed by fising the extremity

Hermit, her'mit, *n* [G *eremites* from *eremos*, lonely] তাপস যতি, বনবাসী, সন্ন্যাসী, উদাসীন, One who retires from the world and lives in contemplation recluse, anchoret *Syn* —A solitary, ascetic

Hermitage, her'mit-aj *n* তপস্বীর আশ্রম, সন্ন্যাসীর আশ্রম নিভৃত বাসস্থান Abode of a hermit, a retired residence —মদ্য বিশেষ, A French wine

Hern, hern, Same as Heron

Hernia, her'ni-a, *n* অন্ত্রবৃদ্ধি রোগ বিশেষ, A protruding rupture, a rupture, particularly that of the abdomen. *a*=hernial

Strongulated hernia—Irreducible protrusion with constriction of an intestine

Majesty, maj'es-te, *n.* [L. *majestas*, *magnus*, great] মহত্ব ; মহিমা ; মর্য্যাদা ; উচ্চচালচলন ; Dignity ; grandeur ; elevation of mannar :—রাজপদবী ; রাজা বা রাজ্ঞীর সম্মানসূচক উপাধি ; A title of kings and other sovereigns :—উচ্চ অঙ্গের বাক্যপ্রয়োগ প্রণালী ; Loftiness of style. *Syn* :—Stateliness, augustness.

Her Majesty—মহারাজ্ঞী ; দেবী ; ভগবতী ।

His Majesty—মহারাজা ; ভগবান ; দেব ।

Your Majesty—দেব ; রাজন্ ; মহারাজন্ ।

Majolica, *n.* চিত্রিত মৃৎপাত্র বিশেষ ; A kind of painted earthen ware.

Major, ma'jur, *a.* অধিকতর ; বৃহত্তর ; অত্যাবশ্যক ; গুরুতর ; Greater ; more important :—*n.* সেনানি বিশেষ ; Field-officer above a captain :—বয়ঃপ্রাপ্ত লোক ; প্রাপ্তবয়স্ক (সাবালক) লোক ; Person of a full age :—পূর্ব্বপক্ষ ; First proposition of a syllogism.

Majorate, mā'jur-āt, **Majorship,** mā'jurship, *n.* মেজরের পদ বা কার্য্য ; The office or rank of major ; majority.

Major-domo, mā'jur-dō'me, *n.* [L. *major*, greater, and *domus*, a house] বাটীর প্রধান তত্ত্বাবধায়ক ; দেওয়ান ; প্রধান মন্ত্রী ; House steward ; chief minister.

Major-general, ma'jur-jen̆eral, *n.* সেনা বিশেষ ; An officer next to a lieutenant general in some armies.

Majority, ma-jor'e-te, *a.* [L. *majoritas*, from *major*, greater] অধিকাংশ ; অধিক সংখ্যা ; The greater number :—পূর্ণ বয়স ; প্রাপ্তবয়স্কতা ; সাবালকত্ব ; Full age :—মেজরের পদ বা কার্য্য ; The office or rank of major. *Syn* :—Plurality, more than half ; manhood.

To attain majority—বয়ঃপ্রাপ্ত-হ ।

Make, māk, *v. t.* সৃষ্টি-কৃ ; গঠন-কৃ ; Create ; to cause to exist ; to frame :—প্রস্তুত-কৃ ; নির্ম্মাণ-কৃ ; Form :—উৎপাদন-কৃ ; উৎপন্ন-কৃ ; Produce :—নির্ব্বাহ-কৃ ; সম্পাদন-কৃ ; সংসাধন-কৃ ; Perform ; execute ; do :—বাধ্য-কৃ ; Force , constrain ; compel :—উপনীত-হ ; উপস্থিত-হ ; Reach :—উপার্জ্জন-কৃ ; প্রাপ্ত-হ ; Gain :—প্রস্তুত-কৃ ; Prepare :—অবস্থাবিশেষে আনয়ন-কৃ ; To bring into any state or condition :—সংঘটন-কৃ , To occasion :—পরিণত-কৃ ; To turn :—স্থাপন-কৃ ; প্রতিষ্ঠিত-কৃ ; Establish :—প্রস্তুত-কৃ ; Prepare :—নিশ্চয়-কৃ ; নিরূপণ-কৃ ; Ascertain :—নিয়োগ-কৃ ; Appoint :—রচনা-কৃ ; Compose :—*v. i.* গমন-কৃ · To tend , proceed ; to move :—সহায়তা-কৃ ; সাহায্য-কৃ ; To contribute ; have effect :—বৃদ্ধি-কৃ ; To increase ; augment ; accrue :—*n.* গঠন ; আকৃতি আকার ; Form or shape, as parts, ingredients or materials ; structure ; texture. *Syn* :—Frame, fashion, fabricate, construct ; effect ; constitute, compose ; enact, ordain, appoint ; acquire, secure ; represent, show ; tend to, conduce, contribute, operate.

Make a cat's paw of—একজনের মাথা খাইয়া নিজের কার্য্য উদ্ধার-কৃ ; পরের অনুপকার করিয়া নিজের কার্য্য সমাধা-কৃ ; Make a dupe or tool of another.

Make a clean breast of—সম্পূর্ণ স্বীকার-কৃ; To confess fully.
Make account—গণনা-কৃ; Reckon.
Make account of—বিবেচনা-কৃ; জ্ঞান-কৃ; Esteem.
Make a clean sweep—একবারে নষ্ট-কৃ; To move or destroy entirely.
Make a conscience of or a matter of conscience—বিবেকের আদেশানুসারে কার্য্য-কৃ; বিবেকের মত কর্ম্ম-কৃ; To act according to the dictates of conscience, or to scruple to act contrary to its dictates.
Make a fool of—হাস্যাস্পদ-কৃ; ঘৃণাস্পদ-কৃ; To cause to appear ridiculous.
Make a fortune—সম্পত্তি করিয়া লওয়া; বড় মানুষ-হ; Become wealthy.
Make after—পিছু পিছু যাওয়া; Follow; go after.
Make a man of—মানুষ-কৃ; Develop manly qualities.
Make a man of one—মানুষের মত করিয়া তোলা, রোজকারে খাইতে পারিবে এমন অবস্থায় তোলা, Raise one from an inferior position into an independent and prosperous condition so as to enable him to act in a manly way.
Make amends—ক্ষতিপূরণ-কৃ, Make good.
Make a mess of it—খিচুড়ি পাকাইয়া ফেলা; ভাল করিয়া করিতে না পারা, To bungle; to treat awkwardly; to manage clumsily; to create confusion or embarrassment and make matters worse.
Make a mountain of a mole hill—তিলকে তাল প্রমাণ-কৃ; To magnify trifles; to exaggerate difficulties or obstacles.
Make a name for oneself—নাম কেনা, Acquire fame or distinction.
Make an appointment—সাক্ষাতের সময় ও স্থান নিরূপণ-কৃ; Make an arrangement for a meeting.
Make an ass of one's self—মূর্খের ন্যায় কার্য্য-কৃ; নির্ব্বোধের মত কার্য্য-কৃ; Act in a foolish or stupid manner.
Make a remark—মন্তব্য প্রকাশ-কৃ; (কোন বিষয়) টোকা; Make a casual observation or comment.
Make as if—ভাণ-কৃ; ছল-কৃ; Pretend.
Make assurance doubly sure—নিশ্চয়-কৃ, ঠিক-কৃ; To render as certain as possible; to increase certainty or conviction.
Make at—বেগেধাবিত-হ; Rush at.
Make a virtue of necessity—To do, as graciously, as possible, something one is compelled to do.
Make away—দৌড়ান, Run off.
Make away with—বিনাশ-কৃ; সংহার-কৃ, নষ্ট-কৃ; Destroy; kill:—গোপনে তফাৎ কৃ; Take away surreptitiously:—বিনা অনুমতিতে আত্মসাৎ-কৃ; Transfer or appropriate to oneself without authority.
Make believe—ভাণ; কেবল ছলনা; প্রতারণা, Sham; a mere pretence:—*v.* ভাণ-কৃ; ছল-কৃ; To pretend.
Make bold—সাহস-কৃ; Presume; venture; take [liberty.
Make both ends meet—আয়ব্যয়ের সমতা রক্ষা-কৃ; ঋণগ্রস্ত না হইতে হয় এমন করিয়া চলা; Preserve a balance between income and expenditure so that the latter may not exceed the former; keep out of debt or insolvency.
Make by—উপার্জ্জন-কৃ; লাভ-কৃ; Gain through.
Make choice of—পছন্দ-কৃ; To choose.
Make common cause—বন্ধপরিকর-হ; Unite against a common enemy.
Make eyes at—চোক ঠারা; Ogle at.
Make for—অভিমুখে যাত্রা-কৃ; কোন দিক লক্ষ্য করিয়া যাওয়া; কোন দিকে যাওয়া; Proceed towards; move towards; rush or direct one's course towards, attempt.
Make free with—বিনা সঙ্কোচে ব্যবহার-কৃ; Treat [without ceremony.
Make game of—তামাসা-কৃ; বিদ্রূপ-কৃ; প্রতারণা-কৃ; চাতুরী-কৃ, To hoax, to impose on one's credibility.
Make good—ক্ষতিপূরণ-কৃ; To compensate:—To maintain; defend.
Make head against—জয়-কৃ; Overcome.
Make head way—কৃতকার্য্য-হ; সফল-হ; To progress, to succeed
Make light of—অগ্রাহ্য-কৃ, তুচ্ছজ্ঞান-কৃ; তৃণজ্ঞান-কৃ; Treat as of no consequence.
Make love—প্রণয়াকাঙ্ক্ষা-কৃ; Court:—আনন্দের সহিত ভোজনাদি-কৃ, Feast with mirth:—কোন বিষয় লইয়া কৌতুক বা আমোদ-কৃ: Amuse oneself, indulge in joking and laughter
Make merit of—কোন কিছুর দরুণ বাহাদুরি লওয়া; Take the credit of, take or claim credit for.
Make merry—হৃষ্ট-হ; Be jovial
Make mouths at—মুখভঙ্গী-কৃ; ভেঙ্গান; Distort the mouth; make faces at.
Make much of—অত্যন্ত যত্ন বা সমাদর-কৃ; Treat with fondness; treat one with great esteem or attention:—কাহার বিষয় বাড়াইয়া বলা; Speak a good deal in praise of one:—জাঁক-কৃ, Look upon as of great value:—অত্যুক্তি-কৃ; Exaggerate.
Make neither head nor tail of—বুঝিতে না পারা: To be unable to understand.
Make no difference—অভিন্ন-কৃ; To be a matter of indifference [have no doubt.
Make no doubt—সন্দেহ না-কৃ; নিঃসন্দেহ-কৃ; To
Make no secret of—প্রকাশ্যভাবে বলা, To declare openly. [no effect.
Make nothing for—কার্য্যকারী না-হ; To have
Make nothing of—সামান্য জ্ঞান করা; Trifle:—মাথামুণ্ডু কিছুই বুঝিতে না পারা, Understand nothing about:—বুঝিতে না পারা, Not to understand.
Make one's mark, Make a mark—খ্যাতি লাভ-কৃ; Distinguish oneself.
Make of—বুঝিতে পারা, To understand by:—উৎপন্ন-হ; ফললাভ-কৃ, To produce from; to effect:—বিবেচনা-কৃ, To consider:—জ্ঞান বা গণনা-কৃ; To esteem. [away.
Make off—পলায়ন-কৃ; সরিয়া পড়া; Escape; run
Make one's blood boil—ক্রুদ্ধ-কৃ; রাগান্বিত-কৃ; To provoke one. [কৃ; To terrify greatly.
Make one's hair stand on end—অতিশয় ভীত-
Make or create a sensation—হুজুক করা বা হুজুক লাগা; Make a noise by exciting the feelings or interest of others.
Make out—প্রমাণ-কৃ; সাব্যস্ত-কৃ; প্রতিপাদন-কৃ; To prove; establish:—জানিতে পারা; উপলব্ধি-কৃ;

বিকাশন-কৃ ; পরিষ্কাররূপে বুঝিতে পারা ; To make a clear understanding of ; learn ; discover ; understand clearly :—প্রস্তুত-কৃ ; Prepare ; make ready :—সংস্থান-কৃ ; To furnish :—কৃতকার্য্য-হ ; সফল-হ ; To succeed.

Make or mar—হয় উন্নতি না হয় সর্ব্বনাশ-কৃ ; হয় খুব ভাল না হয় খুব মন্দ-হ ; Raise or ruin ; cause one to thrive or fail.

Make over—হস্তান্তর-কৃ ; অন্যের হস্তে অর্পণ-কৃ ; To transfer (the title of) ; convey ; transfer something absolutely to another. [account.

Make political capital—সুবিধা-কৃ ; Turn to

Make sail—Increase the quantity of sail.

Make short work of or **with**—সংক্ষেপ-কৃ ; Do rapidly or in a short time ; make brief :—সংহার-কৃ ; নষ্ট-কৃ ; Make away with. [certain.

Make sure of—নিশ্চয়-কৃ ; Secure ; consider as

Make the most of—যতদূর হইতে পারে লাভ করিয়া লওয়া ; কিছু হইতে লাভ করিয়া লওয়া ; Derive the greatest possible advantage or benefit from.

Make the mouth water—ইচ্ছা উৎপাদন-কৃ, অভিলাষ-কৃ, To cause desire or longing.

Make to—যাওয়া বা আইসা, Go or come to.

Make too much of—খুব ভালবাসা, To overestimate ; to be too fond of.

Make two bits of a cherry—অল্প করিয়া-কৃ ; Do anything in parts and not thoroughly or at one stroke.

Make up—সংগঠিত-কৃ ; Constitute ; form ; compose ; consist :—অভাব পূরণ-কৃ ; ক্ষতিপূরণ-কৃ ; পোষাইয়া লওয়া ; Compensate ; make good :—মিটান ; Reconcile :—বন্দোবস্ত-কৃ ; Settle , adjust . —হিসাব প্রস্তুত-কৃ ; Supply (what is wanting) :—সংগ্রহ-কৃ ; জড় করিয়া একত্র-কৃ, To collect into a sum ; collect into a mass :—বিবাদ মিটান, Reconcile or compose a quarrel or a breach :—প্রস্তুত-কৃ ; Manufacture.

Make up for—ক্ষতিপূরণ-কৃ ; পোষাইয়া দেওয়া বা লওয়া ; Compensate for.

Make up into—কোন কিছুর আকার পরিবর্ত্তিত-কৃ, কোন কিছু হইতে তৈয়ার-কৃ ; Form into ; turn into.

Make up matters—বিবাদ ভঞ্জন-কৃ ; ঝগড়া মেটান, Settle differences with ; be reconciled.

Make up one's mind—সংকল্প-কৃ ; কোন বিষয়ে মনঃস্থির-কৃ ; Determine ; decide.

Make up one's mind to—কোন কিছু সহ্য করিতে স্বীকৃত বা প্রস্তুত থাকা ; Decide to abide by ; be prepared to suffer.

Make up to—উপস্থিত-হ ; সমীপস্থ-হ ; Approach : —নিকটে যাওয়া ; Go up to :—পরিচিত হইবার চেষ্টা-কৃ ; Seek the acquaintance of :—সম্মান-কৃ ; Pay court to :—বন্ধুবৎ-হ, Become friendly.

Make water—প্রস্রাব-কৃ ; Void urine.

Make with—একমত-হ ; ঐক্য-হ ; Concur.

Make up with, Make up matters with—বিবাদ ভঞ্জন-কৃ ; Settle differences for ; be reconciled to.

Make way—অগ্রসর-হ ; To make progress ; advance :—পথ পরিষ্কার-কৃ ; To open a passage ; clear the way.

Know what to make up—এ সম্বন্ধে কি করা যাইতে পারে তাহা বুঝিতে না পারা, Not know how to consider or view a thing ; not to well understand a thing. [breeder.

Make-bate, *n.* বিবাদ উৎপাদনকারী ; Quarrel-

Maker, mā'ker, *n.* নির্ম্মাণকারী ; নির্ম্মাতা ; One who makes :—সৃষ্টিকর্ত্তা ; বিধাতা ; স্রষ্টা ; বিশ্বস্রষ্টা ; The creator ; God. *Syn* :—Framer, builder, constructor, fabricator, manufacturer ; composer, author ; writer, poet.

Make-shift, māk'shift, *n.* কৌশল ; ফিকির ; A temporary expedient that which serves a shift.

Make-up, *n.* সমুদায় ; The whole, distinguished from the parts composing it :—গঠন ; General composition or structure ; get up :—মেকপ-কৃ ; Arranging of type into pages, with proper head lines &c.

Make-weight, māk'wāt, *n.* পাষাণ ; ভার পূরণার্থ তুলাযন্ত্রে প্রদত্ত দ্রব্য ; That which is thrown into a scale to make up the weight ; something of little value added to supply a deficience.

Go to the making of—যে সমস্ত উপাদান কোন কিছুর পক্ষে নিতান্ত আবশ্যক ; Be required to form or constitute.

Malachite, *mal'a-kit, n.* তাম্র বিশেষ ; খনিজ দ্রব্য বিশেষ ; Green carbonate of copper found in Siberia, Cornwall &c.

Maladjustment, mal-ad-just'ment, *n.* বিশৃঙ্খল ; অনুচিত সংস্থাপন ; Bad management ; wrong adjustment.

Maladministration, mal-ad-min-is-trā'shun, *n.* কুশাসন ; কুপরিচালন ; Bad management, especially of public affairs.

Malady, mal'a-de, *n.* পীড়া ; ব্যাধি ; রোগ ; Illness ; disease. *Syn* :—Distemper, ailment, disorder, complaint, indisposition.

Malapert, mal'a-pērt, *a.* চঞ্চল ; প্রগল্ভ ; ধৃষ্ট ; Saucy ; forward ; impudent. *ad*=malapertly. *n*=malapertness.

Malaria, ma-lā'ri-a, *n.* দূষিত বাষ্প : Miasma ; the noxious exhalation of marshy districts, producing fever &c. *as*=malarious, malarial.

Malconformation, mal-kon-for-mā'shun, *n.* অসম্পূর্ণতা ; অসামঞ্জস্য ; Imperfection or disproportion of parts :—কদাকার ; Ill-form.

Malcontent, Malecontent, mal'kon-tent, *n.* রাজদ্রোহী ; One dissatisfied with a government : —অসন্তুষ্ট ব্যক্তি ; One who is discontented :—*a.* অসন্তুষ্ট ; Discontented :—রাজশাসনের প্রতি রুষ্ট ; Dissatisfied with the government. *n*=malcontentedness. [tisfied with the government.

Malcontented, *a.* অসন্তুষ্ট ; Discontented ; dissa-

Male, māl, *a.* পুরুষ জাতীয় ; পুং জাতীয় ; Masculine ; not feminine ; bearing stamens :—*n.* পুরুষজাতীয় জীব, জন্তু বা উদ্ভিদ ; নর ; One of the male sex ; a he-animal ; a stamen-bearing plant.

Malediction, mal-e-dik'shun, *n.* [L. *male,* badly, *dico, dictus,* to speak] শাপ ; অভিশাপ ; অমঙ্গল প্রার্থনা, Curse, imprecation, execration ; malison.

Malefactor, male-fak-ter, *n.* [L. *male,* evil, and *facere,* to do] অপরাধী ; কুকর্ম্মকারী ; A criminal ; convict ; an evil-doer. *Syn* :—Evil-doer, offender, delinquent, criminal, culprit, felon, convict.

Malevolence, ma-lev́ō-lens, *n.* ঈর্ষ্যাপরায়ণতা ; Evil disposition toward another. *Syn* :—Ill-will, personal hatred, malignity, maliciousness, malice, rancour.

Malevolent, ma-lev́ō-lent, *a.* [L. *male*, ill, and *volens*, willing] ঈর্ষ্যাপরায়ণ ; হিংসাপর ; বিদ্বেষ্টা ; Malicious ; envious. *ad*=malevolently. *n*=malevolence. *Syn* :—Evil-minded, spiteful, malignant, rancorous.

Malformation, *a.* বিকৃতি ; কদাকার ; বিশৃঙ্খল গঠন ; Irregular or anomalous formation.

Malice, mal̃is, *n.* [L. *malitia*, from *malus*, bad] দ্বেষ ; অপকারেচ্ছা ; অহিতেচ্ছা ; ইচ্ছাকৃত অনিষ্ট ; Ill-will ; spite ; deliberate mischief. *Syn* :—Malevolence, maliciousness, rancour, malignity, vindictiveness, hate.

Malicious, ma-lish́e-us, *a.* দ্বেষপরবশ ; বিদ্বেষপরায়ণ ; হিংসক ; দ্বেষজনিত ; Spiteful. *n*=maliciousness. *ad*=maliciously. *Syn* :—Ill-disposed, evil-minded, mischievous, envious, resentful, rancorous.

Malign, ma-liń, *v. t.* নিন্দা-কৃ ; অপবাদ-কৃ ; কুৎসা-কৃ ; To defame ; to speak evil of ; to euvy ; to harm :—*a.* দ্বেষপরবশ ; বিদ্বেষ্টা ; প্রতিকূল , Malicious ; unfavorable. *n*=maligner. *ad*=malingly. *Syn* :—(*v*) Injure ; traduce, vilify, calumniate, slander, traduce.

Malignancy, malig'nan-si, *n.* দ্বেষ ; হিংসা ; শত্রুতা ; Deep-rooted spite ; malice.

Malignant, ma-lig'nant, *a.* দ্বেষপরবশ ; হিংসাপর ; Spiteful ; hurtful ; malicious. *n*=malignancy. *ad*=malignantly. *Syn* :—Malevolent, malign, malicious, mischievous, bitterly hostile ; unpropitious, ill-omened ; virulent, dangerous, heinous.

Maligner, ma-lig'nér, *v. i.* কার্য্য এড়াইবার জন্য পীড়ার ভাণ-কৃ ; কর্ত্তব্য কার্য্য পরিহারার্থ পীড়ার ভাণ-কৃ ; Feign illness to avoid duty.

Malignity, ma-lig'ne-te, *n.* দ্বেষ ; দারুণ বিদ্বেষ ; Virulence ; extreme malevolence :—অপকারিতা ; মারাত্মকতা ; Deadly quality. *Syn* :—Malice, maliciousness, ransour, spite, ill-will, malignancy, animosity ; virulence, fatality.

Malison, mal̃izn, *n.* অভিসম্পাত ; অভিশাপ ; Malediction ; curse.

Mall, mawl, *n.* মুদ্গর ; দীর্ঘ কাষ্ঠ মুদ্গর ; A large wooden beetle or hammer :—ছায়াবৃত সমতল পাদচারণ স্থান ; A level, shaded walk ; a public walk :—*v. t.* মুদ্গরাঘাত-কৃ ; চূর্ণ-কৃ ; To beat with something heavy ; to bruise.

Mallard, mal̃ard, *n.* মরাল ; বন্য হংস ; A drake ; wild duck.

Malleable, mal̃e-a-bl, *a.* ঘাতসহ ; মুদ্গরাঘাত দ্বারা প্রসারণীয় ; That may be beaten out by hammerring. *ns*=malleableness, malleability.

Malleate, mal̃e-āt, *v. t.* মুদ্গরাঘাত-কৃ ; মুদ্গরাঘাত দ্বারা প্রসারিত-কৃ ; To hammer ; to extend by hammering. *n*=mallcation.

Mallet, mal̃et, *n.* কাষ্ঠ মুদ্গর ; A wooden hammer, used especially for driving a chisel.

Mallow, mal̃o, **Mallows,** mal̃ōz, *n.* বৃক্ষ বিশেষ ; উদ্ভিদ্ বিশেষ ; A plant.

Malmsey, mām̃ze, *n.* একজাতীয় দ্রাক্ষা ; A sort of grape :—মদিরা ; মদ্য ; A strong and sweet wine.

Malpractice, mal-prak̃tis, *n.* অসৎ অন্যায় বা আচরণ ; কুকার্য্য ; ন্যায় বা নীতিবিরুদ্ধ কার্য্য ; প্রচলিত নিয়মের বিরুদ্ধাচরণ ; দুঃশীলতা ; Evil practice ; illegal or immoral conduct ; *esp.* professional misconduct of a physician.

Malster, mawlt́stér, *n* যব প্রস্তুত যাহার ব্যবসায় ; যব প্রস্তুতকারী ; One who makes malt ; one whose occupation is to make malt.

Malt, mawlt, *n.* যব ; Preparation of barley :—*v. t.* যবচূর্ণ প্রস্তুত-কৃ ; To make into malt :—*v. i.* যবচূর্ণ প্রস্তুত-হ ; To become malt :—*a.* যবসহযোগে প্রস্তুত ; Containing, or made with malt.

Maltreat, mal-trēt, *v. t.* কুব্যবহার-কৃ ; অসদাচরণ-কৃ ; নির্দ্দয় ব্যবহার-কৃ ; To treat ill ; abuse. *n*=maltreatment. *Syn* :—Abuse, use ill, hurt, injure.

Malversation, mal-vér-sā́shun, *n.* কুব্যবহার ; প্রতারণাপূর্ণ চাতুরী ; সরকারী ধন অপহরণ ; Evil conduct ; corruption or extortion in office ; flaudulent tricks ; peculation.

Mamaluke, Mameluke, *n.* One of a military force in Egypt of Circassian slaves, massacred in 1811.

Mamma, mam-mā', *n.* মা ; মাতা ; Mother.

Mammal, mam̃al, *n.* স্তন্যপায়ী জীব , An animal that suckles its young. *pl*=mammals.

Mammalia, mam-mā'li-a, *n.* স্তন্যপায়ী জীবশ্রেণী-সমূহ ; স্তন্যপায়ী জীব সমুদয় ; That whole class of mammals. *a*=mamalian.

Mammalogy, mam-mal̃o-ji, *n.* স্তন্যপায়ী জীব-শাস্ত্র ; The science which relates to mammals.

Mammary, *a.* স্তনসম্বন্ধীয় ; Pertaining to the breasts or *mammæ*.

Mammifer, mam̃i-fér, *n.* [L. *mamma*, breast, and *fero*, to bear] স্তনবিশিষ্ট জন্তু ; স্তনধারী জীব ; An animal having breasts or paps. *a*= mammiferous.

Mammillary, mam-il̃ar-i, *a.* [L. *mamma*, breast] স্তনসম্বন্ধীয় ; স্তনবিষয়ক ; স্তনসদৃশ ; Pertaining to or resembling the paps.

Mammillated, *a.* ক্ষুদ্র স্তনাগ্রবিশিষ্ট ; স্তনাগ্রবৎ ক্ষুদ্র গোলকবিশিষ্ট ; Having small nipples or little globes like nipples.

Mammon, mam̃un, *n.* [L. *mammona*, riches] ধন ; ধনদেবতা ; কুবের ; Riches ; the god of riches.

Mammonist, mam̃un-ist, **Mammonite,** mam̃un-īt, *n.* বিষয়কীট ; অর্থসেবক ; ঘোর সাংসারিক ; One devoted to mammon or riches ; a worldling.

Mammoth, mam̃uth, *n.* হস্তীজাতীয় জন্তু বিশেষ ; Mastodon ; huge beast ; an extinct species of elephant :—*a.* বৃহৎ ; অতি প্রকাণ্ড ; Gigantic ; very large.

Man, man, *n.* মনুষ্য ; মানুষ ; নর ; Human being :—মনুষ্যজাতি ; মানবজাতি ; Mankind ; human race :—বয়ঃপ্রাপ্ত পুরুষ ; Adult male ; a grown-up male :—দাস ; পুরুষ অনুচর ; A male attendant ; servant :—স্বামী ; Husband :—দাবা খেলার ঘুঁটি ; A piece used in playing chess :—*v. t.* লোক সরবরাহ-কৃ ; লোকজনে সজ্জিত-কৃ ; To supply with men :—দৃঢ়-কৃ ; বলিষ্ঠ-কৃ ; শক্তিশালী-কৃ ; To strengthen or fortify. *pl*=men. *Syn* :—(*n*) Person, individual, body, somebody, personage, soul, living soul,

man, some one ; male ; valet ; piece in chess. (*pl.*) hands, crew.

A man of business—যিনি বিষয়কর্মে নিযুক্ত ; A man engaged in any business or trade.

A man of few words—অল্প কথার লোক ; যিনি বেশী কথা কহেন না ; A man who does not talk much.

A man of his word—এক কথার লোক ; যিনি কথা খেলাপ করেন না ; A man who acts up to his promise.

A man of letters—পণ্ডিত ; A learned man.

A man of the world—পাকা বিষয়ী লোক ; A man keenly attentive to his own interest :—খুব চতুর ; A sharp fellow :—সংসারী ; One devoted to this life and its enjoyments.

As one man—সকলেই এক যোগে ; All together ; with an accord ; unanimously.

Man and boy—বাল্যকাল হইতে এ পর্য্যন্ত ; From youth upwards.

Man for man, Man to man—এক পক্ষের একজন অন্য পক্ষের একজনের সহিত তুলনা করিলে ; One man against another. [Man of rare excellence.

Man in a thousand—শ্রেষ্ঠ লোক ; সর্ব্বপ্রধান ব্যক্তি ;

Man in the moon—কল্পিত ব্যক্তি ; আকাশকুসুমবৎ অলীক পদার্থ ; A fictitious person ; a nameless and unknown person (purely fictitious and imaginary.)

Man of belial—দুষ্ট লোক ; Any wicked man.

Man of blood—Any man of violence.

Man of mark—বিখ্যাত ব্যক্তি ; প্রসিদ্ধ লোক ; A distinguished person.

Man of straw—অসার লোক ; যাহার কোন মুরোদ নাই ; Puppet ; one who has no character or influence ; one worth nothing.

Man of war—রণপোত , যুদ্ধ-জাহাজ ; Ship of war or of the line :—যোদ্ধা ; Fighting man.

Play the man—সাহসপূর্ব্বক কার্য্য-কৃ , Act manfully.

To a man—সকলেই , একজনও বাদ যায় ; One and all without any exception

Manacle, mańa-kl, *n.* [L. *manicula*, dim of *manica*, handcuff] হাতকড়ি , Hand-cuff :—*v. t* হাতকড়ি-দে ; বন্ধন-কৃ ; রুদ্ধ-কৃ ; To put manacles on ; to fasten. *Syn* :—(*n*) Shackle, fetter, gyve, chain. (*v*) Handcuff, shackle, fetter, tie, restrain, confine.

Manage, mańāj, *v. t.* [F. *menager*, to keep horse] নির্ব্বাহ-কৃ ; শাসন-কৃ ; To administer :—চালান ; পরিচালন-কৃ ; To direct , conduct ; control :—শিক্ষা দেওয়া ; To train, as a horse —শাসন-কৃ ; Handle :—*v. i.* কার্য্যনির্ব্বাহ-কৃ , বিষয়কর্ম্ম চালান ; To conduct affairs. *n*=manager. *Syn* :—Regulate, govern, administer, superintend, rule, guide ; wield, handle ; influence, bring about, effect , husband, economize ; manoeuvre, concert ; act for, do for.

Manageable, mańāj-a-bl, *a.* শাসনযোগ্য ; পরিচালনীয় ; দমনীয় ; Governable. *n*=manageableness.

Management, mańāj-ment, *n.* নির্ব্বাহ ; পরিচালন ; Act of managing :—শাসন ; Administration :—কৌশল ; সকৌশল আচরণ ; Skilful treatment. *Syn* :—Conduct, direction, guidance, control, charge, superintendence, care ; contrivance, cunning, practice ; tact.

Manager, mańāj er, *n.* অধ্যক্ষ ; One who manages. *Syn* :—Conductor, director, overseer, comptroller, superintendent.

Manatee, man-a-tē, *n.* জলচর জীব বিশেষ ; An aquatic animal. [child.

Manchild, mańchīld, *n.* বালক , পুং-শিশু ; A male

Mandamus, *n.* A writ issued by a superior court to some inferior tribunal, corporation, or person exercising public authority, commanding the performance of some especial duty.

Mandarin, *n.* চীনদেশের শাসনকর্ত্তা ; চীন-রাজকর্মচারী ; Chinese governor ; a European name for a Chinese official.

Mandatary, mańda-tar-i, **Mandatory,** mańda-tor-i, *n.* যাহাকে কোন আদেশ বা ভার দেওয়া যায় ; আদিষ্ট ব্যক্তি ; One to whom a mandate is given.

Mandate, mańdāt, *n.* [L. *manus*, the hand, and *do*, to give] আদেশ , হুকুম ; Order ; command. *Syn* :—Edict, charge, precept, injunction, commission, warrant.

Mandatory, mańda-tor-i, *a.* আজ্ঞাসূচক ; আদেশসূচক ; Containing a command ; preceptive ; directive. [jaw. *a*=mandibular.

Mandible, man-di-bl, *n.* হনু ; চোয়াল ; The

Mandibular, man-dibū-lar, *a.* চোয়ালসংক্রান্ত ; Relating to the jaw. [A narcotic plant.

Mandrake, mańdrāk, *n.* লতা বিশেষ ; উদ্ভিদ্ বিশেষ ;

Mandrel, *n.* কুঁদের ডাণ্ডা ; The revolving shank to which turners fix their work in the lathe.

Mandrill, *n.* এক জাতীয় বানর ; A large kind of baboon. [on the neck of some quadrupeds.

Mane, mān, *n.* কেশর ; The long hair growing

Man-eater, *n.* মনুষ্যভুক্ ; রাক্ষস ; Cannibal.

Manege, man-āzh, *n.* অশ্বারোহণ শিক্ষার আলয় ; অশ্বচালন-কৌশল ; অশ্বশিক্ষা ; A riding-school ; horsemanship. [spirits of the departed.

Manes, *n. pl.* পিতৃলোক ; Ancestors ; defied

Man Friday, *n.* ভৃত্য ; A servant that does everything.

Manful, mańfool, *a.* সাহসিক ; Bold ; courageous ; showing manly spirit. *n*=manfulness, *ad*=manfully. *Syn* :—Brave, courageous, noble, daring, heroic , stout, strong, vigorous.

Manganese, mang-ga-nēz, *n.* ধাতু বিশেষ ; A metal. *a*=manganesian.

Mange, mānj, *n.* পশাদির খোস পাঁচড়া ; গৃহপালিত পশুর পাঁচড়া ; Scab in cattle or beasts.

Mangel-wurzel, *n.* উদ্ভিদ্ বিশেষ , A plant of the beet kind.

Manger, mānjér, *n.* পশ্বাদির আহার করিবার পাত্র ; গবাদির ভোজনপাত্র ; পামলা ; ডাবা ; An eating trough for horses and cattle.

Mangle, mang'gl, *v. t.* [L. *mancus*, infirm] ছেদন-কৃ , কর্ত্তন-কৃ ; ছিন্ন-কৃ ; To cut piece-meal ; hack ; to tear in cutting :—কাপড় ইস্ত্রী-কৃ ; To smooth with a mangle ; to calender :—*n.* বস্ত্র পরিমার্জ্জনী ; কাপড়ের ইস্ত্রী ; Rolling press for smoothing linen. *n*=mangler. *Syn* :—(*v*) Lacerate, tear, rend.

Mango, mańgō, *n.* আম্র ; The fruit of the mango tree of the East Indies.

Mango-fish, *n.* তপসে মাছ ।

Mangrove, mańgrōv, *n.* বৃক্ষ বিশেষ ; A tree.
Mangy, mānji, *a.* কণ্ডুযুক্ত ; পাঁচড়ামুক্ত ; Scabby. *n*=manginess.
Manhood, mańhŏŏd, *n.* যৌবন ; Puberty :—মনুষ্যত্ব ; Human nature ; the state of being a man :—পৌরুষ ; Manliness ; manly quality :—সাহসিকতা ; Bravery. *Syn* :—Virility ; full age, maturity ; manly quality, courage, bravery, manlihood ; firmness, resolution.
Mania, mā'ne-a, *n.* [G. *mainesthai*, to rage] ক্ষিপ্ততা ; উন্মাদ ; উন্মত্ততা ; প্রবল ইচ্ছা , Madness ; insanity. *Syn* :—Aberration, frenzy, dementia, monomania.
Maniac, mā'ni-ak, *a.* ক্ষিপ্ত ; Mad :—*n.* পাগল ; ঘোর উন্মত্ত লোক ; A madman ; one raving. *a*= maniacal.
Manifest, mańe-fest, *a.* স্পষ্ট ; বিশদ ; সুস্পষ্ট ; Evident ; clear ; apparent ; obvious :—*v. t.* প্রকাশ-কৃ ; বিশদ-কৃ ; To show plainly ; to reveal , to declare :—*n.* বোঝাই মালের তালিকা ; জাহাজের মালের তালিকা ; Invoice of a cargo. *Syn* :—(*a*) Open, evident, conspicuous, plain, distinct, patent, glaring. (*v*) Exhibit, display, declare, evince, express, expose, set forth
Manifest (or **Evident**) **to**—স্পষ্ট প্রতীয়মান ; Evident or plain to.
Manifestable, Manifestible, *a.* স্পষ্ট প্রদর্শনীয় ; Capable of being manifested.
Manifestation, man-e-fest-ā'shun, *n* প্রকাশ ; প্রচার ; প্রদর্শন ; আবির্ভাব ; Display ; revelation ; expression ; exhibition.
Manifesto, man-i-festō, *n.* রাজার উদ্দেশ্যের প্রকাশ্য ঘোষণাপত্র ; Public declaration of the intention of a sovereign or state proclamation.
Manifold, mańe-fōld, *a.* অনেক সংখ্যক ; বহুল ; বিবিধ ; নানাবিধ ; বহুপ্রকার ; Many in number ; various in kind ; in kind ; complicated ; multiplied :—*v. t.* ভাঁজ-কৃ ; To double or fold in many complications or thickness. *Syn* :—Numerous ; various, diverse.
Manikin, mańi-kin, *n.* বামন ; A dwarf :—মানবদেহের বিভিন্ন অংশের আদর্শ ; A paste board model, exhibiting the different parts and organs of the human body.
Manilla, *a.* Of or pertaining to Manilla, the capital of the Phillipine islands :—*n* চুরুট বিশেষ ; A kind of cheroot or cigar made at Manilla
Maniple, mańi-pl, *n.* এক মুষ্টি ; দশজন সৈন্যের দল ; Handful ; body of ten soldiers :—রোমীয় সেনাদল ; A company of soldiers in the Roman army. *a*=manipular.
Manipulate, ma-nip'ū-lāt, *v. t.* হস্তচালনা-কৃ ; হস্তদ্বারা কার্য্য-কৃ ; Handle ; work with the hand : —*v. i.* হস্তচালনা-কৃ ; To use the hands, especially in scientific experiments. *n*=manipulation.
Manipulation, *n.* হস্তচালনা ; নিপুণতা ; দক্ষতাসহকারে হস্তচালন ; Dexterity ; use of the hands, in a skilful manner.
Manipulative, Manipulatory, *a.* হস্তচালন দ্বারা সাধিত ; Performed by manipulation.
Manipulator—হস্ত দ্বারা কার্য্যকারক ; One who works with the hand.

Manitou, *n.* উপদেবতা ; The name given by the American Indians to their spirits or gods.
Mankind, man-kind, *n.* মনুষ্যজাতি ; মানবজাতি ; The race of men. *Syn* :—Man, men, society, human race, humanity.
Manliness, mańle-nes, *n.* সাহসিকতা ; দৃঢ়তা ; The quality of being manly. *Syn* :—Boldness, courage, firmness, independence.
Manly, mańle, *a.* সাহসিক ; মহান্ ; Brave ; bold ; dignified ; noble. *Syn* :—Firm, stout, daring, courageous, undaunted, fearless ; heroic, manful.
Manna, mańa, *n.* অমৃত বিশেষ ; The food supplied to the Israelites in the wilderness of Arabia.
Manner, mańer, *n.* [L. *manus*, the hand] রীতি ; ধারা ; Method ; fashion :—কার্য্যের ধারা ; Mode of action :—আচার ; আচরণ ; Habit ; custom :—প্রকার ; Sort , kind ; style :—*pl.* ব্যবহার ; আচরণ , শিষ্টাচার ; ভদ্রতা ; Morals ; behaviour ; politeness *Syn* :—Style, cast, mode ; practice ; degree, extent ; behaviour, carriage, deportment. [As is usual with one.
After one's manners—যেমন তাহারও হইয়া থাকে ;
Bad manners—দুরাচার ।
Good manners—সদাচার ।
In a manner—একরকম ; To a certain degree ; in a way ; some what ; in a centain sense ; to a certain extent :—কোনরূপ ভাবে ; In a way.
Mannerism, mańėr-izm, *n.* ধরণ ; বিশেষ ধারা ; Sameness or peculiarity of manners. *n*=mannerist.
Mannerist, mańėr-ist, *n.* বিশেষ ধারানুবর্ত্তী ; One addicted to mannerism.
Mannerly, mańėr-li, *a.* ভদ্র ; শিষ্ট ; Civil ; polite :—*ad.* ভদ্রভাবে ; শিষ্টভাবে ; Respectfully. *n*= mannerliness.
Manœuvre, man-ōō'vr, *n.* [F. from *main*, hand, and *oeuvre*, work] কৌশল ; নৈপুণ্য পরিচালন ; Dexterous management ; stratagem :—*v. t.* কৌশলের সহিত নির্বাহ-কৃ , নৈপুণ্যসহকারে পরিচালন-কৃ ; To manage with art ; to perform a manœuvre. *Syn* :—(*n*) Artful, design, artifice, contrivance, trick, ruse, finesse.
Manor, mańor, *n.* [L. *maneo*, to stay] ভূম্যাধিকার ; জমিদারী ; বড় লোকের অধিকার ; Lords of an estate ; estate having lordly rights.
Manor-house, mańor-hows, **Manor-seat,** mańor-sēt, *n.* জমিদারের বাসস্থানের মধ্যস্থ গৃহ ; The house or seat belonging to a manor.
Manorial, ma-nō'ri-al, *a.* জমিদারের বাসস্থানের সংক্রান্ত ; Pertaining to a manor.
Manse, mans, *n.* ধর্ম্মযাজকের বাসবাটী ; বাটী ; Scotch parsonage ; the residence of a clergyman ; house and land.
Man's estate—সাবালকাবস্থা ; Age of manhood.
Mansion, mańshun, *n.* [L. *mansio*, habitation] বাটী ; বড় রকমের বাটী ; Abode ; dwelling house ; a manor-house. *Syn* :—Residence, seat, palace.
Mansion-house, mańshun-hows, *n.* অট্টালিকা ; লর্ড মেয়রের সরকারী বাড়ী ; House in which one re-

sides ; the official residence of the Lord Mayor of London. [Killing a man

Man-slaughter, mańslaw-tėr, *n.* নরহত্যা ;

Man-slayer, mań-slā-ėr, *n.* নরহত্যাকারী ; নরঘাতক ; One who slays a man.

Man-stealer or thief, *n.* মনুষ্য-হরণকারী ; One who steals and sells men.

Mantel, mańtl, *n.* অগ্ন্যাধারোপরি তাক ; The ornamental work over a fire place in front of the chimney, esp , a narrow shelf above a fire-place (Also mantal-piece, mantel-shelf)

Mantelet, *n.* স্ত্রীলোকের কোর্তা , A small cloak for women. See *mantlet.*

Mantle, mańtl, *n* ঢিলা বড় জামা , আবরণ , Cloak ; a loose outer garment , a covering —*v t* আচ্ছাদন-কৃ ; আবৃত-কৃ , To cover with a mantle :— লুক্কায়িত-কৃ ; গোপন-কৃ , To hide , to disguise — *v. i.* বিস্তৃত-হ , To expand or spread (like a mantle) :—ফেনা নির্গত-হ , ফেনিল-হ , To forth , ferment (Also) *mantle-shelf Syn* —(*n*) Cover, covering , mantlepiece (২) Cloak, overspread , cover, expand , be suffused, flush , effervesce, foam, froth, cream.

One's mantle falls upon—একজনের গুণ আর একজনে বর্ত্তান , একই কাজে নিযুক্ত , One's virtue are inherited by another ; one's work is taken up by another.

Mantlet, mańtlet, **Mantelet,** mańtel-et, *n* স্ত্রীলোকের ছোট জামা ; A small cloak for women.

Mantling, *n* বর্ম্মাদি পরিচ্ছদের প্রতিমূর্ত্তি প্রদর্শন , The representation of a mantle.

Mantua, mańtūa, *n.* স্ত্রীলোকের পরিচ্ছদ ; স্ত্রী-পরিচ্ছদ , A lady's gown :—স্ত্রীলোকের পরিচ্ছদ নির্ম্মাতা , স্ত্রী-পরিচ্ছদ-রচয়িতা , Maker of ladies dress. *n*=mantua-maker.

Manual, mańū-al, *a* [L *manus,* the hand] হস্তকৃত , হস্তসাধিত , করচালিত , Done . made or performed by the hand —*n.* উপক্রমণিকা , পুস্তিকা , সংক্ষিপ্ত গ্রন্থ , ক্ষুদ্র গ্রন্থ , A hand book —ক্যাথলিকদিগের উপাসনাগ্রন্থ , Catholic service book

Manufactory, man-ū-fakt'or-i, *n* শিল্পশালা , কারখানা ; Building or place where manufacture is carried on

Manufacture, man-ū fak'tūr, *v t.* [L. *manus,* the hand, and *facere,* to make] শিল্পবিদ্যা দ্বারা নির্ম্মাণ-কৃ , (দ্রব্যাদি) প্রস্তুত বা রচনা কৃ , To make by hand or with art to work (materials) into forms of use —*v i.* রচনাকার্য্যে ব্যাপৃত থাকা ; To be occupied in manufacture —*n* নির্ম্মাণ ; দ্রব্যাদির প্রস্তুত-প্রণালী , The process of manufacturing —শিল্পদ্রব্য , রচিত দ্রব্য , Any thing manufactured. *a*=manufactural *Syn* —(*v*) Make, fabricate, produce, construct, form, forge. (*n*) Production, fabrication, manufactured product

Manufacturer, man-ū-fak'tūr-ėr, *n* শিল্পী কারিগর ; রচয়িতা , One who manufactures

Manumission, man-ū-mishun, *n* দাসত্ব-মোচন , The act of freeing from slavery

Manumit, man-ū-mit', *v. t* [L *manus,* the hand, and *mittere,* to send off] দাসত্ব মুক্ত-কৃ ; দাসত্ব হইতে মুক্ত-কৃ , ছাড়িয়া-দে , To release from slavery ; to free, as a slave. *n*=manumission. *Syn* :—Free, liberate, emancipate.

Manure, man-ūr', *v. t* (জমিতে) সার-দে ; To enrich with any fertilising substance :—*n.* (জমির) সার , Dung , a fertilising substance. *n*=manurer.

Manuring, man-ūr'ing, *n.* ক্ষেত্রে সার প্রদান ; A dressing or spread of manure on land.

Manuscript, mań-u-skript, *a.* [L. *manus,* the hand, and *scribo,* to write] হস্তলিখিত , Written by the hand :—*n* হস্তলিপি , হস্তলিখিত কাগজ ; Paper written by the hand. [to man.

Man-worship, *n.* মনুষ্য-পূজা , Undue reverence

Manx, manks, *n.* ম্যানদ্বীপের ভাষা , The language of Isle of Man —*a.* ম্যানদ্বীপ বা তদ্দ্বীপবাসীগণ সংক্রান্ত , Pertaining to the Isle of Man or its inhabitants.

Many, mene, *a.* অধিক , বহুসংখ্যক , অনেক , Numerous , not few :—*n* অধিক লোক ; বহুসংখ্যা , জনতা , A multitude , many persons , bulk of the people , crowd. *Syn* :—(*a*) Multiplied, frequent, manifold, various, divers, sundry.

Maori, *n.* One of the aboriginal inhabitants of New Zealand and of their language

Map, map, *n* মানচিত্র ; ভূচিত্র ; ধরাতলচিত্র ; Chart , picture of the earth :—*v t.* মানচিত্র-কৃ ; চিত্রাঙ্কিত-কৃ , বিশদরূপে বর্ণন-কৃ , To draw geographically ; to plan , to describe vividly ; mark out.

Maple, māpl, *n.* বৃক্ষবিশেষ ; A tree , a wood.

Mar, mār, *v. t.* নষ্ট-কৃ , ক্ষত-কৃ , ক্ষতি-কৃ , বিকলাঙ্গ-কৃ , To blot , to injure , to damage , to impair ; to disfigure .—*n* ক্ষতি , অনিষ্ট ; Blot ; injury ; hurt *Syn* —(*v*) Maim, ruin, hurt, harm, impair, deface, spoil, blot, stain

Maranatha, *n.* অভিশাপসূচক কথা , শাপসূচক বাক্য , The Lord comes, a word of cursing

Marasmus, *n.* কৃশতা , ক্ষীণতা , Emaciation , a wasting of flesh

Maraud, ma rawd, *v i.* লুঠ-কৃ , Rove as a free-booter —লুণ্ঠনান্বেষণে ভ্রমণ-কৃ , Rove in quest of plunder

Marauder, ma-rawder, *n* লুণ্ঠকারী Plunderer : —লুণ্ঠনান্বেষণে ভ্রমণকারী দস্যু , A rover in quest of booty or plunder *Syn* —Freebooter, moss-trooper, robber, pillager, filibuster.

Maravedi, *n* স্পেনের তাম্রমুদ্রা , The smallest copper coin of Spain.

Marble, mär'bl, *n.* মার্ব্বেল পাথর ; Fine lime-stone highly polished .—মার্ব্বেল প্রস্তর নির্ম্মিত দ্রব্য ; A little ball used by children in play —*a.* মার্ব্বেল পাথরের দ্বারা নির্ম্মিত , কঠিন ; Made of marble ; hard , insensible .—*v. i.* মার্ব্বেল দ্বারা রঙ্-কৃ , To stain or vein like marble ; to variegate in colour *n*=marbler. [hearted.

Marble-hearted, *a* নির্দ্দয় , নিষ্ঠুর ; Hard-

Marble constant, *a* স্থির , Firm as marble.

Marbly, mar'bli, *ad* মার্ব্বেলের ন্যায় প্রকারে , In the manner of marble

Marcescent, mar-sesent, *a* [L. *marceo,* to fade] ম্লানত্বপ্রাপ্ত , Withering , decaying.

March, march, *n.* ইংরাজী বৎসরে তৃতীয় মাস , The third month of the year .—অভিযান ; যুদ্ধ ;

The distance passed over :—যাত্রা ; নিয়মিত অগ্রগতি ; সৈন্যদলের চলন ; Regulated walk ; regular advance ; journey of soldiers :—প্রান্ত ; সীমা ; Border ; confine (used chiefly in plural) : —*v. i.* যুদ্ধসজ্জায় গমন-কৃ ; যথানিয়মে বা গম্ভীরভাবে প্রস্থান-কৃ , To move in order, as soldiers ; to walk in a grave and stately manner :—*v. t.* সৈন্যের স্থায় শ্রেণীবদ্ধরূপে চালিত-কৃ ; যথানিয়মে প্রস্থান-কৃ ; To cause to march ; to move in order.

Marching regiment—One on service.

Marchioness, mär'shun-es, *n. fem.* of Marquis. মার্কুইস-পত্নী , Stately lady.

Mare, mār, *n.* ঘোটকী ; The female of the horse.

Mare's nest, *n.* ঘোড়ার ডিম ; Discovery of something having no existence.

Marge, märj, *n.* প্রান্ত ; কিনারা , Edge , brink.

Margin, mär'jin, *n* ধার , প্রান্ত , Border ; an edge :—পুস্তকপত্র-পৃষ্ঠার অলিখিত প্রান্ত . The blank edge on the page of a book. *Syn* —Rim, brink, brim, verge, skirt, limit, confine ; room, space, latitude.

Marginal, mär'gin-al, *a.* ধারস্থিত , প্রান্তস্থিত ; Pertaining to the margin , placed in the margin *ad*=marginally.

Marginate, mär'jin-āt, **Marginated,** mär'jin-āt-ed, *a.* ধারবিশিষ্ট ; প্রান্তবিশিষ্ট , Having a margin

Margrave, mar'grāv, *n.* Count of the marches —জর্ম্মান অভিজাত বিশেষ , German nobleman of the rank of an English Marquis. *fem*=Margravine (mar'gra-vēn)

Marigold, mar'i-gōld, *n.* উদ্ভিদ্ বিশেষ , A plant —গাঁদা ফুল ; A yellow flower.

Marine, ma-rēn, *a* [L *marinus*, from *mare*, the sea] সামুদ্রিক , সাগরসম্বন্ধীয় , Belonging to the sea or navy : done at sea , naval —*n* সামুদ্রিক ব্যাপার ; Sea affairs , naval affairs — যুদ্ধজাহাজ সমূহ , Navy —পোত-সৈন্য , নৌ-সৈনিক , Sea-soldier. *Syn* —(*a*) Oceanic, pelagic, neptunian , naval, nautical, maritime.

Mariner, mar'e-ner, *n.* নাবিক : Seaman. *Syn* —Sailor, navigator, a salt.

Mariolatry, *n* কুমারী মেরীর উপাসনা , The worship of the Virgin Mary.

Marital, mar'e-tal, *a.* [L. *maritalis* from *maritus*, a married man] স্বামীসম্বন্ধীয় : পতিসম্বন্ধীয় ; Belonging to a husband ; pertaining to a husband. *Syn* :—Matrimonial, conjugal, connubial.

Maritime, mar'e-tim, *a.* [L. *maritimus*, from *mare*, the sea] সামুদ্রিক ; Marine ; naval ; nautical

Marjoram, mär'jo-ram, *n.* এক প্রকার সুগন্ধি মসলার গাছ , লতা বিশেষ ; A plant.

Mark, märk, *n.* দৃশ্যমান চিহ্ন ; A visible sign :—চিহ্ন , লক্ষণ , Badge :—খ্যাতি ; Distinction :—স্বাক্ষর চিহ্ন ; Cross or emblem to signify a name :—লক্ষ্য ; Butt or point aimed at — প্রমাণ , Proof :—নিদর্শন ; A trace :—লক্ষণ ; Characteristic :—*v. t.* চিহ্নিত-কৃ ; দাগ-দে ; অঙ্কিত-কৃ ; To make a mark on ; to stamp ; to impress with a sign :—দেখা ; লক্ষ্য-কৃ , মনোযোগ-কৃ ; Notice the marks of note ; observe ; regard ; give heed to :—*v. i.* বিশেষ মনোযোগ-দে ; বিশেষরূপ লক্ষ্য-কৃ ; To note ; to take particular notice. *Syn* :—(*n*) Impression, stamp, brand, print, incision, dint ; trace, foot-print, vestige, track ; sign, note, token, symbol, index ; proof ; indication, evidence, symptom ; target ; consequence, eminence, notice, regard. (*v*) Brand ; notice, regard, note, heed , show, evince, indicate, betoken, denote, characterize.

Mark, *n* ½lbs weight , 1*s.* 4*d.* Germany 18*s.* 4*d.* England.

A man of mark—বিখ্যাত লোক ; A distinguished person.

Below the mark—আদর্শের নিম্নে ; Inferior to one's standard.

Beside the mark—অসংলগ্ন ; Not to the point.

Be up to the mark—সমান-হ ; Be equal to the standard of quality expected :—যতদূর জানা আবশ্যক তাহা অবগত থাকা ; ঠিক যাহা হওয়া উচিত তাহাই হওয়া , Come up to the required standard of skill or excellence , possess the knowledge or power requisite , possess the quality expected.

Mark one out—কাহাকে নির্দ্দেশ-কৃ , Point one out , destine one.

Overshoot the mark—সীমা অতিক্রম করিয়া যাওয়া , Pass or go beyond the proper limit.

Wide of the mark—সত্য হইতে দূরে ; আসল বিষয়ের নিকট নিয়াও নহে , Remote from the truth , erroneous , incorrect far away from the point or truth

Within the mark—Within the proper standard.

Marker, mark ėr, *n* খেলার হিসাব রক্ষকারী ; One who marks the score at games. as billiards.

Market, mär'ket, *n* [L. *mercari*, to trade] বাজার ; হাট , A public place for buying and selling —দর , Rate , value ; price :—বিক্রয় করিবার সুবিধা , Opportunity of sale :—*v. i.* বাজার কৃ , ক্রয়বিক্রয়-কৃ ; To deal in market , to buy and sell. *Syn* —(*n*) Place for traffic, mart, emporium ; market house. market-place ; sale.

Marketable, mär ket-a-bl, *a.* বিক্রয়যোগ্য , Saleable *n.*=marketableness

Market-cross, mär'ket-kros, *n.* বাজারে প্রোথিত ক্রুশ ; Cross set up where a market is held.

Market-day, *n* হাটের দিন ; Day in which a market is held.

Market-garden, *n.* শাকসব্জির বাগান ; Garden for raising vegetables.

Market-town, mär'ket-town, *n.* বাজার বসাইবার অধিকার প্রাপ্ত নগর , A town having the privileges of holding a public market.

Marking-ink, märking-ingk, *n.* কাপড় চিহ্ন করিবার কালি , বস্ত্র চিহ্নিত করিবার অমোচ্য মসি ; Indelible ink for marking clothes.

Marksman, märks'man, *n.* লক্ষ্যভেদী ; অভ্রান্ত লক্ষ্যভেদী ; One who shoots well

Marl, märl, *n* সারমাটী মৃত্তিকা ; A fat or rich earth or clay often used as manure :—*v. t.* মৃত্তিকা দ্বারা আচ্ছাদন-কৃ ; সারমাটী দেওয়া ; To cover or manure with marl.

Marlaceous, marl-ā'shus, *a.* মৃত্তিকাবৎ ; সারমাটি তুল্য ; Like marl.

Marline, mar'lin, *n.* দড়ি ; কাছি জড়াইবার ছোট দড়ি , A kind of small line for binding round a rope :—*v t.* ছোট দড়ি দিয়া কাছি জড়ান , To wind round with marline.

Marlinespike, mär'lin-spik, *n* কাছির খেই খুলিবার যন্ত্র বিশেষ ; An iron tool, like a spike, for separating the strands of a rope

Marlite, mar'lit, *n.* এক প্রকার সারমাটী : Variety of marl. *a*=marlitic. [ing in marl

Marly, mär'li, *a.* সারমৃত্তিকাবৎ ; মৃত্তিকাপূর্ণ ; Abound-

Marmalade, mär'ma-lād, *n* মোরব্বা বিশেষ, Sugared confection of oranges &c

Marmoraceous, mar-mo-rā'shus, *a* [L. *marmor*, marble] মার্বেল প্রস্তর সংক্রান্ত বা তৎসদৃশ, Pertaining to, or like, marble

Marmoreal, mar-mō're-al, **Marmorean,** mar-mō're-an, *a.* মার্বেল সম্বন্ধীয় ; মার্বেলসংক্রান্ত ; মার্বেল নির্ম্মিত, Pertaining to or like marble, made of, or having the qualities of marble

Marmoset, mär'mo-zet, *n* ক্ষুদ্র বানর বিশেষ, A small variety of American monkey

Marmot, mär'mot, *n* পার্ব্বত্য মূষিক, গিরি মূষিক, Mountain mouse.

Maroon, ma-rōōn, *n.* পলাতক ক্রীতদাস ; Run away negro slave :—*v. t* জনশূন্য স্থানে নামাইয়া দেওয়া, নির্জ্জন দ্বীপে রাখা ; To put ashore on a desolate island :—*a.* আপিঙ্গল লোহিত, Brownish, crimson like the chestnut

Mar-plot, *n* One who frustrates a scheme by officious interference.

Marque, mark, *n.* শত্রুর নিকট হইতে সীমান্ত প্রবেশ দিয়া গমনের অনুমতি ; Letters authorising reprisals on enemy's shipping —শত্রুর নিকট হইতে অনুমতিপ্রাপ্ত রণপোত, A ship commissioned for making reprisals. [A large field tent

Marquee, mär-kē', *n* বৃহদাকার সমর-শিবির,

Marques, mär'-kwes, **Marquis,** mär'kwis, *n* আভিজাত্যসূচক পদ বিশেষ, Title next under a duke fem=marchioness.

Marquisate, mar'kwis-āt, *n.* মার্কুইসের পদমর্য্যাদা ; Dignity of marquis

Marriage, mär'rij, *n.* [F *marier*, to marry] বিবাহ ; পরিণয়, Wedding, wedlock, match ; the union of a man and woman as husband and wife. *Syn* :—Nuptials, espousals

Marriageable, mar'ij-a-bl, *a.* মিলন-যোগ্য ; বিবাহের যোগ্য ; Capable of union *n* marriageableness. [tract of marriage

Marriage-articles, *n. pl.* বিবাহের চুক্তি ; Con-

Marriage-bed—বিবাহের অবস্থা : State of marriage. [One rung at wedding.

Marriage-bell, *n* বিবাহকালীন ঘণ্টা ; শঙ্খধ্বনি,

Marriage-certificate, *n.* বিবাহের সার্টিফিকেট ; বিবাহের নিদর্শনপত্র : Register of marriage.

Marriage-gift, *n* যৌতুক।

Marriage-licence, *n.* বিবাহের অনুমতিপত্র ; Permission to celebrate a lawful marriage at an unusual time or place.

Marriage-portion, *n.* যৌতুক ; Fortune given to a woman on her marriage.

Marriage-string—মঙ্গলসূত্র।

Be married to—কাহারও সহিত বিবাহ হওয়া।

Marrow, mär'rō, *n.* মজ্জা ; The soft, fatty substance in bones :—সারাংশ ; Pith ; the essence or best part. *a*=marrowy *Syn* :—Essence, cream, gist.

Marrow-bone, mar'ō-bōn, *n.* মজ্জাধার হাড় ; মজ্জাস্থি, A bone containing marrow :—*pl.* হাঁটু ; The bone of the knee ; knees.

Marrow fats, *n.* মটর, A pea

Marrowish, mar'ō-ish, *a.* মজ্জাগুণযুক্ত ; মজ্জাবৎ ; Of the nature of marrow ; resembling marrow.

Marry, mar'i, *v t.* বিবাহ-কৃ ; পরিণয়সূত্রে আবদ্ধ-কৃ Wed ; take for husband or wife :—বিবাহ-দে ; To cause to marry :—*v i.* বিবাহ-কৃ ; বিবাহিত-হ ; To enter the married state ; to take a husband or wife. [Obtain wealth by marriage.

Marry a fortune—বিবাহ করিয়া ধনলাভ-কৃ ;

Marry into—কোন বংশ বা পরিবারস্থ কাহাকে বিবাহ-কৃ ; Marry some one belonging to (a certain family)

Marry (one) to—কাহারও সহিত বিবাহ দেওয়া।

Mars, märz, *n* যুদ্ধ-দেবতা ; বুধগ্রহ ; Roman Thor, the god of war, one of the planets.

Marsala, mar'sā-la, *n* মদ্য বিশেষ ; A kind of light wine resembling sherry. [morass ; bog.

Marsh, märsh, *n.* জলাভূমি, বিল, Swamp, fen,

Marshal, mär'shal, *n.* সেনাপতি, সেনাধ্যক্ষ ; A chief officer of arms ; the highest military officer :—দূত, A herald ; a harbinger :—A master of ceremonies :—পুলিসের প্রধান কর্ম্মচারী, Chief officer of police —A sheriff of the United states —*v t* শ্রেণীবদ্ধ-কৃ, (দূতের ন্যায়) লইয়া যাওয়া, To arrange in order, to dispose in order, to lead as a herald. *Syn* :—(*v*) Rank ; range, dispose, array, draw up, set in order.

Marshal of the Kings or **Queen's Bench**—Keeper of the prison.

Marshaller, mär'shal-ėr, *n.* শ্রেণীবদ্ধকারক : One who arranges or disposes in order

Marshalship, mar'shal-ship, *n.* মারশ্যালের পদ ; Office of a marshal.

Marsh-mallow, märsh-mal'ō, *n.* জলাভূম্যাদিতে জাত উদ্ভিদ বিশেষ ; A species of mallow common in meadows and marshes

Marshy, märsh'e, *a.* জলাশয় বিশিষ্ট, Swampy :—জলাভূমি সদৃশ ; জলাময়, Wet, fenny ; boggy. *n*=marshiness.

Mar-sport, *n* One who spoils sport.

Marsupial, mar-sū'pi-al, *a.* [Gr *marsupion*, a pouch] শাবকবহনস্থলী বিশিষ্ট ; শাবকবাহী ; Carrying young in a pouch —*n.* শাবকবাহী জীব ; ঐরূপ জীব ; A marsupial animal. [Market.

Mart, mart, *n.* বাজার ; হাট ; ক্রয়বিক্রয় স্থান ;

Martello, mar-tel'o, *n* তীর (সাগরকূল) রক্ষার্থে নির্ম্মিত গোলাকার দুর্গ ; A circular fort erected to protect a coast

Marten, mär'ten, *n.* বেজি বিশেষ ; একজাতীয় মাংসাশী নকুল ; A destructive kind of weasel valued for its fur.

Mar-text, *n* নির্বোধ ধর্ম্মপ্রচারক ; One who spoils text ; a blundering or ignorant preacher.

Martial, mär'shal, *a.* [L. *martialis*, from *Mars*, the god of war] যুদ্ধপ্রিয়, যুদ্ধবিষয়ক ; সামরিক ; সাহসিক ; Belonging to war ; warlike ; military ; brave ; heroic. *ad*=martially.

Martial law, *n.* আইন বিশেষ ; An arbitrary kind of law extending to matters of civil as

wall as of criminal jurisdiction, and proclaimed only in time of war, insurrection, rebellion or emergency.

Martial music—রণবাদ্য।

Martin, mär'tin, **Martinet,** mär'tin-et, *n.* পক্ষিবিশেষ ; A bird of the swallow kind.

Martinet, mär'tin-et, *n.* উপদেষ্টা ; কঠিন শাসনকর্তা ; কঠিন শিক্ষাশাসনবাদী ; A strict disciplinarian.

Martingal, mär'tin-gal, **Martingle,** mär'tingl, *n.* পেটী ; ঘোড়ার কোমরপেটী ও মস্তকসংলগ্ন পেটী ; A strap from the nose-band to the girth : —জাহাজের দণ্ড বিশেষ ; A short spar under the bowsprit.

Martinmas, mär'tin-mas, *n.* সেণ্ট মার্টিনের উদ্দেশে উৎসব বিশেষ ; The feast of St. Martin 11th November. [the bird.

Martlet, märt'let, *n* পক্ষী বিশেষ, Martin,

Martyr, mar'tėr, *n.* ধর্মার্থ ত্যক্তপ্রাণ ; জীবনোৎসর্গী ; যে আত্মবিশ্বাসের জন্য জীবন বিসর্জ্জন করে ; One who suffers death for his belief :—*v. t.* ধর্মার্থ হত্যা-কৃ ; কাহাকেও তাহার আত্মবিশ্বাসের জন্য বধ-কৃ ; To put to death for one's belief , torment , torture.

A martyr to disease—পীড়াগ্রস্ত ব্যক্তি ; One who suffers much from disease.

Martyrdom, mär'tėr-dum, *n.* সত্যের জন্য জীবন উৎসর্গ ; দৃঢ় প্রত্যয়ীর জীবন বিসর্জ্জন বা নিগ্রহভোগ ; The death or sufferings of a martyr.

Martyrologist, *n.* সত্যের জন্য মৃতের ইতিহাস লেখক ; A historian of martyrs.

Martyrology, mär-tėr-olo-ji, *n.* মার্টারদিগের ইতিহাস ; সত্যের জন্য মৃতের ইতিহাস ; A history of martyrs ; register of martyrs :—মার্টারধর্মগ্রন্থ ; A discourse on martyrdom. *n*=martyrologist.

Myrvel, mär'vel, *n.* [L. *mirari*, to wonder] অদ্ভুত ব্যবহার ; অলৌকিক ব্যাপার . Wonder ; miracle ; a prodigy :—*v. t.* আশ্চর্য্যান্বিত-হ ; বিস্ময়াপন্ন-হ , To be struck with surprise or admiration ; to wonder. *Syn* :—(*n*) Prodigy, portent, miracle, phenomenon ; admiration, astonishment, amazement.

Marvellous, mär'vel-us, *a.* বিস্ময়কর , অদ্ভুত , Astonishing ; wonderful ; improbable. *n*= marvellousness. *ad*=marvellously. *Syn* :— Strange, portentous, miraculous, amazing , *improbable, incredible, preternatural.* [gold

Marybud, mā'ri-bud, *n.* পুষ্পবৃক্ষ বিশেষ ; Mari-

Masculine, maskū-lin, *a.* [L. *masculus, mas. male]* *মাহসিক ; বলবান ; দৃঢ়কায় ; Manly , strong , robust ; bold* :—পুং-জাতীয় ; *Of the* male sex. *ad*=masculinely. *n*=masculineness. *Syn* :— *Male, virile ; powerful ;* brave.

Masculine gender—পুংলিঙ্গ।

Mash, *v. t.* মিশ্রিত-কৃ ; পেষণ-কৃ , মর্দন-কৃ ; Mix into a mass with water ; mix malt and water ; bruise :—*n.* মিশ্রণ ; একত্র পেষিত দ্রব্য সমূহের মিশ্রণ ; A mixture ; a mixture of ingredients beaten together. [সমূহ ; Of the nature of a mass.

Mashy, mashi, *a.* মিশ্রণ গুণযুক্ত ; পেষিত মিশ্রণ পিণ্ড

Mask, mask, **Masque,** *n.* মুখস ; Cover for the face ; visor :—ভাণ ; ছল ; Pretext ; pretence ; subte fuge :—উৎসব বিশেষ ; সমস্ত সকলের ছদ্মবেশ ধারণ করিয়া আমোদপ্রমোদ ; মুখসধারী অভিনেতাদিগের নাট্যাভিনয় ; A masquerade ; revel ; a festive entertainment in which the company wears masks ; a dramatic performance in which the actors must appear masked :—*v. t.* মুখস পরা ; মুখস দ্বারা আবৃত-কৃ ; To cover the face with a mask :—গোপন-কৃ ; লুক্কায়িত-কৃ ; To disguise , to hide :—*v. i.* ছদ্মবেশে আমোদপ্রমোদে যোগ দেওয়া ; To join in a mask or masquerade :—ছদ্মবেশধারণ-কৃ ; To be disguised in any way :—আবরিত-হ ; আমোদে মত্ত-হ ; To revel. *Syn* :—(*n*) Disguise ; cloak ; screen, evasion, shift.

Masker, masker, *n.* ছদ্মবেশধারী ; মুখসধারী ; One who wears a masks.

Mason, mā'sn, *n.* রাজমিস্ত্রী ; স্থপতি ; A builder in bricks or stone ; a freemason.

Masonic, ma-sonik, *a.* স্থাপত্য-বিষয়ক ; Relating to freemasonry.

Masonry, mā'sn-ri, *n* রাজের কর্ম ; স্থাপত্য ; The work of a mason ; the art of building in stone : —ধর্ম বিশেষ ; Freemasonry.

Masque, mask, *n.* ছদ্মমুখস ; মুখস ; Mask ; cover for the face ; masquerade.

Masquerade, mask-ėr-ād, *n.* প্রমোদার্থ মিলিত ছদ্মবেশিগণ ; আমোদপ্রমোদার্থ মুখসধারী জনসমূহ ; Entertainment where the company is masked ; an assembly of persons wearing masks :—ছল ; ছদ্মবেশ ; Disguise :—*v. t.* মুখস পরিয়া গোপন-কৃ ; ছদ্মবেশ ধারণ করান ; গোপন-কৃ ; To conseal with a mask ; to disguise ; cover ; hide :—*v. i.* ছদ্মবেশ ধারণ-কৃ ; ছদ্মবেশে যাওয়া ; To revel to be masked ; to go in disguise.

Masquerader, mask-ėr-āder, *n.* মুখসধারী ; ছদ্মবেশী ; ছদ্মবেশধারী One wearing a mask ; one disguised

Mass, mas, *n* পিণ্ড , Lump :—স্তূপ ; পুঞ্জ ; Heap , a collective body —কিয়ৎ পরিমাণ ; A quantity :— জড়পিণ্ড ; A lump of matter :—প্রধান অংশ ; Principal part :—জনসমবায় , A multitude :—আকৃতি ; Bulk, size —ধর্মমণ্ডলীর পূজা প্রকরণ ; A religious service :—*v. t* পিণ্ডাকার-কৃ , একত্রিত-কৃ ; স্তূপ করা ; To form into a mass ; to assemble. *Syn* :— (*n*) Collection , magnitude, dimension ; assemblage, congeries , whole, aggregate, totality, main body, great mumber. (*v*) The people, the lower classes. [as a whole.

In the mass—মোটে , মোটামোটি ; Collectively ;

Mass education—নিম্নশিক্ষা।

Mass meeting, *n.* বহু লোকের সমবায় ; বহু লোকের সভা ; Large assemblage.

Massacre, masa ker, *n* [Ger. *metsgern, metsgen*. to kill cattle] সংহার , সর্বসংহার ; হত্যাকাণ্ড ; অবৈধ হত্যা Indiscriminate slaughter ; carnage, —*v t* হত্যা-কৃ ; নির্দ্দয়রূপে হত্যা-কৃ ; To slaughter ; to kill with violence and cruelty. *Syn* :—Butchery carnage

Massive, masiv, *a* ভারি , বড় ; বৃহদাকার ; গুরু ; গুরুভার , Bulky ; weighty *n*=massiveness. *ad*= massivly. *Syn* —Compacted ; heavy, ponderous.

Massy, masi, *a* গুরুভার ; Massive. *n*=massiveness.

Mast, mast, *n.* মাস্তুল ; A long piece of timber

to support sails of a ship :—ঝুলানি ; Nut of beech, oak ; acorns ; chestnut :—v. t. মাস্তুল সংলগ্ন-কৃ ; To furnish with a mast.

Meritorious, mer-i-to'ri-us, *a.* পুরস্কারের যোগ্য, প্রশংসনীয়, সম্মানার্হ, Deserving of reward, honour or praise. *n*=meritoriousness *ad*=meritoriously [Scotch silver coin

Merk, mērk, *n* স্কটলণ্ডের পুরাকালীন মুদ্রা, An old

Merle, mērl, *n* পক্ষী বিশেষ, The black-bird.

Merlin, mér'lin, *n.* ক্ষুদ্র বাজপক্ষী, A little hawk —যাদুকর, Wizard

Mermaid, mér'mād, *n* কল্পিত মৎস্যনারী, কল্পিত সামুদ্রিক জীব বিশেষ Sea woman, a fabled marine animal having the upper part like that of woman and the lower like a fish

Merriment, mér'e ment, **Merriness,** mér'i ness *n* আনন্দ, উল্লাস, উচ্চানন্দ Mirth, hilarity *Syn* —Frolic, glee, jollity, jocularity, sportiveness, liveliness

Merry, mér'e, *a* হৃষ্ট, সানন্দ, উৎফুল্ল, প্রফুল্ল, উল্লসিত, Gay, sprightly, lively, cheerful —হাস্যকর, হাস্যজনক, Causing mirth *ad*—merrily *Syn* —Blithe, blithesome airy, vivacious, gleeful, joyous, mirthful, jocund, sportive, jolly, facetious, funny

Merry-andrew, mér'i andrōō *n.* ভাঁড়, A buffoon, zany quack doctor's fool

Merry-making, mer'i-māking, *n* উৎসব, আনন্দোৎসব A festival, a meeting for mirth

Merry-meeting, *n* ভোজ, Feast.

Merry-thought, *n* এঁডাকৌতুক বিশেষ, A kind of play. [*Immersion.*

Mersion, *n* মজ্জন, Act of merging Same as

Meseems, me-sēmz', *v imp.* আমার বোধ হয়, It seems to me [plant

Mesembryanthemum, *n* উদ্ভিদ বিশেষ, A

Mesh, mesh, *n* জালের বন্ধ, জালের বুনানি, The opening between the cords of a net, net-work. —*v. t.* জাল দিয়া ধর, জালে-ধৃ, ফাঁদে ফেলা, To ensnare, to catch in a net *a*=meshy. [network.

Meshy, *a* জালের আকারে গঠিত, Formed like

Mesmeric, mez-mér'ik, **Mesmerical,** mezmér'ik-al, *a.* মেস্মেরতত্ত্ব-সম্বন্ধীয়, Of or relating to mesmerism.

Mesmerise, mez'mér-iz, *v t* হস্তচালন দ্বারা বিবশ-কৃ, অন্যের শরীর বিবশ-কৃ, To induce an extraordinary state of the nervous system in which the actor controls the actions of the subject. *n*=mesmerism.

Mesmeriser, mez'mér-iz-ér, **Mesmerist,** mez'mér-ist, *n* যে অন্যের শরীর বিবশ করে, One who mesmerises.

Mesmerism, *n.* মৈস্মরতত্ত্ব ; One who mesmerise.
Mesne, *a.* মধ্যবর্তী ; Middle ; intermediate.
Mess, mes, *n.* [L. *mensa*, a table] খাদ্য ; এককালে পরিবেশিত ভোজ্যবস্তু ; Dish ; meal for a certain number ; a quantity of food served up at one time :—মিশ্রণ ; বিশৃঙ্খল-মিশ্রণ ; বিশৃঙ্খলা : Hotch-potch ; a medley ; disorder :—একত্রে ভোজনকারী ব্যক্তিগণ ; যে সকল লোক একত্রে ভোজন করে ; Set of persons eating together ; set who eat together :—*v. t.* ভোজ্যবস্তু প্রদান-কৃ ; To supply with a mess :—*v. i.* একত্রে আহার-কৃ ; একত্রে ভোজন-কৃ ; To take meals together ; to eat in company. *Syn* :—(*n*) Company ; mixture, miscellany, medley, mixed mass ; difficulty, perplexity, confusion.
Message, mes'āj, *n.* [L. *missus*, 'sent] আদেশ, সন্দেশ ; সংবাদ ; বার্ত্তা. An errand ; an official communication. *Syn* .—Communication, intimation, notice, missive.
Messenger, mes'en-jer, *n.* বার্ত্তাবহ ; দূত ; The bearer of a message ; a forerunner :—নাজির ; An officer who executes summonses. *Syn* :—Emissary, express, courier, carrier ; harbinger, herald, procursor.
Messentery, mes'en-ter-i, *n.* [Gr. *mesos*, middle, *enteron*, intestines] অন্ত্রঝিল্লী ; Membrane fastening the bowels to the backbone. *a*=mesenteric.
Messiah, mes-sī'a, **Messias,** mes-sī'as, *n.* খ্রীষ্টের নাম ; Christ. *n*=messiahship.
Messianic, *a* খ্রীষ্টীয় ; Relating to the Messiah
Messmate, mes'māt, *n.* সহভোজী ; Companion in a mess ; one who eats at the same table
Mestee, mes-tē', *n.* শ্বেতাঙ্গের ও মৈথুনোৎপন্ন সন্তান. The off-spring of a white person and a quadroom
Mestino, Mestizo, *n.* [L. *misceo*, to mix] স্পেন ও আমেরিকার মৈথুনজাত সন্তান ; The child of Spaniard and a native American.
Met, *pa. t.* and *pa. p.* of Meet.
Meet, mēt, *a.* উপযুক্ত ; উচিত ; উপযোগী ; Fitting ; qualified ; adapted. *ad*=meetly, *n*=meetness. *Syn* :—(*a*) Fit, suitable, proper ; convenient, appropriate, congenial. [*metacarpus*
Metacarpal, *a* করতলসংক্রান্ত. Pertaining to the
Metacarpus, *n.* করতল. The part of the hand between the wrist and the fingers.
Metachronism, *n.* কালনির্দ্দেশ ভ্রম ; An err committed in chronology by placing an event after its real time. [coal, price of measurement.
Metage, *n.* মুদ্রাপ্রদান ; মানমূল্য. Measurement of
Metal, met'al, *n.* ধাতু, ভাঙ্গা পাথর, Simple mineral ; broken stone. *a*=metallic
Metallic, *a.* ধাতব ; ধাতুময় ; Pertaining to or consisting of metal.
Metalliferous, met-al-if'ér-us, *a.* ধাতুগর্ভ, ধাতুৎপাদী ; Producing or yielding *metals*.
Metalliform, me-tali-form, *a.* ধাত্বাকার ; ধাতুবৎ ; Having the form of metals.
Metalline, met'al-in, *a.* ধাতুময়, ধাতুবিশিষ্ট ; ধাতব. Consisting of or impregnated with metal.
Metallise, met'al-iz, *v. t.* ধাতুতে প্রস্তুত-কৃ ; ধাতুতে পরিণত-কৃ ; To form into metals. *n*=metallisation.

Metallist, *n.* metal-ist, *n.* ধাতুকর্ম্মকার ; ধাতুবিদ্ ; Worker in metals.
Metalloid, met'al-oid, *n.* [Gr. *metallon*, a metal, and *eidos*, form] ধাত্বাকার পদার্থ ; অধাতব দাহ্য পদার্থ ; Substance like a metal, as sulphur &c., calcium &c
Metalloid, Metalloidal, *a.* ধাতুসদৃশ ; অধাতব দাহ্যপদার্থসমূহ সম্বন্ধীয় ; Like metal ; pertaining to the metalloids. [Pertaining to metallurgy.
Metallurgic, *a.* ধাতু পরিষ্কারকরণ বিদ্যাসম্বন্ধীয় ;
Metallurgist, met'al-ur-jist, *n.* ধাতু পরিষ্কারক ; One who works metals ; one skilled in metallurgy.
Metallurgy, met'al-ur-ji, *n* [Gr. *metallon*, a metal, and *ergon*, work] ধাতু পরিষ্কারক বিদ্যা ; ধাতু পরিষ্কার কৌশল ; The art of working or melting metals. *a*=metallurgic.
Metamorphic, met-a-mor'fik, *a.* পরিবর্ত্তনশীল ; Subject to change ; pertaining to the changes of rocks since their original deposition. *n*=metamorphism.
Metamorphoric words—Words slightly altered and made current again.
Metamorphism, *n* পরিবর্ত্তনশীলতা ; The state or quality of being metamorphic.
Metamorphose, met-a-mor'fōz, *v. t.* রূপান্তর-কৃ, পরিবর্ত্তিত-কৃ ; To change shape or form ; transform. *Syn* :—Transfigure, transmute.
Metamorphosis, met-a-mor-fo-sis, *n.* রূপান্তর আকার বা গঠন পরিবর্ত্তন ; Transformation ; change of shape or form. *pl*=metamorphoses.
Metaphor, met'a-fer, *n.* [G. *metaphora*, from *metapherein*, to transfer] উপমা ; রূপক অলঙ্কার ; উপমিতি. A short similitude ; simile ; a word suggesting similitude without a formal expression of comparison, image.
Metaphoric, met-a-for'ik, **Metaphorical,** met-a-for'i-kal, *a.* রূপক ; রূপক অলঙ্কারযুক্ত, আলঙ্কারিক. Not literal ; figurative. *ad*=metaphorically.
Metaphrase, met'a-frāz, *n* [Gr. *meta*, denoting change, and *phrasis*, to speak] অবিকল অনুবাদ ; আক্ষরিক অনুবাদ ; Translation from one language into another, word for word.
Metaphrast, *n.* আক্ষরিক অনুবাদকারক ; One who translates word for word.
Metaphysical, met-a-fiz'ik-al, *a.* মনোবিজ্ঞান সম্বন্ধীয়, দর্শনশাস্ত্রসম্বন্ধীয়. Abstract ; pertaining to metaphysics. *Syn* :—Mental, intellectual, psychological, general, ideal, unreal.
Metaphysician, met-a-fi-zis'han, *n.* মনোবিজ্ঞান-বিশারদ ; দার্শনিক. One versed in metaphysics.
Metaphysics, met-a-fiz'iks, *n. sing.* [Gr. *meta*, after, and *physics*, nature] মনোবিজ্ঞান ; দর্শনশাস্ত্র. The science of mind. *Syn* :—Ontology, psychology, mental philosophy.
Metatarsal, *a.* পদাগ্রভাগ সম্বন্ধীয় ; Belonging to the metatarsus.
Metatarsus, *n.* [Gr. *meta*, beyond, *tarsas*, the flat of the foot] পদাগ্র ; The part of the foot between the ankle and the toes.
Metathesis, *n.* শব্দালঙ্কার বিশেষ ; A figure by which the letters or syllables of a word are transposed.

Metayer, *n.* ভাগ-জোতদার ; A farmer holding land on condition of yielding a half, or other fixed proportion, of the produce to the proprietor.

Mete, mēt, *v. t.* পরিমাণ-কৃ, To measure —*n.* সীমা, পরিমাণ ; Measure ; boundary, limit *Syn.* —(*v*) Apportion, divide, distribute, allot.

Metempsychosis, me-temp-si-kō'sis, *n.* [Gr *meta*, expressing change, and *en*, in *psyche* soul] দেহান্তর গমন, পুনর্জন্ম, মৃত্যুর পর আত্মার দেহান্তর প্রাপ্তি, The transmigration of soul after death into some other body *pl*=metempsychoses

Meteor, mē'te-or, *n.* উল্কা, Falling star, fiery body or ball in the sky. *a*=meteoric

Meteoric, *a.* উল্কাসম্বন্ধীয়, উল্কাময়, উল্কাজাত ; Pertaining to, consisting of, or proceeding from a meteor.

Meteorologist, mē-te-or-olō-jist *a* বায়ুবিজ্ঞানবিৎ, বায়ুবিজ্ঞানবিদ্ পণ্ডিত, One skilled in meteorology.

Meteorology, mē-te-or-olo-gi, *n* বায়ুবিজ্ঞান, The science which treats of the atmosphere and its phenomena *a*=meteorological, meteorologic.

Meter, mē'ter, *n* পরিমাপক যন্ত্র, গ্যাস-মাপযন্ত্র An instrument for measuring gas.

Meter, Metre, mē'tér, *n* ছন্দঃ, Rhythm, verse —ফরাসি দৈর্ঘ্য পরিমাণ, A French measure of length equal to nearly 39.37 inches

Meteorolite, mē-te-or-o-lit, **Meteorite,** *n* উল্কাজ প্রস্তর, উল্কাপিণ্ড A meteoric stone

Metheglin, *n* মাধ্বী মদ্যবিশেষ, A fermented liquor made from honey mead

Methinks, me-thingks *impers v* আমি বিবেচনা করি, আমার বোধ হয় It seems to me, I think *pa t*=methought

Method, method *n* [G *meta*, after, and *hodos*, way] প্রণালী, ধারা শৃঙ্খলা, System regularity, order, classification —প্রকার, পর্য্যায়, রীতি ; Manner, rule —সজ্জা, Arrangement *Syn* —Orderly disposition, classification, way, manner, mode, process, course mean

Methodic, mē-thodik, **Methodical,** methodical, *a.* প্রণালী-সঙ্গত রীতি অনুযায়ী যথারীতি সুপ্রণালীতে বা যথাযথরূপে সজ্জিত, Disposed in a just and natural manner, arranged with method, systematic. *ad*=methodically. *Syn* —Orderly, regular, finical, precise.

Methodise, meth'ud-iz, *v. t* শৃঙ্খলা-কৃ, প্রণালী-সঙ্গত-কৃ, সজ্জিত-কৃ, To reduce to method *Syn* —Arrange, regulate, put in order, systematize

Methodism, meth'ud-izm, *n.* মেথডিষ্টদিগের আচার পদ্ধতি, The principles and practices of the Methodists

Methodist, meth'ud-ist, *n* খৃষ্টধর্ম্মসম্প্রদায় বিশেষের লোক, ধর্ম্মকার্য্যে যথারীতি আনুষ্ঠানিক, One of a sect of Christians founded by John Wesley. *a*= methodistic.

Methodistic, Methodistical, *a.* মেথডিষ্টদিগের তুল্য, Resembling the Methodists. *ad*= methodistically.

Methought—See *methinks*.

Metonymic, Metonymical, *a.* মেটনিমি-অলঙ্কাররূপে প্রযুক্ত. Used by of metonymy *ad*= metonymically.

Metonymy, me-ton'i-mi, *n.* [Gr. *meta*, expressing change, and *onoma*, a name] বাক্যালঙ্কার বিশেষ, লক্ষণা ; A trope in which one word is put for another. *a*=metonymic, metonymical.

Metric, met'rik, **Metrical,** met'rik-al, *a.* ছন্দোবিশিষ্ট, ছন্দোময় ; ছন্দঃসম্বন্ধীয় ; Consisting of verses, pertaining to metre. *ad*=metrically.

Metric system—French decimal system.

Metrology, me-trolo-gi, *n.* [Gr. *metron*, measure, and *logos*, discourse] পরিমাণ-বিজ্ঞান, পরিমাণ বিদ্যা, The science of weights and measures

Metronome, metro-nōm, *n.* [Gr. *metron*, measure, *nemo*, to distribute] তাল-মান-যন্ত্র, সময় নিরূপক যন্ত্র, An instrument which measures musical time

Metronomy, me-'trono-mi, *n* সময় নিরূপক যন্ত্র, যন্ত্র দ্বারা তাল-মান Measurement of time by a metronome

Metropolis, mē-trop'ō-lis, *n.* [G. *meter*, mother, and *polis* city] রাজধানী, The chief city, capital of a country *a*=metropolises.

Metropolitan, met-ro-polit-an, *a.* রাজধানী সম্বন্ধীয়, Belonging to a metropolis :—প্রধান গির্জ্জা সংক্রান্ত Pertaining to the mother church —*n* প্রধান ধর্ম্মযাজক, প্রদেশ বিশেষের প্রধান বিশপ, The bishop who presides over the other bishops of a province

Mettle, metl, *n* উৎসাহ, সাহস, তেজস্বিতা, তেজ, উদ্যম, Spirit, sprightliness, courage, ardour, element, material. *Syn* :—Fire, nerve, life pluck

Of great mettle—মহাতেজস্বী।

Put one on one's mettle—উত্তেজিত-কৃ, Place one in trying circumstances and rouse him to do his best, to stir one up, rouse one's spirit ; incite one to use one's best efforts, inspirit or animate one

Mettled, met'd **Mettlesome,** metl-sum, *a.* তেজস্বী উৎসাহী High-spirited, ardent. *Syn* : —Courageous fiery lively, brisk, sprightly.

Mew, mū *n* বিড়ালের ডাক, The cry of a cat — বাজ, Hawk —বাজপক্ষীর পিঞ্জর, Cage for hawks : —সামুদ্রিক পক্ষী বিশেষ, Sea-fowl, gull —অশ্বশালা ; A stable —আবদ্ধ স্থান, A place of confinement —*v t* [illegible], নিক্ষেপ কৃ, To shed or cast —পিঞ্জরে আবদ্ধ কৃ, To confine, as in a cage : —*v. i* পালক [illegible], To shed or cast, to cast the feathers, to moult —বিড়ালের মত মিউ মিউ শব্দ-কৃ To cry as a cat

Miasm, mī'azm, **Miasma,** mī-az'ma, *n.* [Gr. *miaino*, to stain] দূষিত বাষ্প বিশেষ, হানিকারক বাষ্প, Pestilence or pestilential substance floating in the air *pl*=miasms, miasmata. *a*= miasmal, miasmatic [taining miasma.

Miasmal, Miasmatic, *a* দূষিত বাষ্পযুক্ত ; Con-

Mica, mī'ka, *n* [L. *mica*, a crumb] খনিজ পদার্থ বিশেষ, অভ্র, A mineral easily split into extreme thin flexible, plates more or less transparent and used like glass, Talc *a*=micaceous.

Mice, mis, *n* মূষিকগণ ; Plural of *mouse*

Michaelmas, mik'el-mas, *n.* উৎসব বিশেষ, সেন্ট

মাইকেলের ভোজ ; The feast of St. Michael, celebrated on Sept. 29.

Mickle, *a.* অধিক ; Much :—*n.* অধিক পরিমাণ ; A great quantity.

Many a little makes a mickle—দশের লাঠি একের বোঝা ; অল্প অল্প করিয়া জড় করিলে ক্রমে অনেক হইয়া দাঁড়ায় ; পাঁচফুলে সাজি ; Many small things or amount put together make a large quantity or amount in time.

Microcosm, mi'kro-kozm, *n.* ক্ষুদ্র জগৎ ; ক্ষুদ্র পৃথিবী ; মনুষ্য ; সমুদায় আদর্শভূত মানব, A little world ; man supposed to be an epitome of the universe or great word. *a*=microcosmic, microcosmical,

Micrography, mi-krog'ra-fi, *n* [Gr *mikros*, little, *grapho*, to write] অতি ক্ষুদ্র বস্তুর বিবরণ, অতি ক্ষুদ্র পদার্থবিশেষের বৃত্তান্ত ; The description of microscopic objects.

Micrometer, mi'-krome-tėr, *n* [Gr *mikos*, little, *metron*, measure] অতি ক্ষুদ্র দূরত্ব পরিমাপক যন্ত্র ; অতি সূক্ষ্ম দূরত্ব পরিমাণ যন্ত্র ; An instrument for measuring very small distance. *a*=micrometrical.

Microphone, mi'kro-fōn, *n.* [Gr *mikros*, little, and *phone*, sound] অতি সূক্ষ্ম শব্দ শ্রবণ-যন্ত্র, An instrument rendering the telephone which renders the faintest sound distinctly audible

Microscope, mi'kro-skōp *n* [Gr *mikros*, little, and *skepeo*, to look at] অণুবীক্ষণ যন্ত্র, An optical instrument for viewing small objects *a*=microscopic, microscopical.

Microscopic, Microscopical, *a.* অণুবীক্ষণ সম্বন্ধীয়, অণুবীক্ষণ যন্ত্রে দ্রষ্টব্য, Pertaining to a microscope, visible only by the aid of a microscope

Microscopist, mi'kro-skōp-ist, *n* অণুবীক্ষণ যন্ত্রবিদ্ ; অণুবীক্ষণ ব্যবহারোপযুক্ত ব্যক্তি, One skilled in the use of the microscope

Microscopy, *n.* অণুবীক্ষণ ব্যবহার : The use of the microscope

Mid, mid, *a.* মধ্যস্থিত ; মধ্যবর্তী, Situated between extremes ; middle

Midas, *n.* A foolish king of Phrygia, whose ears Apolo changed into those of an ass

Midas eared, *a.* বুদ্ধিহীন ; Without discretion or judgment.

Mid-day, mid-dā, *n* মধ্যাহ্ন ; Noon :—*a.* মাধ্যাহ্নিক।

Midden, *n.* ভস্মরাশি ; পুরীষস্তূপ ; A heap of ashes or dung.

Middle, midl, *a.* মধ্য ; মধ্যস্থ, মধ্যস্থিত ; মধ্যবর্তী ; Intermediate ; intervening :—*n* মধ্যস্থান, মধ্যবিন্দু বা অংশ ; Midst ; central position ; the middle point or part. *Syn* :—(*a*) Mean, medial, mid. (*n*) Centre, waist.

Middle-aged—প্রৌঢ়, Being about the middle period of life.

Middle-Ages—রোমের অধঃপতন ও ইউরোপের অভ্যুদয়ের মধ্যবর্তীকাল, The period from the decline of the Roman Empire in the 5th century to the revival of letters in Europe at the end of the 15th century.

Middle-man, *n.* প্রতিনিধি ; An agent between two parties :—দালাল ; আয়র্লণ্ডের মধ্য স্বত্বাধিকারী প্রজা ; A broker ; *esp.* in Ireland, one who rents land of proprietors in large tracts and lets it in portions to the peasantry.

Middle-passage—আফ্রিকা ও পশ্চিমভারতীয় দ্বীপপুঞ্জের মধ্যবর্তী আটলাণ্টিক মহাসাগরাংশ, The part of the Atlantic ocean between Africa and the West Indies.

Middling, midling, *a.* মধ্যম, মধ্যবিধ ; মাঝারি ; Of middle rank, state, size or quality ; mediocre, moderate. *Syn* :—Ordinary, average, indifferent, tolerable, well enough.

Midge, *n.* পতঙ্গ বিশেষ, A very delicate fly.

Midland, midland, *n.* মধ্যদেশীয় অভ্যন্তরবর্তী ; সাগরতীর হইতে দূরস্থিত ; Inland, distant from the coast.

Midnight, midnit, *n.* দুই প্রহর রাত্রি ; মধ্যরাত্রি ; Twelve o'clock at night.—*a* মধ্যরাত্রিকালীন ; ঘোরতিমিরাবৃত, Being at mid-night ; dark as midnight

Midrib, *n.* পত্রমেরু, পত্রের ডাঁটা, The continuation of the leaf-talk to the point of a leaf.

Midriff, midrif, *n* পেশী বিশেষ ; The diaphragm.

Midship, *a* পোতমধ্যস্থলস্থিত ; Being in the middle of a ship. *ad*=midships.

Midshipman, midship-man, *n.* জাহাজের কর্মচারী ; রণপোতের কর্মচারী ; Naval cadet or officer whose rank is in the middle between the common seamen and the superior officers.

Midst, *n.* মধ্যস্থল, মধ্য, The middle :—*ad.* মধ্যে, মধ্যস্থলে ; In the middle. *Syn* :—(*n*) Centre ; thick, throng

In the midst of—মাঝে, মধ্যে, চতুর্দিকে বেষ্টিত ; Among, amid, surrounded by :—অভিভূত হইয়া ; চতুর্দিকে বেষ্টিত হইয়াও, Overwhelmed by ; though surrounded by.

Midsummer, midsum-ėr, *n.* গ্রীষ্মকালের মধ্যকাল, গ্রীষ্মকালীয় অয়নান্ত সীমা, The middle of summer, about the 21st of June.

Midus, *n* One whose touch turns every thing to gold, a bad judge of music.

Midway, midwā, *n* অর্দ্ধপথ, মধ্যপথ, Half way ; the middle of the passage :—*a* মধ্যপথস্থিত ; Being in the middle of the way.—*ad.* অর্দ্ধপথে ; মধ্যপথে, Half way

Midwife, midwif, *n* ধাত্রী ; A woman who assists others in child-birth *pl*=midwives.

Midwifery, midwif-ri, *n.* ধাত্রীবিদ্যা, ধাত্রীর কার্য্য ; Art or practice of a mid-wife or accoucheur ; obstetrics.

Midwinter, *n* শীতকালের মধ্যভাগ ; The middle of winter about the 21 December.

Mien, mēn, *n* দৈহিক আকৃতি ; চেহারা ; মুখাবয়ব ; রীতি, Look ; external appearance, countenance ; manner, bearing. *Syn* :—Aspect, air, demeanour, deportment, carriage.

Miff, *a.* সামান্য ক্রোধ, A slight degree of resentment.

Might, mit, *pa t.* of *may*.

Might, mit, *n* শক্তি ; ক্ষমতা ; বল, সামর্থ্য : Power ; ability ; strength ; energy of feeling. *Syn* :—Capacity, prowess, valour, energy.

Mith might and main—সাধ্যানুসারে ; With utmost strength, with all one's power or energy :—যত জোর আছে তত জোরে ; With the utmost strength one has.

Mightiness, *n.* ক্ষমতা ; মহত্ব, Power ; greatness, excellency.

Mighty, mite, *a.* শক্তিমান ; ক্ষমতাশালী ; বলশালী ;

Powerful, strong :—মহৎ ; অদ্ভুত ; Very great, important ; wonderful. n=mightiness. ad=mightily. *Syn* :—Vigorous, robust, sturdy, able, capable, valiant, bold ; bulky, enormous, vast, extensive ; forcible, efficacious ; violent, vehement, impetuous ; momentous.

Mignon, a. কোমল ; সুন্দর ; Delicate ; dainty ; pretty.

Mignonette, min-yo-net', n. সুগন্ধি লতা বিশেষ ; An annual plant, bearing sweet-scented flowers.

Migrate, mi'grāt, v. i. দেশান্তরে যাওয়া ; দেশান্তরে যাইয়া বাস-কৃ ; বাসস্থান পরিবর্ত্তন-কৃ ; To pass from one abode or land to another for residence. n=migration.

Migration, n. দেশান্তরে যাইয়া বাস ; A change of abode from one country to another.

Migratory, mi'grā-tor-e, a. ভ্রমণকারী ; ভ্রমণশীল ; যাযাবর ; Wandering ; roving. *Syn* :—Shifting, nomadic.

Mikado, n. জাপানের বাদসাহের পদ ; The title of the emperor of Japan.

Milch, milch, a. দুগ্ধবতী ; কোমল ; Yielding milk—said only of beasts ; soft ; tender.

Mild, mild, a. কোমল ; মৃদু ; দয়ালু ; ধীর ; শান্ত ; Kind ; meek ; not sharp ; mellow ; calm ; soft. n=mildness, ad=mildly. *Syn* :—Bland, element, merciful, indulgent ; gentle, soothing, pleasant, calm, tranquil ; mollifying, demulcent ; lenitive, assuasive.

Mildew, mil'dū, n. উদ্ভিদের রোগ বিশেষ ; Disease in plants or vegetable substances :—v. উক্ত রোগাক্রান্ত-কৃ ; To taint with mildew.

Mildness, n. কোমলতা , ধীরতা ; মৃদুতা ; Tenderness, clemency, softness, gentleness, temperateness.

Mile, mil, n. প্রায় অর্দ্ধক্রোশ ; ৩৫২০ হাত ; 1760 yards.

Mileage, mil'ij, n মাইল অনুসারে ভাড়া ; Rate of fare per mile :—যত মাইল দৈর্ঘ ; Length in miles.

Milepost, Milestone, n. প্রতি মাইলে চিহ্ন পোতা পাথর ; মাইল নিদর্শন স্তম্ভ ; A post or stone set to mark the distance of a mile.

Milfoil, mil'foil, n. লতা বিশেষ ; The herb ; yarrow.

Miliaria, n. চর্ম্মরোগ বিশেষ ; Eruptive disease.

Miliary, mil'yar-i, a. মিলেট বীজ সদৃশ ; মিলেট-বীজ-সদৃশ ব্রণযুক্ত ; Like or accompanied with an eruption like millet seeds.

Militant, mil'i-tant, a. যুদ্ধরত ; সংগ্রামশীল ; বিবদমান ; Fighting ; engaged in warfare ; combating ; serving as a soldier ; belligerent. n=militancy (যুদ্ধ ; warfare).

Church militant, n. Christian church on earth.

Militarism, mil'i-tar-izm, n. সামরিক অবস্থা , A military state or condition , reliance on military force in administering Government ; a military system :—অতিরিক্ত যুদ্ধপ্রিয়তা ; An excess of the military spirit.

Military, mil'e-tār-e, a. [L. *militaris, miles*, a soldier] সামরিক ; সৈনিক ; যুদ্ধপ্রিয় ; Pertaining to war ; warlike , soldierly :—n. সৈন্য , সেনাদল ; Soldiery ; the army. *Syn* :—(a) Martial, soldier-like.

Militate, mil'e-tāt, v. i. বিরোধী-হ ; বিরুদ্ধ-হ ; বিবাদ-কৃ ; To contend ; to stand opposed to ; to fight. *Syn* :—Conflict with, be opposed to, operate against.

Militia, mi-lish'a, n. সামরিক সৈন্য ; স্বদেশে কার্য্য করিবার জন্য অনিয়মিত সেনাদল ; Citizens trained to arms for war and not as a standing army.

Militia-man, mi'-lish'a-man, n. সৈন্য ; মিলিশা-সৈন্যদলের অন্তর্ভুক্ত সৈনিক ; A soldier in the militia force.

Milk, milk, n. দুগ্ধ ; উদ্ভিদ্ দুগ্ধ ; A white fluid secreted by female mammals for the nourishment of their young ; a white-like juice of some nuts or plants :—v. t. দুগ্ধ দোহন-কৃ ; দুগ্ধ টানিয়া লওয়া ; দুগ্ধ দেওয়া ; To draw milk from ; to supply with milk ; to press milk from :—গোপনে বাহির-কৃ , To draw the substance, contents &c., from, *esp.* surreptiteously, as to milk a telegram—to use information designed for others. n=milker.

Milk and water—দুর্ব্বল ; ক্ষীণ ; Weak ; lacking in force, energy &c.

The milk of human kindness—কোমল অন্তঃকরণ ; কোমল হৃদয় ; Softness of heart.

Milker, n. যে বা যাহা দোহন করে ; One who or that which milks :—দুগ্ধবতী গাভী ; দুগ্ধবতী জন্তু , An animal giving milk.

Milk-fever, milk'-fē'vėr, n. স্তন্য দুগ্ধজনিত জ্বর ; সূতিকাজ্বর ; Puerperal fever ; a fever which accompanies the secretion of milk after bearing.

Milk-gage, n. দুগ্ধ-পরিমাপক যন্ত্র ; Lactometer.

Milk-livered, a. ভীরু ; Cowardly.

Milkmaid, milk'mād, n. গোপী ; গোয়ালিনী ; গোপিকা ; A woman who milks or sells milk ; a dairy-maid

Milkpail, n. দোহন-পাত্র ; দুধ দুইবার কেঁড়ে।

Milk-sickness, n. গো-পীড়া , Cattle-disease.

Milksop, milk'sop, n. দুগ্ধে ভিজান রুটী ; দুগ্ধসিক্ত রুটীখণ্ড ; A piece of bread sopped in milk :—দুর্ব্বলচিত্ত লোক ; ভীরু কাপুরুষ ; An effeminate feeble-minded man.

Milk-tooth, n. দুধে দাঁত ; কচি দাঁত ; First tooth of a child or colt.

Milk-tree, milk'-trē, n. বৃক্ষ বিশেষ ; দুগ্ধপাদপ , A tree yielding a milk-like nourishing juice, as the cow tree of South America.

Milk-woman, n. গোয়ালিনী ; গোপিকা ; One who sells milk ; a dairy-maid.

Milky, milk'i, a. দুগ্ধময় , দুগ্ধপূর্ণ ; দুগ্ধবতী ; Having the qualities of milk ; full of milk ; yielding milk :—নরম ; কোমল ; ধীর ; Soft ; gentle. n=milkiness (কোমলতা ; softness.) ad=milkily.

Milkyway, milk'i-wā, n. ছায়াপথ ; Belt of stars in the heavens ; galaxy.

Mill, mil, n. যাঁতা ; পেষণ যন্ত্র ; কল ; A machine for grinding :—v. t. চূর্ণ-কৃ ; পেষণ-কৃ ; To grind : —মুদ্রাঙ্কিত-কৃ , To stamp, as coin. *Syn* :—(v) Comminute ; coin, stamp, forge ; full.

Bring grist to one's mill—পয়সা আনা ; Be profitable to one ; be a source of profit to one ; add to one's income or profits.

Mill-cog, n. যাঁতার দাঁত ; পেষণযন্ত্র-চক্রের দাঁত ; The tooth of a wheel.

Mill-dam, mil'dam, **Millpond,** milpond, n. পেষণযন্ত্র-পরিচালনোপযোগী জলাশয় বা বাঁধ ; A dam to obstract watercourse and raise the water to a height sufficient to turn a mill-wheel.

Millenarian, a. সহস্রবর্ষব্যাপী ; Lasting a thou-

sand years :—*n.* বিশ্বাসপরায়ণ ব্যক্তি ; One who believes in the millennium. *n*=millenarianism, millenarism.

Millenary, mile-nar-i, *a* [L *mille*, a thousand] সহস্র ; সহস্র সংখ্যক ; Consisting of a thousand :—*n.* সহস্র বৎসর ; সহস্রবর্ষ ; A thousand years.

Millennial, mil-leńi-al, *a.* সহস্র বর্ষীয় , Pertaining to the millennium.

Millennialist, *n.* সহস্রবর্ষীয় বিশ্বাসপরায়ণ লোক ; One who believes in the millennium.

Millennianism, Millenniarism, *n.* পৃথিবীতে স্বয়ং খৃষ্টের সহস্রবর্ষব্যাপী রাজত্বকালে বিশ্বাস , Belief in the millennium.

Millennium, mil-leńi-um, *n.* [L *mille*, a thousand, *annus*, a year] সহস্রবর্ষ , পৃথিবীতে স্বয়ং খৃষ্টের সহস্রবর্ষব্যাপী রাজত্বকাল ; 1000 years, expected reign of Jesus on Earth , something that will never come or at a most distant time

Milleped, *n.* বহুপদ কীট বিশেষ , An insect. *pl*= millepedes.

Miller, milér, *n* শস্যপেষণ-যন্ত্রাধ্যক্ষ , One who attends a corn-mill

A joe miller—পচা তামাসা ; A stale jest

Miller's-thumb, milérz-thum, *n* ক্ষুদ্র মৎস্য বিশেষ , A small fish.

Millesimal, *a.* সহস্রাংশে বিভক্ত , Consisting of a thousand parts. *ad*=millesimally.

Millet, milet, *n* [L. *mille*, a thousand] ধান , ধান্য , নীবার ; A plant, its grain , a grass yielding grain used for food

Milliard, *n.* শতকোটি , A thousand millions

Milliner, milin-ér, *n* স্ত্রীলোকের টুপী প্রস্তুতকারী , স্ত্রীলোকের মস্তকাবরণ নির্ম্মাতা ও বিক্রেতা , One who makes woman's head dress , bonnet &c

Millinery, milin-ér-i, *n* বস্ত্র , পরিচ্ছদ , মিলিনারের নির্ম্মিত বা বিক্রীত দ্রব্যজাত The articles made or sold by milliners

Milling, *n* পেষণযন্ত্র মধ্য দিয়া পরিচালন , বস্ত্র ধৌত প্রণালী , The act of passing through a mill ; the process of fulling cloth

Million, milyun, *n* [L *mille* a thousand] দশলক্ষ , অসংখ্য , 1000000 ; a very great number

Millionaire, milyun-ār, *n.* দশলক্ষপতি , ক্রোরপতি , কুবের , One worth a million of money or enormously rich.

Millionary, milyun-ar-i. *a* দশলক্ষ সম্বন্ধীয় , বৈযুতিক , দশলক্ষ পরিমিত , Pertaining to or consisting of millions.

Millionth, *n.* The ten hundred thousandth

Mill-race, milrās, *n* পেষণযন্ত্রপরিচালক জলপ্রবাহ বা যে খাদে উহা প্রবাহিত হয় , The current of water that turns a mill-wheel or the canal in which it runs.

Mill-stone, milstōn, *n.* শস্য চূর্ণ করিবার প্রস্তর , শস্য-পেষণ প্রস্তর ; Round stone for grinding corn.

Hang or **weigh like a mill-stone round one's neck**—বুকে পাথরের মত চাপিয়া থাকা ; বড়ই কষ্টকর হওয়া , Oppress one's mind as with a very heavy load.

Millstone-grit, *n.* জাঁতার উপযুক্ত প্রস্তর বিশেষ ; A hard gritty standstone suitable for millstones.

Milt, milt, *n.* প্লীহা , অণ্ড , পুংমৎস্য-বীজ , The spleen , the soft, white spermatic glands of the male fish ; sperm of the male fish :—*v. t.* সন্তান হইবার উপযুক্ত-কৃ , To impregnate, as the spawn of the female fish.

Milter, *n.* পুংমৎস্য , A male fish.

Mill-wright, mil-rit, *n.* জাঁতাকল-নির্ম্মাণকারী ; পেষণযন্ত্র নির্ম্মাতা ; One who constructs the work of a mill

Mime, *n* প্রকৃত ঘটনা-প্রদর্শী প্রহসন ; ঐরূপ প্রহসনের অভিনেতা ; A kind of farce, in which real characters were represented, an actor in such a farce.

Mimetic, mi-metik, **Mimetical,** mi-metik-al, *a.* [Gr. *mimos*, an imitator] অনুকরণকারী ; অনুকরণপটু ; Apt to imitate

Mimic, mimik, **Mimical,** mimik-al, *a.* অনুকরণপ্রিয় , অনুকরণপ্রবৃত্ত ; Imitative , apt to copy ; inclined to copy.

Mimic, mimik, *v t* পরিহাসার্থ অনুকরণ-কৃ ; To imitate for sport :—*n* ভাঁড় , অনুকরণকারী ; নীচ অনুকারী ; A buffoon ; a servile imitator

Mimicry, mimik-ri, *n* ভাঁড়ামি , ভণ্ডতা , Buffoonery

Mimosa, *n.* লজ্জাবতী জাতীয় লতা . A genus of leguminous plants.

Minaret, mińa-ret, *n* মসজিদের চূড়া , A slender spire ; a turret on a Mahommedan mosque, from which the people are summoned to prayer.

Minatory, mińa-tor-i, *a* [L. *minatus*, to threaten] ভয়প্রদর্শক , ভীতিপ্রদর্শী , Threatening ; menacing.

Mince, mins, *v t* খণ্ড খণ্ড-কৃ সূক্ষ্মরূপে ছেদন-কৃ ; To cut into very small pieces , to chop fine :— আস্তে আস্তে বলা ; Speak little at a time ; clip words —*v i* আস্তে আস্তে চলা ; ভঙ্গী করিয়া হাঁটা বা কথা কহা , কোমলভাবে কথা কহা , To walk with sort steps: to walk with affected nicety , to speak with affectedly. *Syn* :—Hash, chop small, comminute , diminish, attenuate, palliate, extenuate ; affect delicacy

Mincematters—সত্য গোপন-কৃ ; Suppress the truth.

Not to mince matters—স্পষ্ট কথা বলিলে ।

Minced-meat, *n* মাংসখণ্ড , Meat cut very small.

Minced-pie, minst-pi, **Mince-pie,** mins-pi, *n.* মাংসখণ্ডের পিঠা ; সূক্ষ্মরূপে ছেদিত মাংসাদির পিষ্টক ; Pie or pasty containing minced meat

Mincing, minsing, *a* অসম্পূর্ণ-প্রদায়ী ; ভঙ্গিসহকারে বাক্যোচ্চারী বা ভ্রমণশীল , Not giving fully , speaking or walking with effected nicety *ad*=mincingly.

Mind, mind *n* মন ; The faculty of understanding ; the rational faculty in man :—মনোভাব ; Sentiment , —আত্মা , The entire spiritual nature :— বুদ্ধিবৃত্তি The understanding :—প্রবৃত্তি ; অভিরুচি ; মানস , ইচ্ছা ; Liking ; choice :—বিশ্বাস ; স্মৃতি ; Belief , remembrance ; memory —সঙ্কল্প , অভিপ্রায় , Intention :—মত ; Opinion :—*v. t.* মনোযোগ-কৃ ; মান্য-কৃ , প্রতিপালন-কৃ ; স্মরণ-কৃ , To attend to ; obey , notice, note , mark ; regard ; remember : —*v i* অভিপ্রায়-কৃ ; To intend. *Syn* :—(*n*) Soul, spirit, intellect, reason, brains, sense, judgment, thoughts ; recollection ; inclination, disposition, will, wish , liking. (*v*) Observe, watch ; heed, obey.

Absence of mind—অন্যমনস্কতা , In attention to what is passing or present.

A turn of mind—মনের গতি বা ভাব, A certain bent or disposition of mind.

Bear it mind—স্মরণ রাখা ; Not to forget, keep in mind.

Be of the same mind—একমত-হ, ঐক্য-হ, Be of the same opinion.

Call to mind—স্মরণ-কৃ ; Remember.

Cross one's mind—মনে উদয়-হ, যোগান, Occur to one.

Mind one's P's and Q's—যত্নবান-হ ; সতর্ক-হ, To be careful ; to be circumspect.

Mind what you are about—সতর্ক-হ, সাবধান-হ, Be careful

Never mind—গ্রাহ্য করিও না ; রেখে দাও, Do not heed ; it is of no consequence.

Of one mind, Of the same mind—একমত ; Of the same opinion or inclination, unanimous

One's mind misgives one—আশঙ্কা বা উদ্বেগ-পূর্ণ-হ, মনে সন্দেহ-কৃ ; One's mind is filled with apprehension or uneasiness (about something)

Out of mind—শূন্যমনস্ক ।

Out of one's mind, Gone out of ono's mind—বিকৃতবুদ্ধি, Deranged in intellect, insane

Put one in mind of—স্মরণ করান, মনে পড়াইয়া বা করাইয়া দেওয়া, Remind one of.

To one's mind—কাহার মতে, কাহার চক্ষে, In one's opinion ; in one's view

Minded, minded, *a.* ইচ্ছুক, সঙ্কল্পবদ্ধ, কৃতসঙ্কল্প, Disposed ; determined. *n*=mindness.

Mindful, mind'fool, *a* মনোযোগী, লক্ষ্যকারী Attentive, observant. *n*=mindfulness *ad*= mindfully.

Mindless, mindles, *a* নির্বোধ, বুদ্ধিবৃত্তিশূন্য Stupid. *Syn* :—Unthinking, regardless, heedless, forgetful, negligent, careless, neglectful

Mine, min, *a. pro* আমার, Belonging to me, my

Mine, min, *n* [L *minare*, to drive] খনি, A pit in the earth from which stones and metals are dug :—সুড়ঙ্গ, বারুদ দ্বারা দুর্গাদি ভূমিসাৎ করিবার অভিপ্রায়ে তন্নিম্নে খনিত সুড়ঙ্গ, An excavation dug under a fortification to blow it up with gunpowder :—ধনের আকর ; A rich source of wealth —*v. t.* ধাতু নিষ্কাশনার্থ খনন-কৃ, খনন-কৃ, To dig or form mines ; to excavate, to burrow, sap undermine :—*v. i* গোপনে ধ্বংস-কৃ, গুপ্ত উপায়ে ধ্বংস-কৃ, To destory by secret means.

Miner, mīnér, *n.* খনিখনক, খনক, One who digs in a mine

Mineral, minér-al, *n* ধাতু, খনিজপদার্থ Any substance containing a metal :—*a* ধাতব, খনিজময়, Relating to minerals, impregnated with minerals, as water.

Mineralise, minér-al-iz, *v. t* ধাতুতে পরিণত-কৃ, ধাতুময়-কৃ, ধাতু সংযোগ-কৃ ; To make into or combine with a mineral —*v i.* ধাতু সংগ্রহ-কৃ; To collect minerals. *n*=mineralisation

Mineralist, minér-al-ist, *a.* ধাতুবিদ্যাবিশারদ, খনিজজ্ঞ, One versed in or employed about minerals.

Mineralogical, *a.* খনিজবিদ্যাসম্বন্ধীয়, Pertaining to mineralogy. *ad*=mineralogically.

Mineralogist, *a.* খনিজবিদ্যাবিদ্, One versed in mineralogy

Mineralogy, min-ér-alo-ji, *n.* খনিজবিজ্ঞান, ধাতুবিদ্যা, The art of describing and classifying minerals. *a*=mineralogical.

Minerva—সরস্বতী ; The goddess of wisdom of the Greeks and Romans.

Minever, *n.* same as *meniver.*

Mingle, ming'gl, *v. t.* মিশ্রিত-কৃ ; বিশৃঙ্খল-কৃ ; তালপাকান, To mix ; to confuse ; to unite into one mass :—*v. i.* মিশ্রিত-হ, মিলিত-হ ; To be mixed or confused. *n*=mingler. *Syn* :—Blend, intermingle, compound ; confound, confuse.

Mingle (or mix) in—মিশা ; Join :—কিছুতে যোগ দেওয়া ; Take part in.

Mingle (or mix) with—কাহারও সহিত মিশা ; Associate with.

Miniature, mini-a-tūr, *n.* ক্ষুদ্র চিত্র ; হ্রস্ব প্রতিরূপ ; Very small likeness or picture :—*a.* হ্রস্ব, ক্ষুদ্র, হ্রস্ব, Minute, on a small scale :—*v. t.* ক্ষুদ্রতর মাপে প্রতিরূপ প্রদর্শন-কৃ, To represent on a small scale.

In miniature—ছোটখাট রকমের ; On a small scale :—Smaller than the object represented.

Minikin, mini-kin, *n.* প্রিয়পাত্র, প্রিয় ব্যক্তি ; Darling, favourite :—ক্ষুদ্র আলপিন, A small sort of pin —*a* ক্ষুদ্র, Small

Minim, minim, *n* [L *minimus*, the least] এক ফোঁটা, বিন্দু পরিমাণ, A small measure, a single drop —সঙ্গীত সঙ্কেত বিশেষ, A note in music

Minimisl, *v t* হ্রাস কৃ, লঘু-কৃ, To diminish.

Minimum, mini-mum, *n* সর্ব্বাল্প, সামান্য বস্তু ; The least, a trifle :—*a.* ন্যূন সংখ্যা, সর্ব্বাল্প, Small. *pl*=minima

Mining, *n* সুড়ঙ্গ বা খনিখনন বিদ্যা, The art of forming or working mines

Minion, minyun, *n* [Ger. *minne*, love] রাজার অনুগ্রহভাজন, বল্লভ, তোষামোদকারী, A favourite, especially of a prince, a flatterer —ছাপিবার অক্ষর বিশেষ. A small kind of printing types. *Syn* —(*n*) Darling, pet, fawner, sycophant, parasite, dependent, trencher friend.

Minish, *v.* হ্রাস-কৃ, To diminish.

Minister, mini-ter, *n* দাস, ভৃত্য, A servant :—অধীন কর্ম্মচারী, A subordinate :—প্রধান সচিব, রাজমন্ত্রী A high officer of state, counsellor —দূত, An ambassador —আচার্য্য, পুরোহিত, ধর্ম্মযাজক, Clergyman, priest —*v i.* সেবা কৃ, To serve ; to attend, as a servant —সাহায্য-দে ; To give help :—*v t* যোগান, প্রদান-কৃ ; To furnish, afford, supply, administer *Syn* —(*n*) Subordinate, administrator, executive officer ; envoy, delegate, parson, pastor. (*v*) Give, contribute, attend, wait on, serve, officiate.

Minister to—কাহারও কষ্ট বা দুঃখে শান্তির জন্য যাহা আবশ্যক তাহা করা ; Do the needful for ; contribute to :—পূরণ করা, Suppiy .—কোন কিছুর শান্তির উপায়-কৃ, Offer relief to

Ministering angel—মনুষ্যের সাহায্যের জন্য প্রেরিত দূত, Spirit sent by God to help men :—যিনি পরের হিতব্রতে রত, যিনি পরের দুঃখমোচন বা সেবাশুশ্রূষায় নিযুক্ত, One possessed of angelic goodness ; one engaged in ministering to the needs of the afflicted

Ministerial, min-is-tē'ri-al, *a.* রাজমন্ত্রীসম্বন্ধীয় ; Pertaining to the office of a minister :—যাজকীয় Clergical :—কার্য্যক্ষম ; Executive :—লেখকসম্বন্ধীয় Clerical :—আদেশানুসারে কর্ম্মকারী ; Acting under authority *ad*=ministerially

Ministerialist, *n.* মন্ত্রিপক্ষ, A supporter of

ministers or the government.

Ministrant, mini̇s-trant, *a.* সহগামী ; আদেশানুবর্ত্তী ; সেবারত ; Administering ; attendant.

Ministration, min-is-trāshun, *n.* কার্য্যসম্পাদন ; কর্ত্তব্যকর্ম্ম সাধন ; The act of performing service : —যাজকত্রীর পদ ; যাজকত্ব ; The office or service of a minister :—যাজকের পদ ; Ecclesiastic function. *Syn* :—Ministry, agency, instrumentality.

Ministrative, mini̇s-trā't-iv, *a.* সাহায্যকারক ; সাহায্যকারী ; Serving to aid or assist.

Ministry, mini̇s-tri, *n.* কর্ম্ম ; Ministration ; agency :—সচিবত্ব ; মন্ত্রীত্ব ; The office or duties of a minister :—পুরোহিতগণ ; যাজকসম্প্রদায় ; পুরোহিত ; যাজকবৃত্তি ; The clergy ; the ecclesiastical profession ; the clergical profession :—সচিবসমূহ ; মন্ত্রীবর্গ ; রাজ্যের মন্ত্রিদল ; The body of ministers of state :—সেবা ; Service.

Mink, mingk, *n.* নকুল জাতীয় জন্তু . A carnivorous and fish-eating quadruped, allied to the weazel.

Minnow, minō, *n.* ক্ষুদ্র মৎস্য বিশেষ . A very small fish

Minor, mīnor, *a.* ছোট ; ক্ষুদ্রতর ; Less ; smaller · —নিম্নতর ; Lower .—*n.* নাবালক ; অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি ; A person under age :—Second proposition or subject of a syllogism *Syn* :—(*a*) Junior, younger ; subordinate, petty.

Minorite, mīnor-it, *n* সন্ন্যাসী বিশেষ ; A fransiscan friar

Minority, mi-nor'e-te, *n.* নাবালকত্ব ; অপ্রাপ্তবয়স্কতা ; State of a minor . the state being under age , —অল্প সংখ্যা , ক্ষুদ্রতর সংখ্যা ; The smaller number, as of votes. *Syn* :—Nonage, pupilage.

Minotour, mino-tawr, *n.* নরসিংহ ; একাংশ মানব অপরাংশ বৃষ ; A fabled monster, half-man and half-bull.

Minstor, minster, *n* প্রধান ধর্ম্মশালা , প্রধান গির্জ্জা ; Convent · conventional church ; cathedral church.

Minstrel, minstrel, *n.* বাদ্যকর ; গায়ক , গীতবাদ্যকারী ; Bard ; harper.

Minstrelsy, minstrel-si, *n* বাদ্য ; Instrumental music :—গায়কগণ ; গীতসমষ্টি . The collective body of ministrels ; a body songs

Mint, mint, *n* টাঁকশাল ; The place for making money :—উদ্ভাবন করিবার স্থান , যে স্থানে কিছু প্রস্তুত হয় ; A place for invention, fabrication or production .—প্রাচুর্য্য ভাণ্ডার ; Unlimited supply . —*v. t.* মুদ্রা প্রস্তুত-কৃ ; To coin (as money) :—গঠন-কৃ ; উদ্ভাবন-কৃ , To invent ; forge, fabricate, fashion.

Mintage, mintāj, *n.* মুদ্রিত দ্রব্য , That which is coined :—মুদ্রিত করিবার খরচা , মুদ্রা প্রস্তুত করিবার মাশুল . Charge for coining ; the duty paid for coining.

Minter, minter, *n.* মুদ্রা-প্রস্তুতকারী ; মুদ্রাকারক , One who coins :—আবিষ্কারক , উদ্ভাবক ; An inventor.

Mintman, *n.* মুদ্রা-প্রস্তুতকারী ; One skilled in coining or in coins ; a coiner.

Mint-master—টাঁকশালের অধ্যক্ষ ; Chief officer of mint.

Minuend, minū-ent, *n.* [L. *minuo,* to lesson] পূরণীয় সংখ্যা বিশেষ ; বিয়োজ্যরাশি ; The number to be lessened by subtraction.

Minuet, minū-et, *n.* নৃত্য বিশেষ ; A stately, regular dance ; a slow, graceful dance ; a tune regulate such a dance.

Minus, mīnus, *n. a.* অপেক্ষাকৃত অল্প গণিতের হ্রাসক চিহ্ন ; ক্ষুদ্রতর ; বিয়োজ্য ; Less, wanting,—the sign.

Minute, mi-nūt, *a.* [L. *minutus, pp.* of *minuere,* to lessen] অতি ক্ষুদ্র ; Very small :—অতি সূক্ষ্ম ; অতি অল্প ; নগণ্য ; সামান্য ; বিশিষ্ট ; যথাযথ ; Very slender or little ; of little consequence ; slight ; particular ; exact :—*n.* ঘণ্টার ষাট ভাগের এক ভাগ ; ক্ষণ , আড়াই পল ; Sixtieth part of an hour :—সংক্ষিপ্ত বর্ণনা ; চুম্বকলিপি ; Short sketch or note of proceedings :—*v. t.* সংক্ষেপে লিখা ; চুম্বক লিপিবদ্ধ-কৃ ; To make a brief jotting or note of any thing. *n*=minuteness, *ad*=minutely. *Syn* :—(*a*) Microscopic, diminutive, slight, tiny ; exact, circumstantial, detailed.

Minute-book, minit-book, *n.* চুম্বক মন্তব্য লিপি-পুস্তক ; A book containing short hints.

Minute-glass, minit-glas, *n.* মিনিট জ্ঞাপক বালির ঘড়ি ; A glass, the sound of which measures a minute in running.

Minute-gun, minit-gun, *n.* যে কামান প্রতি মিনিটে ছাড়া হয় ; মিনিটে মিনিটে তোপধ্বনি ; A gun discharged every minute, as a signal of distress.

Minute-hand, minit-hand, *n.* মিনিট প্রদর্শিনী ; ঘড়ির মিনিটের কাঁটা ; The hand that points to the minutes on a clock or watch.

Minutely, *ad.* তন্ন তন্ন করিয়া ; Particularly.

Minute-man--One enlisted for service whenever required to be ready to march at a moment's notice.

Minuteness, *n.* অতি ক্ষুদ্রতা ; অতি সূক্ষ্মতা ; Extreme smallness or fineness. *Syn* :—Slenderness, exility, tenuity, exiguity ; particularity, niceness, exactness.

Minutiae, mi-nū'shi-ē, *n.* ক্ষুদ্রতম বিবরণ ; সূক্ষ্মতম ঘটনা , The smallest particulars or details.

Minx, mingks, *n* দুষ্টা যুবতী ; চপলা বালিকা ; A pert, wanton girl :—কুকুরশাবকী , কুকুর বিশেষ ; নকুল জাতীয় জন্তু বিশেষ ; A she-pupy ; a lap-dog ; a mink.

Miny, mini, *a.* খনিময় ; ভূগর্ভস্থ ; Abounding with mines ; subterraneous.

Miocene, *a.* [Gr. *meion,* less, and *kainos,* recent] অপেক্ষাকৃত অল্প আধুনিক ; Less recent, applied to the middle division of the tertiary strata.

Miracle, mir'a-kl, *n.* [L. *miraculum,* from *mirari,* to wonder] অলৌকিক ব্যাপার ; অদ্ভুতকাণ্ড ; অমানুষিক ব্যাপার ; অলৌকিক ঘটনা , A prodigy ; a supernatural event ; anything wonderful. *Syn* : —Wonder, prodigy, marvel.

Miracle-mongor, *n.* A dealer in miracle.

Miracles-play, *n* Scripture play ; a spectale or dramatic representation exhibiting the lives of the saints.

Miraculous, mir-akū-lus, *a.* আশ্চর্য্যজনক ; অদ্ভুত , অত্যদ্ভুত ; অমানুষিক কাণ্ডতুল্য ; Of the nature of a miracle ; very wonderful ; performed supernaturally. *ad*=miraculously. *n*=miraculousness. *Syn* :—Supernatural, preternatural, extraordinary, unaccountable.

Mirage, mi-razh, *n.* মৃগতৃষ্ণা ; মরীচিকা , An optical illussion as of trees land or town far off.

Mire, mir, *n.* কর্দ্দম ; পঙ্ক ; Deep mud :—*v. t.*

পাঁকে নিমগ্ন-কৃ ; কর্দ্দমে প্রোথিত-কৃ ; কর্দ্দমাক্ত-কৃ ; To plunge and fix in mire ; to soil with mud :—*v. i.* পাঁকে প্রোথিত-হ ; To sink in mud.

Mirk, *a.* অন্ধকারময় ; Dark ; marky :—*n.* অন্ধকার, Darkness ; gloom.

Mirky, *a.* অস্পষ্ট ; Dark ; obscure.

Mirror, mir'er, *n.* [L. *mirari*, to wonder] দর্পণ ; আরসি ; A looking-glass :—আদর্শ, Pattern ; —দর্পণতুল্য চিক্কণ বস্তু ; Any polished substance that reflects objects :—*v. t.* প্রতিবিম্বিত-কৃ, প্রতিফলিত-কৃ ; To reflect, as in a mirror.

Mirth, merth, *n.* হর্ষ ; উল্লাস, আমোদপ্রমোদ, আনন্দ ; উচ্চহাস্য ; Merriment ; pleasure ; noisy gaiety ; sport ; laughter. *Syn* .—Joyousness, gladness, glee, hilarity, festivity, jollity, sport, fun.

Mirthful, merthfool, *a* হর্ষাকুল, উল্লাসিত, আনন্দ ; প্রফুল্ল ; প্রমত্ত ; Merry ; jovial ; full of merriment. *n*=mirthfulness, *ad*=mirthfully *Syn* :—Jocund, cheerful, jolly ; playful, sportive, frolicsome.

Miry, mi'ri, *a.* পঙ্কিল, কর্দ্দমময় ; কর্দ্দমাবৃত ; Abounding in mire, containing of mud ; covered with mire. *n*=miriness

Misadventure, mis-ad-ven'tūr, *n.* দুর্ঘটনা ; দুর্দ্দৈব ; দুর্ভাগ্য, Accident ; disaster ; ill-luck. *Syn* :—Mishap, mischance, misfortune, infelicity, disaster, calamity.

Misadvised, mis-ad-vīzd, *a.* কুপরামর্শ দ্বারা চালিত, কুপথে চালিত ; অসদুপদিষ্ট ; Ill-advised, ill-directed

Misalliance, mis-al lians, *n.* কুসম্বন্ধ ; অনুচিত সম্বন্ধ ; Improper alliance, improper association.

Misanthrope, mis̍an-thrōp, **Misanthropist,** mis-anthro-pist, *n.* নরদ্বেষী ; মনুষ্য-বিদ্বেষী, Hater of mankind.

Misanthropic, mis-an-throp'ik, **Misanthropical,** *a.* নরদ্বেষী, মনুষ্য প্রতি ঘৃণাপর, Hating mankind ; cynical ; morose *ad*=misanthropically. [মনুষ্য-বিদ্বেষ ; Hatred to mankind.

Misanthropy, mis-anthro-pi, *n* মানবদ্বেষ,

Misapply, mis-ap-plī', *v. t* অযথারূপে প্রয়োগ-কৃ ; অপপ্রয়োগ-কৃ, To apply wrongly or to a wrong purpose. *n*=misapplication. *Syn* :—Misemploy, abuse, pervert.

Misapprehend, mis-ap-prē-hend, *v. t* অন্যার্থ গ্রহণ-কৃ ; ভুল বুঝা, To apprehend wrongly ; to misunderstand. *n*=misapprehension (ভ্রম, অন্যার্থ গ্রহণ ; Misconception ; mistake).

Misappropriate, mis-ap-prō'pri-āt, *v. t.* অন্যায়রূপে আত্মসাৎ-কৃ ; অন্যায়রূপে প্রয়োগ-কৃ বা ব্যয়-কৃ ; To appropriate wrongly. *n*=misappropriation.

Misarrange, mis-ar-rānj, *v. t.* অযথা বিন্যাস-কৃ; To arrange in a wrong order. *n*=misarrangement.

Misascribe, Misassign, *v. t.* অন্যায় আরোপ-কৃ ; To ascribe or assign erroneously.

Misbecome, mis-be-kum, *v. t.* অযোগ্য-হ ; অনুপযোগী-হ ; To suit ill, not to befit or suit ; not to become one. [fully begotten.

Misbegot, gotten, *a.* অবৈধরূপে জাত ; Unlaw-

Misbehave, mis-be-hāv, *v. t.* অন্যায় আচরণ-কৃ ; অসৎ ব্যবহার-কৃ ; To behave ill or improperly. *n*=misbehavious.

Misbehaviour, mis-bē-hāvyer, *n.* মন্দ আচরণ ; কুব্যবহার ; Improper, rude, or incivil behaviour ; ill conduct. *Syn* :—Misconduct, miscarriage, misdemeanour.

Misbelieve, mis-be-lēv, *v. i.* অন্যায় বিশ্বাস-কৃ ; মিথ্যা বিশ্বাস-কৃ ; To believe wrongly or falsely. *n*=misbelief, misbeliever.

Misbeliever, *n.* ভুল বিশ্বাসকারী ; উপধর্ম বিশ্বাসকারী ; One who believes wrongly, one who holds a false religion.

Miscalculate, mis-kalkū-lāt, *v. t.* মিথ্যা গণনা-কৃ ; ভুল গণনা-কৃ, To calculate erroneously. *n*=miscalculation.

Miscall, mis-kawl, *v. t.* অপ্রকৃত নামে ডাকা ; অযথা নামে আহ্বান-কৃ ; গালি দেওয়া ; To call by a wrong name, to abuse or revile.

Miscarriage, mis-kar'ij, *n.* গর্ভপাত, অকালে প্রসব; Abortion :—অকৃতকার্য্যতা ; অসদাচরণ; Failure ; ill-conduct. *Syn* :—Mishap, mischance ; premature birth, misconduct, misbehaviour.

Miscarry, mis-kar'i, *v. i.* সফল না হওয়া ; অকৃতকার্য্য-হ, To be unsuccessful :—অকালে প্রসব-কৃ, গর্ভস্রাব-হ, To bring forth as young, prematurely, to abort.

Miscellaneous, mis-sel-lā'nē-us, *a.* [L. *miscellaneus*, from *miscere*, to mix] মিশ্রিত ; বিবিধ, Mingled, consisting of several kinds, various. *n*=miscellaneousness, *ad*=miscellaneously. *Syn* :—Mixed, deversified, promiscuous [writer of miscellanies.

Miscellanist, *n.* বিবিধবিষয়ক প্রবন্ধ-লেখক ; A

Miscellany, mis̍el-an-e, *n.* ভিন্ন ভিন্ন প্রকারের মিশ্রণ, A mixture of various kinds, medley :—বিবিধ রচনা সংগ্রহ, বিবিধ জাতীয় লেখা সংগ্রহ ; Collection of writings on different subjects. *n*=miscellanist. *Syn* :—Mixture, diversity, variety, olio, melange, collection.

Mischance, mis-chans, *n.* দুর্ভাগ্য ; দুর্ঘটনা ; দুরদৃষ্ট, দুর্দ্দৈব ; Ill-luck ; ill-fortune, mishap ; misfortune, calamity. *Syn* .—Misadventure, infelicity, disaster

Mischief, mis̍chif, *n.* অনিষ্ট ; অপকার, হানি ; ক্ষতি ; Harm, injury, damage ; evil ; loss. *Syn* : —Hurt, detriment, ill-turn, prejudice ; ill consequence, misfortune, trouble.

Mischievous, mis̍chēv-us, *a.* অনিষ্টজনক ; অনিষ্টকর, ক্ষতিকর ; ক্ষতিকারক ; Injurious ; inclined to do mischief, prone to mischief. *n*=mischievousness, *ad*=mischievously.

Mischoose, mis-chōōz, *v. t.* অন্যায় নির্ব্বাচন-কৃ ; To choose wrongly :—*v i.* to make a wrong choice.

Miscible, mis̍i-bl, *a.* [L. *misceo*, to mix] মিশ্রণীয় ; Capable of being mixed.

Misconceive, mis-kon-sēv, *v. t.* ভুল-কৃ ; ভুল বুঝা ; ভুল ধারণা-কৃ ; To misapprehand, to conceive ; to mistake.—*v i.* ভুল ধারণা থাকা ; ভ্রান্ত ধারণা-কৃ ; To understand. *n*=misconception. *Syn* :—Misunderstand, misjudge.

Misconception, *n* ভুল ধারণা ; ভুল করণ ; Erroneous conception. *Syn* :—Misapprehension, misunderstanding, mistake.

Misconduct, mis-kondukt, *n.* দুশ্চরিত্র ; অসদাচরণ ; অসদাচার, Bad conduct, ill behaviour ;

misbehaviour; misdemeanour :—*v. t.* অসদ্ব্যবহার-কৃ; কুব্যবহার-কৃ; অসদাচরণ-কৃ; To conduct badly; mismanage.

Misconstrue, mis-kon̄stroo, *v. i.* অযথা অর্থ গ্রহণ বা ব্যাখ্যা-কৃ; অন্যায় অর্থ-কৃ; To interpret wrongly. *n*=misconstruction. *Syn* :—Mistranslate, misrender; misinterpret, misconceive.

Miscount, mis-kownt, *v. i.* ভুল গণনা-কৃ; To count wrongly :—*n.* ভুল গণনা; ভ্রান্ত গণনা; A wrong counting.

Miscreant, miskrē-ant, *n.* দুরাচার; নরাধম, অবিশ্বাসী; Wrong believer; vile wretch; an infidel. *Syn* :—Sceptic, unbeliever; villain, scamp, vagabond, knave, rascal, ruffian, caitiff.

Misdate, mis-dāt, *n.* ভুল তারিখ; A wrong date :—*v. t.* ভুল তারিখ-দে; To date erroneously.

Misdeed, mis-dēd, *n.* কুকর্ম; অকার্য; অসৎকর্ম; দোষ; অপরাধ; An evil deed; fault; crime. *Syn* :—Misconduct, misdemeanour, offence, trespass, transgression.

Misdemeanour, mis-dē-mēner, *n.* অসদাচার; দুষ্কর্ম; কুব্যবহার; সামান্য অপরাধ; Bad conduct; a petty conduct; a petty crime. *Syn* :—Misbehaviour, misdeed, trespass, transgression.

Misdirect, mis-di-rekt, *v. t.* ভুল ঠিকানা-দে; অন্যায় পরিচালন-কৃ; To direct wrongly. *n*=misdirection.

Misdo, misdōō, *v. t.* অন্যায়-কৃ; অপরাধ-কৃ; To do wrong. *n*=misdoer.

Misdoubt, mis-dout, *v. t.* মিথ্যা সন্দেহ বা আশঙ্কা করা; To be suspicious or apprehensive of *Syn* :—Suspect, mistrust, distrust.

Misemploy, mis-em-ploy', *v. t.* অন্যায়পূর্ব্বক নিয়োগ-কৃ; অপপ্রয়োগ-কৃ; অপব্যবহার-কৃ; To employ amiss; to misuse. *n*=misemployment.

Miser, mi'zer, *n.* [L. *miser*, wretched, miserable] ব্যয়কুণ্ঠ; কৃপণ; হতভাগ্য; A niggard; a wretch. *Syn* :—Churl, skinflint, screw, sordid fellow, low wretch.

Miserable, mi'zer-a-bl, *a.* অতি দীন; নিঃস্ব; দুঃখী; হতভাগ্য; তুচ্ছ; ঘৃণ্য; শোচনীয়; অনুর্ব্বর; Very poor, mean; worthless; wretched; despicable; barren. *n*=miserableness, *ad*=miserably. *Syn* :—Abject, forlorn, pitiable, wretched, sorrowful, afflicted, melancholy, dejected; low, mean, despicable, contemptible. [psalm.

Miserere, *n.* খৃষ্টীয় এক পঞ্চাশৎ সঙ্গীত; The 51st

Miserly, mi'zer-le, *a.* কৃপণ; অতিলোভী; কৃপণস্বভাব; লঘুচেতা; Parsimonious; stingy; avaricious; niggardly, sordid. *Syn* :—Penurious, mean, beggarly, close-fisted.

Misery, mizer-e, *n.* [L. *miseria*, *miser*, wretched] দুঃখ; দুর্বিপাক; কষ্ট; যন্ত্রণা; Distress; trouble; calamity; grief; extreme pain. *Syn* :—Wretchedness, torture, agony, torment, anguish, sorrow, affliction, misfortune.

Misfortune, mis-for'tūn, *n.* দুঃখ; দুর্ভাগ্য; দুর্ঘটনা; দুর্বিপাক; Ill-fortune; ill-luck; calamity. *Syn* :—Mishap, mischance, misadventure, harm, disaster, stroke, blow, visitation; affliction, trouble, distress, adversity.

To my misfortune—দুর্ভাগ্যবশতঃ।

Misgive, mis-giv, *v. t.* সন্দিগ্ধ-হ; সংশয়াপন্ন-হ; বিশ্বাসহীন-হ; To fill with doubt; to fail. *n*=misgiving. [উপস্থিত হইয়াছে।

My heart misgives me—আমার অন্তরে সংশয়

Misgiving, *n.* সংশয়; অবিশ্বাস; Mistrust, distrust.

Misgotten, *a.* অন্যায়রূপে প্রাপ্ত; Unjustly obtained.

Misgovern, mis-guvėrn, *v. i.* কুশাসন-কৃ; To govern ill. *n*=misgovernment (কুশাসন)।

Misguide, mis-gid, *v. t.* ভ্রমে লইয়া যাওয়া; ভ্রমে নীত-কৃ; To lead into error. *n*=misguidance.

Mishap, mis-hap, *n.* দুর্দৈব; দুর্ঘটনা; দৈবদুর্বিপাক; দুরদৃষ্ট; দুর্ভাগ্য; Evil accident; ill-luck; misfortune. *Syn* :—Ill chance, calamity; mischance.

Misimprove, mis-im-proov, *v. t.* অসদাভিপ্রায়ে প্রয়োগ-কৃ; অপব্যবহার-কৃ; To fail to improve; to abuse; to misuse. *n*=misimprovement. *Syn* :—Misemploy; disregard, neglect.

Misinform, mis-in-form, *v. t.* ভ্রান্ত সংবাদ জ্ঞাপন-কৃ; মিথ্যা সংবাদ-দে; To tell incorrectly. *n*=misinformation, misinformer.

Misinterpret, mis-in-ter'pret, *v. t.* ভুল অর্থ-কৃ; To misconstrue; interpret wrongly. *n*=misinterpretation; misinterpreter (ভুল ব্যাখ্যা; ভুল ব্যাখ্যাকারী)। *Syn* :—Explain amiss, falsify, distort, misrepresent; misunderstand, misconceive, mistake. [join unfitly or improperly.

Misjoin, *v. t.* অযথাভাবে বা অনুপযুক্তরূপে সংযুক্ত-কৃ; To

Misjoinder, *n.* অপ্রকৃত পক্ষের বা অভিযোগের হেতুবাদের অন্যায় সমাবেশ; An incorrect union of parties or causes of action in a suit.

Misjugde, mis-juj, *v. t.* অযথা বিচার-কৃ; ভ্রান্ত মীমাংসা-কৃ; To judge wrongly :—*v. i.* বিচারে ভুল-কৃ; To err in judgment. *n*=misjudgment.

Mislay, mis-lā', *v. t.* অস্থানে রাখা; হারাইয়া ফেলা; To lay in a wrong place; to lose.

Mislead, mis-lēd, *v. t.* কুপথগামী-কৃ; ভ্রমে লইয়া যাওয়া; To lead into error; astray :—ভুল করাইয়া দেওয়া; To cause to mistake. *Syn* :—Misguide, misconduct, beguile, deceive, delude.

Mismanage, mis-manāj, *v. t.* মন্দরূপে কর্ম্ম নির্ব্বাহ-কৃ; To manage or behave :—*v. t.* মন্দরূপে চালান; কুপরিচালন-কৃ; To manage ill; conduct ill; administer improperly. *n*=mismanagement.

Misname, mis-nām, *v. t.* অন্য নামে ডাকা; অযথা নামে ডাকা, To call by the wrong name.

Misnomer, mis-nō-mėr, *n.* অপ্রকৃত নাম; মিথ্যা নাম; A wrong name.

Misogamist, mis-og'a-mist, *n.* [Gr. *miseo*, to hate, and *gamos*, marriage] বিবাহ-বিদ্বেষী; বিবাহদ্বেষী; Hater of marriage. *n*=misogamy.

Misogynist, mis-oji-nist, *n.* [Gr. *miseo*, to hate, and *gynē*, a woman] রমণী-দ্বেষী; A woman-hater. *n*=misogyny.

Misplace, mis-plās, *v. t.* অস্থানে রাখা; To put in a wrong place :—অনুচিত পাত্রে স্থাপন-কৃ; To sent on an improper object. *n*=misplacement.

Misprint, mis-print, *v. t.* ভুল মুদ্রিত-কৃ; অশুদ্ধ ছাপা, To print wrong :—*n.* ছাপার ভুল; A mistake in printing.

Misprise, mis-priz, *v. t.* [F. *mes*, wrong, and *prendre*, to take] অবজ্ঞা-কৃ; হেয়জ্ঞান-কৃ; তুচ্ছ-কৃ; To slight or undervalue. *Syn* :—Misapprehend, mistake; undervalue, underrate, slight.

Misprision, mis-prizhun, *n.* অবহেলা, উপেক্ষা, অবজ্ঞা; Neglect; oversight, contempt.

Mispronounce, mis-pro-nowns, *v. t.* অশুদ্ধ উচ্চারণ-কৃ; ভুল উচ্চারণ-কৃ; To pronounce incorrectly. *n*=mispronunciation.

Mispronunciation, *n.* অশুদ্ধ বা অযথা উচ্চারণ; Wrong or improper pronunciation.

Misquotation, *n.* ভুল উদ্ধৃত করণ; A wrong quotation. [উদ্ধৃত-কৃ; To cite erroneously.

Misquote, mis-kwōt, *v. t.* অশুদ্ধরূপে উদ্ধৃত-কৃ, ভুল

Misreckon, *v. t.* ভুল গণনা-কৃ; To reckon or compute wrongly. *n*=misreckoning.

Misrepresent, mis-rep-rē-zent, *v. t.* অযথা বর্ণনা-কৃ; To represent incorrectly *n*=misrepresentation. *Syn* :—Misstate, falsify, distort.

Misrule, mis-rōōl, *n.* বিশৃঙ্খল; গোলমাল, গোলযোগ, অন্যায় শাসন; কুশাসন, Disorder; tumult; unjust dominion; unjust rule. *Syn* .—Misgovernment, maladministration, anarchy, confusion, tumult.

Miss, mis, *n.* কুমারী; অবিবাহিতা স্ত্রীলোকের সম্বোধন পদ, An unmarried female; a tittle of address of an unmarried female :—অল্পবয়স্কা বালিকা; A young girl. *pl*=misses.

Miss, mis, *v. t.* লক্ষ করিতে না পারা; To fail to hit :—বাদ দেওয়া; পরিত্যাগ-কৃ; To omit; pass by :—প্রাপ্ত না-হ; প্রাপ্ত হইতে অসমর্থ-হ; To fail to have :—অভাব বুঝিতে পারা; অভাব অনুভব-কৃ, To feel the want of :—*v. i.* লক্ষ্য ছাড়াইয়া-যা, To fail to hit :—ভুল-কৃ; To mistake. :—*n* ভ্রান্তি; ভুল; ক্ষতি; অভাব; Mistake; error, loss, want. *Syn* :—(*v*) Lose; leave out, forego; feel the loss of; fall short, fail, miscarry.

Missal, misal, *n.* উপাসনা বা প্রার্থনা পুস্তক; The Roman Catholic mass-book. [singing bird

Missel, Missel-bird, *n.* গায়ক পক্ষী বিশেষ; A

Missend, *v. t.* ভ্রমপূর্ব্বক প্রেরণ-কৃ, To send amiss.

Misshape, mis-shāp', *v. t.* কদাকার-কৃ, To shape ill :—কুগঠন-কৃ; To deform.

Missile, misil, *n.* [L. *mitto, missum*, to send, throw] ক্ষেপণীয় অস্ত্র; A weapon thrown by the hand; projectile :—*a* ক্ষেপণীয়; নিক্ষেপযোগ্য; That may be thrown from the hand or any instrument.

Missing, *a.* যাহা পাওয়া যাইতেছে না, যাহা হারাইয়া গিয়াছে; Lost, wanting.

Mission, mishun, *n* [L. *missio*, from *mittere*, to send] প্রেরণ, A sending :—দৌত্য, Embassy. —প্রেরিত জনসমূহ; নিয়োজিত লোকদল, Persons sent to :—জীবনের উদ্দেশ্য; Purpose of life :—প্রচারকদিগের সমিতি বা আবাসস্থান; A station or association of missionaries. *Syn* :—Commission, charge, errand, business, duty, trust, office; delegation, embassy, legation; missionary station.

Missionary, mishun-ar-i, *n.* ধর্মপ্রচারক; ধর্মপ্রচারার্থ লোক; One sent upon a mission to propagate religion :—*a.* প্রচারসম্বন্ধীয়, বিশেষ কার্য্যসাধনসম্পর্কীয়; Pertaining to missions.

Missive, misiv, *a.* ক্ষেপণীয়; নিক্ষেপ্য; নিক্ষেপার্থ অভিপ্রেত; Intended to be thrown :—*n.* পত্র; That which is sent, as a letter; letter.

Misspell, *v. t.* ভুল বানান-কৃ; অনুচিত বর্ণবিন্যাস-কৃ; To spell wrong. [A wrong spelling.

Misspelling, *n.* ভুল বানান; অনুচিত বর্ণবিন্যাস;

Misspend, mis-spend', *v. t.* অপব্যয়-কৃ; To waste; to squander. *Syn* :—Lavish, fritter away, misuse.

Misstate, mis-stāt', *v. t.* মিথ্যা বলা; অসত্য বর্ণন-কৃ; To state falsely; to falsify. *n*=misstatement.

Mist, mist, *n.* কুজ্ঝটিকা; Watery vapour in the atmosphere, fog. *a*=misty. *Syn* :—Haze; obscurity, dimness.

Mistake, mis-tāk, *v. t* ভুল-কৃ, ভুল বুঝা; To take one thing or person for another, to understand erroneously :—*v. i.* ভ্রমে পতিত-হ; ভুল-কৃ; To err :—*n.* ভ্রম; ভ্রান্তি, An error. *a*=mistakable. *Syn* :—(*v*) Misunderstand, misapprehend, misconceive; blunder, be at fault. (*n*) Misconception, misunderstanding; blunder, oversight, trip, fault, slip.

Mistaken, mis-tākn, *a.* ভ্রান্ত; In error; erroneous, incorrect.—মিথ্যা, অপ্রকৃত, Wrong; false. *ad*=mistakenly. [wrong in.

Be mistaken in—কোন বিষয়ে ভুল বা ভ্রম-হ; Be

Mister, mistér, *n* মহাশয়; বয়ঃপ্রাপ্ত পুরুষের প্রতি সম্বোধন পদ, Master, sir; a title of address to a adult male written Mr.

Misterm, mis-térm, *v. t.* অপ্রকৃতরূপে নাম-দে; অযথা নামকরণ-কৃ, To name erroneously, to denominate wrongly

Mistime, mis-tīm, *v. t.* সময়ের ভুল কৃ, অসময় সময় প্রদর্শন-কৃ, To time wrongly. [wrong name.

Mistitle, *v. t* অযথা নামে ডাকা, To call by a

Mistletoe, Misletoe, Missetoe, mizl-tō, *n.* লতা বিশেষ, এক প্রকার পরগাছা; A parasitical ever green plant.

Mistranslate, *v. t.* ভুল অনুবাদ-কৃ; To translate erroneously *n*=mistranslation..

Mistress, mistres, *n* কর্ত্রী; গৃহিণী; শিক্ষয়িত্রী; The female head of a family or school :—উপপত্নী; প্রতিপালিত বেশ্যা, A concubine :—প্রিয়া প্রণয়িনী; A woman loved :—শ্রীমতী; সম্বোধনপদ; A form of address, usually written Mrs. :—নিপুণা স্ত্রীলোক; A woman well-skilled in anything.

Mistrust, mis-trust', *n.* অবিশ্বাস; Want of confidence :—*v. t.* অবিশ্বাস-কৃ; সন্দেহ-কৃ, To doubt. *Syn* :—(*v*) Suspect, distrust, fear, apprehend.

Mistrustful, mis-trust'fool, *a.* অবিশ্বাসপূর্ণ; সন্দিগ্ধ, অবিশ্বাসী; Full of mistrust. *n*=mistrustfulness. *ad*=mistrustfully.

Misty, misté, *a.* কুজ্ঝটিকাময়; অস্পষ্ট; Overspread with mist; attended by mist; dim; obscure. *ad*=mistily. *n*=mistiness. *Syn* :—Cloudy, vaporous, foggy.

Misunderstand, mis-un-der-stand, *v. t.* অপ্রকৃতভাবে বুঝা বা জানা; ভুল বুঝা; ভ্রান্ত অর্থ-কৃ; To take in a wrong sense; misconceive. *Syn* :—Misconceive, mistake, misapprehend.

Misunderstanding, mis-un-der-standing, *n.* অর্থভ্রম; ভ্রান্তি অর্থ; ভুল; Misconception; mistake :—অনৈক্য; মতবিরোধ, মতভেদ; Disagreement; difference. *Syn* :—Misapprehension slight quarrel.

Misuse, mis-ūz, *v. t.* অন্যায় ব্যবহার-কৃ ; অপব্যবহার-কৃ ; কুব্যবহার-কৃ ; To treat ill ; to abuse ; to misapply :—*n.* কুব্যবহার ; অপব্যবহার ; অসদুদ্দেশ্যে বিনিয়োগ ; Improper use ; employment to a bad purpose. *Syn* :—(*v*) Misemploy, misapply, pervert, profane, desecrate ; waste, squander, fritter away, spend foolishly ; maltreat, ill use.

Mite, mīt, *n.* অতি ক্ষুদ্র পদার্থ ; কপর্দক ; Anything very small :—অতি ক্ষুদ্র কীট বিশেষ ; Very small insect :—ক্ষুদ্র মুদ্রা বিশেষ ; Small coin.

Mitigable, miti-gabl, *a.* লঘুকরণীয় ; প্রশমনীয় ; That can be mitigated.

Mitigate, mite-gāt, *v. t.* [L. *mitigore,* from, *mitis,* mild, soft] লঘু-কৃ , উপশম-কৃ , প্রশমিত-কৃ , হ্রস্ব-কৃ ; To soften ; to lessen ; to temper ; to alleviate. *Syn* :—Assuage, allay, soothe, palliate, subdue, diminish, moderate, modify, abate, appease, pacify, mollify.

Mitigation, mit-e-gā'shun, *n.* লাঘব ; শান্তি ; প্রশমন ; হ্রাস ; দমন ; Alleviation ; abatement. *Syn* :—Moderation, relief.

Mitigative, miti-gāt-iv, *a* শান্তিদায়ক ; প্রশমিতকারী ; Soothing ; alleviating ; tending to mitigate. [who or that which mitigates.

Mitigator, *n.* প্রশমিতকারক , শান্তিকারক ; One

Mitrailleuse, *n.* বন্দুক বিশেষ ; A breech-loading gun [ing to, or resembling a mitre.

Mitral, *a.* মাইটার সম্বন্ধীয় , মাইটার সদৃশ , Pertain-

Mitre, Miter, mi'tėr, *n.* শিরস্ক ; A head-dress or crown worn by archbishops and some abbots :—যাজকীয় পদ বা মর্যাদা , Episcopal dignity :—*v. t.* মাইটার দিয়া ভূষিত-কৃ ; To adorn with a mitre :—৪৫ কোণে সংযুক্ত-কৃ , To unite at an angle of 45° *a*=mitral.

Mitten, *n* দস্তানা বিশেষ ; A kind of glove.

Mittimus, *n.* [L. *mitto,* to send] অপরাধীকে কারাগারে প্রেরণার্থ নির্দেশ-পত্র ; এক আদালত হইতে অন্য আদালতে দলিল পাঠাইবার আদেশ-পত্র , A warrant granted for sending to prison a party charged with a crime ; a writ for removing records from one court to another. [insects

Mity, mīti, *a.* ক্ষুদ্র কীটময় ; Full of mites or

Mix, miks, *v t.* মিশ্রিত-কৃ , সম্মিলিত-কৃ , To mingle ; associate —*v. i* মিশ্রিত-হ ; To become mixed , to be joined *n*=mixer *Syn* :—Commingle, compound, combine, amalgamate.

Mixture, mikstūr, *n.* [L. *mixtura,* from *miscere,* to mix] মিশ্রণ ; A mingled mass :—রাসায়নিক সংযোগ , A chemical composition. *Syn* :—Union, association, admixture, intermixture ; medley, compound, olio, miscellany, variety.

Mizzen, mizn, *n.* [L. *medius,* the middle] পশ্চাদ্ভাগস্থিত , সর্বপশ্চাদ্বর্তী ; Hindmost ; nearest the stern :—জাহাজের পশ্চাতের পাইল ; The hindmost of the fore-and-aft sails of a vessel.

Mizzen mast, *n.* জাহাজের পশ্চাদ্দিকস্থ মাস্তুল ; The mast nearest the stern

Mizzle, *v. i.* গুঁড়ি গুঁড়ি বৃষ্টিপাত-হ ; To rain in very fine drops :—*n.* গুঁড়ি গুঁড়ি বৃষ্টি , Fine rain.

Mnemonic, nē-monik, **Mnemonical,** nē-monik-al. *a.* [Gr. *mnaomai,* to remember] স্মৃতিজনক ; স্মৃতিসহায় ; Assisting the memory.

Mnemonics, nō-moniks, *n.* স্মৃতিসহায় শাস্ত্র ; স্মৃতি-সাহায্যকারী বিদ্যা ; The art or science of assisting the memory.

Moan, mōn, *v. t.* [A. S. *maenan,* to moan] বিলাপ-কৃ ; To lament , deplore .—*v. i.* ক্রন্দন-কৃ ; বিলাপ-কৃ ; To make a low sound of grief ; lament audibly :—*n.* ক্রন্দন , বিলাপ ; খেদোক্তি ; Audible expression of pain or sorrow ; lamentation. *Syn* :—(*n*) Bemoan, grieve, mourn ; sigh, groan, make lamentation.

Moat, mōut, *n.* পরিখা ; দুর্গ-পরিখা . Ditch round a castle :—*v. t.* পরিখা দ্বারা বেষ্টন-কৃ ; To surround with a moat.

Mob, mob, *n.* ইতর লোক ; হাঙ্গামাকারী লোকদল ; Crowd . lower classes ; riotous assembly :—*v. t.* বহুলোকে বিশৃঙ্খলভাবে আক্রমণ-কৃ ; বিশৃঙ্খলভাবে দলবদ্ধ হইয়া আক্রমণ-কৃ ; To attack in a disorderly crowd ; to harass tumultuously. *Syn* :—(*n*) Assemblage, multitude, mass, throng, populace, rabble, riff-raff, lower orders. [cap.

Mob, Mob-cap, *n.* টুপী বিশেষ ; A kind of plain

Mobile, mō'bil, *a.* পরিচালনীয় , বিচলনীয় ; চলনশীল ; Moveable ; capable of being moved or excited. *n*=mobility (moveableness)

Mobilise, mobi-līz, *v. t.* যুদ্ধে আহ্বান-কৃ ; To call into active service, as troops. *n*=mobilisation.

Mobility, *n.* বিচলনীয়তা , Moveableness ; the quality of being mobile.

Mob-law, *n.* বহু লোক দ্বারা প্রহার ; Lynch law ; law administered by the mob.

Mobocracy, *n.* ইতর লোকের প্রভুত্ব ; The rule or ascendency of the mob

Moccasin, Mocassin, moka-sin, *n* পাদুকা বিশেষ ; Deer skin-shoe.

Mock, mok, *v. t.* [G. *mokos,* scorner] উপহাস-কৃ , কৌতুক-কৃ ; ব্যঙ্গ-কৃ ; Laugh at , deceive ; mimic :—*v. i.* বিদ্রূপ-কৃ , To make sport in contempt, or in jest ; scoff , jeer ; jibe :—*n.* কৃত্রিম উপহাস , বিদ্রূপ , ব্যঙ্গ , Sneer , ridicule ; jibe, jeer :—*a* কৃত্রিম ; মিথ্যা , False. *n*=mocker, *ad*=mockingly *Syn* :—(*v*) Ape, counterfeit, take off, ridicule, sneer, taunt, insult , delude, dupe, disappoint, balk

Mockery, moker-e, **Mocking,** moking, *n.* বিদ্রূপ , উপহাস , Derision , ridicule ; scorn ; scoffing :—বৃথা আড়ম্বর , কৃত্রিম ভাব ; Vain imitation ; false show. *Syn* :—Jeering, scorning ; sport ; counterfeit, deception [the heroic.

Mock-heroic, *a* বীরত্বে অনুকরণকারী ; Mocking

Mocking-bird, moking-bird, *n* পক্ষী বিশেষ ; শব্দানুকারী গায়ক পক্ষী ; A thrush , a bird of North America which imitates the notes of other birds.

Modal, mō'dal, *a.* আকার সম্বন্ধীয় ; Relating to mode, not essence *ad*=modally, *n*=modality.

Modalist, *n.* ঈশ্বরের স্বতন্ত্র ত্রিমূর্ত্তিতে অবিশ্বাসী ; One of a class who look upon the three persons of the Godhead as only modes of being, and not as distinct persons. [in form only.

Modality, *n.* Quality of being modal or being

Mode, mōd, *n* [L. *modus,* measure] আকৃতি ; Form :—ঢোল ; Fashion :—প্রকার ; Variety ;

manner of existing :—নিয়ম ; Rule :—আচার ; পদ্ধতি ; Custom :—রীতি ; Manner :—প্রকারণ That which exists only as a quality of substance. *Syn* :—Make ; state, quality, affection, modification ; style ; method, plan, way ; means, course, process.

Model, model, *n.* [L. *modus*, a measure] আদর্শ ; ছাঁচ ; প্রতিরূপ ; নকল ; A pattern ; mould ; standard ; specimen :—*v. t.* আদর্শানুসারে গঠন-কৃ ; নকল-কৃ ; গঠন-কৃ ; To form after a model ; to shape :—*v. i.* নক্সা-কৃ ; গঠন-কৃ ; To practise modelling. *n*=modeller. *Syn* :—(*n*) Gause ; example, type, mould, design.

Modelling, model-ing, *n.* আদর্শ গঠন বা তদ্বিদ্যা : A branch of sculpture ; the art of making a model of something.

Moderate, moder-āt, *v. t.* [L. *modys*, a measure] লঘু-কৃ ; শান্তি-কৃ ; শান্ত-কৃ ; To mitigate ; to pacify : to lessen :—সংযম-কৃ ; To control :—মধ্যস্থ হইয়া মীমাংসা-কৃ ; To decide, as a moderator :—নিয়মিত-কৃ ; To regulate :—নাতি প্রখর-কৃ ; To make temperate :—*v. i.* শান্ত-হ , নাতিপ্রখর-হ ; To become less violent or intense :—সভাপতির কার্য্য-কৃ ; To preside as a moderator :—*a* মিতাচারী ; Temperate ; sober :—মধ্যম ; মধ্যবিধ ; Of middle rate :—পরিমিত , নাতিপ্রখর ; Between extremes ; not excessive or extreme ; within the measure. *n*=moderateness. *ad*=moderately. *Syn* :—(*v*) Regulate, control, repress, subdue ; allay, temper, qualify, abate, still, appease, pacify, quiet. (*a*) Limited, restrained ; abstemious, frugal ; equable, reasonable, judicious, cool, mild ; mediocre, ordinary, cheap.

Moderation, mod-er-ā'shun, *n.* লঘুকরণ , The act of moderating :—পরিমিততা ; সংযমন ; দমন ; Temperance ; freedom from excess :—ধৈর্য্য ; মনের শান্তি ; Equanimity ; calmness of mind *Syn* :—Temperance, frugality, sobriety · coolness, sedateness, composure

Moderator, moder-ā-tor, *n.* সভাপতি ; One who presides at a meeting , a president or chairman

Modern, modern, *a.* আধুনিক ; নূতন . Recent ; not ancient ; new ; novel :—*n.* আধুনিক লোক , One of modern times :—*pl.* আধুনিক জাতি ; The nations after the Greeks and Romans, who are called the ancients. *n*=modernness, *ad*= modernly.

Modernise, modérn-iz, *v. t.* আধুনিক-কৃ : বর্ত্তমান সময়ের উপযোগী-কৃ ; To make modern ; to adapt to the present time. *n*=moderniser.

Modernism, mod'érn-izm, *n.* আধুনিক ব্যবহার ; আধুনিক বিষয় ; Modern practice ; a thing of recent date.

Modernist, modérn-ist, *n.* আধুনিক জাতির অনুরাগী ; An admirer of the moderns.

Modest, modest, *a.* [L. *modestus*, from *modus*, measure] লজ্জাশীল ; Bashful :—শিষ্ট ; বিনীত ; Not presumptuous ; boastful :—সচ্চরিত্র ; সাধ্বী ; নম্র ; Chaste ; virtuous :—বিশুদ্ধ ; সংযত ; Pure and delicate ; moderate. *ad*=modestly. *Syn* :—Reserved, unobtrusive, coy, diffident, humble, unassuming, becoming, pure-minded ; moderate, not excessive, not extravagant.

Modesty, modest-e, *n.* বিনয় ; লজ্জাশীলতা ; Absence of presumption ; bashfulness ; humility :—ভদ্রতা ; Decency :—সচ্চরিত্রতা ; পবিত্রতা ; বিশুদ্ধতা ; Chastity ; purity :—সংযম ; Moderation. *Syn* :—Coyness, shyness, meekness.

Modicum, modi-kum, *n.* যৎকিঞ্চিৎ ; সামান্য পরিমাণ ; A small quantity , a little quantity.

Modification, *n.* পরিবর্ত্তন ; পরিবর্ত্তিত আকার বা অবস্থা ; The act of modifying ; changed shape or condition. *Syn* :—Alteration, variation, qualification, change ; mode, form, affection.

Modify, mode-fi, *v. t.* [L. *modus*, and *facere*, to make] পরিবর্ত্তন-কৃ ; পরিবর্ত্তিত-কৃ ; রূপান্তর-কৃ ; সংযত-কৃ ; To change ; to alter ; to vary ; to moderate. *n*=modification. *ad*=modifiable. *Syn* :—Shape, form ; moderate, reduce, limit.

Modish, mōdish, *a.* বেশভূষাপ্রিয় ; প্রচলিত রীতানুযায়ী ; Fashionable ; according to mode. *ad*= modishly, *n*=modishness. *Syn* :—Fashionable, stylish, courtly, genteel.

Modist, mō'dist, *n.* বেশভূষাপ্রিয় লোক ; প্রচলিত রীতির অনুগামী ; Follower of fashion ; one who follows the fashion.

Modiste, *n.* যে প্রচলিত প্রথায় পরিচ্ছদ প্রস্তুত করে ; One who makes dresses according to the fashionable mode.

Modulate, modū-lāt, *v. t.* [L. *modulus*, a small measure] স্বর মিলান , নিয়মিত-কৃ ; To form sound to a certain key harmoniously ; to regulate :—*v. i.* স্বরের পরিবর্ত্তন-হ ; To pass from one key into another. *n*=modulation. *Syn* :— Attune, harmonize ; inflect, vary in pitch.

Modulation, *n.* নিয়মিত করণ , নিয়মিত অবস্থা প্রাপ্তি ; স্বরের পরিবর্ত্তন ; The act of modulating ; the changing of the keynote and the alteration of the original scale of music.

Modulator, *n.* স্বরের পরিবর্ত্তনসাধক , One who or that which modulates.

Module, *n.* আদর্শ ; A model.

Mohair, *n.* ছাগলোম বিশেষ ; The long silky hair of goat.

Mohammedan, mo-hamed-an, *a.* মহম্মদীয় ; Pertaining to Mohammed or to his religion :— *n.* মহম্মদধর্ম্মাবলম্বী ; মুসলমান ; A follower of Mohammed , one who professes Mohammedanism.

Mohammedanise, mo-hamed-an-iz, *v. t.* মুসলমান-কৃ , মহম্মদীয় ধর্ম্মে দীক্ষিত-কৃ , To convert to Mohammedanism.

Mohammadanism, Mohammedism, *n.* মহম্মদীয় ধর্ম্ম ; The religion of Mohammed.

Mohur, mō'hur, *n.* মোহর ; A gold coin ; fifteen rupees.

Moidore, moidōr, *n.* পর্ত্তুগালের মুদ্রা বিশেষ ; A gold coin of Portugal, valued at 27s.

Moiety, moie-ti, *n.* অর্দ্ধাংশ ; One of two equal parts ; half.

Moil, moil, *v. t.* [L. *moliri*, to struggle] অপরিষ্কার-কৃ ; অপরিষ্কৃত-কৃ ; To daub ; to make dirty :—*v. i.* পরিশ্রম-কৃ ; To toil, labour ; drudge. *Syn* :—Make dirty, soil, defile.

Moire, *n.* জলসিক্ত রেশম ; Watered silk.

Moist, moist, *a.* [L. *musteus*, belonging to new wine] ভিজা , আর্দ্র ; Humid ; damp ;

slightly wet ; dank. *n*=moistness.
Moisten, moisn, *v. t.* আর্দ্র-কৃ ; সিক্ত-কৃ ; To make slightly wet ; to make damp.
Moisture, moistūr, *n.* আর্দ্রতা ; Moistness.
Molar, mō'lar, *n.* [L. *mola*, a mill—*molo*, to girnd] চর্বণক্ষম ; পেষণক্ষম ; পেষক ; Grinding ; used for grinding :—*n.* চর্বণদন্ত ; পেষণদন্ত ; কসের দাঁত ; Grinder ; a grinding tooth. [Treacle.
Molasses, mo-lasez, *n. sing.* গুড় ; মাতগুড় ;
Mole, mōl, *n.* আঁচিল ; তিল ; A spot or knob on the skin :—বন্ধ ; Mound in the sea ; a breakwater :—ছুঁচো ; গন্ধমূষিক ; A small animal :—*v. t.* গর্ত-কৃ ; To burrow ; excavate. *Syn* :—(*n*) Breakwater, jetty, pier.
Mole-cast, *n.* বল্মীক ; A mole-hill.
Mole-cricket, *n.* কীট বিশেষ ; An insect.
Molecular, *a.* আণবিক, Belonging to molecules. *n*=molecularity.
Molecular attraction—আণবিক আকর্ষণ ; যে শক্তিদ্বারা জড়পদার্থের পরমাণু সকল পরস্পরকে আকর্ষণ করে।
Molecule, mole-kūl, *n.* পরিমাণ ; অণু, Atom, a very small particle. *a*=molecular.
Moleeyed, mol-īd, *a.* ক্ষুদ্র চক্ষুবিশিষ্ট ; প্রায় অন্ধ, অপূর্ণ দৃষ্টি ; Having eyes like a mole, nearly blind ; of imperfect sight, seeing imperfectly
Mole-hill, mō'l-hil, *n.* বল্মীক ; ছুঁচো কর্তৃক উৎক্ষিপ্ত মৃত্তিকাস্তূপ, Earth thrown up by a mole :—ছোট পাহাড় ; A very small hill.—সামান্য বিঘ্ন, Insignificant difficulty.
To make a mountain of a mole hill-তিলকে তাল করা ; To magnify trifles ; to exaggerate difficulties or obstacles.
Mole-rat, *n.* মূষিকবৎ জন্তু ; A small rat-like animal. [silk cloth
Mole-skin, *n.* নরম কাপড় বিশেষ ; A kind of
Molest, mō-lest', *v. t* [L. *molestus*, troublesome] বিরক্ত-কৃ ; উত্যক্ত-কৃ, To disturb, annoy, render uneasy. *n*=molester, *a*=molestful *Syn* :—Incommode, inconvenience, vex, tease, irritate, worry, torment, bore, bother.
Molestation, mō-lest-ā'shun, *n.* উৎপীড়ন, বিরক্তি ; Annoyance. *Syn* :—Disturbance, trouble, uneasiness, vexation.
Molestful, *a.* বিরক্তিকর ; Troublesome.
Mollient, molyent, *a.* স্নিগ্ধকারী ; উপশমক ; কোমলকারক ; Softening ; assuaging.
Mollification, mol-ī-fi-kā'shun, *n.* উপশম ; প্রশমন ; Mitigation.
Mollify, mole-fi, *v t.* [L. *mollis*, soft, and *facere*, to make] শান্ত-কৃ ; কোমল-কৃ, প্রশমিত-কৃ, নরম-কৃ ; সংযত-কৃ ; To soften ; assuage ; soothe, pacify ; calm. *a*=mollifiable, *n*=mollifier. *Syn* :—Appease ; mitigate, moderate, abate, relieve, temper.
Mollusc, Mollusk, molusk, *n.* [L. *molluscus*, softish—*mollis*, soft] কোমলাঙ্গ জন্তু ; Animal having a soft body and no inner frame-work of bones. *pl*=molluscs, mollusks, mollusca.
Molluscan, Molluscous, *a.* কোমলাঙ্গ জন্তুসম্বন্ধীয় ; Pertaining to molluscs.
Molluscan, *n.* কোমলাঙ্গ জন্তু ; A mollusc.
Moloch, *a.* যে দেবতার নিকট বলী দেওয়া হয় ; God to whom bloody sacrifices were made :—Any influence which demands from us the sacrifice of what we hold most dear.
Molten, mōlt'n, *a.* ধাতুময় ; গলিত ধাতু নির্মিত ; Made of melted metal.
Mome, *n* নির্বোধ লোক ; মূর্খ ব্যক্তি ; A dull, silent person ; stupid fellow.
Moment, mō'ment, *n.* [L. *momentum*, from *movere*, to move] অতি সামান্য সময় ; নিমেষ ; মুহূর্ত ; An instant :—গুরুত্ব ; Importance :—মূল্য ; Value :—শক্তি ; বল ; Moving cause ; force :—গতির বা গতিশীল বস্তুর শক্তি ; Force of motion, or of a moving body. *Syn* :—Second, twinkling, trice ; weight ; gravity, consequence, significance, import.
Momentary, mō'ment-ar-i, *a.* ক্ষণিক ; Done in a moment. *ad*=momentarily, *n*=momentariness.
Momently, *ad.* এক মুহূর্তে ; প্রতিক্ষণে ; In a moment ; every moment.
Momentous, mō-men'tus, *a.* আবশ্যক ; প্রয়োজনীয় ; Important. *ad*=momentously, *n*=momentousness *Syn* :—Weighty, significant, serious.
Momentum, mō-men'tum, *n.* বেগ ; গতিশীল বস্তুর বেগ-পরিমাণ ; The quantity of motion in a body which is proportional to the mass multiplied by the velocity ; impetus. *pl*=momenta.
Momus, *n.* নিন্দা দেবতা ; The god of ridicule and satire. [monks.
Monachal, *a.* সন্ন্যাসীসম্বন্ধীয় ; Pertaining to
Monachism, *n.* সন্ন্যাসীজীবন ; The state of monks, monastic life.
Monad, monad, *n.* [Gr. *monos*, alone] পরমাণু ; কীটাণু বিশেষ, An ultimate atom ; one of the simplest kind of animalcules. *a*=monadic.
Monadic, Monadical, *a.* পরমাণু সদৃশ ; কীটাণুজাতীয়, Being or resembling a monad.
Monandrian, Monandrous, *a.* একমাত্র পুংকেশর বিশিষ্ট ; Having but one stamen or male organ.
Monarch, monārk, *n.* [G *monos*, alone, *archos*, chief] রাজা ; সম্রাট্, অদ্বিতীয় শাসনকর্তা ; A sovereign ; sole ruler ; emperor ; king :—*a.* সর্বশ্রেষ্ঠ ; প্রধান, Superior to others ; supreme. *Syn* :—Autocraft, despot ; queen, prince.
Monarchal, mon-ärkal, *a.* রাজকীয় ; Pertaining to a monarch ; regal.
Monarchic, mon-ärkik, **Monarchical,** mon-ärkik-al, *a.* রাজাসম্বন্ধীয় ; রাজকীয়, Relating to a monarch or monarchy, vested in a single ruler [রাজতন্ত্র।
Monarchical form of Government—
Monarchise, monark-iz, *v. t.* শাসন-কৃ ; রাজ্যে পরিণত-কৃ, To convert into a monarchy :—*v. i.* রাজার মত ব্যবহার-কৃ ; To play the king.
Monarchist, monark-ist, *n.* রাজার পক্ষ ; রাজার পৃষ্ঠপোষক ; An advocate of monarchy.
Monarchy, monark-i, *n.* রাজত্ব, A kingdom.
Fifth monarchy men—Those who believed that the second coming of Christ was at hand, and that at his second coming he would establish the fifth universal monarchy.
Monastery, monas-ter-e, *n.* [G. *monastēs*,

a solitary] সন্ন্যাসীর মঠ ; সন্ন্যাসীর আশ্রম ; An abbey ; a convent. *Syn* .—Cloister, nunnery, abbey, priory.

Monastic, mon-aśtik, *n*. সন্ন্যাসী , A monk.

Monastic, mon-aśtik **Monastical,** mon-aś-tik-al, *a* ধর্মশালাসম্বন্ধীয় , মঠসম্বন্ধীয় , Pertaining to monks and nuns , conventual , recluse. *ad* =monastically [সন্ন্যাসী জীবন ; Monastic life

Monasticism, mon-asti-sizm *n* সন্ন্যাসধর্ম ,

Monday, mundā, *n*. সোমবার , The 2nd day of the week [for going to school

Black Monday—বিদ্যালয়ে যাইবার দিবস Day

Monetary, mune-tar-i, *a* টাকাসম্বন্ধীয় , আর্থিক , Relating to money or monied affairs , pecuniary

Money, mune, *n* টাকা , Coin , stamped metal used in commerce —অর্থ ধন, Wealth — মূলধন , Stock , capital *pl* = moneys *Syn* — Paper currency, bank-notes, circulating medium, riches, cash

Money-broker, Money-changer, *n* টাকার দালাল , A broker who deals in money or exchanges

Moneyed, Monied, munid *a* অর্থবান Having money —ধনী , ধনশালী , Rich in money —অর্থপূর্ণ , আর্থিক , Consisting of money

Money-lender, *n* সুদখোর Usurer.

Moneyless, muni-les, *a* অর্থশূন্য নিঃস্ব , কপর্দকশূন্য , Destitute of money

Money-order, *n* টাকা পাঠাইবার রসিদ বা নির্দেশ An order for a sum of money issued by a post office to which payment has been made and payable by another office

Monger, mung'ger, *n* ব্যবসায়ী , বিক্রেতা A dealer , trader —*v. t* ব্যবসা-কৃ , বাণিজ্য কৃ To trade or deal in , to traffic in.

Mongrel, mung'grel, *a* সঙ্কর জাতীয় , সঙ্কর , Of mixed breed —*n* সঙ্কর জাতীয় জন্তু , An animal of a mixed breed , hybrid

Monition, mō-nishun, *n* [L *monitio* from *monere*, to warn] উপদেশ , উপদেশবাক্য , সাবধানতাসূচক বাক্য , সংবাদ , Admonition , instruction given by way of caution , warning notice. *Syn* — Advice, counsel , information hint.

Monitive, moni-tiv, *a*. উপদেশপূর্ণ , উপদেশপ্রদ , Conveying admonition

Monitor, mone-ter, *n* উপদেশক উপদেষ্টা , সতর্ককারক , Adviser , instructor , warner — উপগুরু , ছাত্র-শিক্ষক , A pupil, who assists a school-master *a*= monitorial, *n*=monitorship, *fem*=monitress *Syn* —Counsellor, mentor , overseer, pupil assistant

Monitorial, *a* উপদেষ্টাসম্বন্ধীয় , উপগুরু দ্বারা অধ্যাপিত , Pertaining to a monitor , taught by a monitor *ad*=monitorially.

Monitory, moni-tor-i, *a* উদ্বোধক , উপদেশক , উপদেশপ্রদ , সতর্ককারী , Giving admonition , warning.

Monk, mungk, *n* সন্ন্যাসী , A religious recluse.

Monk-House, *n* সন্ন্যাসীর মঠ , Monastery.

Monkey, mungki, *n*. বানর , বাঁদর , Long tailed ape ; baboon —অনিষ্টকারী বালক , অবজ্ঞাসূচক নাম , Mischievous boy , a name of contempt. *pl*= monkeys.

Monkish, mungkish, *a* সন্ন্যাসীসম্বন্ধীয় , সন্ন্যাসী-সদৃশ , Pertaining to a monk , like a monk — মঠসম্বন্ধীয় , Monastic

Monk's-hood, mungkś-hood, *n* কাঠ বিষ , বিষাক্ত বৃক্ষ বিশেষ , Aconite

Monochord, mono'kord, *n* একতারা , একতন্ত্রী বাদ্যযন্ত্র One stringed musical instrument

Monochromatic, mon-o krō-matik, *a* এক বর্ণবিশিষ্ট , Of one colour only

Monocotyledon, *n* এক পত্রোৎপত্তিক , A plant with one seed lobe *a*=monocotyledonous

Monocracy, *n* একরাজতন্ত্র , Government by a single person

Monocrat, *n* রাজা , সম্রাট , Monarch.

Monocular, mon-okū-lar, **Monoculous,** mon-okū-lus, *a* একচক্ষুবিশিষ্ট একাক্ষি , With one eye only [or one fingered

Monodactylous, *a* এক অঙ্গুলিবিশিষ্ট , One toed

Monodist, mono-dist, *n* দুঃখপ্রকাশের গান লেখক , বিলাপকাব্য-লেখক , One who writes monodies

Monody, mono-di *n* দুঃখপ্রকাশক কাব্য , বিলাপ গান A mournful poem in which a single mourner expresses lamentation. *a*=monodical

Monogamy, monog'a-mi *n* [Gr *monos*, one *gamo* marriage] এক স্ত্রী পরিগ্রহ , Wedding with one woman only a marriage to one wife only *n*=monogamist (এক বিবাহের পক্ষ , upholder of monogamy) , *a*=monogamous

Monogram, mono-gram *n* [Gr *monos*, alone *gramma* a letter] এক, দুই বা তদধিক বর্ণ অক্ষর সংযোগে চিহ্ন বিন্যস্ত অক্ষর বিন্যাস , A character or cipher composed of one, or more letters interwoven, being an abbreviation of a name

Monograph, mono-graf *n* [Gr *monos*, alone and *graphō* to write] কোন এক বিষয়ের বিবরণ বা প্রবন্ধ Treatise on one subject only *n*=monographer.

Monographer, Monographist, *n* মনোগ্রাফ-লেখক , A writer of monographs

Monographic, Monographical, *a* মনোগ্রাফ-সংক্রান্ত বিনা রঙে চিত্রিত , Pertaining to a monograph drawn in lines without colours

Monography, *n* বিনা রঙের চিত্র , খসড়া নক্সা , A representation by lines only an outline drawing

Monogynian, Monogynous, *a* একমাত্র গর্ভকেশর বিশিষ্ট , Having only one pistil

Monolith, *n* একপ্রস্তর স্তম্ভ A pillar consisting of a single stone *a*=monolithic, monolithal

Monologue, mono-log, *n* [Gr *monos*, alone, *logos*, speech] স্বগত কথন , Soliloquy

Monomania, mon-o-mā'nia, *n*. [Gr *monos*, alone *mania*, madness] কোন এক বিষয়ে পাগলামি , ক্ষিপ্ততা Madness confined to one subject

Monomaniac, mon-o-mā'ni-ak, *a*. এক বিষয়ে ক্ষিপ্ত , Affected with monomania —*n*. এক বিষয়ে ক্ষিপ্ত লোক , One affected with monomania.

Monome, Monomial, *n* বৈজিক রাশি বিশেষ ; A series of factors of single terms. *a*= monomial.

Monophyllous, *a.* একপত্রী ; Having a leaf of but one piece.
Monopolise, mon-op'o-liz, *v. t.* একচেটিয়া-কৃ ; একায়ত্ত-কৃ ; Buy up so as to be the single seller; engross the whole of.
Monopoliser, mon-op'o-liz-er, **Monopolist,** mon-op'o-list, *n.* একচেটিয়া ব্যবসায়ী ; একচেটিয়াকারী ; One who monopolises.
Monopoly, mon-op'o-li, *n* [Gr. *monos*, alone, *poleo*, to sell] একচেটিয়া বাণিজ্য, সম্পূর্ণ আয়ত্ততা বা অধিকার ; Exclusive possession or command of a thing or market.
Monospermous, *a.* একবীজ, Having one seed only.
Monostich, mono-stik, *n.* [Gr. *monos*, alone, *stichos*, verse] একশ্লোকী কবিতা ; A poem completed in one verse.
Monostrophic, mon-o-strof'ik, *a.* এক ছন্দে গ্রথিত ; Having but one strophe.
Monosyllabic, *a.* একপদাংশবিশিষ্ট, Of words of one syllable.
Monosyllable, mon-o-silla-bl, *n.* একপদ বিশিষ্ট শব্দ ; A word of one syllable. *a*=monosyllabic.
Monotheism, mono-the-izm, *a.* [Gr. *monos*, alone, *theos*, God] একেশ্বরবাদ; Belief in the one God.
Monotheist, mono-the-ist, *n.* একেশ্বরবাদী ; One who believes that there is but one God. *a*= monotheistic.
Monotone, mono-tōn, *n.* [Gr. *monos*, alone, *tonos*, a tone] সমস্বর, Sameness of sound, a single key or sound.
Monotonous, mon-ot'on us, *a* [Gr. *monos*, alone, and *tonos*, tone] সমস্বরবিশিষ্ট, এক ঘেয়ে, সমস্বরে উচ্চারিত ; Marked by dull monotony. uttered in one unvarying tone *ad*=monotonously. *Syn* :—Unvaried, uniform, wanting inflection, dull, tiresome, wearisome.
Monotony, mon-ot'ō-ne, *n.* সমস্বর, অভিন্নস্বর, Dull uniformity of tone or sound :—এক ঘেয়ে ভাব ; বিরক্তিকর একভাব, Irksome sameness, want of variety. *Syn* :—Sameness ; dulness, tiresomeness, wearisomeness.
Monseigneur, *n.* সম্ভ্রান্ত লোকের সম্বোধন পদ ; My lord ; your grace or highness.
Monsieur, *n.* ফ্রান্সে ভদ্রতাসূচক সম্বোধনপদ ; A title of civility in France.
Monsoon, mon-sōōn, *n* মৌসুমি বায়ু ; সাময়িক বায়ু, A periodical wind.
Monster, monster, *n.* [L *monstrum*, show] বিকটাকার জন্তু, অস্বাভাবিক বস্তু ; দানব ; A strange animal formed out of the common order, anything horrible ; a prodigy :—অত্যাচারী, A tyrant. *Syn* :—Prodigy, enormity, abnormity, deformity, fright, monstrosity ; portent, marvel ; ruffian, villain, brute, fiend, demon.
Monstrance, monstrans, *n.* উৎসর্গীকৃত পিষ্টক সমবেত উপাসকমণ্ডলীকে প্রদর্শিত পাত্র ; The utensil in which the consecrated water is shown to the congregation.
Monstrosity, mon-strosi-ti, *n.* বিরূপ ; বিকটত্ব, ভীষণত্ব ; অস্বাভাবিক বস্তু ; State or being monstrous ; an unnatural production.
Monstrous, monstrus, *a.* অস্বাভাবিক ; বিকটাকৃতি ; প্রকাণ্ড ; Unnatural and misshapen ; enormous :—ভয়াবহ ; ভীষণ, Dreadful ; horrible :—অসঙ্গত ; Revolting to reason. *ad*=monstrously. *Syn* :—Abnormal, unnatural, deformed ; huge, immense, vast ; shocking ; extraordinary, marvellous, prodigious.
Montanic, *a.* পার্ব্বতীয় ; Mountainous.
Month, munth, *n.* মাস ; One of the twelfth part of the calendar year.
Monthly, munthli, *a.* মাসিক ; Lasting a month ; appearing once a month .—*n.* মাসিক পত্রিকা ; A monthly magazine :—*ad* প্রতি মাসে একবার ; মাসে মাসে, once a month ; in every month.
Monument, monū-ment, *n.* [L. *monumentum*, from *monere*, to remind] কীর্ত্তিস্তম্ভ ; স্মরণস্তম্ভ ; স্মৃতিচিহ্ন ; Memorial of the living or dead :—লিপি ; স্মৃতিলিপি, A record. *Syn* :—Mausoleum, pillar, tombstone, memento, memorial, remembrancer.
Monumental, mon-ū-mental, *a.* স্মৃতিজনক ; স্মারক ; Serving as a monument ; memorial. *ad*=monumentally.
Mood, mōōd, *n.* মানসিক ভাব ; মনের ভাব ; Temper of mind ; temper ; frame of mind :—ক্রোধ ; Anger ; heat of temper :—প্রকার ; ধারা ; রীতি. Mode ; fashion, manner, :—ধাতু রূপের রীতি, Manner of conjugation. *Syn* :—Humour, vein, disposition.
Moodiness, *n.* কোপনস্বভাব ; Peevishness.
Moody, mōōd'i, *a.* দুঃখিত ; রুষ্ট ; ক্রোধী ; বিষণ্ণ ; খামখেয়ালী ; Sad ; angry ; ill-humoured ; gloomy. *n*=moodiness. *ad*=moodily.
Moon, mōōn, *n.* চন্দ্র ; উপগ্রহ ; The secondary planent of the earth ; a satellite :—মাস ; Month : —চন্দ্রাকার বহিঃপ্রাচীর ; A crescent-formed outwork. *Syn* :—Secondary planet ; crescent.
At the full of the moon—পূর্ণিমার রাত্রি।
The day of new moon—প্রতিপদ।
To cast beyond the moon—অসঙ্গত অনুমান-কৃ ; To cast your thoughts or guesses beyond all reason.
To cry for the moon—অসম্ভব বস্তু পাইবার নিমিত্ত ভিক্ষা-কৃ ; To crave to have what is wholly beyond one's reach.
To find an elephant in the moon—অসম্ভব দ্রব্য প্রাপ্ত-হ, Find a mare's nest.
To level at the moon—অত্যন্ত উচ্চাভিলাষী-হ ; অতি উচ্চাকাঙ্ক্ষী-হ, To be very ambitious.
Moon-beam, mōōnbem, *n.* চন্দ্রকিরণ ; A ray of moonlight.
Moon-blind, *a.* ক্ষীণদৃষ্টি ; Dim-sighted.
Moon-calf, *n.* বিকটাকার জন্তু ; A monster :—নির্ব্বোধ ব্যক্তি, A stupid fellw.
Mooney, *a.* চন্দ্রসম্বন্ধীয় ; Pertaining to or like the moon.
Moonish, mōōnish, *a.* চন্দ্রবৎ ; চঞ্চল ; পরিবর্ত্তনশীল ; Moonlike ; variable ; changeable.
Moonless, moonles, *a.* জ্যোৎস্নাশূন্য ; জ্যোৎস্নাহীন ; Destitute of moon-light.
Moon-light, moonlit, *n.* জ্যোৎস্না ; Light of the moon ; night time :—*a.* জ্যোৎস্নাময় ; চন্দ্রালোকে সংঘটিত ; Illuminated by the moon ; occurring during moon-light.
Moonling, *n.* বোকা ; মূর্খ ; নির্ব্বোধ ; A simpleton.
Moonraker, *n.* বোকা লোক ; নির্ব্বোধ ব্যক্তি ; A simpleton.

Moonshee, *n.* মোসলমান অধ্যাপক ; মুন্সী ; A mohamomedan teacher of language.

Moonshine, moońshīn, *n.* জ্যোৎস্না ; চন্দ্রালোক ; Moonlight :—মরীচিকা ; অপ্রকৃত বস্তু ; কৃত্রিম আড়ম্বর ; Show without substance ; show without reality.

Moonstruck, mōōństruk, *a.* ক্ষিপ্ত , Lunatic.

Moor, mōōr, *n.* জলাভূমি ; বিল ; Marsh, fen, bog, swamp, morass ; heath.

Moor, mōōr, *v. t.* জাহাজ নঙ্গর-কৃ ; Secure a ship by anchor ; confine a ship by cables :—*v i.* শৃঙ্খল বা কাছি দ্বারা আবদ্ধ-হ ; To be fastened by a cables or chains.

Moor, mōōr, *n.* উত্তর আফ্রিকার অধিবাসী মুসলমান ; A native of north Africa ; Mussulman.

Moorage, mōōr'āj, *n.* নঙ্গর করিবার স্থান, A place for mooring.

Moor-cock, Moor-fowl, Moor-game, *n.* জল-কুক্কুট ; The red grouse or heath cock found in moor. [The waterhen

Moorhen, *n.* বিল ; Marshy land :—জল-কুক্কুটি ,

Mooring, mōōr'ing, *n pl.* নঙ্গর করিবার স্থল ; জাহাজ আবদ্ধ করিবার স্থান বা তাৎকালিক অবস্থা ; A place for securing a ship by anchors ; the place or condition of a ship moored :—*n* জাহাজ আবদ্ধ করণ ; যাহা দ্বারা জাহাজ আবদ্ধ করা হয় ; The act of mooring ; that which serves to moor a ship.

Moorish, *a* জলা ; Marshy ; boggy.

Moorish, mōōr'ish, **Moory,** mōōr'i,*a* বিলসদৃশ , জলাময় ; Marshy , boggy —আফ্রিকাবাসী সম্বন্ধীয় , Belonging to the Moors. [land

Moorland, *n.* জলাভূমি , A tract of low marshy

Moose, *n.* মৃগ বিশেষ, The largest deer of America.

Moot, mōōt, *v. i.* তর্ক-কৃ ; To plead on a supposed cause , to argue for practice :—*v. t.* বাদানুবাদ-কৃ ; তর্কবিতর্ক-কৃ ; To discuss ; to debate :—*a.* অমীমাংসিত , বাদানুবাদযোগ্য , Unsettled , debatable. [That can be discused.

Mootable, mōōt'abl, *a.* আলোচ্য , বাদপ্রতিবাদযোগ্য ;

Moot-case, mōōt-kās, **Moot-point,** mōōt-point, *n.* বিচার্য্য বিষয় , অমীমাংসিত তর্ক , A case, point, or question to be argued ; a doubtful question , an unsettled question.

Moot-court, mōōt-kōrt, *n.* কল্পিত মোকদ্দমা বিচার করিবার আদালত ; বাদপ্রতিবাদ শিখিবার কৃত্রিম বিচারালয় বা সমাজ ; A court or meeting for arguing feigned cases. [who argues cases.

Mootman, *n.* বাদানুবাদকারী ছাত্র ; A student

Mop, mop, *n.* ঝাড়ন , Piece of cloth &c, fastened to a handle :—মুখভঙ্গি ; A grimace , a wry mouth :—*v. t.* ঝাড়ন দ্বারা পরিষ্কার-কৃ ; To rub or wipe with a mop :—মুখভঙ্গী-কৃ ; To grimace.

Mope, mōp, *v. i.* নিস্তেজ-হ ; ভগ্নোৎসাহ-হ ; নিদ্রালু-হ ; To be silent and dispirited , to be dull or stupid :—*v. t* নিস্তেজ-কৃ ; To make spirit less or stupid —*n.* মূর্খ লোক ; A dull, stupid person :—অলস ব্যক্তি ; A drone. *ad*=mopingly.

Mope-eyed, Mopsiol, *a* ক্ষীণদৃষ্টি , Dim sighted.

Mopish, mōp'ish, *a* নিস্তেজ , জড় , নিদ্রালু ; ভগ্নোৎসাহ , Dull ; spiritless. *n*=mopishness.

Moppet, *n* নেকড়ার পুত্তলিকা ; ছিন্নবস্ত্রনির্ম্মিত ক্রীড়া-পুত্তলি , A doll made of rags , a doll of rags like a mop. [of blocks and gravel.

Moraine, mo-rān, *n.* উপল খণ্ডাদির স্তর ; A line

Moral, mor'al, *a.* [L. *mos, moris,* manner] নীতি সম্বন্ধীয় ; নৈতিক ; Relating to morality ; relating to the conduct of men :—ধার্ম্মিক ; ধর্ম্ম-সঙ্গত ; Virtuous :—সম্ভব ; সম্ভবপর ; Probable :—*n.* তাৎপর্য্য , নৈতিক উপদেশ ; Practical lesson taught by anything ; practical application of a tale or fable :—*n. pl.* নীতি অনুষ্ঠান ; নৈতিক আচার , ব্যবহার ; আচরণ ; নীতিশাস্ত্র ; The doctrine or practice of the duties of life ; manners , conduct ; ethics. *Syn* :—(*a*) Ethical ; accountable, rational, responsible ; just, upright, well-conducted, true, strict ; circumstantial.

Moral certainty—প্রায়নিশ্চয়তা ।

Moral character—চরিত্র ।

Moral courage—ধর্ম্মবুদ্ধি সংযুক্ত মনের সাহস ; Strength of mind which enables a man to do what is right.

Morale, mo-rāl, *a.* নৈতিক অবস্থা , মানসিক অবস্থা ; মানসিক ভাব ; Moral condition , mental state (as of a body of men)

Moralise, mor'al-iz, *v. t.* নৈতিক উদ্দেশে প্রয়োগ-কৃ , নীতি সম্বন্ধে ব্যাখ্যা-কৃ ; To apply to a moral purpose ; to explain in a moral sense —*v i* নীতি বিষয়ে বলা বা লিখা ; নৈতিক মন্তব্য প্রকাশ-কৃ , To speak or write in moral subjects ; to make moral reflections. *n*=moraliser.

Moralist, mor'al-ist, *n* নীতি-শিক্ষক ; One who teaches the duties of life :—নীতি অনুষ্ঠানকারী ; নৈতিক আনুষ্ঠানিক ; One who practises morality.

Morality, mor ale-te, *n.* কর্ত্তব্যবিষয়ক জ্ঞান ; নৈতিকতা ; Knowledge of the duties of man's life , the quality of being moral :—নীতিশাস্ত্র , Ethics :—ধর্ম্ম ; ধর্ম্মাচরণ , Virtue :—এক প্রকার রূপক নাটক , নৈতিক উপদেশপূর্ণ নাটক বিশেষ ; A kind of moral allegorical play. *Syn* :—Moral philosophy, morals, goodness, uprightness. [manner.

Morally, mor'al-i, *ad* নৈতিকভাবে , In a moral

Morally responsible —ধর্ম্মতঃ দায়ী ।

Moral-philosophy—নীতিদর্শন ।

Moral-sense—বিবেক ; Power of moral judgment and feeling.

Morass, mō-ras, *n.* জলা , বিল , Marsh, moor ; wet ground. *Syn* :—Fen, bog, quagmire, swamp, slough.

Moravian, mo-rā'vi-an, *a.* মরোভিয়া প্রদেশ-সংক্রান্ত ; খৃষ্টান সম্প্রদায়সম্বন্ধীয় , Pertaining to Moravia or to the Moravians or united Brethren :—*n.* খৃষ্টানধর্ম্ম সম্প্রদায় ; A protestant religious sect.

Morbid, mor'bid, *a.* [L. *morbidus,* from *morbus,* disease] অসুস্থ , রুগ্ন ; পীড়িত ; Diseased ; sickly ; not healthful. *n*=morbidness (পীড়িতাবস্থা) , *ad*=morbidly. *Syn* :—Sick, ailing, indisposed, diseased, un sound, unhealthy.

Morbific, mor-bif'ik, *a.* [L. *morbus,* desease, and *facio,* to make] পীড়াকারক ; Causing disease.

Mordacious, mor-dā'shus, *a.* [L *mordeo,* to bite] বিদ্ধকারী , দংশন , Biting , given to biting :—বিদ্রূপাত্মক ; ব্যঙ্গপ্রিয় , ব্যঙ্গপূর্ণ , কঠোর ; Sarcastic ; severe.

Mordacity, *n.* দংশনপ্রিয়তা ; গালপ্রিয়তা ; The quality of being mordacious.

Mordant, *a.* দংশক ; Biting into :—বর্ণের স্থায়িত্ব-প্রদায়ী ; Serving to fix colours :—*n.* সোনার পাত লাগাইবার আঠা ; A sticky matter to make gold-leaf adhere.

More, mōr, *a.* আরও অধিক ; অধিকতর ; অতিরিক্ত ; অপরাপর ; বৃহত্তর ; Additional ; greater in amount ; other besides ; greater :—*adv.* অধিক পরিমাণে ; To a greater degree :—অধিকন্তু ; পুনরায় ; আরও ; In addition ; again ; longer :—*n.* অধিক পরিমাণ ; অতিরিক্ত বস্তু ; A greater thing.

Be no more—লোপ পাওয়া ; ইহলোক হইতে অপসৃত হ ; Cease to exist.

More and more—উত্তরোত্তর আরও ; With continual increase.

More is meant than meets the ear—যাহা দেখা বা শুনা যায় তা ছাড়া অনেক বুঝায় ; More is implied than expressed, means a great deal more than what you see or hear.

More or less—কিছু কমই হউক বা কিছু বেশীই হউক ; Perhaps more, perhaps less :—অধিক বা অল্প পরিমাণে , In a greater or smaller degree.

No more—মৃত ; Existing no longer ; departed ; deceased or destroyed —আর নহে , Not any longer :—তাহার অধিক নহে , Not in a greater degree :—আর কাজ নাই , Enough ,—No greater quantity

The more—অধিক পরিমাণে , To a greater degree.

The more, the more—যত পরিমাণে সেই পরিমাণে , যতই ততই · By how much more—by so much more.

Moreen, mo-rēn, *n.* শক্ত পশমী কাপড় , A stout woolen stuff used for curtains.

Moreover, mōr-ō'vėr, *ad* অধিকন্তু , অপিচ , পুনশ্চ ; আরও , এতদ্ভিন্ন , Also , besides further.

Moresque, mo-resk', *a* উত্তর আফ্রিকার অধিবাসীদের প্রণালীতে কৃত , Done after the manner of the Moors .—*n.* এক প্রকার অলঙ্কার সাধন , A species of ornamentation, same as orabesque.

Morganatic, mor-gan-at'ik, *a.* বামহস্ত , Left handed .—নীচজাতীয় স্ত্রীলোকের সহিত বিবাহিত , Married to a woman of lower rank.

Morganatic marriage—যে বিবাহে স্ত্রী স্বামীর পদ অধিকার করিতে পারে না , A marriage in which the wife does not take the husband's rank.

Moribund, mor'i-bund, *a.* [L. *morior*, to die] মৃতকল্প ; মর মর ; At the point of death , about to die , dying.

Moril, *n.* ব্যাঙের ছাতা , ছত্রক ; A mushroon abounding with little holes.

Morion, mō're-un, *n.* শিরস্ত্রাণ ; An open helmet without visor or beaver ; casque.

Morisco, Morisk, *n.* The Moorish language :—নৃত্য বিশেষ ; A moorish dance.

Mormon, mor'mon, *n* ইউনাইটেড ষ্টেটের অনামখ্যাত নূতন খৃষ্টান সম্প্রদায় বিশেষের লোক ; One of a sect in the United states, founded by Joseph Smith, who invented a spurious scripture. *n*=mormonism.

Mormon state—Utah.

Mormonism, *n.* মর্মনদিগের ধর্মমত , The doctrines of the Mormons.

Morn, *n.* প্রাতঃকাল , প্রভাত ; Morning ; the first part of the day :—*a.* প্রাতঃকালীন , Pertaining to the morning.

Morning, mor'ning, *n.* প্রাতঃকাল ; প্রথমাংশ ; The first part of the day or day-light till noon ; an early part :—*a.* প্রাতঃকালীন ; প্রাভাতিক ; Pertaining to the morning :—প্রাতঃকৃত ; Done in the morn ; being in the morning. *Syn* :—(*n*) Dawn, day-break, morn, sunrise ; forenoon ; spring time.

Morning-gift, *n.* যৌতুক ; Gift made to a woman the morning after marriage.

Morning-glory, *n.* লতা বিশেষ ; A climbing plant.

Morning-land, *n.* পূর্বদিক , The East.

Morning-star, *n.* প্রভাত-তারা , The planet Venus.

Morocco, mo-rok'-kō, *n.* মরোক্কো চামড়া ; সুন্দর চিক্কণ চর্ম ; A fine kind of leather of goat or sheep skin, first brought from Morocco.

Morose, mō-rōs', *a.* [L. *morosus*, from *mos*, *moris*, manner] বিষাদগ্রস্ত , বিষণ্ণ , কঠিন ; রুক্ষ ; কঠোরপ্রকৃতি ; কোপনস্বভাব , Gloomy ; severe. *n*=moroseness, *ad*=morosely. *Syn* .—Sullen, gruff, austere, splenetic, crabbed, crusty, churlish, surly, ill-humoured, ill-natured.

Morpheus, mor'fūs, *n.* স্বপ্ন-দেবতা , স্বপ্নাধিদেবতা ; The god of dreams.

Morphia, mor'fi-a, **Morphine,** mor'fin, *n.* আফিমের সার , অহিফেনের সারভাগ , The narcotic principle of opium.

Morrice, mor'is, **Morris, Morris-dance,** *n.* নৃত্যবিশেষ ; A dance in imitation of the Moors performed with castanets by a single person · a dance in imitation to the Moors

Morrow, mor'o, *n.* আগামী কল্য , পরদিবস , অব্যবহিত পরদিন ; To-morrow , the day following the present ; the next following day.

Morse, mors, *n.* সিন্ধু-ঘোটক , The walrus , sea-horse , the American elk.

Morsel, mor'sel, *n.* একগ্রাস , টুকরা , অল্প পরিমাণ ' এক কামড় . A small piece of food a small quantity ; a mouthful. *Syn* :—Bite, mouthful, piece, fragment, part, scrap.

Mort, *n.* [L. *mors*, death] শিকারের মৃত্যুতে কথিত হয় ; A note or tune sounded at the death of game.

Mortal, mor'tal, *a.* [L. *mortalis*, from *moriri*, to die] নশ্বর ; মর ; Subject to death :—প্রাণহর ; মারাত্মক ; সাংঘাতিক ; Causing death, fatal , deadly :—মানবীয় , Human :—সাংঘাতিক , Deadly in malice or purpose , inveterate .—মৃত্যুদণ্ডযোগ্য ; Deserving death :—সামান্য নহে , Not venial :—ভয়ানক ; দারুণ , প্রবল ; Extreme ; violent .—বিরক্তিকর ; Vexing ; tormenting ; tedious —*n.* A being subject to death :—মনুষ্য , Man. *ad*= mortally. *Syn* :—(*a*) Destined to die ; frail ; likely to kill, destructive , wearisome.

Mortal lot of people—বহুসংখ্যক ব্যক্তি ; A vast number of men.

Mortality, mor-tal'e-te, *n.* মৃত্যু , Death :—মৃত্যু-সংখ্যা ; মারি , মড়ক ; Frequency of death ; the number of deaths :—মানবজাতি . The human race. *Syn* :—Destruction, corruption , humanity.

Mortar, mor'tar, *n.* চূণ , চূণ বালী ও জলের মিশ্রণ ; Cement for joining bricks and stones ; a cement of lime, sand and water :—খল ; হামাম-দিস্তা , A vessel in which substances are poun-

Syn :—(*v*) Ascend, arise, uprise, tower, soar; scale, escalade; raise upon, set in, embellish, ornament; carry, furnish with.

Be mounted with—বাঁধান ; সোনা বা রূপা দিয়া বাঁধান ; Be laid over with (gold or silver).

Mount Zion—স্বর্গ ; Heaven.

To mount guard—প্রহরীর কর্ম্ম-কৃ ; To act as a sentinal.

Mountable, mownta-bl, *a.* আরোহণ-যোগ্য, আরোহণ-সাধ্য ; That may be ascended.

Mountain, mowntan, *n.* পর্ব্বত, A high hill :—বৃহৎ বস্তু, কোন প্রকাণ্ড বস্তু, Anything very large :—*a.* পর্ব্বতসম্বন্ধীয়, পার্ব্বত্য ; Of or relating to a mountain :—বৃহৎ ; Vast

Mahomet shall come to the mountain—ছোট বড়র নিকট অবশ্যই আসিবে, The less must come to the greater.

Make a mountain of a mole-hill—তিলকে তাল প্রমাণ-কৃ, Make great out of little difficulties.

Mountain in labour—বহ্বাড়ম্বরে লঘু ক্রিয়া, A mighty effort made for a small effect.

Mountain-ash, *n.* [illegible], The rowan-tree.

Mountain-dew, *n.* [illegible] বিশেষ, Whisky.

Mountaineer, mow[illegible]-ēr, *n.* পর্ব্বতবাসী, গ্রাম লোক, Inhabitant of the hills, a rustic.

Mountain-lime-stone, *n.* চৌর্য প্রস্তরস্তর বিশেষ, A series of lime-stone strata

Mountainous, mo[illegible]-us, *a.* পর্ব্বতময়, পার্ব্বতীয় ; Full of mountains :—বৃহৎ, প্রকাণ্ড, Huge

Mountain-pass—গিরিবর্ত্ম।

Mountebank, mounte-bangk, *n.* [It. *montare*, to mount, and *banco*, bench] হাতুড়িয়া, মূর্খ বৈদ্য অসারগর্ব্বী, প্রতারক, A quack doctor ; a boastful pretender charlatan *Syn* :—Empiric, quack

Mounting, *n.* অলঙ্কার সাধন, The act of embellishing

Mourn, mōrn, *n. v.* বিলাপ-কৃ, দুঃখিত-হ, To grieve, to be sorrowful —*v. t.* (কাহার জন্য) বিলাপ-কৃ, দুঃখ প্রকাশ-কৃ, To grieve for, bewail bemoan *n*=mourner *Syn* :—Deplore, lament, sorrow.

Mourner, *n.* শোককারী, বিলাপকারী, One who mourns :—শোকসূচক বস্ত্র পরিধান করিয়া যে শবের পশ্চাতে পশ্চাতে অনুগমন করে ; One who follows a funeral in the habit of mourning.

Mournful, mōrnfool, *a.* শোকসূচক, খেদপ্রকাশক, Expressing sorrow :—শোকাকুল ; শোকার্ত্ত ; Full of sorrow —দুঃখজনক, Causing sorrow *n*=mournfullness. *ad*=mournfully *Syn* :—Sad, sorrowful, grievous, afflicting, distressing, deplorable, lugubrious, doleful, heavy

Mourning, mōrning, *n.* বিলাপ ; শোক ; Grief, sorrow :—শোকসূচক বস্ত্র, The dress worn by mourners —*a* শোকজনক, শোকসূচক, বিলাপমান ; Lamenting ; expressing grief. *ad*=mourningly.

Mouse, mows, *n.* মূষিক, ইন্দুর ; A little rodent :—*v. t.* মূষিক ধৃত-কৃ ; ইন্দুর ধরা ; To catch mice :—চতুরতাসহ অপেক্ষা-কৃ ; ধূর্ত্ততাসহ প্রতীক্ষা-কৃ ; To watch for slily. *pl*=mice *n*=mouser.

Mouser, *n.* যে বিড়াল ইন্দুর ধরে, A cat that catches mouse

Mouse-ear, nows-ēr, *n* উদ্ভিদ্ বিশেষ ; A plant

Mouse-tail, *n.* বর্ষজীবী বৃক্ষবিশেষ, A small annual plant.

Mousetrap, *n.* ইন্দুর কল ; A trap for catching mouse.

Moustache, mous-tash, *n.* Same as Mustache.

Mouth, mouth, *n.* মুখ ; বদন ; The opening in the face communicating with the wind pipe and gullet :—মুখ, Opening of a vessel, cave, hole, river &c. :—কথা কহিবার যন্ত্র ; Instrument of speaking :—প্রধান বক্তা ; A principal speaker :—মুখভঙ্গী, Wry face ; grimace :—*v. i.* উচ্চধ্বনি-কৃ ; উচ্চৈঃস্বরে উচ্চারণ-কৃ, To speak in a big or swelling manner, vociperate, rant :—*v. t.* অপমান-কৃ ; Insult :—গ্রাস-কৃ ; চর্ব্বণ-কৃ, To devour; to chew. *Syn* :—(*n*) Chaps, jaws ; aperture, opening, orifice, entrance, inlet.

Down in the mouth, *a.* বিষণ্ণ ; দুঃখিত ; Cast down.

Make mouths—মুখভঙ্গী-কৃ ; মুখ ভেঙ্গচান, Distort the face

One's mouth waters—(কোন খাদ্যদ্রব্য দেখিয়া) মুখে লাল পড়ে ; One feels a longing desire for something (generally, food) which is excessively tempting.

Stop the mouth—মুখ বন্ধ-কৃ Put to silence

Take the bread out of one's mouth—মুখের গ্রাস কাড়িয়া লওয়া ; Deprive one of the means of subsistence.

Mouthed, *a.* মুখবিশিষ্ট, Furnished with a mouth.

Mouther, *n* দাম্ভিক বক্তা, An affected speaker.

Mouth-friend, *n* কপট বন্ধু, A mere professing friend.

Mouthful, mowthfool, *n* গ্রাস, অত্যল্প, সামান্য পরিমাণ ; As much as the mouth contains at once, as much as fills the mouth, a small quantity

Mouth-honour, mowth-onur, *n.* কপট ভদ্রতা, মৌখিক শিষ্টতা, Civility without sincerity.

Mouthless, mowthles, *a* মুখশূন্য, নির্মুখ, Without a mouth destitute of a mouth

Mouth-piece, mowthpēs, *n* বাঁশীর মুখ, মুখ নল, Part of a musical instrument that touches the lips —যে ব্যক্তি অন্যান্যের মতামত প্রকাশ করে, মুখস্বরূপ, মুখপাত্র, One who speaks for others, a spokesman.

Movable, *a* চলনশীল ; That may move or be moved —অস্থায়ী, অস্থাবর, Not fixed, changeable

Movables, *n. pl.* অস্থাবর সম্পত্তি, Personal goods and furniture.

Move, moov, *v. t.* [L. *moveo*, to move] চালিত-কৃ, স্থান পরিবর্তন করান ; সঞ্চালিত-কৃ ; To cause to change place or position, to set in motion —বিগলিত-কৃ, To affect (the mind, will or passions) —প্রস্তাব-কৃ ; Propose, offer :—আর্দ্র-কৃ, Touch pathetically —কার্যে প্রোৎসাহিত কৃ, To excite to action :—প্রবর্তিত কৃ, উদ্দীপিত কৃ, উত্তেজিত-কৃ, To persuade ; to arouse, to excite :—*v. i.* নড়া, To have motion ; to go from one place to another :—হাঁটা ; পদব্রজে চলা To walk :—স্থান পরিবর্তন-কৃ ; স্থানান্তরে যাওয়া ; To change place or posture ; to go from one place to another :—প্রস্তাব-কৃ ; To make a motion as in an assembly :—*n* গমন ; সঞ্চালন, A movement, the act of moving :—কৌশল ; Trick *n*=mover. *Syn* :—(*v*) Impel, propel, push, shove, [illegible], change, alter, remove, actuate, persuade

prompt, instigate, incite, induce, incline, influence, rouse, agitate ; affect, impress, touch ; go, proceed, march, progress ; act, live ; change residence, flit.

Move earth and heaven—স্বর্গ মর্ত্ত আলোড়িত-কৃ ; স্বর্গ মর্ত্ত পাতাল এক-কৃ ; যথাসাধ্য চেষ্টা-কৃ ; Exert one's utmost ; make a most powerful movement ; use every possible effort.

To move the bowels—মলভাণ্ড চালিত-কৃ ।

Movement, mōōv̍ment, *n.* চলন ; চলনভঙ্গী ; গতি ; Change of position ; the act of moving ; motion :—উত্তেজনা ; মানসিক উত্তেজনা ; Excitement ; emotion :—রাজবিদ্রোহ ; Insurrection :—সঙ্গীতাংশ ; A part in music :—মনের গতি ; Motion of the mind. *Syn* :—Motion, change, moving, flowing ; agitation. [একটা কার্য্য অনুষ্ঠান কৃ ।

Set a movement on foot—অনেকের সহযোগে

Moving, mōōving, *a.* চলনশীল ; পরিবর্ত্তনশীল ; Causing motion, changing position :—মর্ম্মস্পর্শী ; করুণা-উত্তেজক ; Pathetic ; affecting the feelings. *ad* = movingly.

Moving spirit—উদ্যোগী পুরুষ ; Principal or energetic person in an enterprise.

Mow, mō, *n.* তৃণের রাশি ; শস্যের স্তূপ ; Heap, as of corn, a pile of hay :—*v. t.* তৃণ রাশিকৃত রাখা ; শস্য স্তূপাকারে রাখা ; To lay hay or sheaves of grain in a heap :—কাস্তে দ্বারা কর্ত্তন-কৃ ; কাস্তে দ্বারা ছেদন কৃ, To cut down with a scythe :—বহুসংখ্যক লোক বধ-কৃ, বহুল পরিমাণে কাটিয়া ফেলা ; To cut down in great numbers :—*v. i.* ঘাস কাটা ; To cut grass. [who cuts grass.

Mower, mō'ėr, *n.* যে ঘাস কাটে ; তৃণচ্ছেদক ; One

Mowing, *n.* কাস্তে দ্বারা ছেদন, ছেদিত তৃণ ভূমিখণ্ড. The act of cutting down with a scythe ; land from which grass is cut.

Much, much, *a.* অনেক ; বহুল পরিমাণ ; প্রচুর ; Great in quantity ; great in number :—অধিক দিন স্থায়ী, দীর্ঘস্থায়ী ; Long in duration :—*n* আধিক্য ; বহুল পরিমাণ ; A great quantity :—অদ্ভুত বিষয়, A wonderful thing :—*ad.* অধিক পরিমাণে ; বহুল পরিমাণে ; To a great degree :—সর্ব্বদা ; পুনঃপুনঃ ; দীর্ঘকাল ব্যাপিয়া ; Often ; long :—প্রায় ; Almost :—বহুদূরে, Far. *Syn* :—(*a*) Abundant, plenteous, plentiful, copious, ample. (*ad*) Greatly, abundantly, far ; frequently ; nearly, almost, about. [quantity.

As much—তাই ; The samething, an equal

As much as lies in one's power—যথাসাধ্য ।

As much as to say—তাহা দ্বারা এই বলা বা ভাব প্রকাশ করা হয় ; Meaning thereby to say :—এ বলাও যা ও বলাও তা ; Equivalent to saying.

Make much of—সম্মান-কৃ ; Treat with great respect.

Much coin, much care—যার অনেক টাকা, তার বড় ভাবনা ; One who has a great deal of money has also a good deal of care.

Much cry and little wool—বহ্বারম্ভে লঘুক্রিয়া ।

So much for—এ সম্বন্ধে এই ত, বা এই পর্য্যন্ত ; This is all that I have to say about.

So much so—এতদূর ; To such a degree.

Think much of one's self—আত্মশ্লাঘা পরবশ-হ ; To be self-conceited.

This much, thus much—এতটা ; এই পর্য্যন্ত ; So much ; so far. [*n*=mucidness.

Mucid, mū'sid, *a.* আটাযুক্ত ; আঠাল ; Slimy.

Mucilage, mū'si-lāj, *n.* আটাযুক্ত পদার্থ ; গঁদ ; গাছের আটা. Slimy substance like mucus ; gum ; a substance like mucus, found in certain vegetables.

Mucilaginous, mū'si-laj̍in-us, *a.* আটাবৎ ; আঠাল ; Slimy :—রসনিস্রাবী ; Secreting mucilage.

Muck, muk, *n.* ভিজা গোবর ; পুরীষ ; Dirt ; dung ; filth :—অপকৃষ্ট দ্রব্য ; কদর্য্য বস্তু ; Something mean vile, or filthy :—*v. t.* গোবরাদি দ্বারা সার-দে ; পুরীষাদি সার দেওয়া ; To manure with muck ; dung.

Muckworn, *n.* গোবরে পোকা ; A worm that lives in dung :—কৃপণ ; Miser.

Mucky, muki, *a.* ময়লাযুক্ত ; সমল ; অপরিষ্কার ; Nasty ; filthy. *n*=muckiness.

Mucous, mū'kus, *a.* [L. *mucosus*, from *mucus*, mucus] আটাযুক্ত ; আঠাল ; Slimy ; viscous. *Syn* :—Ropy, gummy, glutinous, viscid, mucilaginous.

Mucous diarrhœa—আমাশয় ।

Mucous tissue—শ্লৈষ্মিক ঝিল্লী ।

Mucus, mū'kus, *n.* ক্লেদ, আম ; কফ ; শ্লেষ্মা ; The slimy fluid on all the interior canals of the body to moisten them ; the viscid fluid from the nose.

Mud, mud, *n.* পঙ্ক, কর্দ্দম ; মৃত্তিকা ; Moist ; soft earth :—*v. t.* পঙ্কে প্রোথিত-কৃ ; কর্দ্দমে প্রোথিত-কৃ ; To bury in mud :—ঘোলা-কৃ ; পঙ্কিল-কৃ ; To dirty ; to muddy.

Muddle, mudl, *v. t.* ঘোলা-কৃ ; আবিল-কৃ ; To make muddy or foul, as water :—মাতাল-কৃ ; হতবুদ্ধি-কৃ ; To make half drunk ; to stupefy.

Muddy, mude, *a.* আবিল ; পঙ্কিল, কর্দ্দমাক্ত ; ঘোলা ; Foul with mud ; containing mud ; covered with mud ; turbid :—নির্ব্বোধ ; হতবুদ্ধি ; Stupid ; confused :—*v. t.* কর্দ্দমময়-কৃ ; আবিল-কৃ ; To dirty :—নির্ব্বোধ-কৃ ; জড়বৎ-কৃ, To render dull ; make dull. *ad*=muddily, *n*=muddiness. *Syn* :—(*a*) Miry, luteous, impure, dirty, soiled, foul ; dull, muddled, confused.

Muddy-headed, mudi-heded, *a.* অলস ; নির্ব্বোধ ; জড়বুদ্ধি ; Dull ; sluggish.

Muezzin, mū-ezin, *n.* যে মোসলমান মোল্লা মসজিদে থাকিয়া উচ্চৈঃস্বরে উপাসনাকাল জ্ঞাপন করে ; A Mohammedan official, who announces the hours of prayer.

Muff, muf, *n* হস্তাবরণ বিশেষ ; উর্ণাময় হস্তাচ্ছাদনী ; Soft cover of fur to wrap the hands in :—নির্ব্বোধ লোক ; A fool ; a sly, stupid fellow.

Muffin, muf'in, *n.* কোমল পিষ্টক বিশেষ ; A light spongy cake.

Muffin boy, *n.* A boy who sells muffin.

Muffle, muf'l, *v. t.* আচ্ছাদন-কৃ, To wrap up ; shroud :—গোপন-কৃ ; Conceal :—এমন করিয়া আচ্ছাদন করা যে শব্দ শ্রুত না হয় ; শব্দ শ্রুতিগোচর না হয় এ ভাবে জড়ান ; To wrap up, so as to render sound dull :—চক্ষু বাঁধিয়া দৃষ্টিশক্তি হীন-কৃ ; To bludfold. *Syn* :—Cover ; disguise ; deaden the sound of. [A cover that muffles the face.

Muffler, muf'lėr, *n.* মুখাবরণ ; মুখাচ্ছাদনী ; অবগুণ্ঠন,

Mufti, *n.* তুরস্কদেশের মোসলমান-বিধি ব্যাখ্যাকারক

An official expounder of Mohammedan law in Turkey. [jug.

Mug, mug, *n.* জলপাত্র ; Earthen or metal cup or

Muggy, mug'i, **Muggish,** mug'ish, *a.* কুহেলিকাময় ; আর্দ্র ; ভিজা ; Foggy, close and damp.

Mulatto, mū-lat'ō, *n.* ইউরোপীয়ের ঔরসে কাফ্রির গর্ভজাত সন্তান ; শ্বেতকৃষ্ণ-মৈথুনজাত সন্তান ; The offspring of a white and black parents. *fem*= mulattress. [tree, a fruit.

Mulberry, mul'ber-i, *n.* তুঁতগাছ ; তুঁতফল, A

Mulberry-faced, *a.* Spotted like mulberry

Mulberry nosed, *a* Having the nose spotted

Mulct, mulk, *n.* [L. *mulcto*, to fine] জরিমানা, অর্থদণ্ড ; A fine of money ; a penalty.—*v t* অর্থদণ্ড-কৃ, To fine. [sing a fine

Mulctuary, mulk'tū-ar-i, *a* অর্থদণ্ডকারী, Impo-

Mule, mūl, *n.* অশ্বতর, খচ্চর ; Mongrel (offspring) of a horse and an ass :—গোঁয়ার লোক, একগুঁয়ে লোক ; Pig-headed man ; a stubborn person :—সূতা কাটা যন্ত্র, টকু বিশেষ, Spinning machine ; an instrument for cotton-spinning

Muleteer, mūl-et-ēr', *n* খচ্চর চালক ; অশ্বতর-চালক, One who drives mules.

Mulish, mūl'ish, *a* খচ্চরবৎ, অশ্বতরবৎ, Like a mule :—একগুঁয়ে, বিমর্ষভাবযুক্ত, Obstinate, stubborn, sullen. *ad*=mulishly, *n*= mulishne

Mull, mul, *v. t* নরম কৃ, গরম করিয়া মসলাদিযোগে সুস্বাদু-কৃ, Soften, to heat spice, and sweeten

Mullagatawny, *n.* সুপ বিশেষ ; An East Indian curry-soup [fish

Mullet, mul'et, *n.* ধোরোজাতীয় মৎস্য, A genus of

Mullion, mul'yun, *n.* জানালার গরাদে, গরাদের দণ্ড বা স্তম্ভ, Upright bar dividing the lights of a window :—*v. t* গরাদের দ্বারা ভাগ-কৃ, To shape into divisions by mullions

Multiangular, Mullangular, *a* বহুকোণ, বহুকোণী, Having many angles or corners

Multidinous, *adi* অধিক, Many

Multifarious, mul-te-fā'ri-us, *a* [L *multus* many, and *varius*, various] নানাবিধ, বহু, Manifold, various, having great diversity *ad*=multifariously. *Syn* :—Multiform, diverse, diversified.

Multiform, multi-form, *a* বহুরূপ, বহ্বাকার, Having many forms *n*=multiformity

Multilateral, mul-ti-lat'er-al, *a.* বহুভুজ, Having many sides

Multilineal, mul-ti-line-al, *a.* বহুরেখ : Having many lines. [name

Multinomial, *a* অনেক নামবিশিষ্ট, Having many

Multiped, mul'ti-ped, *n.* [L *multus* many and *pes*, *pedis*, foot] বহুপদ কীট ; An insect having many feet.

Multiple, multi-pl, *a* [L *multus*, many, *plico*, to fold] গুণিতক, বহুগুণ, Having many parts, repeated many times :—*n.* অপবর্ত্য গুণিতক ; A number or quantity containing another an exact number of times. [fold

Multiplex, multi-pleks, *a* অনেক, বহুধা, Mani-

Multipliable, multi-pli-a-bl, *a.* গুণনীয়, That may be multiplied ; capable of being multiplied

Multiplicand, multi-pli-kand, *n.* পূরণীয় অঙ্ক, গুণ্যরাশি, A number or quantity to be multiplied by another.

Multiplication, mul-te-ple-kā'shun, *n.* পূরণ ; গুণন, গুণ করিবার নিয়ম ; The number or quantity by which any given number or quantity is multiplied *Syn* :—Multiplicity ; repetition ; reiteration, reproduction.

Multiplicative, multi-pli-kāt-iv, *a.* গুণনশীল ; গুণনক্ষম, Having the power to multiply.

Multiplicator, multi-pli-kāt-ur, *n.* গুণকরাশি ; The multiplier.

Multiplicity, mul-ti-plis'i-ti, *n.* নানাবিধ ; বিবিধত্ব ; বহুসংখ্যা, বাহুল্য ; A great number or variety.

Multiplier, multi-pli-ėr, *n.* অঙ্কপূরক ; গুণক ; গুণকরাশি, The number or quantity by which another is multiplied

Multiply, multe-pli, *v. t* [L. *multus*, many, and *plicare*, to fold] অধিক-কৃ, বহুসংখ্যক-কৃ ; To make manifold or many ; to make more numerous :—গুণ কৃ, To perform the process of arithmetic multiplication :—*v. i.* পূরণ-কৃ ; বর্দ্ধিত হ, To increase. *Syn* :—Augment ; repeat, reiterate.

Multitude, multe-tūd, *n* [L. *multus*, many] বহুসংখ্যা, বহু, Great many :—সাধারণ লোক, জনতা, জনসংঘ, বহুলোক সমবায়, Throng, a crowd populace ; the common people. *Syn* :—Host legion army, swarm, concourse, mob, commonalty, vulgar.

Multitudinous, mul-ti-tū'di-nus, *a.* অধিক ; বহুধা ; Consisting or having the appearance of a multitude manifold

Mum, mum, *a* নিস্তব্ধ, মৌনব্রত ; Silent :—*n.* বিয়ার বিশেষ, A sort of strong beer :—*int* নিস্তব্ধ হও, চুপ, Be silent.

Mumble, mum'bl, *v. i.* বিড় বিড় কৃ, অস্পষ্টভাবে বলা ; Speak with the lips partly closed, speak indistinctly, grumble, speak inarticulately :—দন্তহীন মুখে চর্ব্বণ-কৃ, To chew softly :—দন্তহীন মুখে খাওয়া, To eat with the lips :—*v. t* অস্পষ্ট বলা, অসম্পূর্ণ উচ্চারণ-কৃ, To utter indistinctly or imperfectly :—ধীরে ধীরে চর্ব্বণ কৃ, To mouth gently

Mumbler, mumbl'ėr, *n* যে বিড় বিড় করে, ধীর স্বরে বক্তা, One who speaks with a low, indistinct voice.

Mumm, mum, *v t* ছদ্মবেশ-কৃ : ছদ্মবেশে কৌতুক-কৃ ; To mask ; to frolic in disguise.

Mummer, mu mer, *n* ছদ্মবেশী ভাঁড় ; ছদ্মবেশে কৌতুককারী, A buffoon ; a masker.

Mummery, mum'ėr i, *n.* মুখস ধারণপূর্ব্বক ক্রীড়া করণ, ছদ্মবেশ ধারণ, কৌতুক করণ, Masking, farcical show, buffoonery ; diversion.

Mummify, mum'i-fi, *v. t.* মসলাদির দ্বারা মৃতদেহ তাজা করিয়া রাখা ; To make into a mummy ; to embalm and dry as a mummy. *n*=mummification.

Mumming, *n.* ছদ্মবেশী ভাঁড়ের অভিনয়, The sports of mummers :—*a.* ভাঁড়ের অভিনয় সংক্রান্ত ; Pertaining to the sports of mummers.

Mummy, mum'i, *n.* মসলা দ্বারা রক্ষিত শব ; গলন হইতে রক্ষিত শব ; Dead body dried and pre-

served ; human body preserved by the Egyptian art of balming —*v. t.* পচন হইতে রক্ষা-কৃ, To embalm and dry, as a mummy. [soundly

Beat to a mummy—উত্তম মধ্যম প্রহার কৃ, Beat

Mump, mump, *v t* মুখ বন্ধ রাখিয়া অস্ফুটস্বরে সম্ভাষণ-কৃ ; অস্পষ্ট বলা, To move the lips with the mouth almost closed —শীঘ্র চর্বণ-কৃ, একটু একটু করিয়া কামড়ান, To chew quickly, to nibble —প্রতারণা কৃ, To cheat —*v i.* ভিক্ষা-কৃ ভিক্ষুকের ভাণ কৃ, To play the beggar —বিড় বিড়-কৃ, Mumble

Mumper, mump'ėr, *n* ভিক্ষুক, A beggar.

Mumpish, mump'ish, *a* বিরক্ত, নিস্তব্ধ, নিস্তেজ, বিমর্ষভাবগ্রস্ত, Silent, dull, sullen. *ad*=mumpishly, *n*=mumpishness

Mumps, *n* কর্ণমূল প্রদাহ, গলাফুল, A swelling of the glands of the neck

Munch, munsh, *v. t* শব্দপূর্বক চর্বণ-কৃ, To chew noisily or eagerly —*v i* মুখ না খুলিয়া চর্বণ-কৃ To chew with closed lips, masticate, to chew without opening the mouth *n*=muncher

Muncher, *n.* মুখ না খুলিয়া যে চর্বণ করে, On who munches

Mungoose, Mongoose, *n* বেজি নকুল, An animal of India, which destroys snakes, small animal &c, a species of ichneumon

Mundane, mun'dān, *a* [L. *mundus,* the world] পার্থিব জাগতিক Terrestrial, worldly

Municipal, mu-ni'si-pal, *a* [L *munus* (fiscal) duties, and *capio,* to take] নাগরিক, Relating to a city, corporation or state

Municipality, mū-nis-i-pal'i-ti, *n* নাগরিক বিভাগ, বিশেষ অধিকারসম্পন্ন জনপদ Town corporation, a municipal district

Munificence, mū-nif'i-sent, *a* [L *muneri,* gift, and *facere,* to make] দানশীলতা, বদান্যতা Bountifulness, liberality *Syn* —Beneficent bounteous, bountiful, generous, princely.

Munificent, mu-nif'i-sent, *a* দয়াশু বদান্য উদার, Generous, bountiful *ad*—munificently

Muniment, mū'ni-ment, *n* দুর্গ আত্মরক্ষণ, Fortification, stronghold defence —স্বত্বের দলিল পত্র, A record defending a claim, title deeds.

Munition, mū-nish'un *n* [L *munitio* from *munire,* to fortify] যুদ্ধসামগ্রী, যুদ্ধোপকরণ, Materials used in war for defence, or for annoying an enemy, military stores of all kinds usually in *pl* —দুর্গ, Fortress. *Syn* —Fortification, defence, ammunition

Munnion, mun'yun, Same as Mullion [decl.

Muntjac, munt'jak, *n* হরিণ বিশেষ A species of

Mural, mū'ral, *a* [L *murus,* a wall] প্রাচীরসম্বন্ধীয়, প্রাচীরবৎ, সরলোন্নত, Relating to a wall, steep.

Mural crown, *n* জয়মুকুট, Crown given to him who first mounts a breach and plants a standard there

Murder, mur'der, *n* হত্যা, ইচ্ছাকৃত নরহত্যা, Slaying a human being with malice, the act of killing a person intentionally and from malice —*v. t.* ইচ্ছাপূর্বক নরহত্যা-কৃ, হত্যা-কৃ, বিনষ্ট-কৃ, To commit murder, to destroy, slay, to put an end to. *Syn* —(*n*) Assassinate, massacre, dispatch, kill.

Murder the king's English—অশুদ্ধ ইংরাজি বলা, ভুল ইংরাজি কহা, Talk bad English

Murder will out—খুন চেপে রাখা যায় না ; A murder cannot be kept concealed long

Murderer, mur'der-er, *n.* হত্যাকারী, ঘাতক, Slayer, one who is guilty of murder. *fem*= murderess *Syn* —Assassin, cut-throat, bloodshedder, man-slayer

Murderous, mur'der-us, *a* হত্যাপরাধী, খুনিয়া ; হত্যাত্মক, হত্যাকাম, Guilty of, consisting in accompanied with, fond of or premeditating murder, bloody, blood-guilty, blood-thirsty — অসভ্য, নির্দয় নিষ্ঠুর, Savage, cruel —হত্যাকাম ; নিষ্ঠুর, Bloody, cruel *ad*=murderously *Syn* :— Fell, sanguinary, truculent

Mure, mūr, *v t.* প্রাচীর বেষ্টিত কৃ, To inclose in walls [shell-fish.

Murex, mū'reks, *n* শম্বুক বিশেষ, A genus of

Muriatic, mū-ri-at'ik, *a* [L *muria,* brine] লবণধর্মক, সৈন্ধব লবণোৎপন্ন, Obtained from sea-salt hydrochloric

Muricate, mū'ri-kāt, **Muricated,** *a.* তীক্ষ্ণ কণ্টকবিশিষ্ট Armed with sharp points

Muriform, *a* প্রাচীরের ইষ্টক মত Resembling the bricks in a wall

Murky, mur'ki, *a* অন্ধকারময় ঘোর, অস্পষ্ট, Dark ; obscure gloomy *n*=murkiness *ad*=murkily

Murmur, mur'mur, *n* কল কল শব্দ, অপরিস্ফুট বিরক্ত ভাব বিরক্তি প্রকাশ, A low or grumbling sound, complaint —*v i* কল কল শব্দ-কৃ, To utter a murmur —বিরক্তি প্রকাশ-কৃ To grumble ; complain *n*=murmur *Syn* —(*n*) Undertone, whisper, mutter grumble humming, buzzing. (*v*) Hum drone, buzz, repine

Murmurous, mur'mur-us, *a* কলকলশব্দযুক্ত ; Attended with murmurs, murmuring

Murrain, mur'rān, *n* [L *morior,* to die] পশু-মড়ক Cattle disease

Muscadel, Muscadine, Muscat, Muscatel, *n* দ্রাক্ষা বিশেষ, তজ্জাতীয় মদ, A spicy grape wine made from it

Muscle, mus'l *n* মাংসপেশী The fleshy parts of an animal by which it moves

Muscle, Mussel, *n* সামুদ্রিক ঝিনুক, A marine bivalve shell fish (used for food)

Involuntary muscle স্বয় পেশী, Muscle of organic life unstriped muscle

Voluntary muscle—ইচ্ছাগত পেশী, Muscle of animal life or striated muscles

Muscoid, *a* শৈবাল-বৎ, Moss-like —*n.* উদ্ভিদ বিশেষ, A plant

Muscular, musk'ū-lar, *a* মাংসপেশী সম্বন্ধীয়, Belonging to a muscle —বলবান, বলিষ্ঠ, দৃঢ়কায়, মাংসল, Strong, brawny, vigorous *n*=muscularity *ad*—muscularly *Syn* —Sinewy, brawny, robust, sturdy, lusty, athletic, powerful.

Muscular christianity—বলের ধর্ম ; Christianity which braces a man to fight bravely and manfully.

Muse, mūz, *v i* [F. *muser,* to trifle] নিভৃতে আলোচনা-কৃ, To study in silence, প্রগাঢ় চিন্তা-কৃ

গভীর চিন্তা-কৃ ; Think closely ; maditate :—*n.* ধ্যান ; অনুধ্যান ; গভীর চিন্তা ; Deep thought ; contemplation :—কাব্যাধিষ্ঠাত্রী দেবী ; Goddess of song ; *one* the Greek nine goddesses of the arts. *n*=muser. *ad*=musingly. *Syn* :—(*v*) Reflect, cogitate, contemplate, ruminate, revolve, ponder, dream, brood, speculate.

Museum, mū-zē'um, *n.* চিত্রশালিকা , যাদুঘর , Collection of curious objects in nature and art.

Mush, *n.* জলসিদ্ধ ভুট্টা চূর্ণ ; Indian meal boiled in water.

Mush-room, mushrōōm, *n.* ছত্রক ; বেঙের ছাতা ; A fungus :—আধুনিক বাবু ; হঠাৎ বাবু ; An upstart : —*a.* অল্পকালস্থায়ী ; Pertaining to mush-room ; short-lived.

Music, mū'zik, *n.* সঙ্গীতবিদ্যা ; সঙ্গীতশাস্ত্র ; Science which treats of harmony :—সুস্বর ; সঙ্গীত ; Melody or harmony :—গান রচনা ; A musical composition. *Syn* :—Melody, harmony, symphony.

Discourse sweet or eloquent music—সঙ্গীতের আলাপচারি-কৃ ; Chaunt :—মধুর আওয়াজ বাহির-কৃ ; Produce melody.

Instrumental music—বাদ্য ।

Musical, mū'zik-al, *a.* সঙ্গীতসম্বন্ধীয় ; সঙ্গীতবিষয়ক ; Relating to music :—সঙ্গীতপ্রিয় ; Fond of music . —মধুর ; সুশ্রাব্য ; Melodious ; sweet. *n*=musicalness. *ad*=musically. *Syn* :—Harmonical, dulcet, harmonious, tuneful.

Musician, mū-zishan, *n.* বাদ্যকর ; সঙ্গীতবিদ্যানিপুণ ব্যক্তি ; সঙ্গীতশাস্ত্রবিশারদ , A performer of music, one skilled in music.

Musing, mū'zing, *n.* Meditation. *Syn* :—Contemplation, reflection, dreaming, brown study. abstraction, reverie.

Musk, musk, *n.* মৃগনাভি ; কস্তুরি ; A strong perfume, obtained from a bag behind the navel of the male musk-deer .—*v. t.* মৃগনাভি দ্বারা সুগন্ধি-কৃ ; To perfume with musk.

Musk-deer, *n.* এক প্রকার বন্য হরিণ ; কস্তুরিকা-মৃগ , A deer that yields musk.

Musket, musket, *n.* বন্দুক ; আগ্নেয় যন্ত্র বিশেষ , The common hand-gun for the infantry.

Musketeer, mus-ket-ēr', *n.* বন্দুকধারী সৈনিক , A soldier armed with a musket.

Musketoon, mus-ket-ōōn, *n.* ছোট বন্দুক ; A blunder-bass ; a short musket :—বন্দুকধারী সৈনিক ; One armed with a short musket.

Musketry, musket-ri, *n.* বন্দুক সমুদয় , Muskets collectively :—মাস্কেট্ পরিচালন , Practice with muskets. [cious melon.

Musk-melon, *n.* ফুটি বিশেষ ; A species of deli-

Musk-ox, *n.* বৃষজাতীয় জন্তু বিশেষ , A small quadruped of the ox family.

Musk-rat, *n.* মূষিকজাতীয় জন্তু বিশেষ ; A rodent of the shrew family.

Musky, muski, *a.* মৃগনাভিবাসিত ; কস্তুরিকাগন্ধি ; Having the odour of musk. *ad*=muskily. *n*= muskiness. [fine thin kind of cotton cloth.

Muslin, muzlin, *n.* সূক্ষ্ম কার্পাস বস্ত্র বিশেষ ; A

Muslinet, muzlin-et, *n.* স্থূল বস্ত্র বিশেষ ; A course kind of muslin,

Musquito—Same as Mosquito.

Mussel, See muscle. *n*, ঝিনুক ; A shell-fish.

Mussulman, mussul-man, *n.* মুসলমান ; Mohammedan. *pl*=mussulmans.

Must, *v. i.* (or auxilliary) ; বাধ্য হওয়া ; অবশ্যই ; অবশ্য করিতে হওয়া ; To be obliged ; to be essential to the end proposed :—*n.* নূতন দ্রাক্ষা-সুরা ; A kind of wine.

Mustache, mus-tash, **Mustachio,** *n.* শ্মশ্রু ; গোঁফ ; গুম্ফ ; The beard growing upon the upper lip.

Mustachioed, *a.* গুম্ফধারী , Having mustachios.

Mustard, mustard, *n.* সর্ষপ বৃক্ষ ; A plant with a pungent taste :—সর্ষপ ; রাই ; The seed :— আচার ; Condiment.

Muster, muster, *v. t.* [L. *moustrare,* to show] সংগ্রহ-কৃ ; সমবেত-কৃ ; একত্র-কৃ ; To collect togather ; to assemble :—*v. t.* একত্র-হ , সমবেত-হ ; To be gathered together, as troops :—*n.* সৈন্য-পরিদর্শন ; সৈন্য সংগ্রহ ; সেনাসমবায় ; An assembly of troops ; review :—সমবেত দৃশ্য ; Collected show. *Syn* :—(*v*) Marshal, collect, rally, convene, gather, enrol ; meet together, congregate, assemble.

Pass muster—চলে যাওয়া ; To pass inspection uncensured ; pass without censure ; pass without objection made or fault found ; be approved of. [হইয়া আসা ; Come in a large body.

Muster strong—দলে অধিক হইয়া আসা , দলে পুরু

Muster up—সংগ্রহ-কৃ , Gather or summon up.

Muster roll, mustér-rōl, *n.* সৈন্যদের নাম লিখিত ফর্দ বা তালিকা ; List of soldiers.

Muster-master, mustér-mastér, *n.* সৈনিকদিগের ও তাহাদের অস্ত্রশস্ত্রাদির হিসাব-রক্ষক ; One who keeps an account of the muster.

Musty, muste, *a.* ছাতা পড়া ; ছাতা ধরা, অপরিষ্কার ; Spoiled bp damp ; sour , foul *n*=mustiness. *ad*=mustily. *Syn* :—Mouldy, fetid, stale.

Mutability, mū-ta-bile-te, *n* অস্থৈর্য ; Quality of being subject to change. *Syn* .—Changeableness, inconstancy, instability ; unsteadiness, fickleness, vacillation.

Mutable, mū'ta-bl, *a.* [L. *mutabilis,* from *mutare,* to change] *a.* পরিবর্তনশীল ; পরিবর্তনীয় ; চঞ্চল ; Changeable ; variable , fickle. *ns*=mutability, mutableness. *ad*=mutably. *Syn* :— Alterable, unsteady. unsettled, wavering, irresolute. [alteration , variation.

Mutation, mū-tā'shun, *n.* পরিবর্তন , Change ;

Mute, mūt, *a.* মূক ; বোবা ; মৌনী ; বাক্‌শক্তিহীন ; Dumb ; silent ; unpronounced :—*n.* মূক ; বোবা ; One who is *dumb* :—শব যাত্রীর মূক অনুচর , Dumb attendant of a funeral :—যে গৃহে মৃতদেহ আছে তাহার সম্মুখে দণ্ডায়মান ভৃত্য ; অন্ত্যেষ্টিক্রিয়ার অব্যবহিত পূর্বে নিযুক্ত প্রতিহারী ; One employed to stand before the door of a house in which there is a corpse :—অনুচ্চার্য্য বর্ণ ; A consonant formed by a position of the vocal organs which stops the passage of the breath entirely, as *p, b, d, g, k, t.* *n*=mutness. *Syn* :—(*a*) Silent, speechless, voiceless, taciturn, still.

Mute, mūt, *n.* পক্ষী-বিষ্ঠা ; The dung of birds :— *v. t.* (পক্ষাদি) ত্যাগ-কৃ ; To cast off as feathers :— *v. i.* (পক্ষ্যাদির) মলত্যাগ-কৃ ; To dung, as birds.

Mutilate, mū'te-lāt, *v t* [L *mutilus,* maimed] অঙ্গহীন-কৃ , ছেদন-কৃ , To maim , cut off a limb. *n*=mutilation , mutilator. *Syn* — Disable, cripple, disfigure

Mutilation, *n.* অংশ বিশেষ ছেদন , কোন অঙ্গ বা অংশের বিচ্ছেদসাধন , Deprivation of a limb or essential part.

Mutineer, mū-ti-nēr', *n* রাজবিদ্রোহী , বিদ্রোহী , One guilty of mutiny

Mutinous, mū'te-nus, *a* রাজবিদ্রোহী , বিদ্রোহী . Seditious *n*=mutinousness, *ad*=mutinously *Syn* —Turbulent, unruly, insubordinate, factious, riotous, insurgent, rebellious.

Mutiny, mū'te ne, *n* [F *mutin,* rebellious] বিদ্রোহ , রাজবিদ্রোহ , Insurrection sedition — গোলমাল , গণ্ডগোল , Tumult , strife —*v i.* বিদ্রোহী-হ , বিদ্রোহ-কৃ , To revolt , to rise in arms *Syn* .—(*n*) Insubordination, revolt, rebellion, rising, riot.

Mutter, mut'er, *v i* অস্পষ্টস্বরে কথা কহা , অস্পষ্ট কথা কহা , To utter words in a low voice —*v t* অস্পষ্টভাবে উচ্চারণ-কৃ , To utter indistinctly —*n* অস্পষ্ট উচ্চারণ , Repressed or obscure utterance. *Syn* —(*n*) Mumble, speak imperfectly, murmur , grumble

Mutton, mutn, *n* মেষ-মাংস The flesh of sheep

Mutton-chop, mutn chop, *n* মেষ-মাংসের টুকরা , ছেদিত মেষ পঞ্জরাস্থি A rib of mutton chopped from the loin

Mutual, mū'tū-al, *a.* [L *mutuus,* fr *mutare,* to change] পারস্পরিক পরস্পর Reciprocal *n*=mutuality, *ad*=mutually *Syn* — Interchanged, common alternate, interchangeable, correlative.

Muzzle, muzl, *n* মুখ Mouth .—দংশন নিবারণার্থ মুখবন্ধনী , A projecting for the mouth to prevent biting —কামানের মুখ , The extreme end of a gun —*v t* মুখবন্ধ কৃ প্রতিরোধ কৃ . To put a muzzle on *Syn* —(*n*) Snout , nozzle.

My, mi, *poss a* আমার , Belonging to me

Mycology, mi kolo ji, *n* [Gr *mykes, fungus,* and *logos,* discourse] ব্যাঙের ছাতার বিবরণ , ছত্রক বিজ্ঞান , The science treating of the fungi or mushrooms.

Mynheer, *n.* Sir, Mr —The ordinary title of address among the Dutch , hence, a Dutch man.

Myology, mi-olo-ji, *n* মানবদেহের পেশী বৃত্তান্ত , A description of the muscles of the human body

Myope, mī'ōp, *n.* অল্পদৃষ্টিবিশিষ্ট লোক , অদূরদর্শনক্ষম ব্যক্তি ; A short-sighted person.

Myopy, mi'o-pi, *n* [Gr *myo,* to close, and *ops,* the eye] অল্পদৃষ্টি , অদূরদর্শনশক্তি , Short-sightedness

Myriad, mir'i-ad, *n* দশ সহস্র , অযুত , অগণিত সংখ্যা ; Any immense number.

Myriapod, *n.* বহুসংখ্যকপদ কীট ; কীটাকার জন্তু ; A worm-shaped articulate animal, having many jointed legs.

Myrmidon, mir'mi-don, *n.* অভদ্র সৈনিক পুরুষ ; যে ব্যক্তি নির্দয়ভাবে আদেশ পালন করে ; অসমসাহসিক দস্যুদলের একজন ; Rough soldier ; one who ruthlessly executes orders , a ruffian under a daring leader.

Myrrh, mēr, *n* গন্ধ , সুগন্ধি নির্য্যাস বিশেষ , An aromatic gum resin and incense

Myrtle, mer'tl, *n* মেদিগাছ , চিরহরিৎ বৃক্ষ বিশেষ ; A plant sacred to Venus , an evergreen shrub with beautiful and fragrant leaves.

Myself, mi-self', *pron* আমি স্বয়ং , স্বয়ং আমাকে ; I myself , me in person

Mysterious, mis-tē're-us, *a* নিগূঢ় , গুপ্ত ; অবোধ্য , Obscure , secret incomprehensible. *n*=mysteriousness, *ad*=mysteriously *Syn* — Occult, hidden, dark, mystic, cabalistic, enigmatical, abstruse, recondite , unrevealed, unexplained, unaccountable

Mystery, mister-e, *n* [G *musterion,* from *muein,* to shut the eyes] গূঢ়তত্ত্ব , দুর্জ্ঞেয় বিষয় ; রহস্য Something hidden, dark unexplained or above man's understanding , secret —প্রহেলিকা Enigma , puzzle, riddle —ব্যবসায় , Trade , calling —হস্তশিল্প, Handicraft —*pl.* নাটক বিশেষ A kind of rude drama of a religious character

Mystery plays and miracle plays—A species of dramatic compositions, having characters and scenes drawn from the Bible which were performed in the middle ages

Mystic, mistik **Mystical,** mistik-al, *a* [G. *mustikos* belonging to secret rites] গূঢ় , গোপনীয় , নিগূঢ় অর্থযুক্ত , Secret —রূপক আলঙ্কারিক , Allegorical *ad*=mystically *Syn* —Obscure, hidden, mysterious cabalistic, inscrutable, obstruse emblematical

Mystic, *n* ধর্ম্মসম্প্রদায় বিশেষের অন্যতম , One who holds to mysticism

Mysticism, misti-sizm, *n* মিষ্টিক সম্প্রদায়ের ধর্ম্মমত ভগবানের সঙ্গ জীবের প্রত্যক্ষ যোগ হইতে পারে এই মতে বিশ্বাস The doctrine of the mystics, who maintain that they have direct intercourse with the divine spirit —নিগূঢ়তা , দুর্জ্ঞেয়ত্ব , Obscurity of doctrine.

Mystify, miste-fi, *v t* [G *mustes,* and L. *facere,* to make] গোপন-কৃ , দুর্জ্ঞেয় বা নিগূঢ়-কৃ , To make obscure or secret , to involve in mystery *n*=mystification *Syn* —Perplex , confuse , pose, puzzle, confound, play upon.

Myth, mith *n* পৌরাণিকী কথা , উপকথা , গল্প , A legend , fable fiction, allegory, parable.

Mythic, mithik, **Mythical,** mithik-al, *a.* পৌরাণিক , কাল্পনিক , Relating myths , fabulous. *ad*=mythically. *Syn* .—Imaginary, fictitious, fanciful

Mythologic, mith-o-lojik, **Mythological,** mith-o-lojik-al, *a.* পৌরাণিক , কাল্পনিক , Fabulous. *ad*=mythologically.

Mythologist, mith-olo-jist *n.* পৌরাণিক , পুরাণজ্ঞ , পুরাণ-লেখক , One versed in, or who writes on, mythology.

Mythology, mith-olo-ji, *n.* পুরাণ , পুরাণবিজ্ঞান ; দেবতাখ্যান , System of fables on religion ; the science of myths , a treatise on gods, angels, fairies &c.

N

N—ইংরাজি বর্ণমালার চতুর্দ্দশ বর্ণ বা অক্ষর ; The 14th letter of the English alphabet.

Nab, nab, *v. t.* অকস্মাৎ-ধৃ ; To catch suddenly. *Syn* :—Seize, lay hold of, clutch, grip, take ; capture, arrest, apprehend.

Nabab, nā'bob, *n.* নবাব : মোগলসম্রাটের প্রতিনিধি শাসনকর্ত্তা ; East Indian prince or governor :—ধনশালী ব্যক্তি, ধনীলোক ; Any man of great wealth :—প্রাচ্য ভূখণ্ডে প্রচুর ধনসঞ্চয় করিয়া স্বদেশ-প্রত্যাগত ইয়ুরোপবাসী ; A European who returns home from the East with immense wealth.

Nacre, nā'kr, *n* ঝিনুক ; Mother-of-pearl.

Nadir, nā'dir, *n.* অধোবিন্দু . The point or pole of the heavens under our feet.

From zenith down to the nadir—উচ্চতম স্থান হইতে নিম্নতম স্থান পর্য্যন্ত ; From the highest point of elevation to the lowest depth.

Nag, nag, *n.* টাট্টুঘোড়া ; A small saddle-horse pony :—*v. t.* বিরক্ত-কৃ ; ত্যক্ত-কৃ ; To tease ; to scold ; annoy.

Naiad, nā'yad, *n.* জলদেবতা ; উৎস-দেবতা ; Water-nymp ; nymph of fountains and streams

Nail, nāl, *n.* নখ . The claw of a beast or bird :—নখ ; নখর . The horny scale growing at the end of the human fingers or toes —পেরেক . A metal spike for fastening timbers :—স দুই ইঞ্চি ; A measure of length (2¼ inches) —*v. t.* পেরেক মারা , পেরেক দিয়া আবদ্ধ-কৃ ; To fasten with nails.

Nail a lie—স্পষ্ট করিয়া মিথ্যা প্রকাশ করিয়া দেওয়া , To show it to be a lie, so plainly as to stop its circulation.

Nail one's colors to the mast—দৃঢ়প্রতিজ্ঞ-হওয়া ; To take a decided stand in any matter ; to express a determined purpose.

Nail up—আবদ্ধ-কৃ ; Fasten up.

On the nail—তৎক্ষণাৎ ; নগদ টাকায় ; Immediately ; on ready money.

To hit the nail on the head—ঠিক স্থানে হাত-দে ; To touch or seize the exact point.

Tooth and nail—যথাসাধ্য ; সাধ্যমত ; With one's utmost power.

Nailer, nālėr, *n.* পেরেক-ব্যবসায়ী ; প্রেকনির্ম্মাণ-ব্যবসায়ী ; One whose trade is to make nails.

Nailery, nālėr-i, *n.* পেরেকের কারখানা ; প্রেক নির্ম্মাণশালা ; Place where nails are made.

Naive, nä'ēv, *a.* সরল , অকপট ; Artlss ; ingenuous ; frank. *ad*=naively. *n*=naivete.

Naivete, *n.* সরলতা ; অকপটতা ; Artlessness ; simplicity.

Naked, nā'ked, *a.* উলঙ্গ ; নগ্ন ; Unclothed ; bare :—অনাবৃত ; Open ; plain ; artless :—কেবল ; Mere ; simple :—নিরস্ত্র ; অস্ত্রশস্ত্রহীন ; Weaponless ; unarmed ; defenceless. *Syn* :—Nude, uncovered, undraped ; manifest, evident, undisguised, unconcealed ; sheer ; unarmed, unprotected, unprovided for.

Naked eye, —খোলাচোখ ; শুধু চক্ষে, অর্থাৎ চক্ষে চসমা বা দূরবীক্ষণ না লাগাইয়া ; The eye alone, unaided by the telescope, microscope or the like ; the eye without the help of instruments.

Naked sword—(খাপ হইতে) খোলা তরবারি ; Sword unsheathed.

Namby pamby, *a.* ভাবপ্রবণ ; Weakly sentimental :—*n.* ভাবপ্রবণতা. That which is weakly sentimental or affectedly pretty.

Name, nām, *n* নাম , সংজ্ঞা ; Designation :—উপাধি , Title :—খ্যাতি , যশ , Fame , reputation .—স্মৃতি ; Memory :—বংশ , জাতি , পরিবার ; A race , family :—ব্যক্তি , A person :—*v. t.* নাম-কৃ ; আখ্যাত-কৃ ; উল্লেখ-কৃ , To designate ; to mention by name :—নিয়োগ-কৃ , To nominate , to appoint. *n*=namer. *Syn* :—(*n*) Appellation, denomination, epithet ; houour, praise, distinction, renown, celebrity, eminence, reputation, character, credit, repute. (*v*) Denominate, style, term, entitle, christen , speak of , specify.

Another name for—একই পদার্থ , নামান্তর মাত্র ; The same thing as, under a different name.

By name, Of the name of—অমুক নামা, Named —কাহারও নাম ধরিয়া , Uttering the name of any one.

Go by the name of—কোন নামে লোকের নিকট বিদিত হওয়া ; Be known or pass under the name of.

In name—নামমাত্র , Nominally , not in reality.

In the name of—কাহার পক্ষে , কাহারও পক্ষ হইতে , On behalf of :—কোন কিছুর নামে বা ছলে ; Clothed with the name or authority of :—কোন কিছুর প্রতি দৃষ্টি রাখিয়া ; Having regard to :—দোহাই দিয়া ; By (implying adjuration).

In the name of Gods—দেবতাদের সাক্ষী করিয়া ।

Name one after—কাহাকে কোন ব্যক্তির নাম দেওয়া ; Name one like another , give one the same name as.

Nameless, nāmles, *a.* নামহীন ; অপ্রসিদ্ধ ; Without a name ; undistinguishod. *ad*=namelessly. *n*=namelessnoss.

Namely, nāmli, *ad.* অর্থাৎ , যথা ; এই এই ; That is to say ; to wit.

Namesake, nāmsāk, *n.* এক নাম · One who bears the same name as another.

Nankeen, nan-kēn, *n.* কাপড় বিশেষ ; কার্পাসবস্ত্র ; A buff coloured cotton-cloth.

Nap, nap, *n.* অল্প নিদ্রা ; তন্দ্রা ; সামান্য নিদ্রা ; A short sleep :—নরম লোম ; Down :—বস্ত্রের উপরি-

জাদার লোমবৎ পদার্থ ; উদ্ভিদের লোমবৎ কোমল আবরণ ; The wooly substance of the surface of cloth ; the downy covering of cloth :—*v. i.* ঝিমন ; তন্দ্রাভিভূত-হ ; To take a short sleep ; to see drowsy. *a*=nappy (তন্দ্রালু ; Drowsy).

Nape, nāp, *n.* ঘাড়ের গাঁইট , গ্রীবা-সন্ধি ; Joint of the neck behind.

Napeа, *n.* বনদেবতা ; Nymphs of the groves and valleys. [table.

Napery, *n.* টেবিল আচ্ছাদন বস্ত্র , Linen for the

Naphtha, nap'tha, *n.* তরল ধাতু হইতে উৎপন্ন আলকাতরা ; খনিজ তৈল বিশেষ ; Liquid bitumen ; rock-oil.

Naphthaline, *n.* রাসায়নিক পদার্থ বিশেষ , A grayish-white, inflammable substance.

Napkin, nap'kin, *n.* গাত্র-মার্জনী , গামছা ; তোয়ালে; রুমাল ; Cloth to wipe the hands ; a little towel , handkerchief [nap

Napless, nap'les, *a.* জীর্ণ , Threadbare , without

Napoleon, *n.* মুদ্রা বিশেষ . A 20 frank piece :—খ্যাতনামা ব্যক্তি , Napoleon the Great —বড়লোক , A great man. [Great

Napoleonist, *n.* Supporter of Napoleon the

Narcissus, nar-sisus, *n.* লতা বিশেষ ; নানাজাতীয় পুষ্প বৃক্ষ ; A bullbous plant , a genus of flowering plants.

Narcotic, nar-kotik, *a* [Gr *narke*, torpor] নিদ্রাজনক ; নিদ্রাকারক. Causing drowsiness or sleep .—*n* নিদ্রাকারক ঔষধ , সংজ্ঞাপহারক ঔষধ : A medicine producing sleep or stupor · *ad*=narcotically.

Nard, nard, *n.* সুগন্ধি লতা বিশেষ . An aromatic plant :—প্রলেপ বিশেষ , মলম বিশেষ ; An ointment prepared from it. *a*=nardine.

Nare, Nares, *n* নাসারন্ধ্র , Nostril.

Nariform, nar'i form *a* [L *naris*, nostril, and *forma*, form] নাসিকাকার , Formed like the nose

Narrate, na-rāt', *v t.* বর্ণনা-কৃ , বলা , To recite , to give an account of *n*=narration. *Syn* :—Tell, rehearse, report, detail, repeat, relate.

Narration, na-rā'shun, *n.* বর্ণনা ; বর্ণিত বিষয় ; ইতিহাস ; Description ; thing related , story. *Syn* :—Accouut, recital. rehearsal, relation, explanation, detail, narrative, tale.

Narrative, nar'a-tiv, *a.* ইতিহাস সম্বন্ধীয় ; বিবরণকারী ; উপন্যাসবর্ণী , কথক ; Pertaining to narration ; giving an account of any ocurrence ; inclined to narration :—*n.* আখ্যান ; বর্ণনা , কথা , বর্ণিত বিষয় ; Story : a continued account of any occurrence. [rates.

Narrator, *n* বর্ণনাকারী ; বর্ণয়িতা ; One who nar-

Narrow, nar'ō, *a* অল্পপরিসর ; অপ্রশস্ত ; সঙ্কীর্ণ ; Not wide ; of little breadth —অনুদার ; স্বার্থপর ; Illiberal , contracted in mind :—ঠিক , Accurate : —সাবধান ; যত্নবান ; Careful :—সঙ্কীর্ণ ; Limited :—অদূরবর্তী ; সন্নিহিত ; Within a narrow distance ; close :—কৃপণ ; Parsimonious :—সঙ্কটপূর্ণ ; Involving serious exposure :—Scrutinising :—*n.* (chiefly in the plural) অপ্রশস্ত পথ ; অপ্রশস্ত প্রণালী ; A strait between two lands ; a narrow channel : —*v. t.* সঙ্কীর্ণ-কৃ ; সংক্ষেপ-কৃ ; সঙ্কুচিত-কৃ ; To make narrow ; to contract , to confine :—অনুদার-কৃ ; To make less liberal or more selfish :—*v. i* সঙ্কীর্ণ-হ ; To become narrow. *ad*=narrowly. *n*=narrowness *Syn* :—(*a*) Circumscribed, straitened ; bigoted ; niggardly, miserly, mean, selfish, close, near (*v*) Limit, restrict, cramp, straiten, confine.

Have a narrow escape—আর একটু হইলে বিপদে পতিত হইতে হইত ; বড় সামলে যাওয়া , অল্পের জন্য বেঁচে যাওয়া ; Escape at great risk , get out of some danger in which some great evil or death was imminent.

Narrow-bed, *n* সমাধি ; Grave.

Narrow-minded, nar'ō-minded, *a* ক্ষুদ্রমনা ; সঙ্কীর্ণমনা ; Illiberal ; having contracted views. *n*=narrow-mindedness.

Narrowness, *n* ক্ষুদ্রতা , Meanness :—সঙ্কীর্ণতা ; Want of breadth :—দরিদ্রতা ; Poverty :—অনুদারতা : Illiberality

Narwhal, nar'hwal, **Narwal,** nar'wal, *n.* তিমিজাতীয় মৎস্য , সামুদ্রিক জন্তু বিশেষ ; A sea-unicorn ; a cetaceous mammal.

Nasal, nāzal, *a* [L *nasus*, the nose] *a* নাসাসম্বন্ধীয় ; অনুনাসিক : Pertaining to the nose ; affected by or sounded through the nose :—*n.* অনুনাসিক শব্দ বা বর্ণ ; A letter or sound uttered through the nose. [as a sound.

Nasalise, *v t.* অনুনাসিক-কৃ , To render nasal,

Nascent, naśent, *a.* [L *nascor, natus*, to be born] জায়মান ; বর্দ্ধিষ্ণু ; জননোন্মুখ , বর্দ্ধমান , উৎপদ্যমান ; Just being born , growing

Nastiness, naśte-nes, *n.* কদর্য্যতা ; অশুদ্ধতা , The quality of being nasty *Syn* :—Filthiness, dirtiness, impurity, uncleanness, squalor , obscenity, ribaldry, smuttiness.

Nasturtium, *n.* কটু শাক বিশেষ , A kind of cress with a pungent taste.

Nasty, naśte, *a.* ময়লাযুক্ত , অশুদ্ধ , কদর্য্য ; কলুষিত ; অপবিত্র ; মলময় ; Dirty , filthy , foul , disgusting , obscene *n*=nastiness. *Syn* :—Impure, unclean, defiled , offensive, repulsive, nauseous ; indecent, indelicate, gross, obscene.

Natal, nā'tal, *a.* জন্মসম্বন্ধীয় , স্বাভাবিক ; Pertaining to, accompanying or dating from ; native.

Natation, *n.* [L. *nato*, to swim] সন্তরণ ; Swimming.

Natatory, *a* সন্তরণকারী , ভাসমান ; Swimming.

Nation, nā'shun, *n.* [L. *natio*, from *nasci*, *natus*, to be born] জাতি ; বহুসংখ্যা ; A great body of people born of the same race , a race ; a great number. *Syn* :—People, community, inhabitants, society at large, commonwealth, realm, state, body politic.

National, nashun-al, *a* জাতীয় , দেশীয় ; সাধারণ ; স্বদেশভক্ত ; Pertaining to a nation ; attached to one's own country ; public ; general. *ad*=nationally, *n*=nationalness.

National convention—The assembly of deputies which assumed the government of France on the overthrow of the throne in 1792. It succeeded the National Assembly.

National-debt—জাতীয় ঋণ ; Money borrowed from individuals for national purpose and due by a nation.

National-gallery, *n.* Gallery of paintings.
National-guard—The militia of France.
Nationalise, nashun-al-iz, *v. t.* জাতীয় ধর্ম্মবিশিষ্ট-কৃ ; জাতীয় ভাববিশিষ্ট-কৃ ; To make national.
Nationalism, nashun-al izm, *n.* জাতিত্ব, স্বদেশানুরাগ ; জাতীয় ভাব বা চরিত্র ; National idiom or practice, nationalness ; national attachment ; national character. *n*=nationalist.
Nationality, nashun-ali-ti, *n.* স্বজাতিপ্রিয়তা, দেশাভিমানিতা, Attachment to a nation.—জাতীয় চরিত্র ; জাতির ভাব ; National character.
Native, na'tiv, *a.* দেশীয়, দেশোৎপন্ন, Born in or within a country ; not foreign.—সহজ, সহজাত, অকৃত্রিম ; স্বভাবজ ; Original ; born with one, not artificial :—*n.* দেশবাসী ; আদিম অধিবাসী, One born in a place or country, original inhabitant. *ad*=natively, *n*=nativeness. *Syn* —(*a*) Natal ; natural, congenital, indigenous, intrinsic, genuine, real, unartificial ; vernacular, mother.
Nativity, na-tivi-ti, *n* জন্ম ; Birth :—জন্মের কাল বা স্থান বা রীতি, Time, place or manner of birth —জন্মপত্রিকা : কোষ্ঠী ; A horoscope. [Jesu
The Nativity—খ্রীষ্টের জন্মদিন ; The birth-day of
Natron, *n.* ক্ষার বিশেষ ; A native carbonate of soda. [of toad.
Natterjack, *n.* ভেক বিশেষ, A European species
Natty, *a.* পরিষ্কার পরিচ্ছন্ন, Neatly fine ; spruce
Natural, natū-ral, *a.* স্বাভাবিক, স্বভাবজ ; নৈসর্গিক প্রাকৃতিক ; According to nature, pertaining to or bestowed by nature :—সহজ, স্বাভাবিক, স্বভাবসিদ্ধ ; Inborn ; constitutional :—সুকোমল, কোমল, Tender :—জারজ ; Illegitimate, bastard.—বিচার দ্বারা নির্দ্ধারণীয়, Discoverable by reason :—কষ্টকল্পিত নহে ; Not farfetched :—*n* জন্ম পাগল ; An idiot :—*pl.* প্রকৃতিজাত গুণ বা বৃত্তি, স্বাভাবিক অবস্থা, Natural gifts, impulses or circumstances. *ad*=naturally, *n*=naturalness. *Syn* —(*a*) Congenital, natal, original, native not forced, essential, characteristic, regular normal, not exceptional, legitimate, ordinary, usual.
Natural child, *n.* জারজ সন্তান ; One not born in lawful wedlock. [course of nature
Natural death, *n.* স্বাভাবিক মৃত্যু ; Death in
Natural history, *n.* প্রাকৃত ইতিহাস, প্রাকৃতিক ইতিহাস ; প্রাণিবিজ্ঞান, Description of objects, geology, botany, zoology &c. ; the sciences that deal with the earth and all its productions.
Natural philosophy, *n* পদার্থ বিজ্ঞান, পদার্থ দর্শন, The science of the physical properties of bodies.
Natural religion, *n.* স্বাভাবিক ধর্ম্ম ; Religion so far as it is discoverable by reason.
Natural selection, *n* নৈসর্গিক নির্ব্বাচন ; A supposed operation of natural laws, analogous to designed selection in the breeding of plants and animals, resulting in the survival of the fittest.
Natural system, *n.* স্বাভাবিক অঙ্গগঠন দেখিয়া শ্রেণী বিভাগ ; Classification according to natural organisation instead of by fanciful resemblances.
Natural theology, *n.* প্রাকৃতিক ধর্ম্মবিজ্ঞান ; ঈশ্বর বিষয়ক সহজ জ্ঞান ; Religion of God and his works ; the knowledge of God from his works by the light of nature and reason ; the theological science which treats of God and his attributes by the aid of reason without revelation. [naturally to.
Natural to—কাহারও স্বভাবসিদ্ধ ; Belonging
Naturalise, *v i.* ভিন্ন দেশের জল বায়ুর উপযুক্ত-কৃ ; ভিন্ন দেশের উপযোগী-কৃ ; To acclamatise ; to adapt to a different climate :—বিদেশীয়কে স্বদেশীয়ের অধিকার বিশিষ্ট-কৃ ; দেশজ অধিকার-দে ; দেশজাত প্রজার অধিকার বিশিষ্ট-কৃ ; To invest with the privileges of natural-born subjects. *n*=naturalisation.
Naturalism, natū-ral-izm, *n.* স্বাভাবিকাবস্থা ; প্রাকৃত অবস্থা, Mere state of nature :—স্বাভাবিক ধর্ম্ম, Religion of nature
Naturalist, natū-ral-ist, *n.* প্রাণীতত্ত্ববিদ্ ; প্রাকৃত তত্ত্বজ্ঞ, One who studies the natural history of animals.
Nature, na'tūr, *n* [L. *natura*, from *natus*, born] সৃষ্টি ; জড় জগৎ ; বিশ্ব, The visible creation ; the universe :—প্রকৃতি, The original cause ; first cause :—প্রকার Kind ; sort :—ভাব ; Substance, purport :—স্বভাব ; Natural disposition :—স্বভাব, চরিত্র, প্রকৃতি, ধর্ম্ম, Temper ; character, mind, inherent qualities :—প্রকৃতি ; The established order of things :—সত্যের সঙ্গে উপযোগিতা ; Adaptation to truth :—নগ্নতা ; Nakedness :—প্রকার Species. *Syn* —World ; creator, essence, quality, disposition, affection.
Attend to or satisfy the call of nature—মলমূত্র পরিত্যাগ-কৃ। [bad temper.
Bad nature—অসৎ প্রকৃতি, দুষ্ট প্রকৃতি ; Natural
By nature—স্বভাবতঃ, Naturally.
Good nature—সরলতা ; সৎ প্রকৃতি ; Natural good temper, amiability
In a state of nature—উলঙ্গ, বিবস্ত্র ; Naked as when born, unclothed :—অসভ্য, আরণ্য অবস্থায় বা বন্য জন্তুর ন্যায়, Rude ; in a natural or wild state.
Naught, nawt, *n* কিছুই নহে ; Nothing :—*a.* অকিঞ্চিৎকর, নগণ্য, দুষ্ট ; Worthless ; naughty :—কোন পরিমাণেও নহে, In no degree.
Set at naught—তৃণবৎ জ্ঞান-কৃ ; Despise.
Naughtiness, nawte-nes, *n* দুষ্টামি ; Badness ; mischief *Syn* .—Wickedness, perverseness, forwardness.
Naughty, nawti, *a.* দুষ্ট, অনিষ্টকারী ; বিকৃত স্বভাব ; Bad ; wicked, perverse, mischievous. *n*=naughtiness. *ad*=naughtily.
Nausea, naw'zē-a, *n* [G. *nausia*, from *naus*, ship] বমনেচ্ছা ; বমন ; Any sickness of the stomach accompanied with a propensity to vomit.—ঘৃণা ; অরুচি ; Loathing. *Syn* :—Sea-sickness, qualm, squeamishness ; queasiness, disgust, aversion, strong dislike.
Nauseate, naw'she-āt, *v. i.* বমনোন্মুখ-হ ; বিতৃষ্ণ-হ, To became squeamish :—ঘৃণাবোধ-কৃ ; To feel disgust :—*v. i.* ঘৃণা-কৃ, To loathe :—বিতৃষ্ণ হইয়া ত্যাগ-কৃ, To reject with disgust.
Nauseous, naw'she-us, *a.* ঘৃণাজনক ; ঘৃণার্হ ; Disgusting, loathsome.—বমনজনক ; অরুচিকর, Pro

ducing nausea. *ad*=nauseously, *n*=nauseousness.

Nautic, Nautical, naw'tik-al, *a.* নৌবিদ্যা সম্বন্ধীয় ; সামুদ্রিক ; Naval ; marine. *ad*=nautically. [নৌ-ঘটিত ; Marine ; nautical.

Naval, nā'val, *a.* [L. *navis*, ship] সামুদ্রিক ,

Nave, nāv, *n.* চক্রের নাভি , Hubb , boss ; centre of a wheel ; the hub or piece of timber &c , in the centre of a wheel, through which the axle passes :—ধর্ম্মমন্দিরের মধ্যভাগ , গির্জ্জার মধ্যভাগ ; The middle or main body of a church.

Navel, *n.* নাভী ; মধ্যস্থল ; The depression in the centre of the lower part of the abdomen ; the extreme part of anything.

Navigable, navi-ga-bl, *a* নাব্য ; জলযান গমনোপযোগী ; That may be passed by ship or vessels *n*=navigableness, *ad*=navigably.

Navigate, navé-gāt, *v t.* [L. *navis*, ship, and *agere*, to move] নৌকা চালান ; পোতযোগে অতিক্রম-কৃ , To steer or manage a ship in sailing ; to sail upon :—*v. i.* জলপথে গমন-কৃ ; জাহাজে গমন-কৃ , নৌযোগে যাওয়া ; To sail in a ship ; to sail. *Syn* :—Sail, course, cruise , steer , direct

Navigation, nav-i-gā'shun, *n.* নৌকা চালাইবার কৌশল ; নৌচালন-বিজ্ঞান ; The art of managing a ship at sea.

Art of navigation—নৌ-বিদ্যা ।

Navigator, navi-gāt-or, *n* পোতবাহক ; নাবিক ; নৌযাত্রী , One who directs the course of a ship

Navy, nāvi, *n* [L. *navis*, a ship] জাহাজসমূহ ; তরণীসমূহ , Body or fleet of ships —রণতরিসমূহ , রণপোতসমষ্টি . The ship force of a nation :—রণতরির নাবিকগণ , সমগ্র নৌসেনাদল , The sailors belonging to the war ships of a nation.

The navy—নৌ-বিভাগ ।

Nay, nā, *adv.* না ; কেবল উহাই নহে , No , not only so but more :—*n* অসম্মতি , অস্বীকৃতি , Denial.

Nazarene, *n.* ন্যাজেরেথ-নগরবাসী , An inhabitant of Nazareth.

Nazarite, nazar-it, *n.* শুদ্ধাচারী ইহুদী ; A Jew who vowed to lead from strong drink &c.

Nazaritism, nazar-it-izm, *n* ন্যাজারাইটের প্রতিজ্ঞা ও আচরণ ; The vow and practice of a Nazarite.

Naze, nāz, *n* অন্তরীপ , A headland or cape

Neap, nēp, *a.* নিম্ন , অনুচ্চ , Low —*n* মরা কোটাল , A neaptide, opposed to spring-tide.

Neaped, nēpt, *a* ভরা কোটালের উচ্চনীরের চড়ায় সংলগ্ন ; Left around by the tide.

Neaptide, *n.* মরা কোটাল , Lowest tide.

Near, nēr, *a.* নিকটস্থ ; নিকট ; অদূর ; Not far distant ; nigh ; close :—প্রিয় ; Dear :—ঠিক , সরল ; Direct :—ব্যয়কুণ্ঠ ; কৃপণ , Stingy , close-fisted :—*ad.* নিকটে , অনতিদূরে , At a little distance :—প্রায় ; Almost :—*v. t.* সন্নিহিত-হ ; নিকটবর্ত্তী-হ ; To approach ; to come nearer :—*v. i.* নিকটবর্ত্তী-হ ; To draw near , approach *Syn* :—(*a*) Neighbouring, adjacent, contiguous, adjoining, proximate ; imminent, impending, forthcoming, threatening ; intimate, familiar, dear, close , direct, short, straight.

Near relation—নিকট সম্পর্কীয় লোক ; One closely connected with us by birth or marriage.

Nearly, nēr'li, *ad.* অনতিদূরে , নিকটে ; At no great distance ; closely :—ঘনিষ্ঠরূপে ; Intimately :—প্রায়শঃ ; Almost

Nearness, *n.* নৈকট্য ; ঘনিষ্ঠতা ; নিকটসম্বন্ধ ; কার্পণ্য ; Closeness ; intimacy ; close alliance.

Near-sighted, nēr'-sīted, *a.* দূরদর্শনাক্ষম ; অদূরদর্শী , Short-sighted. *n*=near-sightedness.

Neat, nēt, *a.* পরিষ্কার ; পরিচ্ছন্ন ; পরিপাটী ; Tidy :—বিশুদ্ধ , Pure ; clean .—*n.* ষাঁড় , গাভী ; An ox or cow *ad*=neatly, *n*=neatness. *Syn* :—(*a*) Cleanly, unsoiled, unstained, pure ; nice, spruce, trim, well-finished, well-fitting ; chaste, simple ; handy, dexterous, adroit , precise, exact, net.

Neat-herd, nēt-hērd, *n.* রাখাল , গোপাল ; Keeper of ox or cow.

Neatness, nētnes, *n.* বিশুদ্ধতা ; পরিষ্কার ; Condition or quality of being neat. *Syn* :—Cleanliness, purity, tidiness, spruceness, trimness ; finish, elegance, chasteness, simplicity. [a bird.

Neb, *n* নাসিকা , চঞ্চু ; The nose ; the beak of

Nebula, nebū-la, *n* [Gr *nephele*, cloud, moist] নক্ষত্রসমূহ , নেহারিকা , ছায়াপথ , Cluster of stars ; dark spot ; hazy appearance. *pl*=nebulæ, *a*=nebular [nebulæ.

Nebular, *a.* ছায়াপথ সংক্রান্ত ; Pertaining to

Nebulose, nebū-lōs, **Nubulous,** nebū-lus, *a.* মেঘাচ্ছন্ন ; নৈহারিক ; কুহেলিকাবৎ ; মেঘাকার ; Misty , cloudy , having the appearance of clouds vague *n*=nebulosity.

Necessaries of life—অন্নাচ্ছাদনাদি ।

Necessary, neses-sār-e, *a.* অপরিহার্য্য ; আবশ্যক ; অবশ্যম্ভাবী , Unavoidable, indispensable ; requisite —*n* প্রয়োজনীয় দ্রব্য , আবশ্যক দ্রব্য ; A requisite—used chiefly in the plural. *ad*=necessarily *Syn* —(*a*) Inevitable , requisite, essential, needful , compulsory, involuntary.

Necessary for or to—কিছুর বা কাহারও পক্ষে আবশ্যক ; Needful or requisite for

Necessitarian, ne-ses-si-tāri-an, **Necessarian,** ne-ses-sāri-an, *a* অদৃষ্টবাদী , অবশ্যম্ভাবিত্ববাদী ; One who denies freedom of will , fatalist.

Necessitate, ne-sesse-tāt, *v t.* [L. *necessitare*, *necessitatum*, to force] আবশ্যক-কৃ ; To make indispensable —বাধ্য কৃ ; To compel , to force , to oblige

Necessitious, ne-sisit-us, *a.* অতি দরিদ্র ; নিঃস্ব ; দীন , Very poor , very indigent ; destitute. *ad*=necessitously, *n*=necessitousness.

Necessitude, *n.* অপরিহার্য্য সম্বন্ধ , Necessary connection or relation.

Necessity, ne-sesse-te, *n.* অবশ্যম্ভাবিতা , অবশ্যম্ভাবিত্ব , Unavoidableness .—আবশ্যকতা ; Requisiteness :—দরিদ্রতা , দারিদ্র্য ; Indigence :—প্রয়োজন , অভাব ; Any thing necessary ; need :—ভবিতব্যতা ; Fate , fatality. *Syn* :—Indispensableness, inevitableness ; compulsion, destiny ; need, needfulness, urgency, exigency, pressing want , requisite, requirement, essential.

Be under the necessity of—কোন কার্য্য করা আবশ্যক হওয়া ; Find it necessary to do something.

Make a virtue of necessity—যাহা কাহাকে বাধ্য হইয়া করিতে হইবে, তাহা ভাল ভাবে অস্বে-কৃ , To

কর as graciously as possible something one is compelled to do :—কোন অবস্থায় পড়িয়া অনন্যগতি প্রযুক্ত তাহা হইতে যে লাভ করিয়া লওয়া যাইতে পারে, তাহাই করা বা সহ্য করিয়া যাওয়া ; Submit to circumstances and turn them to the best account ; do or suffer that patiently which cannot well be avoided.

Necessity has no law—আতুরে নিয়মো নাস্তি ; অত্যন্ত আবশ্যক হইলে ন্যায়ান্যায় জ্ঞান থাকে না, When a person is in great necessity he is not very scrupulous about the means he employs for removing it.

Necessity is the mother of invention—কাজ করিতে যাইয়া কোন কিছুর অভাব বোধ হইলে, লোকে তাহার উপায় উদ্ভাবন করিয়া লয়, Inventions in science or art are often the result of circumstances which lead a person, when he feels the want of anything (in getting through his work) to think about it and discover methods for supplying it. [unavoidably

Of necessity—কাজে কাজেই, Necessarily.

Neck, nek, *n.* গ্রীবা, গলা, Part connecting the head with the trunk :—লম্বা সঙ্কীর্ণ অংশ ; দীর্ঘ অপ্রশস্ত অংশ ; A long narrow part.

Neck and crop—সম্পূর্ণরূপে ; Completely

Neck and heels—ঘাড়ে পায়ে এক করিয়া, সম্পূর্ণরূপে ; With the whole body, in a hasty and summary fashion ; entirely.

Neck and neck—সমান সমান, রেসারেসি, Side by side ; in close competition.

Neck of land—অপ্রশস্ত ভূমিখণ্ড ; Narrow strip of land. [desperate

Neck or nothing—বিপদগ্রস্ত ; At great risk

Plant a foot on the neck of—দমনে রাখা ; কাহারও ঘাড়ে পা দেওয়া ; Keep in check, reduce to submission.

To turn by the neck—অর্দ্ধচন্দ্র-দে।

Up to the neck—সম্পূর্ণরূপে, Completely.

Neckband, Neckcloth, nekkloth, *n.* গলাবন্ধনী, গ্রীবাবন্ধনী ; A piece of cloth worn on the neck by men. [a neck

Necked, nekt, *a.* গ্রীবাবিশিষ্ট ; গ্রীব, Having

Neckerchief, nek'er-chif, *n.* গলাবন্ধনী, গলায় বাঁধা রুমাল ; A handkerchief for neck.

Necklace, nek'las, *n.* হার ; মালা, স্ত্রীলোকের কণ্ঠমালা, String or chain of beads or precious stones for the neck [defence for the neck

Neckpiece, *n.* গলার অলঙ্কার ; Ornament or

Necktie, nek'ti, *n.* গলার কাপড়, গ্রীবাবন্ধনী, A tie or cloth for the neck

Neckverse, *n.* বাইবেলে লিখিত এক পঞ্চাশত্তম ধর্মসঙ্গীতের প্রথম শ্লোক ; The verse formerly read to entitle a party to the benefit of clergy, said to be the first of the 51st Psalm.

Necrologic, Necrological, *a.* মৃত্যুর হিসাব সম্বন্ধীয় ; Pertaining to necrology.

Necrologist, nek-rol'o-jist, *n* মৃত্যুসংখ্যার তালিকা লেখক ; মৃত্যু-সংখ্যার হিসাব-খাতা ; Writer of obituaries ; one who gives an account of deaths.

Necrology, nek-rol'o-gi, *n.* [Gr. *nekros*, death, and *logos*, a discourse] মৃত্যুসংখ্যার তালিকা ; মৃতের হিসাব ; A register of deaths, obituary. *as*=necrologic ; necrological.

Necromancer, nek'ro-man-sėr, *n.* ঐন্দ্রজালিক ; যাদুকর ; A sorcerer ; magician.

Necromancy, nek'ro-man-se, *n.* [G. *nekros*, dead, and *manteia*, divination] মন্ত্রতন্ত্র ; ইন্দ্রজাল ; যাদুবিদ্যা ; Enchantment ; magic ; witchcraft ; sorcery ; black art. *as*=necromantic, necromantical.

Necromantic, Necromantical, *a* ঐন্দ্রজালিক ; Performed by necromancy. *ad*=necromantically.

Necropolis, nek-rop'ol-is, *n.* [G. *nekros*, dead, and *polis*, city] সমাধি-স্থান ; সমাধিক্ষেত্র ; প্রেতলোক ; A cemetery ; grave-yard ; burying-ground ; church-yard.

Nectar, nek'tar, *n.* অমৃত ; The drink of the Gods :—সুস্বাদু দ্রব্য, সুমধুর পানীয় ; A pleasant liquor ; a delicious beverage.

Nectareal, nek-tā're-al, **Nectarean**, nek-tā're-an, *a.* অমৃত সম্বন্ধীয়, অমৃতবৎ ; Pertaining to or resembling nectar :—সুস্বাদু ; সুমধুর ; Delicious.

Nectared, nek'tard, *a.* অমৃতপূর্ণ, অমৃতময় ; মধুর ; Mingled or abounding with nectar.

Nectareous, nek-tā're-us, *a.* অমৃতবৎ ; সুস্বাদু ; সুমধুর ; Delicious.

Nectarine, nek'ta-rin, *a.* অমৃতবৎ ; মধুতুল্য মধুর ; সুমিষ্ট, Sweet as nectar :—*n* ফল বিশেষ ; A peach-like fruit. [Sweet as nectar.

Nectarous, nek'tar-us, *a.* অমৃতের মত সুমিষ্ট ;

Nectary, nek'tar-i, *n.* পুষ্পের মধুকোষ ; Organ that secretes honey, the honey gland of a flower.

Peccary, *n.* দক্ষিণ আমেরিকার শূকরাকার চতুষ্পদ জন্তু বিশেষ ; A hog-like quadruped in South America.

Peck, pek, *n.* পরিমাণ বিশেষ ; এক বুশেলের চতুর্থাংশ ; A dry measure, 2 gallons or ¼ of a bushel :—*v. t.* চঞ্চু দ্বারা গ্রহণ-কৃ ; চঞ্চু দ্বারা খুঁটিয়া লওয়া ; To pick up with the beak :—পুনঃ পুনঃ আঘাত-কৃ ; চঞ্চু দ্বারা ঠোকর মারা ; To strike with repeated blows.

Pecker, pek'ėr, *n.* যে ঠোকর মারে ; কাঠঠোকরা পাখী ; A wood-pecker.

Peckish, *a.* ক্ষুধিত ; ছিদ্রান্বেষী ; Hungry, disposed to find fault.

Pectinal, pek'tin-al, *a.* [L. *pecter*, *pectinis*, a comb] চিরুণী সম্বন্ধীয় ; চিরুণী সদৃশ ; Pertaining to or like a comb :—*n.* মৎস্য বিশেষ ; A fish with bones like the teeth of a comb.

Pectinate, pek'tin-āt, **Pectinated,** pek'tin-āt-ed, *a.* চিরুণীর দন্তের ন্যায় ; চিরুণীদন্ত সদৃশ ; চিরুণীর মত দাঁতওয়ালা ; Resembling the teeth of a comb. *n*=pectination, *ad*=pectinately.

Pectination, *n.* চিরুণীদন্ত সাদৃশ্য ; The state of being pectinated.

Pectoral, pek'tor-al, *a.* [L. *pectus*, *pectoris*, the breast] বক্ষঃস্থল সম্বন্ধীয় ; বক্ষঃ সংক্রান্ত ; Relating to the chest :—বক্ষঃস্থলের ডানা ; A pectoral fin :—বক্ষোরোগের ঔষধ ; A medicine for complaints of the chest.

Peculate, pek'ū-lāt, *v. t.* [L. *peculium*, private property] হরণ ; রাজকোষস্থ ধন অপহরণ-কৃ ; To steal ; embezzle money ; rob the public. *n*=peculation (রাজকোষস্থ ধন অপহরণ ; ন্যস্ত দ্রব্য হরণ) ; peculator (ন্যস্ত দ্রব্য হরণকারী) । *Syn* :—(*n*) Misappropriate, purloin, steal.

Peculator, *n.* সাধারণ ধনাপহরণকারী ; One who embezzles public money.

Peculiar, pē-kū'le-ar, *a.* [L. *peculium*, private property] বিশেষ ; অসাধারণ ; অসামান্য ; Appropriate ; strange ; particular ; singular. *n*=peculiarity (বিশেষত্ব ; বিশেষ ধর্ম ; স্বধর্ম ; Singularity). *ad*=peculiarly. *Syn* :—Private, personal, characteristic, special, specific ; unusual, uncommon.

Peculiar to—কেবল এই বস্তুতে বা ব্যক্তিতে দেখা যায়, অন্য কিছুতে বা কাহাতে দেখা যায় না ; Belonging exclusively to.

Pecuniary, pe-kū'ni-ar-i, *a.* [L. *pecunia*, money] আর্থিক ; অর্থসম্বন্ধীয় ; Relating to money. *ad*=pecuniarily.

Pedagogic, ped-a-goj'ik, **Pedagogical,** ped-a-goj'ik-al, *a.* শিশু-শিক্ষক সম্বন্ধীয় , Belonging to a teacher of children :—শিক্ষা-সম্বন্ধীয় , Relating to teaching.

Pedagogics, ped-a-goj'iks, **Pedagogy,** peda-goj-i, *n.* শিক্ষা-বিজ্ঞান ; অধ্যাপনা-বিজ্ঞান ; শিক্ষকতা কার্য্য ; The science of teaching.

Pedagogue, peda-gog, *n.* [Gr *pais*, *paidos*, a boy, *agogos*, a leader] শিশুদিগের শিক্ষক , বিদ্যাভিমানী ; গুরু মহাশয় ; A teacher of children , schoolmaster ; pedant.

Pedal, pedal, *a.* [L. *pedis*, the foot] পদ সংক্রান্ত ; পদ সম্বন্ধীয় , Belonging to foot :—*n.* বাদ্যযন্ত্রের যে অংশ পদ দ্বারা চালিত হয় ; পা-দান ; A lever or key of a piano or organ moved.

Pedant, pedant, *n.* পণ্ডিতাভিমানী ; বিদ্যাভিমানী , বিদ্যাদর্শী ; Self-conceited school-master ; vain or awkward pretender to learning. *a*=pedantic, pedantical.

Pedantic, Pedantical, *a.* পাণ্ডিত্যাভিমানী ; পণ্ডিতম্মন্য , Vainly displaying knowledge.

Pedantry, pedant-ri, *n.* পাণ্ডিত্যাভিমান ; পাণ্ডিত্য-প্রদর্শন ; A vain and useless display of knowledge.

Peddle, pedl, *v. i.* ফেরি করিয়া বিক্রয়-কৃ ; বিক্রয়ার্থ ফেরি করিয়া বেড়ান ; To travel about with a bundle of goods for sale , to hawk :—*v. t.* অল্প অল্প করিয়া বিক্রয়-কৃ ; খুচরা বিক্রয়-কৃ ; To retail in very small quantities

Peddler, Pedler, Pedlar, pedler, *n.* ফেরিওয়ালা , One who carries goods about for sale in a box or pack ; a hawker, a travelling trader

Peddlery, pedlér-i, *n.* ফেরিওয়ালার ব্যবসায় , The trade of a peddler —ফেরিওয়ালার জিনিসপত্র ; ফেরিওয়ালার পণ্যদ্রব্য ; The wares sold by a peddler.

Peddling, *n.* ফেরিওয়ালার ব্যবসায় , The trade of a peddler.

Pedestal, pedes-tal, *n.* [L. *pes*, *pedis*, the foot, and It. *stallo*, a place] স্তম্ভমূল . স্তম্ভের পাদ-দেশ ; স্তম্ভের পাদভূমি ; The foot or base of a pillar.

Pedestrian, pe-des'trian, *a* [L. *pes*, *pedis*, the foot] পদব্রজে গমনশীল , পদব্রজে সম্পাদিত ; Going on foot ; performed on foot :—*n.* পদব্রাজক , পদব্রজে গমনকারী , One journeying on foot , an expert walker. *n*=pedestrianism.

Pedestrianism, *n.* পদব্রজে গমন ; পাদচারণ ; Travelling , walking.

Pedicel, pedi-sel, **Pedicle,** pedi-kl, *n.* [L. *pes*, *pedis*, the foot] ফল বা পত্রের বৃন্ত , পুষ্পবৃন্ত , The little foot stalk by which a leaf or fruit is fixed on the tree.

Pedigree, pede-grē, *n.* কুলজী , বংশাবলী ; বংশানুক্রম , বংশপত্রিকা ; Lineage , geneology. *Syn* .—Descent, register of ancestors.

Pediment, pedi-ment, *n* ছাদের সম্মুখভাগে স্তম্ভোপরিস্থিত ত্রিকোণাকার গাঁথুনি ; Triangular part over an entablature. *a*=pedimental.

Pedobaptism, *n.* (খৃষ্টধর্ম্মে) শৈশবদীক্ষা , Infant baptism.

Pedobaptist, *n.* শৈশব-দীক্ষানুরাগী ; One who holds to infant baptism.

Pedometer, *n.* পাদচারণ-দূরত্বমান যন্ত্র বিশেষ ; পাদক্ষেপ-গণনার যন্ত্র ; An instrument for indicating the number of steps.

Peduncle, pē-dung'kl, *n.* ফুলের ডাঁটা, যে ছড়িতে ফুল থাকে ; A flower-stalk.

Peel, *v t.* ত্বক বা বকল উন্মোচন-কৃ ; ছাল খোলা ; খোসা ছাড়ান , To strip off the skin or bark ; to bare .—লুণ্ঠন-কৃ ; To plunder :—*v. i.* খুলিয়া আসা ; To come off :—*n.* চর্ম্ম ; ত্বক , বকল ; ছাল ; The skin, rind or bark. *a*=peeled.

Peel, *n.* রুটিওয়ালার কাঠের হাতা বা শাবল ; A baker's wooden shovel , a fire-shovel :—ক্ষুদ্র দুর্গ , A small fortress.

Peeler, *n.* ত্বক্-মোচনকারী ; One who peels :—লুণ্ঠনকারী ; A plunder :—Slang for Policeman.

Peep, pēp, *v. t.* কুক্কুটশাবকের ন্যায় শব্দ-কৃ ; চি চি শব্দ-কৃ , ডাকা , To cry as a chicken ; to chirp :—উঁকি মারা , কুটিল দৃষ্টি-কৃ , To look through a narrow space , to look slyly or closely :—প্রথম দেখা-দে , To begin to appear :—*n.* কুক্কুটশাবকের ডাক ; চি চি শব্দ , The cry of a chicken , chirp —উঁকি , A sly look —উদয় হইতে আরম্ভ , উদয় , A beginning to appear , first appearance.

At the peep of—আরম্ভে , প্রথম দর্শনে ; At the first appearance

Peep of day—প্রত্যুষ ; প্রভাত , The first streak of light , early in the morning.

Peeper, pēp'ér, *n.* কুটিল দৃষ্টি ক্ষেপক , কুক্কুটশাবক ; One who peeps ; a chicken just breaking the shell.

Peephole, Peeping hole, *n.* কপাটের যে ছিদ্র দিয়া উঁকি মারিয়া দেখা যায় তাহা , A hole or small opening through which one may look without being discovered.

Peepul—অশ্বত্থ গাছ।

Peer, pēr, *v i* দৃষ্টিগোচর-হ , দর্শন দেওয়া , উপস্থিত হ , To appear :—কুটিল দৃষ্টিপাত-কৃ , To look narrowly উঁকি মারা , To peep

Peer, pēr, *n.* [L. *par*, *paris*, equal] অভিজাত ; কুলীন , লর্ড সভার সভ্য ; A nobleman , a member of the house of Lords :—সমকক্ষ , সমতুল্য ব্যক্তি , An equal, a match —সঙ্গী ; সহায় ; A comrade , an associate *fem*=peeress.

Peerage, pēr'āj, *n* কুলীনের পদ ; অভিজাতা ; The rank or dignity of a peer —কুলীন জনসমূহ ; অভিজাত সম্প্রদায় ; The body of peers.

Peerless, pēr'les, *a.* অতুল ; অতুলনীয় , অনুপম , Matchless *ad*=peerlessly, *n*=peerlessness. *Syn* —Unequalled, incomparable, superlative, unsurpassed

Peevish, pē'vish, *a.* খিটখিটে ; কোপনস্বভাব , বিরক্তি প্রকাশক ; Habitually fretful , easily annoyed *n*=peevishness (খিটখিটে ভাব) ; *ad*=peevishly (রাগত হইয়া) । *Syn* —Cross, ill-natured ill-tempered, testy, spleeny, irritable, waspish captious, discontented, petulant.

Peg, peg, *n.* গোঁজ ; কীলক ; খোঁটা ; Wooden nail or pin .—*v. t.* গোঁজ দ্বারা বদ্ধ-কৃ ; কীলক দিয়া আবদ্ধ কৃ , To fasten with a peg. *a*=pegged.

Pegged, pegd, *a.* কীলক দ্বারা সংবদ্ধ ; কীলকবিশিষ্ট ; Fastened or furnished with pegs.

Pegtop, *n.* শিশুদিগের ক্রীড়ানক বিশেষ ; A child's plaything for spinning.

Pekoe, pe'kō, *n.* সুগন্ধি কৃষ্ণ চা ; A scented black tea.

Pelagian, *a.* সামুদ্রিক ; Pertaining to the sea.

Pelagian, *n.* পেলেজিয়স নামক সন্ন্যাসীর শিষ্য ; A follower of Pelagius, a British monk.

Pelagianism, *n.* পেলেজিয়স-নীতি ; The doctrines of Pelagius.

Pelargonium, *n.* নানা প্রকার ফুলগাছ ; A genus of beautiful flowering plants.

Pelf, pelf, *n.* অর্থ ; ধন ; Money, riches ; love of money ; generally in an ill sense.

Pelican, peli-kan, *n.* জলচর পক্ষী বিশেষ ; A large water-fowl.

Pell, pel, *n.* [L. *pellis*, a skin or hide] পশুচর্ম ; পার্চমেন্ট ; A roll of parchment.

Pellet, pelet, *n.* [L. *pila*, a ball to play with] গুলি ; ছিটে ; A little ball.

Pelleted, *a.* ছোট বর্তুলময় গুলি দ্বারা আহত ; Furnished with pellets, pelted, as with bullets.

Pellicle, peli-kl, *n* সূক্ষ্ম চর্ম, সূক্ষ্ম ত্বক ; ঝিল্লী ; Thin skin. *a*=pellicular.

Pellisse, pe-lēs, *n.* [L. *pellis*, a skin] স্ত্রীলোকের রেশমি পোষাক বিশেষ ; মহিলাদিগের পট্টপরিচ্ছদ বিশেষ ; Furred robe ; woman's silk cloak ; a silk habit worn by ladies.

Pell-mell, *a.* গোলমাল ; হুলস্থুল ; এলোমেলো ভাবে ; With confusion hurry, and violence, promiscuously.

Pellucid, pel-lū'sid, *a.* [L. *per*, very, and *lucidus*, clear, bright] স্বচ্ছ ; নির্মল, Transparent ; clear. *n*=pellucidness, *ad*=pellucidly *Syn* :—Limpid, crystalline, not opaque.

Pelt, pelt, *n.* লোমযুক্ত চর্ম, অপরিষ্কৃত পশুচর্ম ; A raw hide ; an undressed hide :—বাজপক্ষীর ছিন্নভিন্ন শিকার ; The quarry or prey hawk, all torn :—নিক্ষিপ্ত বস্তুর আঘাত, A blow from something thrown :—*v. t.* ফেলিয়া মারা ; নিক্ষেপ-কৃ ; To throw or cast.

Pelted to death—প্রস্তরাঘাতে হত।

Pelting, pelting, *n.* প্রস্তরাঘাত, ঢিল-ছোড়া, An assault with anything.

Peltry, peltri, *n.* লোমশ জন্তুর চর্ম ; লোম, The skins of animals producing fur ; furs.

Pelvis, pelvis, *a* বস্তি-গহ্বর, বস্তির নিম্নদেশ, The bony cavity forming the lower part of the abdomen.

Pen, pen, *n.* কলম ; লেখনী, Quill, instrument used for writing :—খোঁয়াড় ; A small inclosure ; a coop :—*v. t.* বদ্ধ-কৃ, খোঁয়াড়ে বদ্ধ-কৃ ; To shut up ; to shut in a small inclosure :—লিখা ; লিপিবদ্ধ-কৃ ; To write.

Pen and Ink—লিখিত ; In writing.

Penal, pē'nal, *a.* [L. *poenalis*, from *poena*, punishment] দণ্ডবিধায়ক ; দণ্ডসম্বন্ধীয় ; দণ্ডার্হ ; Pertaining to punishment ; incurring punishment. *ad*=penally. *Syn* :—Punitive, retributive ; corrective.

Penal-code—দণ্ডবিধির আইন ; Code for punishment of crimes.

Penalty, penal-te, *n.* দণ্ড ; শাস্তিবিধান ; অর্থদণ্ড ; জরিমানা ; Personal or pecuniary punishment ; a fine ; mulet. *Syn* :—Forfeiture, amercement, penal retribution.

Penance, penans, *n.* প্রায়শ্চিত্ত ; পাপক্ষয়ার্থ কৃচ্ছ্রসাধ্য কার্য্য ; Suffering ; voluntary or unforced for sin ; penitence.

Pence, pens, *n.* Plural of *penny*.

Penchant, pang'shang, *n.* প্রবণতা ; আসক্তি ; প্রবৃত্তি ; Inclination ; bias ; decided taste.

Pencase, Penholder, *n.* An article for holding a pen or nib when writing.

Pencil, pensil, *n.* তুলী ; তুলিকা ; সীসক-লেখনী ; পেন্সিল ; Black led or other instrument or brush for writing or drawing :—কিরণমালা ; কিরণজাল ; Collection of rays of light converging to a point :—চিত্র বা অঙ্কন বিদ্যা, The art of painting or drawing :—*v. t.* পেন্সিল দ্বারা লেখা ; চিত্র-কৃ ; অঙ্কন-কৃ ; নক্সা-কৃ ; To write, sketch or mark with a pencil ; to paint or draw ; to delineate. *a*=pencilled.

Pencilled, *n.* পেন্সিল দ্বারা লিখিত বা অঙ্কিত ; Written or marked with a pencil :—কিরণোজ্জ্বল ; বিভাসিত, Radiated.

Pencilling, *n.* লিখন বা অঙ্কন বিদ্যা ; নক্সা ; The art of writing or sketching ; a sketch.

Pencutter, *n.* কলম-প্রস্তুতকারী ; One who makes pens :—কলম কাটিবার যন্ত্র ; An instrument for making pens.

Pendant, pendant, *n.* [L. *pendeo*, to hang] লম্বমান অংশ ; লম্বমান দ্রব্য ; Something that hangs :—কর্ণকুণ্ডল, দুল ; কর্ণাভরণ ; An ear-ring :—পতাকা বিশেষ ; A long narrow flag, worn at the head of the principal mast of vessel of war ; streamer or pendant at the mast-head.

Pendence, Pendency, *n.* দোদুল্যমান বা সন্দিহান অবস্থা ; অনিষ্পত্তি ; A hanging in suspense, the state of being undecided.

Pendent, pendent, *a.* [L. *pendens*, *ppr*. of *pendere*, to hang] লম্বমান, বিলম্বিত ; লম্বিত ; Hanging, projecting ; suspended. *Syn* :—Suspended, drooping, pendulous, pensile.

Pending, pending, *a.* অসম্পন্ন, নিরাবলম্ব ; অনিষ্পাদিত ; মুলতুবী, বিচারাধীন ; Remaining undecided ; not terminated :—*prep.* সময়ের মধ্যে ; ব্যাপিয়া ; During.

Pending the trial—যাবৎ মোকদ্দমা নিষ্পত্তি না হয়।

Pendulous, pendū-lus, *a.* [L. *pendulus*, from *pendere*, to hang] দোদুল্যমান, লম্বমান ; দোদুল্যমান, Swinging ; hanging ; suspended from above ; pendent loosely. *n*=pendulousness, pendulousity

Pendulum, pendū-lum, *n.* [L. *pendulus*, hanging] দোলক, পরিদোলক ; Any weight so hang or suspended from a fixed point as to swing freely.

Penetrable, pene-tra-bl, *a.* বেধ্য ; বেধনীয় ; বিভেদ্য ; ভেদ্য, Capable of being pierced by another body :—ধারণাক্ষম ; Capable of having the mind affected *n*=penetrability.

Penetrate, pene-trāt, *v. t.* বিদ্ধ-কৃ ; To pierce into :—প্রবেশ-কৃ ; To entire :—মর্মভেদ-কৃ ; মর্মে আঘাত-কৃ ; To affect the feelings :—মর্ম বোঝা ; বোধগম্য-কৃ ; To understand :—বাহির-কৃ ; To find

out :—*v. i.* পথ-কৃ ; To make way :—অভ্যন্তরে প্রবেশ-কৃ ; To pass inwards. *Syn* :—Pierce, bore, perforate ; touch, affect ; discern, comprehend.

Penetrate into—ভিতরে প্রবেশ-কৃ ; Make way into the interior of :—ভিতরের কথা বুঝা ; Comprehend the inner meaning of. [with.

Be penetrated with—তন্ময়-কৃ ; Be pervaded

Penetrating, penе́-trāt-ing, *a.* তীক্ষ্ণ ; Sharp :—সূক্ষ্ম বুদ্ধি ; তীক্ষ্ণ বুদ্ধি : Discerning ; acute ; quick to understand :—বিদ্ধকারী ; Piercing or entering.

Penetration, pen-ē trā́shun, *n.* প্রবেশ ; The act of entering :—সূক্ষ্ম বুদ্ধি , তীক্ষ্ণ বুদ্ধি ; বুদ্ধির তীক্ষ্ণতা , বিচক্ষণতা , Acuteness ; discernment , sagacity. *Syn* :—Insight, sagaciousness, sharpness, discrimination.

Penetrative, penе́-trāt-iv, *a.* প্রবেশশীল , ভেদকারী ; প্রবেশপ্রবণ ; Tending to penetrate :—বিচক্ষণ ; তীক্ষ্ণ , সূক্ষ্ম ; Sagacious :—মনোমুগ্ধকর ; Affecting the mind.

Penguin, pén-gwin, **Penquin,** pénqwin, *n.* জলচর পক্ষী বিশেষ ; An aquatic bird in the southern hemisphere.

Peninsula, pen-ínsū-la, *n.* [L. *paene*, almost, *insula*, an island] প্রায়োদ্বীপ , উপদ্বীপ ; A piece of land nearly an island ; a portion of land so surrounded by water as to be almost an island.

Peninsular, pen-ínsū-lar, *a.* উপদ্বীপসম্বন্ধীয় ; প্রায়োদ্বীপ-সংক্রান্ত , Pertaining to a peninsula :—উপদ্বীপবাসী ; প্রায়োদ্বীপবাসী ; Inhabiting a peninsula.

Penitence, penе́-tens, *n.* পাপের জন্য অনুতাপ ; অনুশোচনা ; Sorrow for sin. *Syn* :—Repentance, contrition, compunction, remorse.

Penitent, penе́-tent, *a.* [L. *poenitens*, *ppr*, of *poenitere*, to repent] অনুতপ্ত ; পাপের জন্য অনুতাপকারী ; Contrite ; repentant , sorry for sin :—*n.* অনুতপ্ত ব্যক্তি ; One grieved for sin ; one underpenance. *ad*=penitently.

Penitential, pen-i-ténshal, *a.* অনুতাপজনিত , অনুতাপসূচক ; অনুতাপব্যঞ্জক ; Pertaining to or proceeding from penitence , pertaining to or expressive of penitence :—*n.* প্রায়শ্চিত্তবিধি গ্রন্থ , A book containing rules relating to penance *ad*=penitentially.

Penitential psalms—অনুতাপপ্রকাশক ভজন ; Psalms expressive of contrition.

Penitentiary, pen-i-ténshar-i, *a.* প্রায়শ্চিত্তবিষয়ক ; প্রায়শ্চিত্তসংক্রান্ত ; অনুতাপসম্বন্ধীয় ; Penitential :—*n.* অনুতপ্ত ব্যক্তি ; প্রায়শ্চিত্তকারী , A penitent :—প্রায়শ্চিত্ত করিবার স্থান , প্রায়শ্চিত্ত-ভূমি , A place for penance :—কারাগার , অপরাধীদিগের সংশোধনাগার , A house of correction for offenders.

Penknife, pénnif, *n.* কলম কাটা ছুরি ; A small knife for mending pens. [an author.

Penman, pénman, *n.* লেখক ; গ্রন্থকার , A writer ,

Penmanship, pénman-ship, *n.* লিখিবার কৌশল , লিপি-কৌশল , লিপি-পদ্ধতি ; Art of writing , manner of writing

Pennant, penánt, **Pennon,** penún, *n.* ক্ষুদ্র পতাকা , ধ্বজা ; A small flag ; a banner.

Broad pennant, *n.* A square flag of a Commodore carried at the masthead.

Pennate, penát, **Pennated,** penát-ed, *a.* [L. *penna*, feather, wing] ডানাযুক্ত ; ডানাবিশিষ্ট ; পক্ষবিশিষ্ট ; Winged.

Penniless, pén-i-les, *a.* কপর্দকশূন্য ; দরিদ্র ; নিঃস্ব ; Without money ; poor.

Pennon—See pennant.

Penny, peni, *n.* ইংলণ্ডীয় তাম্র মুদ্রা ; প্রায় দুই পয়সা ; A copper coin=$\frac{1}{12}$ of a shilling ; four farthings :—অর্থ ; টাকা , Money in general. *pl*=pennies (Denoting the number of coins) ; *pence* (the amount of pennies in value).

Penny-a-liner, pén-a-línér, *n.* বেতনভুক্ লেখক ; A casual contributor to a newspaper, who furnishes matter at 1*d.* or 1½*d.* per line ; a writer for pay.

Penny-father—কৃপণ ; A miser.

Penny-royal, pen-i-roy-al, *n.* উদ্ভিদ বিশেষ ; A species of aromatic plant.

Penny-wedding, *n.* A wedding, where the guests contribute to the festival and the household outfit.

Penny-weight, pén-wāt, *n.* ওজন পরিমাণ বিশেষ ; পেণ ; Twenty-four grains of troy weight.

Penny-wise, *a* বুদ্ধি কৃপণ , Saving small sums at the hazard of larger.

Penny wise and penny foolish—বজ্র আঁটুনি ফস্কা গেরো ; বুদ্ধি-কৃপণ , Careful about small savings but careless about larger gains.

Pennyworth, péni-wurth, *n.* প্রায় দুই পয়সা মূল্যের দ্রব্য , লাভজনক ব্যাপার ; সুবিধাজনক দরদাম ; A penny's worth of anything , a good bargain.

Pensile, pensil, *a.* [L. *pendo*, to hang] লম্বমান , দোদুল্যমান ; Hanging, suspended.

Pension, pénshun, *n.* পেন্সন , বৃত্তি , মাসিক বা বার্ষিক বৃত্তি , A stated allowance to a person in consideration for past services :—*v. t.* পেন্সন-দে ; বৃত্তিদান-কৃ , To grant a pension.

Pension off—পেন্সন দিয়া বিদায়-কৃ , Cause one to retire from service by the grant of a pension , discharge with a pension.

Pensionary, pénshun-ar-i, *a.* বৃত্তিভোগী ; বৃত্তিঘটিত , বৃত্তি-সম্বন্ধীয় , Receiving a pension ; consisting of a pension :—*n.* বৃত্তিভোগী লোক ; One who receives a pension.

Pensioner, pénshun-ér, *n.* বৃত্তিভোগী লোক , পরান্নভুক্ , One who receives a pension ; a dependant.

Pensive, pénsiv, *a* চিন্তাশীল , ধ্যানমগ্ন ; Thoughtful with sadness, reflecting. *n*=pensiveness (ধ্যানপরতা) , *ad*=pensively. *Syn* —Thoughtful, meditative, reflective, dreamy ; sober, sad, melancholy.

Pent, pent, *pa. p.* of pen, আবদ্ধ ; Shut up.

Pentachord, pénta-kord, *n.* [Gr. *pente*, five, *chorde*, string] পঞ্চতন্ত্রীক বাদ্যযন্ত্র ; A musical instrument with five strings.

Pentagon, pénta-gon, *n.* [Gr. *pente*, five, and *gonia*, angle] পঞ্চ কোণ ; পঞ্চভুজ সামতলিক ক্ষেত্র ; A plane figure having five angles and five sides. *a*=pentagonal. [equal sides.

Pentahedral, *a.* সমপঞ্চ পার্শ্ব ; Having five

Pentahedron, pen-ta-hḗdron, *n.* [Gr. *pente*,

five, and *hedra*, seat, base] সম পঞ্চপার্শ্ব ঘনক্ষেত্র ; A solid figure having five equal sides.

Pentameter, pen-tam'e-tėr, *n.* [Gr. *pente*, five, and *metron*, a measure] ছন্দোবিশেষ ; পঞ্চপদী শ্লোক ; A verse of five measures or feet :—*a.* পঞ্চপদী ; Having five feet.

Pentangular, pen-tang'gul-ar, *a.* পঞ্চ কোণ-বিশিষ্ট ; পঞ্চ কোণী ; Having five equal angles.

Pentarchy, pen-tar-ki, *n.* [Gr. *pente*, five, *arche*, rule] পঞ্চ ব্যক্তি দ্বারা শাসিত রাজ্য ; Government by five persons.

Pentateuch, pen'ta-tūk, *n.* [Gr. *pente*, five, and *tenchos*, a book] খৃষ্টধর্ম্ম-পুরাণের প্রথম পঞ্চগ্রন্থ ; The first five books of the Old Testament. *a*= pentateuchal.

Pentateuchal, *a.* খৃষ্টধর্ম্ম-পুরাণের প্রথম পঞ্চগ্রন্থ-সংক্রান্ত ; Pertaining to the Pentateuch.

Pentecost, pen'te-kost, *n.* ইহুদিদের উৎসব, ইহুদীদের পর্ব্ব ; A solemn festival of the Jews celebrated on the 50th day after the feast of the Passover. *a*=pentacostal.

Pentecostal, *a.* পেণ্টেকষ্ট সংক্রান্ত ; Pertaining to [Pentecost.

Penthouse, *n.* pent'hows, *n.* বহিঃগৃহ ; বাসবাটীর সংলগ্ন কুটীর ; A shed hanging out from a building.

Pent-roof, pent'rōōf, *n.* কেবল একদিক ঢালু ছাদ, A roof with a slope on one side only.

Penult, pe-nult', **Penultima**, pe-nul'ti-ma, *n.* [L. *paene*, almost, *ultimus*, last] একোণ অন্তিম পদাংশ, The syllable last but one.

Penultimate, pe-nul'ti-māt, *a.* উপান্ত ; একোণ অন্তিম, Last but one :—*n.* একোণ অন্তিম পদাংশ, The penult.

Penumbra, pe-num'bra, *n.* [L. *paene*, almost, and *umbra*, shade] চন্দ্রসূর্য্যাদির গ্রহণকালীন অপূর্ণ গ্রাস, চন্দ্রাদির গ্রহণকালীন ঈষৎ ছায়া, A partial shadow round the perfect shadow of an eclipse :—চিত্রের যে অংশে ছায়া ও আলোক মিশিত হয়, The part of a picture where the shade blends with the light.

Penurious, pē-nū're-us, *a.* [L. *penuria*, scarcity, want] ব্যয়কুণ্ঠ, কৃপণ ; কৃপণস্বভাব, Sordid ; miserly ; not liberal ; not bountiful. *n*= penuriousness, *ad*=penuriously. *Syn* :—Avaricious, covetous, niggardly, parsimonious, griping, close-fisted, stingy

Penury, pen'ū-re, *n* [L. *penuria*, hunger] দরিদ্রতা ; দারিদ্র্য ; নিঃস্বতা, Poverty. *Syn* .—Want, indigence, beggary, destitution, privation.

Peon, pē'on, *n.* পাদচারী ; সহিস, পেয়াদা ; ভৃত্য, A footman ; a pedestrian ; a servant.

Peony, *n.* ফুল গাছ ; A plant having beautiful flowers.

People, pē'pl, *n.* লোক ; ব্যক্তি ; দেশবাসী লোক ; Persons generally ; inhabitants :—জাতি ; A nation :—ইতরলোকসমূহ, সাধারণ লোক ; প্রজা ; The vulgar ; the populace :—*v. t.* লোক দ্বারা পূর্ণ-কৃ ; অধিবাসিপূর্ণ কৃ ; To stock with people or inhabitants. *pl*=peoples (জাতি ; races ; tribes). *Syn* :—Tribe, race ; population, folks, public, community, mob, masses.

Peoples, *n. pl.* জাতিসমূহ ; Races, tribes.

Pepper, pep'ėr, *n.* মরিচ বা উহার বৃক্ষ ; A plant, and its seed :—*v. t.* মরিচ ছিটাইয়া-দে ; মরিচ সংযুক্ত-কৃ ; To sprinkle with pepper.

Pepper-corn, pep'ėr-korn, *n.* মরিচ ; The corn or berry of the pepper-plant :—নগণ্য দ্রব্য ; Something of little value.

Peppermint, pep'ėr-mint, *n.* কটু গাছ বিশেষ ; তাহা হইতে প্রস্তুত দ্রব্য ; A species of aromatic pungent like pepper ; a liquor distilled from the plant.

Peppery, pep'ėr-i, *a.* গরম ; কটু ; Hot ; pungent.

Pepsene, pep'sin, *n.* [Gr. *pepsis*, digestion] পাচক রসের উপাদান বিশেষ ; One of the essential constituents of the gastric juice, used in the process of digestion.

Peptic, pep'tik, *n.* [Gr. *pepto*, to digest] পরিপাক-সংক্রান্ত, পরিপাক-সহায় ; Relating to or promoting digestion.

Peradventure, per-ad-ven'tūr, *ad.* দৈবাৎ বোধ হয়, দৈবাৎ, হইলেও হইতে পারে ; By chance, perhaps.

Perambulate, per-am'būl-āt, *v. t.* [L. *per*, through, and *ambulo*, to walk] ভিতর বা উপর দিয়া যাওয়া ; গমন-কৃ ; To walk through or over, to pass through ; to survey. *n*=perambulation.

Perambulation, *n.* ভিতর দিয়া গমন ; পরিদর্শন ; A travelling survey

Perambulator, per-am'būl-āt-or, *n.* রাস্তা মাপ করা যন্ত্র বিশেষ, An instrument for measuring distances on roads :—ছেলের গাড়ি ; শিশুদিগের ক্ষুদ্র শকট ; A low carriage for a child.

Perceivable, per-sēv'a-bl, *a.* ইন্দ্রিয়-গোচর ; Capable of being perceived. *ad*=perceivably.

Perceive, per-sēv', *v. t.* [L. *per*, and *capere*, to take, receive] বুঝি-কৃ ; বুঝিতে পারা, To see, to discern, to understand :—ইন্দ্রিয় দ্বারা জ্ঞান উপলব্ধি-কৃ, ইন্দ্রিয় দ্বারা জানিতে পারা ; অনুভব-কৃ ; To get knowledge of by the bodily senses ; to feel. *n*=perceiver. *Syn* :—Observe, note, descry, behold, discern, understand, know, comprehend, feel.

Percentage, per-sent'āj, *n.* শত করা ছাড় ; শত-করা হার ; Allowance given on a hundred ; rate per cent.

Perceptibility, *n.* অনুভবনীয়তা ; The quality [of being perceptible.

Perceptible, per-sep'te-bl, *a.* ইন্দ্রিয়গোচর ; অনুভবনীয়, জ্ঞাতব্য ; বোধগম্য ; That can be perceived ; that may be known ; discernible. *n*= perceptibility. *ad*=perceptibly. *Syn* :—Visible, apparent, perceivable.

Perception, per-sep'shun, *n.* উপলব্ধি ; অনুভূতি ; অনুভব শক্তি, প্রত্যক্ষ জ্ঞান, অস্তিত্ব বোধ ; The power, act, or state of receiving knowledge of external things by impressions on the senses ; discernness ; idea ; notion, conception. *Syn* :—Seeing, discernment, observation, sense, taste, sensation, cognition, apprehension, understanding.

Perceptive, per-sep'tiv, *a.* অনুভবক্ষম ; বোধক্ষম ; Having the power of perceiving or descerning.

Perceptivity, per-sept-iv'i-ti, *n.* অনুভব-ক্ষমতা ; বোধশক্তি ; The quality of being perceptive.

Perch, perch, *n.* পক্ষীর দাঁড় ; Pole ; rod ; roost for birds :—পরিমাণ বিশেষ ; ৫।০ গজ ; A measure of length of five yards and a half ; the fortieth part of a rood :—মৎস্য বিশেষ ; মৎস্য জাতি বিশেষ ; A voracious fresh water-fish ; a genus of fishes :—*v. t.* দাঁড়ে বসা ; দাঁড়ের উপর বসা ; To set or roost on a perch ; to settle :—*v. t.* দাঁড়ে বসান ; দাঁড়ের উপর স্থাপিত-কৃ ; To place as on a perch.

Perchance, per-chanś, *ad.* ঘটনাক্রমে ; বোধ হয় ; দৈবাৎ ; হইলেও হইতে পারে ; By chance ; perhaps.

Percher, pérćher, *n.* দণ্ডোপবেশী ; বৃক্ষোপবেশী পক্ষী , A bird that perches on trees.

Percipient, *a.* অনুভবকারী , অনুভূতিশক্তি সম্পন্ন , অনুভব করিতে সক্ষম ; Perceiving ; having the faculty of perception :—*n.* অনুভবকারী লোক ; One who perceives.

Percolate, per'kō-lāt, *v. t.* or *i.* [L. *per,* through, and *colare,* to strain] ছাঁকা , পরিস্রুত-কৃ ; Te filter. *n*=percolation. *Syn* .—Filtrate, strain, transude, ooze

Percolation, *n.* পরিস্রুতি , The act of filtering.

Percolator, per'ko-lā-tor, *n* ছাঁকিবার পাত্র ; পরিস্রুতি-যন্ত্র , A filtering vessel ; a filtering machine.

Percussion, per-kushun, *n.* [L. *per,* thoroughly, and *quatio,* to shake] ধাক্কা , সজোরে সংঘর্ষণ ; Collision . the striking of one body :—শ্রুতি বিষয়ে শব্দের ধারণা , Impression of sound on the ear. [tonating cap

Percussion gun, *n.* Gun fired with a de-

Percussive, per-kusiv, *a.* সংঘর্ষী , Striking against.

Perdition, per-dishun, *n* [L. *perditio,* from *perdere,* to lose] নাশ , উচ্ছেদ , ধ্বংস ; Ruin , utter destruction ; eternal death ; entire loss.

Peregrinate, per'e-grin-āt, *v. i.* ভ্রমণ-কৃ , To travel abroad :—বিদেশে বাস-কৃ ; To live in a foreign country. *n*=peregrination.

Peregrinative, *n.* পরিভ্রমণ ; বিদেশে বাস ; The act of travelling about ; abode in foreign countries. [One who travels about.

Peregrinator, per'e-grin-āt-or, *n.* ভ্রমণকারী ,

Peremptory, per'emp-tor-e, *a.* [L *per,* entirely, and *emo,* to take] সুনিশ্চিত ; দৃঢ়াগ্রহ ; সুদৃঢ় , অটল ; Authoritative ; dogmatical , decisive. *n*=peremptoriness. *ad*=peremptorily. *Syn* :—Absolute, positive, categorical, imperative, arbitrary.

Perennial, per-enne-al, *a.* [L. *per,* through, and *annus,* year] বর্ষব্যাপী ; বর্ষস্থায়ী . চিরস্থায়ী ; নিত্য , Lasting through the year or more than two years ; perpetual , continuing :—*n.* A plant that lasts through the year or more than two years. *ad*=perennially. *Syn* :—(*a*) Enduring, permanent, uninterrupted, deathless, immortal

Per favour of—(সামান্য ভৃত্য অপেক্ষা উচ্চ) কোন লোকের মারফৎ ; Through (one who is above a menial servant).

Perfect, per'fekt, *a.* [L. *perficere,* to perform, finish] সম্পূর্ণ ; পূর্ণাঙ্গ ; Complete , wholly finished .—দোষশূন্য ; নিষ্কলঙ্ক ; বিশুদ্ধচরিত্র , সর্বগুণান্বিত · Faultless ; possessing every moral excellence —সম্পূর্ণরূপ নিপুণ ; Completely skilled or acquainted :—গত ; সমাপিকা ; In grammar, expressing an act completed :—*v. t.* সম্পূর্ণ-কৃ ; সমাধা-কৃ ; শেষ-কৃ ; To finish ; to complete. *n*=perfector. *Syn* :—Consummate ; whole, entire ; blameless, unblemished, immaculate.

Perfectible, per-fekti-bl, *a.* যাহা সম্পূর্ণ করা যায় ; পূর্ণাঙ্গ করণীয় ; That may be made perfect. *n*=perfectibility.

Perfection, per-fekshun, *n.* পূর্ণতা ; Completeness ; the state of being perfect :—শ্রেষ্ঠ কৌশল ; Great skill :—উৎকর্ষ ; Excellence :—গুণ ; সম্পূর্ণ গুণ বা জ্ঞান ; An endowment ; a perfect quality or acquirement :—পরাকাষ্ঠা ; Acme. *n*=perfector. *Syn* :—Perfectness, maturity.

To perfection—সম্পূর্ণরূপে ; কৌশল দ্বারা ; Perfectly :—অত্যুত্তম ; In the highest degree of excellence.

Perfectionist, per-fekshun-ist, *n.* ধর্মনীতিতে বা রাজনীতিতে প্রগাঢ় অনুরাগী ; An enthusiast in religion or politics. *n*=perfectionism

Perfective, per-fektiv, *a.* সম্পূর্ণকারী ; পূর্ণতাসাধনসমর্থ , Tending to make perfect. *ad*=perfectively.

Perfectly, pér'fekt-li, *ad.* সম্পূর্ণরূপে ; ঠিক ; পূর্ণরূপে , যথাযথভাবে ; Completely ; exactly.

Perfectness, pér'fekt-nes, *n.* উৎকৃষ্টতা ; পূর্ণতা ; চরম , উৎকর্ষ , Consummate excellence.

Perfidious, per-fide-us, *a.* বিশ্বাসঘাতক ; অবিশ্বাসী Treacherous ; unfaithful. *n*=perfidiousness.

Perfidy, per'fe-de, *n* [L. *perfidus,* faithless] বিশ্বাসঘাতকতা ; Treachery. *Syn* :—Faithlessness, treachery, disloyalty.

Perfoliate, per-fō'li-āt, *a* [L. *per,* through, *folium,* a leaf] তলদেশে বৃন্তপরিবেষ্টক ; Surrounding the stem at the base.

Perforate, per'fō-rāt, *v. t.* [L. *per,* through, and *forare,* to bore] বিদ্ধ-কৃ ; ছিদ্র-কৃ ; সচ্ছিদ্র-কৃ ; ভেদ-কৃ ; To pierce ; to make a hole through ; to bore though. *n*=perforation. *Syn* :—Penetrate, drill.

Perforation, *n.* ভেদন ; বস্তুর মধ্যগত ছিদ্র ; The act of borning or piercing through.

Perforator, pér'fo-rāt-or, *n.* ছিদ্র করিবার যন্ত্র ; বিদ্ধ করিবার যন্ত্র ; An instrument for perforating orbor ing.

Perforce, per-fōrś, *ad.* বলপূর্বক ; সবলে ; অবশ্যরূপে ; By force ; violently ; of necessity.

Perform, per-form, *v. t.* [L. *per,* through, and *fournir,* to furnish] সম্পন্ন-কৃ , সমাধা-কৃ ; To carry out ; to bring to completion ; to achieve ; to act :—*v. i.* অভিনয়-কৃ ; To act a part —যন্ত্র বাদন-কৃ ; বাদিত-কৃ ; To play, as on a musical instrument. *Syn* :—Execute, discharge, accomplish, do, transact, achieve, effect, complete ; observe, fulfil, meet ; enact, act, play.

Performable, per-forma-bl, *a.* সম্পাদ্য ; সাধ্য ; Practicable ; capable of being performed.

Performance, per-formans, *n.* সম্পাদন ; The act of performance :—কার্য ; কর্ম , Deed ; action, any public act :—অভিনয় ; An exhibition.

Syn :—Completion, execution, accomplishment ; work, act, exploit, feat.

Performer, per-formér, *n.* সম্পাদনকারী ; কৌশলপ্রদর্শক ; অভিনয়কারী ; অভিনেতা ; One who performs, esp. One who makes a public exhibition of his skill ; an actor.

Perfume, per'fūm, *n.* [L. *per,* thoroughly, and *fumus,* fume] সুগন্ধ ; সৌরভ ; সুরভি দ্রব্য ; সুগন্ধি দ্রব্য ; Sweet odour ; fragrance ; scent ; aroma :—*v. t.* সুবাসিত-কৃ ; সুগন্ধি-কৃ ; To scent.

Perfumer, pér-fūmér, *n.* সুগন্ধি দ্রব্য বিক্রয়কারী ; সুরভি-বিক্রেতা ; One who or that which perfumes , one who trades in perfumes.

Perfumery, per-fūmér-i, *n.* সুগন্ধি দ্রব্যসমূহ ; সুগন্ধি দ্রব্য প্রস্তুত করণ ; Perfumes in general ; the act of preparing.

Perfunctory, per-fungktor-i, *a.* অশ্রদ্ধায় কৃত ; অমনোযোগপূর্ব্বক কৃত ; তাচ্ছীল্যসহকারে কৃত ; তুচ্ছ , Negligent ; carelessly done ; careless ; slight. *ad*=perfunctorily. *n*=perfunctormess.

Perhaps, per-haps, *ad.* বোধ হয় ; সম্ভবতঃ ; হইলেও হইতে পারে ; By chance ; it may be ; possibly. *Syn* :—Perchance, peradventure. [or elf.

Peri, pē'ri, *n.* পরী ; An imaginary female fairy

Pericardium, per-i-kardium, *n.* [Gr. *peri,* around, *kardia,* heart] হৃৎ বেষ্টক ; হৃদয় বেষ্টক কোষ ; Thin membrane surrounding the heart. *a*=pericardial, pericardian, pericardic.

Pericarp, per'i-kārp, *n* [Gr. *peri,* around, and *karpos,* fruit] বীজকোষ , A seed vessel. *a*=pericarpial.

Pericranium, per-i-krāni-um, *n.* [Gr *peri,* around, *kranion,* the skull] খর্পরবেষ্টক ঝিল্লী , The membrane that surrounds the cranium.

Perigee, per'i-jē, *n* [Gr. *peri,* near, *ge,* the earth] চন্দ্রবৃত্তের সর্বাপেক্ষা পৃথিবীর নিকটবর্ত্তী স্থল , চন্দ্রকক্ষের যে বিন্দু পৃথিবীর অতি নিকটবর্ত্তী , The point of moon's orbit nearest the earth.

Perihelion, per-i-hē'li-on, **Perihelium,** per-i-hē'li-um, *n.* কোন গ্রহ বা ধূমকেতুর কক্ষের যে বিন্দু সূর্য্যের অতি সন্নিহিত , The point of the orbit of a planet or comet nearest to the sun ;—opposed to Aphelion.

Peril, per'il, *n.* [F. L. *periculum,* from G. *peiraein,* to try] বিপদ ; আপদ ; অনিষ্টপাত , Danger .—*v. t.* বিপদগ্রস্ত-কৃ ; To expose to danger ; to endanger. *Syn* :—(*n*) Risk, hazard, jeopardy, venture ; insecurity, exposedness.

At one's peril—করিলে বিপদ ঘটিবে ; With risk or danger to one.

Perilous, per'il-us, *a.* বিপদজনক ; বিপদসঙ্কুল , বিপৎপাতময় ; Dangerous ; hazardous ; risky. *n*=perilousness, *ad*=perilously.

Perimeter, per-ime-tér, *n.* [Gr. *peri,* around, *metron,* measure] সামতলিক ক্ষেত্রের সীমাসূচক রেখা বা রেখাসমূহের সমষ্টি , Boundary or length of a plane figure ; the sum of all the sides of a plane figure.

Perimetrical, per-im-et'ri-kal, *a.* সামতলিক ক্ষেত্রের বহিঃস্থ সীমার পরিমাণ-সংক্রান্ত ; Pertaining to the perimeter.

Period, pē're-ud, *n.* [G. *periodos,* a going round] সময় ; Time :—কাল ; End :—পূর্ণচ্ছেদ ; A full stop [.] :—সম্পূর্ণ বাক্য ; Complete sentence :—কালচক্র ; বৎসর পর্য্যায় ; Cycle ; series of years :—পরিসমাপ্তি ; Conclusion. *Syn* :—Date, age, era, epoch ; duration, continuance ; bound, end, conclusion ; termination ; stop.

Periodic, pē-ri-odik, **Periodical,** pē-ri-odik-al, *a.* সাময়িক ; পর্য্যায়ক্রমে সংঘটনশীল ; Lasting or happening at periods. *ad*=periodically.

Periodical, pē-ri-odik-al, *n.* সাময়িক পত্রিকা ; সাময়িক পত্র ; A magazine or other publication which appears in parts at regular periods.

Periodicalist, Periodical, pē-ri-od'ik-al, *n.* সাময়িক পত্রিকা লেখক ; One who writes in a periodical.

Periodicity, pē-ri-o-disit-i, *n.* সাময়িক অবস্থা ; সাময়িকত্ব ; State of being periodical.

Periosteum, *n.* অস্থি-বেষ্টক ; A fibrous skin covering the bones.

Peripatetic, per-i-pa-tetik, *a.* [Gr. *peri,* about, *pateo,* to walk] এরিষ্টটলের দর্শন বিজ্ঞান সংক্রান্ত ; Pertaining to the philosophy of Aristotle, who is supposed to have given his instructions, while walking in the Lyceum at Athens :—*n.* এরিষ্টটলের শিষ্য ; A follower of Aristotle ; itinerant preacher.

Periphery, per-if'ér-i, *n.* [Gr. *peri,* around, *phero,* to carry] পরিধি ; বৃত্ত বা অপর বক্ররেখিক ক্ষেত্রের পরিধি ; The circumference of a circle or any figure.

Periphrase, per'i-frāz, **Periphrasis,** per-if'ra-sis, *n.* [G. *peri,* round, about, and *phrasis,* a speaking] বাক্যবাহুল্য ; কথায় পাঁচ ; Circumlocution ; speaking in a round about way. *v. t.* or *i*=periphrase (to use circumlocution).

Periphrastic, per-i-frastik, **Periphrastical,** per-i-frastik-al, *a.* বাক্যবাহুল্যযুক্ত ; অনাবশ্যক অধিক বাক্যে প্রকাশিত ; Containing or expressed by periphrasis or circumlocution. *ad*=periphrastically.

Perish, per'ish, *v. i.* গতায়ু-হ ; ক্ষয়প্রাপ্ত-হ , নষ্ট-হ , বিনাশপ্রাপ্ত-হ , মরিয়া-যা ; To die ; to come to nothing ; to waste away ; to decay ; to lose life :—*v. t.* ক্ষীণ-কৃ ; নষ্ট কৃ ; To cause to decay ; to destroy. *Syn* :—Decease ; wither.

Perishable, per'ish-a-bl, *a.* নশ্বর ; নাশশীল , ক্ষয়শীল ; That may perish or decay ; subject to speedy decay ; liable to perish. *n*=perishableness. *ad*=perishably. *Syn* :—Destructible, decaying ; frail, mortal, dying.

Peristyle, per'i-stil, *n.* [Gr. *peri,* around, *stylos,* a column] স্তম্ভ বেষ্টিত স্থান ; A building with columns in the inside court ; place surrounded with columns.

Peritoneum, *n.* উদরাবরক ; A membrane investing the whole internal surface of the abdomen and the viscera contained in it.

Periwig, per'i-wig, *n.* পরচুলা ; কৃত্রিম কেশ , A small wig ; a peruke :—*v. t.* পরচুলা পরাই ; To dress with a periwig. [eatable sea-snail.

Periwinkle, per'i-wingk-l, *n.* শম্বুক বিশেষ ; An

Perjure, pér'joor, *v. t.* [L. *per*, away, and *juro*, to swear] মিথ্যা শপথ-কৃ ; To swear falsely (followed by a reciprocal pronoun). *n*=perjurer.

Perjurer, *n.* মিথ্যা-শপথকারী ; One given to perjury. [swearing.

Perjury, pér'jur-i, *n.* মিথ্যা শপথ ; False

Perk, pérk, *a.* পরিষ্কার পরিচ্ছন্ন ; Smart , trim :—*v. t.* পরিষ্কার পরিচ্ছন্ন-কৃ ; To make trim or smart : —*v. i.* ভঙ্গি করিয়া মস্তক উন্নত-কৃ ; To hold up the head with affected smartness.

Permanence, pér'ma-nens, **Permanency,** pér'ma-nen-si, *n.* স্থায়িত্ব ; Continuance in the same state ; duration.

Permanent, per'ma-nent, *a.* [L. *permanens*, *ppr.* of *permanere*, to last] স্থায়ী ; Durable ; lasting. *Syn* :—Abiding, fixed, enduring, perpetual, constant.

Permanent settlement—চিরস্থায়ী বন্দোবস্ত ।

Permeable, pér'me-a-bl, *a.* ভেদ্য ; পরিচালক , That may be permeated ; penetrable. *ad*=permeably, *n*=permeability.

Permeate, pér'me-āt, *v. t.* [L. *per*, through, *meo*, to go] ভিতর দিয়া প্রবেশ-কৃ , গর্ত্ত দিয়া গমন কৃ ; To pass through the pores of ; to penetrate and pass through *n*=permeation

Permissible, per-mis'e-bl, *a.* অনুমোদনীয় , অনুজ্ঞেয় , অনুমত , Allowable *ad*=permissibly. *Syn* . Sufferable, admissible, lawful, legitimate.

Permission, per-mish'un, *n.* আদেশ , আজ্ঞা , অনুমতি , Liberty granted , allowance. *Syn* .—Leave, liberty, license, consent, permit.

Permissive, per-misiv, *a* অনুমোদনকারী , স্বীকৃত, গ্রাহ্য , Granting permission or liberty , allowing , granted.

Permit, per-mit', *v. t.* [L. *permittere*, permit] আদেশ-কৃ , অনুমতি-কৃ , অনুজ্ঞা-কৃ . সম্মত-কৃ ; To allow , to give leave to :—*n* অনুমতি , পণ্যদ্রব্য স্থানান্তরিত করণার্থ অনুজ্ঞা , Permission. *Syn* —(*v*) Let, suffer, tolerate , license, sanction, authorize, warrant.

Permutable, per-mū'ta-bl, *a* [L. *per*, through, *muto*, to change] পরিবর্ত্তনীয় . বিনিময়-যোগ্য , That may be changed, one for another *n*=permutableness, *ad*=permutably.

Permutation, pér-mū-tā'shun, *n.* গণিত সম্বন্ধীয় বস্তু বা বর্ণমালার অনুলোম বিলোম সন্নিবেশ , অদলবদল , পরিবর্ত্তন , বিনিময় , Exchanging arrangement in all possible orders.

Pernicious, per-nish'e-us, *a.* [L. *pernicies*, destruction] সাংঘাতিক ; অপকারক , অপকারী , অনিষ্টকর , Noxious , hurtful , destructive , highly injurious. *n*=perniciousness, *ad*=perniciously. *Syn* :—Ruinous, deadly, noxious, mischievous, deleterious.

Peroration, per-o-rā'shun, *n.* [L. *per*, through, and *oro*, to speak] বক্তৃতার শেষ , বক্তৃতার উপসংহার ভাগ ; Close and summary of an oration.

Perpendicular, pér-pen-dik'ū-lar, *a.* [L. *per*, through, and *pendo*, to weigh] লম্বভাবে উন্নত ; ঠিক খাড়া ; লম্ব ; লম্বভাবে অবস্থিত ; Exactly upright , at right angle to a given line or surface .—*n.* লম্ব ; লম্ব রেখা বা সমতল , A perpendicular line or plane. *ad*=perpendicularly.

Perpendicularity, *n.* লম্বত্ব ; The state of being perpendicular.

Perpetrate, pér'pe-trāt, *v. t.* [L. *per*, thoroughly, and *patio*, to perform] সম্পাদন-কৃ ; (অসৎ কর্ম্ম) সম্পন্ন-কৃ ; কুকর্ম্ম-কৃ , To execute ; to commit (generally in a bad sense). *n*=perpetrator.

Perpetrate a joke—অসময়ে বিদ্রূপ-কৃ ; To be guilty of jesting at an unseasonable time

To perpetrate the remembrance of a thing—চিরস্মরণীয়-কৃ ।

Perpetration, pér-pe-trā'shun, *n.* দুষ্কর্ম্মসাধন ; সম্পাদন ; The act of committing a crime , the thing perpetrated.

Perpetual, per-pet'ū-al, *a.* চিরস্থায়ী , অবিরত ; নিত্য ; অনন্ত , Never-ceasing ; not temporary ; everlasting. *ad*=perpetually. *Syn* :—Constant, endless, eternal, never-failing, perennial, continual, continuous , lasting, unceasing

Perpetuate, per-pet'ū-āt, *v. t.* চিরস্থায়ী-কৃ , বিস্মৃতি হইতে রক্ষা-কৃ , To make perpetual ; to preserve from extinction or oblivion *n*=perpetuation.

Perpetuation, *n.* নিত্যতা-বিধান , বিস্মৃতি হইতে সংরক্ষণ , The act of preserving from oblivion

Perpetuity, per-pet-ū'i-ti, *n.* নিত্যতা , অবিচ্ছিন্নতা , অবিনশ্বরতা , চিরস্থায়িত্ব অনন্তত্ব , Continuity , endless duration , duration for an indefinite period of time

Perplex, per-pleks', *v. t.* [L. *perplexus*, entangled] হতবুদ্ধি-কৃ , সন্দিহান কৃ , বিপন্ন কৃ , বিরক্ত-কৃ ; To puzzle , to embarrass , to tease , to confuse *Syn* :—Involve, entangle, complicate , bewilder, confuse, distract. [doubtful

Perplexing, *a.* জটিল , বিরক্তিকর , Intricate ;

Perplexity, per pleks'i ti, *n* উদ্বেগ , গোলযোগ , জটিলতা , সংশয় , হতবুদ্ধিতা , সন্দেহ , কিংকর্ত্তব্যবিমূঢ়তা , Embarrassment of mind ; doubt , intricacy.

Perquisite, per'kwi zit, *n* [L *per*, thoroughly, and *quaero*, to ask] উপরিলাভ , উপরি পাওনা , দস্তুরি , Extra allowance or fee beyond ordinary salary. [pears.

Perry, *n.* মদ্য বিশেষ , The fermented juice of

Persecute, per'se-kūt, *v t* [L *per*, through, and *sequi*, to follow] উত্যক্ত-কৃ , নির্যাতন-কৃ ; নিগৃহীত কৃ , নিগ্রহ-কৃ , হয়রাণ কৃ , উৎপীড়ন-কৃ ; উৎপীড়িত-কৃ , To harass , to annoy or punish especially for religious or political opinions. *n*=persecutor. *Syn* :—Oppress, afflict, molest, worry.

Persecution, per-se-kū'shun, *n.* নিগ্রহ ; নির্যাতন ; নিপীড়ন , The state of being persecuted.

Perseverance, per-sē-vēr'ans, *n.* অধ্যবসায় ; ঐকান্তিকতা , Steadiness , rigid constancy , persistence. *Syn* :—Indefatigableness, continuance, steadfastness, constancy.

Persevere, per-sē-vēr', *v i.* [L. *per*, through, and *severus*, strict] অভিনিবেশ-কৃ ; অধ্যবসায়ী-হ ; যত্নশীল-হ ; To persist , to hold on , be constant ; to pursue anything steadily. *ad*=perseveringly. *Syn* .—Continue, proceed.

Persevere in—উদ্যম ভঙ্গ হইলেও অধ্যবসায়ের সহিত (কোন সৎ) কার্য্যে লাগা , Continue steadily and

firmly in (generally, something that is good in-spite of discouragements).

Persiflage, *n.* ঠাপলা বা ব্যঙ্গোক্তিপূর্ণ কথোপকথন; Frivolous or bantering talk. [পারস্যভাষা।

Persian, *a.* পারসিক; পারস্য;—*n.* পারস্যবাসী;

Persist, per-sist', *v. i.* [L. *per*, through, and *sistere*, to stand] অনবরত যত্নবান হইয়া কার্য্য-কৃ; আবদ্ধ কার্য্যে অবিচলিত থাকা; অধ্যবসায়ী-হ; To keep steady or steadfast; to persevere; to continue rigidly in any course. *ad*=persistingly. *Syn* :—Remain, endure, last.

Persist in—(কোন মন্দ বিষয়ে) নাছোড়বান্দা-হ; Continue in (some course that is bad, implying greater obstinacy than persevere).

Persistence, per-sis'tens, **Persistency,** per-sis'ten-si, *n.* অবিরত চেষ্টা; অধ্যবসায়; ঐকান্তিকতা, অবিশ্রান্ত উদ্যোগ; Perseverance; obstinacy; constancy, duration.

Persistent, per-sis'tent, *a.* দৃঢ়; যত্নশীল; বদ্ধমূল, Tenacious; fixed; unmovable. *ad*=persistently.

Person, per'sun, *n.* [L. *persona*—*per*, through, and *sonare*, to sound] পুরুষ, লোক, ব্যক্তি; সজীব মনুষ্য, A human being; an individual; a living soul :—শরীর, Body :—রূপ; Form; character. *Syn* :—Man, party, one, somebody; bodily substance

In person—স্বয়ং; অর্থাৎ প্রতিনিধি দিয়া নহে, স্বয় উপস্থিত করিয়া, By one's self, personally; not by substitute, not by representative.

In the person of—সম্মুখেতে।

The first person—উত্তম পুরুষ।

The second person—মধ্যম পুরুষ।

The third person—তৃতীয় পুরুষ।

To one's person—সমক্ষে।

Personable, per'sun-a-bl, *a.* সুন্দর; সুরূপ; প্রিয়দর্শন; দিব্যাঙ্গ; Of good appearance, graceful.

Personage, per'sun-āj, *n.* বিখ্যাত লোক; সুপ্রসিদ্ধ ব্যক্তি; বাহ্যাবয়ব; An individual of eminence; exterior appearance.

Personal, per'sun-al, *a.* ব্যক্তিগত; মানুষিক; Individual :—দৈহিক; শারীরিক; Bodily :—ব্যক্তি সম্বন্ধীয়, Belonging to persons :—স্বয়ং কৃত; Done in person :—নিজ, স্বকীয়, আপনার, Own, peculiar :—অস্থাবর, Moveable, as, personal property :—ব্যাকরণ-পুরুষ-বোধক, Denoting the grammatical person. *Syn* :—Peculiar, individual, private, corporeal, exterior, material, physical.

Personal estate—অস্থাবর সম্পত্তি; Personal property; every species of property except real estate—that is, lands and house.

Personal indentity, *n.* আত্মার একত্ব, আমিত্ব জ্ঞান; Our sameness of being at every stage of life of which consciousness gives us the evidence.

Personal pronoun—I, we, প্রভৃতি সর্ব্বনাম শব্দ।

Personal representative, *n.* মৃত ব্যক্তির সম্পত্তির কার্য্যকর্ত্তা; The executors or administrators of a person deceased.

Personal rights—নিজ স্বত্বাধিকার।

Personality, per-sun-al'i-ti, *n.* পৌরুষের ভাব; ব্যক্তিত্ব; পৃথক আত্মতা; That which constitutes a person; individuality :—ব্যক্তি বিশেষের নিন্দা; ব্যক্তিগত মন্তব্য; Offensive individual reflection; abuse; a personal remark.

Personally, per-sun-al-li, *ad.* ব্যক্তিগতভাবে; Individually :—স্বয়ং; নিজে; স্বয়ং উপস্থিত থাকিয়া; In person; by bodily presence.

Personalty, *n.* সকল প্রকার অস্থাবর সম্পত্তি; All sorts of movable property.

Personate, per'sun āt, *v. t.* অপর রূপ ধারণ-কৃ; ছদ্মবেশ ধরা; জাল-কৃ; ভাণ-কৃ; To assume the character of; to disguise; to counterfeit; to feign. *n*=personator, personation. *Syn* :—Represent, play.

Personify, per-son'i-fi, *v. t.* চেতনত্ব ধর্ম্ম আরোপ-কৃ; মানবধর্ম্মের আরোপ-কৃ; অচেতন পদার্থে চেতন ধর্ম্ম আরোপ-কৃ; To ascribe to any thing the qualities of a person; to represent as a rational being. *n*=personification (মনুষ্য ধর্ম্মারোপ)।

Perspective, per-spek'tiv, *n.* [L. *per*, through, and *specio*, to look] দৃশ্য; পরিপ্রেক্ষণ; A view; vista :—চিত্রাঙ্কন বিদ্যা; চিত্র করিবার কৌশল; The art of drawing objects mathematically :—দৃশ্যে অঙ্কিত চিত্র; A picture in perspective :—*a.* দৃশ্যানুযায়ী; দৃশ্যসম্বন্ধীয়; Pertaining or according to perspective.

Perspectively, *ad.* পার্স্পেক্টিভ্ নিয়মানুসারে; According to the rules of perspective.

Perspicacious, per-spi-kā'shus, *a.* [L. *perspicio*, to see through] তীক্ষ্ণ দৃষ্টি; Quick sighted: —তীক্ষ্ণবুদ্ধি; Of clear or acute understanding. *ad*=perspicaciously, *n*=perspicaciousness.

Perspicacity, *n.* তীক্ষ্ণ দৃষ্টিতা; দৃষ্টির তীক্ষ্ণতা; তীক্ষ্ণবুদ্ধিতা; বোধশক্তির তীক্ষ্ণতা: Acuteness of slight; the state of being acute in discerning; acuteness of understanding.

Perspicuity, per-spe-kū'e-te, *n.* স্পষ্টতা; সুগমতা, বিশদতা; পরিস্ফুটতা; প্রাঞ্জলতা; Clearness; freedom from obscurity or ambiguity. *Syn* :—Perspicuousness, intelligibility, plainness, distinctness, transparency, translucency.

Perspicuous, per-spik'ū-us, *a.* [L. *perspicuus*, from *perspicere*, to look through] স্বচ্ছ; সুস্পষ্ট; স্পষ্ট; বিশদ; স্ফুট; সুগম; That may be seen through; clear to the understanding; plain. *n*=perspicuousness, *ad*=perspicuously (বিশদরূপে)। *Syn* :—Distinct, lucid, intelligible, transparent. [ঘর্ম্ম; স্বেদ, Sweat.

Perspiration, per-spi-rā'shun, *n.* ঘর্ম্মনিঃসরণ;

Perspiratory, per-spir'ator-i, *a.* ঘর্ম্মকারক; ঘর্ম্মজনক; ঘর্ম্মসম্বন্ধীয়; Pertaining to, or causing, perspiration.

Perspire, per-spir', *v. t.* [L. *perspirare*, to breathe through] ঘর্ম্ম ত্যাগ-কৃ; ঘর্ম্ম নির্গত-হ; ঘর্ম্মাক্ত-হ; ঘামা, To sweat.

Persuade, per-swād', *v. t.* [L. *per*, through, and *suadere*, to advise] প্ররোচিত-কৃ, প্রবর্ত্তিত-কৃ; To prevail on, to induce; to exhort; to entice: —প্রবর্ত্তন; Move. *n*=persuader. *Syn* :—Induce, influence, allure, actuate; convince.

Persuasible, per-swā'si-bl, *a.* প্রবর্ত্তনীয়; প্ররোচিত হইবার যোগ্য, Capable of being persuaded. *n*=persuasibleness, persuasibility.

Persuasion, per-swā́zhun, *n.* প্রবর্তনা ; প্ররোচনা ; Inducement :—দৃঢ় বিশ্বাস ; ধর্ম ; মত ; Faith ; creed ; belief ; settled opinion :—এক মতাবলম্বী ধর্মসম্প্রদায় ; A seat or party adhering to a creed. *Syn* :—Influence, motive, reason ; conviction.

Persuasive, per-swā́siv, *a.* প্রবৃত্তিজনক ; প্রবর্তক ; প্ররোচক ; প্রবর্তনাজনক ; Having the power to persuade ; influencing the mind or passions. *n*= persuasiveness, *ad*=persuasively. *Syn* :—Convincing, cogent, sound, valid ; seductive, alluring, enticing.

Pert, pert, *a.* [W. *perc*, from *percu*, to trim] ধৃষ্ট ; প্রগলভ ; অশিষ্ট ; নির্লজ্জ ; Forward ; saucy, bold ; impertinent ; smart. *ad*=pertly. *n*=pertness. *Syn* :—Lively, forward, bold, saucy, flippant, impertinent, impudent.

Pertain, per-tā́n, *v. i.* [L. *per*, through, and *tenere*, to hold] অধিকারে থাকা ; সম্পর্ক রাখা ; সংশ্লিষ্ট-হ ; তৎসম্পর্কীয়-হ ; To belong ; to relate to. *Syn* :—Appertain, regard, concern ; behoove, befit.

Pertinacious, per-te-nā́she-us, *a.* [L. *per*, through, and *tenax*, tenacious] স্থিরপ্রতিজ্ঞ ; স্থিরসংকল্প ; নাছোড়বান্দা ; একগুঁয়ে ; Resolute ; determined ; obstinate ; stubborn. *n*=pertinaciousness, *ad*=pertinaciously. *Syn* :—Steadfast ; inflexible.

Pertinacity, pér-ti-nasi-ti, *n.* স্থিরানুবন্ধতা ; স্থিরপ্রতিজ্ঞা ; একগুঁয়েমি ; জেদ ; Obstinacy.

Pertinence, pér'ti-nens, **Pertinency,** pér'ti-nen-si, *n.* উপযুক্ততা ; উপযোগিতা ; যোগ্যতা ; Appositness ; suitableness ; fitness.

Pertinent, per'te-nent, *a.* উপযুক্ত ; যোগ্য ; প্রাসঙ্গিক ; Fitting ; appropriate ; relevant ; to have relation. *ad*=pertinently (সঙ্গতরূপে) । *Syn* :—Apposite, suitable, fit, proper, applicable.

Perturb, per-turb, *v. t.* [L. *per*, through, and *turbare*, to shake] আলোড়িত-কৃ ; বিচলিত-কৃ ; বিশৃঙ্খল-কৃ ; অস্থির-কৃ ; To agitate ; disturb ; to disquit ; to disorder. *Syn* :—Unsettle, confuse, discompose, vex.

Perturbation, pér-tur-bā́shun, *n.* ব্যাকুলতা ; ক্ষোভ ; উদ্বেগ ; চাঞ্চল্য ; অশান্তি ; Disquiet of mind.

Peruke, per'ōōk, *n.* [L. *pilus*, hair] পরচুলা ; A periwig. [reading ; examination.

Perusal, per-ū́zal, *n.* পাঠ ; পঠন ; পরীক্ষা ; Study ;

Peruse, per-ū́z, *v. t.* পাঠ-কৃ ; পড়া ; পরীক্ষা-কৃ ; To read with attention ; examine.

Peruvian, per-ōō'vian, *a.* পেরু সম্বন্ধীয় ; Pertaining to Peru in South America :—*n.* পেরুদেশবাসী ; A native of Peru.

Peruvian bark, *n.* Cinchona.

Pervade, per-vā́d, *v. t.* [L. *per*, through, and *vadere*, to go] ব্যাপ্ত-কৃ ; অনুপ্রবেশ-কৃ ; সমাবিষ্ট-কৃ ; To spread all over ; to extend through the whole ; to pass through ; to affect entirely. *Syn* :—Penetrate, diffuse, permeate ; fill, be diffused, overspread.

All pervading—সর্বব্যাপী ।

Pervading spirit—The spirit or feeling which characterises one's conduct.

Pervasive, *a.* অনুপ্রবেশ-প্রবণ ; ব্যাপক ; Tending to pervade.

Perverse, per-vers, *a.* [L. *perversus*, turned the wrong way] বিপথগামী, উৎপথগামী ; বিপথে চালিত ; উন্মার্গগামী ; Turned aside :—বিরক্তিকর ; ক্রোধন ; Vexatious, cross :—একগুঁয়ে ; অবাধ্য ; Stubborn ; intractable. *n*=perverseness (ন্যায়ভ্রষ্টতা) ; perversity (অশিষ্টতা) ; *ad*=perversely. *Syn* :—Distorted, bad, forward, cross, wayward, unmanageable, petulant, peevish.

Perversion, per-vér'shun, *n.* বিপর্যায় ; বিপথে গমন ; সত্যচ্যুতি ; ন্যায়বিবর্তন ; অশিষ্টাচার ; একগুঁয়েমী ; অপপ্রয়োগ ; A diverting from the true path ; a turning from truth or propriety ; misapplication. [নষ্টামি ; State of being perverse.

Perversity, *n.* একগুঁয়েমি ; ন্যায়ভ্রষ্টতা ; দুষ্টতা ;

Pervert, per-vert, *v. t.* [L. *per*, through, and *vertere*, to turn] সত্যভ্রষ্ট-কৃ ; বিচলিত-কৃ ; কলুষিত-কৃ ; দূষিত-কৃ ; বিপথগামী-হ ; কুকর্মে প্রবৃত্ত-কৃ ; To corrupt, to change from the truth or right path ; lead astry ; to entice to evil :—*n.* বিপথগামী ব্যক্তি ; যে ব্যক্তি উৎকৃষ্ট স্বধর্ম ত্যাগ করিয়া নিকৃষ্ট পরধর্ম গ্রহণ করে ; One who has turned away from a right way to that which is wrong. *n*=perverter. *Syn* :—(*v*) Distort, falsify, misrepresent ; convert, proselytize.

Pervertible, *a.* বিপথগামী-করণসাধ্য ; Capable of being perverted.

Pervious, per'vi-us, *a.* [L. *per*, through, and *via*, a way] অনুপ্রবেশনীয় ; প্রবেশ্য ; বেধ্য ; ভেদনীয় ; Penetrable ; permeable ; affording a way or passage through ; *n*=perviousness (সছিদ্রতা) ; *ad*=perviously.

Pessimist, pesi-mist, *n.* [L. *pessimus*, worst] সকল বিষয় অমঙ্গলেরই জন্য এই মতাবলম্বী ; যাবতীয় বস্তু অমঙ্গলার্থ সৃষ্ট হইয়াছে এরূপ অনুযোগকারী ; বিশ্বনিন্দা ; A general grumbler ; one who complains of everything as being for the worst ;—oppossed to optimist. *n*=pesimism (বিশ্বনিন্দুক) ।

Pest, pest, *n.* [L. *pestis*, a contagious disease] মহামারী ; মড়ক ; মারাত্মক বিষয় বা বস্তু ; A plague ; a fatal epidemic disease ; anything destructive. *Syn* :—Pestilence, infection ; taint, bane ; infliction, nuisance, annoyance.

Pester, pestér, *v. t.* ক্লিষ্ট-কৃ ; কষ্ট-দে ; বিরক্ত-কৃ ; To annoy ; to vex ; to disturb.

Pest-house, *n.* সংক্রামক রোগগ্রস্তদিগের হাঁসপাতাল ; A hospital for persons infected with any contagious disease.

Pestiferous, pest-if'ér-us, *a.* [L. *pestis*, a contagious disease, and *fero*, to bear] স্বাস্থ্যনাশক ; সাংঘাতিক ; সংক্রামক ; Bearing pestilence, pestilent ; infectious, contagious. *ad*= pestiferously.

Pestilence, pest'i-lens, *n.* বহুব্যাপী সংক্রামক রোগ ; মড়ক ; মারী ; Any contagious deadly disease.

Pestilent, pest'i-lent, *a.* অপকারক ; ক্ষতিকারক ; ক্ষতি দুষ্ট ; Hurtful to health and life ; mischievous ; corrupt ; troublesome. *ad*=pestilently.

Pestilential, pest i-lenshal, *a.* সংক্রামক ; মারাত্মক ; বিনাশাত্মক ; নাশক ; Producing pestilence ; destructive. *ad*=pestilentially.

Pestle, pesl, *n.* [L. *pistum*, to pound] উদুখলের দণ্ড ; হামান দিস্তা ; ঘোটনা ; মুষল ; An instrument for pounding anything in a mortar :—*v. t.* হামান-দিস্তার গুঁড়া-কৃ ; ঘোটনা দ্বারা চূর্ণ-কৃ ; To pound or break with a pestle.

Pet, pet, *n.* বল্লভ ; প্রিয়পাত্র ; A favourite :—পোষা জন্তু ; Any animal tame and fondled :—বিরক্তি ; ঈষৎ ক্রুদ্ধভাব ; A fit of peevishness ; slight passion :—*v. t.* আদর-কৃ ; To fondle.

Petal, pet'al, *n.* পুষ্পদল ; পুষ্পের পাপড়ি ; A flower-leaf. *a*=petalous.

Petalaid, pet'al-aid, *a.* পুষ্পদলের ন্যায় আকার-বিশিষ্ট ; Having the form of a petal.

Petaled, pet'ald, **Petalous,** pet'al-us, *a.* দলবিশিষ্ট ; সদল , Having petals

Petaline, pet'al-in, *a* পুষ্পের পাপড়ি সম্বন্ধীয় ; পুষ্পদল সদৃশ , Pertaining to, or resembling, a petal.

Petard, pe-tärd, *n.* [Fr. *peter*, to crack] আগ্নেয়াস্ত্র , যুদ্ধযন্ত্র ; An engine of war used to break down gates, barriers &c , by explosion.

Hoist on his petard, Hoist with his own petard—আপনার ফাঁদে পড়া ; Caught in his own trap.

Peter-pence, pē'tėr-pens, *n.* প্রাচীন ইংরাজ জাতির নিকট পোপের প্রাপ্য বার্ষিক কর বিশেষ ; An annual tax of a silver penny formerly paid by the English to the Pope.

Petiole, pet'i-ōl, *n.* [L. *pes*, *pedis*, a foot] পত্রের বোঁটা , পত্রবৃন্ত ; A leaf-stalk.

Petition, pē-tishun, *n.* [L. *petitio*, from *petere*, to beg, ask] দরখাস্ত , আবেদন , প্রার্থনা , A request ; a supplication , an entreaty , a prayer :—*v t* প্রার্থনা-কৃ , আবেদন-কৃ , অনুনয়-কৃ , To solicit, to supplicate. *Syn* :—Solicitation, suit ; address, application, appeal, memorial

Petitionary, pe-tishun-ar-i, *a.* আবেদনকারী ; অনুনয়সূচক , Supplicatory.

Petitioner, pe-tishun-ėr, *n.* আবেদনকারী ; দরখাস্তকারী , প্রার্থনাকারী ; আবেদক , One who presents a petition or prayer. [Entreaty, solicitation

Petitioning, pe-tishun-ing, *n.* অনুনয় ; আবেদন ,

Petre—Same as saltpetre.

Petrean, pe-trē'an, *a.* [Gr. *petra*, a rock] প্রস্তরসম্বন্ধীয় ; Pertaining to rock or stone.

Petrefaction, *n* পাষাণীকরণ ; প্রস্তররূপে পরিণাম ; প্রস্তরাকারে পরিণতি ; প্রস্তরীভূত পদার্থ , The act or process of changing into stone.

Petrefactive, pet-ri-fakt'-iv, **Petrific,** pe-trif'ik, *a.* প্রস্তরীকরণক্ষম ; Having the power to convert into stone.

Petrel, *n.* সামুদ্রিক পক্ষী বিশেষ ; An ocean bird.

Petrescent, pe-tresent, *a.* প্রস্তরীভূত ; প্রস্তরাকারে পরিবর্তমান ; Growing into or becoming stone. *n*=petrescence.

Petrify, pet'ri-fi, *v. t.* [L. *petra*, a rock, *facio*, to make] প্রস্তরীভূত-কৃ , প্রস্তরে পরিণত-কৃ , To convert into stone, to make callous or obdurate . –বিস্ময়াপন্ন-কৃ , To fix in dumb amazement :—*v. i.* প্রস্তরীভূত-হ ; প্রস্তরের ন্যায় কঠিন-হ ; To become stone or hard like stone. *n*= petrifaction.

Petroleum, pe-trō'le-um, *a.* [L. *petra*, rock, and *oleum*, oil] শিলা তৈল ; পার্থিব তৈল ; প্রস্তর নিঃসৃত তরল পদার্থ ; Rock oil ; a brown liquid oil.

Petrous, pē-trus, *a.* প্রস্তরবৎ কঠিন ; প্রস্তরময় ; পাষাণসদৃশ ; Like stone ; hard ; stony.

Petted, pet'ed, *a.* লালিত ; সোহাগপ্রাপ্ত ; আদৃত ; Indulged ; fondled

Petticoat, pet'i-kōt, *n.* স্ত্রীলোকের ঘাঘরা ; ছোট জামা , A loose under garment worn by females ; a little coat. *a*=petticoated.

Petticoat government—স্ত্রীশাসন , স্ত্রীলোকের দ্বারা চালিত শাসন ; Female rule

Pettifogger, pet'i-fog-ėr, *n.* সামান্য উকিল ; বাজে উকিল ; A lawyer who practises in petty or paltry cases ; a petty lawyer.

Pettish, pet'-ish, *a.* বিরক্তিকর , খিটখিটে ; রাগী , ক্রোধন ; Peevish, fretful.

Petty, pet'e, *a.* সামান্য ; ক্ষুদ্র ; নগণ্য ; নিকৃষ্ট , তুচ্ছ ; Small ; little , inconsiderable ; contemptible , inferior. *n*=pettiness, *ad*=pettily. *Syn* :—Trifling, diminutive, trivial, unimportant, frivolous, slight ; inferior. [Wearing a petticoat.

Petty-coated, *a.* ছোট জামা বা ঘাঘরা পরিহিত ;

Petty-foggery, *n.* সামান্য উকিলের ব্যবসা ; বাজোক্তি ; Disreputable tricks ; quibbles.

Pettyfogging, *n.* সামান্য ওকালতি , অতি নীচ কর্ম , নীচ কর্মকারী ; প্রতারক , The practice of a pettyfogger ; mean tricks , quibbles , paltry.

Petulance, petū-lans, **Petulancy,** pet-ū-lan-si, *n.* দুষ্টতা , অশিষ্টতা , প্রগল্ভতা , Forwardness , sausiness ; impudence :—বিরক্তি , উচ্ছৃঙ্খলতা , Peevishness ; wantonness.

Petulant, pet'ū-lant, *a.* [L. *peto*, to fall upon] দুষ্ট , প্রগল্ভ , Forward ; impudent —খিটখিটে , সহজে রাগী , বিরক্ত ; Peevish. *ad*=petutantly. (চটিয়া ; ঔদ্ধত্যভাবে) । *Syn* —Querulous, captious, cavilling, irritable, ill-humoured, cross, fretful.

Pew, pū, *n.* খৃষ্টীয় ধর্মালয়ে পরিবেষ্টিত আসন , An inclosed seat in a church. *a*=pewy.

Pewit, pē'wit, **Pewet,** pē'wet, *n.* পক্ষী বিশেষ , টিটিভ , The lapwing.

Pewter, pū'tėr, *n* এক প্রকার দস্তা ; An alloy of lead and tin or lead and zinc :—দস্তা নির্মিত পাত্র ; Vessels made of pewter —*a.* দস্তানির্মিত , Made of pewter. [do one's work.

To scour the pewter—আপনার কার্য্য-কৃ ; To

Pewterer, pū'tėr-ėr, *n.* দস্তার কারীকর ; কাঁসারী ; One who works in pewter

Pewtery, *a* দস্তাসম্বন্ধীয় , Belonging to pewter.

Phaeton, fāe-tun, *n.* খোলা চারি চাকার গাড়ী বিশেষ , ফেটিন গাড়ী ; A kind of open pleasure carriage on four wheels :—পক্ষী বিশেষ , The tropic bird.

Phalanges, fa-lanjez, *n. pl.* অঙ্গুলির ক্ষুদ্র অস্থি-সমূহ ; The small bones of the fingers and toes.

Phalanx, falangks, *n.* সৈন্যশ্রেণী ; পদাতি সৈন্যের চতুষ্কোণ ব্যূহ ; ঘনসন্নিবিষ্ট সৈন্যের দল , A line of battle , a square battalion of heavy armed troops formed in ranks and in files close and deep ; any compact body of men.

Phanerogamous, *a.* পৃথক্ পৃথক্ পুংকেশর ও গর্ভকেশর সমন্বিত পুষ্পধারী , Having visible flowers, containing distinct stamens and pistils.

Phantasm, fan'tazm, *n.* [Gr. *phaino,* to bring to light ; *phao,* to shine] অপছায়া , কাল্পনিক দৃশ্য বা মূর্ত্তি ; স্বপ্ন ; কল্পনা ; ভূত ; A fancied vision ; a spectre ; a phantom. *pl*=phantasms, phantasmata.

Phantasmagoria, fan-taz-ma-gō'-ria, *n.* ছায়াবাজি ; ঐন্দ্রজালিক আলোকাধার ; A magic lantern with slides by which figures are magnified on a wall or screen and made to appear as if in motion.

Phantastic, Phantasy—See Fantastic, Fantasy.

Phantom, fan'tom, *n.* অপছায়া ; ভূত ; A spectre ; a fancied vision , an airy spirit.

Pharisaic, far-e-sā'ik, **Pharisaical,** far-e-sā'ik-al, *a.* ফারিসীদিগের সম্বন্ধীয় বা সদৃশ , Pertaining or resembling the Pharisees :—কপটী , ধর্ম্মধ্বজী ; Hypocritical. *ad*=pharisaically *n*=pharisaicalness. *Syn* :—Formal, sanctimonious.

Pharisaism, far'i-sa-izm, **Phariseeism,** far'i-sē-izm, *n.* ফারিসী নীতি , কপটতা , ধর্ম্মধ্বজিতা . The practice and opinions as of the Pharisees strict observance of outward forms in religion without the spirit of it , hypocrisy in religion.

Pharisee, par'i-sē, *n.* য়িহুদীদিগের বিখ্যাত ধর্ম্ম সম্প্রদায় বিশেষ , A well-known Jewish sect, noted for their strict observance of the law, and of the traditions of the elders and pretender to superior sanctity.

Pharmaceutic, far-ma-sūt'ic, **Pharmaceutical,** far-ma-sūt'ik-al, *a.* ঔষধ প্রস্তুত করিবার কৌশল সম্বন্ধীয় , ঔষধ প্রস্তুতকরণ বিদ্যাসম্বন্ধীয় ; Pertaining to the knowledge or art of pharmacy *ad*=pharmaceutically.

Pharmaceutics, far-ma-sūt'iks, *n.* ঔষধ প্রস্তুত করণ বিদ্যা ; ঔষধ প্রস্তুত করিবার বিজ্ঞান ; The science of preparing medicines.

Pharmaceutist, far-ma-sūt'ist, *n.* ঔষধ-প্রস্তুতকারী ; ঔষধ প্রস্তুত করণক্ষম লোক ; One who practises pharmacy ; an apothecary.

Pharmacopœia, far-ma-ko-pē'ya, *n.* [Gr *pharmakon,* medicine, *poieo,* to make] ঔষধ প্রস্তুত-করণের গ্রন্থ , Book of directions for preparing drugs.

Pharmacy, far'ma-si, *n.* [Gr. *pharmakon,* a drug] ঔষধ প্রস্তুত করিবার বিদ্যা , ঔষধালয় , The art or practice of preparing and mixing medicines

Pharos, fā'ros, *n.* সমুদ্রতীরস্থ আলোকগৃহ ; নাবিকদিগের জন্য দীপগৃহ , A light-house.

Pharynx, far'inks, *n.* গলনালী ; The cavity forming the upper part of the gullet

Phase, fāz, *n.* দৃশ্য . Appearance which any thing manifests. *pl*=phases.

The phase of the moon—চন্দ্রের কলা ।

Pheasant, fez'ant, *n.* সুন্দর পক্ষীবিশেষ , A beautiful bird of game.

Pheasantry, fez'ant-ri, *n.* ফেজ্যাণ্ট পক্ষীর জন্য বেষ্টিত স্থান ; An enclosure for keeping pheasants.

Phenix, fē'niks, **Phoenix,** *n.* কল্পিত পক্ষী ; কাল্পনিক পক্ষী বিশেষ ; A fabulous bird believed to burn itself and arise from its own ashes.

Phenomenal, fen-om'en-al, *a.* দৃশ্য সম্বন্ধীয় ; আকারগত , অদ্ভুত ; অপূর্ব্ব ; Pertaining to a phenomenon or appearance ; very extraordinary. *ad*=phenomenally.

Phenomenon, fen-om'en-on, *n.* [Gr. *phaino,* to shew] দৃশ্য ; দৃষ্টির বিষয়ীভূত বস্তু ; অপূর্ব্ব দৃশ্য ; অসাধারণ দৃশ্য ; An appearance ; anything visible ; a remarkable or unusual appearance. *pl*=phenomena.

Phial, fi'al, *n.* শিশি , A small glass vessel or bottle :—*v. t.* শিশি বা বোতলে রাখা ; To put or keep in a phial.

Philander, fi-lan'der, *v. i.* [Gr. *philo,* to love, and *andros,* a man] প্রেমালাপ-কৃ , ছেনালী-কৃ ; Make love ; coquet , flat.

Philanthropic, fil-an-throp'ik, **Philanthropical,** fil-an-throp'ik-al, *a* বিশ্বপ্রেমিক , হিতৈষী ; মঙ্গলকামী ; Benevolent ; loving mankind ; exhibiting philanthropy. *ad*=philanthropically.

Philanthropist, fil-an'thro-pist, *n* লোকহিতৈষী , বিশ্বপ্রেমিক , One who loves and wishes to serve mankind.

Philanthropy, fil-an'thro-pi, *n.* [Gr. *philos,* loving, and *anthropos,* a man] মনুষ্য হিতৈষণা , নরপ্রীতি , বিশ্বপ্রেম , Love of mankind , universal good will.

Philharmonic, fil-har-mon'ik, *a* [G. *philos,* loving, and harmonia] সুরপ্রিয় ; সঙ্গীতপ্রিয় , Loving harmony or music.

Philippic, fil-ip'ik, *n* ফিলিপের বিরুদ্ধে ডিমস্থিনেসের বক্তৃতা ; তীব্রপূর্ণ নিন্দা ; কুৎসাপূর্ণ বক্তৃতা , An oration of Demosthenes against Philip of Macedon ; a discourse full of invective.

Philippise, *v. t.* গালি-দে , Utter invective :—ফিলিপের পক্ষাবলম্বন-কৃ , Side with Philip

Philistine, fil'is-tin, *n.* সুশিক্ষা-বিহীন লোক , অশিক্ষিত ব্যক্তি ; কুরুচির লোক , সঙ্কীর্ণমনা ব্যক্তি , Man without liberal culture , a narrow-minded man. *pl*=philistinism.

Philistinism—ধর্ম্মে ঔদাসীন্য ; A cynical indifference and supercilious sneering at religion.

Philologist, fil-ol'o-jist, *n.* ভাষাতত্ত্ববিৎ , ভাষা বিজ্ঞানবিৎ ; One versed in philology.

Philology, fil-ol'o-ji, *n.* [Gr. *philos,* loving, and *logos,* discourse] ভাষাতত্ত্ব ; ভাষাবিজ্ঞান , শব্দবিদ্যা , Knowledge of languages , the science of languages *a*=philologic, philological (ভাষাতত্ত্ব সম্বন্ধীয়) ; *ad*=philologically.

Philomath, *n.* [Gr. *philos,* loving, and *manthano,* to learn] ছাত্র , বিদ্যার্থী ; A scholar. *a*=philomathic, philomathical.

Philomel, fil'o-mel, **Philomela,** fil-o-mē'la, *n.* নাইটিঙ্গেল নামক পক্ষী ; The nightingale.

Philosopher, fil-os'o-fer, *n* [Gr *philos,* a lover, *sophos,* wise] দার্শনিক , দর্শন বিজ্ঞানবিৎ ; জ্ঞানলিপ্সু , One versed in or devoted to philosophy.

Philosopher's stone—স্পর্শ মণি ; পরেশ পাথর ; A stone fancied to turn base metals into gold : —ধনলাভের উপায় ; The way to wealth.

Philosophic, fil-o-sof'ik, **Philosophical,** fil-o-sof'ik-al, *a.* দর্শনসম্বন্ধীয় ; দার্শনিক ; Belonging or according to philosophy :—বিজ্ঞ ; Rational ; wise :—স্থির ; প্রশান্ত , Calm. *ad*=philosophically.

Philosophise, fil-oso-fiz, *v.i.* বিচার-কৃ ; দার্শনিকের ন্যায় বিচার-কৃ ; কারণানুসন্ধান-কৃ ; To act the philosopher ; to reason ; to moralise.

Philosophism, fil-oso-fizm, *n.* ভ্রমাত্মক বিচারণা ; The practice of sophistry. *n*=philosophist, *a*=philosophistic.

Philosophy, fil-aso-fi, *n.* [Gr. *philos*, loving, *sophia*, wisdom] বিজ্ঞান ; দর্শনশাস্ত্র ; The knowledge of the causes of all phenomena.

Mental philosophy—মনোবিজ্ঞান।

Natural philosophy—পদার্থবিজ্ঞান।

Philter, Philtre, filter, *n.* কামোদ্দীপক ঔষধ ; প্রেমোদ্দীপক মোহমন্ত্র ; A charm or spell to excite love ; a love-potion.

Phlebotomy, fle-bot'o-mi, *n.* [Gr *phlebos*, a vein, and *tomos*, a cutting] রক্তমোক্ষণ ; রক্তস্রাবণ, Act of letting out blood ; blood-letting

Phlegm, flem, *v.* [G. *phlegma*, a flame, *phlegein*, to burn] শ্লেষ্মা, কফ, The thick matter discharged in coughing :—চিলামি ; অলসতা, জড়তা, ঔদাসীন্য ; Dullness ; sluggishness, indifference. *Syn* —Mucus ; coldness.

Phlegmatic, fleg-mat'ik, **Phlegmatical,** fleg-matik-al, *a.* শ্লেষ্মাজনক ; শ্লেষ্মাযুক্ত, Abounding in phlegm —নিস্তেজ ; ঢিমা, জড় ; অনাসক্ত, অলস, Dull, cold, sluggish. *ad*=phlegmatically. *Syn* —Heavy, indifferent, apathetic.

Phlogiston, *n.* অদ্ভুত তেজ, দাহ্য বস্তুর অগ্নিগর্ভ ; The imaginary principle of fire. *a*=phlogistic (তৎতেজ সম্বন্ধীয়)।

Phlox, *n.* পুষ্পবৃক্ষ, A well known flowering [plant.

Phocine, *a.* সীলজাতীয় জলজন্তু সম্বন্ধীয়, Pertaining to the seal tribe.

Phoebe, *n.* চন্দ্র ; Diana, the Goddess of the [moon.

Phœbus, *n.* সূর্য ; সূর্যদেব ; The sun ; Apollo.

Phœnix—Same as Phenix.

Phonetic, fo-net'ik, **Phonetical,** fo-net'ik-al, *a.* [Gr. *phone*, a sound] স্বরবিষয়ক, শব্দ বা স্বর সম্বন্ধীয় ; Vocal ; pertaining or according to the sound of the voice.

Phonetics, fo-nit'iks, *n.* স্বর বিজ্ঞান, শব্দবিজ্ঞান, The science of sounds, esp, of the human voice, phonology.

Phonic, fonik, *a.* শব্দবিষয়ক, স্বরসম্বন্ধীয়, Pertaining to sound.

Phonics, foniks, *n.* স্বর-বিজ্ঞান, শব্দবিজ্ঞান, The science of sound ; accoustics.

Phonogram, *n.* বিশেষ ধ্বনির বা তৎপরিবর্তনের দ্যোতক লিখিত বর্ণ বা চিহ্ন ; A written letter or mark indicating a particular sound.

Phonograph, fo'no-graf, *n.* [Gr. *phone*, sound, and *grapho*, to write] যে যন্ত্রের সাহায্যে বাক্য বা অন্য শব্দ গ্রহণ করিতে এবং ইচ্ছানুসারে তাহার পুনরাবৃত্তি করিতে পারা যায়, দ্রুত-শব্দ-লেখক যন্ত্র, সাংকেতিক চিহ্ন ; A character or symbol ; used in phonograpy.

Phonographer, fo-nog'ra-fer, **Phonographist,** fo-nog'ra-fist, *n.* বিভিন্ন বর্ণে বিভিন্ন শব্দ জ্ঞাপন কৌশলজ্ঞ ; One versed in phonography.

Phonographic, Phonographical, *a.* শব্দপ্রকাশক ; Representing sounds.

Phonography, fo-nog'ra-fi, *n.* চিহ্ন দ্বারা শব্দ প্রকাশ করিবার বিদ্যা, রেখাশব্দাঙ্কিকা বিদ্যা ; সাংকেতিক-সংক্ষেপ-লিপি-কৌশল ; The art of expressing sounds by characters or types. *a*=phonographic, phonographical. *ad*=phonographically.

Phonologist, *a.* শব্দবিজ্ঞানবিৎ ; One versed in phonology.

Phonology, fo-nolo-ji, *n.* [Gr. *phone*, sound, *logos*, discourse] শব্দবিজ্ঞান ; মৌলিক শব্দবিজ্ঞান ; ধ্বনিতত্ত্ব বিদ্যা, Phonetics ; the science of the elementary spoken sound. *a*=phonological.

Phonotype, fo'no-tip, *n.* [Gr. *phone*, sound, *typos*, type] উচ্চারিত ধ্বনির দ্যোতক চিহ্ন, A type or sign representing a sound.

Phonotype, fo-not'ip-i, *n.* ভিন্ন ভিন্ন অক্ষরে শব্দ বিজ্ঞান বিদ্যা ; The art of representing sounds by types or distinct characters.

Phosphate, *n* লবণ বিশেষ, A kind of salt.

Phosphoresce, fos-for-es, *v. i.* ফস্‌ফরাসের ন্যায় অন্ধকারে আলোক প্রকাশ-কৃ ; To shine in the dark like phosphorus.

Phosphorescent, fos-for-esent, *a.* অন্ধকারে জ্বলনশীল ; Shining in the dark like phosphorus. *n*=phosphorescene.

Phosphoric, fos-for'ik, **Phosphorous,** fosforus, *a* ফস্‌ফরাস্ সম্বন্ধীয় ; তৎসদৃশ বা তদুৎপন্ন, Pertaining to, resembling, or obtained from Phosphorus.

Phosphorus, fosfor-us, *n.* [Gr. *phos*, light, and *phoros*, bearing, *phero*, to bear] শুক্র গ্রহ, শুকতারা, The morning star :—দীপক দ্রব্য ; অন্ধকারে জ্বলনশীল দাহ্য বস্তু বিশেষ ; প্রস্ফুরক ; A yellowish substance, like wax, inflammable and luminous in the dark.

Phosphuret, *n.* অন্য ধাতুর সহিত ফস্‌ফরাসের মিশ্রণ ; A combination of phosphorus with a metal.

Phosphuretted, *a.* ফস্‌ফরাসের সহিত মিশ্রিত ; Combined with phosphorus.

Photograph, fo'to-graf, *n.* চিত্র বিশেষ, আলোক চিত্র, A picture produced or obtained by photography :—*v. t* আলোক সাহায্যে চিত্রাঙ্কন-কৃ।

Photographer, Photographist, *n.* আলোকচিত্র ব্যবসায়ী ; আলোকচিত্রকুশল ব্যক্তি ; One who practises, or is skilled in, photography.

Photographic, Photographical, *a.* আলোক চিত্র বিদ্যা-বিষয়ক ; আলোক চিত্র-কৌশলজ, Pertaining to or obtained by, photography *ad*=photographically.

Photography, fo-tog'raf-i, *n.* [Gr. *photos*, light, and *grapho*, to draw] আলোক লেখা, আলোক চিত্রবিদ্যা, আলোক সাহায্যে চিত্রাঙ্কন-বিদ্যা ; Daguerrotype, the art of drawing or producing pictured by light on chemically prepared surfaces.

Photometer, fo-tomet-er, *n.* [Gr. *photos*, light, and *metron*, a measure] আলোক পরিমাপক যন্ত্র ; আলোকমান যন্ত্র ; An instrument for measuring the intensities of light.

Photophobia, fo-to-fo'bia, *n.* [Gr. *photos*, light, *phobos*, fear] আলোক ভীতি ; আলোকাতঙ্ক রোগ ; Dread of light.

Photophone, *n.* কিরণ রেখা সাহায্যে দূরদেশে বাক্য প্রেরণ-যন্ত্র ; An apparatus for transmitting arti-

culate speech, to a distance along a beam of light.

Photosphere, *n.* আলোকবৃত্ত ; সূর্য্যমণ্ডলের জ্যোতির্ম্ময় পরিবৃত্তি ; A sphere of light.

Phrase, frāz, *n.* [G. *phrasis*, from *phrasein*, to speak] বাক্যাংশ ; বাক্যসমষ্টি ; বাক্য কথনের ধারা ; A short pithy expression ; a mode or form of speech :—*v. t.* বাক্যে প্রকাশ-কৃ ; আখ্যাত-কৃ ; To express in words ; to style. *Syn* :—(*n*) Expression, term, idiom ; diction, style, phraseology.

Phraseologic, Phraseological, *a.* বাক্য-কথনপদ্ধতি সম্বন্ধীয় ; ক্ষুদ্র বাক্য বা বাক্যাংশময় ; Consisting of phrases. *ad*=phraseologically.

Phraseology, frā-ze-olo-ji, *n.* [Gr. *phraseos*, phrase, *logos*, science] বাক্য রচনা ; বাক্যের রীতি ; ভাষার ধারা ; কথনের ধারা ; পদাবলি ; Peculiarities of diction ; a collection of phrases. *a*=phraseologic, phraseological

Phrenologist, fren-olo-jist, *n.* মস্তিষ্ক বিদ্যাবিৎ ; মস্তিষ্ক তত্ত্ববিৎ ; One who is versed in phrenology.

Phrenology, fren-olo-ji, *n.* [Gr. *phrenos*, mind, and *logos*, science] মস্তিষ্ক বিদ্যা ; মস্তিষ্ক তত্ত্ব ; The science of the functions of the brain and its different parts. *a*=phrenological, *ad*=phrenologically.

Phthisic, tizik, **Phthisical,** tizik-al, *a* ক্ষয়কাশাক্রান্ত ; Pertaining or having phthisis.

Phthisical, tizik-al, *a.* ক্ষয়কাশ সম্বন্ধীয়. ক্ষয়কাশাক্রান্ত ; Pertaining or having phthisis ; breathing hard.

Phthisis, thi'sis, (থাইসিস্) *n.* [Gr. *phthio*, to waste away] ক্ষয়কাশ ; Consumption of the lungs.

Phylactery, fi-laktér-i, *n.* রক্ষা কবচ বিশেষ ; Amulet against infection. *a*=phylacteric, phylacterical.

Phyllonera, *n.* কীট বিশেষ ; A genus of insects.

Physic, *n.* চিকিৎসা কৌশল ; ঔষধ ; Medicine ; the art of healing :—*v. t.* ঔষধ-দে , চিকিৎসা-কৃ ; আরাম-কৃ ; To give medicine to ; to cure.

Physical, fizik-al, *a.* [G. *phusis*, nature, from *phuein*, to bring forth] পদার্থবিদ্যা বিষয়ক ; স্বাভাবিক ; প্রাকৃতিক ; Pertaining to nature or natural objects :—ভৌতিক ; শারীরিক ; বাহ্য , Bodily ; corporeal ; external. *ad*=physically (দেহ-সম্বন্ধে) । *Syn* :—Material, tangible, substantial, natural ; medicinal, cathartic, purgative.

Physical exercise—শারীরিক ব্যায়াম ; অঙ্গচালনা ।

Physical Geography—প্রাকৃতিক ভূগোল ।

Physical labour—কায়িক পরিশ্রম ।

Physician, fi-zishan, *n.* চিকিৎসক ; ভিষক ; বৈদ্য ; One who prescribes remedies for diseases.

Physicist, fizi-sist, *n.* পদার্থদর্শনাধ্যায়ী ; পদার্থবিদ্যাবিৎ ; A student of nature , one versed in physical science.

Physics, fiziks, *n.* পদার্থ বিদ্যা ; The science which treats of the general properties of natural bodies ; natural philosophy :—বৈদ্যক বিজ্ঞান ; ঔষধ-বিজ্ঞান ; The science of medicine ; the art of healing diseases :—ঔষধ ; A medicine.

Physics, fiziks, *n. sing.* প্রকৃতি বিজ্ঞান ; জড় বিজ্ঞান ; পদার্থ বিজ্ঞান ; The science of the material system ; natural philosophy.

Physiognomist, *n.* যে মুখের ভাব দেখিয়া স্বভাব বলিতে পারে ; One skilled in physiognomy ; one who tells fortunes by the face.

Physiognomy, fiz-i-og'no-mi, *n.* [Gr. *physis*, nature, and *gnonai*, to know] আকৃতি দেখিয়া মনের ভাব নিরূপণ করিবার বিদ্যা ; মুখমণ্ডলের রেখাপাত দেখিয়া স্বভাব নিরূপণ বিদ্যা বা কৌশল ; The science or art of knowing a man's character from his features :—মুখের বিশেষ ভাবভঙ্গী ; মুখমণ্ডল ; বাহ্যাকার ; Particular expression of the countenance. *a*=physiognomic, physiognomical, *ad*=physiognomically, *n*=physiognomist.

Physiography, fiz-i-og'ra-fi, *n.* [Gr. *physis*, nature, and *grapho*, to describe] বাহ্য জগতের বিবরণ ; পৃথিবীর বাহ্যাকার সম্বন্ধীয় বিজ্ঞান-শাস্ত্র । প্রাকৃত বিজ্ঞানের উপক্রমণিকা ; An introduction to the study of nature.

Physiology, fiz-i-olo-ji, *n.* [Gr. *physis*, nature, and *logos*, science] শরীর বিধান ; শারীরস্থান-বিদ্যা ; জীবজগতের শক্তি বিজ্ঞান , The science which treats of the functions of living beings. *a*=physiologic, physiological. *ad*=physiologically. *n*=physiologist.

Physique, fiz-ēk, *n.* মনুষ্যের প্রাকৃতিক বা শারীরিক গঠন ; The natural constitution, or physical structure of a person.

Phytology, fi-tolo-ji, *n.* [Gr. *phyton*, a plant, and *logos*, science] উদ্ভিদ বিদ্যা . The science of plants , botany. *a*=phytological, *n*=phytologist.

Piacular, pi-akū-lar, *n.* প্রশমক ; পাপহর ; Expiatory ; requiring expiation :—অত্যন্ত দুষ্ট , Atrociously bad.

Piametor, *n.* রক্ত বহা নাড়ীবিশিষ্ট ঝিল্লি ; Thin skin of the brain.

Pianissimo, *ad.* অতি ধীরে ধীরে ; Very softly.

Pianist, pi-ā'nist, *n.* পিয়ান-বাদক ; Pianoforte player.

Piano, pi-a'no, *ad.* ধীরে ধীরে ; Softly.

Piano, pi-áno, **Pianoforte,** pi-ā'no'fōr'te, *n.* বাদ্যযন্ত্র বিশেষ ; পিয়ানো ; A musical instrument.

Piastre, pi-as'tér, *n.* রৌপ্য মুদ্রা বিশেষ ; A silver coin used in Turkey and other countries.

Piazza, pi-aza, *n.* বারাণ্ডা ; বারাণ্ডা দ্বারা বেষ্টিত চতুষ্ক রাস্তা ; চাঁদনী ; A square surrounded by buildings ; portico :—A walk roofed in.

Pibroch, *n.* সামরিক বাদ্য বিশেষ ; The martial music.

Pica, *n.* ছাপিবার অক্ষর বিশেষ ; A printing type.

Pick, pik, *v. t.* ঠোকরান ; To peck at :—চয়ন-কৃ ; জড়-কৃ ; সংগ্রহ-কৃ ; সঞ্চয়-কৃ ; To pluck ; to gather :—ভেদ-কৃ ; বিদ্ধ-কৃ ; To pierce :—মনোনীত-কৃ ; নির্ব্বাচন-কৃ ; To choose ; to select :—পৃথক্-কৃ ; To separate :—উদ্ঘাটন-কৃ ; To open, as a lock :—অন্বেষণ-কৃ , অনুসন্ধান-কৃ ; To seek, as a quarrel :—অপহরণ-কৃ ; To steal :—*v. i.* সুন্দররূপে কোন কিছু-কৃ ; To do anything nicely :—অল্প অল্প করিয়া ভোজন-কৃ ; গ্রাসে গ্রাসে খাওয়া ; To eat by morsels :—*n.* তীক্ষ্ণাগ্র যন্ত্র ; সূচীমুখ অস্ত্র ; Any sharp pointed instrument :—মনোনয়ন ; পছন্দ ; Choice. *Syn* :—Glean ; cull, hull ; clean ; steal, pilfer.

Pick a bone with any one—তর্ক-কৃ , বিবাদ-

কৃ; কোন কিছু লইয়া কাহারও সহিত কামড়াকামড়ি বা বিবাদ-কৃ ; To wrangle, to dispute.

Pick acquaintance—হঠাৎ বন্ধু সংগ্রহ-কৃ।

Pick acquaintance with—আলাপ-কৃ ; Make the acquaintance of.

Pick a hole—দোষ বাহির-কৃ ; ছিদ্রানুসন্ধান-কৃ ; Find fault.

Pick a hole in one's coat—পর-ছিদ্রানুসন্ধান-কৃ ; Find fault with.

Pick a lock—পর চাবি দিয়া খোলা ; Open a lock with a false key.

Pick and chose—ইচ্ছামত পছন্দ-কৃ ; Select at will.

Pick and steal—Steal indiscriminately.

Pick a pocket—জেব হইতে চুরি-কৃ ; জেব হইতে দ্রব্যাদি অপহরণ করা ; Steal the contents of a pocket.

Pick a quarrel—গায় পড়িয়া ঝগড়া-কৃ ; ইচ্ছা করিয়া ঝগড়া বাধান ; Get into a quarrel by seeking for it.

Pick quarrel—বিবাদের কারণ অনুসন্ধান-কৃ ; গায়ে পড়ে ঝগড়া-কৃ ; Seek cause for quarrelling.

Pick at—বিরক্ত-কৃ।

Pick-me-up, *n.* উত্তেজক পানীয় বা সুরা।

Pick off—সঞ্চয়-কৃ ; Gather :—বধ-কৃ ; এক একটী করিয়া গুলি দ্বারা পাড়া ; Take away by an unexpected movement, as the life of an enemy in sharp shooting ; kill.

Pick one's pocket—কাহারও পকেট বা জেব হইতে কিছু চুরি-কৃ ; Steal something from one's pocket.

Pick out—পছন্দ-কৃ, বাছিয়া লওয়া ; Select ; select from a number or quantity.

Pick to pieces, Pick pieces—নিন্দা-কৃ ; দোষ ধরা. Find fault with ; to decry.

Pick up—হঠাৎ লাভ-কৃ ; Gather by chance or indiscriminately :—ক্রোশ ক্রমে সারিয়া আইসা ; Improve slowly in health ; improve in health by degrees :—যাইতে যাইতে দখল-কৃ ; Acquire possession of, something as one moves along :—এখান থেকে ওখান থেকে সংগ্রহ করা ; উপার্জন-কৃ, Gather from here and there ; obtain in a chance way ; acquire by chance :—সময়ে সময়ে পড়িয়া বা এর ওর কাছে শুনিয়া শিক্ষা-কৃ ; Acquire (some knowledge by casual study) :—কুড়াইয়া লওয়া ; Take up from the ground with the fingers.

Pick-axe, pik'aks, *n.* কুঠার, খনিত্র ; শাবল ; A picking tool used in digging ; digging tool pointed at the one end and broad at the other, used in excavating.

Picklock, pik'lok, *n.* তালা খোলা কাটি ; চাবি ব্যতীত তালা খুলিবার যন্ত্র ; An instrument by which locks are opened without the key :—চোর, যে ঐরূপে তালা খোলে ; A person who picks locks.

Pick-pocket, pik'pok-et, *n.* গাঁটকাটা ; পকেট মারা চোর ; One who cunningly steals from the pockets of another in a public way.

Pickthank, *n.* তোষামোদকারী ; An officious person or parasite.

Picked, *a.* বাছাই ; মনোনীত ; চুনিয়া লওয়া ; Carefully selected ; as, picked men :—সূচাগ্র ; Pointed ; sharp :—অপহৃত ; Plundered :—চালাক ; Smart.

Picket, piket, *n.* সূক্ষ্মাগ্র খুঁটি ; তীক্ষ্ণাগ্র দণ্ড ; তাঁবুর খুঁটি ; A sharp pointed stake, used in fortifications and encampments :—প্রহরি সন্নিবেশ ; A small outpost or guard :—তাসখেলা বিশেষ ; A game at cards :—*v. t.* সূক্ষ্মাগ্র দণ্ড দ্বারা সুরক্ষিত-কৃ ; খুঁটি দ্বারা বেষ্টিত-কৃ ; To fortify enclose or fence with picket.

Pickle, pikl, *v. t.* লবণাক্ত-কৃ ; লবণ-সির্কা মাখাইয়া রাখা ; To preserve, or season with salt, vinegar :—*n.* লবণাক্ত জল ; আচার বিশেষ ; কাসুন্দি ; A liquid in which substances are preserved ; substance picked :—অসুখকর অবস্থা ; A disagreeable position.

Pick-wick, *n.* সস্তা দরের ছোট চুরুট।

Picnic, pik'nik, *n.* চড়ুই ভাতি ; বন-ভোজন ; উদ্যানাদিতে ভোজন ; An entertainment in the open air, at which each person contributes some article for the common table ; an open air entertainment :—বিস্কুট বিশেষ ; A kind of small sweet biscuit :—*v. i.* বন ভোজনে যাওয়া ; To go on a picnic..

Picquet—Same as picket.

Pictorial, *a.* চিত্র সম্বন্ধীয় ; চিত্র সমন্বিত ; সচিত্র ; Pertaining to pictures ; illustrated by pictures. *ad*=pictorially.

Picture, piktūr, *n.* [L. *pictura*, from *pingere*, *pictum*, to paint] চিত্র ; ছবি ; Painting ; drawing ; likeness ; resemblance ; image :—*v. t.* চিত্র-কৃ ; চিত্রিত-কৃ অঙ্কিত-কৃ ; To paint ; to represent :—সুস্পষ্টভাবে বর্ণনা-কৃ ; To desciibe vividly. *Syn* :—(*n*) Drawing, engraving, print ; portrait, effigy, similitude, representation.

Picture-book, *n.* চিত্র পুস্তক ; ছবির বই ; A book for children illustrated with picture.

Picture-frame, *n.* ছবির ফ্রেম ; The ornamental border or case made to contain a picture.

Picture-gallery, *n.* চিত্রশালা ; Rooms set apart for the exhibition of picture.

Picture-liner, *n.* One who prepares and fixes the inner canvas of a picture.

Picturesque, pik-tūr-esk', *a.* [L. *pictura*, a picture] সুন্দর ; সুদর্শন ; রম্য ; নয়ন-রঞ্জন ; Romantic ; mild and beautiful :—স্বাভাবিক ; অকৃত্রিম ; Natural :—সুস্পষ্ট ; Vivid. *n*=picturesqueness. *ad*=picturesquely.

Piddle, pidl, *v. t.* সামান্য দ্রব্যের ব্যবসা-কৃ ; তুচ্ছ তাচ্ছিল্য-কৃ ; To deal in trifles ; to trifle :—প্রস্রাব-কৃ ; মুতা ; To urinate.

Pie, pi, *n.* পক্ষী বিশেষ ; A magpie :—পিষ্টক ; মাংসপূরিত পিঠা ; Crust baked with something in it ; a meat baked within a crust of prepared flour :—উপাসনা পুস্তক ; Roman Catholic service-book :—অক্ষর বিশেষ ; অক্ষর স্তূপ ; A type ; a mass of printing types.

Piebald, pi'bowld, *a.* বহুবর্ণবিশিষ্ট ; বর্ণ বৈচিত্র্যপূর্ণ ; চিত্রবিচিত্র ; Of various colours ; deversified in colours ; mottled :—মিশ্রিত ; Mixed.

Piece, pēs, *n.* খণ্ড ; অংশ ; টুকরা ; Part of anything ; bit :—একটী মাত্র বস্তু ; দ্রব্য ; A single article ; an individual article :—প্রবন্ধ রচনা ; A literary or musical composition :—কামান ; বন্দুক ; A gun :—মুদ্রা ; A coin :—ব্যক্তি ; লোক ; A person (slightingly) :—*v. t.* তালি-দে ; সংযুক্ত-কৃ ; To patch ; to mend by adding a piece :—*v. i.* সংযুক্ত-হ ; To join. *n*=piecer, *Syn* :—(*n*) Scrap

shred, portion, mouthful, morsel; writing, fire-arm, cannon.

Fall to pieces, Go to pieces—খণ্ড খণ্ড হইয়া যাওয়া বা পড়া; Be reduced to pieces; be destroyed.

Of a piece, Of a piece with—সমান; অনুরূপ; এক ভাবাপন্ন; Of the same sort; alike; similar to.

Of a piece with—সেই রকম; সমরূপ।

Piece out—তালি-দে; Add to; extend or enlarge by the addition of one or more pieces.

Piece up—বিবাদ ভঞ্জন-কৃ, Make up a quarrel for a time.

Tear to pieces, Break or out to pieces—খণ্ড খণ্ড-কৃ; Reduce to pieces by tearing; reduce to pieces by breaking or cutting.

To fall to pieces—চুরমার-হ; কুতপ্রদশা-হ।

To give a piece of one's mind to—মনের কথা খুলে বলা।

To pieces—To utter ruin.

Piece-goods, *n* বস্ত্রাদি পণ্যদ্রব্য, Dry goods sold by drapers, as, cotton, longcloths. [whole.

Pieceless, pēsles, *a.* সম্পূর্ণ, অখণ্ড, Entire;

Piecemeal, pēsmēl, *a.* এক; পৃথক, অদ্বিতীয়, Single, made of parts:—*ad.* বহুখণ্ডে; খণ্ড খণ্ড রূপে; ক্রমশঃ; By pieces, gradually; in fragmants.

Piecer, *n.* যে তালি দেয়; A factory hand who attends on farms and spindles to join broken threads.

Piecework, pēswurk, *n.* যে কার্য্য খণ্ডে খণ্ডে সম্পন্ন হয়; খণ্ডে খণ্ডে কৃত কর্ম্ম, Work done by job.

Pied, pīd, *a.* চিত্রবিচিত্র; বিবিধ বর্ণে চিত্রিত, দাগযুক্ত, Variegated, spotted.

Pier, pēr, *n.* উত্তরণস্থল; জেটি, A wharf; a jetty; a projecting wharf or landing place:—তরঙ্গ বেগ নিবারণার্থ প্রস্তর নির্ম্মিত বাঁধ; পোস্তা; A mass of stone work or a mole projecting into the sea for breaking the force of waves, a buttress:—খিলানের অবলম্বন; পিলা; A mass of stone-work for supporting an arch.

Pier-glass, pēr'glas, *n.* গবাক্ষ দর্পণ; বাতায়নের মধ্যে বিলম্বিত দর্পণ; A mirror hanging between windows.

Pierce, pērs, *v. t.* or *i.* বিদ্ধ-কৃ, ছিদ্র-কৃ; ভেদ-কৃ, To penetrate, to bore:—মর্ম্মস্পর্শ-কৃ, বিদীর্ণ-কৃ, মোহিত-কৃ; To touch or move deeply.—রহস্য ভেদ-কৃ, গুপ্ত বিষয়ে প্রবেশ-কৃ, To dive into, as a secret or purpose. *n*=piercer. *Syn*:—Perforate, drill, affect, touch, move, thrill, strike.

Pierceable, pērsa-bl, *a.* বেধ্য, ভেদনীয়; Capable of being pierced.

Piercing, *a.* প্রবেশকারী, Penetrating —বিদারক, মর্ম্মভেদী; Affecting deeply —তীব্র, তীক্ষ্ণ, Cutting; sharp; keen. *ad*=piercingly (মর্ম্মভেদপূর্ব্বক)। [muses.

Pierian, *a.* সরস্বতী সম্বন্ধীয়, Pertaining to the

Pierian spring—সরস্বতী কুণ্ড।

Piet, *n.* কাকজাতীয় পক্ষী, A magpie.

Pietism, pī'et-izm, *n.* ধর্ম্মের বাহ্যাড়ম্বর; এক শ্রেণীর ধর্ম্মনীতি, Obstentatious piety, the religion of the pietists

Pietist, pī'et-ist, *n.* প্রগাঢ় ধর্ম্মানুরাগী; এক শ্রেণীর ধর্ম্মসংস্কারক; One of a sect of German religious reformers of the 17th century, characterised by great piety or practical religion; one who marked by strong devotional or religious feeling.

Piety, pī'e-te, *n.* [L. *pietas*, piety] ধর্ম্মপরায়ণতা; ধার্ম্মিকতা; ধর্ম্মানুরাগ; ঈশ্বরভক্তি, মাতাপিতার প্রতি ভক্তি; স্বদেশানুরাগ; কর্ত্তব্যবোধ, Reverance for the Deity, parents, or country; reverance towards God, affectionate reverence for parents, or country; sense of duty. *Syn*:—Religion, sanctity, holiness, veneration, devotion, godliness, grace.

Pig, pig, *n.* শূকরশাবক; A young swine, male or female:—*v. i.* শূকরশাবক প্রসব-কৃ; To bring forth pigs. [*n*=pig-headedness.

Pig-headed, *a.* একগুঁয়ে; Stupidly obstinate.

Pig-iron, pig-ī'urn, *a.* অবিশুদ্ধ লৌহপিণ্ড; অপরিষ্কার লৌহদণ্ড; Rough iron, in rough bars.

Pig-tail, pig'tāl, *n.* শূকরশাবকের লেজ; The tail of a pig; the pair of the head tied behind in the form of a pig's tail:—তামকূট বিশেষ; তামাকের জটা; A roll of twisted tobacco.

The pig-tail—The Chinese.

Pigeon, pijun, *n.* কপোত; পারাবত; A well-known bird; the dove —নির্ব্বোধ ব্যক্তি, A simpleton. [breast.

Pigeon-breasted, *a.* উন্নত বুক; With a raised

Pigeon-English, *n.* The barbarous and childish dialect of English in use in Chinese ports, between the English and American merchants and native trade.

Pigeon-express, *n.* কপোত দ্বারা সংবাদ প্রেরণ, Supply of intelligence by carrier pigeons.

Pigeon-fancier, *n.* One who keeps rare pigeons.

Pigeon-hearted, pijun-hart'ed, **Pigeon-livered**, *a* ভীরু; ভয়শীল, কপোতহৃদ, Timid, fearful; cowardly.

Pigeon-hole, pijun-hōl, *n.* পায়রার খোপ, কপোত বিবর, Hole in a dovecoat; a hole for pigeons.—কাগজ রাখিবার ছিদ্র, কাগজপত্র রাখিবার কাষ্ঠপ্রকোষ্ঠ, Small whole for papers, a division of a case for papers.

Pigeon-house, *n.* কপোত-গৃহ, Dove-coat.

Pigeon-livered, *a* ভীরু, ভয়শীল, Timid, cowardly.—বিনম্র, কোমলস্বভাব, Mild in temper, gentle.

Pigeonry, *n.* কপোতাগার, Dove-coat.

Piggery, pig'er-i, *n.* শূকরশালা; A place where pigs are kept. [vessel

Piggin, *n.* কোটা, কাষ্ঠপাত্র, A small wooden

Piggish, pig'ish, *a* শূকর-সম্বন্ধীয়; শূকরবৎ, শূকরসদৃশ, Belonging to, relating to, or like pigs

Pigment, pig'ment, *n.* [L. *pingo*, to paint] রঙ, যে বস্তু হইতে রঙ্ প্রস্তুত হয়, Any substance for colouring paint. *a*=pigmental.

Pigmy, pig'me, *n.* Same as Pygmy. বামন, A dwarf. *Syn*:—Dwarfish, small, diminutive, inconsiderable.

Pike, pīk, *n.* লৌহফলকযুক্ত বল্লম; বর্শা; A long lance; a weapon consisting of a long wooden

shaft and spear-head ; pitchfork :—মৎস্য বিশেষ ; A fresh-water fish.

Piked, pikt, *a.* সূচাগ্র ; সূচীমুখ ; ছুলমুক্ত ; Ending in a point ; acuminated.

Pikeman, pikman, *n.* বর্শাধারী ; বল্লমধারী ; A man armed with a pike.

Pike-staff, pikstaf, *n.* বল্লমদণ্ড ; A staff having a pike at the end.

Pilaster, pi-laster, *n.* [L. *pila*, a pillar] চতুষ্কোণ স্তম্ভ ; A square pillar set within a wall. *a*=pilastered.

Pilastered, pi-lasterd, *a.* ভিত্তিসংলগ্ন স্তম্ভযুক্ত ; Furnished with inserted pillars.

Pilchard, pilchard, *n.* সামুদ্রিক মৎস্য বিশেষ ; A herring like sea-fish.

Pile, pil, *n.* [F. *pile*, L. *pila*, a ball, G. *pilos*, a ball, globe] রাশি ; স্তূপ ; কাঁড়ি ; A heap ; a roundish mass :—মৃতদেহ জ্বালাইবার কাষ্ঠ ; চিতা ; Combustibles for burning, esp. dead bodies :—হর্ম্য ; বৃহৎ অট্টালিকা ; ইমারত ; An edifice ; a building :—গোলা-রাশি ; গোলাগুলির গাদা ; A heap of sht or shell :—যন্ত্র বিশেষ ; A form of battery :—স্তম্ভ ; ভূমিতে প্রোথিত কাষ্ঠদণ্ড ; A piece of timber pointed and driven into the earth for the support of a building, a bridge, on the lake :—কাপড়ের উপরকার রোঁয়া ; আঁস ; শুঁয়া ; The nap on cloth :—*v. t.* সংগ্রহ-কৃ ; জড়-কৃ ; রাশীকৃত-কৃ ; স্তূপাকার-কৃ , To heap up ; to collect in a mass :—কানায় কানায় পূর্ণ-কৃ ; To fill above the brim or top. *Syn* :—(*n*) Accumulation, lot ; building, structure ; filament, thread, fibre ; staple.

Pile, *n.* চুল ; Hair.

Funeral pile—চিতা ।

Pile-driver, Pile-engine, *n.* অবলম্বন কাষ্ঠদণ্ড প্রোথিত করিবার যন্ত্র বিশেষ ; Machine for driving down piles.

Pileate, pi'le-at, **Pileated,** pi'le-at-ed, *a.* টুপির আকারবিশিষ্ট ; Having the form of a cap or hat.

Piles, pilz, *n. pl.* [L. *pila*, a ball] অর্শ রোগ ; Hæmorrhoids.

Pilfer, pilfer, *v. i.* সামান্য বস্তু চুরি-কৃ ; অপহরণ-কৃ ; To rob ; to steal small things :—*v. t.* অপহরণ-কৃ ; To steal by petty theft ; to filch away. *Syn* :—Thieve, filch, purloin, cabbage.

Pilferer, *n.* চোর ; Thief.

Pilfering, *n.* অপহরণ ; চৌর্য্য ; Petty theft.

Pilfery, pilfer-i, *n.* সামান্য চুরি ; Pretty theft.

Pilgrim, pilgrim, *n.* [L. *per*, through, and *ager*, land] তীর্থযাত্রী পর্য্যটক , পরিব্রাজক ; One who travels on religious account ; a traveller ; one who travels to a distance to visit a holy palce. *Syn* :—Palmer ; wanderer, wayfarer.

Pilgrimage, pilgrima-aj, *n.* তীর্থযাত্রা ; A journey to a shrine or other holy place.

Pill, pil, *n.* [L. *pila*, a ball] ঔষধের বড়ি ; বটিকা ; A little ball of medicine :—*v. t.* ছাল তোলা ; To strip bare :—লুণ্ঠন-কৃ ; To rob or plunder :—*v. i.* To be peeled off ; to come off in flakes.

Swallow a pill—ভাল লাগে না এমন কিছু সহ্য করিতে হওয়া ; তেঁতো গেলা ; Have to go through or endure something unpalateable or disagreeable.

Pillage, pilaj, *n.* [F. *piller*, to plunder] লুণ্ঠন ; লুটপাট ; Plunder ; spoil, especially taken from enemy in war :—*v. t.* লুণ্ঠন-কৃ ; To plunder ; to spoil. *n*=pillager. *Syn* :—(*n*) Devastation, depredation, spoliation, rapine, robbery ; booty, loot. (*v*) Sack.

Pillar, pilar, *n.* [L. *pila*, a pillar] স্তম্ভ ; থাম ; অবলম্বন ; Column. *Syn* :—Shaft, post ; prop, support ; foundation, basis ; supporter, maintainer.

Pillars of Hercules—Mountains at the straits of Gibralter.

Pillar of state—রাজ-রক্ষক ।

Running from pillar to post—Running from one thing to another, without any definite purpose.

Pillar-box, *n.* বাক্স বিশেষ ; A box attach to a pillar in the streets for the mailing of letters.

Pillared, pilard, *a.* স্তম্ভাবলম্বিত ; স্তম্ভ দ্বারা রক্ষিত ; স্তম্ভাকৃতি ; স্তম্ভাকার ; Supported by a pillar ; having the form of a pillar.

Pillau, pil-law', *n.* তুরস্কদিগের খাদ্য বিশেষ ; পোলাও ; Turkish dish.

Pillion, pilyun, *n.* অশ্বারোহীর পশ্চাতে স্ত্রীলোকের বসিবার গদি ; জিনের গদি ; A cushion for a woman to ride on behind a horse-man ; the cushion of a saddle.

Pillory, pilor-i, *n.* শাস্তি প্রদানার্থ যন্ত্র বিশেষ ; Wooden machine in which offenders are fastened by the neck :—*v. t.* উক্ত যন্ত্র দ্বারা দণ্ড প্রদান-কৃ ; To punish in a pillory.

Pillow, pilō, *n.* বালিস ; উপাধান ; A bag filled with feathers, down &c., for resting the head on ; any cushion :—*v. t.* তাকিয়ায় ঠেস-দে ; To lay on for support.

Pillow-case, pilō-kas, *n.* বালিসের খোল ; A case or covering for a pillow.

Pillowy, pilō-i, *a.* উপাধানতুল্য ; নরম ; কোমল ; Like a pillow ; soft.

Pilose, pilōs, **Pilous,** pilus, *a.* চুলযুক্ত ; লোমশ ; Hiary. *n*=pilosity.

Pilot, pi'lut, *n.* কর্ণধার ; জাহাজ-পরিচালক ; One whose business it is to guide ships in and out of a harbour or channel ; helmsman :—পথপ্রদর্শক ; A guide :—*v. t.* জাহাজ পরিচালিত-কৃ ; পথপ্রদর্শন-কৃ ; To conduct as a pilot ; to direct the course of, as a ship ; to guide through dangers or difficulties. *Syn* :—(*v*) Steer, guide, conduct.

Pilotage, pilut-aj, *n.* জাহাজ পরিচালন ; The act of piloting :—পোতচালকের বেতন ; পোতচালকের খরচা ; The fee or wages of pilots :—পোতচালকের পদ বা কার্য্য , The duty or office of a pilot.

Pilot-cloth, *n.* মোটা শক্ত কাপড় বিশেষ ; A coarse stout kind of cloth for overcoats.

Pilot-fish, *n.* মৎস্য বিশেষ ; A fish.

Pimenta, Pimento, *n.* মসলা বিশেষ ; Jamaica pepper.

Pimp, pimp, *n.* কোটনা ; ভেড়ুয়া ; রমণদূত ; A pander ; a procurer :—*v. i.* কোটনামি-কৃ ; ভেড়ুয়াগিরি-কৃ ; To pander ; to procure.

Pimpernel, Pimpinella, *n.* উদ্ভিদ বিশেষ ; A plant.

Pimple, pimpl, *n.* ফুসকুড়ি ; ব্রণ ; A small swelling.

Pimpled, Pimply, *a.* ব্রণযুক্ত ; ব্রণময় ; Having pimples on the skin.

Pin, *n.* আলপিন ; Short piece of wire for fastening articles together :—খিল ; গোঁজ ; কীলক ; A peg :—অকিঞ্চিৎকর বস্তু ; Anything of little value : —*v. t.* আলপিন দিয়া সংযুক্ত-কৃ ; বদ্ধ-কৃ ; To fasten

with a pin ; to fasten :—বেষ্টন-কৃ ; আবদ্ধ-কৃ ; To inclose ; to confine.

A rolling pin—বেলন ।

Pins and needles—ঝিন্‌ঝিনা ।

Pin one down—আলোচ্য বিষয় ব্যতীত অন্য কথা কহিতে না দেওয়া ; In discussion to force one to keep to the point.

Pin one's faith upon another's sleeve—অপরের মতে মত-দে ; স্বাধীন ভাবে চিন্তা না-কৃ ; (কোনও কিছুতে) বিশ্বাস স্থাপন-কৃ ; To be slavishly dependent on another for one's opinions , not to be an independent thinker.

Pinafore, piná-fōr, *n.* বালকের পোষাক ; শিশুর বহির্বাস ; An apron for a child fastened before ; a tier.

Pinbasket, *n.* বালকের চুবড়ি ; Basket for a boy : —স্ত্রীলোকের শেষ সন্তান ; Woman's last child.

Pincase, pińkās, **Pincushion,** pińkoosh-un, *n.* আল্‌পিন রাখিবার আধার , Case for holding pins.

Pincers, pińserz, See *pinchers*.

Pinch, pinsh, *v. t.* [F. *pincer*, from Ger. *pfitsen*, to pinch] চিম্‌টি কাটা ; To squeeze the flesh so as to give pain :—পীড়া-দে ; To distress :—মুঠা করিয়া বা আঁকড়াইয়া ধরা , To nip ; to gripe :—নিষ্পেষণ-কৃ ; To squeeze :—*v. i.* কষ্টকর হওয়া ; To bear or press hard :—পরিমিত ব্যয়ী-হ ; To live sparingly ; to be thrifty ; to spare :—*n.* চিম্‌টী , Squeeze with the fingers :—উৎপীড়ন ; পীড়ন ; Oppression :—বেদনা ; Pain :—যাতনা ; What is taken between the finger and thumb :—ক্লেশকর অবস্থা , অর্থাভাবজনিত ক্লেশ ; Difficulty , pang , distress through want. *Syn* .—(*v*) Squeeze, nip, gripe, compress , straiten, distress, spare.

At a pinch, On a pinch—কষ্টে ; কষ্টের সময় ; At a difficulty.

At or on a pinch—ঠেকিলে সময়ে , What at a loss for something to do :—আবশ্যক মতে ; When necessary ; in an emergency.

Know or feel where the shoe pinches—কোথায় ব্যথা বুঝিতে পারা ; ভুগিয়া বোঝা কোথায় কষ্টের কারণ আছে , Have personal and practical experience of anything.

Where the shoe pinches—পায়ের কোন্‌খানে লাগিতেছে ; What part of the feet is squeezed :—কোথায় ব্যথা, বা গোল বাঁধে, বা ঠেকে , When the difficulty or puzzle is.

Pinched with cold—শীতার্ত ।

Pinched with hunger—ক্ষুধার্ত ।

Pinched with want—অর্থাভাব জন্য ক্লিষ্ট ।

Pinch-penny, *n.* কৃপণ ; One niggardly towards his dependents.

Pinchbeck, pinshbek, *n.* তাম্র ও দস্তার মিশ্রণোৎপন্ন ধাতু ; An alloy of copper and zinc.

Pincher, *n.* যে ব্যক্তি বা বস্তু চিম্‌টাইয়া ধরে বা কষ্ট দেয় ; One who, or that which, pinches.

Pinchers, Pincers, *n.* সাঁড়াশী ; An instrument for seizing anything, esp nail ; small tongs.

Pinching, *a.* ক্লেশদায়ক ; Causing pain or distress :—পীড়াদায়ক ; Acting as a pincher , griping :—বিনাশকারী , Nipping :—কঠোর লোভী ; Covetous.

Pinching poverty—দুঃসহ দারিদ্র্য ।

Pinchingly, finshing-li, *ad.* কষ্টদায়করূপে ; In a pinching way.

Pindaric, pin-dar'ik, *n.* গীতকাব্য ; ক্ষুদ্র গাথা ; An irregular ode in imitation of these of Pindar, the Greek poet :—*a.* গীতিকাব্য-লেখক পিণ্ডারের লিপিকৌশলানুযায়ী ; After the style and manner of Pindar.

Pinder, *n.* খোঁয়াড়-রক্ষক ; A pound-keeper.

Pine, pin, *n.* দেবদারু বৃক্ষ ; A tree.

Pine, pin, *v. i.* শুকাইয়া-যা ; কৃশ-হ ; ম্লান-হ ; অবসন্ন-হ ; To waste away ; droop ; languish ; decline ; flag ; wither ; decay :—*v. t.* শোক-কৃ ; অনুশোচনা-কৃ ; To grieve ; to wear out.

Pine-apple, pin-ap'l, *n.* আনারস ; Anana ; a tropical plant, and its fruit.

Pinery, pinér-i, *n.* আনারস বাগান ; আনারস বন ; A place where pine-apples are raised ; a pine-forest.

Pinfold, pinfold, *n.* পশাদির খোঁয়াড় , A pound for cattle.

Pinhole, *n* সূচী-রন্ধ্র ।

Pinion, pinyun, *n.* [L. *penna*, feather, wing] পক্ষ ; পালক ; A feather ; quill :—চাকা ; বৃহৎ চক্র-সন্নিবিষ্ট ক্ষুদ্র চক্র ; A small wheel with teeth playing into a large wheel :—হাতকড়ি , Fetter for the arm :—*v. t.* পক্ষবন্ধন-কৃ ; To bind the wings of :—পক্ষচ্ছেদন-কৃ ; To cut off the pinion :—পিঠমোড়া করিয়া বাঁধা , আবদ্ধ-কৃ , To confine by binding the arms , to restrain by binding. *Syn* :—(*v*) Confine, shackle, fetter, chain.

Pink, pingk, *n.* পুষ্প বিশেষ ; A flower :—পাটল বর্ণ , A colour like that of the flower :—মৎস্য বিশেষ , A fish :—লতা বিশেষ ; A plant :—অত্যুৎকৃষ্টতা ; Height of excellence :—*v. t* বিদ্ধ-কৃ , ক্ষুদ্র ছিদ্র-কৃ ; To stab , to pierce with small holes cut in small scollops or angles.

Pink-eyed, pingkid, *a.* ক্ষুদ্র ছিদ্রবিশিষ্ট ; ক্ষুদ্রচক্ষু , Having small eyes

Pink of perfection—আদর্শ ; The beau ideal , the acme

Pinking-iron, *n.* কোর করিয়া কাটিবার অস্ত্র বিশেষ , A cutting instrument, for scalloping the edges of ribbons

Pin-money, *n* স্বামী কর্তৃক প্রদত্ত স্ত্রীলোকের নিজ খুচরা খরচের টাকা , স্ত্রীর হাতে খরচের জন্য টাকা , A wife's allowance for her personal expenses ; a sum of money allowed to a wife for her private expenses.

Pinnace, pińās, *a.* ক্ষুদ্র নৌকা বিশেষ ; A small vessel navigated with oars and sails.

Pinnacle, pińa-kl, *n.* শৃঙ্গ ; Highest point :—চূড়া ; মন্দিরাদির অগ্রভাগ ; A turret or elevation above the main building ; a slender tower :—*v. t* চূড়াযুক্ত করিয়া নির্মাণ-কৃ ; To build with pinnacles

Pinnate, pińāt, *a.* [L. *pinna*, a feather] পক্ষাকৃতি ; Shaped like a feather :—পক্ষবিশিষ্ট , Furnished with fins. *ad* = pinnately.

Pinner, pinér, *n.* আলপিন প্রস্তুতকারী ; A pin-maker :—খোঁয়াড়-রক্ষক ; The pound-keeper.

Pin-point, pin-point, *n.* আলপিনের অগ্রভাগ ; The point of a pin :—সামান্য বস্তু , অকিঞ্চিৎকর বিষয় ; A mere trifle

Pint, pint, (পাইন্ট), *n.* তরল পদার্থের পরিমাণ বিশেষ ,

Half a quart or 4 gills :—খার আউন্স, 12 ounces.
Pintle, pintl, *n.* ছোট আলপিন ; A little pin :—লোহার বড় অর্গল ; A long iron bolt. [pine trees.
Piny, pini, *a.* দেবদারু বৃক্ষপূর্ণ ; Abounding with
Pioneer, pi-o-nēr, *n.* পথ পরিষ্কারক সৈনিক ; A soldier or mechanic who clears the road for an army :—নেতা ; অগ্রগামী ব্যক্তি, অগ্রণী ; Settler who penetrates into the wilderness ; one who goes before to prepare the way for another .—*v. t.* অগ্রগামী হইয়া পথ পরিষ্কার-কৃ, To act as pioneer to.
Pious, pi'us, *a.* ধর্মপরায়ণ ; ধার্মিক ; ঈশ্বরপ্রেমিক ; সাধু ; Devout, religious ; devoted, dutiful. *ad*=piously (ভক্তিপূর্ব্বক ; সাধুতাসহকারে) । *Syn* :—Godly, holy, righteous, saintly.
Pip, pip, *n.* পক্ষিদিগের রোগ বিশেষ ; A disease of fowls :—ফলের বীজ ; The seed of a fruit :—তাসের ফোঁটা ; A spot on cards.
Pipe, pip, *n.* বাঁশী ; বংশী ; A music instrument consisting of a long tube —নল, চোঙ্গ, Any long cylindrical body ; tube :—নল ; Tube for conveying gas, water or sound :—তামাক খাইবার নল ; Tube for smoking tobacco —বড় পীপা : A cask containing two hogsheads :—*v. t.* বাঁশী বাজান, To play on a pipe .—To call by means of a pipe, as on board ships :—*v. i.* শীষ-দে, To whistle. *n*=piper.
Pipe-clay, pip'klā, *n.* নল নির্ম্মাণ করিবার শ্বেত মৃত্তিকা, A species of white clay used for making tobacco pipes, and earthen ware.
Piper, *n.* বংশীবাদক ; সানাইদার, Player on the pipe. [একেবারে।
As drink as a piper—অতিশয় মত্ত বা বে-
To pay the pipor—খরচা যোগান ; খরচা বহন কৃ, খরচ বহন-কৃ, To pay the expense as at an entertainment, where the presence of a paid piper used to be deemed indispensable.
Piping, pip'ing, *a* দুর্ব্বল, রুগ্ন, Weak, feeble, sickly :—অত্যন্ত উত্তপ্ত, ফুটন্ত, Boiling hot, as water.
Pipkin, pip'kin, *n.* ক্ষুদ্র মৃৎপাত্র বিশেষ ; হাঁড়ি, A small earthen boiler. [tart apple.
Pippin, pip'in, *n.* অম্ল আপেল বিশেষ, A kind of
Piquancy, *n.* তীব্রতা ; Pungency, severity
Piquant, pikant, *a* [F. *piquer*, to prick] কটু ; তীব্র ; তীক্ষ্ণ ; Severe, sharp ; pungent *ad*=piquantly, *n*=piquancy. *Syn* :—Biting, stinging, sharp, tart, cutting, pointed ; racy.
Pique, pēk, *v. t.* ক্রোধোদ্দীপ্ত-কৃ, ক্রোধ উত্তেজিত-কৃ ; To excite to anger —গর্ব্ব-কৃ, আত্মশ্লাঘা-কৃ, বিরক্ত-কৃ ; To pride or value ; to offend :—*n* বিরক্তি ; রাগ ; অসন্তোষ ; An offence taken, dislike :—দ্বেষ ; Spite :—used reflexively :—নিষ্ঠা, Punctilio. *Syn* :—(*n*) Displeasure, irritation, grudge, spite, offence, umbrage.
Piquet—Same as Picket [at cards
Piquet, pi-ket, *n.* এক প্রকার তাস ক্রীড়া ; A game
Piracy, pi'ra-si, *n.* জলদস্যুতা, জলে ডাকাইতি ; Robbery on the high seas :—গ্রন্থকারের স্বত্বাধিকার বিষয়ক আইনলঙ্ঘন ; বিনা অনুমতিতে অন্যের লিখিত বিষয় প্রচার ; Infringement of the law of copyright.
Pirate, pi'rāt, *n.* [L. *pirata*, G. *peirān*, to attempt] জলদস্যু ; A sea-robber :—গ্রন্থকর্তার গ্রন্থ-বিষয়ক স্বত্বাপহারক, One who steals or infringes a copy-right .—দস্যু জাহাজ, An armed vessel, which plunders other vessels on the high seas :—*v. t* বিনা অনুমতিতে গ্রহণ-কৃ ; অন্যের লেখা চুরি-কৃ ; To take without permission, as books or writing. *Syn* :—(*n*) Freebooter, buccaneer, corsair.
Piratical, pi-rat'ik-al, *a.* জলদস্যু সম্বন্ধীয় ; জলদস্যুতা-ব্যবসায়ী, Pertaining to a pirate ; practising piracy. *ad*=piratically
Pironette, pir-on-et, *n.* নাচিতে নাচিতে পদাঙ্গুলির উপর ভর দিয়া আবর্ত্তন ; A turning about on the toes in dancing —অশ্বের চক্রাকারে পরিভ্রমণ : The turning of a horse on the same ground :—*v.* পদাঙ্গুলির উপর ভর দিয়া ঘোরা, To whirl, or turn about on the toes, as in dancing.
Piscatorial pis-ka-tō'ri-al, **Piscatory,** pis-ka-tōr-i, *a* মৎস্য সম্বন্ধীয়, মৎস্য ধরিবার কৌশল সম্বন্ধীয়, Relating to fishes or fishing.
Pisces, pi'sēz *n* মৎস্য : The fishes :—রাশিচক্রের দ্বাদশ স্থানীয় রাশিচক্র, মীনরাশি, The twelfth sign of the zodiac
Pisciculture, pis'i-kur-tūr, *n* মাছের চাষ, The artificial methods of rearing and nurture of fish. [Belonging to a fish-pond.
Piscinal, pis'i-nal, *a.* [L. *piscina*, a fish-pond]
Piscine, pis'in, *a* মৎস্য সম্বন্ধীয়, মৎস্য বিষয়ক ; মৎস্য পরিপূর্ণ পুষ্করিণী সম্বন্ধীয়, Pertaining to fishes.
Piscivorous, pis-iv'o-ru *a.* [L. *piscis*, fish, and *vore*, to devour] মৎস্যভোজী, মৎস্যাশী ; মৎস্য-ভুক, মৎস্যখাদক, Devouring or feeding on fishes.
Pish, pish, *n* অবজ্ঞাসূচক শব্দ, ছিঃ ; দোঃ · An exclamation of contempt.
Pismire, piz'mir, *n.* পিপীলিকা, The ant or emmet. [to urinate.
Piss, pis, *v. i.* মূত্র ত্যাগ-কৃ, To make water.
Pistachio, Pistacia, *n.* ক্ষুদ্র বৃক্ষ ও তৎ ফল বিশেষ, A small tree the nut of the tree
Pistil, pis'til *n* গর্ভ-কেশর, বীজ কোষ, The seed-bearing organ of a flower, the female organ in the centre of a flower
Pistillaceous, *a* গর্ভকেশরোৎপন্ন, Growing on the pistil of a flower. [no stamens.
Pistillate, *a* গর্ভকেশর, Having a pistil, and
Pistilliferous, *a* পুং কেশর বিবর্জিত গর্ভকেশরযুক্ত : Having a pistil without stamens
Pistol, pis'tol, *n* পিস্তল, হাত বন্দুক, A small fire-arm discharged by holding in the hand, a hand-gun —*v. t* হাত বন্দুক ছোঁড়া ; To shoot with a pistol
Pistole, pis-tōl, *n* স্পেনদেশীয় স্বর্ণমুদ্রা বিশেষ ; A Spanish and Italian gold coin about 16 shillings [pistol
Pistolet, pis'to-let, *n* ছোট হাত বন্দুক ; A little
Piston, pis'tun, *n.* দমকল প্রভৃতি যন্ত্রের অঙ্গ বিশেষ ; ছাপ দণ্ড, A short solid cylinder, used in pumps &c, fitting and moving up and down with another
Piston-rod, pis'tun-rod, *n.* পিষ্টন পরিচালক দণ্ড বিশেষ, A rod by which the piston is moved.
Pit, pit, *n* গভীর গর্ত ; গহ্বর, কূপ, A large deep hole in the earth, a well :—অতলস্পর্শ গহ্বর ; নরক ; কবর, An abyss ; the bottomless pit ;

hell, the grave —বড় জন্ত ধরিবার গহ্বর, কাঁদ, A hole used in a trap for wild beasts, whatever in snares or entraps —উদর, পাকাশয় গহ্বর, The hollow of the stomach —নাট্যশালার নিম্নতম স্থান, রঙ্গালয় প্রাঙ্গণ, The ground flour of a theatre where spectators asssemble —খনি প্রবেশের সুড়ঙ্গ, The shaft of a mine —বসন্তের দাগ, বসন্ত ক্ষতের চিহ্ন, Mark left by small-pox —বক্ষদেশ, বগল, Hollow under the arm pit —*v t* ক্ষুদ্রক্ষুদ্র গর্তে চিহ্নিত ক্, To mark with little hollows —ঝগড়া বাধাইয়া-দে, প্রতিদ্বন্দ্বীতায় বিনিয়োগ ক্, To set in competition *Syn* —(*n*) Excavation, hollow, trench, cavity, dent, depression, dimple, gulf, abyss, parquet, partere

In preference to—কিছুর চেয়ে ভাল মনে করিয়া ; As being in one's estimation more desirable or better than.

Preferential, *a.* সবিশেষ আদরণীয় ; উচ্চতর সম্মানশালী ; Having a preference.

Preferment, pre-fér'ment, *n.* পদোন্নতি ; শ্রেষ্ঠতর পদমর্য্যাদা ; Promotion : superior place :—বৃত্তি ; An ecclesiastical benefice.

Prefigurative, pre-fig'ū-ra-tiv, *a.* পূর্ব্ব প্রতিকৃতি বা সাদৃশ্য দ্বারা প্রদর্শক , সূচনাকারী , Showing by previous figures, types or similitudes.

Prefigure, prē-fig'ūr, *v. t.* পূর্ব্ব প্রতিকৃতি বা সাদৃশ্য দ্বারা প্রদর্শন কৃ ; লক্ষণ বা চিহ্ন দ্বারা পূর্ব্বে প্রদর্শন-কৃ ; To suggest by previous representation or by type , to announce. *n*=prefigurement, prefiguration. *Syn* —Foreshadow, betoken, foreshow, signify, typify.

Prefix, pre-fiks', *v. t.* পূর্ব্বে যোগ-কৃ , আদিতে সন্নিবিষ্ট-কৃ ; পূর্ব্বে লগ্ন বা যুক্ত-কৃ ; To fix or put before or at the beginning .—*n.* উপসর্গ ; উপপদ ; A letter, syllable or word fixed or put at the beginning of another word.

Pregnancy, preg'nan-si, *n* গর্ভাবস্থা ; অন্তঃসত্ত্বাবস্থা , State of being pregnant or with young .—অসাধারণ ধারণাশক্তি , Unusual capacity :—উর্ব্বরতা , Fertility. *ad*=pregnantly.

Pregnant, preg'nant, *a.* [L. *prae*, before, and *genere*, to beget] গর্ভবতী ; Big with child .—ফলশালী ; Fruitful —অর্থপূর্ণ ; অর্থব্যঞ্জক ; Full of significance :—পরিপূর্ণ ; Teeming :—উদ্ভাবনক্ষম ; Inventive .—আশাপ্রদ ; Promising. *ad*=pregnantly.

Pregnant with—কিছুতে পরিপূর্ণ ; Full of ; filled with.

Pregnant with celestial fire—স্বর্গীয় উৎসাহে পরিপূর্ণ ; Full of heavenly enthusiasm.

Prehensible, pre-hensi-bl, *a.* যাহা ধৃত করা যায় ; ধারণযোগ্য ; That may be seized or taken in the hand.

Prehensile, pre-hensl, *a.* [L. *prehendo*, to seize] গ্রহণোপযোগী ; ধারণক্ষম ; ধরিবার ; ধারণকারী ; Seizing ; grasping ; adapted for seizing or holding.

Prehension, pre-henshun, *n.* ধৃত করণ ; ধারণ ; A seizing or taking hold.

Pre-historic, prē'his-tor'ik, *a.* ইতিহাসের পূর্ব্বকালীন , Relating to a time before that treated of in history.

Prejudge, pre-juj, *v. t.* শুনিবার পূর্ব্বে বিচার-কৃ ; না শুনিয়া বিচার-কৃ ; শুনিবার পূর্ব্বেই মীমাংসা-কৃ ; To

decide upon before hearing the whole case; to condemn unheard. *n*=prejudgment.

Prejudicate, pre-jōō'di-kat, *v. t.* [L. *prae,* before, and *judico,* to judge] বিচারের পূর্ব্বে নির্ণয়-কৃ ; সবুরর না করিয়া বিচার নিষ্পত্তি-কৃ ; To prejudge ; to judge beforehand :—*v. i.* পরীক্ষা না করিয়া বিচার-কৃ ; To decide without examination. *n*= prejudication (বিচারের পূর্ব্বে নির্ণয়) ।

Prejudicative, pre-jōō'di-kāt-iv, *a.* না ভাবিয়া বিচার-নিষ্পত্তিকারী ; Forming a judgment or opinion before hand.

Prejudice, prejū-dis, *n.* [L. *prae,* before, and *judicium,* judgment] কুসংস্কার ; পক্ষপাত ; টান ; Unfair predilection for or against something ; bias :—বিদ্বেষ ; Dislike :—অনিষ্ট ; ক্ষতি ; Injury ; mischief ; hurt :—পূর্ব্বসংস্কার ; পূর্ব্বধারণা ; Opinion formed without due examination, prejudgment :—*v. t.* পূর্ব্ব সংস্কারের বশীভূত হওয়া ; কুসংস্কারান্বিত কৃ, পক্ষপাতী কৃ ; To prepossess ; to bias the mind of :—অনিষ্ট-কৃ ; To injure or hurt. *Syn* :—(*n*) Prejudgment, prepossession, predisposition, harm, detriment, disadvantage. (*v*) Predispose, bias, warp ; injure, harm, damage, hurt.

Prejudice (one) **against** (another)—কাহারও উপর চটা, কাহারও প্রতি বক্র-কৃ ; Bias a man against (another by opinions formed without examination).

To the prejudice of—কাহারও বা কোন কিছুর পক্ষে অনিষ্টকর ; Injurious or determined to the interests of :—কাহারও বিরুদ্ধে ; Against one.

Prejudiced, *p. a.* কুসংস্কারাবিষ্ট ।

Prejudicial, pre-jū-dish-al, *a.* অনিষ্টকর ; ক্ষতিকর, অহিতজনক ; অপকারক ; অনিষ্টকারক ; প্রতিরোধক, Disadvantageous ; injurious ; mischievous ; tending to obstruct. *ad*=prejudicially.

Prejudicial to—(কাহারও চরিত্র, ইষ্ট, স্বাস্থ্য বা জীবন সম্বন্ধে) অনিষ্টজনক ; Injurious to one's interest, character, health, or life.

Prelacy, prela-si, *n.* প্রধান আচার্য্যের পদ বা অধিকার, প্রধান ধর্ম্মাধ্যক্ষের পদ বা মর্য্যাদা, উচ্চ শ্রেণীর যাজক সম্প্রদায়, Episcopacy, the order of bishops or the bishops collectively.

Prelate, prelāt, *a.* [L. *prae,* before, and *latus,* borne] প্রধান ধর্ম্মাচার্য্য ; উচ্চশ্রেণীর যাজক, Bishop ; a church dignitary. *n*=prelateship.

Prelatic, pre-latik, **Prelatical,** pre-latik-al, *a.* প্রধান আচার্য্য সম্বন্ধীয় ; ধর্ম্মাধ্যক্ষ শাসন-সংক্রান্ত ; Pertaining to prelates or prelacy.

Prelatist, prelat-ist, *n.* প্রধান আচার্য্যের সমর্থনকারী ; প্রেলেট্-শাসনের অনুরাগী ; An upholder of prelacy.

Prelect, pre-lekt, *v. i.* [L. *prae,* before, and *lego, lectum,* to read] প্রবন্ধ পাঠ-কৃ ; বক্তৃতা-কৃ, To lecture ; to read a discourse.

Prelection, *n.* সাধারণের সমক্ষে পঠিত প্রবন্ধ ; A discourse read in public.

Prelector, *n.* প্রবন্ধপাঠক, বক্তা, A lecturer.

Prelibation, *n.* পূর্ব্বাস্বাদ, Foretaste.

Preliminary, prē-limin-ar-e, *a.* [L. *prae,* before, *limen, liminis,* threshold, entrance] পূর্ব্ব ; প্রাথমিক ; প্রারম্ভক ; ভূমিকাস্বরূপ, আনুষ্ঠানিক ; আনুক্রমিক, Preparatory, introductory :—*n.* সূচনা ; ভূমিকা ; পূর্ব্ববর্ত্তী বিষয় ; অনুক্রমণিকা ; Introduction. *Syn* :—Prefatory, precursive, prelusory, initiatory, previous, prior, precedent.

Prelude, prelūd, *n.* [L. *prae,* before, and *ludus,* play] প্রস্তাবনা ; অগ্রিম অভিনয় ; A short piece of music before a longer piece :—ভূমিকা ; গৌরচন্দ্রিকা ; পূর্ব্ব লক্ষণ ; A preface ; a forerunner : —*v. t.* পূর্ব্ব সূচনা-কৃ ; পূর্ব্ব প্রস্তাবনা-কৃ ; মুখবন্ধ-কৃ ; To play before ; to precede, as an introduction. *Syn* :—(*n*) Introduction, preliminary, prologue.

Prelusive, pre-lū'siv, *a.* প্রস্তাবনাস্বরূপ ; ভূমিকাস্বরূপ ; পূর্ব্ব ; Introductory ; previous.

Premature, prema-tūr, *a.* [L. *prae,* before, and *maturus,* ripe] অকালপক্ব ; অসাময়িক ; অপ্রামাণিক ; Happening before the proper time ; unauthenticated, as a report. *n*=prematureness, prematurity, *ad*=prematurely. *Syn* :—Precocious, predeveloped, untimely, early.

Premeditate, pre-medi-tāt, *v. t.* [L. *prae,* before, *meditor,* to meditate] পূর্ব্বেই সঙ্কল্প-কৃ ; পূর্ব্বেই চিন্তা করিয়া স্থির-কৃ ; To design previously : —*v. i.* পূর্ব্ব হইতে চিন্তা-কৃ ; To deliberate before hand. *n*=premeditation (পূর্ব্ব-কল্পনা) ।

Premeditated, *a.* পূর্ব্ব সংকল্পিত ; পূর্ব্ব স্থিরীকৃত ।

Premier, prēmyer, *a.* [L. *primus,* first] প্রথম ; প্রধান ; শ্রেষ্ঠ ; First, chief :—*n.* রাজমন্ত্রী ; প্রধান সচিব ; The prime minister. *n*=permiership.

Premise, pre-miz', *v. t.* পূর্ব্বেই প্রস্তাব-কৃ ; সূচনা-কৃ ; To make an introduction :—পরবর্ত্তী তর্কবাদের জন্য প্রতিজ্ঞা উপস্থিত-কৃ ; To lay down propositions :—*n.* প্রতিজ্ঞা ; উদাহরণ বা উপনয় ; তর্কশাস্ত্রের প্রস্তাব, A first or antecedent proposition ; one of the first two propositions of a syllogism from which the conclusion drawn.

Premises, *n.* গৃহ ও তৎসংলগ্ন ভূম্যাদি ; Building and its adjuncts.

Premium, prē'me-um, *n.* পুরস্কার ; পারিতোষিক ; A reward, a recompense ; prize :—কোটা ; বাট্টা ; A payment for a loan :—বিমা করণার্থ প্রদত্ত টাকা ; Payment made for insurance :—ব্যবসায় শিখিবার জন্য প্রদত্ত দক্ষিণা ; Bounty or incentive. *Syn* :—Bonus, boon.

At a premium—চড়া দরে : At a sum above the par value, obtainable at an increased value.

Give a premium to—কোন কিছুর উৎসাহ দেওয়া ; Encourage.

Hold a premium—উৎসাহ-দে ; Encourage.

Put a premium—দর চড়াইয়া-দে ; Raise the value of ; set on something a value higher than the real value :—গুমর বাড়াইয়া দেওয়া, Encourage

Premonish, pre-monish, *v. t.* পূর্ব্ব হইতে সতর্ক-কৃ ; To warn beforehand. *n*=premonition (পূর্ব্ব-সংবাদ) ।

Premonitive, pre-monit-iv, **Premonitory,** pre-monit-or i, *a.* সতর্ককারী ; পূর্ব্বাভাস-প্রদায়ক ; Giving warning or notice beforehand. *ad*=premonitorily.

Premonitor, pre-monit-or, *n.* পূর্ব্ব হইতে সতর্ককারক ; সতর্ককারী ; One who or that which gives warning beforehand.

Pre-occupancy, pre-okū-pan si, *n.* পূর্ব্বাধিকার ;

অগ্রে পূর্ব্বে অধিকার করণ বা তাহার স্বত্ব ; The act or the right of occupying beforehand.

Pre-occupy, pre-ok'ū-pi, *v. t.* অন্যের পূর্ব্বে অধিকার-কৃ ; To take possession beforehand :—পূর্ব্ব হইতে এক পক্ষে মত-কৃ ; To prepossess. *n*= pre-occupation (পূর্ব্বাধিকার) ।

Pre-ordain, pre-or-dān, *v. t.* পূর্ব্ব হইতে স্থির-কৃ ; পূর্ব্ব হইতে নির্দ্ধারিত-কৃ ; To ordain or appoint beforehand. *n*=preordination.

Preparation, prep-ar-áshun, *n.* প্রস্তুত করণ, আয়োজন ; উদ্যোগ ; প্রস্তুত বিষয় ; The state of being prepared or got ready :—পূর্ব্বে বন্দোবস্ত ; Previous arrangement.

Preparative, pre-par'a-tiv, *a.* আয়োজন ; প্রস্তুতকারী ; প্রস্তুত করণে বা হওনে অনুকূল ; উপযোগীকারী ; Having the power of preparing or making ready :—*n.* যাহা প্রস্তুত করে ; That which prepares ; preparation.

Preparatory, pre-par'a-tor-i, *a.* প্রস্তুতকারী ; পূর্ব্ববর্ত্তী ; প্রাথমিক ; Preparing for ; previous, introductory.

Prepare, prē-pār', *v. t.* [L. *prae*, before, and *paro*, to make ready] প্রস্তুত-কৃ ; তৈয়ারি-কৃ. To make ready for use :—উপযুক্ত-কৃ ; To fit for any purpose :—সজ্জিত-কৃ ; To provide ; to equip *n*=preparer. *Syn* :—Fit, adjust, adapt, qualify ; equip, provide, arrange, order, plan, form, make.

Prepared, pre-pārd, *a.* প্রস্তুত ; তৈয়ারি ; Made ready ; ready. *n*=preparedness, *ad*=preparedly

Pre-paid, *a.* পূর্ব্বে দত্ত ; দত্তশুল্ক, যাহার মাশুল পূর্ব্বেই দেওয়া হইয়াছে ; Paid before-hand.

Prepay, pre-pá, *v. t.* অগ্রিম-দে ; অগ্রে প্রদান-কৃ ; To pay in advance. *n*=prepayment (অগ্রপ্রদান) ।

Pre-pense, pre-pens', *a.* পূর্ব্বে বিবেচিত ; পূর্ব্বেই চিন্তিত ; ইচ্ছাকৃত ; Premeditated ; intentional ; deliberate ; aforethought. *ad*=prepensely.

Preponderant, pre-pondér-ant, *a* অধিকভারী, গুরুভার ; প্রবল ; ক্ষমতা বা প্রভাবে শ্রেষ্ঠতর. Outweighing ; superior in weight, power or influence. *ad*=preponderantly *n*=preponderance.

Preponderate, prepondér-āt, *v. t.* [L. *prae*, before, *pondero*, to weigh] অধিক ভারী-কৃ. ভারে গুরুতর-কৃ ; ঝুঁকিয়া পড়া ; To outweigh :—প্রবল-কৃ, To exceed in power or influence. *n*=preponderation.

Preponderate over—ওজনে বেশী হওয়া ; একটার অপেক্ষা আর একটা অধিক হওয়া ; Outweigh, exceed.

Preposition, prep-o-zishun, *n.* [L. *prae*, before, *pono*, *positum*, to place or put] উপসর্গ, অব্যয়পদ, A word or parts of speech expressing the relation between objects and governing a case. *a*=prepositional, *ad*=prepositionally.

Prepossess, pre-poz-zes', *v. t.* পূর্ব্বে অধিকার-কৃ ; পক্ষপাতী-কৃ ; To pre-occupy ; to bias or prejudice.

Be prepossessed in favour of—অনুকূলচিত্ত হওয়া ; Be favourably inclined towards.

Pre-possessing, prē-poz-zesing, *a.* মনোহারী ; অনুরাগোৎপাদক ; চিত্তাকর্ষণকারী ; Tending to prepossess in one's favour ; charming ; attractive. *Syn* :—Engaging, taking, attractive, winning, captivating ; fascinating ; amiable.

Pre-possession, pre-poz-zeshun, *n.* পূর্ব্ব সংস্কার ; ঝোঁক ; Pre-conceived opinion or impression ; pre-occupation.

Pre-posterous, prē-poster-us, *a.* [L. *prae*, before, and *posterus*, coming after] অসঙ্গত ; অসম্ভব ; বিপরীত ; অন্যায় ; মূঢ় ; Absurd ; wrong ; foolish ; monstrous. *n*=pre-posterousness, *ad*= pre-posterously. *Syn* :—Irrational, ridiculous ; reversed, inverted, perverted.

Prerogative, prē-rog'a-tiv, *n.* বিশেষ অধিকার ; বিশেষ ক্ষমতা ; The exclusive or peculiar privilege ; right ; immunity.

Presage, pre'sāj, *v. t.* [L. *prae*, before, *sagire*, to perceive acutely] পূর্ব্ব সূচনা-কৃ ; পূর্ব্ব লক্ষণ প্রদর্শন-কৃ ; ভবিষ্যৎ বিষয় বলা ; To forebode ; to prophesy, to predict :—*n.* শুভাশুভ লক্ষণ ; পূর্ব্ব লক্ষণ ; পূর্ব্ব সূচনা ; A foreboding, presentiment ; omen ; prognostic. *a*=presageful *n*=presager. *Syn* :—(*v*) Predict, betoken, foretell ; foreknow, foresee.

Presbyopia, pres-bi-ō'pi-a, *n.* দূরদর্শন রোগ ; [Long sightedness.

Presbyter, prez'bi-tėr, *n.* যাজক ; আচার্য্য ; (খৃষ্টীয় সমাজের) প্রাচীন ব্যক্তি, A priest or minister, a member of a presbytery.

Presbyterian, prez-bi-tē'ri-an, **Presbyterial,** prez-bi-te'ri-al, *a* প্রেস্‌বিটার-সংক্রান্ত ; প্রেস্‌বিটার ঘটিত ; Pertaining to presbytery or calvinistic government.

Presbyterian, *n* প্রেস্‌বিটার-শাসনানুযায়ী, One of a sect of christians, belonging to a church governed by presbyteries, a calvinist

Presbyterianism, *n.* প্রেস্‌বিটার-শাসনপ্রণালী, The form of church government by Presbyterians.

Presbytery, prez bi-tėr-i, *n.* প্রেস্‌বিটার সম্প্রদায়, A body or council of presbyters

Prescience, pre'shi-ens, *n.* ভাবি বোধ ; পূর্ব্বজ্ঞান, ভাবি দর্শন, পূর্ব্ব দৃষ্টি, Fore-sight ; foreknowledge.

Prescient, prē-shi-ent, *a.* [L. *prae*, before, *scio*, to know] ভবিষ্যৎ জ্ঞানসম্পন্ন ; Knowing things beforehand.

Prescribe, prē-skrib, *v. t.* [L. *prae*, before, *scribere*, to write] নির্দ্দেশ-কৃ ; নির্দ্ধারিত-কৃ, To lay down for direction, to appoint :—বিধান-কৃ ; ব্যবস্থা-কৃ, To give directions for, as a remedy : —*v. i.* ব্যবস্থা-কৃ ; To give direction. *n*=prescriber. *Syn* :—Appoint, command, order, decree, dictate, direct, enjoin, impose.

Prescript, prēskript, *a.* ব্যবস্থিত ; Directed, prescribed :—*n.* উপদেশ ; ব্যবস্থাপত্র ; Direction, a prescription.

Prescriptible, *a.* ব্যবস্থাকরণযোগ্য ; Proper to be prescribed for. *n*=prescriptibility.

Prescription, pre-skrip-shun, *n.* ব্যবস্থাপত্র ; ঔষধ ব্যবস্থা ; A written direction of remedies for a disease ; a recipe :—বহুকালের ভোগজনিত অধিকার ; চির ব্যবহারজনিত অধিকার ; A right acquired by immemorial use and enjoyment.

Prescriptive, pres-kriptiv, *a.* চিরব্যবহার সিদ্ধ ; বহুকালের ভোগজনিত ; Consisting in, or acquired by, custom or immemorial use.

Prescriptive rights—চিরব্যবহার সিদ্ধ অধিকার।

Presence, prezens, *n.* উপস্থিতি ; বর্তমানতা ; সত্তা ; State of being present :—আকার ; চেহারা ; Mien ; personal appearance :—শান্তভাব ; তৎপরতা ; Calmness ; readiness.

In presence—রাজসন্নিধানে ; দরবারে ; In the room in which a prince or a great man receives company. [face with.

In the presence of—সমক্ষে ; Before ; face to

Presence of mind—প্রত্যুৎপন্নমতি ; উপস্থিত বুদ্ধি . Quickness at expedients ; undisturbed state of mind which enables one to speak or act without embarrassment in difficulties ; self-possession , a calm and collected state of mind which enables a person to speak or act in the midst of unexpected difficulties without disorder or embarassment.

Presence-chamber, Presence-room, *n.* দর্শন-শালা ; দরবার ঘর ; বৈঠকখানা ; The room in which a great person receives company.

Present, prefent, *a.* বর্তমান , Now existing :—উপস্থিত ; হাজির ; In view .—আলোচ্যমান ; Now under consideration :—সর্ব্বদা প্রস্তুত ; Ready at hand :—মনোযোগী ; Attentive :—অবলম্বিত , Immediate. *Syn* :—Existing, at hand, nigh, immediate ; instant, current.

Present, pre-zent, *v. t.* উপহার-দে , সওগাদ-দে ; To offer , to make a gift of :—প্রদর্শন-কৃ ; To exhibit , to view ; to show :—উপস্থিত-কৃ , To set before :—লক্ষ্য-কৃ ; To point, as a gun :—প্রদান-কৃ , To give, to deliver :—বিবেচনা করিতে-দে ; To lay before for consideration :—পরিচয় করিয়া-দে ; To introduce :—দান-কৃ ; To make gifts —দক্ষিণা-দে ; To give a benefice. *a*=presentable, *n*=presenter. *Syn* :—Bestow, grant, confer.

Present, pre-zent, *n.* উপঢৌকন , দান , নজর , উপহার ; সওগাদ ; A gift :—বর্তমান সময় ; Present time. [present time, now.

At present—এক্ষণে ; বর্তমান সময়ে , At the

For the present—আপাততঃ ; উপস্থিত সময়ের জন্য . For the time being. [without delay.

In present—তৎক্ষণাৎ ; অবিলম্বে , At once ;

Present arms—সম্মানপ্রদর্শনার্থ অস্ত্রশস্ত্র সম্মুখে ধরা , To hold the arms out in token of respect, as if ready to deliver them up ; salute militarily.

Present at—লক্ষ্য-কৃ ; To make aim at .—To offer a bill for payment.

Present tense—(ব্যাকরণে) বর্তমানকাল।

Presentable, *a.* প্রদানযোগ্য ; দিবার উপযুক্ত।

Presentation, prez-ent-áshun, *n.* দান ; উপঢৌকন ; Giving :—প্রতিরূপ প্রদর্শন , Representation :—যাজকীয় বৃত্তিতে নিযুক্ত করিবার অধিকার ; Giving a benefice ; the right of presenting a clergyman. *Syn* :—Donation, bestowal ; representation ; exhibition ; introduction.

A presentation copy—গ্রন্থকার কর্তৃক প্রদত্ত উপহার-পুস্তক।

Presentee, *n.* যাজকীয় বৃত্তিতে নিয়োজিত ব্যক্তি ; One presented to a benefice.

Presentiment, pre-senti-ment, *n.* পূর্ব্ববোধ ; আগেই মনে মনে সংস্কার ; ভাবী অমঙ্গলের পূর্ব্ববোধ ; পূর্ব্বতর্ক ; পূর্ব্বধারণা , Previous notion ; a fore-boding ; previous opinion ; a conviction of something unpleasant to happen.

Presentive, *a.* অর্থ প্রতিপাদক।

Presently, *ad.* তৎক্ষণাৎ ; শীঘ্র ; সত্বর ; অবিলম্বে ; Without delay ; after a little.

Presentment, pre-zentment, *n.* দান ; Giving :—প্রদর্শন ; Exhibition :—অভিযোগ ; Indictment ; accusation presented by a grand-jury :—ব্যবহার ; Behaviour :—উপস্থাপন ; Representation.

Preservation, prez-er-váshun, *n.* রক্ষণ ; রক্ষা ; The act of preserving ; the state of being preserved. *Syn* :—Conservation, maintenance, protection ; security, safety, salvation.

Preservative, pre-zerva-tiv, **Preservatory**, pre-zerva-tor-i, *a.* রক্ষণশীল ; রক্ষণক্ষম ; Tending to preserve :—*n.* রক্ষাকারী ; যাহা রক্ষিত করে ; রক্ষার সাধন ; A preventive of injury or decay ; that which preserves.

Preserve, pre-zerv, *v. t.* [L. *prae*, before, and *servare*, to preserve] রক্ষা-কৃ ; বাঁচান ; To keep from injury ; to secure , to defend :—মোরব্বা-কৃ ; To season for preservation :—নষ্ট হইতে না দেওয়া ; অক্ষত অবস্থায় রাখা ; To maintain in a sound state :—অবিকৃত রাখা , To keep up, as appearances :—*n.* রক্ষিত বস্তু ; মোরব্বা ; That which is preserved, as fruit :—পশ্বাদি রাখিবার স্থান ; A place for the protection of animals, as game &c. *n*=preserver (রক্ষকপালক)। *Syn* :—(*v*) Uphold, sustain, spare, protect, guard ; conserve, keep sound.

Preside, pre-zid, *v. i.* [L. *prae*, before, *sedeo*, to sit] সভাপতির কার্য্য-কৃ , সভাস্থলে প্রধানের আসন অধিকার-কৃ ; To act as chairman or alderman :—অধ্যক্ষ-হ , সভাপতি-হ , তত্ত্বাবধান-কৃ , To direct or govern , to superintend.

Presidency, prez-i-den-si, *n* অধ্যক্ষতা , সভাপতি ; Superintendence :—প্রদেশ ; Province.

President, preze-dent, *n.* সভাপতি ; সভাধ্যক্ষ ; A chairman , one who presides over a meeting :—বিদ্যালয়ের অধ্যক্ষ , The chief officer of a public institution &c —রাষ্ট্রাধিপতি , দেশ বা জাতি বিশেষের নির্ব্বাচিত শাসনকর্তা , An officer elected to the supreme executive of a province or nation. *n*=presidentship (সভাপতিত্ব)। *Syn* :—Moderator, chairman, superintendent, principal ; governor, prefect, chief.

Vice-President—সহকারী সভাপতি।

Presidential, prez-i-denshal, *a.* সভাপতি সম্বন্ধীয় ; Pertaining to a president.

Presiding deity—অধিষ্ঠাত্রী দেবতা। [beforehand.

Presignify, *v. t.* পূর্ব্ব হইতে সূচনা-কৃ ; To signify

Press, pres, *v. t.* [L. *premere*, *pressum*, to press] নিঙড়ান ; পেষণ-কৃ ; চাপ-দে ; চাপা ; To squeeze or crush :—উত্তেজিত-কৃ ; জেদ-কৃ ; To urge —আলিঙ্গন-কৃ , To hug :—পীড়ন-কৃ ; To bear heavily on :—ক্লেশ-দে ; কষ্ট-দে ; বাধা-দে ; To distress —আগ্রহের সহিত মনে নিবিষ্ট-কৃ ; To inculcate with earnestness —বলপূর্ব্বক লোক ধৃত করিয়া নিযুক্ত-কৃ , To carry men off by violence to become soldiers or sailors ; to impress :—*v. i.* ভিড়-কৃ ; To crowd ; throng :—জোর-কৃ ; প্রবল আগ্রহ প্রকাশ-কৃ ; To urge with vehemence and

importunity ; to exert a strong influence :—বেগে অগ্রসর-হ ; To go forward with violence :—চাপ দেওয়া ; সবলে ধাক্কা-দে ; To exert pressure ; to push with force. *n*=presser. *Syn* :—Compress, crush, squeeze, gripe ; constrain, compel, force ; enjoin, urge, inculcate, enforce ; impress ; bear heavily ; push, rush, hasten.

Press, pres, *n.* পেষণযন্ত্র ; চাপিবার যন্ত্র ; An instrument for squeezing bodies :—মুদ্রাযন্ত্র ; A printing machine ; printing-press :—মুদ্রণ-ব্যবসায় ; Art or business of printing and publishing :—বেগে অগ্রসরণ ; The act of pressing forward :—গুরুতর প্রয়োজনীয়তা ; Urgency :—সংবাদপত্র ; Newspapers and their writers :—জনতা ; ভিড় ; Crowd :—নাবিক ভৃত করণার্থ লোকধৃত ; Seizure of men for navy or army.

Liberty of the press—মুদ্রাযন্ত্রের স্বাধীনতা ; The right of publishing books, pamphlets, newspapers without previous restraint or censorship.

Press forward—অগ্রসর-হ ; Urge on , hasten.

Press into service—জোর করিয়া কাজে লাগান ; Force into service ; make (something) serve some purpose.

Press of business—কার্য্যের ভিড় ; কার্য্যোপরোধ ; [কাজের ঝঞ্ঝাট ।

Press one hard—অত্যন্ত অনুরোধ-কৃ ; To earnestly urge or entreat one.

Press of sail—জাহাজের যাবতীয় পাইল ; As much sail as the the state of wind can possibly permit.

Press upon—ধাক্কা-দে ; Push against :—আক্রমণ-কৃ ; Invade ; assail :—পীড়া-দে ; Bear hardly on.

The press—দেশবিশেষের সাহিত্য বা সংবাদপত্রসমূহ ; The literature of a country, especially newspapers.

To be in the press—যন্ত্রস্থ থাকা বা মুদ্রিত-হ ।

To be pressed for time—সময় অভাব-হ ; Not to have sufficient time ; to be hurried.

Press-gang, presgang, *n.* লোক-সংগ্রহার্থ প্রেরিত সৈন্য ; নৌ-সৈনিকের কার্য্যের জন্য লোকজন ধরিবার নিমিত্ত নিয়োজিত দলবল ; মাল্লাধরার দল ; A detachment sent to seize men for the navy.

Pressing, presing, *a.* অত্যাবশ্যক , জরুর , প্রয়োজনীয় ; Urgent ; importunate ; forcible. *ad*=pressingly.

Press-man, presman, *n.* মুদ্রণকারী ; মুদ্রাঙ্কণকারী ; ছাপাওয়ালা ; The printer who works at the press :—সংবাদ পত্রলেখক ; Member of a press ; newspaper-writer :—প্রেসগ্যাং দলভুক্ত ব্যক্তি ; One of a press-gang.

Press-money, presmuni, *n.* বায়না ; দাদন ; Earnest money :—Money given for impressment.

Pressure, presh'ūr, *n.* চাপ ; পেষণ ; Pressing or being pressed ; squeezing :—বেগ ; Impulse :—অত্যাচার ; ক্লেশ ; কষ্ট ; দুঃখ ; Oppression ; distress ; straits :—ভার ; Weight ; gravitation :—প্রয়োজনীয়তা ; Urgency :—সঙ্কট ; Difficulties. *Syn* :—Squeezing, crushing, force ; urgency, exigency, hurry.

Pressure from without—শাসন-কর্ত্তাদিগের উপর প্রজা-সাধারণের মতের প্রভাব প্রয়োগ ; Exertion of public opinion on a government.

Pessure of business—কার্য্যের ভিড় বা ঝঞ্ঝাট ।

Prestidigiatation, Prestigiation, *n.* হস্ত-কৌশল ; হাতের ভেল্কী ; Skill in legerdemain.

Prestidigitator, Prestigiator, *n.* ভোজবাজীকর ; One who practises legerdemain tricks.

Prestige, pre'stij, *n.* ইজ্জত ; গৌরব ; মাহাত্ম্য ; প্রাধান্য ; মান্যতা ; কৃতকার্য্যতাজনিত প্রতিপত্তি ; Influence.

Presto, *ad.* ঝটপট ; দ্রুত ; তাড়াতাড়ি ; Quickly.

Presumable, prē-zūma-bl, *a.* অনুমেয় ; সত্য বলিয়া গ্রহণীয় ; স্বীকার্য্য ; Such as may be presumed. *ad*=presumably (অনুমান করিয়া) ।

Presume, prē-zūm, *v. t.* [L. *prae*, before, and *sumere*, to take] ধরিয়া লওয়া ; স্বীকার করিয়া লওয়া ; To take for granted ; to assume :—কল্পনা-কৃ ; অনুমান-কৃ ; To suppose :—*v. i.* অগ্রেই বিশ্বাস বা সাহস-কৃ ; To venture layond. *Syn* :—Believe, think, surmise, conjecture ; venture, dare.

Presume on or upon—সাহস করিয়া যতদূর যাওয়া উচিত তাহার অধিক যাওয়া ; Venture too far.

Presuming, pre-zūming, *a.* ধৃষ্ট ; অনুচিত সাহসী ; দুঃসাহসী ; Venturing without permission ; unreasonably bold. *ad*=presumingly.

Presumption, prē-zumshun, *n.* অনুমান ; Supposition :—অত্যন্ত সম্ভাবনা ; Strong probability :—প্রগল্ভতা ; দম্ভ ; ধৃষ্টতা ; Presumptuousness ; arrogance ; forward conduct :—অবস্থাঘটিত প্রমাণানুসারে ঘটনা সত্য বলিয়া ধারণা ; প্রমাণ ব্যতীত অনুমান ; In law, assumption of the truth of certain facts from circumstancial evidence ; inference. *Syn* :—Opinion, conjecture, belief ; forwardness, assurance, arrogance, audacity.

The presumption is in his favour—এরূপ অবস্থায় যেরূপ অনুমান হইতে পারে তাহা তাহার পক্ষে অনুকূল ।

Presumptive, pre-zump'tiv, *a.* আনুমানিক ; সম্ভাব্য প্রমাণের উপর নির্ভর ; সম্ভাবনীয় ; Grounded on probable evidence ; indirect on circumstantial. *ad*=presumptively.

Prosumtive evidence—আনুমানিক প্রমাণ , অবস্থাঘটিত (পরোক্ষ) প্রমাণ ; Evidence derived from circumstances which usually attend a fact as distinct evidence or positive proof , circumstantial evidence.

Prosumptive heir, *n.* One who would inherit were things to remain in their present state, but whose succes ion may be put aside by the birth of a near heir.

Presumptuous, prē-zump'tū-us, *a.* সাহসিক ; সাহসী ; Bold and confident ; overconfident :—প্রগল্ভ ; দাম্ভিক ; Wilful ; audacious :—অতি বিশ্বাসী ; Full of presumption. *n*=presumptuousness. *ad*=presumptuously. *Syn* :—Over-confident, presuming, forward, arrogant ; bold,rash, venturesome, foolhardy.

Presuppose, prē-sup-pōz, *v.t.* পূর্ব্বেই অনুমান-কৃ ; স্বীকার করিয়া লওয়া ; To suppose before other things ; assume. *n*=presupposition.

Pretence, prē-tens, *n.* ছল ; ভাণ ; Pretext ; excuse :—দাবি ; Claim ; assumption. *Syn* :—Subterfuge, evasion, excuse ; mask, colour ; simulation, affectation.

Under pretence of, On pretence of—কোন ছল করিয়া ; কোন কিছুর ব্যপদেশে ; On the plea of.

Pretend, prē-tend, *v. t.* [L. *prae*, before, and *tendere*, to stretch] ভাণ-কৃ ; ছল-কৃ ; To feign ; to sham ; to offer something unreal :—*v. i.* দাবি-কৃ ; দাওয়া-কৃ ; To put in a claim. *n*=pretender (দাবিকারক) । *Syn* :—Counterfeit, affect, simulate ; aspire, claim. [Feigned.

Pretend, *a.* কৃত্রিম ; ভাণাত্মক ; ছাদ্মিক ; অসত্য ;

Pretender, *n.* দাবিকারক ; জালরাজ ; Imposter ; one who puts forth a claim to the throne :— Son of James II.

Pretension, prē-tenshun, *n.* দাবি ; Claim ; demand :—কৃত্রিম বাহ্যভাব ; ছল ; ভাণ ; False appearance ; fictitous show : pretext. *Syn* :— Assertion, show, pretence, assumption, profession ; pertness, priggery, pretentiousness, conceit. [শাস্ত্রে অধিকার না থাকা ।

To have no pretension to scholarship—

Pretentious, *a.* ভাণপূর্ণ ; মিথ্যা দাবিপূর্ণ ; Full of pretence :—দুষ্ট ; দাম্ভিক ; Arrogant.

Preterimperfect, prē-tėr-im-pėr'fekt, *a.* অসম্পূর্ণ-অতীত-সূচক ; Implying that an event was happening of a certain time

Preterit, preter-it, **Preterite,** *a.* [L. *praeter*, beyond, *eo*, *itum*, to go] গত , অতীত ; Noting the past tense :—*n.* ভূতকাল ; অতীতকাল ; The past tense.

Preterition, *n.* অতিক্রমণ , The state of being past :—অলঙ্কার বিশেষ ; A rhetorical figure.

Pretermission, *n.* অতিক্রমণ ; ত্যাগ ; The act of passing by , omission.

Pretermit, prē-tėr-mit, *v. t.* ছাড়িয়া-দে ; অতিক্রমণ-কৃ . To omit ; pass by neglect *n*=pretermission.

Preternatural, prē-ter-natūr-al, *a.* অস্বাভাবিক , অদ্ভুত , অসাধারণ , Extraordinary. *ad*=preternaturally. *Syn* :—Supernatural, miraculous, irregular, abnormal, anomalous, marvellous, strange, inexplicable [perfect tense.

Preterperfect, *a.* ভূতকালসূচক ; Denoting the

Preterpluperfect, *a.* পুরাঘটিত-অতীতকাল-সূচক ; Denoting the pluperfect tense.

Pretext, pre-tekst, *n.* ছল , ভাণ ; ছুতা ; A pretence. *Syn* :—Semblance, colour, show, mask.

Under pretext of—কোন ছল করিয়া ; On the plea of.

Pretor, *n.* রোমের রাজকর্মচারী ; Roman magistrate next to the consul. *a*=pretorial.

Pretorian, *n.* The official residence of the Roman proconsul.

Prettily, preti-li, *ad.* সুন্দররূপে ; মনোহররূপে ; পরিচ্ছন্নরূপে ; Pleasingly ; elegantly , neatly.

Pretty, prete, *a.* সুন্দর , মনোহর ; Beautiful ; moderately handsome :—চটক ; পরিপাটি ; Neat ; trim :—সুন্দর অথচ আড়ম্বরশূন্য . Beautiful without grandeur :—রুচিকর ; Tasteful :—বিলাসিতাপ্রিয় ; (In *contempt*) foppish :—(ব্যঙ্গার্থে) সুরূপ ; (In contempt) fine :—*ad.* কতক পরিমাণে ; কিয়ৎ পরিমাণে ; মধ্যবিধরূপে ; Moderately ; in some degree. *Syn* :— Handsome, elegant, comely ; neat, trim, fine, tasteful ; fair, moderate, tolerable.

Pretypify, *v. t.* পূর্ব্বেই আদর্শ প্রদর্শন-কৃ ; To exhibit previously in a type.

Prevail, prē-vāl, *v. i.* [L. *prae*, before, and *valere*, to be strong] প্রবল-হ ; To be very powerful :—জয়লাভ-কৃ ; পরাভূত-কৃ ; পরাজিত-কৃ ; To overcome ; to gain the advantage of :—কৃতকার্য্য-হ ; To succeed :—কার্য্যকারী-হ ; To have influence or effect :—প্রচলিত-হ ; চলিত থাকা ; প্রাদুর্ভাব-হ ; To be in force :—প্রবর্ত্তিত-কৃ ; To persuade or induce. *Syn* :—Predominate, preponderate, prosper ; obtain, rage.

Prevail over, Prevail against—প্রবল-হ ; পরাজয়-কৃ , Predominate :—অধিকতর প্রভাবশালী বা কার্য্যকারী-হ ; Be more powerful than ; gain the advantange over.

Prevail with, on, or **upon**—প্রবৃত্ত-কৃ ; লওয়ান ; লইত-কৃ ; প্রবর্ত্তিত-কৃ ; Persuade.

Prevailing, prē-vāling, *a.* কার্য্যকারী ; Efficacious :—চলিত ; অতি প্রচলিত , সাধারণ ; Most general :—প্রবল ; ক্ষমতাশালী ; Having great power. *Syn* :—Prevalent, predominant, controlling, preponderating, overruling, successful , general, current, usual, established.

Prevalence, preval-ens, **Prevalency,** prevalen-si, *n.* প্রাধান্য ; প্রাবল্য , প্রবলতা ; ব্যাপকতা ; প্রভাব ; কার্য্যকারিতা ; Preponderance ; superiority ; predominance ; influence ; efficacy.

Prevalent, preva-lent, *a.* বিজয়ী ; Victorious :— সাধারণ ; প্রচলিত ; Most common :—প্রবল ; Prevailing. *ad*=prevalently. *Syn* :—Prevailing, predominant, governing, ascendant ; compelling, powerful, efficacious ; received, established, current, ordinary.

Prevaricate, prē-var'e-kāt, *v. i.* [L. *praevaricari*, to walk crookedly] মিথ্যা উত্তর-দে ; সত্যের অপলাপ-কৃ , ভাঁড়ান ; সত্য হইতে ইতস্ততঃ-কৃ , To pervert ; to shift about from side ; to evade the truth , to quibble :—ছল-কৃ ; To shuffle. *Syn* :— Cavil, equivocate, dodge, palter.

Prevarication, prē-var-i-kāshun, *n.* মিথ্যা কথন ; বাক্‌ছল ; সত্যাপলাপ , ভাঁড়াভাঁড়ি , Quibbling.

Prevaricator, *n.* সত্যাপলাপকারী , A quibbler.

Prevent, prē-vent, *v. t.* [L. *prae*, before, *venire*, to come] বাধা-দে , নিবারণ-কৃ ; To hinder ; to obviate ; to thwart. *Syn* :—Impede, obstruct, stop, frustrate, avert, preclude, anticipate.

Prevent from—নিরস্ত-কৃ ; বাধা দেওয়া ; Keep one back from (doing anything).

Preventable, *a.* প্রতিরোধ্য ; রোধনীয় ; নিবার্য্য , Such as may be prevented or hindered. *adv*= preventably (পূর্ব্ব) । *n*=preventability.

Prevention, prē-venshun, *n.* বাধা ; নিরোধ ; নিবারণ : Hinderance ; obstruction. *Syn* :—Stoppage , interception, interruption.

Prevention is better than is cure—চিকিৎসা দ্বারা রোগ হইতে মুক্তিলাভ করা অপেক্ষা রোগ নিবারণ করাই ভাল ।

Preventive, pre-ventiv, *a.* নিবারক ; নিরোধক ; বাধাজনক ; Tending to prevent or hinder ; preservative :—*n.* নিবারক ঔষধ ; বাধাজনক ঔষধ ; That which prevents ; a preservative , antidote previously taken to prevent an attack of disease.

Preventive of debility—দৌর্ব্বল্যনিবারক ।

Preventive of disease—রোগনিবারক ।

Previous, preve-us, *a* [L. *prae*, before, *via*,

way] পূর্ব্ববর্ত্তী ; পূর্ব্বগামী ; অগ্রেকার ; Going before ; preceding ; former ; prior. *ad*=previously. *n*=previousness (পূর্ব্ববর্ত্তিতা) । *Syn* :—Antecedent, anterior, prior, foregoing, former, earlier.

Previous to—কোন কিছুর পূর্ব্বে ; Before.

Prevision, *n.* পূর্ব্বদৃষ্টি ; পূর্ব্বজ্ঞান ; Foresight ; foreknowledge. [beforehand.

Prewarn, *v. t.* পূর্ব্ব হইতে সতর্ক-কৃ ; To warn

Prey, prā, *n.* লুট ; লুণ্ঠিত দ্রব্য ; Booty ; plunder ; spoil ; pillage ; ravage :—শিকার : That which is or may be seized to be devoured :—*v. i.* লুটেন-কৃ ; লুট-কৃ ; To plunder :—শিকার-কৃ ; To seize and devour :—ক্রমশঃ ক্ষয়-হ ; ধীরে ধীরে ক্ষয় পাওয়া ; To waste (or impair) gradually.

Beast of prey, Bird of prey—শিকারী জন্তু ; হিংস্র জন্তু ; Animals that kill and feed other animals.

Prey on or upon—কাহার ঘাড়ের মাংস খাওয়া ; শোষণ করা ; ক্ষয়-কৃ ; Despoil ; rob :—কুড়িয়া খাওয়া ; Cause to waste or pine away gradually.

Price, pris, *n.* মূল্য, দাম ; দর ; পণ ; Cost ; expense :—পুরস্কার ; Reward :—উৎকর্ষ ; কিম্মত ; Excellence :—*v. i.* মূল্য নিরূপণ-কৃ ; To set a value on. *Syn* :—(*n*) Expense, value, figure, worth, estimation ; recompense.

At cost price—কেনা দামে ; আসল দামে ; খরিদ মূল্যে ।

Every man has his price—লোকের দর বুঝিয়া দিতে পারিলেই টাকা দ্বারা সকলকেই বশ করা যায় ; Every man may be won over by gold if only you make it worth his while to accept it.

High-priced, *a.* অতি মূল্যবান্ ।

Set a price on one's head—কাহাকে বধ করিবার জন্য পুরস্কারের প্রস্তাব-কৃ ; কাহারো শির বা শরীর কাটিয়া আনিবার জন্য পুরস্কার দিতে চাওয়া ; Offer a reward for killing a person.

Price-current, *n.* মূল্যের তালিকা ; মূল্যের ফর্দ্দ ; A list of market prices of goods.

Priceless, prisles, *a.* অমূল্য ; মূল্যহীন ; Invaluable, inestimable ; without value :—অকিঞ্চিৎকর ; যৎসামান্য ; Worthless.

Price list—মূল্যের ফর্দ্দ ।

Prick, prik, *n.* বেধন ; ডাঙ্গস ; অঙ্কুশ ; সূচী ; সূচাগ্র বস্তু ; A puncture ; a pointed instrument :—অনুতাপ ; Remorse :—যাতনা ; বিষম ক্লেশ ; Stinging pain :—*v. t.* বিদ্ধ-কৃ ; ডাঙ্গস মারা ; খোঁচা মারিয়া উত্তেজিত-কৃ ; To pierce ; to spur :—কষ্ট-দে ; ক্লেশ-দে ; To pain :—খাড়া-কৃ ; To erect. *n*=pricker. *Syn* :—(*n*) Goad, point ; thorn, spur ; puncture, mark. (*v*) Puncture, perforate, terebrate, bore ; spur, goad, incite, stimulate, drive ; sting, wound, pain.

Prick up—কাণ খাড়া-কৃ ; Raise up the ears.

Prick up one's ears—কাণ খাড়া করিয়া শুনা ; Erect one's ears in order to listen attentively.

Pricker, priker, *n.* তীক্ষাগ্র বস্তু ; বেধনিকা ; A sharp pointed instrument :—অশ্বারোহী ; A light-horseman.

Prickle, prikl, *n.* কণ্টক ; কাঁটা ; A sharp-pointed projection growing from the bark of a plant.

Prickly, prikli, *a.* কণ্টকময় ; কণ্টকাবৃত ; Full of prickles. *n*=prickliness. [species of plant.

Prickly-pear, *n.* এক জাতীয় কণ্টকময় গাছ, A

The Prickly heat—ঘামাচি ।

Pride, prid, *n.* অহঙ্কার ; গর্ব্ব ; দেমাক ; Haughtiness ; arrogance :—গৌরববোধক আত্মাদর ; Noble self-esteem ; dignity :—অলঙ্কার ; Ornament :—অহঙ্কারের বস্তু বা বিষয় ; That of which one is proud :—*v. t.* অহঙ্কার-কৃ ; গর্ব্ব-কৃ ; আদর-কৃ ; To take pride ; to plume ; to value, used reflexively. *Syn* :—Self-respect, elevation ; self-exaltation, conceit, hauteur, haughtiness, loftiness, arrogance, vain-glory ; ornament, brightness, splendour, glory.

Pride oneself upon or on—আপনাকে বড় জ্ঞান-কৃ ; কোন কিছুর জন্য গর্ব্ব-কৃ ; কোন কিছুতে গর্ব্বিত-হ ; To value oneself upon ; feel or manifest pride in.

Priest, prēst, *n.* পুরোহিত ; ধর্ম্মযাজক ; পাদরী ; Clergyman. *fem*=priestess.

Priest-craft, prēst-kraft, *n.* পুরোহিতের চাতুর্য্য ; কুটিল যাজকতা ; আর্থিক পৌরাহিত্য ; Arts by which priests gain power ; religious fraud.

Priesthood, prēsthood, *n.* পুরোহিত ; যাজকমণ্ডল ; পৌরাহিত্য ; যাজকতা ; The priestly order ; the office of a priest.

Priestly, prēstli, *a.* পুরোহিত সম্বন্ধীয়, যাজকের উপযুক্ত ; পুরোহিতোচিত, যাজকীয় ; Pertaining to or resembling a priest.

Priestly caste—ব্রাহ্মণবর্ণ ।

Priest-ridden, prēst-ridden, *a.* যাজকনিপীড়িত ; যাজকগণ দ্বারা উৎপীড়িত ; পুরোহিত-শাসিত, পুরোহিতাধীন ; Controlled entirely by priests ; governed by priests.

Prig, prig, *n.* অহঙ্কারী লোক, গর্ব্বিত ব্যক্তি ; Upstart ; conceited fellow :—চোর ; A thief. *a*=priggish (বৃথা গর্ব্বিত ; অহঙ্কৃত ; upstart like). *n*=priggery, prigism.

Prim, prim, *a.* [L. *primus*, the first] ঠিক ; যথার্থ ; পরিপাটী ; ফিট্‌ফাট ; Precise, affectedly nice ; formal, neat :—*v. t.* পরিপাটীর সহিত সজ্জিত-কৃ ; যথাযথভাবে গঠন-কৃ ; To deck with great nicety, to form with affected preciseness. *ad*=primly, *n*=primness. *Syn* :—(*a*) Starched, stiff, priggish.

Primacy, prī'ma-si, *n.* প্রধান পুরোহিতের পদ, প্রধান ধর্ম্মযাজকের পদ ; প্রধান আচার্য্যের পর্য্যায় ; The office or dignity of an archbishop.

Primadonna, *n.* গীতিনাট্যাভিনয়ে প্রধান গায়িকা ; The first female singer in an opera.

Primage, primāj, *n.* মাল বোঝাই করিবার জন্য মাঝিকে দেয় অতিরিক্ত মাশুল ; চালানি মাল যত্নে রাখা হয় এইজন্য মাঝিকে যে কিছু বখশিস্ দেওয়া হইত তাহা ; A gratuity to the captain of a vessel for loading the goods. [First ; original.

Primal, prī'mal, *a.* আদিম ; প্রথম ; আদিভূত ;

Primary, prī'ma-re, *a.* [L. *primarius*, from *primus*, the first] প্রাথমিক, আদিম ; মূলীভূত, মৌলিক ; Primitive ; first ; original :—মুখ্য ; প্রধান ; Chief, principal :—*n.* That which is highest in rank or importance. *ad*=primarily (আদৌ ; অগ্রে) । *Syn* :—(*a*) Primeval, pristine, radical, earliest, leading ; lowest, elemental.

Primary cause—আদি কারণ । [and blue.

Primary colours—প্রধান বর্ণ, Red, yellow,

Primary planets—কেবল সূর্য্য-বেষ্টনকারী উপগ্রহ ।

Those which revolve round the sun and not round another planet.

Primary qualities—প্রধান গুণ।

Primary qualities of bodies—অবিভাজ্য ধর্ম; Such qualities as are inseparable from them.

Primary rocks—All slaty and crystline strata, and wholly destitute of organic remains.

Primary school—প্রাথমিক পাঠশালা; প্রথম শিক্ষা পাঠশালা।

Primate, prī'māt, *n.* শ্রেষ্ঠ যাজক; প্রধান ধর্মযাজক; An archbishop. *n*=primateship.

Primate of England—The archbishop of York.

Primate of all England—The archbishop of Canterbury.

Prime, prim, *a.* [L. *primus*, first] সর্বপ্রথম; প্রধান; উৎকৃষ্ট; উত্তম; First; chief; best; excellent:—আদিম; মৌলিক; Original:—তরুণ; Early; blooming:—*n.* প্রভাত; The dawn:—যৌবন, The spring:—প্রারম্ভ; আরম্ভ; The beginning:—সর্বোৎকৃষ্ট ভাগ, The best part:—চরমোৎকর্ষ; পরাকাষ্ঠা; The height of perfection:—*v. t.* বন্দুক ঘরে বারুদ-দে; To put powder on the nipple of a gun:—রঙের প্রথম পোঁচ-দে; To lay on the first coat of paint:—কামান দাগিবার সাধন-হ; To serve for the charge of a gun. *Syn*:—(*a*) Primitive, pristine, primary; highest, capital, first-rate, principal.

In the prime of life—যৌবনকালে, তরুণ বয়সে; In the spring of life; in the height of one's health, strength or beauty.

The prime mover—প্রধান নায়ক; The person originating or most prominently carrying on an enterprise.

Prime-minister, prim-mińis-tėr, *n.* প্রধান সচিব; প্রধান মন্ত্রী; The first minister of a state.

Prime-number, prim-numbėr, *n.* মৌলিক সংখ্যা; Number which has no division.

Primer, primėr, *n.* প্রথমপাঠ্য পুস্তক, শিশুশিক্ষা; বর্ণপরিচয়; A first-reading book.

Primoval, pri-mē'val, *a.* আদিম; মৌলিক; পুরাতন; Original; primitive.

Priming, *n.* বন্দুকের বারুদ; The powder in the nipple of a fire-arm.

Primitive, primit-iv, *a.* [L. *primitivus*, from *primus*, the first] আদিম; মৌলিক; Original:—পুরাতন; অপ্রচলিত ব্যবহার; প্রাচীন; Antiquated; old fashioned:—*n.* মৌলিক শব্দ; An original word or one not derived from another. *ad*=primitively. *n*=primitiveness. *Syn*:—(*a*) First, pristine, ancient, primeval, primordial, radical, antique.

Primogenial, pri-mo-jē'ni-al, *a.* [L. *primus*, first, and *geno*, *genitus*, to beget] আদিম; মূলীভূত; আমূলস্থায়ী; Primary, constituent.

Primogenitor, pri-mo-jeńi-tor, *n.* আদি পুরুষ; পূর্ব পুরুষ; A forefather:—জনক; The father.

Primogeniture, pri-mo-jeńi-tūr, *n.* জ্যেষ্ঠত্ব; অগ্রজত্ব; The state of being born first of the same parents:—জ্যেষ্ঠাধিকার; The right of inheritance of the eldest son.

Primordial, pri-mor'di-al, *a.* [L. *primo*, first, and *ordo*, order] আদিম; সর্বপ্রথম; প্রথম হইতে বর্তমান; Fast in order; original; existing from the beginning:—আদিমূল; First principle or element.

Primrose, primrōz, *n.* বসন্ত পুষ্প বিশেষ; An early spring flower common in woods and meadows.

Prince, prins, *n.* [L. *princeps*, from *primus*, first, and *capere*, to take] রাজকুমার; রাজপুত্র; Son of a king or emperor:—রাজা; A sovereign; monarch:—উচ্চপদমর্যাদাবিশিষ্ট লোক; One of the highest rank:—নেতা; নায়ক; সর্দার; The chief of any body of men. *fem*=princess.

Prince of darkness—সয়তান; Lucifer.

Prince of the blood—রাজার নিকট কুটুম্ব; Near relation of a king.

Prince of the senate—বৃদ্ধতম সচিব; Eldest senator.

Prince of Wales, *n.* ইংলণ্ডের যুবরাজ; Eldest son of the sovereign of England.

Prince Royal—রাজার জ্যেষ্ঠপুত্র; Eldest son of a king.

Princedom, prinśdum, *n.* প্রিন্সের অধিকার, রাজত্ব, ভূসম্পত্তি বা পদ; যৌবরাজ্য; The jurisdiction, estate, sovereignity, or rank of a prince.

Princely, prinśle, *a.* রাজোচিত; ঐশ্বর্যশালী; জমকাল; মহৎ; Becoming a prince, grand; august:—রাজকীয়; Relating to a prince; royal; regal:—*ad.* রাজোচিতভাবে; In a prince-like manner. *n*=princeliness. *Syn*:—Noble, stately; imperial; magnificent, munificent, bounteous.

Princess, *n.* সম্রাজ্ঞী; রাণী; A queen:—রাজকুমারী; A king's daughter.

Princess royal, *n.* রাজার জ্যেষ্ঠাকন্যা; Eldest daughter of the king of England or of any king.

Principal, prińse-pal, *a.* প্রধান; সর্বশ্রেষ্ঠ; Highest in character, rank, authority, or importance; chiefest:—*n.* বিদ্যালয়ের অধ্যক্ষ; A head of a school:—প্রধান কার্যকারক; One who takes a leading part:—মূলধন; Money on which interest is paid:—প্রধান অপরাধী বা তাহার সাহায্যকারী; The chief actor of a crime or an abettor:—প্রধান কড়িকাঠ বা কাঠা; A main beam or timber. *ad*=principally (প্রধানতঃ, বিশেষতঃ)। *Syn*:—(*a*) Chief, first, main, leading, foremost, cardinal.

Principality, prin-si-pali-ti, *n.* রাষ্ট্র, রাজত্ব; আধিপত্য; The territory of a prince or the country which gives title to him.

Principle, prińse-pl, *n.* আদি; Source; origin:—মৌলিক তথ্য; মূলতত্ত্ব; A fundamental truth; a law or doctrine from which others are derived:—মৌলিক শক্তি; মনোবৃত্তি; An original faculty of the mind:—মূল; বীজ; Element:—উপাদান; A constituent part:—*v. t.* নিয়মভুক্ত-কর; উপদেশ অঙ্কিত-কর; To establish in principles; to impress with a tenet. *Syn*:—(*n*) Cause, spring; substratum, postulate, axiom, law; doctrine, tenet, dogma, opinion, maxim, rule; motive, reason; integrity, uprightness, rectitude, honesty, virtue, righteousness.

A man of bad principle—দুষ্টাচারী লোক।

A man of no principle—অব্যবস্থিতচিত্ত ব্যক্তি।

A man of principle—ধার্মিক লোক।

On principle—নিজের বা নিজের দলস্থদিগের বিশ্বাসানুযায়ী; নিজের নিয়ম অনুসারে; Fundamentally, according to the tenent, opinion, or belief one holds.

Principle of gravitation—মাধ্যাকর্ষণিক নিয়ম।

Prink, *v. t.* সজ্জিত করা ; সাজান ; To dress up.

Print, *n.* চিহ্ন ; অঙ্ক ; দাগ ; A mark :—মুদ্রাঙ্কন ; ছাপা ; The impression of types in general :—প্রতিরূপ ; A copy :—খোদাই ; A cut, in wood or metal ; an engraving :—সংবাদপত্র ; A newspaper :—অঙ্কিত বস্ত্র ; A printed cloth ; a fabric figured with impressed figures :—*v. t.* অঙ্কিত-কৃ ; চিহ্ন-কৃ ; To mark by pressure :—মুদ্রিত-কৃ ; ছাপা-কৃ ; মুদ্রাঙ্কিত-কৃ ; To impress with types :—প্রকাশ-কৃ ; প্রচার-কৃ ; To publish :—*v. i.* ছাপার ব্যবসা-কৃ ; ছাপা-কৃ ; To practise the art of printing :—পুস্তকাদি ছাপান ; To publish a book. *Syn* :—(*v*) Impress, imprint, engrave, stamp, mark, indent, trace.

Be out of print—ছাপা ফুরাইয়া যাওয়া ; (মুদ্রিত পুস্তক) নিঃশেষিত হইয়াছে ; অপ্রাপ্য হইয়াছে ; Applied to a book of which no more new copies are to be had for safe ; be no longer ready for sale by the publisher (the copies printed having been exhausted). [published.

In print—প্রকাশিত ; Issued from the press ;

Print off—ছাপা ; Work off on a press.

Printer, print'ér, *n.* মুদ্রাকারী ; মুদ্রাকর, One who prints, especially book, newspaper &c.

Printer's devil—ছাপাখানার শিক্ষা-নবীস ; The newest apprentice-lad in the press-room.

Printer's ink—ছাপার কালি ; Preparation of oil and lamp black.

Printing, print'ing, *n.* ছাপার কর্ম বা বিদ্যা কিংবা ব্যবসায় ; মুদ্রাঙ্কন, ছাপা ; The act, art or practice of printing.

Printing house—ছাপাখানা। [used by printers.

Printing ink, *n.* ছাপার কালি ; মুদ্রামসী ; The ink

Printing-office, *n.* ছাপাখানা ; মুদ্রাশালা ; A place where the printing of books, newspapers or general printing is carried on.

Printing-paper—ছাপার কাগজ ; The kind of of paper generally used in printed books or newspapers and the like.

Printing press—মুদ্রাযন্ত্র।

Prior, pri'or, *a.* [L. *prior*, former] পূর্ববর্তী ; পূর্বতন ; আগা ; Previous ; former, anterior, coming before in time :—*n.* মঠাধ্যক্ষ, মঠের প্রধান মোহন্ত ; The head of a monastery. *fem*:=prioress. *Syn* :—(*a*) Antecedent, precedent, earlier, former, foregoing, anterior.

Priorate, pri'or-āt, **Priorship,** pri'or-ship, *n.* মঠাধ্যক্ষতা ; মোহন্তের শাসন বা কার্য্য ; The government or office of a prior.

Priority, pri-or'e-te, *n.* প্রাথমিকত্ব ; পূর্ববর্ত্তিতা, অগ্রগণ্যতা ; Preference ; precedence ; the state of being first in time, place or rank. *Syn* :—Anteriority, antecedence ; precedence, pre-eminence, superiority.

Priory, pri'o-re, *n.* মঠ ; আশ্রম, A religious house, under a prior or prioress, and next below an abbey. *Syn* :—Convent, monastery, abbey, cloister.

Prism, prizm, *n.* [Gr. *prizo*, to saw] পার্শ্বত্রয়-বিশিষ্ট স্বচ্ছ ঘন পদার্থ ; তিন-পলা কাচ ; কাচের কলম ; A solid, whose two ends are similar, equal, and parallel plane figures and whose sides are parallelograms ; solid glass with triangular ends.

Prismatic, priz-mat'ik, **Prismatical,** priz-mat'i-kal, *a.* কাচবৎ বা সম্বন্ধীয় ; কাচ কলম গঠিত ; Resembling or pertaining to a prism ; formed by a prism. *ad*=prismatically.

Prismatic colours, *n.* কলম কাচের দ্বারা বিশ্লিষ্ট রঙ ; The colours into which a ray of light is decomposed in passing through a prism :—viz ; the three primary colours, red, yellow, blue and the secondary tints arising from their intermixture—orange, green, violet, indigo.

The prismatic compass—যে দিগ্দর্শন যন্ত্র দ্বারা সমতল-স্থ কোণ পরিমিত হয়।

Prismoid, *n.* প্রেজমের আকারবিশিষ্ট পদার্থ বা ক্ষেত্র ; A body or figure in the form of a prisom.

Prison, pri'zn, *n.* [L. *prehensio*, a seizing] কারাগার ; জেল ; বন্দিশালা ; Goal :—*v. t.* কয়েদ-কৃ ; কারাবদ্ধ-কৃ ; To confine ; to captivate. *Syn* :—(*n*) Dungeon, bridewell.

Cast into prison—বন্দী-কৃ ; Imprison.

Prison-bird, *n.* বন্দী ; Prisoner.

Prisoner, priz'n-ér, *n.* বন্দী, কয়েদী ; Captive ; one confined or arrested in prison.

Pristine, pris'tin, *a.* আদিম, প্রাথমিক ; Original ; former :—পুরাতন ; প্রাচীন ; পূর্বকালীন, Old, ancient. *Syn* :—Original, first, primitive.

Prithee, *int.* অনুনয় করি ; বিনয় করি ; I pray thee.

Privacy, pri'va-se, *n.* নির্জ্জনতা ; The state of being private :—নির্জ্জন স্থান ; নিভৃত স্থান ; A private place, retreat ; retirement :—গোপন ; Secrecy. *Syn* :—Solitude, seclusion, retreat ; secrecy, concealment.

Private, pri'vāt, *a.* [L. from *privus*, single] স্বকীয় ; নিজের ; নিজস্ব ; Peculiar to one's self :—নির্জ্জন, Secluded :—গুপ্ত ; গোপনীয় ; Secret :—সাধারণের অজ্ঞাত ; অপ্রকাশ্য ; Not public :—বে-সরকারী ; Not invested with public office :—*n.* সাধারণ সৈনিক ; A common soldier. *adv*=privately (গোপনে ; নির্জ্জনে)। *n*=privateness. *Syn* :—(*a*) Separate, retired, sequestered, solitary ; peculiar, personal ; privy, close, confidential. [publicly ; privately.

In private—অপ্রকাশে ; গোপনে, Not openly or

Private act or statute—অসাধারণ বিধি ; In law, one which operates on a particular person or class of persons.

Private apartments—অন্তঃপুর।

Private parts—গুহ্যদেশ।

Private-way, *n.* অপরের জমির উপর বাটবার অধিকার ; অন্য ব্যক্তির ভূমির উপর দিয়া চলাচল ও যাতায়াতের অধিকার ; Right of going over the land of another.

Woman's private property—স্ত্রীধন।

Privateer, pri-va-tēr, *n.* বিপক্ষের জাহাজ লুট করিবার জন্য রাজাদেশ প্রাপ্ত সশস্ত্র বে-সরকারী যুদ্ধজাহাজ ; An armed private vessel commissioned to seize and plunder an enemy's ships :—*v. i.* লুট করিবার জন্য উক্ত জাহাজে ভ্রমণ-কৃ ; To cruise in a privateer ; to fit out privateers.

Privation, pri-vā'shun, *n.* কষ্ট ; ক্লেশ ; Desti-

tution; hardship :—দীনতা; অভাব; Deprivation; absence. *Syn* :—Loss, bereavement; negation; want, need, indigence.

Privative, priva-tiv, *a.* অভাবসূচক; অভাবজনক; অভাববিশিষ্ট; Consisting in the absence of something :—*n.* যাহা অন্য কিছুর অসদ্ভাবের উপর নির্ভর করে; That which depends on the absence of something else :—অভাবসূচক উপসর্গ; হীনার্থক উপসর্গ; নঞর্থক; A prefix to a word which gives it a negative sense. *ad*=privately.

Privet, *n.* বৃক্ষ বিশেষ; An ornamental shrub.

Privilege, prive-lej, *n.* বিশেষ সুবিধা; বিশেষ অধিকার; বিশেষ ক্ষমতা; স্বত্ব; A peculiar advantage; a peculiar right; prerogative :—*v. t.* বিশেষ অধিকার প্রদান-কৃ; মুক্ত-কৃ; অব্যাহতি-দে; To grant a privilege; to exempt. *Syn* :—(*n*) Prerogative, advantage, favour, franchise, immunity, liberty.

Personal privileges—শারীরিক অধিকার।

Privileged, *a.* বিশেষ অধিকারপ্রাপ্ত; ক্ষমতাপ্রাপ্ত; Endowed with privileges.

Privileged communication—যে সংবাদ গ্রাহক অপর কাহারও নিকট প্রকাশ করিতে পারে না।

Privily, privi-li, *ad.* গোপনে; গুপ্তভাবে; Secretly; privately.

Privity, privi-ti, *n.* সম্মতিসূচক জ্ঞান, Joint knowledge; knowledge implying concurrence :—*pl.* অপ্রকাশ্য অংশসমূহ; Secret parts.

Privy, prive, *a.* গোপনীয়; গুপ্ত; গূঢ়; Secret; private :—গোপনে অভিজ্ঞ; বিদিত; জ্ঞাতসার; Secretly cognisant :—*n.* শৌচস্থান; পাইখানা; A place of retirement; a necessary house :—কার্য্যবিশেষে স্বার্থসংসৃষ্ট লোক; A person having an interest in any action. *Syn* :—(*a*) Not open, clandestine; private, personal, peculiar.

To be privy to—ভিতর ভিতর থাকা।

Privy-chamber—The king's private chamber.

Privy-council, privi-kowń-sil, *n.* রাজসভা; সচিব সভা; খাস আদালত; A private council of a sovereign to advise in the administration of government.

Privy-councillor, privi-kowńsil-or, *n.* রাজসভাসচিব; সচিব-সভার সভ্য; A member of the privy-council.

Privy-purse, privi-purs, *n.* রাজার স্বকীয় ধন, রাজার খাস তহবিল; The king's private purse.

Privy-seal or signet, privi-sēl or sig'net, *n.* রাজমুদ্রা; রাজার স্বকীয় মোহর, The seal used by or for the king in subordinate matters, or those which are not to pass the great seal.

Prize, priz, *n.* [F. *pris*, *pp.* of *prendre*, to take] পুরস্কার, পারিতোষিক; A reward; anything gained by competition :—লটারিখেলায় যে টাকা প্রাপ্ত হওয়া যায়; যুদ্ধিতে লব্ধদ্রব্য; Money drawn by a lottery ticket :—বলপূর্ব্বক গৃহীত দ্রব্য; Anything taken from an enemy in war :—যুদ্ধে গৃহীত জাহাজ; যুদ্ধে লব্ধ জাহাজ; A captured vessel :—*v. t.* অত্যন্ত আদর-কৃ; অত্যন্ত মূল্যবান জ্ঞান-কৃ; To estimate highly; to value highly :—মূল্য স্থির-কৃ; দর কেনা; To set a price on; to rate. *Syn* :—(*n*) Trophy, laurels, guerdon, reward; booty, spoil, plunder; capture. (*v*) Rate, appraise; appreciate, esteem, value, treasure.

A prize fight—বাজির দ্বন্দ্ব বা লড়াই।

Prize-agent—Agent appointed to receive for the captors the value of prizes condemned in the prize courts.

Prize-book, *n.* পারিতোষিকের পুস্তক; A book given as a reward of merit to the pupil of a school.

Prize-court, priz'-kōrt, *n.* যুদ্ধে ধৃত জাহাজ সম্বন্ধীয় বিচারালয়; A court having jurisdiction of all prizes made on the high seas; a court for deciding on ships or slaves captured.

Prize-fighter, prizfit-ėr, *n.* মল্ল যোদ্ধা; A black guard who fights publicly for money; a professed boxer who fights publicly for a prize. *n*=prize-fighting.

Prize-man—পারিতোষিক লাভকারী; যে ব্যক্তি পারিতোষিক প্রাপ্ত হইয়াছে; The winner of a prize.

Prize master *or* **office**—যে কর্ম্মচারীর অধীনে শত্রু হইতে বলপূর্ব্বক গৃহীত জাহাজ রাখা হয়; One put in command of a captured vessel.

Prize medal—পারিতোষিকের পদক।

Prize-money, priz'-muńi, *n.* লুণ্ঠিত দ্রব্যের মূল্য যাহা জলযোদ্ধাদিগকে বণ্টন করিয়া দেওয়া হয়; জয়লব্ধ ধন; বিজয়লব্ধ ধনের অংশ; A division of proceeds from a captured vessel &c, paid to the captors; a dividend of the money or proceeds from any prizes taken from an enemy.

Prize-ring—আকড়া; আখড়া; যে বেষ্টিত স্থানে দ্বন্দ্বযুদ্ধ হয়; The ring or enclosure for a prize fight usually spoken of, as the ring.

Pro, *pfx.* উপসর্গ বিশেষ :—*n.* পেশাদার ব্যক্তি; A professional :—*ad.* অনুকূলে; স্বপক্ষে; For.

Pro and con—স্বপক্ষে ও বিপক্ষে।

Provided that, *conj.* যদি ; এই সর্তে যে ; On condition, on the condition that ; upon these terms.

Providence, provi-dens, *n.* সময়োচিত আয়োজন ; Timely preparation :—মিতব্যয়িতা ; Frugality :—পরিণামদর্শিতা ; দূরদর্শিতা, Foresight :—বিধাতার পর্যবেক্ষণ ; ঈশ্বরের পরিণামদর্শিতা ও বিধান ; The foresight and care of God over all his creatures :—বিধাতা ; God.

Provident, provė-dent, *a.* পরিণামদর্শী ; Providing for the future ; prudent :—সতর্ক ; Careful ; cautious :—মিতব্যয়ী ; Economical. *Syn* :—Forecasting, cautious, discreet, considerate, prudent, frugal, thrifty.

Providential, prov-i-denshal, *a.* দৈবাধীন ;

দৈবকৃত ; ঐশ্বরিক ; Effected by, or proceeding from divine providence. *ad*=providentially.

Province, prov́ins, *n.* [L. *pro*, before, and *vincere*, to conquer] প্রদেশ ; রাজ্যের অংশ ; A portion of an empire :—অংশ ; A region :—কর্তব্য কর্ম ; কার্য্য ; Any business or duty :—জ্ঞান বিভাগ ; A department of knowledge :—ব্যবসায় ; One business or calling :—এলেকা ; অধিকার ; The proper sphere. *Syn* :—Department, section ; colony, dependency ; business, function, duty, part, post, charge.

Provincial, pro-vińshal, *a.* প্রাদেশিক ; প্রদেশীয় ; Relating to a province :—গ্রাম্য ; অসভ্য ; Rude, unpolished :—*n.* প্রদেশীয় লোক ; গ্রাম্য লোক ; An inhabitant of a province or country district. *ad*=provincially.

Provincialism, pro-vińshal-ism. *n.* ভাষার প্রাদেশিক বিভিন্নতা ; কথিত ভাষার বিশেষত্ব ; A mode of speech peculiar to a province or country district ; a peculiarity of dialect.

Provision, prō-vizhun, *n.* নিয়ম ; Stipulations ; conditions :—বন্দোবস্ত ; Preparation :—*pl.* খাদ্য সংগ্রহ ; সম্ভার , A store of food. *Syn* :—Preparation, arrangement ; food, supplies, victuals, stock, store, hoard, fund ; proviso, clause.

Provisional, pro-vishun-al, *a.* অল্পকালীন ; সাময়িক ; অস্থায়ি ; কিছুকালের জন্য ব্যবস্থিত ; Temporary ; conditional. *ad*=provisionable (আপাততঃ) ।

Provisional government—Temporary government during a revolution.

Provisional registration—Conditional registration of a company.

Provision-dealer, *n.* দোকানদার ; মুদি ; A grocer or shop-keeper who retails articles of food of daily use.

Proviso, pro-vi'zō, *n.* আয়োজন ; The act of providing :—সর্ত্ত ; নিয়ম ; করার ; Terms settled :—উপায় , Measures taken beforehand. *pl*=provisos.

Provisor, *n* সরবরাহকারক , One who provides.

Provisory, pro-vi'zor-i, *a.* নিয়মবদ্ধ ; Conditional :—সাময়িক ; ক্ষণস্থায়ী , Temporary.

Provocation, prov-ō-káshun, *n.* রাগের কারণ , ক্রোধোদ্দীপন , উত্তেজনা ; Act of provoking , that which provokes. *Syn* :—Incitement, stimulant , annoyance, grievance, vexation, insult.

Provocative, pro-vo'ka-tiv, *a.* উদ্দীপক , উত্তেজক ; Tending to provoke or excite :—*n.* উত্তেজক ; Any thing which provokes ; stimulant.

Provoke, pro-vōḱ, *v. t.* [L. *pro*, forth, and *vocare*, to call] কুপিত-কৃ ; To irritate ; to make angry :—উত্তেজিত-কৃ , উদ্দীপিত-কৃ ; To excite :—বিরক্ত-কৃ , To offend :—(সদর্পে) আহ্বান-কৃ ; To challenge. *ad*=*provokingly*. *Syn* :—Incite, stimulate, awake, exasperate, offend, incense, anger, vex.

Provoking, *a.* ক্রোধোদ্দীপক ; রোষোদ্দীপক , বিরক্তিকর ; Exciting anger.

Provost, prov́ust, *n.* কটলণ্ডের প্রধান শান্তিরক্ষক ; যাজক বিশেষ ; পরিদর্শক ; The head of a Scotch town, college, chapter or other body. *n*=provostship (প্রভষ্টের পদ) ।

Lord Provost—ম্যাজিষ্ট্রেটের উপাধি বিশেষ ; The style of the chief magistrates of Edinburgh &c.

Provost-marshal, *n.* সৈন্যদিগকে আদবকায়দা শিখাইবার ভারপ্রাপ্ত কর্মচারী ; শান্তিরক্ষক ; A military officer who preserves discipline :—বন্দিদিগের তত্ত্বাবধায়ক নৌ-কর্মচারী ; A naval officer who has charge of prisoners.

Prow, prow, *n.* জাহাজের অগ্রভাগ ; গোড়াগ্রভাগ ; The forepart of a ship.

Prowess, prow'es, *n.* [L. *probus*, good, excellent] পরাক্রম ; বিক্রম , বীর্য্য ; পৌরুষ ; সাহস ; Bravery, especially in valour. *Syn* :—Intrepidity, heroism, courage, gallantry.

Prowl, prowl, *v. i* শিকার বা লুণ্ঠনের অন্বেষণার্থ ভ্রমণ-কৃ ; To rove in search of prey or plunder.

Proximate, prokśe-māt, *a.* [L. *proximatus*, *pp.* of *proximare*, to come near] অব্যবহিত ; সন্নিহিত ; আসন্ন ; Next , immediately preceding or following ; near ; immediate , direct. *ad*=proximately (প্রায় ; নিকট নিকট) । *Syn* :—Nearest, closest.

Proximate cause—সমীপগত কারণ , That which immediately preceds and produces the effect ; opposed to *remote* or *mediate*.

Proximity, proks-imit-i, *n.* নৈকট্য ; সান্নিধ্য ; Immediate nearness.

Proximo, proksi'-mo, *n.* পরবর্ত্তী মাসান্তর্গত ; In the next (month).

Proxy, prokśe, *n.* প্রতিনিধি ; প্রতিনিধিত্ব ; One who acts for another. *Syn* :—Agent, substitute, representative, deputy.

Prude, prōōd, *n* কৃত্রিম লজ্জাশীলা রমণী ; A woman of affected modesty.

Prudence, pròò'dens, *n.* পরিণামদর্শিতা , বিজ্ঞতা ; Wisdom applied to practice , caution. *Syn* :—Providence, considerateness, judiciousness, discretion, circumspection, judgment.

Prudent, pròò'dent, *a.* বিবেক , প্রাজ্ঞ ; পরিণামদর্শী ; সাবধান ; বিবেচক ; Discreet , circumspect :—মিতব্যয়ী ; Frugal. *Syn* :—Cautious, wary, considerate, judicious provident ; careful, frugal.

Prudential, prōō-dcńshal, *a.* পরিণামদর্শী ; স্বার্থিক ; Proceeding from or ditcated by prudence. *ad*=prudentially (বিবেচনাপূর্ব্বক) ।

Prudery, prōōdér-i, *n.* কৃত্রিম লজ্জাশীলতা ; Manners of a prude , affected modesty.

Prudish, prōōd'ish, *a.* কৃত্রিম লজ্জাশীল ; Affectedly *modest or reserved*. *ad*=*prudishly*.

Prune, prōōn, *n.* শুষ্ক ফল ; কুল ; A dried plum.

Prune, pròòn, *v. t.* ছাঁটা ; অতিরিক্ত ভাগ ত্যাগ-কৃ ; To cut off superfluous branch ; to trim , to lop :—*v. i.* ভূষিত-কৃ ; To dress. *n*=pruner. *Syn* :—Clip, dock, trim.

Prunella, Prunello, *n.* এক প্রকার পশমী কাপড় ; A smooth woollen stuff.

Prurience, Pruriency, *n.* দারুণ ঔৎসুক্য বা লোলুপত্ব , The state of being prurient.

Prurient, pròò're-ent, *a* [L *pruriens*, *ppr.* of *prurire*, to itch] লোলুপ , কামাতুর ; Itching ; uneasy with desire. *n*=prurience. pruriency. *Syn* :—Longing, hankering, lustful, libidinous.

Pry, pri, *v. i.* উঁকি মারা , To peep narrowly or officiously , to look into closely ; peer :—সন্ধানেষণ-কৃ ; To try to discover with curiosity ; search. *ad*=pryingly.

Pry into another's secrets—পরাধিকার চর্চা-

কৃ, অজ্ঞের তত্ত্ব বিষয়ে অনুসন্ধান করা (অনধিকার চর্চা বুঝায়), Attempt to discover that which is inaccessible (officiously, curiously) [sacred song
Psalm, sam, *n* স্তোত্র, ধর্ম্মসঙ্গীত, A hymn or
The Psalms—খৃষ্টীয় ধর্ম্মপুরাণের গ্রন্থ বিশেষ, One of the books of the old Testament.
Psalmist, sämist, *n.* ধর্ম্মগীত-লেখক, স্তোত্র-রচয়িতা, Writer of the Psalms.
Psalmodic, Psalmodical, *a.* স্তুতিগান সম্বন্ধীয়, Pertaining to psalmody.
Psalmodist, sälmod-ist, *n.* সঙ্কীর্ত্তনকারী, স্তুতিগায়ক, A singer of psalms
Psalmody, sämo-di, *n* স্তুতিগান, ভজন, সঙ্কীর্ত্তন, The practice of singing psalms [book
Psalter, sawlter, *n* স্তবমালা, জপমালা, Psalm
Psaltery, sawlter-i, *n* বাদ্যযন্ত্র বিশেষ, A stringed instrument of the Jews
Pseudo, *a* মিথ্যা False
Pseudonym, sū'do nim, *n* কৃত্রিম নাম, অপ্রকৃত নাম, A fictitious name assumed as by an author [fictitious name
Pseudonymous, *a* অপ্রকৃত নামধারী Bearing a
Pshaw, shaw, *int* ছি, ইস্, ধিক, An exclamation of contempt or dislike
Psychical, sik-ik-al *a.* আত্মা সম্বন্ধীয়, জীবাত্মা সম্বন্ধীয়, Pertaining to the soul
Psychologic, Psychological, *a* মনস্তত্ত্ব সম্বন্ধীয় Pertaining to psychology *ad* psychologically
Psychologist, si-kolo-jist, *n.* মনোবিজ্ঞানবিৎ মনস্তত্ত্ববিৎ পণ্ডিত One who studies Psychology.
Psychology, sikolo-ji *n* মনস্তত্ত্ব, মনোবিজ্ঞান The science of the mind and its faculties *a*=psychologic psychological
Ptarmigan, *n* পক্ষি বিশেষ, A species of bird
Puberty, pū-ber-ti *n* যৌবনারম্ভ পূর্ণবয়ঃক্রম, Ripe age of men and women the age of full development [arrived at puberty
Pubescence, *n* যৌবনাবস্থা, The state of one
Pubescent, *a* প্রাপ্তযৌবন Arriving at puberty
Public, publik, *a* [L *publicus* from *populus* people] প্রকাশিত অগুপ্ত Not private or secret —সর্ব্বসাধারণ, সাধারণ Common to all —সর্ব্বজনবিদিত, Generally known —*n.* জনসাধারণ প্রজা The people at large subjects —মানবজাতি, The general body of mankind *ad* publicly *Syn* —General common open.
For the public good—সাধারণের হিতের জন্য।
In public—সর্ব্বসমক্ষে, জনসাধারণ সম্মুখে, Before the public at large —প্রকাশ্যে, In open view, not in secret
Regard for public opinion—লোকলজ্জা।
Public affairs—রাজকার্য্য।
Publican, pub lik-an, *n.* করসংগ্রহকারী, কর সংগ্রাহক, A tax-collector —সরাই রক্ষক, হোটেলরক্ষক, The keeper of a public-house —শৌণ্ডিক, One licensed to retail wine, beer &c.
Publication, pub-lik-ā-shun, *n* প্রকাশ, প্রচার, The act of publishing —প্রকাশিত গ্রন্থাদি, প্রচারিত পুস্তকাদি, A book or pamphlet published.—ঘোষণা, A proclamation
Public-benefit সাধারণের উপকার।
Public-credit—The reputation of or general confidence in the ability or readiness of a government to fulfil its pecuniary engagements.
Public-education—লোকশিক্ষা।
Public-house, publik-hows, *n.* শৌণ্ডিকালয়, Ale-house —অবারিত গৃহ, সাধারণের পান ভোজনালয়, বা আমোদের স্থান, A house open to the public, a house of public entertainment.
Publicist, publi-sist, *n* বিধি-ব্যবস্থা লেখক, সংবাদপত্রের লেখক, Writer on the public law, nature and nations.
Publicity, pub lisi-ti, *n* প্রকাশ্য; সর্ব্বজনজ্ঞানগোচর, The state of being public, or open to the knowledge of all —প্রসিদ্ধি, অখ্যাতি, Notoriety [প্রচার করিয়া দেওয়া।
To give publicity to—কোনও কিছু সাধারণে
Public opinion—সাধারণ মত, The prevailing belief or feeling
Public road—সরকারী রাস্তা।
Public sale—প্রকাশ্য বিক্রয়।
Public-spirited, publik-spir'it-ed, *a* লোকহিতব্রত সর্ব্বহিতৈষী Dictated by a regard to the public good *ad*=public-spiritedly *n* public spiritedness
Public works—সরকারী পূর্ত্তকার্য্য, Works constructed by engineer for the public and at the public cost.
Publish, publish, *v. t* প্রকাশ কৃ, প্রকাশিত-কৃ To make public to disclose to reveal —প্রচারিত কৃ প্রচার কৃ To put into circulation —ছাপাইয়া বাহির কৃ, প্রকাশ কৃ মুদ্রিত করিয়া বিক্রয়ার্থ সমুপস্থিত কৃ, To print and offer for sale —সাধারণ সমক্ষে প্রেরণ-কৃ To send forth to the public —ঘোষণা করা, To proclaim *Syn* Announce proclaim promulgate divulge, advertise declare issue
Publisher, pub lish er, *n* পুস্তক প্রকাশক, One who publishes books —প্রকাশক, প্রচারক, One who proclaims
Puce, pūs *a* আপাটল-নীল লোহিত বর্ণ, পাটখিলা, Brownish purple, of a dark brown colour
Puck, puk *n* ভূত প্রেত, অনিষ্টকারী প্রেতাত্মা A goblin or mischievous spirit —বিখ্যাত পরী, A celebrated fairy
Pucker, puker, *v. t* ভাঁজ কৃ, কুঞ্চিত কৃ, চুনট কৃ, কোঁচান To gather in fold to rumple, to wrinkle —*n* ভাঁজ চুনট A fold or wrinkle
Pudding, pooding, *n* মিষ্টান্ন বিশেষ খাদ্য বিশেষ, A soft kind of food of flour milk eggs &c
Pudding faced, *a* Having a face which from its roundness smoothness, and fatness, is suggestive of a pudding
Pudding headed, *a* মূর্খ Stupid
Pudding-sleeve, *n.* The full sleeve of a clerical gown
Pudding-time, *n* আহারের সময় Time of dinner —ঠিক সময়, Very nick of time
Puddle, pudl, *n* কর্দ্দমময় জলপূর্ণ ক্ষুদ্র জলাশয়, খানা, ডোবা, A small pool of muddy water —কর্দ্দম এবং বালির মিশ্র, A mixture of clay and sand —*v t* ঘোলা-কৃ, কর্দ্দমময় কৃ, To make foul or muddy —*v i* আলোড়ন করিয়া পঙ্কিল কৃ, কর্দ্দমাক্ত-কৃ, To make a dirty stir, to befoul.

Puddler, *n.* যে ঢালাই লোহাকে পেটাই লোহাতে পরিণত করে ; One who turns cast-iron into wrought-iron by puddling.

Puddling, *n.* ঢালাই লোহাকে পেটা লোহায় পরিণত করিবার প্রক্রিয়া ; The process of converting cast into bar or wrought iron.

Pudenda, *n. pl.* The external organs of generation.

Puerile, pū'er-il, *a.* [L. *puerillis*, from *puer*, a boy] বাল্যোচিত ; বালসুলভ ; Childish ; boyish :—চঞ্চল , Silly :—অকিঞ্চিৎকর ; তুচ্ছ ; Trifling. *ad*=puerilely. *Syn* :—Youthful, juvenile, weak, trifling, futile.

Puerility, pū-ėr-ili-ti, *n.* বালকত্ব ; ছেব্লামি ; Childishness.

Puerperal, pū-ėr'pėr-al, *a.* [L. puer, a child, and *pario*, to bear] প্রসব সম্বন্ধীয় ; Relating to child-birth.

Puerperal fever—সূতিকা জ্বর ; ঠুন্‌কো জ্বর।

Puff, *n.* আকস্মিক শ্বাস ; ফুৎকার ; A sudden, forcible breath :—দমকা বাতাস ; আকস্মিক বায়ুপ্রবাহ ; A sudden blast of wind, a gust or whiff :—অতিরিক্ত প্রশংসা , An exaggerated expression of praise or commendation :—*v. t.* ফুৎকার-দে ; বাতাস দিয়া সঞ্চালিত-কৃ ; To drive with a puff, or blast of wind :—বায়ু দ্বারা স্ফীত-কৃ ; To swell with a wind :—অতিরিক্ত প্রশংসা-কৃ , To praise extravagantly or in exaggerated terms :—*v. i.* বায়ুতে স্ফীত হ ; To blow in puffs or whiffs , swell with air :—বায়ু দ্বারা পূর্ণ-কৃ , To fill with air :—ব্যস্ত হইয়া বেড়ান ; To bustle about :—অবজ্ঞার ভাবে ফুঁ দেওয়া , To blow in contempt.

Puff away—ফুৎকার দিয়া উড়াইয়া-দে ; Blow away.

Puff out—নির্ব্বাণ-কৃ ; Blow out.

Puff up—স্ফীত-হ , Swell up ; swell with vanity.

The puff-adder—তিন হাত দীর্ঘ এক প্রকার মোটা সাপ।

Puffery, puf'er-i, *n.* অতিরিক্ত প্রশংসা ; Puffing or extravagant praise.

Puffin, *n.* সামুদ্রিক পক্ষি বিশেষ , A water-fowl.

Puffy, puf'i, *a.* স্ফীত ; Puffed out with air ; swelled with air :—দীর্ঘ শব্দযুক্ত ; শব্দাড়ম্বরপূর্ণ ; উচ্চধ্বনিত , Bombastic ; tumid.

Pug, pug, *n* বানর , A monkey :—কুকুর বিশেষ ; A small kind of dog like a monkey :—অতি ক্ষুদ্র জাতীয় জন্তু ; Any small animal (in familiarity or contempt). [*a*=pug-faced (বাঁদরমুখো) ।

Pug-face, *n.* বানরবৎ মুখ ; A monkey-like face.

Pugh, pōō, *int.* ছিঃ ; ছ্যাঃ ; ইস্ ; তাইত ; An expression of contempt or disdain.

Pugilism, pū'jil-izm, *n.* [L. *pugil*, a boxer] ঘুসাঘুসি করিবার কৌশল ; মুষ্টিযুদ্ধ , The art of boxing or fighting with the fists. *a*=pugilistic.

Pugilist, pū'jil-ist, *n.* মুষ্টিযোদ্ধা ; One who fights with his fists.

Pug-mill—কর্দ্দমসংস্কার যন্ত্র ; এক প্রকার ঘানি কল।

Pugnacious, pug-nāshe-us, *a:* [L. *pugnax*, from *pugnare*, to fight] বিবাদপ্রিয় ; কলহাপ্রয় ; ঝগড়াটিয়া ; Combative ; quarrelsome ; disposed to fight ; contentious. *ad*=pugnaciously. *n*=pugnacity (কলহপ্রিয়তা ; বিবাদপ্রিয়তা ; যুযুৎসা)।

Pug-nosed, *a.* খাঁদা ; Having a nose like a monkey's.

Puisne, pū'ni, *a.* পদে নিম্ন ; Inferior in rank :—সামান্য ; ক্ষুদ্র ; Petty , small.

Puisne judge or baron—অপ্রধান বিচারপতি ; Judge under a chief justice.

Puissant, pū'is-ant, *a.* [L. *potens*, from *posse*, to be able] শক্তিমান ; বলবান ; পরাক্রান্ত ; Strong ; powerful. *n*=puissance (শক্তি ; পরাক্রম)। *ad*=puissantly. *Syn* :—Mighty, forcible, potent.

Puke, pūk, *v. i.* উদ্গিরণ-কৃ ; বমন-কৃ ; To spew ; to vomit.

Pule, pūl, *v. i.* কুক্কুটশাবকের ন্যায় চীৎকার-কৃ ; কিচ্‌কিচ্ শব্দ-কৃ ; To cry like a chicken :—বালকবৎ রোদন-কৃ ; শিশুর ন্যায় ঘ্যান ঘ্যান-কৃ ; To cry whimper or whine like a child. *n*=puler.

Pull, pōōl, *v. t.* আকর্ষণ-কৃ ; বলপূর্ব্বক টানা ; To draw :—উৎপাটন-কৃ ; বিচ্ছিন্ন-কৃ ; ছিন্ন-কৃ ; ছেঁড়া ; To pluck ; to tear :—*v. i.* টানা , টান দেওয়া ; আকর্ষণ-কৃ ; To give a pull ; to draw :—*n.* টান ; আকর্ষণ ; The act of pulling :—হুড়াহুড়ি , বিবাদ ; A struggle or contest :—উদ্যম ; Effort. *n*=puller (আকর্ষক)। *Syn* :—(*v*) Drag ; haul, tug ; gather ; tear, rend.

A long pull, A strong pull, A pull altogether—A steady, energetic, and systematic co-operation.

Pull against—বিবাদ-কৃ ; Contend with.

Pull a lag face—হাঁ করিয়া পড়া।

Pull a thing off—কোনও কর্ম্ম সম্পাদনে সফল হওয়া।

Pull down—ভাঙ্গিয়া ফেলা ; Demolish :—ধ্বংস-কৃ ; Subvert :—নামান ; পদভ্রষ্ট-কৃ , Bring down ; dethrone.

Pull forth—বাহির-কৃ , Extract.

Pull in—ভিতরে টানা , টেনে রাখা ; Draw in ; be *more careful about one's expenses.*

Pull off—ছিঁড়িয়া ফেলা ; বিচ্ছিন্ন-কৃ ; Tear away.

Pull on—টানিয়া পরা।

Pull oneself together—আবার প্রকৃতিস্থ-হ।

Pull one through—কাহাকেও কোনও হাঙ্গামা হইতে উদ্ধার-কৃ।

Pull out—টানিয়া বাহির-কৃ ; Draw out ; extract.

Pull the strings, Pull the wires—গোপনে কার্য্য-কৃ ; ভিতরে থাকিয়া কলকাঠি নাড়া ; To operate by secrets means ; intrigue , be or act as the leader though hidden.

Pull through—অতি কষ্টে উদ্ধার হওয়া ; Escape from (with great difficulty).

Pull together—মিলিয়া মিশিয়া কাজ-কৃ ; Act in concert.

Pull to pieces—ছিঁড়া ; ফাড়া ; Tear :—ধ্বংস-কৃ ; Destroy.

Pull up—উৎপাটন-কৃ , নির্ম্মূল-কৃ ; উপাড়িয়া ফেলা ; Tear up by the roots :—(থামাইবার জন্য) ঘোড়ার লাগাম টানা ; To draw the reins of (a horse) :—থামান , Stop.

Pull well with—কাহার সহিত ভাল বনাবনি হওয়া ; Act in harmony with one.

Pullet poolet, *n.* ছানা কুক্কুটী , মুরগীর ছানা ; A young hen.

Pulley, pooli, *n.* কপি কল ; Graved wheel moveable about an axis. *pl*=pulleys.

Pulmonary, pulmon-ar-i, *a.* [L. *pulmo*, *pulmonis*, a lung] ফুসফুস সম্বন্ধীয় , বায়ুকোষ সংক্রান্ত ; Pertaining to or affecting the lungs.

Pulmonic, pul-monik, *a.* ফুস্‌ফুস্ সম্বন্ধীয় ; ফুস্‌ফুস্ সংক্রান্ত ; Pertaining to or affecting the lungs :—*n.* ফুস্ ফুস্ পীড়ার ঔষধ , A medicine for

disease of the lungs :—ফুস্‌ ফুস্‌ পীড়াক্রান্ত ব্যক্তি ; One affected by disease of the lungs,

Pulp, pulp, *n.* শাঁস ; মজ্জা ; The fleshy part of bodies ; marrow :—বৃক্ষাদির কোমল অংশ ; The soft part of plants or fruits :—কোমলপিণ্ড ; A soft mass :—*v. i.* শাঁসে পরিণত-কৃ ; To reduce to pulp :—শাঁসশূন্য-কৃ ; শাঁস বহির্গত-কৃ ; To deprive of pulp ; to separate the pulp.

Pulpit, pool'pit, *n.* ধর্মপ্রচারকের জন্য উচ্চ আসন ; কথকের জন্য উচ্চ বেদী , Raised stand for preaching ; a platform for speaking from ; rostrum : —*a.* কথকের উচ্চাসন সম্বন্ধীয় ; Belonging to the pulpit.

Mount the pulpit—Go up the raised desk for preachers.

The pulpit—যাজকসমূহ ।

Pulpiteer, *n.* প্রচারক ; Preacher.

Pulpit-trumper—ধর্মপ্রচারক , Violent preacher.

Pulpous, pulp'us, *a.* শাঁসপূর্ণ , শাঁসাল , শস্যময় ; নরম ; Consisting of or resembling pulp ; soft. *n* = pulpousness.

Pulpy, pulp'i, *a.* কোমল , নরম ; Like pulp ; soft :— মাংসল ; Fleshy. *n* = pulpiness.

Pulsate, pulsāt, *v. i* [L. *pulsare, pulsatum,* to beat] ধক্‌ ধক্‌-কৃ ; স্পন্দন-কৃ , To throb ; to beat, as the heart ; palpitate.

Pulsatile, pulsat-il, *a.* আঘাত দ্বারা বাদিত ; Played by beating, like a drum :—স্পন্দন দ্বারা ক্রিয়াশীল ; Acting by pulsation.

Pulsatilla, *n.* পুষ্প বিশেষ , ঔষধ বিশেষ ।

Pulsation, pul-sāshun, *n.* স্পন্দন , নাড়ীর গতি ; ধুক্‌ ধুকুনি ; A beating or throbbing ; a motion of the pulse , a vibration.

Pulsative, pulsa-tiv, **Pulsatory,** pulsa-tor-i, *a.* কম্পমান , স্পন্দনশীল , Beating , throbbing.

Pulse, puls, *n.* নাড়ী স্পন্দন , হৃৎপিণ্ড স্পন্দন , নাড়ী , ধমনির গতি ; The throbbing of the heart and the arteries :—স্পন্দন ; কম্পন , A beating ; a throb : —মটর শিম ইত্যাদি ; Grain or seed of pea, &c.

Feel one's pulse—নাড়ী দেখা ; Feel with the hand the beating in one's pulse —কাহারও মন বুঝিয়া দেখা ; Sound one's opinion or mind.

Pulseless, puls'les, *a.* নাড়ীহীন , স্পন্দহীন , Having no pulsation , without pulse.

Pulverable, Pulverisable, *a.* [L. *pulvis, pulveris,* powder] সূক্ষ্মচূর্ণে পরিণমনীয় ; Such as may be pulverised or reduced to fine powder.

Pulverise, pulvėr-iz, *v. t.* চূর্ণ-কৃ , গুঁড়া-কৃ , কাঁকি-কৃ , Reduce to dust. *n*=pulverisation.

Pulvorous, *a.* ধূলিপূর্ণ ; ধূলিসদৃশ ; Consisting of, or like dust.

Puma, pū'ma, *n* হিংস্র জন্তু বিশেষ , A carnivorous mammal ; the American lion.

Pumice, pū'mis, *n.* আগ্নেয়গিরির কঠিন লঘু প্রস্তর বিশেষ , Hard stone, light enough to float on water. *a* = pumiceous.

Pummel—Same as pommel.

Pump, pump, *n.* জল তুলিবার কল ; দমকল ; বোমা ; A machine for raising water and other fluids :—নৃত্যকালে ব্যবহৃত জুতা , A shoe with a thin sole used in dancing :—*v. t.* দমকল করিয়া জল তুলা , দমকলে উত্তোলন-কৃ ; To raise with a pump : —কৌশলে করিয়া কোন সংবাদ বাহির-কৃ ; প্রশ্নাদি দ্বারা কৌশলে টানিয়া বাহির-কৃ ; To draw out information by artful questions.

Pumpkin, pump'kin, **Pumpion,** pump'yun, *n.* লাউ ; কদু ; অলাবু ; A well-known plant and its fruit.

Pun, pun, *n.* দ্ব্যর্থ বাক্য ; শ্লেষ ; অভেদরূপে উচ্চারিত ভিন্নার্থ বোধক শব্দ , A play upon words similar in sound but different in meaning ; quibble :—*v. t.* দ্ব্যর্থ বাক্য ব্যবহার-কৃ ; অভেদরূপে উচ্চারিত ভিন্নার্থ বোধক শব্দ প্রয়োগ-কৃ ; To make puns ; to quibble ; to play upon words similar in sound but different in meaniug.

Punch, punsh, *n.* আঘাত ; ধাক্কা ; A blow, a stroke, a thrust ; a push :—মদ্য ; পানীয় ; শরবৎ বিশেষ ; A drink ; a beverage of fine ingredients (spirit, water, sugar, lemon-juice, spice) :—পুতুলের বাজার ; সং , ভাঁড় ; Buffoon of a puppet show :—ছিদ্র করিবার যন্ত্র ; বেধনী ; A tool for making holes :—মুদ্রাঙ্কিত করিবার ছেনী ; A tool for stamping :—*v t* ছিদ্র-কৃ , বিদ্ধ-কৃ , ছেনী দ্বারা ছিদ্র করা বা ছাপা ; To pierce with something sharp ; to perforate with a steel tool :—(মস্তকে) ঘা দেওয়া ; ধাক্কা দেওয়া , To strike or hit, especially on the hand , to poke.

Puncheon, punshun, *n.* [L. *pungo,* to prick] ছিদ্র করিবার যন্ত্র ; লৌহসূচী , বেধন যন্ত্র , A steel tool for perforating metal plates :—বড় পিপা ; A large cask, a liquid measure of 84 gallons.

Punchinello, Punch, *n.* ভাঁড় , A baffoon.

Punctate, Punctated, *a.* সূচীমুখ , ছুঁচাল , সচ্ছিদ্র ; Pointed ; punctured.

Punctilio, pungk-tilyo, *n.* শিষ্টাচার ; Nicety , a nice point in behaviour , exactness of forms.

Punctilious, pungk-tile-us, *a.* [L. *punctum,* a point] নিষ্ঠ , ব্যবহার বিশেষে নিয়মানুবর্তী , Very exact in behaviour , very nice in ceremony , exact or punctual to excess. *n* = punctiliousness. *ad* = punctiliously. *Syn* :—Scrupulous, particular, formal, precise, nice, ceremonious.

Punctual, pungktū al, *a* [L. *punctum,* a point] সময় নিষ্ঠ , Exact in keeping time and appointments :—ঠিক , যথাযথ ; Accurate , minutely correct. *ad* = punctually (যথা সময়ে) ; *Syn* :—Exact, precise, strict, accurate , prompt.

Punctualist, *n.* যথারীতিশিষ্টাচার বা নিয়মপালক লোক , A punctilious person.

Punctuality, pungk-tuali-ti, *n.* সময়-নিষ্ঠা , তৎপরতা ; The keeping of the exact time of an appointment.

Punctuate, pungktū-āt, *v. t* বিরাম চিহ্ন দ্বারা চিহ্নিত কৃ , বিরামার্থ চিহ্নিত-কৃ , To point , to mark with points.

Punctuation, pungk-tū-āshun, *n.* বিরাম চিহ্ন নিবেশ , বিরাম চিহ্ন সন্নিবেশ , The act or art of dividing sentences by points or marks.

Puncture, pungktūr, *n.* ক্ষুদ্র ছিদ্র ; Small point ; pricking :—*v. t.* ছিদ্র-কৃ ; বিদ্ধ-কৃ ; ভেদ-কৃ , To prick ; to pierce with a sharp pointed instrument. *Syn* :—(*v*) Perforate, penetrate.

Pundit, *n.* পণ্ডিত ; A learned man.

Pungent, punjent, *a.* [L. *pungere,* to prick] উগ্র , কটু , ঝাল , Acrid to taste or smell :—

তীব্র ; তীক্ষ্ণ ; Keen ; acute :—বিদ্রূপাত্মক ; ব্যঙ্গকর ; Keen ; sarcastic. *n*=pungency (উগ্রতা ; কটুতা ; Heat :—তীব্রতা ; Keenness). *ad*=pungently. (তীব্রভাবে)। *Syn* :—Pricking, piercing, sharp, penetrating, acrid, biting, stinging, stimulating, acute, poignant, distressing, severe.

Punic, *a.* কার্থেজবাসী সম্বন্ধীয় ; Pertaining to the Carthaginioans :—বিশ্বাসঘাতক ; প্রতারক ; Faithless ; deceitful.

Punic faith—বিশ্বাসঘাতকতা ; Treachery.

Punic wars—কার্থেজবাসীদিগের সহিত রোমানদিগের যে তিনবার যুদ্ধ হয়।

Punish, puńish, *v. t.* [L. *punire,* from *poena,* punishment] শাস্তি-দে ; সাজা-দে ; দণ্ড-দে ; To chastise. *n*=punisher. *Syn* :—Castigate, scourge, whip, lash, correct, discipline, chasten.

Punishable, puńish-a-bl, *a.* দণ্ডনীয় ; That may be punished.

Punishment, puńish-ment, *n.* দণ্ড ; শাস্তি ; Loss or pain as the reward of crime. *Syn* :—Chastisement, correction, chastening, discipline, penalty.

Punitive, *a.* দণ্ডবিধায়ক ; শাস্তিসম্বন্ধীয়।

Punkah, *n.* টানাপাখা ; A large moveable fan.

Punster, puńster, *n* দ্ব্যর্থবাক্য ব্যবহার করণে কুশল ব্যক্তি ; বিভিন্নার্থে পদপ্রয়োগ কুশল ব্যক্তি ; One who is skilled in punning.

Punt, punt, *n.* নৌকার সেতু ; A bridge of boats :—প্রশস্ত তলাবিশিষ্ট নৌকা ; খেয়ার নৌকা ; সাল্‌ তি ; A flat-bottomed boat :—*v.* লগী মারিয়া বাহির-কৃ, To propel, as a boat, by pushing with a pole against the bottom of a river.

Puny, pūńe, *a.* ক্ষুদ্র ; ছোট ; Small :—দুর্বল ; হীনবল ; Weak ; feeble. *Syn* :—Inferior, petty ; pigmy, dwarfish, tiny, diminutive, undersized.

Pup, pup, *n* কুক্কুর-শাবক, Dog's whelp ; puppy :—*v. i.* কুক্কুর-শাবক প্রসব-কৃ ; To bring forth puppies, as a bitch.

Pupa, pū'pa, **Pupe,** pūp, *n.* গুটিকা ; পতঙ্গগুটি, Chrysalis. *pl*=pupae, pupes.

Pupil, pū'pil, *n.* [L. *pupus,* boy, *pupa,* girl] শিষ্য ; ছাত্র ; A scholar ; a disciple :—কনীনিকা ; চক্ষুর তারা ; The apple of the eye :—নাবালক, Ward. *Syn* :—Learner, tyro, student.

Pupilage, pū'pil-āj, *n.* শিষ্যত্ব ; ছাত্রত্ব ; শিশুত্ব, The state of being a pupil ; boyhood. *Syn* :—Minority, nonage, girlhood ; wardship.

Pupillary, Pupilary, *a.* শিষ্য বা কনীনিকা সংক্রান্ত, Pertaining to a pupil.

Puppet, pup'et, *n.* তারে চালিত পুত্তলিকা ; পুতুল, A little doll moved by wires in a show :—সাক্ষীগোপাল ; One entirely under the control of another.

A puppet in the hands of—সাক্ষীগোপাল, ক্রীড়াপুত্তলিকা ; A weak man completely under the guidance or control of (another).

Puppet-show, Puppet-play, *n.* পুতুলোবাজি ; পুতুল নাচ ; A mock drama performed by puppets.

Puppy, pup'i, *n.* কুক্কুর-শাবক ; A whelf :—অহঙ্কৃত যুবক ; দাম্ভিক লোক ; Young dandy ; a mean-conceited man.

Puppyism, *n.* অত্যন্ত আত্মশ্লাঘা ; অহমিকা ; আত্মম্ভরিক নীচতা বা অহঙ্কার ; Entreme meanness or conceit.

Pur, Purr, pur, *v. t.* (বিড়ালের ন্যায়) ঘড় ঘড় শব্দ-কৃ ; মিউ মিউ-কৃ ; To utter a murmuring sound as a cat :—*n.* বিড়ালের শব্দ বা ডাক ; ঘড় ঘড় শব্দ ; The low murmuring sound of a cat.

Purblind, pur'blind, *a.* ক্ষীণদৃষ্টি ; অস্পষ্টদৃষ্টি ; মন্দদৃষ্টি ; Near-sighted ; dim-sighted. *n*=purblindness.

Purchasable, pur-chase-a-bl, *a.* ক্রয়যোগ্য ; ক্রেয় ; That may be purchased ; capable of being purchased.

Purchase, pur'chās, *v. t.* [F. *pourchasser,* to seek eagerly] ক্রয়-কৃ ; কেনা ; খরিদ-কৃ ; Buy ; to bargain for :—অর্জন-কৃ ; সংগ্রহ কৃ ; To acquire :—*n.* ক্রয় ; খরিদ ; Buying :—ক্রীত দ্রব্য ; ক্রীত সম্পত্তি ; What is bought. *a*=purchaser (ক্রেতা)। *Syn* :—Acquire, procure. [দরে।

At ten years' purchase—বার্ষিক আয়ের দশগুণ

Not to the worth a day's purchase—আসন্ন বিপদগ্রস্ত-হ। [out in purchase, cost.

Purchase-money, *n.* মূল্য ; পণ ; Money iaid

Pure, pūr, *a.* অমিশ্রিত ; অবিমিশ্র ; Unmixed, unalloyed, unsoiled :—বিশুদ্ধ, শুদ্ধ ; Clear, clean :—সাধুসিদ্ধ, সচ্চরিত্র ; পবিত্র ; Spotless ; chaste :—কেবল ; Mere :—খাঁটি ; Real. *n*=pureness (নির্মলতা ; পবিত্রতা ; শুদ্ধতা) ; *ad*=purely (নির্মলভাবে)। *Syn* :—Genuine, unadulterated, real ; unsullied, unstained, immaculate, undefiled, fair ; true, virtuous, honest, innocent, guileless ; modest ; sheer, absolute.

Pure and simple—চাঁকা ; খাঁটি, Unadulterated ; unmixed ; real :—Without any qualification ; unconditionally.

Purgation, pur-gāshun, *n.* বিশোধন ; বিরেচন ; দোষক্ষালন, Purging ; the clearing from imputation of guilt.

Purgative, pur-ga-tiv, *a.* রেচক ; ভেদক ; বিরেচক ; Having the power of evacuating the intestines ; cathartic :—*n.* বিরেচনা ; বিরেচক ঔষধ ; A medicine that evacuates the intestiness ; a cathartic. [to purgatory.

Purgatorial, *a.* প্রেতলোক সম্বন্ধীয় ; Pertaining

Purgatory, pur'ga-tor-i, *n.* মৃত্যুর পরে যে স্থানে মানবাত্মা পবিত্রীকৃত হয় ; যম লোক ; প্রেত লোক ; মৃত্যুর পর পাপীর পাপক্ষালনের স্থান ; A place or state in which souls are purified after death ; hell. *a*=purgatorial.

Purge, purj, *v. t.* [L. *purus,* pure, and *ago,* to do or make] অশুদ্ধি-কৃ ; মলাদি অপসারিত-কৃ ; To evacuate, as the bowels :—পাপ হইতে মুক্ত-কৃ ; To clear from guilt :—পরিষ্কার-কৃ ; To purify :—দ্রব্য পরিষ্কার-কৃ, To clarify, as liquors :—*v. i.* নির্মল-কৃ ; বিশোধিত-কৃ, To become pure by clarifying :—বাহ্যে-যা ; মলত্যাগ-কৃ ; To have frequent evacuations. *Syn* :—Cleanse, clear, clean.

Purging, purjing, *n.* বিরেচনা ; বিশোধন ; রেচন ; Act of cleansing or clearing :—অতিসার ; উদরাময় ; ভেদ ; পেট-নামানি ; Diarrhœa, looseness of bowels. [করণ ; The act of purifying.

Purification, pū'ri-fi-kāshun, *n.* শোধন ; পরি-

Purificator, *n.* বিশোধক ; A purifier.

Purificatory, pūr-if'i-ka-tor-i, *a.* পবিত্রকারী, বিশোধনশীল ; Tending to purify or cleanse

Purify, pūr'e-fi, *v. t.* [L. *purus*, pure, and *facere*, to make] পবিত্র-কৃ ; অপবিত্রতা হইতে মুক্ত-কৃ ; To free from guilt or moral defilement —শোধিত-কৃ ; সংস্কার-কৃ , গ্রাম্য প্রয়োগ হইতে বিমুক্ত-কৃ , To free from impurities or barbarisms, as language :—বিশুদ্ধ-কৃ , To make pure :—নির্দোষ কৃ , To free from pollution .—*v. i.* বিশুদ্ধ-হ , To became pure *n*=purifier (পরিষ্কারক ; শোধক) । *Syn* —Cleanse, clear, lustrate, clarify ; defecate.

Purism, pūr'ism, *n.* বিশুদ্ধ চরিত্র বা ভাষা , Immaculate conduct or style —বিশুদ্ধ ভাষাপ্রয়োগ , Niceness in the use of words.

Purist, pūr'ist, *n* সাধুভাষাপ্রিয় , সুন্দর অথচ বিশুদ্ধ শব্দ বিন্যাসকারী লেখক ; One who is excessively nice in the chice of words

Puritan, pūr'i tan *n* এলিজাবেথের সময়ে আচার ও ধর্মের বিরোধী লোক ; A dissenter in the time of Elizabeth :—*a* পিউরিট্যান সম্বন্ধীয় , Pertaining to the puritans

Puritanic, pūr-i-tańik, **Puritanical,** pūr-i-tańik-al, *a* গোঁড়া , অতি নৈতিক , Rigid , exact

Puritanism, pūr'i-tan-izm, *n* ঐতিনৈষ্টিকতা , The notions or practice of Puritans

Purity, pūr'e-te, *n.* [L. *puritas*, from *purus*, pure] শুদ্ধি , নিষ্কলঙ্কতা , বিশুদ্ধতা , Cleanness —সাধ্বীতা , Chastity. *Syn* —Clearness, genuineness, excellence ; sincerity, innocence, virtue, honesty, integrity , modesty.

Purl, purl, *n* স্রোতের শব্দ , কুলকুল ধ্বনি , Murmur of a stream —ঝালর , ফুঁপী , A lace , a waved fringe :—*v t.* ঝর ঝর শব্দপূর্বক প্রবাহিত-হ , কুলকুল ধ্বনিতে গমন-কৃ , To flow with a murmuring sound —*v. t* ঝালর সংলগ্ন-কৃ , ফুঁপী দ্বারা শোভিত-কৃ , To decorate with a fringe.

Purlieu, pur'lū, *n* [F. *pur* free, and *lieu*, place] সীমা , বহির্দেশ বা প্রান্তভাগ , The borders or environs of any place , environs, outskirt *Syn* —Borders, precincts, suburbs, environs.

Purloin, pur-loiń, *v t* [F *purloigner*, to retard] অপহরণ-কৃ , To steal *n*—purloiner (অপহারক , চোর ; thief). *Syn* —Filch, pilfer.

Purple, pur pl, *n* বেগুনে রঙ্ , ধূম্রবর্ণ , A very dark-red colour .—বেগুনে বর্ণের পোষাক , A purple dress or robe —সম্মানসূচক পোষাক , A robe of honor :—*a.* নীল-লোহিত , Red tinged with blood —রক্তবর্ণ ; Blood-red —*v. t.* বেগুনে রঙ্ কৃ , নীল লোহিত কৃ ; To make purple

Born in the purple—রাজবংশোদ্ভূত ; উচ্চবংশোদ্ভূত ; Born of a royal parents

Marry into the purple—রাজমহিষী হওয়া , সম্রাট ব্যক্তিকে স্বামীতে গ্রহণ-কৃ ।

Purport, pur'pōrt, *n.* [F *pour*, for, and *porter*, to bear] অভিপ্রায় ; Intention , design —অর্থ , মর্ম , Signification —তাৎপর্য্য , Drift :—*v t* অর্থ প্রকাশ-কৃ , অভিপ্রায়-কৃ , To mean *Syn* :—(*n*) Meaning, import, drift, tenor, bearing, sense, tendency, spirit, intent.

Purpose, pur'pōs, *n.* উদ্দেশ্য , অভিপ্রায় , Intention , design , aim :—*v t.* অভিপ্রায়-কৃ , মানস-কৃ , To intend .—*v. i.* মানস-কৃ ; অভিপ্রায়-কৃ ; To have an intention. *Syn* —(*n*) View, end, design, resolution. (*v*) Design, mean.

Answer the purpose—যাহা আবশ্যক তাহা মেলা ; Meet the requirements.

Be at cross purpose—না জানিয়া পরস্পর বিপরীত দিকে যাওয়া বা বিপরীত কার্য্য-কৃ ; Act in such a way as to thwart each other—though wishing to act in concert.

For all practical purposes—বস্তুতঃ ; কার্য্যকারিতা বিবেচনা করিলে ; So far as it is capable of being turned to use.

For religious purposes—ধর্মার্থ ।

For the purpose of—নিমিত্ত ।

On purpose—অভিপ্রায়পূর্বক , ইচ্ছা করিয়া ; বুদ্ধিপূর্বক , Purposely , deliberately ; with previous design

On purpose to, For the purpose of—এই অভিপ্রায়ে বা উদ্দেশে যে ; With the object of

Serve a purpose—কোনও উদ্দেশ্য সাধন-কৃ , Gain an end [প্রয়োজনমত , To the point

To the purpose—উদ্দেশের উপযোগী , ঠিক খাটা ,

To no purpose—বৃথা , অনর্থক , In vain , without any practical benefit. [Aimless.

Purposeless, pur'pos-les, *a.* উদ্দেশ্যহীন , বিফল ,

Purposely, pur'po -li, *ad.* অভিপ্রায়ানুসারে , জানিয়া শুনিয়া , ইচ্ছা করিয়া , মতলব আঁটিয়া , Intentionally

Purr, *v i.* ঘড় ঘড় শব্দ কৃ , To utter a low murmuring sound, as a cat —*n* ঘড় ঘড় শব্দ , The low murmuring sound.

Purse, purs, *n* টাকার থলি , গেঁজিয়া , Money bag , a small bag for money —টাকা , অর্থ , ধনাগার , কোষাগার , A sum of money, a treasury —*v t* থলিতে টাকা রাখা , থলিজাৎ কৃ , To put into a purse —কুঞ্চিত-কৃ , To contract into folds.

Light (or empty) purse—শূন্য থলি ; দরিদ্রতা , দারিদ্র্য , অনটন , Poverty , want of resources.

Long (or heavy) purse—ধন ; অর্থ , ঐশ্বর্য্য , Wealth , riches.

Sword and purse—জাতীয় (সামরিক) শক্তি ও অর্থ , The military power and wealth of a nation.

Purseful, *a.* একথলি (টাকা) , As much as fills a purse

Purse-proud, *a.* ধনগর্ব্বী , ধনমদে মত্ত , ঐশ্বর্য্য গর্ব্বিত , Insolent from wealth. *n*=purse-pride (ধনগর্ব্ব , টাকার অহঙ্কার) ।

Purser, purser, *n* জাহাজের বক্সী , জাহাজের খাজাঞ্চী , Naval officer having charge of money and stores *n*=purser-ship.

Purslane, Purslain, *n.* শাক বিশেষ ; A annual plant

Pursuance, pur-sū'ans, *n.* অনুধাবন ; অনুবর্ত্তন , অনুসরণ , The act of pursuing or following —ফল , পরিণাম , Consequence.

In pursuance of—অনুসারে , In accordance with , in fulfilment of. [able.

Pursuant, *a* অনুসারী , অনুযায়ী ; অনুবর্ত্তী , Agree-

Pursue, pur-sū', *v. t.* [L. *pro*, onwards, and *sequor*, to follow] অনুধাবন-কৃ , পশ্চাদ্ধাবন-কৃ , অনুসরণ-কৃ , To chase —অন্বেষণ-কৃ ; অনুসন্ধান-কৃ , To seek .—চালান , To continue .—অনুকরণ-কৃ , To

imitate. *n*=pursuer (পশ্চাদ্ধাবক)। *Syn* :—Hunt, track ; continue, conduct ; prosecute.

Pursue one's advantage—The followed up one's success ; make use of the success gained.

Pursuit, pur-süt', *n.* পশ্চাদ্ধাবন ; অনুসরণ ; অনুধাবন ; Chasing :—উপার্জ্জন-চেষ্টা ; পাইবার চেষ্টা ; Endeavour to attain :—ব্যাপার ; কার্য্য , ব্যবসায় ; Occupation.

Pursuivant, pur'swi-vant, *n.* অনুচর ; অনুগামী ; A follower :—রাজদূত ; A state-messenger :—দূতের অনুচর ; An attendant on the heralds.

Pursy, purśe, *a.* মোটা ; স্থূল ও খর্ব্ব , Puffy ; inflatetd fat and short. *n*=pursiness. *Syn* :—Inflated ; swelled ; corpulent, fleshy, fat, short-breathed, short-winded.

Purtenance, *n.* জীবদেহের অন্ত্রসমূহ ; The intestines of an animal.

Purulence, pü'roo-lens, **Purulency,** pü'roo-len-si, *n.* পূয়োৎপত্তি ; পূয়সঞ্চয় ; পুঁজ ; পূয ; The formation of pus or matter ; pus.

Purulent, pü'roo-lent, *a.* পূয়বৎ ; পূয়ের মত ; Resembling pus. *ad*=purulently.

Purvey, *pur-vá*, *v. t.* খাদ্যদ্রব্য যোগান ; সরবরাহ-কৃ ; To provide with provisions ; supply :—*v. t.* খাদ্যদ্রব্য ক্রয়-কৃ ; To buy provision :—সংগ্রহ-কৃ , To provide.

Purveyance, pur-váans, *n.* খাদ্যদ্রব্য ; Provision :—সংগ্রহ ; আয়োজন ; The act of purveying.

Purveyor, pur-váor, *n.* রাজপরিবারের জন্য খাদ্যাদি সংগ্রাহক কর্ম্মচারী ; An officer who formerly exacted provisions for the use of the king's household :—সরবরাহকারক ; One who provides victuals :—কোটনা ; জোটক ; যোগাড়িয়া ; রমণ-দূত ; A procurer ; a pimp.

Pus, pus, *n.* পুঁজ ; পূয ; ক্লেদ ; The matter of a sore.

Puseyism, *n.* Anglo-Catholic doctrines of Dr. Pusey.

Puseyite, *n.* One who holds the views of Dr. Pusey.

Push, pöösh, *v. t.* ধাক্কা-দে ; Push against , to thrust or beat against :—জিদ-কৃ ; অনুনয়-কৃ ; To press forward , importune ; urge :—*v. i.* জোরে ঠেলা-দে , ধাক্কা-দে ; To make a thrust :—চেষ্টা-কৃ ; To make an effort :—আক্রমণ-কৃ , To make an attack :—বিদীর্ণ-হ ; To burst out :—*n.* ঠেলা ; ধাক্কা , A thrust :—উত্তেজনা , An impulse :—আক্রমণ ; Assault :—উদ্যম ; চেষ্টা ; Effort :—নিতান্ত প্রয়োজন ; সঙ্কট , Exigency. *Syn* :—(*v*) Thrust, impel, urge, press, drive, hurry ; importune ; strive, endeavour.

Push about—সবেগে ইতস্ততঃ ভ্রমণ-কৃ ; Knock about.

Push along—দ্রুতবেগে অগ্রসর হওয়া ; Move forwards quickly.

Push aside—দূর-কৃ ; Drive away.

Push away—সবলে দূরীভূত-কৃ , Force off.

Push by—নিকট দিয়া-যা ; Move past.

Push down—ধাক্কা দিয়া নষ্ট-কৃ , ঠেলিয়া ফেলা ; Overthrow by pushing.

Push forward—দ্রুতবেগে অগ্রসর-হ ; Move quickly forward.

Push in—ভিতরে প্রবেশ-কৃ ; Intrude ; thrust in.

Push off—প্রস্থান-কৃ ; Thrust off ; depart.

Push on—অগ্রসর-হ ; দ্রুতবেগে যাওয়া , Drive or urge forward ; hasten.

Push out or out of—বহিষ্কৃত-কৃ ; Eject.

Push over—উল্টাইয়া-দে ; Upset.

Push up—উত্তোলন-কৃ ; Raise.

To be put to the push—পরীক্ষা স্থলে বা বিপদে পতিত হওয়া ; দায়ে ঠেকা ।

Pushing, pooshing, *a.* উদ্যমশীল , উদ্যোগী ; Enterprising, active ; energetic :—সাহসী ; সাহসিক ; অনধিকারচর্চ্চাকারী ; Bold, vigorous, forward.

Pusillanimous, pü-sil-añe-mus, *a.* [L. *pusillus*, very little, and *animus*, spirit] সাহসহীন ; ভীরু ; নীচাশয় ; Cowardly ; mean-spirited. *n*=pusillanimousness, pusillanimity (ভীরুতা) । *ad*=pusillanimously. *Syn* :—Dastardly, mean-spirited, faint hearted, timid, weak, feeble.

Puss, poos, *n.* বিড়াল ; বিড়ালের আদরের নাম ; A familiar name for a cat :—খরগোস ; শশক ; A hare, so called by sportsmen.

Pussy, poośi, *n.* প্রিয় বিড়াল ; A *dim.* of puss.

Pustular, Pustulous, *a.* ক্ষুদ্র ব্রণময় ; Covered with pustules.

Pustulate, puśtü-lat, *v. t.* ব্রণে পরিণত-কৃ ; To form into pustules.

Pustule, puśtül, *n.* ব্রণ ; ক্ষুদ্র ব্রণ ; ফুস্কুড়ি ; গুটি ; A small pimple containing pus. *a*=pustular.

Put, pöŏt, *v. t.* স্থাপন-কৃ ; রাখা , To place ; to set ; to lay ; to deposit :—সংযুক্ত-কৃ ; To add :—বাধ্য-কৃ ; To oblige :—উত্তেজিত-কৃ ; To excite :—সহসা উপস্থিত-কৃ , কোন অবস্থায় উপনীত-কৃ ; To introduce suddenly ; to bring into any state :—প্রস্তাব-কৃ ; Offer ; propose :—নিয়োগ-কৃ ; To supply :—*v. i.* জাহাজ চালিত-কৃ ; পরিচালিত-কৃ ; To turn ; steer. *Syn* :—Set, locate, fix, establish, situate, commit ; impose, enjoin, levy, inflict ; present, state , oblige, force, contrain, urge.

Be put to, Be put to it—কষ্টে পড়া ; ধাঁধাঁ লাগা ; Be placed in a difficulty ; be perplexed.

Put about—চতুর্দ্দিকে ঘুরা ; ফেরান ; উদ্বিগ্ন বা ব্যস্ত-কৃ ; Turn round :—গমনের দিক পরিবর্ত্তন-কৃ ।

Put a construction or interpretation on—ভাল বা মন্দ ভাবে ব্যাখ্যা করা বা গ্রহণ-কৃ ; Interpret in a certain way.

Put a false construction on—ঠিক বুঝিতে না পারা ; To interpret or explain wrongly ; to misinterpret ; to misunderstand.

Put a gold face upon—ভাল ভাবে দেখান ; To represent favourably ; to cause to appear in a good light.

Put a ship into commission—To send it forth on public service after it has been laid up.

Put away—ত্যাগ-কৃ ; Discard ; divorce.

Put an end to—শেষ-কৃ ; Terminate :—নষ্ট-কৃ ; To destroy.

Put back—বাধা-দে ; বিলম্ব-কৃ ; ফেলিয়া রাখা ; ফিরিয়া যাওয়া , To hinder ; to delay.

Put by—সঞ্চয় করিয়া রাখা , তুলে রাখা ; Lay aside for future use.

Put down—বন্ধ-কৃ ; দমন-কৃ , Suppress ; repress ; crush ; check :—লেখা ; Write down :—অবনমিত-কৃ , Degrade.

Put forth—প্রসারিত-কৃ ; প্রসারণ-কৃ ; Extend :—অঙ্কুরিত-হ ; Shoot out or germinate , sent forth, as a sprout :—প্রয়োগ-কৃ ; Exert, use :—প্রচার-কৃ ; প্রকাশিত-কৃ ; Publish ; issue :—প্রস্তাব-কৃ ; Propose.

Put forward—প্রস্তাব-কৃ ; Propose :—বর্দ্ধিত-কৃ ; উন্নীত-কৃ ; To promote,

Put head together—পরস্পর বুদ্ধি করিয়া মন্ত্রণা-কৃ ; Consult with one another. [আঁটা।

Put heads together—একত্রে পরামর্শ-কৃ , মতলব

Put in—সন্নিবিষ্ট-কৃ ; নিবেশিত-কৃ ; Insert :—দাখিল-কৃ ; Place in due form before a court ; file :—বন্দরে প্রবেশ-কৃ ; পোতাশ্রয়ে যাইয়া যাওয়া ; To enter a harbour.

Put in an appearance—উপস্থিত-হ ; To appear ; to present one's self , to be seen.

Put in a word—মাঝখান থেকে একটী কথা বলিয়া দেওয়া ; To say something in a general conversation ; slip in a word :—একটা কথা বলা , Say a word.

Put in a word for—কাহারও হইয়া দুটা ভাল কথা বলা ; Speak a word in favour of , recommend.

Put in fear—ভয় প্রদর্শন-কৃ।

Put in for—দাবি-কৃ ; প্রার্থী-হ ; Claim

Put in force—জারি-কৃ , Enforce.

Put in hand—আরম্ভ-কৃ , Make a beginning.

Put in irons—হাতকড়ি-দে , To apply manacles or handcuffs to a person.

Put in mind—স্মরণ করাইয়া-দে ; Remind.

Put in practice—কার্য্যে পরিণত-কৃ , ব্যবহারে আনা , Use , exercise.

Put in requisition—To render necessary.

Put it to one—কাহাকেও জিজ্ঞাসা-কৃ , বলা , Ask one

Put off—টালমাটাল-কৃ , স্থগিত রাখা , বিলম্ব-কৃ ; Delay ; postpone :—কিনারা হইতে ভাসিয়া-দে , Embark , leave land ; push from shore —পরিত্যাগ-কৃ ; আবরণ ত্যাগ-কৃ ; To lay aside (cloth) —এক দিক ছাড়িয়া অন্য দিকে ঘোরা ; Turn aside :—কাহার চেষ্টা বিফল-কৃ ; বিফল মনোরথ-কৃ ; Baffle , frustrate.

Put on (upon)—পরিধান কৃ ; Wear :—ধারণ-কৃ ; ভাণ-কৃ ; Assume ; feign :—স্থাপন-কৃ , Impose :—আরোপ-কৃ ; Impute to.

Put on one's good behaviour—কাহাকে শান্ত সুবুদ্ধি ও ভাল হইয়া চলিতে হইবে এইরূপ আদেশ-কৃ ; Require one to behave well , to put on probation or in a state of trial in which something important depends on good behaviour.

Put on one's guard—সতর্ক-কৃ ; To warn ; to caution ; to render watchful.

Put on paper—কাগজে লেখা ; Commit to writing.

Put one down for—কোন পদের উপযুক্ত বলিয়া কাহারও নাম লিখিয়া লওয়া ; Register one as being qualified for the office of .—চাঁদার বহিতে কাহারও নাম লিখিয়া লওয়া বা দেওয়া , Take down one's name as willing to subscribe or pay.

Put one in the way of—(কোন বাঞ্ছনীয় দ্রব্য) পাইবার পথ দেখাইয়া দেওয়া ; Show one the way to (something desired).

Put one on his mettle—কাহারও সাহস উত্তেজিত-কৃ ; To arouse one's spirit or courage , to excite one. [one.

Put one out—চটাইয়া দেওয়া ; Offend or anger

Put one out of conceit with—কাহাকে বিরক্ত-কৃ ; কাহারও বিরক্তি বা অসন্তোষ জন্মান ; Make one disgusted with.

Put one out of countenance—লজ্জিত-কৃ ; Make one ashamed :—ভ্যাবাচাকা লাগাইয়া দেওয়া ; Disconcert one ; confound one.

Put one out of court—হীন-প্রভ-কৃ ; কাণা করিয়া দেওয়া ; Eclipse one :—আর আইনের আশ্রয় পাইতে পারেন না ; Deprive one of the right to further judicial hearing :—কাহার কথার জোর না থাকা ; Disqualify one from speaking with authority.

Put one's hand into a hornest's nest—ভিমরুলের চাকে হাত-দে ; To get into trouble by meddling.

Put one's self forward—To make one's self prominent in a bold or conceited manner.

Put one up—কোন কুকর্ম করিতে কাহাকে প্রবৃত্ত-কৃ ; Instigate one. [supplant one.

Put one's nose out of joint—স্থানচ্যুত-কৃ ; To

Put out—নির্ব্বাপিত-কৃ , নির্ব্বাণ-কৃ ; Extinguish :—সুদে খাটান , Place at interest :—তাড়াইয়া দেওয়া ; দূর-কৃ , Eject :—অঙ্কুরিত-হ ; To shoot a sprout :—উদ্গত-হ ; Emit :—প্রসারিত-কৃ , প্রসারণ-কৃ ; To stretch forth , to extend —বাহির-কৃ ; To protrude , bring out :—প্রচার-কৃ ; প্রকাশিত-কৃ ; To publish :—ব্যর্থ-কৃ ; To disconcert :—দেখান , Show.

Put out lights—জানেলা কাটিয়া আলো দেওয়া।

Put out of humour—ক্রুদ্ধ-কৃ ; To irritate ; to make angry. [ceal.

Put out of sight—গোপন-কৃ ; To hide ; to con-

Put out one's eyes—কাহাকে অন্ধ-কৃ ; কাহারও চক্ষু কাণা করিয়া দেওয়া , Render one blind.

Put out of the way—তফাৎ-কৃ ; তফাৎ করিয়া-দে ; Remove to a distance :—মেরে ফেলা ; Put to death.

Put strength—বল প্রয়োগ-কৃ।

Put through—সম্পন্ন-কৃ।

Put over—কর্ত্তৃত্ব-দে , To place in authority :—বিলম্ব-কৃ ; ফেলিয়া রাখা ; মুলতবি রাখা , উপেক্ষা-কৃ ; To defer ; postpone.

Put the beast foot foremost—যথাসাধ্য চেষ্টা-কৃ , To do one's best or utmost ; to use all possible dispatch.

Put the cart before the horse—To say or do in an inverted order. [কৃ ; To begin.

Put the hand to—হস্তক্ষেপ-কৃ , হাত লাগান ; আরম্ভ-

Put to—সঞ্চয় করিয়া রাখা ; Lay by :—যোগ-কৃ ; Add together —বিপদগ্রস্ত-কৃ ; Expose.

Put to a stand—থামান ; বন্ধ রাখা ; To stop ; to arrest by difficulties or obstacles.

Put to bed—শায়িত-কৃ।

Put to death—বধ-কৃ , সংহার-কৃ ; হত্যা-কৃ , Kill.

Put to flight—পলাইতে বাধ্য-কৃ , Cause to flee ; to force to escape

Put together—একত্র-কৃ ; মিলান ; Unite in a sum.

Put to inconvenience—অসুবিধাতে ফেলা ; To incommodate.

Put to it—পীড়া-দে ; পীড়িত-কৃ ; ধাঁধা লাগান ; To press hard , to distress.

Put to press—ছাপান , To cause to be printed.

Put to (on) trial—পরীক্ষা করা। [in disorder.

Put to right—বিন্যাস-কৃ , To arrange, as objects

Put to rights—যথাক্রমে সজ্জিত-কৃ। [perse.

Put to rout—পরাভব কৃ , To defeat and dis-

Put to sea—সমুদ্র যাত্রা-কৃ , Set sail.

Put to shame—লজ্জিত-কৃ ; লজ্জায় ফেলা ; To inflict shame on.

Put to the blush—লজ্জিত-কৃ ; অপ্রতিভ-কৃ ; To cause to be ashamed or confused.

Put to the proof—পরীক্ষা-কৃ ; Put to the test.
Put to the rack—অত্যন্ত ক্লেশ-দে ; To subject to extreme torture ; to torment. [Slay.
Put to the sword—বধ-কৃ ; তরবারি দ্বারা হত্যা-কৃ ;
Put to the vote—To submit to expression of will by voting. [to a test ; to try.
Put to trial or **on trial**—পরীক্ষা-কৃ ; To bring
Put trust in—বিশ্বাস-কৃ ।
Put trust in a person—বিশ্বাস-কৃ ।
Put two and two together—(যাহাতে বুদ্ধির পরিচয় পায় এমন ভাবে) একটার সহিত আর একটার জোড়তাড় দিয়া কোন বিষয় ঠিক করা বা কোন সিদ্ধান্তে উপনীত-হ ; কোন সিদ্ধান্ত-কৃ ; So to combine or connect things as to be able to form a correct conclusion.
Put under the screw—কঠিন পরীক্ষাধীন-কৃ ; To subject to a servere trial.
Put up—সঞ্চয়-কৃ ; To store :—এটকান : Post :—প্রকাশ্যে প্রস্তাব-কৃ ; To offer publicly :—থামা ; Stop :—গুছান ; Pack :—ত্যাগ করা ; রেখে দেওয়া , Lay aside :—তুলিয়া রাখা ; Reposit for preservation :—বাহিরে স্থাপন-কৃ ; To expose :—গুছাইয়া রাখা ; To set in order :—বাসা লওয়া ; Take lodgings. [lodgings.
Put up at, Put up in—বাসা করিয়া থাকা ; Take
Put up for—Stand as a candidate.
Put up to—কোন ফিকির ফন্দী শেখান ; Teach one a dodge or trick :—কোন অসৎ বিষয়ে কাহাকে মন্ত্রণা দিয়া প্রবর্ত্তিত-কৃ ; Incite or instigate one (to do something that is improper).
Put up to—উত্তেজিত-কৃ ।
Put up to auction or **sale**—নিলামে ধরা ; Offer publicly for sale at an auction :—কাহাকে কোন পদে নিযুক্ত করিয়া টাকা লওয়া ; Accept money from persons appointed to officers.
Put up with—সহ্য-কৃ ; অম্লানবদনে সহ্য-কৃ ; গায়ে না মাখা ; Bear patiently submit to :—যাহা পাওয়া যায় তাহাই সন্তুষ্ট হইয়া গ্রহণ-কৃ ; Take without dissatisfaction. [have difficulty.
To be put to it—কষ্টে পড়ে ; হাঙ্গামে পতিত-হ ; To
Putative, pū'tā-tiv, *a.* [L. *putativus*, from *putare*, to reckon] অনুমিত ; কথিত ; Supposed , reported. *Syn* :—Commonly thought, reputed, deemed, reported. [tion ; pretence.
Put-off, *n.* ছল ; বিলম্ব ; Evasion, procrastina-
Putrefaction, pū-tre-fakshun, *n.* পচন ; দুর্গন্ধতা ; গলন , Rottenness ; corruption.
Putrefactive, pū-tre-faktiv, *a.* দুর্গন্ধোৎপাদক , গলনসম্বন্ধীয় ; পচনশীল ; Pertaining to or causing putrefaction. *n*=putrefactiveness.
Putrefy, pū'tre-fi, *v. t.* [L, *putrete*, to be rotten, and *facere*, to make] বিকৃত-কৃ , গলিত-কৃ ; নষ্ট-কৃ ; To rotten ; *to corrupt* :—*v. i.* গলিত-হ ; নষ্ট-হ ; To become putrid ; rot.
Putrescent, pū-tresent, *a.* পচনশীল ; পচা ; গলিযুক্ত ; Becoming putrid ; pertaining to putrefaction. *n*=putrescence (গলিত অবস্থা ; পচা ভাব) ।
Putrid, pū'trid, *a.* গলিত ; বিকৃত ; দূষিত ; পচা ; দুর্গন্ধ ; Rotten ; corrupt. *n*=putridity, putridness (পূতিতা ; পচা অবস্থা) । *Syn* :—Decomposed, carious, stinking.
Putty, puti, *n.* পটিং ; পুটিন ; মাটী বিশেষ ; Glazier's cement ; fine cement of lime :—*v. t.* পুটিং দিয়া জোড়া বা ভাঙ্গা পূরণ-কৃ ; To fix or fill up with putty.
Puzzle, puz'l, *v. t.* বিরক্তি-কৃ ; হতবুদ্ধি-কৃ ; To perplex :—*v. i* হতবুদ্ধি-হ , To be bewildered :—*n.* হেঁয়ালি ; প্রহেলিকা ; An enigma ; riddle :—কাঁপর ; Perplexity. *Syn* :—(*v*) Embarrass, conuse, confound, mystify, pose, bewilder.
Puzzling, puz'ling, *a.* বিরক্তিকর ; কুটিল ; Perplexing. *ad*=puzzlingly.
Pygarg, pī'garg, *n.* কৃষ্ণসার ; A species of antelope. [dwarfish.
Pygmean, *a* অতি ক্ষুদ্র ; বামনাকার ; Very small ;
Pygmy, pig'mi, *n.* বামন ; Dwarf :—*a.* খর্ব্ব ; খাটি ; অতি ক্ষুদ্র , Dwarfish ; diminutive.
Pylorus, pi-lō'us, *n.* পাকস্থলীর নিম্ন মাত্র , পাকাশয় ও বৃহদন্ত্রের মধ্যে যে দ্বার ; Lower opening of the stomach. *a*=pyloric.
Pyramid, pir'a-mid, *n.* সূচ্যগ্র বৃহৎ স্তম্ভ ; সূচি-ঘনক্ষেত্র ; A solid figure standing on triangular square and ending in a point.
Pyramidal, Pyramidic, Pyramidical, *a.* সূচিঘনক্ষেত্রাকার ; সূচ্যগ্র স্তম্ভাকার , Having the form of a pyramid ; tapering to a point. *ad*=pyramidally, pyramidically.
Pyre, pir, *n* চিতা ; (শবদাহার্থ) কাষ্ঠস্তূপ ; A pile of wood &c, to be set on fire at a funeral.
Pyrites, *n.* অন্যান্য ধাতুর সহিত গন্ধকের মিশ্রণ ; A compound of sulphur with other metals. *a*=pyritic, pyritical.
Pyrogenous, *a.* অগ্নিজাত ; Produced by fire.
Pyrologist, *n.* তাপশাস্ত্রবিৎ পণ্ডিত ; One versed in pyrology.
Pyrology, *n.* তাপশাস্ত্র-গ্রন্থ , A treatise on heat.
Pyrometer, *n.* অগ্নিসন্তাপ পরিমাণ করিবার যন্ত্র বিশেষ ; তাপমান যন্ত্র বিশেষ ; An instrument for measuring the temperature of bodies under fierce heat.
Pyrometry, *n.* তাপমান নিরূপণ বা তৎকৌশল ; The act or art of measuring the temperature of bodies under fierce heat. *a*=pyrometric, pyrometrical.
Pyrotechnic, Pyretechnical, *a.* আতসবাজী সম্বন্ধীয় ; Pertaining to fireworks.
Pyrotechnics, pir-o-tekniks, **Pyrotechny**, *n.* আতসবাজী প্রস্তুত করিবার বিদ্যা বা কৌশল ; The art of making fireworks.
Pyrotechnist, piro'-tek-nist, *n.* আতস-বাজীকর ; One skilled in pyrotechnics.
Pyrrhic, *n* নৃত্য বিশেষ ; A military dance.
Pyrrhonism, pir'ro-nism, *n.* নাস্তিকতা ; সন্দেহবাদিতা ; Scepticism ; universal doubt. [A sceptic.
Pyrrhonist, pir'ro-nist, *n.* নাস্তিক , সন্দেহবাদী ;
Pythagorean, pi-thag-o-rē-an, *a.* পিথাগোরাস বা তাঁহার দর্শনশাস্ত্র সম্বন্ধীয় ; Pertaining to Pythagorus, a celebrated Greek philosopher or to his philosophy :—*n.* পিথাগোরাসের শিষ্য ; A follower of Pythogoras. [trines of Pythrogoras.
Pythagorism, *n.* পিথাগোরাসের মত ; The doc-
Pythian, pithi-an, *a.* এপলো দেবের সম্মানার্থ প্রাচীন গ্রীসের চারিটী উৎসবের একতমসূচক ; Noting one of the *four national festivals* of ancient Greece, celebrated in honour of Apollo.

Python, *n.* অজাগর ; এপোলো কর্তৃক নিহত সাপ ; বোড়া সাপ ; A large snake ; a rock-snake.

Pythoness, pithon-es, *n.* ডেল্‌ফি মন্দিরের দৈববাণী-প্রচারিকা দেবাসীন ; মোহিনী ; The priestess who are delivered oracle of Apollo at Pytho, the oldest name of Delphi, in Greece ; a witch.

Pythonic, pi-thonik, *a.* ভবিষ্যবিষয়ক ; ভবিষ্যদ্বক্তৃত্বের ভাণকারী ; জ্ঞাপক ; Pretending to foretell future events like the Pythoness , prophetic.

Pythonism, pithon-izm, *n.* ভবিষ্যদ্ কথন বিদ্যা ; ভবিষ্যদ্বাণীকথন বিদ্যা ; The act of predicting events by divination. *n*=pythonist.

Pythonist, *n.* ভবিষ্যদ্বক্তা ; A conjurer ; a soothsayer.

Pyx, piks, *n.* যে বাক্সে খীশুর দেহখণ্ড রক্ষিত হয় ; The box in which the host is kept :—টাঁকশালে যে বাক্সের ভিতর আদর্শ মুদ্রা রাখা হয় ; At the Mint, the box containing sample coins :—*v. t.* (মুদ্রাদির) ওজন ও খাদ প্রভৃতি পরীক্ষা-কৃ ; To test the weight and fineness of, as the coin deposited in the pyx.

Trial of the pyx—টাকশাল হইতে বাহির করিবার পূর্ব্বে মুদ্রাসমূহের শেষ পরীক্ষা ; Final trial before coins are issued from the mint

Q

Q—ইংরাজি বর্ণমালার সপ্তদশ বর্ণ বা অক্ষর , The 17th letter in the English alphabet.

Quack, kwak, *n.* হংসের ডাক বা শব্দ ; প্যাঁক প্যাঁক শব্দ ; The cry of a domestic duck :—কুবৈদ্য ; অজ্ঞ চিকিৎসক ; হাতুড়িয়া ; A boastful pretender to skill which he does not possess, esp medical skill ; a mountebank , an empiric :—*v. i.* হংসের ন্যায় ডাকা ; প্যাঁক প্যাঁক-কৃ ; To cry like a duck :—অহঙ্কার-কৃ , বড়াই-কৃ , সগর্ব্বে চীৎকার-কৃ , To boast :—কুবৈদ্যের ন্যায় চিকিৎসা-কৃ , To practise as a quack :—*a.* আনাড়ী ; হাতুড়িয়া বিদ্যাসংক্রান্ত , Pertaining to quackery ; used by quacks. *Syn* :—(*n*) Charlatan, impostor.

Quackery, kwaker-i, *n.* কুচিকিৎসা ; হাতুড়িয়াগিরি ; হাতুড়িয়া চিকিৎসা ; The boastful pretensions or practice of a quack, especially in medicine.

Quacksalver, *n.* হাতুড়িয়া বৈদ্য ; A quack who deals in salves &c.

Quadragesima, kwod-ra-jesi-ma, *n.* [L. *quadraginta*, forty] খ্রীষ্টানদিগের উত্থানপর্ব্বের পূর্ব্বে চল্লিশ দিবস উপবাস ; Lent or the forty days of fast before Easter.

Quardragesimal, *a.* লেণ্টকাল সম্বন্ধীয় বা তৎকালে ব্যবহৃত ; Belonging to, or used in, lent.

Quadrangle, kwodrang-gl, *n.* [L. *quatour*, four, and *angulus*, an angle] চতুর্ভুজ ক্ষেত্র , চতুষ্ক , A plane figure having four equal sides and angles :—অট্টালিকা পরিবেষ্টিত প্রাঙ্গন , অট্টালিকা বেষ্টিত চতুষ্কোণ ভূখণ্ড ; A square surrounded by buildings. *a*=quadrangular.

Quadrangular, *a.* চতুষ্কোণ , চতুষ্কোণী , চতুর্ভুজ ; Having the form of a quadrangle. *ad*=quadrangularly.

Quadrant, kwodrant, *n.* উচ্চতা পরিমাপক যন্ত্র বিশেষ ; An instrument for taking altitudes :—বৃত্তের বা তৎপরিধির চতুর্থাংশ ; In geometry, the fourth part of a circle or an area of 90° ; the quarter of a circle. *a*=quadrantal.

Quadrantal, *a.* বৃত্তের চতুর্থাংশ সংক্রান্ত ; Pertaining to a quadrant.

Quadrat, kwodrat, *n.* ছাপিবার অক্ষর অপেক্ষা কম উচ্চ সীসখণ্ড বিশেষ ; A piece of type-metal cast.

Quadrate, kwodrat, *a.* [L. *quadro*, to square] সমচতুষ্কোণ ; চতুষ্কোণী ; Having four equal sides and four right angles :—সমচতুর্ভাগে বিভাজ্য ; চৌকস , সমান চারি ভাগে বিভক্ত ; Divisible into four equal parts :—ঠিক ; উপযুক্ত ; উপযোগী ; যথাযথ ; Balanced ; exact , suited , fitted :—*n.* সমচতুর্ভুজ ক্ষেত্র ; বর্গক্ষেত্র ; A square figure :—*v. i.* ঐক্য-হ ; মিল-হ ; To square or agree with , to correspond.

Quadratic, kwod-ratik, *a.* বর্গক্ষেত্র সম্বন্ধীয় ; বর্গক্ষেত্রসূচক ; Pertaining to, containing or denoting a square.

Quadratic equation, *n.* বর্গীয় সমীকরণ ; One involving the square of the unknown quantity.

Quadrature, kwodra-tūr, *n.* বর্গীকরণ , A squaring :—ক্ষেত্রান্তরের তুল্যমান বর্গক্ষেত্র স্থিরীকরণ ; The finding of a square that shall have the same area as a given figure of some other shape.

Quadrennial, knod-renyal, *n.* [L. *quatuor*, four, *annus*, a year] চতুর্বর্ষীয় ; চতুর্বার্ষিক ; Occurring once in four years.

Quadrilateral, kwod-ri-later-al, *n.* [L. *quatuor*, four, and *latus*, side] চতুর্ভুজ ক্ষেত্র ; চতুষ্কোণ ; Having four sides :—*a.* চতুর্ভুজ ; চতুর্ভুজ ক্ষেত্র ; Having four sides :—চতুরক্ষর ; Consisting of four letters.

Quadrille, ku-dril, *n.* নৃত্য বিশেষ ; তাসখেলা বিশেষ ; A game at cards.

Quadrillion, *n.* একের পৃষ্ঠে ২৪টী শূন্য বসাইলে যত হয় তৎসংখ্যা , The number represented by a unit with 24 ciphers.

Quadrinominal, *a.* চারিপদবিশিষ্ট ; Consisting of four terms :—*n.* চারিপদবিশিষ্ট রাশি ; An expression of four terms.

Quadroon, kwod-rōōn, *n.* সঙ্কর সন্তান বিশেষ ; বর্ণসঙ্কর জাতি ; Offspring of white and mulatto ; one quarter blooded.

Quadruped, kwodroo-ped, *n.* [L. *quatuor*, four, and *pes*, *pedis*, a foot] চতুষ্পদ জন্তু , A four-footed animal :—*a.* চতুষ্পদ , Quadrupeded.

Quadrupedal, *a.* চতুষ্পদ , Having four feet.

Quadruple, kwod'roo-pl, *a.* চতুর্গুণ ; Fourfold :—*n* চতুর্গুণ পরিমাণ বা সংখ্যা ; Four times the quantity of a number :—*v. t.* চতুর্গুণ-কৃ ; To increase fourfold.

Quadruplicate, kwod-rōō'pli-kāt, *a.* [L. *quatour*, four, and *plico*, *plicatus* to fold] চতুর্গুণ ; চতুর্গুণিত , Made fourfold ; double

twice :—*v. t.* চতুর্গুণ-কৃ ; To make four fold ; to double square. *n*=quadruplication.

Quaff, kwaf, *v. t.* চক্ চক্ করিয়া পান-কৃ ; To drink in large draughts ; to swallow in large draughts :—*v. i.* অধিক পরিমাণে পান-কৃ ; To drink largely. *n*=quaffer.

Quagga, kwag'a, *n.* দক্ষিণ আফ্রিকার চতুষ্পদ জন্তু ; A hoofed quadruped of South Africa like the ass in form and the zebra in colour.

Quaggy, kwag'i, *a.* দলদলে ; রসা ; ভিজা ; আর্দ্র ; Of the nature of quagmire ; boggy.

Quagmire, kwag'mīr, *n.* [O. E. *quag, quagge,* to shake, and *mire*] দলদলে ভূমি ; পঙ্কিলভূমি ; Marsh ; soft yielding bog ; wet, boggy land. *Syn* :—Morass, fen, bog, swamp.

Quail, kwāl, *v. i.* [A. S. *cwelan,* to die] সাহস হীন-হ ; ভীত-হ ; শঙ্কিত-হ ; To fall in spirit ; to loose spirit. *Syn* :—Shrink, cower, blench, flinch, quake, tremble ; crush, subdue ; depress.

Quail, kwal, *n.* পক্ষিবিশেষ ; A partridge like gallinaceous bird.

Quail under—Cower.

Quaint, kwānt, *a.* অদ্ভুত ; অপরূপ ; কিম্ভাকার ; Odd ; singular ; unusual. *n*=quaintness (অপরূপতা) । *ad*=quaintly. *Syn* :—Ingenious, artful ; curious, far-fetched, old-fashioned, fanciful.

Quake, kwāk, *v. i.* কম্পিত-হ ; শীতে বা ভয়ে কম্পিত-হ ; To tremble, especially with cold or fear ; to shake with fear, cold or emotion :—*n.* কম্প ; A shake. *ad*=quakingly. *Syn* :—Shudder, quiver, shiver.

Earthquake, *n.* ভূমিকম্প ।

Quaker, kwāker, *n.* খ্রীষ্টধর্ম্মে সম্প্রদায় বিশেষের অন্যতম ; One of the society of Friends, a religious sect founded by George Fox. *n*=quakerism.

Quakerism, *n.* কোয়েকার সম্প্রদায়ের ধর্ম্মমত ; The tenets of the quakes.

Qualification, kwol-e-fe-kāshun, *n.* গুণ ; মর্য্যাদা ; গুণপণা ; A quality :—পরিবর্ত্তন ; Condition ; restriction ; modification :—যোগ্যতা ; Fitness. *Syn* :—Capacity, fitness, suitableness, capability, endowment, accomplishment, modification, limitation, diminution, abatement, allowance.

Quaified, *a.* যোগ্য ; উপযুক্ত ; সঙ্কুচিত ; Fitted.

Qualify, kwole-fi, *v. t.* [L. *qualis,* such, and *facere,* to make] যোগ্য-কৃ ; উপযুক্ত-কৃ ; To fit ; to render capable or suitable :—পরিমিত-কৃ ; নিয়মিত-কৃ ; To modify ; to limit ; to soften :—হ্রাস-কৃ ; To abate :—সঙ্কীর্ণ-কৃ ; To restrict. *n*=qualifier. *Syn* :—Fit, equip, prepare, adopt, capacitate ; restrict, restrain, abate, diminish, soften, moderate.

Qualitative, kwoli-tā-tiv, *a.* গুণ সম্বন্ধীয় ; Relating to quality :—যৌগিক পদার্থের উপাদানসমূহের প্রকৃতি নির্ণায়ক ; Determining the nature of components.

Quality, kwole-te, *n.* [L. *qualitas,* from *qualis,* how or so constituted] গুণ ; ধর্ম্ম ; Property ; attribute :—চরিত্র ; Character :—পদ ; Rank :—শক্তি ; Power :—উচ্চবংশে জন্ম ; Superior birth. *Syn* :—Attribute, nature, condition, peculiarity ; sort, kind, description, standing, station, gentry, nobility.

The quality—বড় লোক ; সম্ভ্রান্ত ব্যক্তি ।

Qualm, kwām, *n.* [A. S. *cwealm,* death] হৃদয়বেদনা ; মনস্তাপ ; বিবেকের অস্থিরতা ; A scruple, as of conscience :—হঠাৎ রোগের আক্রমণ ; হঠাৎ পীড়ার আক্রমণ ; A sudden attack of illness :—বমনেচ্ছা ; বিবমিষা ; Nausea. *Syn* :—Misgiving ; queasiness ; throe, pang.

Qualmish, kwāmish, *a.* বমনেচ্ছুক ; বিবমিষু ; সামান্য পীড়িত ; Affected with qualm or a disposition to vomit or with slight sickness.

Quandary, *n.* ফাঁপর ; মুস্কিল ; সঙ্কট ; A state of perplexity ; uncertainty ; a hard plight.

Quantitative, *a.* পরিমাণ বিষয়ক ; পরিমেয় ; Measurable by quantity.

Quantity, kwonte-te, *n.* [L. *quantitas,* from *quantus,* how much] পরিমাণ ; রাশি ; সমষ্টি ; The amount of any thing ; a determinate amount :—আকৃতি ; আকার ; Bulk ; size. *a*=quantitive. *Syn* :—Amount, aggregate, sum ; portion, part, share ; length, duration.

An unknown quantity—অজ্ঞাতরাশি ।

In small quantities—অল্পশঃ ।

Nagative quantity—ঋণ ।

Positive quantity—ধন ।

Quantum, *n.* পরিমাণ ; Quantity ; amount.

Quarantine, kwor'an-tēn, *n.* সংক্রামক পীড়াগ্রস্ত স্থান হইতে কোন বন্দরে সমাগত জাহাজের পক্ষে তীরের সহিত যোগাযোগ নিষেধের নির্দ্দিষ্ট সময় ; যে সময় পর্য্যন্ত জাহাজের তীরে গমনাগমন নিষেধ ; Period during which an infected ship is not allowed to communicate freely with the shore :—*v. t.* রোগ-সংক্রমণ ভয়ে তীরের সহিত সংস্রব নিষেধ-কৃ ; To prohibit from intercourse from fear of infection.

Quarrel, kwor'rel, *n.* [L. *querela,* a complaint] বিবাদ ; কলহ ; ঝগড়া ; বন্ধুবিচ্ছেদ ; An angry dispute ; a petty fight ; a breach of friendship :—*v. i.* বিবাদ-কৃ ; কলহ-কৃ ; ঝগড়া-কৃ ; To disagree ; to dispute violently. *n*=quarreller. *Syn* :—(*n*) Broil, squabble, affray, altercation, dispute, variance, disagreement, strife, contention.

Quarrel with one's bread and butter—কাহারও রুটি মারা ; To find fault with one's means of livelihood and so endanger his support.

To pick a quarrel—ঝগড়া বাধান ।

Quarrelsome, kwor'el-sum, *a.* কলহপ্রিয় ; বিবাদপ্রিয় ; কুঁদুলে ; Disposed to quarrel. *n*=quarrelsomeness.

Quarry, kwor'i, *n.* প্রস্তরের আকর ; প্রস্তর খনি ; A stone or chalk-mine :—শিকার ; মৃগয়ালব্ধ জন্তু ; Heap of game killed ; game :—Prey of a hawk :—*v. t.* খনি হইতে উত্তোলন-কৃ ; To dig or take from a quarry.

Quarryman, Quarrier, *n.* প্রস্তরখনি খনক ; A man who works in a quarry.

Quart, kwart, *n.* পরিমাণ বিশেষ ; প্রায় তিন পোয়া ; Two pints :—দুই পাইণ্ট পরিমাণবিশিষ্ট পাত্র ; A vessel containing two pints.

Quartan, kwor'tan, *a.* চতুরাহিক ; দুই দিন অন্তর (জ্বর) ; চাতুর্থিক ; Occurring every fourth day :—*n.* চাতুর্থিক জ্বর ; An intermittent fever, occurring every forth day.

Quartan ague—দুই দিন অন্তর পালা জ্বর ।

Quarter, kworter, *n.* [F. *quartier,* from L.

quartus, the fourth] চতুর্থাংশ ; সিকি ; A fourth part :—প্রায় চৌদ্দ সের ওজন ; The fourth part of a *cwt* or a ton :—প্রদেশ ; A region ; district ; locality :—নগরাদির বিভাগ ; সহরের বিভাগ ; পাড়া ; A division of a town :—এক ঘণ্টার চতুর্থাংশ ; The fourth part of an hour : সেনানিবেশ ; Station at which officers and men are placed during a battle :—*pl.* দয়া ; শত্রুর প্রতি সদয় ব্যবহার ; Mercy ; mercy granted to a disabled antagonist :—*v. t.* চারি সমান ভাগে বিভক্ত-কৃ : To divide into four equal parts :—আশ্রয়-দে ; To furnish with shelter :—*v. i.* বাসস্থান-দে ; বাসা-দে ; To lodge.

A quarter less—পৌনে।

At quarters—জাহাজের উপরে : On board the ship.

At close quarters—হাতাহাতি ; নিকটানিকটী।

Four quarters—Asia, Europe, Africa and America.

Free quarters—বিনা ভাড়ায় বাসা ; Place of lodging free of charge.

From every quarter—চতুর্দ্দিক হইতে।

Give quarter to—(শত্রুর প্রতি) দয়া প্রকাশ-কৃ, সংহার না-কৃ ; Show mercy to (an enemy) ; forbear to kill.

Head quarter—সেনাপতি নিকেতন।

One and a quarter—সওয়া।

Quarter of the sky—দিক।

Quarter one on—কাহারও ঘাড়ে খরচ চাপান ; Throw the charge of supporting one on :—Billet on, as soldiers.

Quarter on or **upon**—Send soldiers to lodge with.

To come to close quarters in battle—হাতাহাতি যুদ্ধ-কৃ।

To give or **show quarter**—বন্দী প্রতি ক্ষমা দেখান ; বিজিত ব্যক্তিকে হত্যা না-কৃ।

To quarter arms—In *heraldry* to place the arms of other families in certain compartments of a shield, the family arms being placed in the first.

Quarter day, kwor'tėr-dā, *n.* তিন মাস কালের শেষ দিন ; খাজনা বা ভাড়া দিবার দিন ; The day of a quarter or when rent is due.

Quarter-deck, kwor'tėr-dek, *n.* জাহাজের উপর তলা ; জাহাজের পশ্চাদ্ভাগস্থ উচ্চ পাটাতন ; Deck from the stern to the mizen or main mast ; the part of the upper deck of a ship aloft the main mast ; officer's deck.

Quaterly, kwortėr-li, *a.* চতুর্থভাগবিশিষ্ট ; চতুর্থাংশ সমন্বিত ; Consisting or containing a fourth part :—ত্রৈমাসিক ; Recurring at each quarter of the year ; relating to a quarter :—*n.* ত্রৈমাসিক পত্র ; A periodical published every quarter of a year :—*ad.* তিন মাস অন্তর ; By quarters.

Quarter-master, kwor'tėr-mas-tėr, *n.* সৈন্যের নিবাস বন্দোবস্ত করিবার কর্মচারী ; রসদাদি বণ্টনকারী সামরিক কর্মচারী বিশেষ ; An officer for arranging the quarters of soldiers.

Quartern, *n.* পাইণ্টের চতুর্থাংশ · এক জিল ; The fourth of a pint ; a gill.

Quarternary, kwa-tėr'nar-i, *a.* চতুর্থ ; চতুর্থ সংখ্যক ; Consisting of four ; by fours :—*n.* চতুঃসংখ্যা ; The number four.

Quarternion, kwa-tėr'ni-on, *n.* চারি সংখ্যা ; সৈন্যশ্রেণী বিশেষ ; The number four ; a file of four soldiers.

Quartern-loaf, *n.* চারি পাউণ্ড ওজনের রুটি ; A loaf of 4 lbs.

Quarter-sessions, kwor'tėr-seshuns, *n. pl.* প্রত্যেক কাউন্টিতে অন্ততঃ দুইজন বিচারকের ত্রৈমাসিক অধিবেশন ; ইংলণ্ডের প্রত্যেক জেলায় তিনমাস অন্তর যে আদালত বসে ; A general court held every three months by the justices of the court of peace of each country.

Quarter-staff, *n.* আত্মরক্ষার্থ স্থূল লগুড় ; A long weapon of defence.

Quartette, Quartet, kwor-tet, *n.* চারি ভাগে বিভক্ত স্বরমাত্র বা যন্ত্রমাত্র সাহায্যে গীত বিশেষ ; চৌপদী ; A musical composition of four parts, each part performed by a single voice or instrument ; a stanza of four lines.

Quarto, kwor'tō, *a.* চারি পৃষ্ঠা ; চারি পেজি ; Having the sheet folded into four leaves :—*n.* চারি পেজি পুস্তক ; A book of a quarter size. *pl*=quarters.

Quartz, kworts, *n.* স্ফটিক মণি ; বালুকা-প্রস্তর ; A mineral composed of pure silica ; rock-crystal. *a*=quartzose (composed of or like quartz).

Quartzose, *n.* শিলা-স্ফটিক সদৃশ ; Like quartz.

Quash, kwosh, *v. t.* [L. *quassare*, to shake] পরাস্ত-কৃ ; ক্ষান্ত-কৃ ; দমন-কৃ ; To crush ; to beat down ; to subdue or extinguish suddenly and completely :—রহিত-কৃ ; রদ-কৃ ; বাতিল-কৃ ; To annual ; to make void. *Syn* :—Repress, suppress, extinguish ; cancel.

Quassia, kwashia, *n.* বৃক্ষ বিশেষ ; বৃক্ষের ছাল ; A tree, its bark.

Quaternions, *n.* গণিত শাস্ত্রীয় তত্ত্ব বিশেষ ; A kind of method of mathematical investigation.

Quatrain, *n.* একান্তর-মিল চারিচরণের শ্লোক ; চতুষ্পদ শ্লোক ; A stanza of four lines rhyming alternately.

Quaver, kwāvėr, *v. i.* কম্পিত-হ ; কম্পিতস্বরে গান-কৃ ; To shake ; to sing or play with tremulous modulations :—*n.* স্বরকম্পন ; A shape or rapid vibration of the voice.

Quay, kē, *n.* জাহাজ বোঝাই করিবার বা মাল তুলিয়া লইবার ঘাট ; জেটি ; Wharf for the loading or unloading of vessels.

Quayage, *n.* পোস্তা-ভাড়া ; মালঘাটের মাশুল ; Wharfage.

Queasy, kwē'zi, *a.* বমনপ্রবণ ; বমনোদ্বিগ্ন ; বমনেচ্ছু ; Inclined to vomit ; causing nausea :—দুর্ভোজনীয় ; Squeamish ; fastidious. *ad*=queasily, *n*=queasiness (বমনোদ্বেগ)।

Queen, kwen, *n.* রাজরাণী ; মহারাণী ; রাজমহিষী ; রাজ্ঞী ; The wife of a king ; a female sovereign :—মধুচক্রস্থিত স্ত্রীমক্ষিকা ; The female of the hive :—তজ্জাতীয়ার মধ্যে প্রধানা ; The chief of her kind :—(তাস খেলায়) বিবি ; (দাবা খেলায়) মন্ত্রী।

Crowned-queen—মহিষী।

Queen of beauty, *n.* Presiding lady at a tournament.

Queen of diamonds—ধনী স্ত্রীলোক ; Rich woman.

Queen-bee, *n.* গিন্নী মাছি ; The fertile female of a hive or swarm.

Queen-consort, *n.* রাজপত্নী ; পাটরাণী ; রাজার সহধর্ম্মিণী ; The wife of a reigning king.

Queen-dowager, *n.* রাজার বিধবা পত্নী ; মৃত রাজার পত্নী ; The widow of a king.

Queenly, kwēnli, *a.* রাজ্ঞীবৎ ; রাজ্ঞীর উপযুক্ত ; Like a queen ; becoming or suitable to a queen.

Queen-metal—কাঁসা।

Queen-mother, kwen-muther, *n.* বিধবা রাজমাতা ; The mother of reigning king.

Queen-regent, *n.* যে রাজ্ঞী নাবালকের হয়ে শাসন করেন ; Queen, who is regent for her child.

Queen-regnant, *n.* যে রাজ্ঞী স্বাধিকারসূত্রে রাজ্য করেন ; Queen who reigns in her own right.

Queen's bench, *n.* ইংলণ্ডের সাবেক আদালত বিশেষ ; One of the high courts of law in which the *king* formerly sat in person :—Chief debtor's prison.

Queen's counsel—Barristers who have been called to the bar, selected to be advocates for the crown.

Queen's evidence, *n.* In criminal proceedings the evidence given by an accomplice against his fellows.

Queer, kwēr, *a.* [Ger. *queer, quer*, cross] অপূর্ব ; অপরূপ ; অদ্ভুত ; Odd ; strange ; singular. *n*=queerness (অপরূপত্ব) ; *ad*=queerly (অদ্ভুতরূপে)। *Syn* :—Quaint, whimsical, curious, strange, unusual, extraordinary ; fanciful, crotchety.

A queer fish—An eccentric person.

In queer street—রোগঋণাদিবশতঃ দুঃস্থ হওয়া বা থাকে। [Somewhat singular.

Queerish, kwēr'ish, *a.* কিয়ৎ পরিমাণে অদ্ভুত ;

Quell, kwel, *v. t.* প্রশমিত-কৃ ; শান্ত-কৃ ; To allay ; to calm :—দমন-কৃ ; To subdue ; put down, quash ; check. *n*=queller. *Syn* :—Calm, quiet, still ; crush, overpower, suppress ; repress, restrain, check, curb.

Quench, kwensh, *v. t.* নির্ব্বাণ-কৃ ; To put out :—প্রশান্ত-কৃ ; প্রশমিত-কৃ ; To allay :—ধ্বংস-কৃ ; বিনষ্ট-কৃ ; To destroy :—দমন-কৃ ; To check. *Syn* :—Extinguish, stifle, repress, check, suppress ; slake, cool.

Quenchable, kwensha-bl, *a.* নির্ব্বাপনীয় ; দমনীয় ; প্রশমনীয় ; That may be extinguished.

Quenchless, kwenshless, *a.* অশান্ত ; অপ্রশমনীয় ; অশাম্য ; That cannot be quenched :—অদম্য ; অদমনীয়, Irrepressible.

Querimonious, kwer-i-mōnyus, *a.* অসন্তুষ্ট ; অনুযোগকারী ; Discontented. *n*=querimoniousness. *ad*=querimoniously.

Quern, kwérn, *n.* জাঁতা ; পেষণ-যন্ত্র ; A handmill for grinding grain.

Querulous, kwer'ū-lus, *a.* [L. *querulus*, from *queri*, to complain] অসন্তুষ্ট ; অনুযোগকারী ; Discontented ; murmuring. *n*=querulousness, *ad*=querulously. *Syn* :—Complaining, murmuring, fault-finding, dissatisfied, cross, peevish.

Query, kwē'ri, *n.* [L. *quaero*, to inquire] প্রশ্নের চিহ্ন ; The mark of interrogation :—প্রশ্ন ; জিজ্ঞাসা ; A question ; an interrogatory :—*v. t.* জিজ্ঞাসা-কৃ ; প্রশ্ন-কৃ ; To question :—সন্দেহ-কৃ ; To doubt of :—*v. i.* প্রশ্ন বা সন্দেহ-কৃ ; To question.

Quest, kwest, *n.* অনুসন্ধান ; অন্বেষণ ; Search.

In quest of—অনুসন্ধানে, In search of.

Question, kwest'yun, *n.* [L. *quaerere, quaesitum*, to seek] প্রশ্ন ; Act of asking ; an interrogatory :—সংশয় ; সন্দেহ ; Doubt :—বাদানুবাদ ; বিবাদ ; বিতণ্ডা ; Dispute :—অনুসন্ধান ; অন্বেষণ ; An enquiry :—আলোচ্য বিষয় ; Subject of discussion :—*v. i.* প্রশ্ন-কৃ ; To ask question of :—*v. t.* সন্দেহ-কৃ ; To doubt :—প্রশ্ন দ্বারা পরীক্ষা-কৃ ; To examine by questions :—অবিশ্বাস-কৃ ; To have no confidence in :—প্রশ্ন-কৃ ; To ask question. *n*=questioner (প্রশ্নকারী)। *Syn* :—(*n*) Interrogation, examination, inquiry ; query, proposition, subject, thesis, motion, controversy, debate. (*v*) Ask, interrogate, catechise, examine, inquire, investigate ; controvert, dispute.

A burning question—এমনতর কোন বিষয় যাহাতে সকলের ইষ্ট আছে এবং যাহা লইয়া লোকে এক প্রকার মত্ত ; A subject of interest causing wide-spread excitement.

A leading question—সাক্ষীকে এরূপ ভাবে সওয়াল করা যাহাতে যেরূপ জবাব পাইলে নিজ পক্ষের ভাল হয় সেইরূপ জবাব বাহির হইতে পারে ; A question that suggests its own answer ; a question which is so put as to suggest to the witness the answer which he is desired to make.

An open question—যে বিষয়ের এখনও সিদ্ধান্ত বা মীমাংসা হয় নাই।

A vexed question—যে বিষয় সহজে মীমাংসা হয় না ; A question that is difficult of decision ; a question that causes much wearisome discussion.

Beg the question—যাহা প্রমাণ করিতে হইবে তাহাই স্বীকার করিয়া লওয়া ; Assume the point to be proved ; take for granted that which is to be proved.

Call in question—সন্দেহ-কৃ।

In question—যাহার বিষয় বলা হইতেছে ; উল্লিখিত (বিষয়) ; In course of examination or discussion ; referred to ; that is the subject of present inquiry.

Out of question—তর্কের বাহির ; নিশ্চয়ই।

Out of the question—সম্পূর্ণ অসম্ভব ; তাহার ত কথাই নাই ; এত হইতেই পারে না ; Quite impossible ; quite impracticable ; not to be thought of at all.

Put a question—জিজ্ঞাসা-কৃ ; প্রশ্ন-কৃ ; Ask.

Question at or **in issue**—আলোচ্য বিষয় ; The matter which is contested or disputed.

Without question *or* **past question**—নিশ্চয় ; নিঃসন্দিগ্ধরূপে ; Undoubtedly.

Questionable, kwest'yun-a-bl, *a.* অনিশ্চিত ; অধ্রুব, Doubtful ; uncertain :—সন্দেহপূর্ণ ; সংশয়পূর্ণ ; সংশয়ান্বিত ; Suspicious :—বিবদনীয় ; Disputable. *Syn* :—Equivocal, disputable, controvertible, debatable, problematical.

Questionary, *a.* তত্ত্বজিজ্ঞাসু, Inquiring.

Questionist, kwest'yun-ist, *n.* প্রশ্নকারী ; প্রশ্নকর্ত্তা ; তত্ত্বানুসন্ধায়ী ; A questioner.

Questor, kwest'or, *n.* প্রাচীন রোমরাজ্যের ম্যাজিষ্ট্রেট ; কোষাধ্যক্ষ ; A Roman magistrate, who had charge of the monetary affairs of the state ; a treasurer. *n*=questorship. [twist of pair.

Queue, kū, *n.* পুরাকালীয় পৃষ্ঠবেণী ; A tail-like

Quibble, kwibl, *n.* বাক্যের ছল ; কথার মারপেঁচ ; বক্রোক্তি, শ্লেষ ; An evasion, a pun ; a petty conceit :—*v. i.* বাক্যের ছল-কৃ ; To evade ; to pun. *n*=quibbler (শ্লেষকারী)।

Quick, kwik, *a.* সজীব ; জীবৎ ; Alive ; living :—তীক্ষ্ণ ; Sharp, keen :—প্রফুল্ল ; Lively ; vigorous :—চটুল ; Agile :—শীঘ্র ; দ্রুত ; বায়ুসমত ; Speedy ;

rapid; swift :—গর্ভবতী; With child :—*n.* সজীব জন্তু বা বৃক্ষ; A living animal or plant :—জীবিত প্রাণী; The living :—অনুভূতি সম্পন্ন দেহাংশ; The sensitive parts :—*ad.* শীঘ্র; অবিলম্বে; দ্রুতবেগে; Soon; without delay; rapidly :—*n.* ত্বরা; Quickness; speed. *ad*=quickly. *n*=quickness. *Syn* :—(*a*) Active, brisk, alert, prompt, ready; fleet, expeditious; adroit, skilful, dexterous, clever; hasty, impetuous, passionate.

Cut, sting, or touch to the quick—মরমে আঘাত-কৃ; মর্মে আঘাত-কৃ; মর্মাহত-কৃ; Wound one in the most sensible parts; afflict or distress one deeply.

Piercing to the quick—মর্মভেদী।

Quick as lightning—বিদ্যুতের ন্যায় ঝটিৎ বা তৎক্ষণাৎ।

Quick as throught—অতি শীঘ্র; Very quickly.

Quick ear—Natural aptitude for distinguishing right notes from wrong.

Quick of hand—লঘুহস্ত।

Quick with child—গর্ভবতী; Pregnant.

To the quick—মর্মে; প্রাণে।

With a quick pace—দ্রুতপদে।

Quicken, kwikn, *v. t.* জীবিত-কৃ; সজীব কৃ; পুনর্জীবিত-কৃ; To vivify; to make alive :—তীক্ষ্ণ-কৃ; To sharpen :—প্রফুল্লিত-কৃ; আনন্দিত-কৃ; To cheer :—ত্বরান্বিত-কৃ; ত্বরা-কৃ; দ্রুতগামী-কৃ; To hasten :—উত্তেজিত-কৃ; To excite :—*v. i.* দ্রুতগামী-হ। *n*=quickner. *Syn* :—Revive, resuscitate, reinvigorate, refresh; accelerate, expedite, despatch. speed; animate, stimulate.

Quickly, *ad.* সত্বর; তৎক্ষণাৎ; অবিলম্বে; Soon; immediately.

Quickness, kwiknes, *n.* তৎপরতা; দ্রুতবেগ, তীক্ষ্ণতা; Rapidity of motion. *Syn* :—Speed, velocity, celerity, haste, expedition, despatch, swiftness, nimbleness, fleetness, agility, activity, briskness,; liveliness, sagacity, shrewdness, penetration, keenness, sharpness, dexterity, adroitness, aptness, facility.

Quick-lime, kwiklim, *n.* কলিচুণ; বাখারি চুণ, Carbonate of lime without its carbonic acid.

Quick-sand, kwiksand, *n.* চোরাবালি; Unsolid ground; losoe sand abounding with :—বিশ্বাসঘাতক বিষয়; Any thing treacherous.

Build on a quicksand—চোরা বালির উপর গৃহ নির্মাণ-কৃ; অসম্ভব বিষয়ের কল্পনা-কৃ, Iudulge in visions or dreams that are utterly impracticable.

Quick-scented, *a.* Acute of smell.

Quick-set, *n.* বৃক্ষ বিশেষ; A plant :—*a.* সজীব বৃক্ষ-রচিত; Composed of living plants.

Quick-sighted, kwiksit-ed, *a.* তীক্ষ্ণদৃষ্টি; Keen-sighted; sharp sighted :—তীক্ষ্ণবুদ্ধি; Quick in discernment.

Quick-silver, kwiksil-ver, *n.* পারদ; পারা, Mercury :—*v. t.* পারদ দ্বারা আচ্ছাদিত-কৃ; Cover with mercury, as a looking glass.

Quick-witted, *a.* উপস্থিত বুদ্ধিবিশিষ্ট; প্রত্যুৎপন্নমতি; Having ready wit.

Quid, kwid, *n.* চর্বিত দ্রব্য; Something chewed :—মুখে রক্ষিত তামাক; A piece of tobacco kept in the mouth.

Quiddity, kwidi-ti, *n.* সূক্ষ্মতা; অনর্থক তর্ক বা বাক্‌চাতুর্য্য; A trifling nicety; a cavil; a captious question :—নির্য্যাস; সার; The essence of anything.

Quidnunc, kwidnungk, *n.* অনুসন্ধিৎসু ব্যক্তি; সর্বজান্তা ব্যক্তি; One always on the look out for news.

Quiescence, kwisens, *n.* নিস্তব্ধতা; স্থিরতা; নিশ্চলতা; Silence; rest of mind.

Quiescent, kwi-esent, *a.* স্থির; নিস্তব্ধ; নিশ্চল; শান্ত; Still; not moving; unagitated; silent. *n*=quiescence. *ad*=quiescently (স্থিরভাবে; quietly). *Syn* :—Motionless, quiet, dormant; mute, not sounded.

Quiet, kwiet, *a.* প্রশান্ত; সুস্থির; শান্ত; নম্র; Calm; at rest; tranquil; gentle; mild :—*n.* উপদ্রবশূন্যতা; নিরিবিলতা; নিস্তব্ধতা; শান্তি; Repose; rest; calm; stillness; peace :—*v. t.* স্থির-কৃ; সান্ত্বনা-কৃ; শান্ত-কৃ; To calm; to pacify; to lull; to suppress; to ally. *ad*=quietly (স্থির হইয়া)। *Syn* :—(*n*) Tranquility; silence; calmness.

At quiet—নীরব; স্থির।

In quiet—চুপে চুপে; স্থিরভাবে।

Quiet times—নিরুপদ্রব কাল।

Quietism, kwiet-izm, *n.* মানসিক শান্তি; বৈরাগ্য; ঔদাসীন্য; Mental tranquillity; indisturbance :—জীবাত্মা ও পরমাত্মার যোগই পরম ধর্ম এই মত; The doctrine that religion consists in repose of the mind and passive contemplation of the Deity.

Quietist, *n.* মানসিক স্থৈর্য্যাদিই ধর্ম এই মতবাদী; One who believes in this doctrine.

Quietly, kwiet-li, *ad* স্থির হইয়া, স্থিরভাবে; শান্তভাবে, নিস্তব্ধভাবে; Calmly, patiently; silently.

Quietness, kwiet-nes, **Quietude,** kwiet-ūd, *n.* শান্তি; বিশ্রাম; স্থৈর্য্য; নিস্তব্ধতা; Repose; stillness; peace, silence.

Quietus, kwi-ētus, *n.* বিশ্রাম; শান্তি; Rest; repose :—মৃত্যু; Death .—চূড়ান্ত নিষ্পত্তি; A final settlement.

Quill, kwil, *n.* হংসাদির পুচ্ছ, পালক; The feather of a goose or other bird used as pen :—কলম; A pen :—শজারুর কাঁটা; মেরুদণ্ড; The spine, as of a porcupine :—শর; শরের কলম; A piece of reed; a reed-pen :—*v. i.* চুনট-কৃ; To plant with small ridges like quills.

A quill driver, *n.* কেরাণী; লেখক; A mere clerk. [of a clerk.

Quill-driving, *n.* কেরাণীগিরি; The occupation

Quillet, *n.* হেত্বাভাসের কৌশল; তুচ্ছ বাগ্‌জাল; A trick in argument; a petty quibble.

Quilt, *n.* লেপ, বেজাই, বালাপোষ; The cover of a bed, a thick coverlet :—*v. t.* লেপ-কৃ; তুলা ভরিয়া কাঁটা, To stitch together with soft or warm substance between.

Quinary, kwinar-i, *a.* পঞ্চক; পাঁচটায় পাঁচটায় পূর্ণ, Consisting of or arranged in fives.

Quince, *n.* অম্ল ফল বিশেষ; A fruit with an acid taste.

Quinine, kwinin, *n.* কুইনাইন; কুইনেন; Vegetable alkali from cinchona.

Quinquagesima, *a.* পঞ্চাশত্তম; Fiftieth.

Quinquangular, kwin-kweng'gū-lar. *a.* পঞ্চকোণবিশিষ্ট; পঞ্চ কোণী; Having five angles.

Quinquennial, kwin-kwenyal, *a.* [L. *quinque*, five, and *annus*, a year] পঞ্চবর্ষব্যাপী ; পঞ্চবার্ষিক ; পাঁচশালা ; Occurring one in five years ; lasting five years.

Quinsy, kwinze, *n.* কণ্ঠনালী-প্রদাহ ; গলার ক্ষত ; প্রদাহযুক্ত কণ্ঠস্ফীতি ; Inflamatory sore throat.

Quintal, kwintal, *n.* পরিমাণ বিশেষ ; হন্দর ; Hundred weight ; 100 lbs.

Quintessence, kwin-tesens, *n.* সারাংশ ; বিশুদ্ধ সারভাগ ; The pure essence of anything.

Quintillion, kwin-tilyun, *n.* এককের পৃষ্ঠে ত্রিংশৎ শূন্য বসাইলে যে সংখ্যা হয় তাহা ; Fifth power of a million.

Quintuple, kwintū-pl, *a.* [L. *quintus*, fifth, *plico*, to fold] পঞ্চগুণিত ; পাঁচগুণ ; Five fold :—*v. t.* পঞ্চগুণিত-কৃ ; পাঁচগুণ-কৃ ; To make five fold.

Quip, kwip, *n.* বিদ্রূপ ; ঠাট্টা ; তামাসা ; Taunt ; a jibe ; scoff :—*v. t.* ঠাট্টা-কৃ ; To taunt.

Quips and cranks—Jests and conceits.

Quire, kwir, *n.* এক দিস্তা ; 24 sheets of paper :—Old form of choir.

Quirk, kwerk, *n.* আঘাত ; Quick stroke :—বিদ্রূপ ; ঠাট্টা ; Smart taunt ; a quip :—বক্রোক্তি ; ফেরফোর ; বাক্যের ছল ; Quibble :—ছল ; Trick, decit ; shift :—আত্মাভিমান, A slight conceit.

Quirkish, *a* বিদ্রূপাত্মক ; Consisting of quirks.

Quit, kwit, *v.t.* ত্যাগ-কৃ ; To abandon ; to leave —শোধ-কৃ, To dischaige ; to repay :—মুক্ত-কৃ ; মাফ-কৃ ; রেহাই-কৃ, To replease from obligation, to absolve ; acquit :—বন্ধ-কৃ ; To stop :—*a* নির্মুক্ত ; অব্যাহতিপ্রাপ্ত ; মুক্ত ; Set free ; acquitted. *Syn* :—(*v*) Leave, vacate, relinquish, resign, surrender ; settle, pay, liquidate ; deliver, set free, clear.

Cry quits—পরস্পরের দেনাপাওনা সমস্ত পরিষ্কার হইয়া গিয়াছে ; Acknowledge that one's account with another is clear and settled. [(with you)

To be quits—সমকক্ষ হ ; মিলন-হ, To be even

To quit cost—খরচ-দে।

To quit one's self—ব্যবহার-কৃ, To behave.

To quit scores—হিসাব মিটান।

Quite, kwit, *ad.* সম্পূর্ণরূপে ; Completely, wholly, entirely :—অতীব, অত্যন্ত ; Very. *Syn* :—Totally, perfectly ; considerably, largely.

Quit-rent, kwit-rent, *n.* মুক্তি-রাজস্ব, যাহা প্রদত্ত হইলে আনুগত্য হইতে অব্যাহতি হয় ; Rent paid by the tenant of a free hold discharging him from any other rent.

Quittance, kwitans, *n.* নিষ্কৃতি, ঋণমুক্তি ; কর্জ্জ হইতে অব্যাহতি ; খোলাসা, ফারকত ; Discharge from a debt or obligation.

Quiver, kwiver, *n.* তূণীর, A case for arrows.

Quiver, kwiver, *v. i.* [D. *quicker*, vivid] কম্পিত-হ ; To tremble ; to shiver :—*n.* কম্পন ; A tremor. *Syn* :—Quake, vibrate, shudder.

Quivered, kwiverd, *a.* তূণীরবিশিষ্ট ; কোষাবৃত ; Furnished with a quiver ; sheathed.

Quivive, *n.* ফরাসী চৌকিদারের 'কেও' 'কে যায়' ইত্যাদি ডাক।

Quixotic, kwiks-otik, *a.* ঔপন্যাসিক ; Like Don Quixote, the hero of Cervantes ; romantic to extravagance. *ad*=quixotically.

Quixotism, kwiksot-izm, *n.* ডনকুইক্সটের চেষ্টার ন্যায় উৎকট চেষ্টা ; মতলব ; দুঃসাহস ; Romantic and absurd notions, schemes or actions like those of Don Quixote.

Quiz, kwiz, *n.* প্রহেলিকা ; হেঁয়ালি ; A riddle ; a puzzle :—অদ্ভুত লোক ; An odd fellow :—*v. t.* হতবুদ্ধি-কৃ ; To puzzle :—উপহাস-কৃ ; ব্যঙ্গ-কৃ ; To make sport of.

Quoif, koif, *n.* শিরোত্রাণ ; টুপী ; A cap or hood :—*v. t.* টুপী পরান ; To dress with a quoif.

Quoin, koin, *n.* বহিঃস্থ কোণ, An external angle :—ফর্মা আটিবার গুলি ; A wedge-like piece used to fasten the types in the forms.

Quoit, koit, *n.* নিক্ষেপার্থ লৌহ নির্মিত ক্রীড়াচক্র ; A circular iron ring, to be pitched at a fixed object in play. [Former.

Quondam, kwondam, *a.* ভূতপূর্ব্ব, পূর্ব্ববর্ত্তী,

Quorum, kwō'rum, *n.* কার্য্য সম্পাদনে নির্দ্দিষ্ট সভ্য-সংখ্যা ; Sufficient number to hold a meeting and transact business.

Quota, kwō'ta, *n.* [L. *quotus*, of what number —*quot*, how many] অংশ ; আনুপাতিক অংশ ; The part or share assigned to each ; a proportional share. [quoted.

Quotable, kwōta-bl, *a.* উদ্ধরণীয় ; That may be

Quotation, kwo-tashun, *n.* উদ্ধার ; প্রমাণার্থ উদ্ধৃত বচন ; প্রমাণস্থলে উল্লেখ ; Quoting ; a passage cited :—বাজার দর ; চলিত দর ; Current price.

Quote, kwōt, *v. t.* বচন উদ্ধৃত-কৃ ; পুনরুক্তি-কৃ, To repeat the words of any one ; to cite :—বাজার দর-দে ; প্রচলিত মূল্যের উল্লেখ-কৃ ; To give the current price of.

Quoth, kwōth, *v. t.* বলিলেন ; বলিতেছেন ; কহে, কহিল ; Say, says or said :—Used only in the 1st and 3rd persons, in the present and past tenses, with the nominative always following it.

Quotidian, *a.* প্রাত্যহিক ; ঐকাহিক ; দৈনন্দিন ; Occuring daily ; returning daily :—*n.* দৈনিক পালা জ্বর, প্রাত্যহিক জ্বর, ঐকাহিক জ্বর, A fever that returns daily, a kind of ague that returns daily.

Quotient, kwōshent, *n.* [L. *quoties*, how often] ভাগফল, Result of a division.

R

R—ইংরাজি বর্ণমালার অষ্টাদশ বর্ণ বা অক্ষর ; The 18th letter of English alphabet.

R's, *n. pl.* লিখন পঠন ও হিসাব ; Reading, (w)riting, and (a)rithmetic (এই সামান্য শিক্ষাত্রয়কে)

The three R's বলে।—Reading, writing, and arithmetic (the last word being pronounced as if the A were not there).

Rabbet, *n.* খাঁজ, রাবিট, A groove cut in the

edge of a plank so that another may fit into it:—*v. t.* রাবিট দেওয়া ; খাঁজ কাটা ; To groove a plank thus. [কাটে যে জোড় দেওয়া হয় তাহা।

Rabbet-joint, *n.* রাবিট জোড় ; খাঁজ কাটিয়া কাটে

Rabbet-plane, *n.* খাঁজা বোম্‌বাপ্‌।

Rabbi, rabi, **Rabbin,** rabin, *n.* ইহুদি পণ্ডিতের পদ ; ইহুদিদের ধর্মশাস্ত্রের পণ্ডিত মহাশয় ; A Jewish title of a doctor or expounder of the law ; lord. *a*=rabbinic, rabbinical.

Rabbinism, rabin-izm, *n.* ইহুদিদের ধর্মমত ; The doctrine or teaching of the *rabbis.*

Rabbinist, *n.* One who adheres to the Talmud and traditions of the *rabbis.*

Rabbit, rabit, *n.* শশক ; খরগোস ; A small four-footed beast of the hare kind ; a cony.

Rabble, rabl, *n.* ইতর লোকসমূহ ; নিম্নশ্রেণীর লোকের ভিড় ; A mob , the lowest class of people :—*v. t.* ইতর লোক দ্বারা অপমান কৃ ; জনতা দ্বারা প্রহার বা অপমান-কৃ ; To mob ; to insult by a mob.

Rabid, rabid, *a.* [L *rabidus,* from *rabies,* rage] প্রচণ্ড ; উৎকট , উন্মত্ত ; ক্ষিপ্ত ; Furious ; raging ; mad. *n*=rabidness (প্রচণ্ডতা)। *ad*=rabidly (ক্ষিপ্তভাবে)। *Syn* :—Infuriated, frantic, maniacal.

Rabies, *n.* কুকুরশৃগালাদির ক্ষিপ্ততা ; A distemper, as that of dogs, from which hydrophobia is communicated.

Raca, *a.* অপদার্থ ; Worthless.

Raccoon, Racoon, ra-kōōn, *n.* মাংসাশি জন্তু-বিশেষ ; A fur bearing quadruped of North America.

Race, rās, *n.* বংশ ; বর্ণ ; কুল ; Lineage ; family :—জাতি ; Nation, tribe :—যাত্রা ; March ; progress :—মদ্যাদির বিশেষ গন্ধ বা তেজ ; Peculiar flavour or strength as of wine :—দল ; পশুদল ; A herd :—প্রকার ; শ্রেণী ; A breed :—প্রবল স্রোত ; A rapid current :—ধাবনের প্রতিদ্বন্দ্বীতা ; দৌড় ; Contest in running or speed :—গতি ; সঞ্চার , Progress ; movement of any kind :—*v. i.* দ্রুতবেগে দৌড়ান : To run swifty :—বাজি রাখিয়া দৌড়ান ; বাজি রাখিয়া দৌড়-কৃ ; To contend in running. *Syn* :—(*n*) Line, breed, offspring, progeny, issue, generation ; farmily, clan, people ; course, career · chase, pursuit ; water-course, mill-race. [দৌড়ান।

To run a race—বাজি রাখিয়া দৌড়ান ; এক দৌড়

Race-ball, *n.* Ball held on a race day.

Race-course, rāskōrs, *n.* দৌড়ের বৃত্তাকার পথ , ঘোড়দৌড়ের রাস্তা ; দৌড়চক্র ; A circular path on which races are run.

Race-day, *n.* ঘোড়দৌড়ের দিন ; Day on which a race is held. [which a race is held.

Race-ground, *n.* ঘোড়দৌড়ের মাঠ ; Ground on

Race-horse, rāshors, *n.* ঘোড়দৌড়ের ঘোড়া , দ্রুতগামী অশ্ব ; A horse bred for racing.

Raceme, *n.* পুষ্পস্তবক ; A flower in cluster.

Racemed, *a.* পুষ্পস্তবক বিশিষ্ট ; Having a raceme

Racer, rāsér, *n.* ঘোড়দৌড়ের ঘোড়া ; A race-horse :—ধাবক ; One who races.

Rack, rak, *n.* তীব্র বেদনা ; Extreme pain :—যন্ত্রণাদায়ক যন্ত্র বিশেষ ; সম্পীড়ন যন্ত্র ; Engine of torture ; an instruement for extending or stretching :—দ্রব্য সাজাইয়া রাখিবার যন্ত্র বা আধার বিশেষ ; A framework on which articles are arranged :—অশ্বাদির ভোজনার্থ শুষ্ক তৃণাদি দিবার বের ; A receptable for hay for feeding horses &c. :—সংলগ্ন-দন্ত দণ্ড বিশেষ ; A straight jar with teeth to work with those of a wheel :—*v. t.* সম্পীড়ন যন্ত্রের উপর রাখা ; To stretch on the rack or wheel :—যন্ত্রণা-দে ; পীড়ন-দে ; To torture ; to strain :—পিটা বা পাইট হইতে পৃথক-কৃ ; To draw from the lees :—*v. i.* শূন্যে ভাসমান-হ ; To fly or float as broken clouds. *Syn* :—Extend, force, wrest ; torment, agonize ; distress, harass ; defecate, strain.

Be on the rack—অত্যন্ত যাতনাগ্রস্ত-হ ; উৎকট পীড়ন সহ্য-কৃ ; Be in extreme pain of body or mind :—কোন কিছু লইয়া মাথা ঘামান ; Be in a state of restless activity.

Go to rack and ruin—উচ্ছিন্ন যাওয়া ; ছারেখারে যাওয়া , বিনষ্ট হওয়া ; Perish or be destroyed.

Put to the rack—অত্যন্ত যন্ত্রণা-দে ; কঠোর পীড়া দেওয়া বা যাতনাগ্রস্ত-কৃ , Subject to extreme tortur of body or pain of mind ; to torment.

Rack and ruin—সম্পূর্ণ বিনাশ ; ছারখার।

Rack one's brains or **wits**—যতদূর সাধ্য বুদ্ধি খাটান , যারপরনাই মাথা ঘামান ; Strain them to the uttermost without adequate result.

Racket, *n.* ক্রীড়াদণ্ড বিশেষ ; Bat used at tennis :—গোলমাল ; হৈ চৈ ; A chattering noise :—ক্ষুদ্র জাল ; Small net :—তুষার জুতা ; A snow-shoe :—*v. t* (র‍্যাকেট) দ্বারা আঘাত-কৃ ; To stike, as with a racket. *a*=racky (রবকারী ; noisy).

Rack-rent, rak-rent, *n* উচ্চ হারে নির্দিষ্ট কর ; অতিরিক্ত রাজস্ব ; Extreme rent ; rent raised to the utmost. [sive rent.

Rack-rented, *a.* Subject or liable to exces-

Racy, rāse, *a.* তীব্র ; সুগন্ধ , তেজাল ; Strong , flavoured ; high :—টাটকা ; তীব্রস্বাদবিশিষ্ট ; সতেজ রসযুক্ত ; Seasoned ; pungent. *ad*=racily. *n*=raciness. *Syn* :—Spicy, spirited, lively, smart, piquant, fresh, rich.

Raddle, *v. t.* বয়ন-কৃ ; বোনা ; Interweave :—*n.* বৃক্ষশাখায় প্রস্তুত বেড়া ; A hedge formed by inter weaving the branches of trees.

Radial, rádi-al, *a.* অংশুবৎ নির্গমকারী ; Shooting out like a ray or radius :—করাস্থি সম্বন্ধীয় ; Pertaining to the radius of the forearm.

Radiance, ráde-ans, **Radiancy,** rádi-an-si, *n.* উজ্জ্বলতা , ঔজ্জ্বল্য ; প্রভা ; Brilliancy, lustre ; splendour. *Syn* :—Splendour, glitter, glare, effulgence, resplendence.

Radiant, ráde-ant, *a.* [L. *radians, ppr.* of *radiare,* to emit rays] সমুজ্জ্বল ; প্রভাশালী ; উজ্জ্বল ; Bright ; shining :—*n.* ব্যাসার্ধ ; A straight line from a point about which it is conceived to revolve. *ad*=radiantly. *Syn* :—(*a*) Lustrous, beaming, glittering, brilliant, splendid, effulgent, resplendent.

Radiata, *n.* অংশুকায় ; Rayed animals.

Radiate, ráde-āt, *v. t.* [L. *radiare,* from *radius,* ray] বিভাসিত-কৃ ; আলো বিকীর্ণ-কৃ ; Send out or proceed in rays :—*v. i,* বিকিরিত-হ , বিভাবিত-হ ; To emit rays of light. *Syn* :—Shine, gleam, emanate.

Radiation, rā-di-āshun, *n.* বিকিরণ ; সরল রেখাক্রমে বিস্তৃতি ; The emission and diffusion of rays of light or heat.

Radiation of heat—তাপ বিকীরণ ।

Radical, rade-kal, *a.* [L. *radix, radicis,* a root] *a.* যৌগিক ; আদিম ; Primitive, orininal :—প্রকৃত , Fundamental ; real :—প্রজাতন্ত্র-রাজনৈতিক , In politics, altra liberal, democratic :—*n.* ধাতু ; A root :—মূল শব্দ বা বর্ণ , A primitive word or letter :—প্রজাতন্ত্র-রাজনীতির পক্ষপাতী লোক ; A democrat :—যৌগিক পদার্থের মূল ; The base of a chemical compound. *ad*=radically (মূলে ; সম্পূর্ণরূপে) ; *n*=radicalness. *Syn* :—(*n*) Organic, constitutional, underived, innate ; uncompounded, simple ; thorough, complete, entire.

Radical cure—সম্পূর্ণ আরোগ্য ।

The radical sign—গণিতের চিহ্ন বিশেষ ।

Radicalism, radi-kal-izm, *n.* প্রজাতন্ত্র রাজনীতি , অত্যুন্নতিশীল ব্যক্তির মতামত ; The principle or spirit of a democrat.

Radicate, radi-kāt, *v. t.* দৃঢ়রূপে বদ্ধমূল-কৃ , To root ; to plant deeply and firmly :—*a.* দৃঢ়রূপে বদ্ধমূল ; Deeply-rooted.

Radicle, *n.* ক্ষুদ্র মূল ; A little root.

Radish, radish, *n.* মূলা , An eatable root.

Radius, rādi-us, *n.* ব্যাসার্দ্ধ ; বৃত্তের কেন্দ্র হইতে পরিধি পর্য্যন্ত যে সরল রেখা টানা যায় ; A straight line drown from the centire of a circle to the ciruumference :—বাহুর অস্থি বিশেষ , The exterior bone of the arm. *pl*=radii.

Radix, rā'diks, *n.* মূল ; মূল শব্দ ; A root ; a primitive word :—গণিত প্রণালী বিশেষের মূল , The base of a mathematical system.

Raff, *n*, স্তূপ ; গাদি ; Lumber.

Raffle, raf'l, *n.* গুর্হিখেলা ; দ্যূত-ক্রীড়া ; পাশা-ক্রীড়া ; Disposing of lottery and by dice , a game of lottery :—*v. i.* গুর্হিখেলা-কৃ ; To engage in a raffle.

Raft, raft, *n.* উড়ুপ ; ভেলা ; মাড , Logs fastened together to serve as a support on the water :—*v. t.* ভেলা দ্বারা বহন-কৃ ; To carry on or in a raft.

Rafter, rafter, *n.* বরগা ; রুয়া ; A support ; a beam supporting the roof of a house.

Raftsman, raftsman, *n.* উড়ুপ চালক ; One who manages a raft floating down a river.

Rag, rag, *n.* চীর বস্ত্রখণ্ড ; A fragment of cloth :—জীর্ণ বস্ত্র ; ছিন্ন বস্ত্র ; নেকড়া ; কানি ; Worn out cloth :—*pl.* সামান্য পরিচ্ছদ ; Mean attire.

Ragamuffin, rag-a-muf'in, *n.* ইতর লোক , নীচ ব্যক্তি ; ওঁচা লোক ; Idle, worthless, ragged fellow ; mean wretch ; a mean paltry fellow.

Rage, rāj, *n.* [L. *rabies,* fury] প্রচণ্ড কোপ , রোষ ; রাগ ; ক্রোধ ; Uiolent anger ; fury :—লালসা ; Violent passion ; eagerness :—প্রকোপ ; প্রাবল্য ; Extrme violence :—রীতি ; Fashion :—*v. t.* রাগোন্মত্ত-হ ; ক্রোধোন্মত্ত-হ ; ক্রুদ্ধ-হ ; To be furious with anger :—অত্যন্ত প্রাদুর্ভাব-হ ; প্রবল-হ ; To prevail fatally, as a disease :—প্রবলরূপে আলোড়িত-হ ; To be violently agitated, as the waves. *Syn* :—(*v*) Vehemence, violence, fury, passion, frenzy, ire ; eagerness ; vogue. (*v*) Storm, fret, chafe.

The fire of rage—ক্রোধানল ।

Ragged, rag'ged, *a.* ছিন্ন ; জীর্ণ , গলিত ; Torn or rent into rags , worn into rags ;—নেকড়া পরা ; ছিন্ন বস্ত্র পরিহিত ; Clad in rags :—কর্কশ-পৃষ্ঠ ; আবড়ো-খাবড়ো ; Having a rough edge. *ad*=raggedly. *n*=raggedness. *Syn* :—Tattered, rent, torn ; uneven, jagged, rugged.

Ragged-school, *n.* যে বৈতনিক বিদ্যালয়ে দরিদ্র সন্তানেরা পাঠ করে ; দরিদ্র বালকদিগের বিদ্যালয় ; School for street wanderers , school intended for the poor. [millet.

Raggee, rag-gē', *n.* তৃণধান্য বিশেষ ; A species of

Raging, rājing, *a.* ক্রোধান্বিত ; দীপ্যমান ; প্রচণ্ড , Furious ; impetuous. *ad*=ragingly (প্রচণ্ডভাবে) ।

Ragout, ra-gōō', *n.* মাংসের ব্যঞ্জন বিশেষ ; A highly seasoned dish. [impure lime-stone.

Ragstone, Ragg, *n.* প্রস্তর বিশেষ ; A kind of

Rag-tag, *n.* সমাজের অতি নীচ ব্যক্তি ; সমাজের ওঁচা লোক ; The scum of population. [weed.

Ragwort, *n.* আগাছা বিশেষ ; A large coarse

Raid, rād, *n.* [A. S. *râd*, a riding] লুণ্ঠনার্থ আক্রমণ ; A hostile or predatory invasion. *n*=raider (আক্রমণকারী) । *Syn* .—Foray, inroad.

Rail, rāl, *n.* গরাদিয়া , গরাদে ; রেল ; A bar of wood or iron resting on posts :—লোহবর্ত্ম ; One of the iron bars on which railway carriages run :—পক্ষি-বিশেষ ; A genus of birds :—*v. t.* বেষ্টন-কৃ ; To enclose :—গালি বর্ষণ-কৃ ; To abuse, reproach , revile :—তিরস্কার-কৃ , কন্দল-কৃ , To brawl. *Syn* :—(*v*) Bluster, scold ; reproach, scoff.

By rail—রেল পথে ; রেলগাড়ি করিয়া ; By railway.

Rail at or **against**—বিদ্রূপভাবে নিন্দা করা বা গালি-দে ; Use insolent and reproachful language ; scoff at.

Railing, rāling, *n.* লোহের বেড়া ; কাটগড়া ; রেলের বেড়া ; A fence of posts and rails :—গালি ; তিরস্কার ; ঠাট্টা ; Abuse, reviling.

Raillery, rāler-i, *n.* উপহাস ; বিদ্রূপ ; ঠাট্টা , Banter ; good-humoured satire or irony.

Rail-road, rālrōd, **Railway,** rāl'wā, *n.* লোহ-পথ ; লোহবর্ত্ম ; রেলের পথ ; A road or way laid with iron rails on which carriages run.

Raiment, rāment, *n.* পরিচ্ছদ ; পোষাক ; বস্ত্র , Clothing in general ; clothes. *Syn* :—Vestments, garments, dress, apparel, attire.

Rain, rān, *n.* বৃষ্টি ; Water from the clouds :—*v. i.* বৃষ্টি-হ ; বৃষ্টি পড়া ; জলবিন্দুর ন্যায় পতিত-হ ; To fall from the clouds ; to drop like rain :—*v. t.* বৃষ্টি বর্ষণ-কৃ , To pour like rain.

It rains—বৃষ্টি হইতেছে ।

Rain in torrents—মুষলধারে বৃষ্টি পতিত-হ ; To rain with violent or rapid flow.

Rain or shine—Without regard to weather.

Rainbow, rānbō, *n.* ইন্দ্রধনু , রামধনু ; Iris ; the brilliant coloured bow or arch seen when rain is falling opposite the sun.

Rain-fall, *n.* বৃষ্টিপাত ; বর্ষিত বারি ।

Rain-gauge, rāngāj, *n.* বৃষ্টি মাপক যন্ত্র ; বৃষ্টিমান যন্ত্র ; An instrument for measuring the quantity of rain that falls ; measure of quantity of rain.

Rain tight—So tight as to exclude rain.

Rain-water, *n.* বৃষ্টির জল ।

Rainy, rāni, *a.* বাদলা ; বৃষ্টিবহুল ; সবর্ষণ , আর্দ্র ; Abounding with rain ; showery.

Against a rainy day—অসময়ের জন্য ; As a provision for bad times. [দুঃসময় ।

A rainy day—যে দিনে অতিশয় বর্ষণ হয় ; দুর্দিন ;

The rainy season—বর্ষাকাল ।

Raise, rāz, *v. t.* উত্থাপন-কৃ ; উত্তোলন-কৃ ; তোলা ; To cause to rise ; elevate ; lift up ; set up right :—বর্দ্ধিত শক্তি-কৃ ; সতেজ বা বলবৎ-কৃ ; To increase the strength of :—উৎপাদন-কৃ ; To originate or produce :—উন্নত-কৃ ; বৃদ্ধি-কৃ ; To exalt :—খাড়া-কৃ ; নির্ম্মাণ-কৃ ; To erect ; to make upright ; build :—উত্তেজিত-কৃ ; জাগান ; চেতান ; To excite ; arouse :—জীবিত-কৃ ; Bring into being :—ভূত নামান ; Call up ghosts :—আরম্ভ-কৃ ; Begin :—উচ্চ শব্দ-কৃ ; Utter loudly :—স্ফীত-কৃ ; To cause to swell, as dough. *Syn* :—Uplift, hoist, heave ; construct ; elevate, advance, promote ; augment ; enhance, heighten, aggravate ; awaken ; collect, levy ; obtain, get ; produce, breed ; institute.

Raise a blockade—To remove or break up a blockade. [দূরীভূত-কৃ ।

Raise a cheque—বরাতি চিঠিতে অঙ্কাদি বাড়াইয়া

Raise an army—সৈন্য সংগ্রহ-কৃ ।

Raise a siege—অবরোধন চেষ্টা ত্যাগ-কৃ ; অবরোধ করিয়া দখল করিবার উদ্যম ত্যাগ-কৃ . Remove a besieging army and abandon the attempt ; relinquish an attempt to take a place by besieging it.

Raise money—টাকার যোগাড় বা টাকা সংগ্রহ-কৃ . Get together or obtain money.

Raise the devil—ভয়ানক উৎপাত-কৃ ।

Raise the wind—কোনও উপায়ে অর্থ সংগ্রহ-কৃ , টাকার জোগাড়-কৃ ; Procure money ; obtain the necessary funds. [grape.

Raisin, rāzn, *n.* শুষ্ক দ্রাক্ষাফল ; কিস্‌মিস ; A dried

Raj, *n.* রাজত্ব ; Kingdom. [in Hindustan.

Rajah, rāja. *n.* রাজা ; A native prince ; a king

Raj-shuya, *n.* রাজসূয় ; A festival generally celebrated by the Hindu kings at the time of their coronation.

Rake, rāk, *v. t.* [Icel. *raka*, to scrape] চাঁচিয়া ফেলা ; কাঁটা যন্ত্র দ্বারা আঁচড়াইয়া সংগ্রহ কৃ ; জড়-কৃ ; To scrape with something toothed :—চিকে দেওয়া ; To smooth with a rake :—কষ্টে সংগ্রহ-কৃ ; To collect with difficulty :—পরিশ্রমপূর্ব্বক অনুসন্ধান-কৃ ; অন্বেষণ-কৃ ; To search deligently over :—লম্বালম্বি ভাবে গোলাবর্ষণ-কৃ ; Fire into a ship in the direction of her length or decks :—*v. i.* আঁচড়াইয়া সন্ধান-কৃ ; To scrape as with a rake :—খোঁজ-কৃ , পুঙ্খানুরূপে অনুসন্ধান-কৃ ; To search minutely :—প্রবলবেগে চলিয়া যাওয়া ; To pass with violence :—ভ্রমণ-কৃ ; বেড়ান ; To wander ; ramble :—লাম্পট্য জীবন যাপন-কৃ ; To lead a debauched life :—*n.* দন্তবিশিষ্ট যন্ত্র , বিদে ; An instrument with teeth for smoothing earth :—লম্পট ; দুশ্চরিত্র লোক ; A libertine ; a debuchee :—প্রবণতা ; হেলন ; আনতি ; The inclination of a mast from the perpendicular. *Syn* :—(*v*) Scour, ransack ; search.

Rake up—ভস্মাচ্ছাদিত-কৃ ; Cover with ashes :—খুঁচিয়া তোলা ; খুঁচিয়া বাহির-কৃ ; Bring up or revive as old quarrels and grievances :—স্মরণ করিয়া বাহির-কৃ ; Call to mind. [fligate ; a debauchee.

Rake-hell, rak-hel, *n.* লম্পট , দুষ্ট লোক ; A pro-

Raking fire—A fire that passes through the whole length of the deck.

Rakish, *a.* লম্পট ; Debauched :—মাস্তুলের আনতি ভাবযুক্ত ; *Having a great inclination of the masts. ad*=rakishly (লম্পটের মত) । *n*=rakishness.

Rally, rali, *v. t.* পুনরায় শ্রেণীবদ্ধ-কৃ ; পুনর্ম্মিলিত-কৃ ; পুনর্ব্বার সংগ্রহ-কৃ ; To collect and reduce to order ; to reunite ; to gather again :—উপহাস-কৃ ; বিদ্রূপ-কৃ ; ব্যঙ্গ-কৃ ; To banter, to ridicule :—*v. i.* সংগ্রহ-কৃ ; পুনর্ব্বার শ্রেণীবদ্ধ-হ ; To assemble, reunite ; come back in order :—বল পুনঃপ্রাপ্ত-হ ; To recover ; gather strength. [হয় ।

The rallying point—যেখানে কার্য্যার্থ সকলে সমবেত

Ram, ram, *n.* মেষ ; ভেড়া ; মেড়া ; A male sheep :—(*Feg.* ewe) প্রাচীরাদি ভাঙ্গিবার ঢেঁকি কল বিশেষ ; Battering ram :—মেষরাশি ; One of the signs of the zodiac :—*v. t.* চাপা ; গাদা ; দুর্ম্মুস-কৃ ; To thrust by violence as ram ; to force together ; to drive down.

Ramble, rambl, *v. i.* [Ger. *rammeln*, to tumble] পর্য্যটন-কৃ ; ইতস্ততঃ ভ্রমণ-কৃ ; To wander ; rove :—এলোমেলো কথা কহা ; To be desultory in discourse :—*n.* ইতস্তত বিচরণ ; পর্য্যটন ; A going from place to place ; an irregular excursion. *n*=rambler (ভ্রমণকারী) । *a*=rambling. *Syn* :—(*n*) Rove, roam, range, stroll, saunter, struggle.

Rambling, *a.* ভ্রমণকারী ; পর্য্যটনশীল ; Wandering :—অনিয়মিত ; Desultory.

Ramification, ram-e-fe-kāshun, *n.* শাখা প্রশাখা ; প্রতিশাখা ; A branch :—শ্রেণী বিভাগ ; A division ; a subdivision. *Syn* :—Forking, divarication ; branch.

Ramify, rame-fi, *v.t.* [L. *ramus*, a branch, and *facere*, to make] শাখায় বিভক্ত-কৃ ; To divide into branches :—*v. i.* শাখায় বিভক্ত-হ ; To shoot into branches. *Syn* :—(*v*) Branch, divaricate ; separate, divide. [scented.

Rammish, Rammy, *a.* তীব্রগন্ধ ; Strong

Ramose, Ramous, *a* শাখাবিশিষ্ট ; Branchy.

Ramp, ramp, *n.* লম্ফ ; A leap ; a bound :—*v. t.* লম্ফ-দে ; লাফাইয়া উঠা ; To leap , to bound.

Rampant, ramp'ant, *a.* লম্ফকারী ; অনিবারিত ; দুর্দ্দান্ত ; অসংযত , প্রবল ; Overleaping restraint ; wild ; ferocious :—পশ্চাৎ পদদ্বয়ের উপর দণ্ডায়মান , Standing on the hind legs. *a*=rampancy, *ad*=rampantly. *Syn* :—Rank, luxuriant, exuberant, wanton ; frisky, violent, vehement, impetuous, headstrong.

Rampart, rampārt, *n.* [F. *rempart*, *remparer*, to fortify] দুর্গের চতুর্দ্দিকস্থ প্রাচীর ; দুর্গ প্রাচীর ; গড়ের চারিদিকস্থ মাটির ঢিপি ; Broad wall or mould around a fortified place. *Syn* :—Bulwark, defence, fortification, fort.

Ram-rod, ramrod, *n.* বন্দুকাদিতে বারুদ গাদিবার শিক ; গাদন-কাটি ; A rod used in charging a gun.

Ramstam, *a.* অতি ব্যস্ত ; হঠকারী ; Forward :—*adv.* ব্যস্তভাবে ; সহসা ।

Ran—Past tense of run.

Rancid, ransid, *a.* [L. *rancidus*, from *rancere*, to be rank] দুর্গন্ধ ; পূতিগন্ধযুক্ত ; তীব্রগন্ধ ; কটু ; Having a putrid smell, as old oil ; sour *n.* rancidness rancidity. *ad*=rancidly. *Syn* :—

Strong smelling, musty, fusty, tainted, reasty.

Rancidness, Rancidity, *n.* তীব্রগন্ধ ; কটুগন্ধ ; Sour scent.

Rancorous, rang'kur-us, *a.* বিদ্বেষপূর্ণ ; ঈর্ষাপরবশ ; বিদ্বেষান্বিত ; হিংসাপূর্ণ ; Spiteful ; malicious. *Syn* :—Malignant, malevolent, implacable ; bitter, virulent.

Rancour, rang'kur, *n.* বদ্ধমূল বিদ্বেষ ; অসূয়া ; হিংসা ; An old grudge ; spite ; virulence ; deep-seated enmity. *Syn* :—Malignity, malice, ill-will ; venom, virulence.

Random, randum, *a.* বিশৃঙ্খল ; অনিয়মিত ; অবিচারিত ; দৈবাধীন ; Done or uttered at hazard ; left to chance :—*n.* অনির্দিষ্টগতি ; লক্ষ্যহীনতা ; Hazard ; chance. *Syn* :—(*n*) Chance, fortuitous, casual.

A random shot—যদৃচ্ছাক্রমে নিক্ষিপ্ত গুলি।

At random—এলোমেলো ; যদৃচ্ছাক্রমে ; দৈববশে ; শূন্যভাবে ; দৈবাৎ ; Without settled aim or purpose ; without any settled point of direction ; wildly ; at haphazard :—যেখান সেখান হইতে ; Without any method or consideration.

Talk at random—এলোমেলো বকা।

Random shot—Shot discharged at random without any direct aim ; a shot not aimed towards any particular object.

Rang, *pa. p.* of *ring.*

Range, rānj, *n.* [F, *ranger*, from *rang*, a row] শ্রেণী, পঙ্‌ক্তি ; সারি : A row, line :—শ্রেণী ; A class ; order :—বিচরণ ; ইতস্তত: ভ্রমণ ; পরিভ্রমণ ; A wandering :—বিবর ; Compass, reach :—মনের ধারণ ক্ষমতা ; দৌড় ; Natural or acquired power to comprehend knowledge ; capacity of mind :—গোলাগুলির পাল্লা ; The horizontal distance to which a shot is carried :—ভ্রমণ সীমা ; পরিসর ; Extent of excursion :—সুদীর্ঘ চুল্লী বিশেষ, The long cooking-stove of a kitchen :—*v. i.* শ্রেণীবদ্ধ-হ ; To be placed in order :—যদৃচ্ছাক্রমে ভ্রমণ-কৃ ; অবাধে ভ্রমণ-কৃ ; To rove at large ; to wonder about :—*v. t.* বিন্যাস-কৃ ; শ্রেণীবদ্ধ-কৃ, To arrange ; to dispose in proper order ; to set in a row :—ভ্রমণ-কৃ, To rove or pass over *Syn* :—(*n*) Rank, tier ; kind, sort ; roving, excursion, scope, sweep, extent, reach, amplitude, latitude. (*v*) Rank, class ; roam, ramble ; wander, expatiate, consort ; lie, run.

Range in order of battle—যুদ্ধার্থ শ্রেণীবদ্ধ-হ।

Range of a gun—As far as shot from the gun will reach.

Range of mountains—পর্ব্বত-শ্রেণী ; A stretch or line of mountains.

Within the range—কোনও কিছুর দূরতা মধ্যে ; গোচরে।

Ranger, rānjér, *n.* পর্যটক ; ভ্রমণকারী, A rover :—শিকারী কুক্কুর ; A dog that beats the ground :—অরণ্যপাল, অরণ্যরক্ষক কর্মচারী ; An officer who superintendends a forest of park. *n*=rangership.

Ranine, *a.* [L. *rana*, a frog] ভেক সম্বন্ধীয় ; [Resembling a fog.

Reddition, *n.* [L. *reddo*, to restore] প্রত্যর্পণ ; ত্যাগ ; Restoration, surrender :—ব্যাখ্যা ; অনুবাদ ; Explanation. [answer.

Redditive, *a.* উত্তর-নির্দ্দেশক ; Conveying an

Reddle, *n.* আলোহিত খনিজ বিশেষ ; A soft clay iron ore of a reddish colour.

Redeem, rē-dēm', *v. t.* [L. *re*, again, back, and *emere*, to buy] দায়মুক্ত-কৃ ; টাকা দিয়া বন্দির মুক্ত-কৃ ; উদ্ধার-কৃ ; To ransom ; to liberate from captivity by a price :—পুনরুদ্ধার-কৃ ; পূরণ-কৃ ; To rescue :—প্রায়শ্চিত্ত-কৃ ; To atone for :—সম্পাদন-কৃ ; অঙ্গীকার পালন-কৃ, To perform, as a promise :—বন্ধক উদ্ধার-কৃ ; খোলসা-কৃ, To recover, as a pledge :—পুনরায় ক্রয়-কৃ ; To buy back. *Syn* :—Repurchase, retrieve ; free, deliver, liberate, save ; compensate, discharge, fulfil.

Redeem a pledge—বন্ধক উদ্ধার-কৃ । [ব্যবহার কৃ ।

Redeem the time—সময়ের যতদূর সম্ভব সুবিধাজনক

Redeemable, re-dēm'a-bl, *a.* উদ্ধরণীয় ; মোচনীয় ; পরিশোধনীয় ; That may be redeemed. *n*=redemableness.

Redeemer, re-dēm'ėr, *n.* উদ্ধারকর্ত্তা ; One who redeems or ransoms :—যিশুখ্রীষ্ট ; Jesus Christ.

Redeliver, *n.* পুনরুদ্ধার-কৃ ; দ্বিতীয়বার মুক্ত-কৃ ; To deliver again ; to liberate a second time. *n*= redeliverance. [second delivery or liberation.

Redelivery, *n.* প্রত্যর্পণ, পুনরুদ্ধার, মুক্তি, A

Redemption, re-dem'shun, *n.* উদ্ধার, মুক্তি ; অব্যাহতি ; খালাস ; Release, ransom ; rescue :—যিশুখৃষ্ট দ্বারা পাপীদিগের পরিত্রাণ ; The deliverance of sinners from sin and misery by Christ :—পুনঃ ক্রয়, Repurchase. *Syn* :—Repurchase, liberation, delivery ; recovery ; performance.

Redemptive, *a.* মুক্তির প্রান্ত, Pertaining to redeem.

Redemptory, *a.* মুক্তিসাধক ; Serving to redeem

Redented, re-dented, *a.* দন্তবিশিষ্ট, খাঁজ কাটা, Formed like the teeth of a saw ; indented.

Red flag, *n.* বিদ্রোহচিহ্ন, লাল নিশান, বিপদের চিহ্ন, The symbol of insurrection and terrorism.

Red hand, *n.* রক্তাক্ত হস্ত ; A bloody hand.

Red hand, Red-handed, *a.* শোণিতাক্ত, রক্তমাখা ; রক্ত-হস্ত, হাতেনাতে ; In the very act, as it were with red or bloody hands.

Red heat, red-hēt, *n.* তাপজনিত রক্তবর্ণ ; Heat amounting to redness.

Red hot, *a.* জ্বলন্ত, গন্‌গনে ; Heated to red colour, heated to redness.

Redintegrate, re-din'tē-grāt, *v. t.* [L. *re*, again, and *integrare*, to make whole] পুনরুদ্ধার-কৃ ; নব নির্ম্মাণ-কৃ ; To restore, make whole again ; to renew. *Syn* :—Renovate, re-establish, reconstruct. [নির্ম্মাণ ; Renovation.

Redintegration, *n.* পূর্ণীকরণ ; পূনর্ণবতাপাদন ; নব

Red-lead, *n.* চিত্রাদিতে ব্যবহৃত লাল রঙ্ বিশেষ ; A color used in painting.

Redlaced jacket, *n.* বেত্রাঘাত ; A flogging.

Red letter, *n.* লাল কালিতে লিখিত অক্ষর ; Mark of a saint's day :—*a.* লোহিতাক্ষরে চিহ্নিত ; শুভলক্ষণযুক্ত ; Marked by red letters : auspicious or fortunate, as a day. [Holiday.

Red letter day, *n.* অবকাশ দিন ; শুভদিন ;

Red man or skin, Red Indian, *n.* আমেরিকার আদিম নিবাসী ; An American Indian.

Red ocher—রক্ত গৈরিক।

Redolent, redō-lent, *a.* [L. *redolens*, *ppr.* of *redolere*, to emit a scent] সুগন্ধ ; সুরভিত ; Sweet scented. *n*=redolence, redolency (সৌরভ ; fragrance). *ad*=redolently. *Syn* :—Odorous, aromatic, fragrant.

Redouble, re-dubl, *v. t.* দ্বিগুণ-কৃ ; To double again :—দ্বিগুণ-কৃ ; অত্যন্ত বৃদ্ধি-কৃ ; To increase greatly ; to multiply :—*v. i.* অতি বর্দ্ধিত-হ ; To become greatly increased.

Redoubtable, re-dowta-bl, *a.* সাহসী ; ভয়ঙ্কর ; ভীম ; দুর্দ্ধর্ষ ; Terrible to foes ; formidable ; valiant.

Redound, rē-dound, *v. i.* [L. *re*, again, and *undare*, to surge] পুনঃ প্রেরিত-হ ; To be sent back :—ফলপ্রসূ-হ ; পরিণত-হ ; To result ; to conduce ; bring about :—ছাপাইয়া উঠা ; অতিরিক্ত-হ ; To be in excess. *Syn* :—Contribute, tend.

Redound to—ফল-হ ; Flow black as a consequence :—কাহারও পক্ষে কোনরূপ লাভজনক-হ ; Conduce to ; result in :—কাহারও পক্ষে কিছু লাভের হওয়া ; Accrue to one. [work ; outpost.

Redout, re-dowt, *n.* দুর্গ বিশেষ ; উপদুর্গ ; Out-

Redraft, *v. t.* নূতন পাণ্ডুলেখা-কৃ ; To draw anew :—*n.* দ্বিতীয় পাণ্ডুলিপি বা প্রতিলিপি ; A second draft or copy.

Redraw, *v. t.* দ্বিতীয় পাণ্ডুলেখ্য প্রস্তুত-কৃ ; To draw a second draft :—*v. i.* নূতন হুণ্ডী-কৃ ; To draw a new bill of exchange. [Extremely republican.

Red republican, *n.* উৎকট স্বাধীনতাপ্রিয় ব্যক্তি ;

Redress, rē-dres, *v. t.* প্রতিকার-কৃ ; To set right ; to remedy :—পূরণ-কৃ ; To make amends ; to compensate :—*n.* প্রতিকার ; উপায় ; রক্ষা ; ক্ষতিপূরণ ; Relief ; reparation ; amends. *Syn* :—Repair, rectify, amend, relieve.

Redressible, re-dresi-bl, *a.* প্রতিকারকরণীয় ; সংশোধ্য ; বিমোচ্য ; That may be redressed.

Redressive, re-dresiv, *a.* প্রতিকারক ; প্রতিকারসাধক ; Affording redress.

Red sand, Red lead, *n.* সিন্দুর।

Red-shank, *n.* জলচর পক্ষিবিশেষ ; A bird of simple family. [of a reddish-black color.

Red-silver, *n.* অপরিষ্কৃত রৌপ্য বিশেষ ; A silver ore

Red start, *n.* পক্ষিবিশেষ ; A small singing bird.

Red-tape, red-tap', *n.* কাগজ বান্ধিবার লাল ফিতা ; Tape for tying paper :—আফিসের কায়দাকানন বা দস্তুর ; সেরেস্তার কায়দা বা দীর্ঘসূত্রতা ; Official forms, official formality :—*a.* সরকারী কার্য্যালয়ের বাহ্যাড়ম্বর ঘটিত ; Pertaining to official formality.

Red-tapism, red-tap'izm, *n.* উৎকট আফিসের কায়দ ; সরকারী কার্য্যালয়ের বাহ্যানুষ্ঠানের প্রতি প্রগাঢ় অনুরাগী ; The system of routine in government and other public offices ; a strict adherance to official formalities.

Red tapist—সরকারী কার্য্যালয়ের বাহ্যানুষ্ঠানের প্রগাঢ় অনুরাগী ; A strict adherent to official formalities.

Reduce, rē-dūs, *v. t.* [L. *re*, again, back, and *ducere*, to lead] নিম্ন অবস্থায় আনয়ন-কৃ ; To bring into a lower state :—হ্রাস-কৃ ; ন্যূন-কৃ ; কমান ; To lessen ; to diminish :—দমন-কৃ ; পরাজয়-কৃ ; To subdue ; to conquer :—বিন্যাস-কৃ ; শ্রেণীভুক্ত-কৃ ; To arrange, to order :—এক মূল্যের সংখ্যা অপর মূল্যের সংখ্যায় পরিবর্ত্তিত-কৃ ; ভাঙ্গা ; To change numbers from one denomination into another. *Syn* :—Restore, render, make, shape, convert, model ; diminish, decrease, abate, shorten, curtail, impair, depress, lower, weaken ; subject, subjugate, conquer ; impoverish, ruin.

Reduce to ashes—ভস্মীভূত-কৃ।

Reduce to—কমাইয়া বা নামাইয়া আনা ; Bring down to :—সংখ্যা হ্রাস-কৃ ; Diminish in number : —নিম্নতর পদে নামান ; ক্ষমতাহীন-কৃ ; দাম কমান ; Lower in rank, or power, or price :—কোনরূপ হীনাবস্থায় আনা ; Bring to an inferior state :—আঘাত দ্বারা বা গুঁড়া করিয়া আকারান্তরে আনা ; Bring to a certain state by blows or by grinding :—মূল্য ঠিক রাখিয়া নিম্নতর টাকায় আনা ; Change from one denomination into another of the same value.

Reduce to poverty—দরিদ্র-কৃ।

Reduce to powder—গুঁড়া-কৃ ; To bring to the condition of fine particles.

Reduce to practice—কার্য্যে পরিণত-কৃ।

Reduce to order—প্রণালীবদ্ধ-কৃ।

Reduce to the ranks—অবনত-কৃ ; To degrade, as a sergeant or corporal for misconduct to the station of a private soldier.

Reduce to writing—লিপিবদ্ধ-কৃ।

Reduced, *a.* ন্যূনকৃত ; কৃশীকৃত ; চূর্ণীকৃত ;

Reduced to a skeleton—অতি কৃশ ; কঙ্কালবিশিষ্ট ; Much emaciated ; very lean.

Reducible, re-dūsi-bl, *a.* পরিণমনীয় ; That may be reduced.

Reduction, re-dukshun, *n.* হ্রাস ; লঘুকরণ ; খর্ব্বীকরণ ; Diminution :—বিজয় ; জয় ; Subjugation :—পরিবর্ত্তন ; লঘূকরণ ; A rule for changing numbers or quantities from one denomination to another.

Redundance, re-dundans, **Redundancy,** re-dundan-si, *n.* আধিক্য ; অতিরিক্ততা ; Superfluity.

Redundant, rē-dundant, *a.* অতিরিক্ত ; অত্যধিক ; ছাপাছাপি ; Superfluous. *ad*=redundantly. *Syn* :—Excessive, overflowing, superabundant, exuberant ; diffuse.

Reduplicate, re-dū'plik-āt, *v. t.* দ্বিগুণিত-কৃ ; গুণ-কৃ ; To double ; to multiply ; to repeat. *n*=reduplication (দ্বিগুণীকরণ ; দ্বিরাবৃত্তি)।

Re-echo, re-eko, *v. t.* পুনঃ প্রতিধ্বনিত-কৃ ; প্রতিধ্বনি প্রতিশব্দিত-কৃ ; To echo back :—*v. i.* পুনঃ প্রতিধ্বনিত-হ ; To resound :—*n.* প্রতিধ্বনির প্রতিশব্দ ; The echo of an echo.

Reed, rēd, *n.* শর ; নল ; খাগড়া ; A family of large grasses having jointed stems :—বেত্র ; A cane :—নল ; বেণু ; Small pipe.

Reeded, rēded, *a.* শরদ্বারা আচ্ছাদিত ; বাণ তৃণময় ; Covered with reeds. [Abounding with reeds.

Reedy, rēdi, *a.* শরযুক্ত ; নলময় ; নলাচ্ছন্ন ; বাণ তৃণময় ;

Reef, rēf, *n.* সমুদ্র নিকটস্থ বা তন্নিম্নস্থ শৈল-শ্রেণী ; Sand bank ; a range of rocks lying at or near the surface of the water :—পাইলের খণ্ড ; A portion of a sail :—*v. t.* (পাইল) অল্প উদ্ঘাটিত-কৃ ; To reduce the extent of, as a sail.

A coral reef—প্রবাল-শৈল।

Reefy, *a.* শৈলশ্রেণীময় ; Full of rocks.

Reek, rēk, *n.* বাষ্প ; ধূম ; Vapour ; smoke :—

v. i. বাষ্প নির্গত-হ; ধূম উদগম-কৃ; To emit smoke or vapour; to steam. [অপরিষ্কার, Foul.

Reeky, rēki, *a.* বাষ্পপূর্ণ; ধূমময়; Smoky:—মলিন,

Reel, rēl, *n.* চরকা; নাটাই; চেরা; Turning frame for winding thread:—স্কটলণ্ডের নৃত্য বিশেষ; A scottish dance:—*v. t.* নাটায়ে গুটান; চরকায় জড়ান; To wind up on a reel:—*v. i.* টলমল-কৃ, হেলাদুলা; To stagger:—ইতস্ততঃ-কৃ, এদিক ওদিক করিয়া যাওয়া; To vacilate.

Re-elect, *v. t.* পুনরায় নির্ব্বাচন-কৃ; To elect again. *n*=re-election (পুনর্নির্ব্বাচন)।

Re-eligible, *a.* পূর্ব্ব পদে পুনর্নির্ব্বাচ্য; Capable of being re-elected to the same office. *n*=re-eligibility,

Re-embark, *v. t.* পোতে পুনরারোপিত-কৃ; To put on board again. *n*=re-embarkation. [again.

Re-embrace, *v. t.* পুনরালিঙ্গন-কৃ; To embrace

Re-enact, *v. t.* or *i* পুনর্বিধিবদ্ধ-কৃ; To exact again. *n*=re-enactment.

Reenforce, *v. t.* পুনর্ব্বলবৎ-কৃ; নূতন সৈন্য দ্বারা সবল-কৃ; নূতন বল বা সৈন্যের দ্বারা দৃঢ়-কৃ; To strengthen with new force or support.

Re-enforcement, *n.* অতিরিক্ত সৈন্য; নবাগত সৈন্যাদি, Additional force or assistance.

Re-enter, *v. t.* পুনঃ প্রবেশ-কৃ; To enter anew. *n*=re-entrance. *a*=re-entering (অন্তঃপ্রবিষ্ট)।

A re-entering angle—বহুভুজ ক্ষেত্রের আভ্যন্তরীণ কোণ বিশেষ · অন্তর্মুখী কোণ; An angle pointing towards.

Reentry, *n.* পুনঃ প্রবেশ; পুনরাধিকার; An entering again; the resuming a possession.

Re-establish, *v. t.* পুনঃ প্রতিষ্ঠিত-কৃ; To establish again. *n*=re-establishment.

Reeve, *n.* নায়েব বা তাদৃশ কর্ম্মচারী, A steward:—*v. t.* ছিদ্র দিয়া রজ্জু চালিত-কৃ, To pass the end of a rope through any hole.

Re-examine, *v. t.* পুনঃ পরীক্ষা-কৃ; To examine again or anew. *n*=re-examination.

Re-export, *v. t.* আমদানী মাল পুনঃ রপ্তানী-কৃ, To export again which has been exported:—*n.* পুনরায় রপ্তানী করা মাল; Any commodity re-exported. *n*=re-exportation.

Refection, re-fekshun, *n* [L. *re*, again, *facio*, to make] জলযোগ; জলপান; Refreshment, a meal or repast.

Refectory, re-fektor-i, *n.* ভোজনশালা; ভোজনালয়, Eating room; refreshment room.

Refer, rē-fer', *v t.* [L. *re*, again, and *ferre*, to bear] জিজ্ঞাসার জন্য পাঠান; বিচারাদির জন্য প্রেরণ-কৃ; সোপর্দ্দ-কৃ; To direct for information —আরোপ-কৃ; To ascribe; to assign:—পরিণত-কৃ; To reduce:—*v. i.* আশ্রয়-কৃ; সম্বন্ধ রাখা; To have referance; to relate:—লক্ষ্য-কৃ; উল্লেখ-কৃ; To allude. *Syn*:—Deliver, commit, transfer; attribute, impute, assign; relate, belong, pertain; appeal, apply; advert.

Refer to—মীমাংসার্থ কাহারও হস্তে অর্পণ-কৃ; Make over to another person or tribunal for decision:—কোন বিষয় জানিবার জন্য অপরকে বরাত-দে; Direct a person to apply for information to.

Referable, ref'ėr-a-bl, **Referrible,** re fėr'i-bl, *a.* আরোপ্য; বিবেচ্য; That may be referred.

Referee, ref-er-ē', *n.* মধ্যস্থ; সালিস; বিচারক; Arbitrator, umpire; arbiter; judge.

Reference, ref'er-ens, *n.* উল্লেখ; Allusion:—মধ্যস্থতা; Arbitration:—বরাৎ; Referring to another for character or credit:—সম্বন্ধ; সম্পর্ক; Relation:—নিষ্পত্তির জন্য অর্পণ; সোপর্দ্দ; A submitting for decision. *Syn*:—Intimation, hint; regard, respect; appeal.

A book of referance—শব্দকোষ; অভিধান।

With reference to, In reference to—সম্বন্ধে; In regard to,

Refinary, re-finėr-i, *n.* সংশোধন করিবার স্থান, বিশোধনালয়; A place for refining.

Refine, rē-fin, *v. t.* বিশুদ্ধ-কৃ; নির্ম্মল-কৃ; পরিষ্কার-কৃ; To purify; clarify:—সংস্কার-কৃ; সংস্কৃত-কৃ, মার্জ্জিত-কৃ; To polish, make elegant:—*v. i.* নির্ম্মল-হ; বিশুদ্ধ-হ, To become fine or pure:—উৎকর্ষ সম্পাদন-কৃ; To improve in excellence in any kind. *n*=refiner. *Syn*:—Clarify, defecate, cultivate. [Polished:—সূক্ষ্ম; Nice.

Refined, *p a.* বিশুদ্ধ; পরিষ্কৃত, Purified:—সভ্য,

A man of refined taste—বিশুদ্ধ রুচিসম্পন্ন ব্যক্তি।

Refinement, re-finment, *n.* বিশোধন; বিশুদ্ধতা; The act of refining; purity:—শিষ্টাচার; Polished manners; elegance:—চাতুর্য্য; অতি সূক্ষ্মতা, Subtelty; an excessive nicety.

Refit, *v. t.* পুনঃ প্রস্তুত-কৃ; To prepare again - মেরামত-কৃ; জীর্ণ সংস্কার-কৃ; To repair.

Reflect, rē-flekt', *v. t.* [L. *re*, again, back, and *flectere*, to bend or turn] পশ্চাৎ নিক্ষিপ্ত-কৃ, প্রতিবিম্বিত-কৃ, প্রতিফলিত-কৃ; To throw back, or cause to return after striking upon any surface as light, to mirror:—*v i.* প্রত্যাবৃত্ত-হ; আলোক প্রতিক্ষেপণ-কৃ; To be thrown back, as light, heat &c.:—চিন্তা-কৃ; নির্দ্দিষ্ট ভাবে বিবেচনা কৃ; ভাবা, To revolve in the mind; to consider attentively, to ponder:—নিন্দাবাদ-কৃ; নিন্দাভাজন-হ; লজ্জা-দে, To cast reproach or censure. *Syn*—Return, mirror, consider, cogitate, meditate, contemplate, think, ruminate.

Reflect credit or honour on—কাহার পক্ষে শ্লাঘনীয়-হ, প্রশংসনীয় বা প্রশংসার বিষয়-হ; Be creditable to

Reflect on—ভাবা; Think on:—কাহারও বা কোন কিছুর উপর দোষ আইসা, দোষ দেওয়া; গ্লানি-কৃ, Cast censure on, find fault with.

Reflected, *a* প্রতিফলিত; প্রতিবিম্বিত।

Reflecting, *a.* চিন্তাশীল, Toughtlul:—প্রতিফলক, Throwing back light &c.

Reflection, rē-flekshun, *n.* প্রতিফলন; প্রতিবিম্ব নিক্ষেপ; The act of reflecting:—প্রতিবিম্ব; The image reflected:—ভাবনা, চিন্তা; Consideration, deliberation:—নিন্দা, তিরস্কার; Censure; reproach. *Syn*:—Reflecting; image; meditation, rumination, contemplation, cogitation, musing, thinking; reproach.

Reflective, re-flektiv, *a.* চিন্তাশীল; বিচারক্ষম; Reflecting; reflexive. *ad*=reflectively. *n*=reflectiveness.

Reflective faculty—ধীশক্তি।

Reflector, re-flektor, *n.* দর্পণ; প্রতিফলক; A mirror; any polished reflecting surface; that which reflects.

Reflex, re'fleks, *a.* প্রতিফলিত ; প্রতিবিম্বিত ; প্রত্যাবর্ত্তিত ; পশ্চাৎ বক্র ; Reflected ; bent back ; directed back :—*n.* প্রতিবিম্ব ; প্রতিফলন ; Reflection.

Reflexible, re-fleks'i-bl, **Reflectible,** re-flek'ti-bl, *a.* প্রতিক্ষেপ্য ; প্রতিফলনীয় ; That may be reflected or thrown back.

Reflexive, *a.* প্রত্যাবর্ত্তিত ; প্রতিফলনক্ষম ; অতীত ঘটিত ; Reflective, turning back. *ad*=reflexively.

Reflexive pronoun—স্বরর্থক সর্ব্বনাম। [হয়।

Reflexive verb—যে ক্রিয়ার কর্ত্তৃপদ কর্ম্মরূপে প্রত্যাবর্ত্তিত

Refluent, ref'loo-ent, *a.* [L. *re*, back, and *fluo*, to flow] পশ্চাদ্দিকে প্রবহমান , ভাটা পড়িতেছে এমন , Ebbing. *n*=refluence, refluency.

Reflux, re'fluks, *n.* পশ্চাৎ প্রবাহ ; প্রতিস্রব , ভাটা ; Flowing back ; returning back ; ebb.

Refold, *v. t.* পুনরায় ভাঁজ-কৃ , To flold again.

Reform, re-form', *v. t.* [L. *re*, again, *formare*, to form] পুনঃ সংস্কার-কৃ , সংশোধন-কৃ ; সংস্কৃত-কৃ ; উন্নত-কৃ ; উন্নত সংস্কার-কৃ ; To form again ; to amend ; repair ; correct ; reclaim ; improve ; change from worse to better :—*n.* সংস্কার ; সংশোধন , উন্নতি ; Amendment ; improvement. *Syn* :—(*v*) Reconstruct, remodel ; regenerate, restore.

Political reform—রাজনৈতিক সংস্করণ। [suffrage.

Reform bill—Bill for altering the electorial

Reform or **reformatory school**—তরুণ বয়স্ক অপরাধিগণের সংশোধনার্থ বিদ্যালয় ; A school established by a state for the instruction and reformation of juvenile offenders.

Religions reform—ধর্ম্ম সংস্করণ।

Social reform—সমাজ সংস্করণ।

Reformation, ref-or-ma'shun, *n.* সংস্করণ ; সংশোধন ; উন্নতি ; সংস্কার ; Amendment , improvement :—ষোড়শ শতাব্দিতে লুথারের অনুষ্ঠিত ইউরোপীয় ধর্ম্মসমূহের পরিবর্ত্তন ; The great religious change of the 16th century, when the Protestants separated from the Roman Catholic Church :—পুনর্গঠন ; The act of forming again. *Syn* :—Reform, correctness, rectification.

Reformative, re-form'a-tiv, *a.* সংস্কারক ; সংস্কারজনক ; Tending to bring on reform.

Reformatory, reform'a-tor-i, *a.* সংশোধক ; সংস্কারক ; Tending to produce reform :—*n.* অপ্রাপ্তবয়স্ক অপরাধীদিগের সংশোধনালয় ; সংস্কার-গৃহ ; An institution for the reformation of criminals, particularly young offenders.

Reformed, re-formd, *a.* সংস্কৃত , পরিবর্ত্তিত ; সংশোধিত ; Amended ; improved ; changed :—Protestant. [reforms.

Reformer, re-form'er, *n.* সংস্কারক , One who

Religious reformer—ধর্ম্মপ্রবর্ত্তক।

Refract, re-frakt', *v. t.* [L. *re*, back, and *fango*, to break] স্বাভাবিক গতির বৈলক্ষণ্য-কৃ ; (গতি) ভঙ্গ-কৃ ; পরাবৃত্ত-কৃ ; বাঁকান ; To break the natural course or deviate from a direct line, as rays of light.

Refraction, *n.* পরাবৃত্তি ; বক্রীকরণ ; বক্রীভাব ; আলোক-রশ্মির দিক পরিবর্ত্তন ; The change in the direction of a rays of light, heat, &c., when it enters a different medium.

Refractive, *a.* সরল গতির পরাবর্ত্তন ঘটিত ; Pertaining to refraction. *n*=refractiveness.

Refractory, re-frak'tor-e, *a.* অবাধ্য ; অবশ্য ; অদম্য ; একগুঁয়ে , Unruly ; obstinate ; stubborn ; perverse. *ad*=refractorily, *n*=refractoriness. *Syn* :—Contumacious, unruly, ungovernable.

Refrain, re-fran', *v. t.* [L. *re*, back, *fraenare*, to curb] দমন-কৃ ; নিবৃত্ত রাখা ; শাসন-কৃ ; To rest ; train , rein ; hold back :—*v. i.* ক্ষান্ত-হ ; ক্ষান্ত থাকা , দূরে থাকা ; নিবৃত্ত থাকা ; To forbear :—*n.* গানের ধুয়া ; The burden of a song. *n*=refrainment (নিবৃত্তি)। *Syn* :—Curb, govern ; withhold, abstrain.

Refrain from—(কোন বিষয় হইতে) বিরত-হ ; Hold back or keep oneself from.

Refrangible, *a.* সরল গতিপথ হইতে বিচ্যুতকরণসাধ্য। *n*=refrangibility.

Refresh, re-fresh', *v. t.* [L. *refrigerare*, to cool] পুনঃ সবল-কৃ ; উৎসাহিত-কৃ ; উত্তেজিত-কৃ ; সতেজ-কৃ ; আনন্দিত-কৃ ; তুষ্ট-কৃ ; শ্রমলাঘব-কৃ ; To make fresh again ; to enliven, to restore ; to revive ; to cool ; to renew ; to cheer ; comfort ; invigorate. *Syn* :—Renovate, rescruit ; reanimate.

To refresh the memory—স্মরণে আনয়ন-কৃ।

Refreshing, *a.* শীতল ; মধুর ; শ্রমাপহারক ; শ্রান্তিনিবারক ; Delightful ; cool , sweet ; fatigue-removing.

Refreshment, re-fresh'ment, *n.* তৃপ্তি ; শ্রমাপহরণ , শ্রমলাঘব , বিশ্রাম , The act of refreshing :—আহার ; খাদ্য , জলযোগ , জলপানাদি ; Food.

Refrigerant, re-frij'er-ant, *a.* স্নিগ্ধকারী ; প্রদাহনিবারক ; Cooling ; refreshing :—*n.* প্রদাহ বা তাপনাশক ঔষধ , That which cools.

Refrigerate, re-frij'er-at, *v. t* [L. *re*, and *frigero*, to cool] শীতল-কৃ , ঠাণ্ডা-কৃ , To cool ; to refresh. *n*=refrigeration (তাপ-শান্তি)।

Refrigerative, re-frij'er-a-tiv, **Refrigeratory,** re-frij'er-a-tor-i, *a.* স্নিগ্ধকারী , তাপহারক ; Cooling , refreshing.

Refrigerator, *n.* দ্রব্য শীতল রাখিবার যন্ত্র ; বরফসিন্দুক , An apparatus for keeping articles cool ; an ice-safe.

Refrigeratory, re-frij'er-a-tor-i, *n.* যে পাত্রে কোন বস্তু শীতল হয় , A vessel or apparatus for cooling.

Reft, *pa. t.* and *pa. p* of *Reave.*

Refuge, ref'uj, *n.* [L *refugium*—*refugere*, to flee back] আশ্রয় ; Shelter ; protection :—আশ্রয় স্থান , রক্ষার স্থান , An asylum , retreat :—উপায় ; রক্ষার উপায় , Resource , expedient. *Syn* :—Protection, safety, security , convert, hiding-place, harbour, sanctuary.

A house of refuge—অনাথাশ্রম।

Cities of refuge, *n* Cities among the Jews appointed as a safe retreat to any who unintentionally committed homicide.

House of refuge—অনাথাশ্রম , Charitable institution for the homeless or destitute.

Take refuge in—কোন স্থানে (বিপদে) আশ্রয় গ্রহণ-কৃ ; শরণ-ল , Go to (some place) for the purpose of protecting oneself from danger :—অবলম্বন-কৃ ; আশ্রয় গ্রহণ-কৃ ; Have recourse to.

Refugee, ref-u-je', *n.* আশ্রিত ব্যক্তি ; শরণাপন্ন ব্যক্তি ; Political exile ; one who flies for refuge to a foreign country.

Refulgence, re-fuljens, **Refulgency,** re-fuljen-si, *n.* উজ্জ্বলতা ; দীপ্তি ; প্রভা ; তেজ ; Brightness ; brilliance ; a flood of light.

Refulgent, rē-fuljent, *a.* [L. *refulgere,* to flash back] উজ্জ্বল ; দীপ্তিমান্ ; প্রভাশালী ; তেজোময় ; Emitting light ; shining ; brilliant. *ad*=refulgently. *Syn* :—Radiant, splendid.

Refund, rē-fund, *v. t.* [L. *re,* again, back, *fundere,* to pour] ফিরিয়া-দে ; প্রত্যার্পণ-কৃ, To repay ; to return what has been taken ; to restore. *Syn* :—Restore, re-imburse. [rejection.

Refusal, re-fūzal, *n.* অসম্মতি, অস্বীকার, Denial ;

Refuse, re-fūz, *v. t.* [L. *recusare,* to decline] অস্বীকার-কৃ ; অগ্রাহ্য-কৃ ; Reject, deny, as a request :—*v. i.* প্রত্যাখ্যান-কৃ ; গ্রহণ না-কৃ, Not to accept :—অস্বীকার-কৃ, অসম্মত-হ ; Not to comply :—*n.* পরিত্যক্ত দ্রব্য ; জঞ্জাল ; আবর্জ্জনা ; উচ্ছিষ্ট ; Rubbish ; dregs :—*a.* পরিত্যক্ত ; অকিঞ্চিৎকর, Rejected ; worthless. *Syn* :—(*v*) Decline, repudiate. (*n*) Sediment, scum, recrement, dross, trash, offal, sweepings, offscourings.

Refutable, re-fūta-bl, খণ্ডনীয় ; অপ্রমেয় ; That may be refuted or disproved. *n*=refutability, *ad*=refutably.

Refutation, *n.* খণ্ডন বা খণ্ডন প্রণালী ; The act or process of refuting or disproving.

Refutatory, re-fūta-tor-i, *a.* খণ্ডনযোগ্য, খণ্ডনকারী ; Tending to refute, refuting.

Refute, *v. t.* অপ্রমাণ-কৃ ; নিবারণ-কৃ ; খণ্ডন-কৃ : To repel ; to oppose, to disprove. *n*=refutation (খণ্ডন ; অপ্রমাণ) ।

Regain, rē-gān, *v. t.* পুনঃ প্রাপ্ত-হ ; ফিরাইয়া-পা, To recover ; to gain anew, re-obtain, retrieve

Regal, rēgal, *a.* [L. *rex,* a king—*rego,* to rule] রাজকীয় ; রাজোচিত ; Kingly ; royal. *ad*=regally. [organ

Regal, Rigole, *n.* বাদ্য যন্ত্র বিশেষ ; A small

Regale, rē-gāl, *v. t.* তৃপ্ত-কৃ, পরিতুষ্ট-কৃ, চরিতার্থ-কৃ ; To refresh ; to gratify ; to entertain sumptuously :—*v. i.* ভোজন-কৃ ; To feast :—*n.* জাঁকাল ভোজ ; A regal or magnificent feast.

Regalement, *n.* আমোদ ; সেবা, তৃপ্তিসাধন ; Entertainment ; refreshment.

Regalia, re-gāli-a, *n.* (চামরাদি) রাজচিহ্ন ; The insignia of a king, the crown, seceptre &c :—রাজার অধিকার ; The rights and privileges of kings. [Royalty ; sovereignty.

Regality, re-gali-ti, *n.* রাজত্ব ; রাজকীয়তা,

Regard, rē-gārd, *v. t* বিশেষ করিয়া দেখা ; দৃষ্টি-কৃ, কটাক্ষ-কৃ, To observe, to notice particularly :—সম্মান-কৃ ; To esteem :—মনোযোগ-কৃ ; To heed, to attend to :—রক্ষা-কৃ ; To keep ; to observe :—ব্যবহার-কৃ ; To treat :—বিবেচনা-কৃ, To consider : —*n.* মনোযোগ ; দৃষ্টি ; যত্ন, Attention with interest :—দর্শন, লক্ষ্য ; Observation :—শ্রদ্ধা ; Respect ; esteem :—*pl.* সম্মান, Compliments :—সম্মান ; ভালবাসা ; Affection. *n*=regarder. *Syn* : —(*v*) Mark, watch, remark, contemplate, mind ; esteem, value, respect, admire ; reckon, deem, think, hold.

Have regard or **respect for**—কাহারও প্রতি শ্রদ্ধা থাকা ; Feel respect or esteem for.

In regard, to, With regard to, As regards —সম্বন্ধে ; বিষয়ে ; সংক্রান্ত ; As to ; in the matter of ; concerning.

Regardful, rē-gārdfōōl, *a.* মনোযোগী ; অভিনিবিষ্ট, Heedful ; attentive ; mindful, observant. *ad*=regardfully.

Regardless, rē-gārdles, *a.* অমনোযোগী ; উদাসীন ; নিরপেক্ষ ; Negligent ; careless ; heedless. *ad*=regardlessly, *n*=regardlessness. *Syn* :—Indifferent, unconcerned, inattentive, unobservant, neglectful, unmindful. [boat-race.

Regatta, re-gata, *n.* নৌকার বাচ ; Sailing match

Regelation, *n.* [L. *re,* again, *gelatio,* freezing] পুনরায় জমাট বাঁধা বা তাহার প্রক্রিয়া ; The act or process of freezing anew.

Regency, rējen-si, *n.* রাজ-প্রতিনিধির পদ, অধিকার বা শাসন ; রাজ-প্রতিনিধিত্ব ; The office, jurisdiction or dominion of a regent :—রাজ-প্রতিনিধিবর্গ ; অপ্রাপ্তবয়স্ক বা অনুপস্থিত রাজার প্রতিনিধি হইয়া যাঁহারা রাজকার্য্য নির্ব্বাহ করেন ; A body of men intrusted with vicarious government.

Regeneracy, Regenerateness, *n.* দ্বিজত্ব, The state of being regenerate.

Regenerate, rē-jener-āt, *v. t.* [L. *re,* again, *generare,* to beget, create] পুনর্জন্ম-দে ; পুনঃ উৎপাদন-কৃ ; পুনর্জীবিত-কৃ ; To generate anew ; to produce anew :—পুনরুদ্ধার-কৃ ; ঈশ্বরপ্রেমিক-কৃ ; To renew the heart and turn it to the love of God : —*a.* পুনর্জাত, ধর্মসংস্কারাপন্ন, Reproduced ; renewed. *Syn* :—Reproduce, revive, renovate ; restore ; convert, sanctify.

Regenerated, *a.* পুনর্জীবিত ; Renewed.

Regeneration, rē-jen-ēr-āshun, *n.* পুনরুদ্ধার ; অভ্যুত্থান ; পুনর্জন্ম, পুনঃ সংস্কার ; পুনরুৎপাদন ; The act of regenerating ; the state of being regenerated.

Regenerative, re-jener-āt-iv, *a.* পুনরুদ্ধার সম্বন্ধীয় ; নবোৎপত্তি-সংক্রান্ত ; Pertaining to regeneration. *ad*=regeneratively.

Regent, rējent, *a.* [L. *rego,* to rule] শাসক ; শাসনকারী ; Invested with vicarious authority ; governing :—*n* রাজপ্রতিনিধি ; রাজপ্রতিনিধি ক্ষমতাপন্ন লোক ; One invested with vicarious authority, one who rules for the sovereign.

Regentship, rējent-ship, *n.* রাজপ্রতিনিধির পদ ; রাজপ্রতিনিধিত্ব, The office of regent.

Regicide, reji-sid, *n.* [L *regis,* a king, *caedo,* to kill] রাজহত্যা বা রাজহন্তা ; রাজঘাতক ; The murder of a king. *a*=regicidal (Pertaining to a regicide).

Regime, rā-zhēm, *n.* [L. *rego,* to rule] রাজ্যশাসন প্রণালী ; শাসন পদ্ধতি ; Form of government ; administration ; system :—জীবন যাত্রা নির্ব্বাহ-প্রণালী, Mode of living.

Regimen, reji-men, *n.* নিয়মিত শাসন ; পথ্যাদির ব্যবস্থা ; পথ্যাপথ্যের নিয়ম ; Rule of diet :—শব্দানুশাসন ; কর্ত্তৃত্বাধীন পদ ; Government of one word by another, words governed.

Regiment, reji-ment, *n.* সৈন্যদল ; পল্টন ; A body of soldiers commanded by a colonel.

Regimental, rej-i-mental, *a.* সৈন্যদল সম্বন্ধীয় ; পল্টন-সংক্রান্ত ; Relating to a regiment.

Regimentals, *n. pl.* সেনাদলের বেশ, সামরিক পরিচ্ছদ প্রভৃতি ; The uniform of a regiment.

Region, rḗjun, *n.* প্রদেশ ; দেশ ; ভূভাগ ; অঞ্চল ; তল্লাট ; বিভাগ ; A portion of land ; country ; quarter ; province ; district.

Register, rej'is-ter, *n.* [L. *regerere*, *regestum*, to carry back] লিখিত বিবরণ ; সরকারী খাতাপত্র ; দপ্তর ; রেজিষ্টারী বই ; তালিকা ; Record ; chronicle ; catalogue ; list ; roll ; schedule :—Registrar :—স্বরগ্রাম ; A set of pipes on the organ :—জন্ম রেজিষ্টারী ; Birth-certificate :—চিম্নমুখের ঢাকন ; Regulator of a chimney piece :—*v t.* লিখিয়া রাখা ; খাতা বা বহিতে তোলা বা লেখা ; তালিকাভুক্ত-কৃ ; To record ; to enter in a register.

A registered letter—যে পত্রের শিরোনাম ডাকঘরের খাতায় বিশেষরূপে লিখিত হয়।

Register the edicts of—বিরুক্তি না করিয়া তথাস্তু বলা ; হুকুম স্বীকার বা অনুমোদন-কৃ ; Pass what a man in power dictates.

Register-ships—Ships permitted to trade in the ports of the Spanish West Indies.

Registrar, rej'is-trar, *n.* যে খাতাপত্র রক্ষা করে, সেরেস্তাদার ; যে ব্যক্তি তালিকা রাখে ; One who keeps a record. *n*=registrarship.

Registrarship, *n.* রেজিষ্টারের পদ ; The office of a registrar.

Registration, rej-is-trā'shun, *n.* রেজিষ্টারীকরণ, Act of registering.

Registry, rej'is-tri, *n.* যে স্থানে রেজিষ্টার রাখা হয় ; রেজিষ্টারী রাখিবার স্থান, Place where a register is kept :—লিপিবদ্ধ ঘটনাবলি ; রেজিষ্টারীর অন্তর্গত লিখিত বিষয় ; Facts recorded

Registry office, *n.* জন্মমৃত্যু রেজিষ্টারী আফিস ; Place for registering births, death &c.

Regius, *a.* রাজকীয় ; রাজার দ্বারা নিযুক্ত।

Regnancy, reg'nan-si, *n.* শাসন ; রাজত্ব ; Reign.

Regnant, reg'nant, *a.* [L. *rego*, to rule] শাসনকারী ; রাজত্বকারী ; রাজপদে অধিষ্ঠিত ; Reigning ; exercising regal authority :—সর্ব্বোপরি প্রবল ; Predominant.

Regress, rḗgress *n.* প্রত্যাবর্ত্তন, প্রত্যাগমন, Return ; a passage back :—*v. i* প্রত্যাগমন-কৃ ; ফিরিয়া-যা, পূর্ব্ব স্থান বা অবস্থায় প্রতিগত-হ ; To go back ; to return to a former state or place *n*=regression. *a*=regressive.

Regression, *n.* প্রত্যাবর্ত্তন ; The act of returning.

Regressive, *a.* প্রত্যাবর্ত্তনশীল ; Returning.

Regret, rē-gret', *v. t* আক্ষেপ-কৃ ; খেদ-কৃ ; বিলাপ-কৃ, পরিতাপ-কৃ ; To grieve at ; to mourn for, to remember with sorrow :—*n.* খেদ, দুঃখ, মনোবেদনা ; মনস্তাপ ; অনুতাপ, Sorrow ; grief ; remorse *Syn* —Lamentation, repentance, penitence.

Regretable, *a.* অনুশোচনীয়।

Regretful, *a.* দুঃখপূর্ণ, দুঃখিত ; Full of regret. *ad*=regretfully.

Regular, reg'ū-lár, *a.* [L. *regularis—regula*, a rule] *a.* নিয়মিত ; নিয়মানুবর্ত্তী, ব্যবস্থানুযায়ী ; Agreeable to rule ; established custom :—সমান ; স্থায়িরূপে ব্যবস্থাপিত ; Uniform :—ঠিক ; Exact :—কালানুবর্ত্তী ; Punctual :—সম্পূর্ণ ; Thorough :—*n.* সন্ন্যাসী ; Monk :—স্থায়ী সৈন্য ; Soldier in the army. *ad*=regularly. *Syn* :—(*a*) Normal, orderly, methodical, systematic, just, ordinary, customary ; periodic, state, steady, established, constant.

A regular verb—যে ক্রিয়ার অতীতকাল *d* বা *ed* যোগে নিষ্পন্ন হয়।

Regular troops—স্থায়িরূপে রক্ষিত সৈন্যদল ; The troops of a permanent army.

Regularity, reg-ū-lar'i-ti, *n.* নিয়মবর্ত্তিতা ; নিয়মানুবর্ত্তিতা ; নিয়মনিষ্ঠা ; Conformity to rule :—নিয়ম ; প্রণালী ; ব্যবস্থা, Method :—ধারাবাহিকতা ; সমানতা ; একরূপতা ; Uniformity in a course.

Regularly, *ad.* নিয়মিতরূপে ; বিধিপূর্ব্বক ; যথাবিধি ; ক্রমপূর্ব্বক ; Exactly ; punctually.

Regulate, reg'ū-lāt, *v. t* [L. *regulare—regula*, a rule] নিয়মানুসারে স্থির-কৃ ; নিয়মিত-কৃ ; To adjust by rule or method :—সুবন্দোবস্ত-কৃ ; সুব্যবস্থা-কৃ ; To put or keep in good order :—নিয়মাধীন-কৃ ; To subject to rules or restrictions. *Syn* :—Dispose, methodize, arrange ; direct, rule, govern.

To regulate a watch—ঠিক-কৃ ; ঘড়ির গতি নিয়মিত-কৃ।

Regulation, reg-ū-lā'shun, *n.* ব্যবস্থিতি ; সংবিধান ; Act of regulating :—নিয়মিতকরণ ; ব্যবস্থাপন ; State of being regulated :—ব্যবস্থা ; নিয়ম ; বিধি ; Rule ; precept ; law. *Syn* :—Adjustment, arrangement, disposition, ordering ; order.

Regulative, reg'ū-la-tiv, *a.* নিয়মকারী ; নিয়ামক ; Tending to regulate.

Regulator, reg'ū-lā-tor, *n.* শাসক ; নিয়ামক ; ব্যবস্থাপক ; One who or that which regulates :—ঘড়ির গতি পরিচালক, ক্ষুদ্র স্প্রিং ; A lever which regulates the motion of a watch :—গতি-পরিচালক ; গতি পরিচালন সাধন ; Anything that regulates motion.

Regulus, *n.* ধাতু গলাইবার সময় মুচির তলায় যে বিশুদ্ধ ধাতু জমে।

Rehabilitate, *v. t.* স্বস্থানে পুনর্নিবিষ্ট-কৃ ; পুনঃ প্রতিষ্ঠিত-কৃ, To reinstate.

Rehearsal, re-hėr'sal, *n* পুনরাবৃত্তি, পুনরুল্লেখ ; পাঠ ; পূর্ব্বাভিনয় ; মহালা ; আকড়াই ; Recital, recital before public representation.

Rehearse, rē-hers', *v t.* আবৃত্তি-কৃ, পুনরাবৃত্তি-কৃ, মহালা-দে ; আকড়াই-দে ; To repeat, recite previously to public exhibition :—বর্ণন-কৃ ; To relate. *n*=rehearser. *Syn* :—Recapitulate ; detail, describe, tell, narrate, recount, relate.

Reign, rān, *n.* [L. *regnum*, from *rex*, *regis*, a king] রাজশক্তি, রাজত্ব ; শাসন, সাম্রাজ্য ; Royal authority, rule ; dominion :—রাজত্বকাল ; রাজ্য-শাসনকাল ; Time of a king's government :—প্রবল ক্ষমতা, Supreme power :—*v. t.* রাজ্যশাসন-কৃ, আধিপত্য-কৃ, To rule ; to exercise sovereignity *Syn* —Royalty, sovereignty, rule, empire, kingdom, power, influence.

Reimburse, re-im-burs', *n.* [F. *re*, back, *en*, in, and *bourse*, purse] ফেরত-দে ; পরিশোধ-কৃ, Refund :—ক্ষতিপূরণ-কৃ ; Make up *n*=reimbursement. *Syn* :—Repay, restore, indemnify, compensate.

Reimbursement, *n* পুনঃ প্রদান ; Repayment.

Rein, rān, *n.* লাগাম ; বল্গা ; Strap of a horse :—থামান ; শাসন ; Restraint :—*v t.* লাগাম দ্বারা দমন-কৃ ; To govern by a bridle :—দমন কৃ ; শাসন-কৃ ; To govern, to restrain. *Syn* :—(*n*) Restrain, control, curb, check.

To give the reins to—আলুথা-দে; যাহা ইচ্ছা করিতে দেওয়া; Allow full liberty to; indulge freely in :—সংযত না-কৃ; প্রশ্রয়-দে; To leave unchecked.

To take the reins—শাসনকার্য্য হস্তে লওয়া।

Reindeer, rāndēr, *n.* বল্গা হরিণ; A ruminant *mamal of the deer kind.*

Reinforce, rē-in-fōrś, *v. t.* নববলে বলীয়ান-কৃ; সাহায্য দ্বারা বলবান-কৃ; পুনঃ প্রবল-কৃ; আবার বলবৎ-কৃ; To enforce again; to strengthen with new force or support, *esp.,* to strengthen an army or fort with additional troops.

Reinforcement, rē-in-fōrśment, *n.* পুনঃ প্রবলীকরণ; পুনঃ বল যোজনা; Act of reinforcing :—অতিরিক্ত সৈন্যদল; নূতন সৈন্যাদির সমাবেশ; বলবৃদ্ধি; Additional force, fresh force.

Reinless, rāñles, *a.* অবল্গিত; অসংযত; *Without* restrain; unchecked.

Reins, rānz, *n. pl.* মূত্রস্থলী; মূত্রাশয়; কটিদেশ; Kidneys; loins :—হৃদয়; The heart.

Re-instate, rē-in-stāt, *v. t.* পূনরধিকার-দে; পুনঃ পদস্থ-কৃ; দখল-দে, To place in a former state.

Re-instatement, *n.* পুনঃ স্থাপন, পুনঃ প্রতিষ্ঠা, Re-establishment.

Reinvest, re-in-vest *v. t.,* পুনবর্পণ-কৃ; পুনরভিষেক-কৃ, To invest again.

Reinvestment, *n.* পুনবর্পণ; পুনরভিষেক; A second or repeated investment.

Reinvigorate, *v. t.* পুনঃ সতেজ বা বলবান-কৃ; পুনঃ বীর্য্যবান-কৃ; To reanimate. *n*=reinvigoration.

Reissue, re-ishōō, *v. t.* পুনরায় বাহির-কৃ, To issue agrin :—*n.* দ্বিতীয়বার বাহির করণ, A second issue.

Reiterate, re-itēr-āt, *v. t.* পুনঃ পুনঃ বলা; পুনঃ পুনঃ-কৃ; To repeat again and again. *a*= reiterated (পুনরুক্ত; পুনঃ কথিত), reiterative. *n*= reitteration (পুনঃ কথন; পুনরুক্তি; repetition).

Reject, rē-jekt, *v. t* [L. *re,* back, and *jacere,* to throw] পরিত্যাগ-কৃ, প্রত্যাখ্যান-কৃ; অগ্রাহ্য-কৃ, নাকচ-কৃ; To refuse, to renounce. *n*=rejection (প্রত্যাখ্যান; পরিত্যাগ)। *Syn* :—Repel, discard, exclude, eject; decline, slight, despise.

Rejection, *n.* অগ্রাহ্যকরণ; অস্বীকার, বর্জন; Refusal to grant.

Rejoice, rē-jois, *v. i.* [Fr. *re,* again, *iouir,* to enjoy—*joil,* joy] আনন্দিত-হ, হৃষ্ট-হ; উৎফুল্ল-হ; To be glad; to exult, to feel joy, triumph :—*v. t.* আনন্দিত-কৃ; আহ্লাদিত-কৃ, To gladden. *Syn* :—Gladden, please, cheer, exhilarate, delight.

Rejoice in—কোন বিষয়ে আমোদ অনুভব-কৃ, Feel pleasure in.

Rejoicing, *n.* আনন্দ, আনন্দ প্রকাশ; আনন্দোৎসব; Gladdening; expression of joy :—আনন্দের সময়, Time of joyfulness. [joy or exultation.

Rejoicingly, *ad.* আনন্দ বা উল্লাস সহকারে; With

Rejoin, re-join, *v. t.* যুক্ত-কৃ; পুনর্যোগ-কৃ; পুনর্মিলিত-কৃ; To join again; to unite after separation :—প্রত্যুত্তরে কহা; To answer :—*v. i* উত্তর-দে; To answer to a reply.

Rejoinder, re-joindēr, *n.* পুনরুত্তর; প্রত্যুত্তর; An aswer to a reply :—প্রতিবাদ; জবাব; The defendant's answer to a plaintiff.

Rejuvenescent, *a.* পুনঃ যৌবনবে পরিবর্ত্তিত; Growing young again.

Rekindle, *v. t.* পুনঃ প্রজ্বলিত-কৃ; পুনরুত্তেজিত-কৃ; To set on fire; to arouse anew.

Relapse, re-laps, *n.* [L. *re,* back, *labor* to slip] পুনঃপতন; প্রত্যাবর্ত্তন; পালটান; Falling back; *falling* back into a former bad state :—*v. t.* পুনঃপতিত-হ; প্রত্যাবৃত্ত-হ; To backslide, to sink or fall back.

Relapse into—পুনরায় পূর্ব্বদশা প্রাপ্ত বা কোন দোষগ্রস্ত-হ; Fall back into (a former bad state).

Relate, rē-lāt, *v. t.* বর্ণনা-কৃ; To discribe; to tell, to narrate :—সম্বন্ধ বদ্ধ-কৃ; সম্বন্ধ-কৃ; To ally by connexion or kindred :—*v. i.* সম্পর্কীয়-হ; সম্বন্ধীয়-হ, সংযুক্ত-হ; To refer; to pertain. *Syn* :—Rehearse, report, detail, recite, recount, *respect, regard, concern.*

Relate to—কোন বিষয় সংক্রান্ত-হ; Refer to; pertain to. [kindred or blood.

Related, *a.* সম্বন্ধবদ্ধ; Allied or connected by

Related, *p. a.* কথিত; সম্বন্ধ। *n*=relatedness.

Be related to—কাহারও সহিত সম্বন্ধ থাকা; Be connected by blood or marriage with.

Relating, *a.* বিষয়ক।

Relation, rē-lāshun, *n.* বর্ণনা, Narration; recital :—ইতিহাস; Narrative :—উল্লেখ; Referance :—সম্বন্ধ; সম্পর্ক; জ্ঞাতি; কুটুম্ব; Connexion by birth or marriage; mutual connection :—সাদৃশ্য; Resemblance. *a*=relational (সম্বন্ধবাচক); *n*=relationship (আত্মীয়তা; কুটুম্বিতা)। *Syn* :—Recital; tale, detail, account, description, connection, mutual dependence; respect, regard, bearing; relationship, kindred; relative.

In relation to—সম্বন্ধে। [relation or kindred.

Relational, *a.* সম্বন্ধযুক্ত, জ্ঞাতি সম্বন্ধীয়; Having

Relative, rela-tiv, *a.* সাপেক্ষ, আপেক্ষিক, Not absolute :—সম্বন্ধবাচক; সম্বন্ধ প্রকাশক; Expressing relation; (Grammar) :—সম্বন্ধীয়, সম্বন্ধযুক্ত; Respecting :—*n.* সম্বন্ধ; সপিণ্ড; That which has relation to something else, a relation. *ad*=relatively (আপেক্ষিকরূপে)।

A relative pronoun—*who* প্রভৃতি সর্ব্বনাম শব্দ।

Relative to—সম্বন্ধে, Regarding.

Relativity, *n.* আপেক্ষিকতা; অপরিশুদ্ধতা।

Relax, rē-laks, *v. t.* [L. *re,* back, again, *laxare,* to loose] আলগা-কৃ; শিথিল-কৃ; To slacken; to loose :—কঠোরতা লাঘব-কৃ; কোমল-কৃ; To make less severe or rigorous :—প্রফুল্লিত-কৃ; আমোদিত-কৃ; To divert :—কোষ্ঠ কাঠিন্য দূর-কৃ; To loosen as the bowels :—অবসন্ন-কৃ; To make lanquid :—সচ্ছন্দ-হ; To ease :—*v. i.* শিথিল-হ; ঢিলা-হ; To become less severe. *Syn* :—Loosen; weaken, enfeeble, debilitate; lessen, diminish, reduce, abate; unbend, ease, recreate.

Relaxation, re-laks-āshun, *n.* শিথিলতা; শৈথিল্য; The act of relaxing; the state of being relaxed :—বিনোদন; Division, amusement :—আসঙ্গশৈথিল্য; Remission of application.

Relay, re-lā, *n.* ভ্রমণার্থ রাস্তা মধ্যে ঘোড়া স্থাপন; বদলী ঘোড়া যোগান; *A supply of horses to re*lieve others on a journey.

Release, rē-lēs, *v. t.* খালাস-কৃ; মুক্ত-কৃ; To set

free; to discharge from; to relieve :—সত্ত্ব পরিত্যাগ-কৃ; দাবী ছাড়িয়া-দে; To give up a right to; to let go, as a legal claim :—*n.* মুক্তি; মোচন; A setting free; discharge; acquittance :—সত্ত্বত্যাগ; The giving up of a right or claim. *Syn* :—(*v*) Free, loose, disengage, quit, discharge, acquit, absolve, exempt. (*n*) Liberation, freedom, deliverance, discharge; exemption, exoneration, absolution, dispensation; acquittance, clearance.

Relegate, rele-gāt, *v. t.* [L. *re*, away, *lego*, to send] নির্ব্বাসিত-কৃ; To banish; to exile :—দূরীভূত-কৃ; To consign. *n*=relegation.

Relent, re-lent', *v. i.* নরম-হ; মৃদু-হ; কোমল-হ; To become more mild :—আর্দ্রচিত্ত-হ, দয়ার্দ্র-হ; To feel compassion; to soften in temper.

Relentless, re-lent'les, *a.* নির্দ্দয়; নিষ্ঠুর; কঠিন; Merciless. *ad*=relentlessly. *n*=relentlessness.

Relevance, rele-vans, **Relevancy,** rele-van-si, *n.* সময়োচিত; প্রাসঙ্গিকতা; সম্পর্কবিশিষ্টতা; Pertinence; applicability.

Relevant, relē-vant, *a.* [F. *relevant*, *ppr.* of *relever*, to raise again] প্রস্তাবানুরূপ, প্রাসঙ্গিক; Bearing upon or applying to the purpose; pertinent; related. *ad*=relevantly. *Syn* :—Pertinent, applicable, appropriate, apposite, apt, fit. [nent to; applicable to.

Relevant to—ঠিক খাটা; প্রসঙ্গোপযোগী; Perti-

Reliable, rē-lī'a-bl, *a.* বিশ্বাসযোগ্য; বিশ্বস্ত, বিশ্বসনীয়; That may be relied upon; worthy of credit *n*=reliability, reliableness (বিশ্বস্ততা)। *ad*=reliably. *Syn* :—Trustworthy, trusty, honest, true, creditable.

From a reliable source—বিশ্বস্তসূত্রে।

Reliance, rē-lī'ans, *n.* নির্ভরতা; নির্ভর; বিশ্বাস; প্রত্যয়; Trust; confidence. *a*=reliant (বিশ্বাসকারী)। *Syn* :—Dependence; hope.

Relic, relik *n.* [L. *relictum*, to leave behind] ধ্বংসাবশেষ; অবশিষ্টাংশ; That which remains after the decay of the rest :—কীর্ত্তিস্তম্ভ; স্মরণ চিহ্ন; Memorial :—*pl.* মৃতাবশেষ; মৃত ব্যক্তির কেশদন্তাদি; Body or remains of saints.

Relict, relikt, *n.* [L. *relinquo*, to leave behind] বিধবা স্ত্রী; A widow.

Relief, rē-lēf', *n.* অপসারণ; উপশম; The removal of any evil; alleviation :—সাহায্য; সহায়তা; Assistance; succour :—প্রতিকার; Remedy :—সমতল পৃষ্ঠ হইতে প্রস্তর বা ধাতু নির্ম্মিত মূর্ত্তির উন্নত অংশ; The projection of a figure from its ground. *Syn* :—Succour, help, aid, comfort; redress; prominence, relievo.

Bring into relief—স্পষ্ট করিয়া চিত্র করা বা লেখা; Bring into prominence.

Relieve, rē-lēv', *v. t.* [L. *relevare*, to lift up] উপশম-কৃ; হ্রাস-কৃ; লঘু-কৃ; To ease pain or sorrow; to alleviate; to mitigate :—সাহায্য-কৃ; To help :—প্রতিকার-কৃ; To redress :—উদ্ধার-কৃ; To deliver :—তুলনায় সন্নিবেশ-কৃ; To set off by contrast. *Syn* :—Succour, aid, assist, support, sustain; lighten, ease, diminish, remedy, free; put in relief.

Relieving officer, *n.* An officer under a poor-law board, to whom paupers apply for assistance.

Relievo, *n.* Same as *relief*, in fine arts.

Religion, rē-lij'un, *n.* [L. *religio*, from *religare*, to bind] ঈশ্বরভক্তি; ধর্ম্ম; The performance of our duties of love and obedience towards God :—ঈশ্বরনিষ্ঠা; পূজাপদ্ধতি; Piety :—ধর্ম্মমত; ধর্ম্মবিশ্বাস; Any system of faith and worship. *Syn* :—Sanctity, reverence, holiness, religiousness, godliness, grace.

Natural religion—প্রাকৃতিক প্রমাণগ্রাহ্য ধর্ম্ম।

Revealed religion—প্রত্যাদিষ্ট ধর্ম্ম।

The religion of humanity—নাস্তিক-ধর্ম্ম বিশেষ।

Religionist, re-lij'un-ist, *n.* ধর্ম্মমতাবলম্বী; গোঁড়া; ধর্ম্মানুরাগী লোক; One earnestly attached to a religion.

Religious, rē-lij'us, *a.* ধার্ম্মিক; ধর্ম্মনিষ্ঠ; ধর্ম্মপরায়ণ; পবিত্র; Godly; strict; bound by monastic views; pious. *ad*=religiously (ধর্ম্মতঃ); *n*=religiousness (ধার্ম্মিকতা; ধর্ম্মনিষ্ঠতা)। *Syn* :—Holy, devout, devotional; conscientious, faithful, exact.

Religious founder—ধর্ম্ম-প্রবর্ত্তক।

Relinquish, rē-ling'kwish, *v. t.* [L. *relinquere*, to leave behind] পরিত্যাগ-কৃ; ছাড়িয়া-দে; ইস্তফা-কৃ, To abandon; to give up; to resign. *n*=relinquishment. *Syn* :—Leave, quit, forsake, desert; forbear, forego, surrender, yield, cede, abdicate, renounce, disclaim.

Relinquishment, *n.* পরিত্যাগ; পরিহার; Abandonment.

Reliquary, reli-kwar-i, *n.* সাধুদিগের মৃতদেহ রাখিবার বাক্স; A small chest or casket for holding relics :—হিসাব নিকাসে দেনদার।

Relique, re-lek', *n.* ধ্বংসাবশেষ; A relic.

Relish, relish, *v. t.* [F. *relecher*, to lick or taste anew] রসাস্বাদ ভোগ-কৃ; পরিতৃপ্ত-হ; তুষ্ট-হ; To like the taste of; to be pleased with; to taste or eat with pleasure :—*v. i.* সুস্বাদু-হ; আমোদ-দে; সুখ-দে; To have an pleasing taste; to give pleasure :—*n.* স্বাদ; তার; Taste; flavour :—ইচ্ছা; Delight :—আগ্রহ; অনুরাগ; Zest :—ইচ্ছা; Liking; চাটনি; মসলা; A sauce :—ক্ষুধা; Appetite. *a*=relishable. *Syn* :—(*v*) Like, enjoy, appreciate; savour, smack. (*n*) Savour, gusto; appetite, fondness, partiality; quality, cast, touch, smack.

Reluctance, re-luk'tans, **Reluctancy,** re-luk'tan-si, *n.* অনিচ্ছা; বিরাগ; বিতৃষ্ণা; Unwillingness. *Syn* :—Repugnance, backwardness, disinclination, dislike.

Reluctant, rē-luk'tant, [L. *re*, against, *luctor*, to struggle] অনিচ্ছুক; বিরক্ত; বিমুখ; বিতৃষ্ণ; Unwilling; disinclined. *ad*=reluctantly (অগত্যা; অনিচ্ছাপূর্ব্বক)। *Syn* :—Averse, loth, disinclined, indisposed, backward.

Rely, rē-lī', *v. i.* নির্ভর-কৃ; বিশ্বাস-কৃ; Put trust in; lean with confidence. *Syn* :—Trust, depend, confide, repose. [full confidence in.

Rely on or **upon**—বিশ্বাস-কৃ; Trust in; have

Remain, rē-mān, *v. i.* [L. *re*, again, back—*manere*, to stay] থাকা; অবশিষ্ট থাকা; বাকি থাকা; অবস্থান-কৃ, To stay; to be left behind; to con-

tinue bend ; to last. *Syn* :—(*n*) Continue, rest, abide, last, endure, survive.

Remainder, rē-mān̍der, *n.* বাকী ; অবশিষ্ট ভাগ ; বিয়োগ-শেষ ; That which remains ; remnant ; difference of two quantities ; remnant of an estate. *Syn* :—Balance, rest, residue.

Remaining, *a.* অবশিষ্ট।

Remains, *n. pl.* শব ; মৃতদেহ ; A corpse :—মৃত্যুকালে অমুদ্রিত গ্রন্থাদি ; The literary productions of one dead.

Remand, remand, *v. t.* [L. *re*, back, and *mando*, to order] পুনঃ প্রেরণ-কৃ ; To send back :—*n.* পুনঃ প্রেরণ।

Remark, rē-mārk̍, *v. t.* [F. *re*, again, *marquer*, to mark] দেখা ; দৃষ্টি-কৃ ; লক্ষ্য-কৃ ; To mark ; to notice :—মন্তব্য প্রকাশ-কৃ, বলা ; To express what one thinks or sees, to say :—*n.* মন্তব্য ; মত-প্রকাশ ; Note ; comment :—দর্শন ; Observation :—লক্ষ্য ; Notice. *Syn* :—(*v*) Notice, heed, regard ; speak, comment, animadvert, observe (*n*) Annotation ; notice, heed, regard, consideration ; statement, assertion, declaration

Remarkable, re-mārk̍a-bl, *a.* বিখ্যাত ; প্রসিদ্ধ ; Distinguished, famous :—অদ্ভুত ; অসাধারণ ; আশ্চর্য্য, Strange ; wonderful ; extraordinary. *n*=remarkableness, *ad*=remarkably.

Remarkably, *ad.* সবিশেষ ; সাতিশয়।

Remarkably easy—অতি সহজ।

Remediable, re-mē̍di-a-bl, *a.* প্রতিকারক, আরোগ্য-সাধনযোগ্য ; Curable. *ad*=remediably *n*=remediableness.

Remedial, *a.* প্রতিকার-সাধক ; Tending to remove evil *ad*=remedially.

Remediless, *a.* অপ্রতিবিধেয় ; নিষ্ফল, Irreparable, in effectual

Remedy, remē̍-de, *n* [L. *re*, again, *mederi*, to heal] রোগ নিবারক ঔষধ, An effective medicine ; cure :—উপায়, প্রতীকার ; Restorative ; reparation :—*v t.* আরোগ্য-কৃ ; আরাম-কৃ ; To cure ; to heal :—অনিষ্ট নিবারণ কৃ, প্রতিকার-কৃ ; To repair some evil :—ক্ষতিপূরণ-কৃ, To repair. *Syn* :—(*n*) Antidote, specific, restorative, medicine, counteraction ; relief, redress.

The remedy was worse than the disease—রোগ অপেক্ষা প্রতিকার অধিকতর অনিষ্টকর।

Remember, re-mem̍ber, *v. t.* [L. *re*, again, and *memore*, to call to mind] স্মরণ-কৃ ; মনে-কৃ ; স্মরণ রাখা ; To keep in mind ; recollect ; bear in mind :—মনোনিবেশ-কৃ, To attend to.

Remember one to—কাহারও নাম মনে করিয়া দেওয়া ; Recall one to the mind of another

Remembrance, rē-mem̍brans, *n.* স্মরণ ; Recollection :—স্মৃতি ; স্মরণশক্তি ; Memory :—স্মরণার্থ চিহ্ন ; স্মারক বস্তু ; Memorial. *Syn* :—Reminiscence ; mind ; token, momento, souvenir.

Remembrancer, re-mem̍brans-ėr, *n.* স্মারক বস্তু ; উদ্বোধক, স্মৃতিচিহ্ন ; That which reminds, a memorial.

Remind, re-mind, *v. t.* স্মরণ করাইয়া-দে ; স্মৃতিগোচর-কৃ ; To cause to remember, to put in mind of ; to bring under the notice or consideration of. [Put one in mind of.

Remind (one) **of**—কোন বিষয় স্মরণ করাইয়া-দে ;

Reminder, *n.* স্মারক ; স্মরণার্থ লিখন।

Reminiscence, rem-e-nis̍ens, *n.* [L. *reminiscor*, to recollect] স্মৃতি ; স্মরণ ; পূর্ব্বস্মৃতি ; স্মৃতি বিবর ; Recollection ; remembrance ; memory ; the recurrence to the mind of the past.

Remise, *v. t.* [L. *re*, back, *mitto*, to send] ত্যাগ-কৃ ; To surrender :—*n.* ত্যাগ ; Surrender.

Remiss, rē-mis̍, *a.* [L. *remissus*, *ppr.* of *remittere*, to relax] অমনোযোগী ; অসাবধান ; অনবহিত ; শিথিল ; আলস্য ; Negligent ; careless ; inattentive ; slothful ; slack. *ad*=remissly, *n*=remissness. *Syn* :—Dilatory, lax, negligent, careless, inattentive.

Remissible, re-mis̍i-bl, *a.* ক্ষমাযোগ্য ; ক্ষমণীয় ; That may be pardoned. *n*=remissibility.

Remission, rē-mish̍un, *n.* ক্ষমা ; মার্জ্জনা ; রেহাই ; Pardon :—উপশম, কিঞ্চিৎ বিরাম ; হ্রাস ; Abatement ; relaxation :—টাকা প্রেরণ ; The sending of money to a distance :—মুক্তি ; Release :—স্বত্বত্যাগ ; Relinquishment. *Syn* :—Forgiveness, discharge, relaxation, diminution, removal ; intermission, suspension, stoppage [Forgiving.

Remissive, re-mis̍iv, *a.* ক্ষমাশীল ; ক্ষমাপর ;

Remit, rē-mit̍. *v. t.* ত্যাগ-কৃ ; To give up ; to resign :—ক্ষমা-কৃ ; মার্জ্জনা-কৃ, To pardon, to forgive :—টাকা প্রেরণ-কৃ ; Send money, transmit, as money :—*v. i.* হ্রাস-হ, লঘু-হ, কমা, To abate in force or in violence ; to become moderated. *n*=remitter (প্রেরক)। *Syn* :—Return, restore, replace, relax, abate ; absolve, forgive ; surrender, resign ; transmit, forward, send, slacken, decrease. [mitting, surrender.

Remmittal, re mit̍al, *n* প্রেরণ, ত্যাগ, A re-

Remittance, re-mit̍ans, *n.* টাকা প্রেরণ ; প্রেরিত টাকা ; The sending of money &c. to a distance, the sum remitted.

Remittent, re-mit̍ent, *a* অল্প বিরাম, অল্পকালের জন্য হ্রাসবিশিষ্ট ; Increasing and abating alternately, as a disease.

Remittent fever—স্বল্প বিরামজ্বর, (সামান্য হ্রাসবৃদ্ধিযুক্ত) একজ্বর, বাতশ্লৈষ্মিক বিকার।

Remnant, rem̍nant, *n.* অবশেষ ; অংশ, অবশিষ্টাংশ ; বাকী, সামান্য খণ্ড ; টুকরা টুকরা ; ছিট-কাট ; Remainder ; a fragment ; a scrap. *Syn* :—Rest, remains, shred.

Remodel, rē-modl, *v. t.* পুনঃনির্ম্মাণ-কৃ, পুনর্গঠন-কৃ, To model or fashion anew.

Remonstrance, re-mon̍strans, *n.* আপত্তি, বাদানুবাদ, প্রতিবাদ, Expostulation, strong representation of reasons against an act.

Remonstrant, re-mon̍strant, *a* প্রতিবাদাত্মক, প্রতিবাদপরবশ, Inclined to remonstrate :—*n.* আপত্তিকারী ; আপত্তিকারক, প্রতিবাদক ; One who remonstrates.

Remonstrate, re-mon̍strāt, *v. t.* [L. *re*, again, and *monstro*, to point out] আপত্তি-কৃ প্রতিবাদ-কৃ, To expostulate ; show strong reasons against a measure.

Remonstrate with (one) **against**—কাহারও কার্য্য সম্বন্ধে ঘোর আপত্তি-কৃ ; Urge upon one strong reasons against (any act).

Remorse, rē-mors̍, *n.* [L. *remordere*, *remor-*

sum, to bite back] অনুতাপ ; মনস্তাপ ; মর্মপীড়া ; The gnawing pain or anguish of guilt ; regret. *Syn* :—Compunction, self-condemnation.

Remorseful, re-mors'fool, *a.* অনুতাপপূর্ণ ; অনুতপ্ত ; অনুতাপদগ্ধ ; Full of remorse. *ad*=remorsefully.

Remorseless, re-mors'less, *n.* নিষ্ঠুর ; নির্দয় ; Cruel. *n*=remorselessness, *ad*=remorselessly. *Syn* :—Unpitying, pitiless, relentless, unrelenting, implacable, merciless, ruthless, unmerciful, savage.

Remote, rē-mōt', *a.* [L. *remotus*, *pp.* of *removere*, to remove] দূরবর্তী ; দূরস্থ ; Far ; far away ; distant :—আদি ; প্রাথমিক ; Primary, as a cause : —বিচ্ছিন্ন ; অসংলগ্ন ; Not agreeing ; not related : —সামান্য ; অস্পষ্ট ; Slight. *n*=remoteness (দূরবর্ত্তিতা) । *ad*=remotely (দূরতররূপে) । *Syn* :—Secluded, removed, foreign, alien ; separate, unconnected ; inconsiderable. [anew.

Remould, *v. t.* পুনর্গঠন-কৃ ; To mould or shape

Remount, *n.* সজ্জিত অপর ঘোটক :—পুনরারোহণার্থ আবশ্যক দ্রব্যজাত ; Things necessary for remounting :—*v. t.* or *v. i.* পুনরারোহণ-কৃ ; To mount again.

Removable, re-mōōv'a-bl, *a.* স্থানান্তর করণ যোগ্য ; অপসারণীয় ; That may be removed. *n*=removability.

Removal, rē-mōōv'al, *n* স্থানান্তর করণ , অপসারণ ; The act of taking away :—স্থান পরিবর্তন ; পদচ্যুতি ; Displacing ; change of place ; dismissal. *Syn* :—Displacement, transference, relegation ; withdrawal, extraction, elimination , suppression, abatement ; dismission, ejection.

Remove, rē-mōōv', *v. t.* [L. *re*, again, back, and *movere*, to move] স্থানান্তর-কৃ ; অপসারিত-কৃ ; সরাণ ; দূরীভূত-কৃ ; অপসৃত-কৃ ; To put from its place ; to take away ; to put away ; to drive away , to displace ; to withdraw :—স্থান পরিবর্তন-কৃ , পদচ্যুত-কৃ ; To change place ; to cause to change place :—*v. i.* স্থানান্তরে যাওয়া ; সরা ; নড়া ; To go from one place to another :—*n.* অপসরণ ; অপগম ; Removal :—স্থান পরিবর্তন ; Change of place ; departure :—দূরত্ব ; দূরবর্ত্তিতা ; Remoteness :—কর্ম্ম হইতে বিদায় ; Dismissal :—পদ ; শ্রেণী ; Step in gradation :—দূরতা ; Distance :—ভোজ্যাধার ; A dish to be changed while the rest remain. *Syn* :—(*v*) Displace, dislodge ; transfer, relegate ; withdraw, extract ; banish, destroy, suppress ; dismiss, eject, oust.

Removed, *p. a.* স্থানান্তরিত ; দূরবর্ত্তী ।

Remunerable, re-mū'nėr-a-bl, *a.* পুরস্কার যোগ্য , লাভজনক , Worthy of being rewarded , fit to be rewarded.

Remunerate, rē-mūnėr-āt, *v. t.* পুরস্কার-কৃ , বেতন-দে ; পারিতোষিক-দে , ক্ষতিপূরণ-কৃ ; To recompense ; to reward. *Syn* :—Reward, requite, repay, reimburse, indemnify.

Remuneration, rē-mūn-er-āshun, *n.* পুরস্কার ; পারিতোষিক ; পরিশ্রমের মূল্য স্বরূপ দান ; প্রতিদান ; বেতন ; ক্ষতিপূরণ ; Reward ; recompense. *Syn* :—Repayment, reimbursement, indemnification, compensation ; pay, salary, wages.

Remunerative, re-mū'nėr-a-tiv, *a.* লাভজনক ; Lucrative :—অনুরূপ ক্ষতিপূরণ প্রদায়ক ; Yielding proper return.

Renaissance, Renascence, *n.* বিলুপ্ত বস্তুর পুনরুজ্জীবন বা পুনরুদ্ধার ; পুনরভ্যুদয় ; A renewal.

Renal, rē'nal, *a.* কটি বা বৃক্কদ্বয় সম্বন্ধীয় ; মূত্রাশয় সম্বন্ধীয় ; Pertaining to the loins or kidneys.

Renard, renard, **Reynard,** *n.* খেঁকশেয়ালী ; A fox, so called in fables and in poetry.

Renascent, *a.* [L. *re*, again, and *nascor*, to be born] পুনরভ্যুদীয়মান ; Rising into being again.

Romanese, *n.* হাঙ্গেরি দেশের ভাষা বিশেষ ।

Romanesque, rō-man-esḱ, *n.* দক্ষিণ ফরাসী প্রদেশের ভাষা ; The dialect of Languedoc and other districts in the South of France :—*a.* অদ্ভুত ; Romantic.

Romanise, rō'man-īz, *v. t.* রোম্যান্ ক্যাথলিক ধর্ম্মে প্রবর্ত্তিত-কৃ ; To convert to the Roman Catholic religion :—*v. i.* রোম্যান্ ক্যাথলিক মত বা বিচারের সহিত একমত হওয়া ; To conform to Roman Catholic opinions or practices.

Romanism, rō'man-izm, *n.* রোম্যান ক্যাথলিক ধর্ম্ম-নীতি ; The tenets of the Roman Catholic Church.

Romanist, rō'man-ist, *n.* রোম্যান্ ক্যাথলিক ধর্ম্মাবলম্বী ; A Roman Catholic.

Roman law—আইন বিশেষ , The name given to the laws founded on the laws and statutes of Rome and incorporated more or less into the laws of every country of Europe.

Roman nose—কিছু বক্র নাসিকা ; A high curved nose similar to that of the Romans.

Roman order—In arch, the composite order.

Romany, *n.* যাযাবরদিগের ভাষা ; বেদিয়া ভাষা ।

Romans, *n* পললিখিত পত্র , Epistle of St Paul

King of the Romans—Successor of the emperor of Germany.

Romantic, rō-mantik, *a* ঔপন্যাসিক , আশ্চর্য্য , বিচিত্র , অসম্ভব ; কাল্পনিক , অদ্ভুত কিম্ভূত কিমাকার ; Fictitious , extravagant , marvelous , fantastic , wild *ad*=romantically, *n*=romanticness *Syn* —Legendary, sentimental, chimerical, fanciful

Romanticism, *n.* প্রাচীন হইতে মধ্যকালীন ভাষা-রীতি ঘটিত পরিবর্ত্তন : The change from a classical to a medieval style of literature

Roman white—শ্বেতবর্ণ , Purest white

King of Rome—Eldest son of Napoleon.

Rome was not built in a day—বড় কাজ এক দিনে সম্পন্ন হয় না , বৃহৎ ব্যাপার একদিনে সম্পন্ন হয় না সবুরে মেওয়া ফলে , Great deeds are not accomplished without a considerable interval of time , great result cannot be obtained in a short period

Romish, rōmish, *a.* রোম বা রোমান ক্যাথলিক সম্প্রদায় সম্বন্ধীয় Belonging to Rome or to the Roman Catholic Church

Romp, romp *v i* গোলমাল করিয়া খেলা-কৃ ক্রীড়াতে লম্ফ ঝম্প-কৃ , To play noisily to frisk about in play , to skip about in play —*n* চঞ্চলা বালিকা , লম্ফঝম্পকারিণী নির্লজ্জা বালিকা A girl fond of rough or boisterous play —অসভ্য ক্রীড়া , Rude frolic

Romping, *n* ক্রীড়াকারী ।

Rompish, romp'ish, *a* লম্ফঝম্প ক্রীড়াসক্ত , ক্রীড়াপ্রিয় , Fond of rude play *n*=rompishness, *ad*=rompishly

Rondeau, Rondo, rondō *n* ত্রয়োদশপদী কবিতা বিশেষ , A little poem of verses, eight in one rhyme and five in another.

Rood, rōōd, *n* জমির পরিমাণ বিশেষ , প্রায় পনের কাঠা , Quarter acre , the fourth part of an acre —ক্রুশ , যে কাষ্ঠদারু যীশুখ্রীষ্ট প্রাণ সংহার হয় তাহার প্রতিকৃতি , Crucifix , a cross

By the rood—By the cross, a form of wood formerly used in swearing

Rood loft, *n* Gallery on which the cross and rood was set to view

Roof, rōōf *n* ছাত , চাল , ছই ছপ্পর The cover of a house or building , arch of a vault —গৃহ , A house or dwelling —তালু , টাকরা , Upper part of the mouth —*v t.* ছাদ কৃ , To cover with a roof —রক্ষা কৃ আশ্রয়দান কৃ To shelter

Roofing, rōōf'ing, *n* ছাদ প্রস্তুত করণ , ছাদ বা চালের কাঠাম , The act of covering with a roof ছাদের উপকরণ , মালমসলা , Materials for a roof — —ছাদ , The roof itself

Roofless, rōōf'les *a* ছাদবিহীন , Without a roof —আশ্রয়শূন্য , Unsheltered.

Rook, rook, *n* দাঁড়কাক , A kind of crow — ঠক ; প্রতারক , A cheat —পাদরী , Parson — সতরঞ্চ খেলার বল , নৌকা . A castle —*v t* প্রতারণা কৃ , To cheat

Rookery, rookér-i, *n* যেখানে দাঁড়কাকেরা বাসা করে , নীড়াবাস , A place to which rooks resort to build their nest, as a wood &c.

Room, rōōm, *n* কুঠরী , কোঠা , কামরা . An apartment ; a chamber of a house :—অনধিকৃত ভূমি , অনধিকৃত স্থান বা যায়গা , Extent of place , space unoccupied —অবসর , অবকাশ , Freedom to act ; scope —আসন , A seat —পরিবর্ত্ত , Stead — *v t* বাস কৃ , To occupy a room ; to lodge

Make room—যায়গা খালি কৃ , স্থান বা পথ দেওয়া , বাধা সকল দূর-কৃ , Open a space, way, or passage , to remove obstruction —(কোন কিছুর) স্থান করিয়া লওয়া Find space —নিজের সম্পত্তি অন্যকে দে Give one's own to another.

Room and to spare—অনধিকৃত স্থান যথেষ্ট স্থান , More space than is needed , unoccupied room or space

Room for—কোন কিছুর স্থান বা আশা (থাকা) . Possibility of entertaining —Possibility of making

Sick room—রোগীর ঘর ।

To give (or leave) room—অপসৃত হ . সরিয়া যাওয়া , To withdraw to allow others to pass.

Roomful, *a* একঘর (লোকাদি) ।

Room-tree, *n* মধ্যম কাষ্ঠ চাল ।

Roomy, rōōmi, *a.* বিস্তৃত , বিশাল , প্রশস্ত , লম্বা-চওড়া Having ample room wide , spacious —বড় Big *n*=roominess *ad*=roomly

Roost, rōōst, *n* রাত্রিকালে পক্ষিদিগের বিশ্রামার্থ দাঁড় পক্ষীর দাঁড় A pole or perch , a support on which a bird rests at night —পালিত পক্ষীর ঝাঁক , উপবিষ্ট পক্ষীর দল A number of fowls resting together —*v i* দাঁড়ে বসা বিশ্রাম কৃ নিদ্রা যা , ঘুমান To sit or sleep or rest on a roost

Root, root *n* মূল শিকড় জড় গোড়া The part of a plant in the earth , bulb —ভিত্তি , তল-দেশ Bottom —আদি প্রকৃতি , The origin — আরম্ভ Beginning —আদি কারণ , First cause — আদি পুরুষ First forefather —মূলশব্দ , ধাতু A word from which others are derived —*v i* দৃঢ়রূপে স্থাপিত হ , দৃঢ় হইয়া বসা , শিকড় চালান To be firmly established to take root — নাসিকা দ্বারা মাটি খনন কৃ To turn up the earth with the snout —*v t* দৃঢ়রূপে বদ্ধমূল কৃ , মনে দৃঢ়-রূপে আরোপ কৃ , To plant in the earth , to implant firmly *Syn* —(*n*) Radix, radicle , origin, source, spring cause base, foundation

An esculent root—মূলা ওলকোপি প্রভৃতি ।

Be or lie at the root of—কোন বিষয়ের মূল হ ; Be the source of

Bulbous root—কন্দ মূল ।

Cube root—ঘনমূল ।

Go to the root of—কোন বিষয়ের মূল বা কারণ নির্দ্দেশ বা বাহির করা , Trace the source or cause of anything [উন্মূলিত-কৃ , Destroy completely

Make root-and-branch-work with—সমূলে

Root and branch—সম্পূর্ণরূপে , আমূল , সমূলে ; আগাগোড়া , Completely , thoroughly.

Root out—উন্মূল-কৃ , উন্মূলিত-কৃ , ঝাড় মারা , Extirpate , tear up by the root

Root up—উন্মূল-কৃ , মূল সমেত তুলিয়া ফেলা , Dig up.

Strike at the root of—মূলে কুঠারাঘাত-কৃ , Eradicate.

Strike (or take) root—শিকড় গাড়া , দৃঢ়ভাবে বসা ।

Square root—বর্গমূল ।

Take root—বদ্ধমূল-হ; Become planted or fixed :—স্থাপিত-হ ; Be established :—বিস্তারিত-হ , বিস্তৃত-হ ; To increase and spread.
Take up by the root—উন্মূল-কৃ ; নির্মূল-কৃ , Eradicate ; extirpate.
Rooted, *a.* বদ্ধমূল ; Firmly fixed.
Root-house, *n.* মূল রাখিবার ঘর ; মূল দ্বারা নির্ম্মিত গৃহ , A place for keeping roots ; house made of roots.
Rootless, *a.* মূলশূন্য , Destitute of roots.
Root-let, rōōt'let, *n.* ক্ষুদ্র মূল ; সরু শিকড় ; উপমূল , A little root ; a radicle.
Root-stock, *n.* কন্দ : গেঁটো ।
Rope, rōp, *n.* রজ্জু , রসি , দড়ি ; কাছি , A thick twisted cord or line :—*v. i.* কাছিতে পরিণত-হ ; To draw out or extend into a thread :—*v. t.* দড়ি দিয়া বাঁধা , দড়ি বাঁধিয়া পৃথক-কৃ ।
A rope of sand—বালির বাঁধ ; বালির দড়ি ; A feeble union , a bond or tie which is easily broken.
Give one rope—কাহাকেও অবাধে ছাড়িয়া দেওয়া ।
High ropes—আনন্দ ; High spirit
Upon the high ropes—আহ্লাদে , অহঙ্কারে ।
With rope or halter round the neck—গলায় দড়ি দিয়া , আসন্ন মৃত্যুকাল বিপদগ্রস্ত (হইয়া), Being in imminent danger of being hanged.
Rope-dancer, Rope-ganger, *n.* রজ্জুপরি নর্ত্তক , রজ্জুর উপর নৃত্যকারী , দড়াবাজিওয়ালা , One who walks on a rope.
Rope-dancing, *n.* দড়াবাজি ।
Rope-ladder, *n.* রজ্জুর সোপান ; দড়ির মই ; Ladder made of ropes.
Rope-maker, *n.* রজ্জুকার । [A maker of ropes
Roper, rōp'ėr, *n.* রজ্জু-প্রস্তুতকারী , রজ্জুনির্ম্মাতা ;
Ropery, rōp'ėr-i, *n.* দড়ি প্রস্তুত করিবার স্থান ; রজ্জু নির্ম্মাণ স্থান , A place where ropes are made.
Rope's end—শাসনার্থ রজ্জুখণ্ড ।
Rope-walk rōp'wawk, **Ropery,** *n.* রজ্জু প্রস্তুত করিবার স্থান ; Place for making ropes —রজ্জু নির্ম্মাণালয় ; A long shed used for the manufacture of ropes. [ropes.
Rope-yarn, *n.* দড়ি পাকাইবার সুতা , Yarn for
Ropy, rōp'e, *a.* চট্চটে ; আটাল , Adhesive , glutinous. *n*=ropiness, *ad*=ropily. *Syn* :—Stringy, viscous, tenacious.
Rorqual, *n.* তিমি বিশেষ , A genus of whales.
Rosaceous, ro-zā'shus, *a.* পুষ্পসম্বন্ধীয় , গোলাপ জাতীয় , Pertaining to the rose family of plants.
Rosarian, *n.* Bed or garden of roses.
Rosary, rō-zar-i, *n* জপমালা , অক্ষসূত্র , String of beads :—যেখানে গোলাপ ফুটে ; A bed of roses.
Rose, *pt.* Of *rise.*
Rose, rōz, *n.* গোলাপ পুষ্প বা বৃক্ষ ; A plant and flower of many species ; a rosette :—গোলাপের ন্যায় বর্ণ ; Pink , the color of the rose.
A bed of roses—সুখের শয্যা ; সুখের জীবন ; A very comfortable situation ; an easy life.
China rose, *n.* জবা পুষ্প ।
Red Rose—Badge of the House of Lancaster.
Under the rose—গোপনে ; অপ্রকাশ্য , প্রকাশ না পায় এমন ভাবে , In secrecy , in strict confidence ; with secrecy.
Wars of the Roses—Wars between the houses of York and Lancaster.
White rose—Badge of the House of York.
Roseal, rōz'e-al, *a.* গোলাপ তুল্য ; Like a rose.
Rose-apple, *n.* গোলাপ-জাম ।
Roseate, rōz'e-āt, *a.* [L. *roseus—rosa,* a rose] গোলাপপূর্ণ ; গোলাপবহুল , Rosy , full of roses :—গোলাপী ; লোহিত , Blooming ; red ; of a rose colour. *Syn* :—Ruddy, blushing, mantling.
Rose-bed, *n.* সুখশয্যা ; A bed of roses.
Rose-bud, *n* গোলাপের কুঁড়ি ।
Rose-colour, *n.* গোলাপী রঙ্ ।
Rose-coloured—এমন সুন্দর যাহাতে লোক প্রতারিত হয় ; Deceptively fine. [প্রকার যন্ত্র ।
Rose-engine, *n.* কাষ্ঠাদিতে রেখা অঙ্কিত করিবার এক
Rosemary, rōz'mar-i, **Rosemarin,** roz'ma-rėn, [L. *ros,* dew, *mare,* the sea] গুল্ম বিশেষ ; লতা বিশেষ , A small fragrant evergreen shrub, once used as an emblem of fidelity.
Rosette, ro-zet', *n.* ফিতা দ্বারা নির্ম্মিত কৃত্রিম গোলাপ , An imitation of a rose by means of a ribbon.
Rose-water, rōz-waw'tėr, *n* গোলাপ জল , Scent distilled from roses :—*a.* কৃত্রিমভাবময় , Sentimental. [window like the leaves of a rose
Rose-window, *n.* গোলাপাকার গবাক্ষ , A circular
Rose-wood, rōz'wood, *n* ব্রেজিল দেশের গোলাপগন্ধ কাষ্ঠ বিশেষ ; The wood of a Brazilian tree having a fragrance like that of rose.
Rose-work—Articles made of rose wood.
Rosicrucian, *a.* জর্মন দেশের তান্ত্রিক গুপ্ত-সভা সম্বন্ধীয় , তান্ত্রিক ।
Rosin, roz'in, *n.* ধূনা , রজন , Resin from turpentine :—*v. t.* রজন দিয়া আবৃত-কৃ ; To cover with rosin. [containing rosin.
Rosiny, roz'in-i, *a.* রজনতুল্য , রজনগর্ভ , Like or
Roster, *n* পর্য্যায়ক্রমে কার্য্যকারীদিগের তালিকা , A list of persons liable of a military duty [beak
Rostral, rostral, *a* চঞ্চু সদৃশ , Like a rostrum or
Rostral crown—A naval crown given to one who won a naval victory, being made of gold decorated with beaks of ships.
Rostrate, rostrāt, **Rostrated,** rostrāt-ed, *a.* চঞ্চুবিশিষ্ট , Beaked. [the form of a beak.
Rostriform, *a* চঞ্চুর ন্যায় আকারবিশিষ্ট , Having
Rostrum, rostrum, *n* [L *rodo, rosum,* to gnaw] পক্ষীর চঞ্চু ; The break of a bird . bird's beak :—জাহাজের (চঞ্চু) অগ্রভাগ ; Ship's beak , the head of a ship —বেদি , বক্তৃতামঞ্চ , Orator's pulpit.
Rosy, rōz'e, *a.* গোলাপী , গোলাপের ন্যায় সুন্দর ; মনোহর , গোলাপ-শোভিত ; Like a rose ; blooming ; blushing ; charming ; red , roseate *n*=rosiness
Rot, rot. *v. i.* গলিত-হ ; নষ্ট-হ ; পচিয়া-যা ; To decay , to become decomposed ; corrupt , putrefy :—*v. t* গলিত-কৃ ; পচা ; পচান ; গলান , To bring to corruption , to cause to be decomposed ; to make putrid :—*n.* পচন , গলন ; Decay ; putrefaction —আলুর রোগ বিশেষ , A disease of the potato :—মেষজাতির পীড়া বা রোগ ; A fatal distemper incident in sheep.
All rot—বাজে কথা ।
Rotary, rō-tar-i, *a.* [L. *rota,* a wheel] ঘূর্ণায়মান , আবর্ত্তমান , ঘূর্ণ্যমান , Rotatory.

Rotate, rō'tāt, *v. t.* ঘূর্ণীত-কৃ ; আবর্ত্তিত-কৃ ; To cause to revolve :—*v. i.* ঘূর্ণায়মান-হ ; ঘুরা ; ব্যাস পরিভ্রমণ-কৃ ; To turn round like a wheel, to turn round an axis.

Rotation, *n.* ঘূর্ণন ; চক্রবৎ গতি ; ব্যাস পরিভ্রমণ ; Revolution ; a turning round like a wheel.

By rotation—আবর্ত্তক্রমে ; পর্য্যায়ক্রমে।

Rotatory, rō'ta-tor-i, *a.* ঘূর্ণায়মান ; আবর্ত্তনকারী ; বৃত্তাকারে পরিভ্রাম্যমাণ ; Turning round like a wheel ; going in a circle.

Rote, rōt, *n.* মুখস্থ অভ্যাস ; পুনঃ পুনঃ আবৃত্তি বা পাঠ ; Mere mechanical repetition :—*v. t.* মুখস্থ অভ্যাস-কৃ ; Learn by rote.

By rote—কেবল মুখস্থ ; By mere repetition, without the exercise of the understanding.

To learn by rote—মুখস্থ করা ; অর্থ না বুঝিয়া পুনঃ পুনঃ আবৃত্তি দ্বারা মুখস্থ-কৃ।

Rotten, rot'n, *a.* পচা ; গলিত ; পূতিগন্ধ ; দুর্গন্ধ ; জীর্ণ ; Decayed ; corrupt ; putrefied ; unsound :—বিশ্বাসঘাতক, Treacherous. *n*=rotteness. *Syn* :—Carious, unsound, deceitful, treacherous.

Rottenness, *n.* জীর্ণতা ; গলিতাবস্থা।

Rotten-stone, *n.* পাত্রাদি মাজ্জনার্থ প্রস্তরচূর্ণ বিশেষ ; A soft stone used in a state of powder for cleaning and polishing metals and glass.

Rotund, rō-tund, *a.* গোল ; গোলাকার ; সম্পূর্ণ ; Round ; spherical ; entire. *n*=rotundness, rotundity (বর্ত্তুলতা)।

Rotunda, ro-tunda, **Rotundo,** ro-tundo, *n.* গোল ইমারৎ ; গোল ঘর ; A round building. [র্তা।

Rotundity, Rotundness, *n.* গোলাকারত্ব ; সম্পূ-

Rouble, Ruble, *n* রুশপ্রচলিত মুদ্রা, প্রায় ২৷৷০ টাকা ; A silver coin of Russia. [figate ; a rake.

Roue, rōō'a, *n.* লম্পট ; দুশ্চরিত্র লোক ; A pro-

Rouge, rōōzh, *a.* লাল ; Ruby ; red :—*n.* গালে দিবার এক প্রকার লাল রং ; A red paint used to colour the cheeks or lips :—*v. t.* লাল রং-কৃ ; To colour with rouge :—*v. i.* লাল রং-কৃ ; উক্ত রং দ্বারা রঞ্জিত-কৃ ; To paint with rouge. [of cards.

Rouge-et-noir, *n.* এক প্রকার তাস খেলা ; A game

Rough, ruf, *a.* বন্ধুর ; অসমান ; Not smooth ; uneven ; not level ; rugged ; coarse :—অমসৃণ ; আবড়োখাবড়ো ; Harsh to the touch :—অস্পষ্ট ; মোটামুটি ; Vague :—কঠোর ; কঠিন, কটু ; Harsh, severe ; hard —অসভ্য, অভদ্র, রুক্ষ ; Rude ; uncivil ; unpolished ; sharp :—বাত্যাকুল ; প্রচণ্ড, উগ্র ; ঝটিকাসঙ্কুল, Stormy ; tempestuous ; boisterous ; wild :—লোমবিশিষ্ট, Hairy :—*n.* অসভ্য ব্যক্তি, বিবাদপ্রিয় লোক ; ঝগড়াটিয়া ব্যক্তি ; A rude swaggerer ; a coarse bully ; a riotous, turbulent, fighting fellow :—*v. t.* বন্ধুর-কৃ ; বিনীত-কৃ ; ঘোটক বশ-কৃ ; To render rough ; to break in a horse. *ad*= roughly. *n*=roughness. *Syn* :—(*a*) Craggy, jagged ; unhewn, unwrought, unfashioned, shapeless ; uncut ; shaggy, hirsute, bristly ; unpolite, ungracious ; blunt, bluff, brusque ; violent ; discordant, jarring.

A rough estimate—মোটামুটি হিসাব ; An estimate in general and not very exact.

A rough guess—মোটামুটি আন্দাজ ; A opinion or judgment given at random and in general terms without attempt at precision.

In the rough—যেমন আছে তেমনি ; অপরিষ্কার অবস্থায় ; অসংস্কৃত ; In the original material ; in an unwrought condition ; unpolished.

Over rough and smoth—পর্ব্বত ও উপত্যকার উপর দিয়া ; Over the ground rough and smoth ; over hill and valley.

Rough and ready—যাহা তখনি তখনি বা তড়িঘড়ি কর্ম্মে পরিণত করা যাইতে পারে ; Capable of being promptly executed :—সরাসরি ; Summary :—কট্‌কটে ; তৎপর ; Brusque.

Rough and tumble—অবিচারিত, বেপরোয়া।

Rough customer—ক্লেশদায়ক শত্রু, A troublesome antagonist.

Rough diamond—অসংস্কৃত হীরক ; প্রতিভা-সম্পন্ন লোক ; যে ব্যক্তির বাহ্য কার্কশ্যের অভ্যন্তরে সদ্‌গুণ থাকে ; A diamond uncut and unpolished ; hence, a person of fine natural ability without cultivation.

Rough it—কষ্টসহ-কৃ, কষ্টকর জীবনযাপন-কৃ, Submit to hardship, pursue a rough or rugged course of life.

Rough-cast, *v. t.* একমেটে-কৃ ; আদরা-কৃ ; To form in its first rudiments :—*n.* আদরা ; মোটামুটি নমুনা।

Rough-draught, *n.* পাণ্ডুলেখ্য, Rude sketch.

Rough-draw, *v. t.* মোটামুটি আঁকা, স্থূলভাবে অঙ্কিত-কৃ ; Sketch slightly ; draw coarsely.

Rough-dry, *v. t.* ইস্ত্রি না করিয়া শুষ্ক-কৃ।

Roughen, ruf'n, *v. t.* বন্ধুর-কৃ ; অমসৃণ-কৃ ; কর্কশ-কৃ, To make rough :—*v. i.* বন্ধুর-হ, অমসৃণ-হ ; To become rough.

Rough-grained, *a.* অবিনীত ; কর্কশ ব্যবহারবিশিষ্ট।

Rough-hew, *v. t.* অপরিষ্কারভাবে কাটা ; আদরা-কৃ, Cut out coarsely, give the first shape ; hew coarsely. *n*=rough hewer (যে মোটামুটি খোদিত করে)।

Rough-hown—মোটামুটি খোদিত, বন্ধুর, অপরিষ্কার, অসম্পূর্ণ ; Rugged, unpolished.

Roughly, *ad.* অভদ্রভাবে ; কর্কশরূপে, মোটামুটি, Harshly ; rudely ; coarsely.

Roughly speaking—মোটামুটি বলিতে গেলে।

Roughness, *n.* অভদ্রতা ; অসভ্যতা, উগ্রতা ; কার্কশ্য, Harshness ; severity.

Rough-rider, ruf'-rider, *n.* অশ্বদমনকারী ; অশ্বিনেতা, অশ্বশাসক ; One who breaks horses.

Roughscuff, *n.* অসভ্য ব্যক্তি ; নীচ লোক, A coarse follow.

Rough-shod, *a.* সনাল ; কণ্টকান্বিত জুতাবিশিষ্ট, Having the shoes armed with points :—*ad* অপরের ক্লেশ অগ্রাহ্যকারী ; Regardless of pain or distress of others.

Ride rough-shod over—কাহার উপর কর্তৃত্ব ফলান, Be overbearing to ; lord it over one স্বার্থপর হইয়া কর্ম্ম-কৃ ; Pursue a course selfishly, regardless of consequence.

Rough weather—Stormy weather.

Roulette, *n.* মেজের উপর কন্দুক-ক্রীড়া বিশেষ ; A game of chance played with a ball on a circle.

Round, round, *a* গোল ; গোলাকার ; Circular. spherical, globular :—সম্পূর্ণ ; পুরা ; পূর্ণ ; Complete ; full ; whole :—বড়, Large, great :—মসৃণ ; সমান ; Smooth :—সরল ; Open ; plain :—ক্ষিপ্র ; চঞ্চল ; Brisk :—স্থির ; নিশ্চয়, Positive, bold :—*ad.* চারিদিকে ; চতুর্দ্দিকে, Everywhere, on all sides :—গোলাকাররূপে, পাক দিয়া, Circularly.

—*n.* মণ্ডল ; চক্র ; আবৃত্তি ; Globe ; circle :—পরিভ্রমণ ; Tour ; circuit :—পর্য্যায় ; Cycle ; succession :—আবর্ত্তন ; Revolution :—বৃত্তাকারে নৃত্য ; A round dance :—আরোহণীর সোপান ; মইয়ের কোঁড়া ; Ladder ; step :—রোঁদ পরিদর্শন ; শান্তিরক্ষকের ভ্রমণ ; গান ; Song :—Survey by a guard or officer :—বহু কামান নিক্ষেপ ; Volley :—*prep.* চতুর্দ্দিকে ; Around ; on every side of :—সর্ব্বত্র ; About :—*v. t.* বেষ্টিত-কৃ ; বেষ্টন-কৃ ; To surround :—সমাধান-কৃ ; To complete :—সম্পূর্ণ-কৃ ; To make full :—*v. i.* ঘুরাফেরা ; চতুর্দ্দিকে-যা ; রোঁদে-যা ; পরিভ্রমণ-কৃ ; To go round :—বর্ত্তুলাকার-হ ; গোলাকার-হ ; পূর্ণ-হ ; To grow or become round or full. *Syn* :—(*a*) Rotund, orbicular, cylindrical ; entire ; considerable ; plump ; chubby.

A good round sum—মোটা টাকা ; A large sum.

All round—চতুর্দ্দিকে ; চারিদিকে ; In every direction :—সকলের নিকটে ; To all parties :—সকলের সহিত ; With all parties :—সকল বিষয়ে ; In all cases. [each man.

A round of catridges—One cartridge to

A round robin—কোন লিখিত দরখাস্ত বা আর্জ্জিতে পরে পরে নীচে সহি করিলে প্রথম ব্যক্তির নাম ধরা পড়িবে, এইজন্ত সকলে গোলাকারে সহি করে ; A written petition or memorial signed by names in a circular form, so that it may not be known who originated it.

At a round rate—সত্বর ; শীঘ্র ; Quickly.

Bring one round—ফিরাইয়া আনা ; সুস্থ-কৃ।

Bring up with a round turn—হঠাৎ থামা।

Go one's rounds—নিজের এলাকার মধ্যে নিজের কাজে যোবা ; রোঁদে যাওয়া ; Go about one's beat to perform one's duties.

Go round—চারিদিকে ফিরে ; Circulate among.

Go the round of—পুনঃ পুনঃ ঘুরে বেড়ান ; Go over repeatedly :—একইরূপ কাজে নিয়ত নিযুক্ত থাকা ; Go through the same series of duties over and over again. [Circulate all over the world.

Go the round of the world—পৃথিবীর সর্ব্বত্র যোরা ;

In round numbers—মোটামুটি ধরিলে ; মোটামুটি হিসাবে ; Approximately ; in approximate numbers :—শূন্য শেষে আছে এমন সংখ্যায় ধরিলে ; In a number that ends with a cypher.

Round and round—ঘুরে ফিরে ; Repeatedly round ; over and over again.

Round off—সমাধান-কৃ ; শেষ-কৃ ; Finish off.

Run the round of—এক এক করিয়া সর্ব্বত্র ফেরা ; এক এক করিয়া সব শেষ-কৃ ; Pass through in succession.

To come round—চৈতন্য প্রাপ্ত-হ ; To revive.

To get round—আরোগ্য লাভ-কৃ ; To recover :—প্রতারণা-কৃ ; ঠকান ; To wheedle.

Round-about, rownda-bowt, *a.* ঘোরাল ; বক্র ; অসরল ; Circuitous ; encircling ; indirect :—*n.* শিশুদের আরোহণার্থ ভূতলের সহিত সমান্তরালভাবে অবস্থিত যন্ত্র ; A horizontal wheel on which children ride.

In a round-about way—ঘুরাইয়া ফিরাইয়া ; In an indirect or circuitous way. [tive saying.

Round-affirmation—নিশ্চয় বাক্য ; Bold, posi-

Round-dealing—সৎকর্ম্ম ; Plain, open dealing.

Roundel, *n.* বৃত্ত ; A circle :—বৃত্তাকারে গীত বা নৃত্য ; A roun-delay.

Round-delay, *n.* এক প্রকার গীত বা নৃত্য ; A song or dance in which parts are repeated.

Round-game—যে খেলায় অনেকে যোগ দেয় ; A game in which many join.

Round-hand—সোজা গোল হাতের ছাঁদ।

Round-head, *n.* খ্রীষ্টান সম্প্রদায় বিশেষের লোক ; নৈতিক ব্যক্তি ; A Puritan.

Round-house, rowndhows, *n.* গোলাকার বাটী ; A house of a round shape :—চৌকীদারের বন্দিশালা ; A constable's prison :—জাহাজের প্রকোষ্ঠ বিশেষ ; In ships, a cabin or apartment on the after part of the quarter deck. [round.

Rounding, *a.* গোল ; প্রায় গোল , Round, or nearly

Roundish, rowndish, *a.* কিঞ্চিৎ গোল ; প্রায় গোলাকার , Somewhat round ; nearly round.

Roundly, rowndli, *ad.* গোলাকারে ; In a round manner :—স্পষ্টতঃ ; Plainly ; openly :—সম্পূর্ণরূপে ; Fully ; completely :—সাহসপূর্ব্বক ; নির্ভয়ে ; Boldly : —ক্ষিপ্রভাবে ; Briskly.

Roundness, rowndness, *n.* বর্ত্তুলতা ; গোলাকারত্ব ; The quality of being round :—বর্ত্তুলাকৃতি ; Cylindrical form :—স্পষ্টতা ; Plainness :—পূর্ণতা ; সম্পূর্ণতা ; Fullness :—সাহসিকতা ; Boldness.

Round number—A number which ends in a cypher or that is divisible by ten ; an approximate number.

Roundrobin, *n.* বহুলোকের গোলাকার স্বাক্ষরযুক্ত আবেদনপত্র ; A petition with the name of petitioners signed in a circle. [sum.

Round sum—অধিক মুদ্রা বা টাকা ; Considerable

Round table—আর্থর নামক রাজা ও তাঁহার অনুচরবর্গ যে গোলাকার মেজের চারিদিকে বসিতেন ; The table around which king Arthur and his knights sat.

Roup, *n.* নিলামে বিক্রয় ; A sale by auction :—*v. t.* নিলামে বিক্রয়-কৃ ; To sell by auction.

Rouse, rouz, *v. t.* জাগরিত-কৃ ; জাগান ; To raise up ; to awaken ; to arouse ; উত্তেজিত-কৃ ; উদ্দীপিত কৃ ; To excite ; to agitate :—*v. i.* জাগিয়া উঠা ; জাগরিত-হ ; To awake :—উত্তেজিত-হ ; To excite to action :—*n.* মদ্যপানোৎসব ; A carousal. *Syn* :—Animate, kindle, agitate, surprise, startle ; rise.

Rout, rout, *n.* সাধারণ লোক ; লোকের ভিড় ; জনতা ; A large party ; mob ; crowd ; rabble :—গোলমাল ; কোলাহল ; Noise , uproar :—পরাজয় ; Defeat :—*v. t.* ছিন্নভিন্ন-কৃ ; পরাজয়-কৃ ; পরাভূত কৃ ; To defeat and disperse ; to conquer. *Syn* :—(*v*) Discomfit, overpower, overthrow, scatter.

To put to rout—পরাজয় দ্বারা লণ্ডভণ্ড-কৃ।

Route, rōōt, *n.* গমন-পথ ; রাস্তা ; পথ ; মার্গ ; Course or way to be travelled ; road ; way ; passage. *Syn* :—Road, track, course, march.

Routine, rōōt-ēn, *n.* কর্ম্মের ধারা ; নিত্য কর্ম্মের ব্যবস্থা ; Course of duties ; any regular course of action ; a round of business.

Routine of duties—নিত্য কর্ম্ম।

Rove, rōv, *v. i.* ভ্রমণ-কৃ ; পর্য্যটন-কৃ ; To wander over :—*v. t.* ভ্রমণ করিয়া অতিক্রম-কৃ ; To wander over ; to ramble. *Syn* :—Roam, ramble, stroll, wander, range.

Rover, rōvėr, *n.* দস্যু , A robber ; a pirate :—ভ্রমণকারী ; পর্য্যটক ; A wanderer :—চঞ্চল ব্যক্তি ; An inconsistent person.

Rover of the deep—জাহাজ ; Ship.

Row, rō, *n.* শ্রেণী ; সারি ; A line ; a rank ; persons or things in a line :—কোলাহল ; গণ্ডগোল, ঝগড়া ; Disturbance ; a noisy squabble.

Row, *v. t.* দাঁড় টানিয়া নৌকা বাহা ; দাঁড় দিয়া ঠেলা ; To drive by oars ; to impell with an oar :—*v. i.* দাঁড় টানা ; দাঁড় বহিয়া-যা ; To be moved by the oars :—*n.* ক্ষেপণী চালিত-তরণী-বিহার, An excursion in a rowing boat. [or ado

Kick up a row—গোলমাল-কৃ ; To make a bustle

Rowan-tree, *n.* বৃক্ষ বিশেষ ; Mountain ash.

Rowdy, row'di, *n.* গুণ্ডা, বদমাইস লোক, পাজি লোক, Blackguard ; riotous, turbulent fellow :—*a.* গোঁজমি ; গুণ্ডামি ; বদমাইসি ; Rowdyism ; blackguardism. [rowing what on horse's bits.

Rowel, *n.* অশ্বখলীন সংলগ্ন ক্ষুদ্র যন্ত্র, A little oar in

Rowen, *n.* ঘাসের দ্বিতীয় বৃদ্ধি ; Second growth of grass in a year.

Rower, *n* পোতবাহক, দাঁড়ী, One who rows.

Rowing, *n* নৌকা-বাহন, দণ্ডাকর্ষণ। [Tit for tat

Rowland for an Oliver—যেমন কর্ম্ম তেমনি ফল,

Row-lock, *n* নৌকার পার্শ্বস্থ দাঁড় আটকাইবার খাঁজ, A contrivance for supporting the oar in rowing

Royal, roy'al, *a* রাজকীয় ; রাজোচিত ; রাজবৎ ; Regal ; kingly :—জাঁকজমকবিশিষ্ট, আড়ম্বরশালী, উজ্জ্বল, Magnificent, splendid :—মহান্‌, মহৎ, উদার, Noble, illustrious :—*n.* বড় আকারের কাগজ বিশেষ ; A kind of large paper :—উপরকার ছোট পাইল বিশেষ, Highest sail of a ship :—প্রথম শ্রেণীর পদাতিক সৈন্য ; Soldier of the first foot. *Syn* :—(*n*) Monarchical, imperial, kinglike, princely, august, majestic, superb

Royal Academy—The public school of art where annual exhibitions of paintings by living artists are held. [by law for the king

Royal fifth—A fifth part of the spoil set apart

Royalism, roy'al-izm *n* রাজভক্তি, রাজানুরাগ, Attachment to the cause of a king instead of the people, adherence to kings

Royalist, roy'al-ist, *n* রাজভক্ত ব্যক্তি, রাজপক্ষের লোক ; রাজানুগত লোক ; রাজভক্ত ; An adherent to the cause of a king.

Royal road—সহজ উপায় ; A privileged or easy method :—রাজবর্ত্ম, রাজপথ।

Royal society, *n* ইংলণ্ডের প্রসিদ্ধ বৈজ্ঞানিক সভা বিশেষ, English academy of science

Royalty, roy'al-te, *n.* রাজধর্ম্ম, Kingship :—রাজা, The person of a king or sovereign :—রাজাধিকার, Prerogative or privilege :—রাজত্ব, রাজপদ, Kingdom :—রাজপদ চিহ্ন, An emblem of royalty :—রাজ-সেলামি ; রাজস্ব বা কর, আবিষ্কারের প্রাপ্যাংশ, A tax or duty paid to the crown or other owner as on the produce of a mine *Syn* :—Kingcraft, sovereignty, domain.

Rub, rub, *v. t.* ঘর্ষণ-কৃ, To apply friction to ; to move one body along the surface of another with pressure :—পরিষ্কার-কৃ ; To clean :—মুছিয়া ফেলা, To erase ; to wipe :—খুব ঘর্ষণ-কৃ, ঘসড়ান, To touch hard ; to fret :—পালিস-কৃ, বর্দ্ধন-কৃ, To polish :—লেপন-কৃ ; মালিস-কৃ, To smear :—*v. i.* ঘর্ষিত-হ ; ঘসড়াইয়া চলা, To move against by friction :—ঘর্ষণে ক্ষয়প্রাপ্ত-হ ; বিরক্ত-হ, Fret, to chafe :—*n.* ঘর্ষণ, মর্দ্দন ; Rubbing ; friction :—বাধা ; সঙ্কট ; Difficulty ; obstruction :—বিদ্রূপ, A pinch. *Syn* :—(*v*) Scrape, grate, abrade, wipe, clean, scour.

Rub against—ধাক্কা লাগা ; Strike against.

Rub along—Get on in the best way possible.

Rub away—দূর-কৃ, মুছিয়া ফেলা, Remove by rubbing ; continue rubbing.

Rub down—আঁচড়ান, পরিষ্কার-কৃ ; Clean by rubbing, as a horse.

Rub off—মুছিয়া ফেলা, ঘর্ষণে বা স্পর্শনে অপনীত-কৃ, ঘসিয়া তোলা ; Erase, take off (by friction or contact).

Rub on or **along**—কোন রকমে মিলিয়া জুলিয়া চলা, কষ্টে সৃষ্টে চালান, Manage to get on somehow.

Rub out—মুছিয়া ফেলা, Erase ; wipe out ; obliterate.

Rub through—সম্পন্ন-কৃ ; Get through.

Rub up—পরিষ্কার-কৃ, মার্জ্জিত-কৃ, উজ্জ্বল-কৃ ; Polish, clean :—চাঙ্গা-কৃ, To refresh, as knowledge ; revise :—কার্য্য করিবার জন্য উত্তেজিত-কৃ, জাগরিত কৃ, To rouse to action

There is the rub—এই খানেই যত গোলযোগ ; সেই ত মুস্কিল, That is the point which causes trouble.

Rubber, ruber, *n.* ঘর্ষক, ঘর্ষণ দ্রব্য, One who or that which rubs :—মোটা উখা, মোটা উখা, A coarse file :—তাস-ক্রীড়া বিশেষ, Game at cards :—শান, ঘষণ প্রস্তর ; Whetstone.

Indian rubber—স্থিতিস্থাপক নির্য্যাস বিশেষ, রবার।

Rubbish, rub'ish, *n.* আবর্জ্জনা, ওঁচলা, জঞ্জাল, ময়লা, Waste matter :—নিরর্থক বাক্য, Nonsense. *Syn* :—Fragments, ruins, debris, litter, lumber, dregs, trash.

Rubble, *n* গাঁথনিতে ব্যবহৃত অপরিষ্কৃত প্রস্তরখণ্ড।

Rubble, roo bl, *n* রুশীয় দেশীয় মুদ্রা বিশেষ, A Russian silver coin about 3s 2d

Rubescent, *a* লোহিতবর্ণ প্রাপ্তিপ্রবণ ; Tending to a red color

Rubicon, *n* ইটালি দেশের ক্ষুদ্র নদী।

Cross the rubicon—এমন কোন কাজে প্রবৃত্ত হওয়া যাহা হইতে আর ফিরিবার যো নাই To adopt measure from which it is not possible to recede

Rubicund, roo'be-kund, *a* [L. *rubicundus* from *rubere*, to be red] লাল, গোলাপী, Ruddy, *n.*=rubicundity. *Syn* :—Flushed, reddish, rosy

Ruby, roo'bi, *n.* [L *ruber* red] পদ্মরাগ মণি ; A precious stone of a red colour :—লাল বস্তু, Anything red :—ক্ষুদ্র মুদ্রাক্ষর বিশেষ :—রক্তিম, লাল ; Red :—*v. t.* লাল-কৃ, To make red

Rubric, roo'brik, *n.* ব্যবস্থা, বিধি, নির্দ্দিষ্ট নিয়ম Direction for the performance of the liturgy injunction :—গ্রন্থের প্রথম পৃষ্ঠা, The title page of a book. [red :—*a.* লালবর্ণে চিহ্নিত।

Rubricate, *v t.* লাল দাগ দে, To mark with

Rub-stone, *n* শীলপাথর, A whetstone.

Ruck, *v. t* সঙ্কুচিত-কৃ, To wrinkle :—*n.* ভাঁজ, ভাঁজ। [of a ship

Rudder, ruder, *n.* হাইল ; কর্ণ, Steering board

Ruddy, rude, *a* লাল, টকটকে রং ; Reddish, of a red color ; red like. *n*=ruddiness, *ad.*=ruddily *Syn* :—Florid, rubicund.

Rude, rood, *a.* অবিনীত, অশিষ্ট, অসভ্য ; Uncivil,

impolite; barbarous :—গ্রাম্য; Boorish; unpolished :—কর্কশ; স্থূল; মোটা; অপরিষ্কৃত; Harsh; rough; coarse; clumsy :—অজ্ঞাত; Ignorant :—উগ্র; তীক্ষ; Violent. *n*=rudeness. *Syn* :—Rugged, uneven, unwrought; ill-formed, crude, unfashioned, artless: uncouth, vulgar, raw, unskilful, illiterate, impolite; saucy, impudent, insolent, churlish; harsh, inclement, severe, violent, tempestuous.

Rudely, *ad.* কর্কশভাবে; তীব্রভাবে; Coarsely.

Rudeness, *n.* অশিষ্টতা; অসভ্যতা; Incivility.

Rudiment, roode-ment, *n.* [L. *rudimentum*, from *rudis*, unwrought] সূত্রপাত, আরম্ভ, উপক্রমণিকা; মূলসূত্র; মূলতত্ত্ব; A first principle or element; beginning of any branch of knowledge *Syn* :—Embryo, original. [বিদ্যাসাগর।

Rudiments of knowledge—জ্ঞানাঙ্কুর, বোধোদয়,

Rudimental, rōōd-e-mental, **Rudimentary,** rōōd-ment'ar-i, *a.* আদি; আদিম; প্রাথমিক, মৌলিক; First; initial :—*n.* ভৈষজ্য উদ্ভিদ বিশেষ; Medicinal plant. *Syn* :—(*a*) Rudimentary, embryonic; elementary, primary.

Rue, rōō, *n.* দুঃখ; Sorrow; repentance :—*v. t.* দুঃখ-কৃ; বিলাপ-কৃ, অনুতাপ-কৃ; To lament; to grieve for. *Syn* :—(*v*) Regret, repent of, grieve for, deplore.

Rueful, rōō'fool, *a.* শোকাকুল; খেদজনক; অনুতপ্ত; Sorrowful, sad, piteous. *ad*=ruefully. *Syn*: -Woful, mournful, dismal, melancholy, lugubrious.

Ruff, ruf, *n.* গলবস্ত্র, গলাবন্ধ বিশেষ; Anything fitted; plaited collar :—কলচক্র পক্ষিবিশেষ; A bird :—মৎস্য বিশেষ; A fish :—তুরুপ :—*v. t.* রঙে রঙ না দিয়া তুরুপ-কৃ, To trump at whist instead of following suit. *fig*=reeve.

Ruffian, ruf'i-an, *n.* দুর্বৃত্ত বা নিষ্ঠুর ব্যক্তি; দস্যু; ডাকাইত, হত্যাকারী; খুনিয়া; গুণ্ডা, A boisterous, brutal fellow; a robber; a murderer :—*a.* নির্দয়; নিষ্ঠুর, দুর্বৃত্ত, Brutal; boisterous.

Ruffianism, ruf'i-an-ism, *n.* দস্যুতা; ডাকাইতি; দুর্বৃত্ততা, Practice of a ruffian; conduct of a ruffian. [Violent; like a ruffian.

Ruffianly, ruf'i-an-li, *a.* ভয়ানক, দস্যুসদৃশ,

Ruffle, ruf'l, *v. t.* ভাঁজ-কৃ, কুঞ্চিত-কৃ; To fold; to wrinkle :—ব্যস্ত-কৃ; অস্থির-কৃ; এলোমেলো-কৃ; Agitate, discompose :—*v. i.* কুঞ্চিত-হ; এলোমেলো-হ; দোলায়মান-হ; To grow rough; to flutter :—আস্ফালন-কৃ; To swagger :—*n.* চুনট; কোঁচ; Fold; plait; frill :—গোলমাল; আলোড়ন; Agitation; commotion —ঢাকের মৃদু শব্দ; A low beat of a drum. *Syn* :—(*v*) Pucker; disarrange, disorder; disturb, disquiet.

Ruffled, *a.* ব্যাকুলিত; ক্ষুব্ধ।

Ruffler, *n.* বৃথা দাম্ভিক; A bully.

Rufous, *a.* আলোহিত; Reddish.

Rug, rug, *n.* কম্বল; Coarse rough woolen cloth :—আকর্ষণ; টান;—*v. t.* টানা।

Rugged, rug'ed, *a.* অসমান; আবড়োখাবড়ো; Uneven; rough :—সতেজ; সবল; চঞ্চল :—কর্কশ, কড়; নীরস; রুক্ষ; Harsh; rude :—মোটা; লোমাবৃত; Shaggy. *n*=ruggedness. *ad*=ruggedly. *Syn*:—Jagged, craggy; crabbed, austere, wrinkled, coarse, hard, severe; tumultuous, inclement, boisterous; inharmorious, grating.

Rugose, rōō'gōs, **Rugous,** rōō'gus, *a.* কোঁকড়ান; কুঞ্চিত; Wrinkled; full of wrinkles.

Ruin, rōō'in, *n.* [L. *ruina*—*ruere*, to fall with violence] নাশ; ধ্বংস; উচ্ছেদ; Destruction; overthrow :—*pl.* ধ্বংসাবশেষ; ভগ্নাবশেষ, Remains of buildings or cities :—*v. t.* নাশ-কৃ; ধ্বংস-কৃ; উচ্ছেদ-কৃ; To demolish; to destroy; to defeat :—দরিদ্র-কৃ; সর্বস্বান্ত-কৃ, To impoverish. *Syn* :—(*n*) Downfall, subversion, defect, perdition; mischief, bane, pest. (*v*) Overthrow, subvert, overwhelm; spoil, mar

He is a ruined man—তিনি সর্বস্বান্ত হইয়াছেন।

Ruinate, *v. t.* বিনষ্ট-কৃ। *n*=ruination (ধ্বংস)।

Ruinous, rōō'in-us, *a.* বিনাশক, বিনাশজনক; অনিষ্টকর; উচ্ছেদকারী; ক্ষয়কর, সাংঘাতিক; Decayed; pernicious; fallen. *Syn* :—Dilapidated; wasteful, injurious, destructive, baneful.

Rule, rōōl, *n.* [L. *regula*—*regere*, to keep straight] শাসন; প্রভুত্ব; Reign, government; sway :—বিধি; নিয়ম; ব্যবস্থা, ধারা; Regulation, principle, law; precept, method :—পরিমাণ; A standard :—শৃঙ্খলা; Order :—রেখা টানিবার যন্ত্র, রুল, An instument in drawing lines :—*v. t.* শাসন-কৃ, To reign; to govern :—দমন-কৃ; বশীভূত-কৃ, To regulate, check; control :—ব্যবস্থা দ্বারা স্থির-কৃ; নিয়মিত-কৃ, To establish by decision :—রুল-কৃ; সোজা করি টানা, To mark with lines :—*v. i.* বিচার-কৃ; মীমাংসা-কৃ, To decide; to exercise authority :—ব্যবস্থা-কৃ, To lay down and settle :—দরে দাঁড়ান; To stand or range, as prices. *Syn* :—(*n*) Control, authority, dominion, empire; canon, injunction; ruling, prescription, regulation; formula, test, criterion; principle, maxim; ruler. (*v*) Conduct, led, direct; reign, command, domineer; determine.

A rule to show cause—কারণ দর্শাইবা সমর্থনের জন্য আদালতের হুকুম।

As a rule—প্রায়ই এইরূপ হইয়া থাকে; সাধারণতঃ; সচরাচর; Generally speaking in the main; usually. [practice.

As the rule—সাধারণ বিধি, As the general

Make it a rule—কোন নিয়মে চলা; Follow it as a rule of conduct. [national air.

Rule Britannia—ইংরাজের জাতীয় গীত, English

Rule of three—(অঙ্কে) ত্রৈরাশিক; অঙ্কিত-চতুর্থ; Proportion, where three numbers are given to find a fourth.

Rule of thumb—মোটামোটি প্রণালী; মোটামুটি নিয়ম; মোটামোটি ব্যবস্থা, Rough practical method; empiricism; rude process or operation.

Rule the roost—কর্তৃত্ব-কৃ; To domineer; to take the lead.

Rule with a rod of from—পীড়ন-কৃ; উপদ্রব-কৃ; কঠোর শাসন-কৃ; Govern tyrannically; tyrannise.

Ruler, rōōler, *n* শাসনকর্তা, রাজা, A sovereign; a governor :—রুল; রেখাদণ্ড; An instument used in drawing lines.

Ruling, rōōling, *a.* প্রবল; প্রভুত্বকারী; নিয়ামক; Predominant; prevailing, governing; chief :—*n.* আদালতাদির নির্দিষ্ট মত।

Ruling passion—প্রবল মনের ভাব ; অতি প্রবণতা ; বাতিক রোগ ; The feeling or passion which governs one.

Rum, rŭm, *n.* মদিরা বিশেষ, A kind of spirit distilled from molasses.

Rumble, rumbl, *v. i.* গুড় গুড় শব্দ-হ ; গড়গড় শব্দ-হ ; To make a low, heavy, continued sound :—*n.* নির্ঘোষ ; গুড় গুড় শব্দ ; গর্জ্জন ; A low, heavy, continued sound :—গাড়ীর পশ্চাতে বসিবার ভৃত্যদের আসন ; A seat for servants behind a carriage.

Rumbling, rumbling, *n.* নির্ঘোষ ; গড় গড় শব্দ ; গুড় গুড় শব্দ ; A low, heavy, continued sound.

Rum-bud, *n.* অতিরিক্ত মদ্যপানজনিত নাসিকাদির স্ফোটক।

Rumen, *n.* রোমন্থকদিগের উপরকার পাকস্থলী ; The upper stomach of ruminating animals.

Ruminant, rōō'mi-nant, *a.* রোমন্থক ; গিলিত চর্ব্বণকারী ; Chewing the cud :—*n.* রোমন্থক জন্তু. An animal that chews the cud, as the cow.

Ruminate, rōō'min-āt, *v. i.* রোমন্থন-কৃ ; জাবর কাটা ; To chew the cud :—চিন্তা-কৃ ; ভাবা ; To meditate ; to muse. *Syn* :—Ponder, think, reflect, cogitate.

Ruminate on—কোন বিষয় নিয়ত চিন্তা-কৃ ; Think again and again over

Rumination, *n.* রোমন্থন ; চর্ব্বিত-চর্ব্বণ ; The act of chewing the cud :—অনুধ্যান ; চিন্তা ; Deliberate reflection.

Rummage, rumāj, *v. t.* সবিশেষ অনুসন্ধান-কৃ ; To search narrowly by turning things over :—*v. i.* তন্ন তন্ন করিয়া অনুসন্ধান-কৃ ; To search a place thoroughly :—*n.* অনুসন্ধান ; তল্লাস ; খোঁজ ; A careful search.

Rummer, *n.* বৃহৎ পানপাত্র বিশেষ ; A drinking-glass.

Rumour, rōō'mur, *n.* [L. *rumor*, a noise] জনশ্রুতি ; উড়ো খবর ; জনরব, জনবাদ ; A current hearsay ; a flying report :—*v. t.* জনরব দ্বারা প্রকাশ-কৃ ; জনরব-কৃ ; রটনা-কৃ ; To report ; to circulate by report. *Syn* :—(*n*) Talk, bruit, fame, news.

Rumour is a afloat—এই কথা রাষ্ট্র।

Rump, rump, *n.* মেরুদণ্ডের অন্তভাগ, নিতম্ব ; পাছা ; The end of the back-bone of an animal with the parts adjacent, the buttocks :—বিলাতী মহাসভা বিশেষ ; The remnant of the long Parliament.

Rumple, rumpl, *v.* t. কোঁচান ; কুঞ্চিত কৃ, চুনট বা ভাঁজ-কৃ ; To wrinkle ; to make uneven :—*n.* ভাঁজ ; কুঞ্চন ; কোঁচ ; A fold ; a wrinkle. *Syn* :—(*v*) Crease, crumple, suffle, pucker, corrugate.

Run, run, *v. i.* দৌড়ান, দ্রুতবেগে যাওয়া ; Step quickly ; move swiftly :—পলায়ন-কৃ, সরিয়া পড়া ; Flee, fly :—বিস্তৃত-হ ; To extend :—প্রবাহিত-হ, Flow ; গলা ; Melt :—নির্গত-হ ; পূঁযাদি পড়া ; To discharge, as a sore :—*v. t.* চালিত-কৃ ; ধাবিত-কৃ ; To cause to move swifty :—বলে প্রকাশ-কৃ ; ধাক্কা-দে ; To force forward ; to push :—দ্রব-কৃ ; গলাইয়া ঢালা ; To fuse :—*n.* ধাবন ; দৌড়ন ; The act of running :—গতি ; Course :—ক্ষুদ্র প্রবাহ ; Flow, a brook :—ক্ষত হইতে নির্গমন বা নিঃসরণ ; Discharge from sore :—দৌড় ; Extent, reach :—প্রচলন ; প্রচার ; Prevalence :—জলপথে ভ্রমণ ; জলযাত্রা, Voyage :—জাহাজে অতিক্রান্ত দূরত্ব : Distance sailed —লোকের চীৎকার ; কোলাহল ; Popular clamour :—টাকার জন্য পীড়াপিড়ি ; Pressure as on a bank for payment :—ধারাবাহিক পরম্পরা ; Continued series. *Syn* :—(*v*) Race, speed, hurry, hasten, scamper, rush ; escape, retreat ; glide, proceed ; pass, elapse ; spread, extend ; continue, hold on ; tend, incline ; enter, pierce, penetrate ; incur, determine ; smuggle.

A run upon—কোন ব্যাঙ্কে টাকার জন্য ভিড় বা হুড়োহুড়ি ; An uncommon pressure (on a bank or treasury for payment).

As things run—সচরাচর যেমন হয় ; মোটামুটি।

Get the run upon—ঠাট্টা-কৃ।

Let go by the run—সমস্ত একেবারে ধপাৎ করিয়া ফেলিয়া দেওয়া।

Have a run—চলন বা বিক্রয়-হ ; Have a circulation or sale.

He that runs may read—চকিতের ন্যায় দেখিলেও বুঝিতে পারা যায় ; দৃষ্টিপাত মাত্র বুঝিতে পারা ; The most careless observer may see at once.

Home run—গৃহে বা পূর্ব্বস্থানে প্রত্যাবর্ত্তন।

Run about—ইতস্ততঃ যাওয়া, Go hither and thither.

Run after—পশ্চাদ্ধাবন-কৃ ; অনুসরণ-কৃ ; অনুধাবন-কৃ, Pursue

Run against—ধাক্কাধাক্কি, ঠোকাঠুকি-হ ; To strike against while in motion.

Run against time—Run as rapidly as possible in order to ascertain the greatest distance that can be passed over in a given time.

Run aground—জাহাজ চড়ায় লাগা ; চড়ায় আটকান, Strand a ship.

Run a mine—সুড়ঙ্গ খোঁড়ে ; Dig a mine :—(বারুদ দিয়া নষ্ট করিবার উদ্দেশে) সুড়ঙ্গ কাটা ; Dig a pit under the earth and fill it with powder with a view to blowing up something.

Run amuck—মরিয়া হইয়া যাহাকে সম্মুখে পায় মারিতে ধাবমান-হ ; Run madly about attacking all one meets ; rush frantically attacking all that comes in the way :—রাগান্ধ হইয়া আক্রমণ কৃ, Attack furiously.

Run a race—(ঘোড়) দৌড়বাজি খেলা ; এক দৌড় দৌড়ান, To run in a comparative trial of speed, contend in running (generally used of horse-race) :—প্রতিদ্বন্দ্বী-হ ; দুইয়ের মধ্যে আড়াআড়ি বা রেশারেশি চলা ; Contend against :—(সৎ বা অসৎ ভাবে) জীবন যাপন-কৃ ; Go through any given course, lead a certain kind of life.

Run a rig—তামাসা-কৃ. Have a frolic.

Run a risk—বিপদে পতিত-হ ; To incur danger, to encounter hazard.

Run at—আক্রমণ কৃ ; Attack.

Run a tilt—প্রতিযোগিতা-কৃ ; To attack ; to combat

Run away—পলায়ন-কৃ ; পলাইয়া যাওয়া ; Flee, escape ; bolt away.

Run away with—(হরণ করিয়া) লইয়া যাওয়া, Carry off :—শীঘ্র অবলম্বন-কৃ ; Adopt hastily :—ফুরাইয়া-দে ; Drain —বিবেচনা না করিয়া কোন ভাব দ্বারা নীত-হ ; Be carried away by (a foolish notion) :—উৎসন্ন-যা ; Drag into ruin.

Run counter to—বিপরীত-হ ; To be contrary to, to be opposed to.

Run down—দৌড়াইয়া তাড়া দিয়া ক্লান্ত-কৃ ; ক্লান্ত-কৃ ; Hunt, chase to exhaustion :—পশ্চাদ্ধাবন দ্বারা অবসন্ন করতঃ ধৃত করা ; Chase to exhaustion and capture :—উপরে চাপিয়া ডুবাইয়া দেওয়া ; Cause to sink :—নিন্দা-কৃ ; অপবাদ-কৃ ; অপদস্থ-কৃ ; Decry ;

traduce ; censure :—কমান ; হ্রাস-কৃ ; ক্ষীণ-হ ; Lower ; reduce :—উপুটাইয়া-যা ; Upset :—ধ্বংস-কৃ ; Crush ; overthrow. [At last ; ultimatey.

In the long run—অবশেষে ; পরিশেষে ; আখেরে ;

Run down a coast—Sail along a coast.

Run down a ship—জাহাজ ডুবাইয়া দেওয়া ; Run against ship and sink her.

Run for an office—কোন পদের জন্ত প্রার্থী-হ।

Run for one's life—জীবন রক্ষা করিবার জন্ত পলায়ন কৃ, Run in order to escape great danger.

Run foul of—ধাক্কা লাগা, Come into collision with.

Run hard—বিপদগ্রস্ত-কৃ ; Put in danger :—প্রতিদ্বন্দ্বিতায় পীড়িত-কৃ ; অতিশয় জেদ-কৃ ; বিদ্রূপ-কৃ।

Run headlong—বেগে ধাবিত-হ ; To move rapidly and rashly :—বেগে প্রবৃত্ত হওয়া ; To engage in rashly or with undue haste.

Run high—অধিক-হ ; চড়িয়া বা বাড়িয়া উঠা ; Be intense, rage furiously.

Run in a groove—একভাবে চলা ; To proceed after a fixed method, to be unvarying.

Run in one's head—কাহারও মনে বা মাথায় থাকা।

Run in or into—প্রবেশ-কৃ।

Run in the blood—উত্তরাধিকারক্রমে প্রাপ্ত-হ ; রক্তনিষ্ঠ বা বংশীয়-হ ; To be hereditary, to belong to one by reason of his family relationship.

Run into danger—বিপদে পতিত-হ। [or debts.

Run into debt—ঋণগ্রস্ত-হ, To contract a debt

Run into excess—(কোন বিষয়ে) বাড়াবাড়ি-কৃ, অতিরিক্ত যাওয়া ; Go beyond the proper limits in anything [বেড়ান।

Run mad after—কোনও কিছুর জন্ত পাগল হইয়া

Run off—পলায়ন কৃ ; Flee :—তাড়াতাড়ি সাঙ্গ-কৃ ; Finish hastily.

Run on—চলা, চলিতে থাকা, Go on ; continue in :—অবিশ্রাম কথা কহা ; বলিতে থাকা ; Talk incessantly about. [মিলা।

Run on all fours—হাত পায়ে ভর দিয়া চলা ; ঠিক

Run one through—খোঁচা মারিয়া এফোঁড় ওফোঁড়-কৃ, Stab one with a spear or sword.

Run out—(সময়) শেষ-হ ; Expire ; be at an end :—ক্লান্ত হ, নষ্ট হইয়া যাওয়া বা লোপ পাওয়া ; Be wasted or exhausted, become wasted or extinct :—শেষ-হ ; Terminate.

Run over—(গাড়ি বা ঘোড়া ঘাড়) চাপিয়া পড়া ; Ride or drive over —শীঘ্র পাঠ-কৃ বা বিবেচনা-কৃ ; Consider or read quickly —চমকিয়া পড়া, উথলে পড়া ; Overflow :—সংক্ষেপে আওড়ান, ভাসা ভাসা পরীক্ষা-কৃ ; Recount or examine cursorily.

Run rampart—অতিরিক্ত পরিমাণে বৃদ্ধি-হ, বাড়াবাড়ি-হ ; Overgrow the usual bounds ; become widespread.

Run riot—যতদূর বাড়িতে হয় বাড়িয়া উঠা ; অত্যন্ত বাড়িয়া উঠা ; Go to excess, act or move without contest.

Run the chances—ঝুঁকি ঘাড়ে-কৃ।

Run the eye over—একবার চক্ষু বুলাইয়া চাওয়া।

Run the rig upon—তামাসা-কৃ ; Play a sportive trick.

Run through—(অপব্যয় করিয়া) উড়াইয়া-দে ; নষ্ট-কৃ ; Waste ; squander :—শীঘ্র শীঘ্র সমস্ত বলা, সত্বর পাঠ-কৃ, Go through hastily ; read quickly :—ব্যাপিয়া থাকা ; ব্যাপ্ত-হ, Pervade :—বিদ্ধ-কৃ ; Pierce as with a sword :—ভিতর দিয়া-যা, Pass through.

Run to—আশ্রয়-ল ; Betake one's self to.

Run together—একত্রিত-হ, Unite.

Run to seed—অব্যবহার্য্য হওয়া ; বীচে হওয়া ; বীচিয়ে যাওয়া, Become seedy :—বিশ্রী-হ, নিস্তেজ বা দড়ি দড়ি হওয়া ; Become old or worn out ; become spiritless or miserable-looking.

Run up—বৃদ্ধি-কৃ, ব্যয় করিয়া ক্রমে ক্রমে হিসাব বাড়ান ; Enlarge by additions, increase ; swell or increase on account by additions :—এগিয়ে দেওয়া ; Enable one to earn (through all the successive steps) :—তাড়াতাড়ি তৈয়ার-কৃ, সত্বর খাড়া-কৃ ; Erect hastily :—দায়ী-হ ; Become liable for.

Run upon—ধাক্কা লাগা, ঠেকা ; Knock against ; strike upon :—Be in demand.

Run wild—অসংযত-হ ; To be unrestrained ; to be unreasonable ; unlimited :—বনে জঙ্গলে যেমন দৌড়িয়া বেড়ায় সেইরূপে বেড়ান ; Run about or roam as in a state of nature.

Run with—প্লাবিত-হ।

The run of people, The common run, The ordinary run—সাধারণ লোক, অপর সাধারণ ; The generality of people ; the ordinary kind.

The story or the rumour runs—লোকে এই বলে, The tale or rumour going round is.

With a run—হঠাৎ ; সহসা।

Run of luck—সৌভাগ্য ; A course of good fortune. [A vagabond.

Runagate, *n* স্বধর্ম্মত্যাগী ; A renegade :—পলাতক ;

Runaway, *n.* পলাতক, A fugitive :—*a.* পলাতক ; Fugitive :—পলায়নপর ; Fleeing from danger or restraint. [secretly from her home.

Runaway match—Where the bride runs away

Rund, *n.* বনাতের পাড়, মুড়ি। [stream.

Rundel, *n.* বৃত্ত, A circle :—স্রোতস্বতী ; A small

Rundle, *n.* মইয়ের কোযা, কেটো সিঁড়ির ধাপ ; Step of a ladder ; a round of a ladder. [*a*=runic.

Rune, rōōn, *n.* অক্ষর বিশেষ, Runic character.

Rung, *p. t.* and *pa. p.* of Ring.

Rung, *n.* সিঁড়ির ধাপ, Step of a ladder :—যষ্টি ; দণ্ড, A heavy staff.

Runic, *a.* টিউটনিক জাতি বা ভাষা সম্বন্ধীয় ; Pertaining to runes, or to their language.

Runlet, Runnel, *n.* ক্ষুদ্র নদী ; স্রোতস্বতী ; A brook, a small stream.

Runnel, *n.* অতি ক্ষুদ্র সরিৎ ; A small brook.

Runner, runér, *n.* ধাবক, পেয়াদা ; One who or what runs :—অশ্ব ; ক্ষিপ্রগমনকারী ; Racer :—দূত ; Messenger :—রজ্জু বিশেষ ; A rope.

Running, runing, *a.* দৌড়ের জন্ত রক্ষিত ; Kept for the race :—বহমান ; বেগবান ; চলৎ ; Flowing : —সরল, সহজ ; Easy :—ক্রমিক, Successive :—*n.* দৌড়, That which runs :—ক্ষত হইতে নিঃসরণ ; The discharge of a sore.

Make good one's running—সমকক্ষ-হ। [কৃ।

Make the running—দৌড়ের প্রারম্ভে গতির তেজ বৃদ্ধি-

Running comentary—পড়িবার কালে মন্তব্য লিখন ; Reflection and remarks made in the course of reading

Running fight—যে যুদ্ধে একজন পলায়ন করে, আর একজন পশ্চাতে অনুধাবন-কৃ, পলাইতে পলাইতে পশ্চাদ্ধাবিত শত্রুর সহিত যে যুদ্ধ করা হয় ; A battle in which the party fleeing keeps up the fight.

Running fire—ক্রমাগত গোলা বর্ষণ ; ক্রমাগত বন্দুকা-দির অগ্নি বর্ষণ ; A constant firing of arms.

Running horse—One that starts for the race.

Running hunstman—A man in charge of the dogs while hunting the fox.

Runing knot—A kind of knot made to slip or draw easily, or a snare for catching rabbits.

Running title—পুস্তকের প্রতি পৃষ্ঠার শীর্ষদেশে লিখিত নাম ; The title of a book centinued from page to page on the upper margin.

Rupee, rōō'pe', *n.* টাকা ; রৌপ্যমুদ্রা ; An Indian silver coin usual worth about 2*s*.

Ruption, *n.* ভঙ্গ ; বিদার ; A breaking ; a breach.

Rupture, rup'tūr, *n.* [L. *ruptura*, from *rumpere, ruptum*, to break] ছিদ্র ; ভেদ, Breach :—অন্ত্র-বৃদ্ধি ; Hernia :—মনোভঙ্গ, বিবাদ ; অমিল ; Dissension ; breach of peace :—ভঙ্গ ; বিদারণ ; The act of bursting :—*v. t.* ভেদ-কৃ ; ভাঙ্গা ; বিদীর্ণ-কৃ ; To break, to burst :—*v. i.* বিদীর্ণ-হ ; To suffer to breach. *Syn* :—(*n*) Fracture, breach, break, disruption, dissolution ; quarrel, altercation, contention, hostility.

The rupture of the spleen—প্লীহা-ফাটা।

Rural, rōōr'al, *a.* [L. *ruralis*, from *rus, ruris*, the country] গ্রাম্য ; পাড়াগেঁয়ে ; ভূমিকর্ষণ সম্বন্ধীয় ; Rustic, pastoral.

Ruralise, rōōr'al-iz, *v. t.* গ্রাম্য-কৃ ; পাড়াগেঁয়ে-কৃ ; To render rural :—*v. i.* গ্রাম্য-হ ; পল্লীগ্রামে যাইয়া বাস-কৃ ; To become rural.

Ruralism, roo'ral-izm, *n.* গ্রাম্যতা ; গ্রাম্যজীবন, The state of being rural, rural-life.

Ruralist, *n.* পল্লীগ্রামবাসী ; One who leads a rural-life.

Ruse, rōōz, *n.* [F. *reuser, rehuser*, to shuffle] কৌশল ; ছল ; প্রবঞ্চনা, Trick, fraud :—ব্যবধান ; A turning. *Syn* :—Artifice, stratagem, wile, deception, manoeuvre, dodge.

Rush, rush, *v. i.* [A. S. *hreosan*, to rush] বেগে ধাবিত-হ ; বেগে অগ্রসর-হ ; To move forward violently, to enter rashly and hastily :—*n.* মহাবেগ ; বেগে অগ্রগমন ; A driving forward impetuously. *Syn* :—(*v*) Speed, career, dash, press, push.

Rush, rush, *n.* তৃণ বিশেষ ; নল-খাগড়া ; ঘাস, A plant ; a grass :—অপদার্থ দ্রব্য, তুচ্ছ বিষয় ; Any thing worthless.

Rush-bottomed, *a.* Having a bottom made of rushes.

Rush-light, *n.* তৃণালোক ; তৃণ-মজ্জার প্রস্তুত বাতি, Taper with a rush wick.

Rushy, rushi, *a.* তৃণময়, তৃণনির্মিত ; Full of made of rushes.

Rusk, *n.* পিষ্টক বিশেষ ; A cake.

Russet, ruset, *n.* গ্রাম্য পরিচ্ছদ ; মোটা কাপড়, A country dress :—*a* মোটা ; গ্রাম্য, Coarse, home spun, rustic :—বাদামী ; পাটলবর্ণ ; Reddish brown.

Russetting, Russet, *n.* আপেল ফল ; An apple.

Russophobia, *n.* রুশভীতি ; রুশাতঙ্ক ; Undue fear of Russia.

Russophobist—One who holds undue fear of Russia.

Rust, rust, *n.* লোহার মরিচা ; মলিনতা ; কলঙ্ক ; Reddish crust of iron :—আলস্য ; Loss of power by inactivity :—উদ্ভিদ-রোগবিশেষ ; A parasitic fungus : —*v. i.* মরিচা পড়া ; মলিন-হ ; To become rusty :—কাল সহকারে বা আলস্য দ্বারা নষ্ট-হ ; To impair by time and inactivity :—*v. t.* মলাবৃত-কৃ ; মরিচাযুক্ত-কৃ ; To make rusty. *Syn* :—(*n*) Crust, dross ; mould, mildew, blight, must.

Better rub than rust—আলস্য অপেক্ষা অতিরিক্ত পরিশ্রম করা ভাল।

Rust in indolence—অলস-হ ; Lead an inactive life ; become dull by inaction.

Rustic, rustik, *a.* গ্রাম্য ; Rural :—অসভ্য ; অশিষ্ট, Rude :—আড়ম্বরশূন্য ; সামান্য ; সরল ; Simple ; artless :—অনলঙ্কৃত ; Unadorned :—কুৎসিত, স্থূল ; Awkword ; coarse. *ad*=rustically.

Rustic, *n.* গ্রাম্য ব্যক্তি, An inhabitant of the country. *Syn* :—Pleasant, husbandman, clown.

Rusticate, rusti-kat, *v.* t. কিছু দিনের জন্য (বিদ্যালয় হইতে) দূরীভূত-কৃ ; নগর হইতে বহিষ্কৃত-কৃ ; Banish for a time from a collage or town :—*v. i.* পল্লীগ্রামে বাস-কৃ, To live in the country. *n*=rustication (কলেজে ছাত্রের প্রতি প্রদত্ত শাস্তি বিশেষ)।

Rusticity, rus-tisi-ti, *n* গ্রাম্যতা ; The state of being rustic, rustic manners :—সরলতা ; আড়ম্বর শূন্যতা ; Simplicity :—অসভ্যতা, Rudeness.

Rustle, rusl, *v. i.* খড়মড়-কৃ, খস্ খস্ শব্দ-হ ; To make a noise, as of silk or straw :—*n.* মর্ম্মর ধ্বনি ; খস্ খস্ শব্দ, খস্খসানি, A rustling.

Rustling, rusling, *n.* মর্ম্মর ধ্বনি, সর সর শব্দ ; A quick succession of small sounds, as of dry leaves or straw.

Rusty, rusti, *a.* মরিচা ধরা ; মরিচা পড়া ; মলাবৃত, Covered with rust :—নিস্তেজ, ভোঁতা ; Dull. *ad*=rustly, *n*=rustness.

Rut, rut, *n.* চাকার দাগ ; চক্রাঙ্ক ; গর্ত ; Track left by a wheal :—শৃঙ্গার ; সঙ্গমেচ্ছা ; The copulation of animals, as of sheep :—*v. t* চাকের দাগ-কৃ ; To form ruts in :—সঙ্গম চেষ্টা-কৃ, সঙ্গম-কৃ ; To seek in copulation ; to cover in copulation —*v. i.* কামুক-হ ; „ মত্ত-হ ; সঙ্গমের জন্য ব্যস্ত-হ ; To lust, said of animals.

Ruth, *n* দয়া ; করুণা ; কৃপা, Mercy ; tenderness.

Ruthful, *a.* সদয়, অনুগ্রহশীল, Merciful.

Ruthless, rōōthles, *a.* নিষ্ঠুর ; নির্দয় ; নির্দ্দয় ; Cruel, without pity. *n*=ruthlessness. *ad*=ruthfully. *Syn* —Pitiless, merciless, unrelenting, inexorable, fell.

Ruttish, *a.* কামুক ; Wanton.

Rutty, *a.* গর্তপূর্ণ, Full of ruts.

Rye, ri, *n.* গমের মত শস্য বিশেষ, A genus of coarse corn.

Rye-grass, ri'gras, *n.* তৃণ ; ঘাস ; Coarse grass.

Ryot, ri'ut, *n.* প্রজা ; রাইয়ত ; কৃষক ; A Hindu cultivator ; peasant.

S

S—ইংরাজি বর্ণমালার ঊনবিংশতি বর্ণ বা অক্ষর; The 19th letter of the English alphabet.

Sabaism—See Sabianism.

Sabbatarian, sab-a-târi-an, *n.* যে বিশ্রাম দিবসের নিয়ম পালন করে; রবিবার-প্রতিপালক; A very strict observer of the sabbath :—*a.* বিশ্রাম দিন বা বিশ্রামদিন পালক সম্বন্ধীয়; Pertaining to the Sabbath or to Sabbatarians. *n*=sabbatarianism.

Sabaoth, sa-bâoth, *n.* সৈন্যদলসমূহ; Armies.

Sabbath, sabath, *n.* বিশ্রাম দিবস; রবিবার; (যিহুদীমতে শনিবার); The day of rest.

Sabbath-breaker, *n.* যে ব্যক্তি রবিবার বিশ্রাম দিন বলিয়া প্রতিপালন করে না; One who profanes the sabbath.

Sabbath day's journey—A distance of nearly a mile, which the Jews were allowed to travel on the Sabbath.

Sabbatic, sab-atik, **Sabbatical,** sab-atikal, *a.* বিশ্রাম দিন সম্বন্ধীয়; পুনাহ-সম্বন্ধীয়; Pertaining to or resembling the Sabbath.

Sabbatical year—প্রতি সপ্তমবর্ষ; Every seventh year, in which the Israelities did not till their fields or vine yards.

Sabianism, sâbi-an-izm, **Sabaism,** sâba-izm, *n.* আরব প্রভৃতি দেশের ধর্মবিশেষ; চন্দ্রসূর্য্যাদির পূজা, The worship of the heavenly bodies, angels &c, as well as of the deity.

Sable, sâbl, *n.* নকুল জাতীয় জন্তু বিশেষ; Weasel like animal :—ইহার লোম বা পশম, Its fur :—কৃষ্ণবর্ণ; Black colour :—শোকসূচক পরিচ্ছদ; A funeral robe :—*pl.* দুঃখ; শোক; Mourning; sadness :—*a.* নকুলজাতীয় জন্তুর লোমজাত, Made of the fur of the sable :—কৃষ্ণবর্ণ, Black, dark.

Scarify, skar'i-fi, *v. t.* ত্বক্ ঈষৎ কর্ত্তন-কৃ ; রক্তমোক্ষণ-কৃ ; To let blood by slightly cutting the skin ; to scratch. *n*=scarification (রক্তমোক্ষণ জন্য অল্প অল্প কর্ত্তন) ।

Scarlatina, skār-la-tē'na, *n.* সংক্রামক জ্বর ; [Scarlet fever.

Scarlet, skār'let, *n.* লোহিতবর্ণ ; লাল রঙ্ ; A bright-red colour ; reddish compound of yellow and red :—*a.* লালবর্ণের ; Of the colour called scarlet.

Scarlet fever—হাম-জ্বর বিশেষ ।

Scarlet runner, *n.* লতা বিশেষ ; A plant.

Scarp, skārp, *n.* খানার পোস্তা বা ঢালু ; দুর্গ-প্রাচীরের নিকটস্থ পরীখা পার্শ্ব ; উপসর্গ ; A perpendicular slope ; inner slope of a ditch next a fortification.

Scarred, *a.* ক্ষতচিহ্নে চিহ্নিত ।

Scath, Scathe, skāth, *v. t.* অনিষ্ট-কৃ ; নষ্ট-কৃ ; ক্ষতি-কৃ ; ক্ষত-কৃ ; To injure ; to waste ; te destroy ;—*n.* ক্ষতি ; অনিষ্ট ; Injury ; damage ; harm. *a*=Scathful (অনিষ্টকর) ।

One doth the scath and another hath the scorn—উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে ।

Scathless, skāth'les, *a.* ক্ষতিশূন্য ; ক্ষতশূন্য ; Without damage or injury. *Syn* :—Unhurt, unscathed, uninjured, undamaged.

Scatter, skat'er, *v. t.* ইতস্ততঃ নিক্ষেপ-কৃ ; বিস্তার-কৃ ; ছড়াইয়া ফেলা ; ছিটান ; To throw down loosely or thinly ; disperse ; dissipate ; strew, sprinkle. *Syn* :—Strew, sprinkle, spread, diffuse, distribute, disseminate ; squander, waste.

Scatter to the winds—ইতস্ততঃ বিক্ষিপ্ত-কৃ ; একেবারে নষ্ট-কৃ ; Scatter abroad ; utterly destroyed.

Scavenger, skav'en-jér, *n.* পথের ময়লা পরিষ্কারক ; সম্মার্জ্জক ; মেথর ; ঝাড়ুদার ; One who cleanses the streets of a city.

A scavenger waggon—আবর্জ্জনার গাড়ী ।

Scene, sēn, *n.* [L. *scene* from G. *skene*, a stage] নাট্যমঞ্চ ; রঙ্গভূমি ; Stage of a theatre :—দৃশ্য ; A sight, spectacle ; show :—ঘটনা-

স্থলের প্রতিকৃতি ; A picture of the place of an action :—কার্য্যক্ষেত্র ; ঘটনাস্থল ; প্রদর্শনের স্থান ; Place of action, occurrence or exhibition :—গর্ভাঙ্ক ; The part of a play acted without change of place :—দৃশ্য ; সুদীর্ঘ চিত্রিত দৃশ্যপথ ; View ; a large painted view :—সর্ব্বসমক্ষে ভয়ানক রাগাদি প্রকাশ ; ভাব প্রকাশ ; A display of passionate feeling between two or more persons :—রঙ্গভূমির চিত্র ; Fixed or moveable paintings of a theatre :—সম্বন্ধগ্রথিত প্রদর্শিত ঘটনাপরম্পরা ; A series of events connected and exhibited.

Behind the scenes, *ad.* দৃশ্যপটের পশ্চাতে ;—*a.* ভিতরের ব্যাপার বিদিত।

Enact an make a scene—হাঙ্গামা হুজ্জৎ-কৃ ; (সকলের সম্মুখে) একটা কাণ্ডকারখানা-কৃ ; Make an exhibition of passionate feeling before others.

Scenery, sēn'ėr-i, *n.* দৃশ্যাবলী ; দৃশ্যপটসমূহ ; সাধারণ দৃশ্য ; Landscape ; the scenes of a play ; representation.

Scene-shifter, *n.* One who shifts or moves scenes :—Mechanical subordinate.

Scenic, sen'ik, *a.* দৃশ্যসম্বন্ধীয় ; দৃশ্যপটসম্বন্ধীয় ; Pertaining to scenery :—নাট্যশালাসম্বন্ধীয় ; নাটকীয় ; আভিনয়িক ; রঙ্গালয়ঘটিত ; Dramatic ; theatrical.

Scenography, sē-nog'ra-fi, *n.* [Gr. *skene*, a scene, *grapho*, to delineate] চিত্র করণ ; চিত্রাঙ্কন কৌশল বা চিত্র ; The art of representing a scene or body in perspective *a*=scenographic, scenographical (চিত্রিত ; Drawn in perspective).

Scent, sent, *n.* গন্ধ ; সুগন্ধ ; Odour , smell ; perfume :—ঘ্রাণশক্তি ; ঘ্রাণেন্দ্রিয় ; Power of smelling ; sense of smell :—ঘ্রাণ দ্বারা অনুসরণ ; Chase followed by the scent :—গতি পথ ; অনুসরণ পথ ; Course of pursuit :—*v. t.* ঘ্রাণ পাওয়া ; ঘ্রাণ-লন ; সুবাসিত-কৃ ; গন্ধে পূর্ণ-কৃ , সুগন্ধ-কৃ ; To smell ; to discern by the sense of smell ; to perfume. *Syn* :—(*n*) Fragrance, redolence, aroma, perfume.

Be off the scent—ঠিক যে পথে যাইলে ধরা যায় সে পথে না যাওয়া ; Be on the wrong track.

Be on the right scent—ঠিক সন্ধান পাওয়া।

Be on the scent—সন্ধান পাইয়া ধরিবার জন্য অনুসরণ-কৃ ; সন্ধানে ফেরা ; Be on the track.

Put one on the wrong scent, Put or throw one of the scent—পথ ভুলাইয়া-দে ; Mislead or misdirect one.

We are not yet on the right scent—ঠিক সন্ধান না পাওয়া ; We have not yet got the clue.

Sceptic, skep'tik, **Sceptical,** skep'tik-al, *a.* অবিশ্বাসী ; সন্দিগ্ধচিত্ত ; সংশয়ী ; সন্দেহবাদী ; সংশয়াকুল ; Doubting ; doubting or denying the truth of revelation. *ad*=sceptically.

Sceptic, skep'tik, *n.* নাস্তিক ; সংশয়বাদী লোক ; One who is sceptical.

Scepticism, skep'ti-sizm, *n.* নাস্তিকতা ; সংশয়বাদ ; অবিশ্বাস ; Doubt or denial of the existence of God or the truth of revelation ; tendency to doubt ; doubt.

Sceptre, skep'ter, *n.* রাজদণ্ড ; Staff or baton of royalty or command :—রাজশক্তি ; রাজার ক্ষমতা ; Royal power. [Bearing a sceptre.

Sceptred, *a.* দণ্ডধারী ; রাজদণ্ড বা রাজশক্তি দ্বারা ভূষিত ;

Schedule, sedūl, *n.* [L. *schedula*, G. *schede*, a tablet] ফর্দ ; তালিকা ; তপশীল ; নির্ঘণ্ট ; A list, inventory, catalogue ; table :—*v. t.* তালিকাভুক্ত-কৃ . To place in a schedule or list. *Syn* :—(*n*) Scroll, catalogue, register, record.

Schema, *n.* আদর্শ ; আদরা।

Schematism, *n.* গ্রহনক্ষত্রাদির সংযোগ।

Scheme, skēm, *n.* [L. *schema*, G. *schema*, shape] নক্সা ; মুসাবিদা ; Plan ; draft :—মতলব ; ফন্দি ; Plan :—মন্ত্রণা ; সঙ্কল্প ; কল্পনা ; Plot :—অভিপ্রায় ; Purpose :—*v. t.* নক্সা-কৃ ; অভিপ্রায়-কৃ ; অভিসন্ধি-কৃ ; মন্ত্রণা-কৃ ; মতলব-কৃ ; সঙ্কল্প-কৃ ; To plan ; to contrive :—*v. i.* উপায় উদ্ভাবন-কৃ ; সঙ্কল্প স্থির-কৃ ; To form a plan or scheme. *n*=schemer. *Syn* :—(*n*) System ; device, machination, design, contrivance, intrigue ; draft, outline ; horoscope. (*v*) Project, design, devise, imagine, frame ; intrigue, plot.

Schemeful, *a.* মতলব-বাজ।

Scheming, skēming, *a.* ষড়যন্ত্রকারী ; কুমন্ত্রকারী ; ফন্দিকারী ; কুচক্রী ; Intriguing.

Schism, sizm, *n.* বিচ্ছেদ ; ধর্ম্মবিষয়ে মতভেদ ; A division ; a separation in a church occassioned by diversity of opinion. *Syn* :—Separation ; disunion, discord.

Schismatic, siz-matik, **Schismatical,** siz-matik-al, *a.* মতভেদসম্বন্ধীয় ; মতান্তরগ্রাহী ; Tending to or pertaking of the nature of schism. *ad*=schismatically.

Schismatic, siz-matik, *n.* ধর্ম্মসম্বন্ধে ভিন্ন মতাবলম্বী ; One who separates from a church from difference of opinion. *Syn* :—Heretic, dissenter, seceder, nonconformist, sectarian.

Schist, shist, *n.* স্তর সম্পন্ন খনিজ পদার্থ ; শিলা বিশেষ ; Slate-rock. *a*=schistic, schistous, schistose (শিস্‌ট প্রস্তর সদৃশ)।

Scholar, skolar, *n.* ছাত্র ; পড়ুয়া ; অধ্যয়নার্থী ; A student ; a learner ; a pupil :—শিষ্য , A disciple :—পণ্ডিত ; বিদ্বান ব্যক্তি ; মনীষী ; A man of learning :—বৃত্তিধারী ছাত্র ; Endowed collegian.

Scholarly, skolar-li, *a.* বিদ্বজ্জনোচিত ; ছাত্রবৎ ; ছাত্রের উপযুক্ত ; পণ্ডিতোচিত ; Like or becoming a scholar.

Scholarship, skolar-ship, *n.* বিদ্যা ; বিদ্যাবত্তা ; পাণ্ডিত্য ; Learning :—ছাত্রবৃত্তি ; Maintenance of a scholar ; endowment of a scholar. *Syn* :—Erudition, lore, knowledge ; exhibition, bursary.

Scholastic, sko-lastik, *a.* পণ্ডিতসম্বন্ধীয় ; পণ্ডিতযোগ্য ; ছাত্র বা বিদ্যালয় সম্বন্ধীয় ; Pertining to or suiting a scholar or schools :—অতি সূক্ষ্ম ; সূক্ষ্ম প্রভেদকারী ; Pertaining to the schoolmen ; excessively subtle :—*n.* যে ব্যক্তি মধ্যযুগের দার্শনিক সম্প্রদায়ের রীতিনীতির অনুবর্ত্তন করে ; One who adheres to the method or subtleties of the school of the middle ages.

Scholastic philosophy—দর্শন ; Philosophy of the middle ages.

Scholasticism, *n.* প্রাচীন পণ্ডিতগণের পদ্ধতি বা পন্থা।

Scholiast, skō'li-ast, *n.* প্রাচীন টীকাকার ; ভাষ্যকর ; A writer of scholia. [Pertaining to scholia.

Scholiastic, skō-li-ast-ik.' *n.* ভাষ্যকর সম্বন্ধীয় ;

Scholium, skō'li-um, *n.* টীকা , পার্শ্বলিখিত টিপ্পনী , ভাষ্য ; প্রতিজ্ঞার অন্তে মন্তব্য , An expla-

nation subjoined to a problem; a marginal note; an explanatory observation. *pl*=scholia, scholiums.

School, skōōl, *n.* [G. *schole*, leisure, a school] বিদ্যালয়; পাঠশালা; A place of education; place for elementary teaching:—বিশ্ববিদ্যালয়; University:—শিক্ষার জন্য অনুশীলনী; Exercises for instruction:—পণ্ডিত সম্প্রদায়; A sect of teachers:—*v.t.* বিদ্যালয়ে শিক্ষা-দে; To educate in a school:—শিক্ষা-দে; বিনীত-কর; দমন-কর; তিরস্কার-কর; To instruct; to admonish:—*a.* বিদ্যালয় বা শিক্ষাসম্বন্ধীয়। *Syn*:—(*n*) Academy, seminary, institute, gymnasium; sect, class, denomination; disciples.

High school, *n.* উচ্চ-শ্রেণীর বিদ্যালয়।

Normal-school—যে বিদ্যালয়ে শিক্ষকদের শিক্ষা দেওয়া হয়; School for the training of teachers.

Primary school, *n.* নিম্নপ্রাথমিক পাঠশালা; School where children receive elementary instruction.

School-bill—বিদ্যালয়ের পাঠের মাহিনা বা খরচা; [Charge for teaching.

School-board or **committee**—বিদ্যালয় সমিতি; Board or committee for managing schools.

School-book, *n.* বিদ্যালয়ের পাঠ্যপুস্তক; A book used in schools.

School-boy, skōōl-boy, *a.* বিদ্যালয়ের বালক; ছাত্র; A boy taught in school. *fem*=school-girl.

School-dame, *n.* বিদ্যালয়ের শিক্ষয়িত্রী; The female teacher of a school.

School-day, *n.* যে দিবস বিদ্যালয় বন্ধ না থাকে; বিদ্যালয়ের পাঠের কাল; পাঠাবস্থা; Day in which youths are sent to school.

School-fee, *n.* স্কুলের মাহিনা; ছাত্রদত্ত বেতন।

School-fellow, School-mate, *n.* সহাধ্যায়ী; সতীর্থ; A fellow bred at the same school.

School-girl, *n.* ছাত্রী; Girl that attends schools.

School-house, *n.* বিদ্যামন্দির; The building in which a school is held.

Schooling, skōō-ling, *n.* বিদ্যালয়ে শিক্ষা; Instruction in a school:—তিরস্কার; ভর্ৎসনা; Reproof; reprimand:—বিদ্যালয়ের বেতন; গুরু-দক্ষিণা; Expense of teaching; compensation for instruction.

School-Inspector, *n.* বিদ্যালয়ের তত্ত্বাবধারক; [Government overseer of schools.

School-man, skōōl'man, *n.* দর্শনশাস্ত্রবেত্তা; মধ্যকালের দার্শনিক পণ্ডিত; Scholastic; one of the philosophers and divines of the middle-ages.

School-master, skōōl'mas-ter, *n.* শিক্ষক; গুরুমহাশয়; One who teaches in a school; a pedagogue. *fem*=school-mistress.

The school-master is abroad—বিদ্যা এক্ষণে অধিক পরিমাণে প্রচারিত হইয়াছে, শিক্ষা বিস্তার হইতেছে; Education is now widely spread among the people; education is spreading all round.

School-mate, *n.* সহাধ্যায়ী; School-fellow.

School-mistress, *n.* শিক্ষয়িত্রী; A woman who teaches in a school.

School-room, *n.* পাঠ-প্রকোষ্ঠ।

Schooner, skōōn'er, *n.* দ্বি-মাস্তুলের জাহাজ; Two-masted vessel with fore-and-aft sails.

Sciatic, si-at'ik, **Sciatical**, si-at'ik-al, *a.* বাতরোগ সম্বন্ধীয়; নিতম্বের পীড়াদায়ক; Pertaining to or affecting the hip.

Sciatica, si-at'ik-a, *n.* [Gr. *ischion*, the hip-joint] (কোমরের) বাতরোগ; নিতম্বের বেদনা; A rheumatic affection of the hip-joints; hip-gout.

Science, si'ens, *n.* [L. *scio*, to know] জ্ঞান; Knowledge:—বিজ্ঞানশাস্ত্র; Knowledge methodically arranged;—নিরূপিত সত্য; Truth ascertained.

Abstract or **pure science**, *n.* The knowledge of laws causes, or powers, considered apart from all application.

Natural science, *n.* পদার্থ বিজ্ঞান; The knowledge of causes, effects and laws of nature.

Practical science—ব্যাবহারিক বিজ্ঞান; Knowledge derived from experiment and the classification of particular facts.

The science—মুষ্টি প্রয়োগ।

Scientific, si-en-tif'ik, **Scientifical**, si-en-tif'ik-al, *a.* [L. *scientia*, science, and *facio*, to make] বৈজ্ঞানিক, বিজ্ঞানবিৎ; বিজ্ঞানানুযায়ী; বিজ্ঞানানুমোদিত; According to or versed in science. *adv*=scientifically.

Scientist, si'ent-ist, *n.* বৈজ্ঞানিক পণ্ডিত; বিজ্ঞানবিৎ পণ্ডিত; One versed in science; a savant.

Scimitar, sim'i-tar, *n.* খড়্গ; অসি; তরবারি; Sword.

Scintillant, *a.* ঝকমককারী; কিরণচ্ছটা-বিকাশী; Sparkling.

Scintillate, sin'til-āt, *v. i.* [L. *scintilla*, a spark] স্ফুলিঙ্গ নির্গত-কর, ঝিকমিক্-কর; চকমক্-কর; To give forth sparks; to sparkle, to emit sparks. *n*=scintillation (অগ্নিস্ফুলিঙ্গ; মিটমিট্ করিয়া কিরণ প্রকাশ।) *Syn*:—Twinkle, glisten, coruscate.

Sciolism, si'ol-izm, *n.* সামান্য জ্ঞান; অল্প বিদ্যা; Superficial knowledge; a smattering of knowledge.

Sciollist, si'ol-ist, *n.* বৈজ্ঞানিক ভণ্ড; পল্লবগ্রাহী পণ্ডিত; জ্ঞানের ভাণকারী; A pretender to science, a smatterer.

Scion, si'on, *n.* [L. *scindere*, to cut] শাখা, প্রশাখা; পল্লব, অঙ্কুর; Small twig; a twig for grafting; shoot.—কুমার; বংশধর; বংশের সন্তান; A young member of a family; a young descendant. *Syn*:—Slip, off-shoot, branch; child.

Scirrhous, skir'rus, *a.* কঠিন; কর্কট রোগ জনিত. Hardened, proceeding from scirrhus.

Scirrhus, skir'rus, *n.* বক্ষঃস্থলাদির কর্কট রোগ; স্রাব বিশেষ; Hardening of the gland.

Scissors, siz'urz, *n. pl.* কাঁচি; কর্তরী; A cutting instrument consisting of two blades fastened by a pin at the middle.

Sclave, Sclavonian, Same as Slave, Slavonian.

Sclerotic, skle-rot'ik, *a.* কঠিন; শক্ত; অক্ষ গোলকের বহিরাবরণসূচক; Hard; noting the outer membrane of the eye-ball:—*n.* চক্ষু গোলকের বাহ্য ঝিল্লী, The outer coat of the eye-ball.

Scobs, *n. sing* or *pl.* গুঁড়া খাতুমল; করাতের গুঁড়া।

Scoff, skof, *v. t.* [Icel. *skuppa*, to laugh at] বিদ্রূপ-কর; উপহাস-কর; ঠাট্টা-কর; To laugh at; to treat with scorn; to mock:—*v. i.* ঘৃণা প্রকাশ-কর; অবজ্ঞা প্রকাশ-কর; To show contempt or scorn:—*n.* উপহাস, বিদ্রূপ; A gibe. *n*=scoffer (বিদ্রূপ-

-কারী ; অবজ্ঞাকারক)। *Syn* :—(*n*) Sneer, gibe, jeer, scorn, deride, scout.

Scold, skōld, *v. i.* ভর্ৎসনা-কৃ ; তিরস্কার-কৃ ; To chide rudely ; to rail noisily :—*n.* অসভ্য বিবাদপ্রিয় স্ত্রীলোক ; কটুভাষিণী স্ত্রী ; A rude, clamorous woman :—তিরস্কার। *n*=scolder. *Syn* :—(*v*) Rate, censure, blame, chide, reprimand, abuse.

Sconce, skons, *n.* ক্ষুদ্র দুর্গ ; গড় ; A small fort ; a bulwork :—শিরস্ত্রাণ ; A headpiece :—দেয়ালগিরি ; দোলায়মান দীপাধার; A hanging candlestick :—মস্তক ; Head :—বুদ্ধি ; Judgment ; sense :—খর্পরী ; Skull.

Scoop, skōōp, *v. t.* খনন-কৃ ; গর্তবিশিষ্ট-কৃ ; To hollow out ; to make hollow ; to dig out :—উত্তোলন-কৃ ; বাহির করিয়া ফেলা ; To lift up with sometning hollow :—হাতা দিয়া খালি-কৃ ; To empty with a ladle :—*n.* বড় হাতা ; A large ladle :—কাষ্ঠ নির্ম্মিত কোদালী ; নৌকার জল তোলা কেঁচো ; Wooden shovel :—খনন ; গর্ত্ত ; Scooping :—আঘাত ; Sweep ; stroke :—ডাক্তারি যন্ত্র ; A surgical instrument.

Scooper, *n.* খোদন যন্ত্র বিশেষ।

Scoop net, *n.* ঘুড়ো জাল ; A net so formed as to sweep the bed of a river.

Scope, skōp, *n.* [G. *skopos*, a mark] অবকাশ ; দৃষ্টিসীমা ; অবসর ; Room or opportunity for free outlook or aim :—কার্য্যক্ষেত্র ; Space for action : —অভিপ্রায় ; লক্ষ্য ; উদ্দেশ্য ; Aim ; the object aimed at ; intention :—ইয়ত্তা ; Limit , compass. *Syn* : —View, design, purpose, intention, drift, object, tendency ; liberty, range, latitude, room, opportunity.

Give scope to—কার্য্য করিবার সুযোগ-দে ; কোন প্রবৃত্তি বা শক্তি খেলিতে-দে ; Give one an opportunity to exhibit or exercise ; give freedom to act.

Scorbutic, skor-bū'tik, **Scorbutical,** skor-bū'tik-al, *a.* চর্ম্মরোগঘটিত ; Pertaining to, resembling or diseased with scurvy.

Scorch, skorch, *v. t.* ঈষৎ দগ্ধ-কৃ ; ভাজা ; ঝলসা ; To burn ; to singe , to roast highly ; to parch : —*v. i.* ঝলসাইয়া-যা ; To be burn on the surface :—শুষ্ক-হ ; To be dried up.

Scorching, *a.* দগ্ধকারী ; ঝলসানিয়া।

Score, *n.* খাঁজ . হিসাব রাখিবার দাগ ; A notch ; a mark for keeping count :—এক কুড়ি ; বিংশতি ; The number twenty :—গণনা ; অঙ্ক ; গণনা-চিহ্ন ; A reckoning :—হিসাব ; Account , bill :—কারণ ; হেতু ; Reason :—*pl.* অনেক ; বিস্তর :—*v. t.* খাঁজ কাটা ; দাগ-দে ; আঁচড়-দে ; To mark with notches or lines ; to furrow. *n*=scorer.

A mark of ten score—দুই শত গজ দূরে স্থিত লক্ষ্য।

On the score of—জন্য ; হেতু ; On the ground of ; by reason of.

Quit scores—দেনা পাওনা শোধ-কৃ ; দেনা পাওনা মিটান ; হিসাব শোধ-বোধ-কৃ ; To settle or balance accounts :—শোধ-দে ; To give satisfaction.

Run in score—ঋণগ্রস্ত-হ ; Get into debt.

Score down—দাগ কাটা ; Mark down.

Score off—ক্ষতিপূরণ-কৃ , Compensate.

Score out—মুছিয়া ফেলা ; Expunge.

Score up—Charge , run up an account.

Settle an old score—পুরাণ দাগ তোলা ; পুরাণ দেনা শোধ-কৃ ; Satisfy an old grudge : pay off an old debt.

Settle a score—দেনা পাওনা শোধ-কৃ ; দেনা পাওনা ঠিক-কৃ ; Settle an account.

Short score—যে দেনা সহজে পরিশোধ করা যায় ; A light debt or one easily discharged.

Scoria, skō'ria, *n.* ধাতুর মল ; খাদ ; Dross.

Scorial, *n. pl.* আগ্নেয় গিরিসম্ভূত ভস্ম ; Volcanic ashes.

Scorn, skorn, *n.* অবজ্ঞা ; অশ্রদ্ধা ; ঘৃণা ; উপহাস ; Disdain ; derision ; extreme contempt :—ঘৃণার পাত্র ; Object of contempt :—*v. t.* অবজ্ঞা-কৃ ; হেয়জ্ঞান-কৃ ; উপহাস-কৃ ; To hold in extreme contempt ; to disdain. *Syn* :—(*n*) Contumely, despite, mockery, sneer, slight, dishonour. (*v*) Contemn, despise, slight, disregard, spurn.

Laugh to scorn—বিদ্রূপ-কৃ ; উপহাস-কৃ ; অগ্রাহ্য মনে-কৃ ; To make a mock of ; to deride.

Think scorn—তুচ্ছ মনে-কৃ ঘৃণিত বিবেচনা-কৃ ; To disdain or despise.

Scorner, skorn'ėr, *n.* বিদ্রূপকারী ; ঘৃণাকারী ; One who scorns.

Scornful, skorn'fool, *a.* অবজ্ঞাসূচক ; অবজ্ঞাকারী ; ঘৃণাসূচক ; Full of contempt ; contemptuous ; disdainful. *ad*=scornfully. *n*=scornfulness. *Syn* :—Contumelious, reproachful, derisive.

Scorpion, skor'pi-un, *n* বৃশ্চিক ; কাঁকড়া বিছা ; An insect with claws like the lobster :—বৃশ্চিক-রাশি , Eighth sign of the zodiac.

Scot, skot, *n.* স্কটলণ্ড-দেশীয় ব্যক্তি ; A native of Scotland.

Scot, skot, *n.* কর ; অর্থদণ্ড ; A tax ; a fine :—গণনা ; Reckoning.

Scot and Lot—দেনা ; কোনও কিছুর জন্য বাধ্যতা ; Bearing the fair share of taxes ; a tax formerly assessed according to the ability of the payer.

To pay one's scot—খরচার অংশ-দে ; To pay one's share of a common expense.

To pay scot and lot—সাধ্যমত কর দান-কৃ।

Scotch, skoch, **Scottish,** skot'ish, **Scots,** skots, *a.* স্কটলণ্ড বা স্কটলণ্ডবাসী বা স্কটলণ্ডের ভাষা সম্বন্ধীয় ; Pertaining to Scotland, its people or language.

Scotch, *v. t.* ঠেকো-দে ; ঠুঁজি দিয়া বন্ধ-কৃ ; To prop ; to support :—ছড়া ; অল্প আঘাত-কৃ ; To cut or wound superficially :—*n.* ঠেকো , ঠুঁজি ; আটক।

Scotchman, *n.* স্কটলণ্ডবাসী ; Native of Scotland.

Scotch thistle, *n.* A thistle ; emblem of Scotland.

Scoter, *n.* কৃষ্ণ হংস ; A marine duck.

Scot-free, skot'frē, *a.* নিষ্কর ; দণ্ড হইতে মুক্ত ; অক্ষত ; অনাহত ; Without payment ; untaxed ; without punishment , unhurt ; safe.

Scotograph, *n.* না দেখিয়া লিখিবার যন্ত্র ; An instrument for writing without seeing.

Scotoscope, *n.* যে যন্ত্র সাহায্যে অন্ধকারে বস্তু সকল দেখিতে পারা যায় , An optical instrument.

Scotticism, skot'i-sizm, *n.* স্কটলণ্ডীয় বাক্‌প্রণালী ; A Scotch idiom.

Scoundrel, skoun'drel, *n.* [Ger. *schamkerl*, shameless man] পামর ; পাজি লোক , দুরাত্মা ; বদ্‌মাস ; A rascal ; knave ; a villain. *Syn* :—Villain, vagabond, rogue.

Scoundrelism, skown'drel-izm, *n.* পাজিমি ; নীচতা ; নরাধমত্ব ; Rascality ; baseness.

Scour, skour, *v. t.* পরিষ্কার-কৃ , মাজা ; ঘর্ষণ-কৃ ; To

cleanse ; to rub hard :—উপর দিয়া জল চলিয়া-যা ; দীর-যা ; To pass quickly over :—পরিষ্কার-কৃ ; To clean by rubbing :—বেগে দৌড়ান ; To run swiftly :—*n.* তীব্র স্রোত ; বন্যাদির উৎপাত। *n*= scourer. *Syn* :—Scrub, polish, furbish ; rinse, purge ; range, rake.

Scourge, skurj, *n.* চাবুকের দড়ি ; চাবুক ; কশা ; A lash consisting of a strap ; a whip :—দণ্ড দিবার যন্ত্র ; দণ্ডসাধন ; An instrument of punishment :—শাস্তি ; দণ্ড ; Punishment :—*v. t.* কশাঘাত-কৃ ; কোড়া মারা ; To whip severely :—সংশোধনার্থ দণ্ড-দে ; শাস্তি-দে ; যন্ত্রণা-দে ; To punish with a view to correct. *n*=scourger. *Syn* :—(*n*) Correction ; pestilence, plague, pest.

Scourge of God—Attila, king of the Huns.

Scourge of the human race—A person who inflicts great and wide spread suffering on men.

Scout, skout, *n.* চর ; গুপ্তচর ; সন্ধানী লোক ; A spy ; person sent out to bring in tidings and observe the enemy &c. :—সন্ধান ; তল্লাস ; A look-out :—অক্সফোর্ডের ভৃত্য ; A college servant at Oxford :—*v. t.* বিদ্রূপ-কৃ ; ঠাট্টা-কৃ ; অগ্রাহ্য-কৃ ; উপেক্ষা-কৃ ; To sneer at ; to despise ; to reject with disdain :—সন্ধান-কৃ ; Observe closely.

Scout an idea—নিতান্ত অশ্রদ্ধেয় বলিয়া অগ্রাহ্য-কৃ।

Scowl, skowl, *v. i.* ভ্রূভঙ্গী-কৃ ; চোক রাঙ্গান ; মুখভার-কৃ ; To look sour or angry ; to frown ; to look gloomy :—*n.* ভ্রূকুটী ; ভ্রূভঙ্গী ; A look of sullenness.

Scrabble, *v. i.* মাটী আঁচড়ান ; আঁচড় পাড়া ; To scratch ; to scrawl.

Scrag, skrag, *n.* পাতলা বা কুঞ্চিত কোনও কিছু ; Anything thin, lean, or rough. *a*=scragged.

Scragged, skrag'ed, *a.* কৃশ ও অসমপৃষ্ঠ ; বন্ধুর ; Uneven ; rugged. *n*=scraggedness.

Scraggy, skrag'e, *a.* আবড়ো খাবড়ো ; অসমতল ; বন্ধুর ; Lean and rough :—কৃশ ; Lean. *n*=scragginess. *Syn* :—Jagged, rough, scragged, rugged, uneven ; lean, bony, thin, skinny, gaunt.

Scramble, skram'bl, *v. i.* কাড়াকাড়ি-কৃ ; কোন কিছুর জন্য অন্যের সহিত ঝটাপটি-কৃ ; হুড়াহুড়ি কৃ ; To struggle to seize something before others ; to catch at or strive for rudely :—হামাগুড়ি-দে ; To go on all fours :—*n.* প্রতিদ্বন্দ্বিতা ; কাড়াকাড়ি , The act of scrambling.

Scrap, skrap, *n.* ক্ষুদ্র খণ্ড ; ছিটছাট ; টুকরা ; A small piece ; fragment ; an unconnected extract. *Syn* :—Bit, fraction, portion ; crumb, morsel, bite, mouthful.

Scrap-book, *n.* যে সাদা পুস্তকে সংবাদ পত্র বা অপর গ্রন্থের ছিটছাট গৃহীত হয় ; A blank book for the preservation of short literary extracts and prints.

Scrape, skrāp, *v. t.* চাঁচা ; ঘর্ষণে ক্ষয়-কৃ , ঘষিয়া ফেলা , তোলা ; Take off the surface ; rub the surface of ; rub with a rough tool :—কৃপণতার সহিত সঞ্চয়-কৃ ; কষ্টে সংগ্রহ-কৃ ; To save penuriously :—*v. i.* কর্কশ শব্দ-কৃ ; কর্কশ ভাবে ও সশব্দে ঘর্ষণ-কৃ ; Make a harsh noise ; to rub harshly and noisily along :—*n.* সঙ্কটাবস্থা ; বিপাক ; হাঙ্গাম , সঙ্কট ; A situation of difficulty or distress ; perplexity. *Syn* :—(*n*) Abrade, grate, scratch ; obliterate, erase ; gather, collect.

To get into a scrape—বিপদে পড়া ; To be placed in a difficult situation ; to get into a great difficulty.

Scrape acquaintance—ঘাটে ঘাটে আলাপের চেষ্টা-কৃ ; পরিচিত-হ ; Make acquaintance promiscuously.

Scrape along—Get on in some way.

Scrape together—অল্পে অল্পে সঞ্চয়-কৃ ; To collect together by small gains.

Scrape out—খনন-কৃ ; Dig out by scraping.

Scrape up—রাশীকৃত-কৃ ; Scrape into a heap.

Scraper, skrāp'ér, *n.* আঁচড়ের অস্ত্র ; খুঁড়িবার যন্ত্র ; An instrument used for scraping :—কৃপণ ব্যক্তি ; A misering.

Scraping, skrāp'ing, *n.* ঘর্ষণ ; The act of scraping :—ময়লা ; মল ; চাঁচন ; Refuse ; dirt :—যাহা চাঁচিয়া ফেলা হয় ; Something scraped off.

Scratch, skrach, *v. t.* তীক্ষ্ণ বস্তুর দ্বারা চাঁচিয়া ফেলা ; নখে আঁচড়ান ; To rub and tear the surface with something pointed ; to scrape with the nails :—*v. i.* খননাদিতে নখরাদির ব্যবহার-কৃ ; To use the nails or claws in tearing or digging :—*n.* নখাঘাত ; আঁচড় ; ক্ষত ; দাগ ; A mark made by scratching ; slight wound :—পরীক্ষা ; পরখ ; Test.

Bring to the scratch—সাহস পরীক্ষা-কৃ ; Bring to the proof or test of courage.

Come to the scratch—কৃতনিশ্চয়-হ।

Come up to scratch—বিবাদ-কৃ ; ঝগড়া-কৃ ; To fight or prepare to fight ; to come forward in the time of danger or difficulty.

Scratch against—Tear against.

Scratch away—ছিঁড়ে ফেলা ; চিরে ফেলা ; Tear away.

Scratch down—নক্সা-কৃ ; খসড়া-কৃ ; Sketch roughly.

Scratch out—মুছিয়া ফেলা ; Erase ; rub out.

Scratcher, skratchér, *n.* যে আঁচড়ায় ; One who or that which scratches :—যে আঁচড়িয়া আহার অন্বেষণ করে ; কুকুটাদি পক্ষী ; A bird which scratches for food, as a cock.

Scrawl, skrawl, *v. t.* or *v. i.* তাড়াতাড়ি লেখা ; আঁচড়াইয়া লেখা ; To write irregularly or hastily ; scribble :—*n.* মন্দ লিখন ; অসুন্দর লিখন ; তাড়াতাড়ি করিয়া লিখন ; Unskilful or inelegant writing ; hasty writing.

Scream, skrēm, *v. i.* [A. S. *hreman*, to cry out] চেঁচান ; চীৎকার-কৃ ; To cry out with a shrill voice ; to shriek :—*n.* চীৎকার ধ্বনি ; A shrill, sudden cry ; a shriek.

Screech, skrēch, *v. i.* পেঁচকবৎ চীৎকার-কৃ ; কর্কশ শব্দ-কৃ ; To utter a harsh, shrill and sudden cry :—*n.* চীৎকার ; কর্কশ শব্দ ; পেঁচার মত শব্দ ; A harsh, shrill and sudden cry ; a shriek ; cry like an owl.

Screech-owl, skrēch-owl, *n.* এক প্রকার পেঁচা ; কাল পেঁচা ; A kind of owl.

Screen, skrēn, *n.* বেষ্টন ; আবরণ ; ব্যবধান ; যবনিকা ; পর্দা ; Something to shelter or exclude heat, light, or cold ; curtain :—চালুনি ; Sieve :—Partition in churches or offices :—*v. t.* রক্ষা-কৃ ; To shelter ; to conceal :—আবৃত-কৃ ; To cover :—চালুনি দিয়া চালা ; To pass through a coarse riddle. *Syn* :—(*v*) Cover, hide, shroud, mask ; shield, protect, defend, shelter.

Screw, *n.* পেঁচ , প্যাঁচের পেরেক ; ক্রুপ ; A cylinder

of metal or wood grooved spirally ; a screw-propeller :—চাপ ; Pressure :—সুদখোর ; কৃপণ ; Usurer ; miser :—পরীক্ষা ; A searching examination :—*v. t.* পেঁচ দিয়া আঁটা ; স্ক্রুদ্বারা ছাপান ; To apply a screw to ; to press with a screw :—অর্থ সংগ্রহ দ্বারা উৎপীড়ন-কৃ ; To oppress by extortion :—পীড়ন-কৃ ; পাক-দে ; To squeeze :—বিকৃত-কৃ ; Distort.

A screw loose—বিশৃঙ্খলতা ; আলগা ; ফাঁক ; সব ঠিকঠাক্ নহে ; কোন কিছু বিগড়াইয়া যাওন ; Something amiss ; something wrong ; some irregularity, disorder or neglect.

A screwpine tree—কেয়া গাছ ; কেতকী বৃক্ষ ।

An old screw—কৃপণ লোক ।

Put the screw on one—কাহার প্রতি কঠোর ব্যবহার-কৃ ; পেঁচ দিয়া কসিয়া লওয়া , Subject one to severe treatment.

Put under the screw—পীড়ন-কৃ ; পেঁচ-দে ।

Screw in—জোর করিয়া প্রবেশ করান ; Force in by turning or twisting. [সাহস-কৃ ; Master courage.

Screw one's courage—কোন কাজ করিবার জন্য

Screw one's courage to the sticking place—দৃঢ়প্রতিজ্ঞ বা সাহসী-হ ; To become resolute, determined, or courageous.

Screw out—পাক দিয়া বা নিঙ্গাড়িয়া বা বলপূর্ব্বক বাহির-কৃ ; জোর করিয়া সংগ্রহ-কৃ ; Press out ; extort.

Screw up—আঁটিয়া বন্ধ-কৃ ; এঁটেসেঁটে বন্ধ করিয়া রাখা ; Fasten ; to tighten :—কুঞ্চিত করিয়া উপরে তোলা ; Pinch up :—জোর করিয়া কোন কিছু-কৃ , বল প্রয়োগ-কৃ ; Force by pressure :—যতদূর বাড়িতে পারে বাড়ান ; Rack up ; raise excessively high.

Screw up courage—কোন কিছু করিবার জন্য সাহস-কৃ ; সাহস বাঁধা ; Master up courage.

To draw one's screw—বেতন পাওয়া ।

Screw-driver, skrōō'-drivér, *n.* পেঁচ বসাইবার যন্ত্র ; স্ক্রুড্রাইভার ; An instrument for turning screws.

Screw-Jack, skrōō'-jak, *n.* ভারি বস্তু উত্তোলন করিবার যন্ত্র ; A machine for raising great weights ; see jackscrew.

Screw-nail, skrōō'-nāl, *n.* প্যাঁচবিশিষ্ট প্রেক ; স্ক্রুপ ; A nail in the form of a screw. [screws.

Screw-press, *n.* A machine for pressing by

Screw-propeller, skrōō'-pro-pelér, *n.* স্ক্রু দ্বারা চালিত পোত ; A stern vessel or steamer propelled by screws.

Screw-steamer, skrōō'-stemér, *n.* স্ক্রু দ্বারা চালিত বাষ্পীয় পোত ; A steamer propelled by a screw and not by paddles.

Screw-wrench, *n.* স্ক্রু ঘুরাইবার যন্ত্র বিশেষ ; A lever for turning screws.

Scribble, skribl, *v. t.* or *v. i.* তাড়াতাড়ি লেখা ; অযত্নপূর্ব্বক লেখা ; To write carelessly and hastily ; to write much worthlessly ; to scrawl. *n*= scribbler (তাদৃশ লেখক) ।

Scribe, skrib, *n.* [L. *scriba*, from *scribere*, to write] কেরাণী ; লিপিকর ; লেখক ; Writer ; clerk : ব্যাখ্যাকর্ত্তা ; Notary public :—আইনশিক্ষক ; Jewish teacher of the law. *Syn* :—Scrivener, penman, amanuensis, copyist ; secretary, notary.

Scrimmage, *n.* দাঙ্গা ; মারামারি ; হুড়াহুড়ি ; A skirmish ; a general fight.

Scrimp, skrimp, *v. t.* সংযত-কৃ ; হ্রাস-কৃ ; অতিক্ষুদ্র-কৃ ; To make too small or short :—*a.* হ্রস্ব ; অপ্রচুর ; Short, scanty. *Syn* :—Contract, shorten, curtail, limit, straiten, scant, stint, pinch.

Scrip, skrip, *n* এক টুকরা লিখিত কাগজ ; লিখিত কাগজ খণ্ড ; পত্র , চিরকুট , ফর্দ্দ ; A piece of paper containing writing :—ছোট থলি ; ক্ষুদ্র থলিয়া ; A small bag ; a wallet. *Syn* :—Wallet, satchel.

Script, skript, *n.* [L. *scribo*, to write] হস্তাক্ষরের অনুকরণে ছাপার হরপ্ ; Type in the form of writing letters.

Scriptural, *a.* বাইবেল সম্বন্ধীয় ; Biblical. *ad*= scripturally, *n* = scripturalness.

Scripture, skript'tūr, *n.* ধর্ম্মপুস্তক , ধর্ম্মগ্রন্থ ; বাইবেল ; Sacred writings , the Bible :—*pl.* বাইবেলের বচন ; ধর্ম্মশাস্ত্র । *a* = scriptural.

Scrivener, skrivén-ér, *n.* নকলনবিশ ; A copyist :—চুক্তি বা দানপত্র লেখক ; A conveyancer :—দলিলপত্র-লেখক ; A writer :—যে টাকা সুদে খাটায় ; মহাজন ; Money-broker , usurer.

Scrofula, skrōf'ū-la, *n.* [L. *scrofa*, a sow] গণ্ডমালা রোগ ; গলগণ্ড ; The king's evil ; struma. *a*=scrofulous (উক্ত রোগে পীড়িত) ।

Scroll, skrōl, *n.* আবর্ত্তিত কাগজ ; গোল করিয়া বাঁধা লেখা কাগজ ; Roll of paper or parchment ; roll of paper , anything rolled up :—নির্ঘণ্ট ; তপসিল বা ফর্দ্দ ; মুশবিদা ; A schedule. *Syn* :—Schedule, list, inventory ; flourish, paraph , volute.

Scrotum, *n.* অণ্ডকোষ ; মুষ্ক , Double bag of the testicles. *a* = scrotal.

Tumour of the scrotum—কোষণ্ড ।

Scrub, skrub, *n.* মার্জ্জনী ; মুড়ো খাংরা ; Worn-out broom ; worn-bush :—ক্ষুদ্র ঝোপ ; Stunted bush ; low under-wood :—কৃপণ ; নীচ ব্যক্তি ; Niggard :—*v. t.* জোরে ঘর্ষণ-কৃ , রগড়াইয়া পরিষ্কার-কৃ ; মাজা ; To rub hard :—*v. i.* অতিশয় পরিশ্রম-কৃ , To work hard :—*a.* নীচ ; হীন ; Mean.

Scrubber, *n.* ঘর্ষণকারী ; সম্মার্জ্জনী ; One who or that which scrubs ; gas purifier.

Scrubby, skrubi, *a.* নীচ ; হীন ; সামান্য ; Mean, worthless :—ক্ষুদ্র , Small :—প্রতিহত-বৃদ্ধি ; Of stunted growth :—পরিশ্রমী ও কৃপণস্বভাব ; Diligent and penurious.

Scruple, skrōō'pl, *n.* [L. *scrupulus*, a doubt] সন্দেহ ; সঙ্কোচ ; দ্বিধা ; Doubt ; hesitation , difficulty :—আটবতি পরিমাণ ; 20 grains ; third of a dram :—অতি ক্ষুদ্র বস্তু ; সামান্য পরিমাণ ; Any thing small ; a very small quantity :—*v. i.* সঙ্কোচ-কৃ ; বিচারে দ্বিধা-কৃ ; To doubt , to hesitate in deciding. *Syn* :—(*n*) Perplexity, qualm, misgiving.

Scrupulous, skrōō'pū-lus, *a.* সশঙ্ক ; সন্দেহপূর্ণ ; ধর্ম্মভীরু ; সাবধান ; ঠিক ; Cautious , conscientious ; exact. *ad* = scrupulously (সাবধানে , সবিশেষরূপে) । *n*=scrupulousness. *Syn* :—Strict, nice, punctilious, careful, precise.

Scrupulousness, skrōō'pū-lus-ness, **Scrupulosity,** skrōō-pū-losi-ti, *n.* সঙ্কোচ , শঙ্কা ; দ্বিধা ; সন্দিগ্ধাবস্থা , সংশয়শীলতা ; ধর্ম্মভীতি ; যথাযথত্ব ; Doubtness , niceness , preciseness. [minute search.

Scrutineer, *n.* সূক্ষ্মানুসন্ধায়ী ; One who makes

Scrutinise, skrōō'te-niz, *v. t.* সম্যক্ অনুসন্ধান-কৃ ; তদারক-কৃ ; তদন্ত-কৃ ; To investigate ; to search closely ; to examine carefully or critically ; explore ; sift.

Scrutiniser, *n.* অনুসন্ধানকারী ; পরীক্ষক ; One who makes a minute search or enquiry.

Scrutiny, skrōō'te-ne, *n.* সূক্ষ্ম অনুসন্ধান ; সূক্ষ্ম পরীক্ষা ; সম্যক পরীক্ষা ; তদারক ; Search ; close investigation ; critical examination. *Syn* :—Examination, sifting, minute inquiry.

Scrutoire, *n.* লেখন-পেটিকা ; ডেস্ক ।

Scud, skud, *v. i.* বেগে চলা ; বায়ুর সম্মুখে বেগেধাবিত-হ ; To run before the wind in a gale ; to run quickly :—*v. t.* দ্রুতবেগে-যা ; To pass over quickly :—*n.* বায়ুর দ্বারা চালিত মেঘ ; A thin cloud driven swiftly by wind :—বেগে দৌড়ান ; দ্রুত সঞ্চরণ ; A rushing with precipitation ; the act of moving quickly.

Scuffle, skuf'l, *v. i.* হাতাহাতি-কৃ ; মারিমারি-কৃ ; To strive or struggle with close grasp ; to struggle closely ; to fight confusedly :—*n.* তুমুল ঝগড়া ; হাতাহাতি ; A confused quarrel ; a struggle with close grappling.

Sculk—Same as skulk.

Scull, skul, *n.* ক্ষুদ্র কেপণি ; ছোট দাঁড় ; A short light oar :—ছোট নৌকা ; A small boat :—*v. i.* দাঁড় বহা ; ঝিঁকে মারা ; বোটে দিয়া বাহন ; To impel by sculls. *n*=sculling.

Sculler, skul'ėr, *n.* ক্ষুদ্র নৌকা ; A boat rowed by two sculls, pulled by one man :—যে ব্যক্তি বোটে দিয়া নৌকা বাহে ; One who sculls.

Scullery, skul'ėr-i, *n.* তৈজসপত্রাদি যে স্থানে রাখা হয় ; রন্ধনশালা ; পাকশালার পার্শ্ব-প্রকোষ্ঠ ; A place for dishes and other kitchen utensils ; a back-kitchen. [A servant for drudgery work.

Scullion, skul'yun, *n.* বাসন-মাজা চাকর ; ভৃত্য ;

Sculptor, skulp'tor, *n.* ভাস্কর ; শিল্পী ; খোদ-কারক ; One who carves images or figures. *fem*= sculptress. [Pertaining to sculpture.

Sculptural, *a.* খোদাই সম্বন্ধীয় ; ভাস্কর-বিদ্যা সম্বন্ধীয় ;

Sculpture, skulp'tūr, *n.* [L. *sculpo, sculptum,* to carve, to cut] ভাস্কর-বিদ্যা ; খোদন-কর্ম, Carving ; the art of carving :—*v. t.* খোদন-কৃ ; খোদা ; To curve. *a*=sculptural.

Scum, skum, *n.* গাদ ; ফেনা ; গাঁজলা ; মাড় ; Refuse that rises to the surface and is skimmed off ; foam or froth ; refuse :—*v. t.* ফেনা তুলা ; গাদ-কাটা ; গাদ তুলিয়া লওয়া ; হাঁকিয়া ফেলা ; To take the scum from ; to skin :—*v. i.* গাঁজলা-হ ; To form a scum. *n*=scummer.

Scum of society—সমাজের অতি হীন লোক ; The most restless and worthless part of society.

Scupper, skup'ėr, *n.* জাহাজের পার্শ্বে ক্ষুদ্র নর্দমা ; পোতভল হইতে জল অপসারিত করিবার পোতপার্শ্বস্থ ছিদ্র ; A hole in a ship's side to carry off water.

Scurf, skurf, *n.* খুস্কি ; মরামাস ; Loose dry scab. *a*=scurfy. [sembling scurf. *n*=scurfiness.

Scurfy, *a.* খুস্কিবিশিষ্ট ; খুস্কিতুল্য ; Having or re-

Scurrile, skur'ril, *a.* অশ্লীলভাষী ; গালিপূর্ণ ; অবাচ্য ; অসভ্য ; Using low or abusive language ; coarse ; indecent ; low.

Scurrility, skur-ril'it-i, *n.* অশ্লীল ; বিদ্রূপ ; পরিহাস ; অশ্লীলতা ; ইতরামি ; ভাঁড়ামি ; Low or obscene jesting ; vulgar abuse ; buffoonery.

Scurrilous, skur'ril-us, *a.* [L. *scurra,* a buffoon] অশ্লীলভাষী ; অভদ্র ; অসভ্য ; নীচ ; Using the obscene language ; indecent ; vulgar ; vile. *ad*=scurrilously, *n*=scurrilousness. *Syn* :—Opprobrious, reproachful, insulting, offensive, gross, vile, vulgar, foul. [meanly.

Scurvily, *a.* নীচভাবে ; অসভ্যভাবে ; Basely ;

Scurviness, *n.* নীচতা ; Meanness.

Scurvy, skur've, *n.* রোগ বিশেষ ; কন্ডু ; কাউর ; A disease accompanied with bleeding and general debility :—*a.* উক্ত রোগাক্রান্ত ; Covered by scurf ; affected with scurvy :—নীচ ; হীন ; Vile ; vulgar, *n*=scurviness. *Syn* :—(*a*) Scabbed, scurfy, scabby ; mean, low, contemptible, despicable, paltry, worthless, sorry, pitiful.

Scutage, *n.* পুরাকালীন কর বিশেষ ; A contribution or tax.

Scutcheon, *n.* চিত্রিত চর্ম ; ঢাল ; See *escutcheon.*

A blot in one's scutcheon—সাদা কাগজে কালি, দাগ, কলঙ্ক ; A stain on a man's good name

Scutiferous, sku-tif'ėr-us, *a.* [L. *scutum,* a shield, *fero,* to bear] চর্মবাহী ; Carrying shield.

Scutiform, skū'ti-form, *a.* চর্মাকার ; Having the form of a shield.

Scuttle, skut'l, *n.* ঝাজরা ; ঝাঁকা ; কয়লার আধার. A broad shallow basket ; a vessel for holding coals :—জাহাজের দ্বার বিশেষ ; জাহাজের ছিদ্র ; Opening in a deck to admit light or water :—দ্রুতবেগে পলায়ন ; A quick run :—*v. t.* জাহাজাদির তলায় বা পার্শ্বে ছিদ্র-কৃ ; To cut holes through any part of a ship :—ছিদ্র করিয়া জাহাজ ডুবাইয়া-দে ; To sink a ship by cutting holes :—সত্বর পলায়ন-কৃ, To run hastily ; to hurry.

Avoiding Scylla he fell into Charybdis—এক বিপদ এড়াইয়া আর এক বিপদে পড়া ; Trying to avoid one danger, he fell into another equally fatal (Scylla was a rock between Italy and Sicily, opposite Charybdis.)

Between Scylla and Charybdis—Between two difficulties.

To fall from Scylla into Charybdis—To fall out of the frying pan into fire.

Scymitar, *n.* তরবারি ; অসি ; See *scimitar.*

Scythe, sith, *n.* কাস্তে ; ঘাস কাটিবার যন্ত্র ; A kind of sickle ; an instrument with a large curved blade for mowing grass :—*v. t.* কাস্তে দিয়া কাটা ; To cut with a scythe ; to mow.

Scythian, *a. prop.* কৃষ্ণ ও কাস্পীয় সাগরের উত্তর-পূর্ব সিথিয়া নামক দেশ সম্বন্ধীয় ।

Sea, sē, *n.* সমুদ্র ; সাগর ; The ocean ; any large expanse of water less than an ocean :—বৃহৎ হ্রদ ; A large lake :—হিল্লোল ; তরঙ্গ ; Wave ; billow.

At sea—সমুদ্রে ; সাগরের বক্ষে ; স্থল হইতে দূরে ; Upon the ocean ; on the ocean ; away from the land :—অনিশ্চিত ; বলিতে না পারা ; Uninformed ; uncertain ; unable to tell :—অকূল-পাথার ; কূল-কিনারা-বিহীন অবস্থায় ; In a vague ; uncertain condition so as not to see one's way.

Go to sea—নাবিকের ব্যবসা (নাবিক-বৃত্তি) অবলম্বন-কৃ ; খালাসী-হ ; Follow the occupation of a sailor ; become a sailor. [tipsy ; half drunk.

Half seas over—আধ-মাতাল ; অর্দ্ধ মত্ত ; Half

Heavy sea—উত্তাল তরঙ্গময় সমুদ্র ; The sea when the waves run high.

High-seas—উন্মুক্ত সমুদ্র ; The open ocean, as being the common high way of nations.
On the high seas—সমুদ্রে ; In the open sea.
Put to sea—জাহাজ ছেড়ে-দে ; Put out to sea, set sail.
Sea of troubles—বিপদ সাগর।
To be at sea—অকূল সমুদ্রে পড়া ; কূল-কিনারা দেখিতে না পাইয়া বিপদগ্রস্ত-হ।
Sea-bank, se'bangk, *n.* সাগরতট ; The sea-shore. [sea.
Sea-bathed, *a.* সমুদ্রে দ্বারা ধৌত ; Washed by the
Sea-bathing, *n.* সমুদ্র-স্নান ; Bathing in the sea.
Sea-beach, *n.* সমুদ্রোপকূল ; Sea-coast.
Sea-beaten, *a.* Dashed or worn by the waves.
Sea-board, se'bōrd, *n.* সমুদ্রতট ; Sea-coast ; the sea-shore :—*a.* সমুদ্রোপকূলবর্ত্তী ; সাগরতীরস্থ ; Bordering upon the sea :—*ad.* সাগরাভিমুখে ; Toward the sea.
Sea-boat, sē'-bōt, *n.* তরঙ্গাভিঘাতসহনক্ষম পোত ; A vessel considered with reference to her power of maintaining herself in a heavy sea.
Sea-born, *n.* সমুদ্রজাত ; Born at sea. [sea.
Sea-borne, *a.* সমুদ্রপথে আনীত ; Wafted by the
Sea-bounded, *a.* সমুদ্র দ্বারা সীমাবদ্ধ , Limited by the sea. [ployed on ship-board.
Sea-boy, *n.* জাহাজের বালক-ভৃত্য ; A boy em-
Sea-breeze, sē'-brēz, *n.* সমুদ্র-বায়ু ; সাগর হইতে আগত বায়ুপ্রবাহ ; Soft wind from the sea.
Sea-coast, sē'kōst, *n.* সমুদ্রতট ; বেলাভূমি ; The sea-shore. [—নাবিক ; Sailor.
Sea-dog, *n.* সামুদ্রিক জন্তু , Seal :—হাঙ্গর ; Shark :
Sea-elephant, *n.* জল-হস্তী। [sea ; a sailor.
Sea-farer, sē'fār-ēr, *n.* নাবিক ; Traveller at
Sea-faring, sē'fār-ing, *a.* জাহাজী , সমুদ্রগামী ; নাবিকবৃত্তিধারী ; নাবিক-ব্যবসায়ী ; Going to sea or belonging to a seaman.
Sea-fight, *n.* জলযুদ্ধ ; Battle of ships.
Sea-fowl, Sea-bird, *n.* সমুদ্রবাসী পক্ষী ; সামুদ্রিক পক্ষী ; Birds that live in the sea.
Sea-gage, sē'gāj, *n.* জাহাজ যে গভীরতা-পরিমাণ জলমগ্ন করে ; The depth that a vessel sinks in the water. [Surrounded by the sea.
Sea-girt, sē'gērt, *a.* সমুদ্র-বেষ্টিত ; সাগর-বেষ্টিত ;
Sea-girt isle, *n.* England.
Sea-god, *n.* বরুণ-দেব।
Sea-going, sē'-gō'ing, *a.* সমুদ্রগামী ; সমুদ্র বিচরণশীল ; Sailing on the deep sea.
Sea-green, sē'grēn, *a.* সমুদ্রবৎ হরিদ্বর্ণ ; সিন্ধুজলের ন্যায় সবুজ , Green like the sea.
Sea-gull, *n.* গাংচিল।
Sea-horror, *n.* ঝড়।
Sea-horse, sē'hors, *n.* সিন্ধুঘোটক ; The walrus ; the hippopotamus. [cabbage.
Seakale, sē'kāl, *n.* কপি-শাক বিশেষ ; A kind of
Sea-king, sē'king, *n.* প্রাচীন জলদস্যুদল বিশেষের নেতা ; One of the leaders of the early Scandanavian piratical expeditions.
Seal, sēl, *n.* ক্ষোদিত শীল ; নামাঙ্কিত মোহর ; Stamp engraved for yielding an impression :—মোহর ; Official emblem of a state or corporation :—মোহর ; মুদ্রিত লাক্ষাদি ; Fastening for a letter ; that which makes fast or secure :—যাহা দৃঢ় বা প্রামাণ্য করে ; That which ratifies or authenticates :—নিশ্চয়তা ; মঞ্জুর ; Assurance :—সামুদ্রিক স্তন্যপায়ী জন্তু বিশেষ ; Sea-animal ; an aquatic carnivorous mammal :—*v. t.* মোহর-কৃ ; গালা মোহর-কৃ ; মোহর দ্বারা চিহ্নিত-কৃ ; To fasten with a seal ; to set or affix a seal to ; to mark with a stamp : —দৃঢ়-কৃ ; মঞ্জুর-কৃ ; সমর্থন-কৃ ; To confirm :—নিরাপদে রাখা ; গুপ্ত রাখা ; To keep secure. *Syn* :—(*v*) Close, fasten, secure ; ratify, sanction ; authenticate, attest.
Great seal—সম্মিলিত (ব্রিটন) রাজ্যের রাজ-মোহর ; The state seal of the United Kingdom.
Privy seal—The personal seal of the sovereign.
Seal the lips, Seal one's lips—মুখবদ্ধ-কৃ ; মুখ বুজিয়া থাকা ; কথা না কহা , Prevent speaking or giving information ; make one keep quiet ; tie one's tongue. [render secure by sealing.
Seal up—মোহর করিয়া বন্ধ-কৃ ; To shut close ; to
Sea-language, sē'-lang'gwāj, *n.* নাবিকদিগের বিশেষ ভাষা ; The peculiar language or phraseology of sea-men.
Sealed book—যাহা জানিবার যো নাই ; Something that is kept close and cannot be known :—অজানিত ; Something quite unknown.
Seal-engraving, sēl-en-grāving, *n.* মোহর খোদিবার কৌশল ; মোহর ক্ষোদন বিদ্যা ; The art of engraving seals.
Sea-level, sē'level, *n.* সমুদ্রের উপরিভাগ ; সাগরতল ; The level or surface of the sea.
Sealing-wax, sēling-waks, *n.* পত্র বন্ধ করিবার জন্য গালা ; মোহর করিবার গালা ; চাঁচ গালা ; Wax for sealing letters &c.
Sea-lion, *n.* জল-সিংহ , সামুদ্রিক জন্তু বিশেষ।
Seam, sēm, *n.* [A. S. *seam*, from *seowian*, to sew] কাপড়ের দুই ধারের যোড় ; সেলাইয়ের সন্ধি বা যোড় মুখ ; The line formed by the sewing together of two pieces , a line of union ; the joining or two edges of cloth :—সূক্ষ্ম স্তর ; A thin layer or stratum :—*v. t.* সেলাই করিয়া যোড়-দে ; সেলাই-কৃ ; To unite by a seam , to sew :—সীবন রেখান্বিত-কৃ ; To make a seam in. *a*=seamy. *Syn* :—(*n*) Suture ; commissure, joint ; fissure, crevice ; stratum, vein, layer ; scar, cicatrix.
Seaman, sē'man, *n.* নাবিক ; খালাসি ; জল-সৈনিক ; Sailor ; navigator.
Seamanship, sē'man-ship, *n.* নৌকা চালান বিদ্যা ; নাবিক বিদ্যা , Good management of a ship ; the art of working ship.
Sea-mark, sē'mark, *n.* আলোক নিশান ; নাবিকদিগের পথপ্রদর্শক নিদর্শন ; বিপদজ্ঞাপক চিহ্ন ; A beacon ; a conspicuous object on land seen from the sea. [species of gull.
Sea-mew, sē'mū, *n.* সামুদ্রিক পক্ষিবিশেষ ; A
Seamless, sēmles, *a.* আগাগোড়া বোনা ; Woven throughout.
Seamstress, sēmtress, *n.* স্ত্রীলোকের সূচীকর্ম্ম উপজীবিকা ; সূচীকর্ম্মকারিণী নারী ; মেয়ে দর্জ্জী ; A woman who sews.
Seamy, sēmi, *n.* সীবনশিরাবিশিষ্ট ; Having a seam.
Sean, sēn, *n.* বৃহৎ জাল ; A drag-net ; seine.
Seance, *n.* মজলিস্ ; বৈঠক ; প্রেতশক্তি-বাদীদিগের বৈঠক ; A sitting ; a session, as of some public body.

Sea-nymph, *n.* সিন্ধুপরী।

Sea-piece, sē'pēs, *n.* সমুদ্রের চিত্র ; সাগর দৃশ্যের চিত্র ; Painting or picture representing a scene at sea.

Sea-port, sē'pōrt, *n.* বন্দর ; Port or harbour for sea-going ships :—সমুদ্রতীরস্থ নগর ; Port or town near such a harbour.

Sea-quake, *n.* জলকম্প।

Sear, sēr, *v. t.* দগ্ধ-কৃ ; ঝলসান ; শুষ্ক-কৃ ; বিবর্ণ-কৃ ; To burn ; to scorch ; to wither ; to cauterise ; to dry up ; to make callous :—কঠিন-কৃ ; To render callous or insensible :—*a.* শীর্ণ ; শুষ্ক ; বিবর্ণ ; Dry ; withered.

Sear and yellow leaf—বার্দ্ধক্যের প্রারম্ভ ; That period of life when the body begins to decay.

Sear up—To close by cauterising.

Search, serch, *v. t.* [L. *circare*, to go about, seek] অনুসন্ধান-কৃ ; অন্বেষণ-কৃ ; খোঁজ-কৃ ; To seek ; to look round to find :—পরীক্ষা-কৃ ; To examine : —পরিদর্শন-কৃ ; To inspect :—আবিষ্কার-কৃ ; Explore :—পরীক্ষা-কৃ ; পরখ কৃ ; To put to the test :—অনুসন্ধান-কৃ ; সন্ধান-কৃ ; তত্ত্ব জিজ্ঞাসা-কৃ ; To seek ; to make inquiry :—*n.* অনুসন্ধান ; অন্বেষণ ; খোঁজ ; Inquiry ; investigation :—পরীক্ষা ; Examination : —অনুধাবন ; অনুসরণ ; Pursuit. *Syn* :—(*v*) Scrutinize, investigate, pry, inquire. (*n*) Scrutiny, exploration, research, quest.

In search of—অনুসন্ধানার্থ ; In quest of.

Right of search—Right claimed by a nation to authorise her naval commanders to examine the merchant-vessels of other nations in time of war.

Search into—পরীক্ষা-কৃ , Examine into.

Search out—অনুসন্ধান দ্বারা পাওয়া , খুঁজিয়া বাহির-কৃ ; Find by seeking ; seek till found.

Searcher, sérchér, *n.* অন্বেষক ; অনুসন্ধানকারী ; পরীক্ষক ; A seeker , an inquirer , an examiner :—Custom-house officer :—A woman, who searches dead bodies.

Searching, sérching, *a.* অনুসন্ধানকারী ; তন্নতন্নকারী ; সূক্ষ্মদর্শী ; Looking over closely :—বিচক্ষণ ; তীক্ষ্ণ ; Penetrating ; trying :—কঠোর ; কঠিন , Severe : —সূক্ষ্ম ; Minute :—*n.* অন্বেষণ। *ad*=searchingly (সবিশেষরূপে)।

Search-warrant, sérch-wor'ant, *n.* যে হুকুমনামার বলে লোকের বাটী থানা-তল্লাসি হয় , A legal warrant to search a house for stolen goods.

Sear-cloth, sēr'-kloth, *n.* ক্ষত আবৃত করিবার কাপড় বিশেষ ; A cloth to cover a sore ; a plaster :—*v. t.* ঐ কাপড় দিয়া আবৃত করা বা বাঁধা ; To cover or bind with sear-cloth.

Seared, *a.* দগ্ধকৃত , Burned :—কঠিন ; Hardened.

Sea-room, sē'rōōm, *n.* জাহাজ চড়ায় লাগিবার ভয়শূন্য হইয়া সমুদ্রবক্ষে বিচরণ করিবার প্রচুর স্থান ; Ample room or space at for a ship to drive about without danger of running ashore ; open sea ; room for sailing.

Sea-robber, sē'robér, *n.* জলদস্যু ; বোম্বেটিয়া ; [Pirate.

Sea-rover, *n.* জলদস্যু ; Pirate.

Sea-roving, *n.* জলপথে ভ্রমণ ; Wandering on the [sea.

Half seas over—আধ মাতাল ; Half drunk.

Sea-salt, sē'salt, *n.* সৈন্ধব লবণ ; Salt made from sea-water by evaporation.

Sea-serpent, sē'-pér'pent, *n.* কাল্পনিক সমুদ্রের প্রাণী ; প্রকাণ্ড সর্প ; A fabulous sea-animal.

Sea-service, *n.* Service at sea :—রণপোতসমূহ ; [Navy.

Sea-shore, sē'shōr, *n.* সমুদ্রতট ; বেলাভূমি ; A shore or coast of the sea ; the land adjacent to the sea.

Sea-sick, sē'sik, *a.* জাহাজের আন্দোলনে বমনোদ্বেগবিশিষ্ট ; Affected with nausea through the rolling of a vessel at sea.

Sea-sickness, *n.* জাহাজের আন্দোলনবশতঃ বমনোদ্বেগ ; Nausea seizing people on going to sea.

Sea-side, sē'sīd, *n.* সমুদ্রতট ; সমুদ্রের কিনারা ; The shore of the sea ; the land bordering on the sea.

Season, sē'zn, *n.* [L. *satio*, a sowing, from *severe*, *satum*, to sow, plant] ঋতু ; One of the four principal divisions of the year :—সময় ; কাল ; Any period of time :—কোন বিশেষ সময় ; Any particular time :—উপযুক্ত সময় ; সুযোগ ; Fit time ; opportunity :—*v. t.* সুস্বাদু-কৃ ; সুস্বাদ-কৃ ; মসলা-দে ; To render palatable ; to fit for the taste :—ব্যবহারোপযোগী-কৃ ; ব্যবহারের জন্য উপযোগী-কৃ ; প্রস্তুত-কৃ ; To prepare for use :—(কোন কিছুতে) অভ্যস্ত-কৃ ; To accustom :—প্রশমিত-কৃ , To moderate :—পরিপক্ক কৃ ; To make mature ; to mature :—মিশ্রিত-কৃ ; To mingle :—আপ্লুত-কৃ ; কোমলতর-কৃ ; To moderate :—*v. i.* পক্ব-হ ; পরিপক্ক-হ ; To become mature :—অভ্যস্ত-হ ; জলবায়ু সহিষ্ণু-হ ; To be inured , to become adapted to a climate :—উপযোগী-হ ; To grow fit for use :—শুষ্ক ও শক্ত-হ , To become dry and hard as timber. *Syn* :—(*n*) Period, time, conjuncture, occasion, opportunity, term, spell, interval. (*v*) Habituate, inure, harden ; mature, prepare, temper, qualify.

In due season—উপযোগী ; যথাকালে ; যথাসময়ে ; At suitable times.

In season—সময়োচিত ; তৎকালে ; Timely.

In season and out of season—কালাকাল বিবেচনা না করিয়া ; সর্ব্বদা ; প্রতিনিয়ত।

Out of season—অসময়ে ; ঠিক সময়ে নহে ; সময় অতীত করিয়া ; Inopportune , too late ; not in the proper time.

Season, (or temper) with—যতটা হইলে ভাল হয় কিছুর সহিত ততটা মিশ্রিত-কৃ ; Mingle in due proportion with :—কোন গুণের দ্বারা কাহারও সন্তোষকর-কৃ ; Render agreeable by.

Seasonable, sē'zn-a-bl, *a.* সময়োচিত ; যথাসময়ে আগত , Timely ; opportune. *ad*=seasonably, *n*=seasonableness. *Syn* :—Fit, convenient, appropriate, suitable, apropos.

Seasoned, *p. a.* গরম মসলা দ্বারা স্বাদুকৃত ; পক্ব ; পরিশুষ্ক ; পচান। [food.

Seasoned food—মসলাযুক্ত খাদ্যসামগ্রী ; Spiced

Seasoned timber—শুষ্ক কাষ্ঠ ; Dried timber.

Seasoning, *n.* লবণ মসলাদি যাহাতে খাদ্য সুস্বাদু করে ; That which is added to food to give it a higher relish. [cession of seasons.

Seasonless, *a.* ঋতুপরিবর্ত্তনশূন্য ; Without suc-

Season ticket, *n.* A ticket or pass for travelling on a Railway at pleasure to a certain station named for an extended period.

Seat, sēt, *n.* [A. S. *sæt*, set] আসন ; বেঞ্চ , চৌকি ; পিঁড়ে, জিন প্রভৃতি , Chair , bench :—স্থান ,

বাসা ; Station ; site :—বাসস্থান, আবাস ; Dwelling ; abode ; country house :—জমজাব স্থল ; আড্ডা ; Post of authority, as member of a legislative or administrative body :—*v. t.* উপবেশিত-কৃ ; আসনে উপবিষ্ট-কৃ ; To place on a seat :—উপবেশন করান ; To cause to sit down :—স্থাপিত-কৃ ; To establish :—স্থাপিত-কৃ ; আসন নির্দ্দিষ্ট করিয়া-দে ; To place in any situation. *Syn* :—(*n*) Settle, stool ; place, situation ; abode, residence, mansion ; bottom, fundament, foundation, base.

Seat of authority—The place of government.

Seated, *a.* আসীন ; উপবিষ্ট।

Sea-term, *n.* নাবিক-ভাষা।

Sea-unicorn, sē'-u'ni-korn, *n.* সামুদ্রিক জন্তু বিশেষ ; The narwhal.

Sea-urchin, sē'-ur'chin, সামুদ্রিক জন্তু ; The sea-hedge hog.

Sea-voyage, *n.* সমুদ্রে ভ্রমণ ; Journey by sea.

Sea-ward, sē'ward, *ad.* সাগরাভিমুখে ; সমুদ্রাভিমুখে ; Towards or in the direction of the sea :—*a.* সমুদ্রাভিমুখীন, Toward the sea.

Sea-weed, sē'wēd, *n.* সমুদ্রজ উদ্ভিদ ; A sea-plant.

Sea-worthy, sē'wurthi, *a.* সমুদ্র গমনোপযুক্ত ; সমুদ্রযাত্রোপযোগী ; Fit to go to see ; fit for the voyage by sea. *n*=sea-worthiness.

Sebesten, *n.* বৃক্ষ বিশেষ ও তৎফল।

Secant, sē'kant, *a.* ছেদক ; দ্বিখণ্ডে বিভাজক ; Cutting ; dividing into two parts ,—*n.* যে সরল রেখা কোনও বক্র রেখাকে দুই বা ততোধিক বিন্দুতে ছেদন করে ; ছেদিনী , অবচ্ছেদক রেখা ; A straight line drawn from the centre of a circle to one end of an arc, and produced till it meets the tangent to the other hand.

Secede, sē-sēd, *v. i.* [L. *se*, aside, *cedere*, to go, move] পৃথক-হ ; সমাজ ছাড়িয়া দূরবর্তী-হ ; ভিন্নমত গ্রহণ-কৃ ; অপসরণ-কৃ ; Separate one's self ; to withdraw from fellowship ; retire ; draw off.

Seceder, se-sēdér, *n.* যে ব্যক্তি অপসৃত হয় ; ভিন্ন মত গ্রহণকারী ; One who secedes :—স্কটলণ্ডের প্রচলিত ধর্ম্মমত হইতে বিচ্ছিন্নকারী ; Dissenter from the Scotch church.

Secession, se-seshun, *n.* মতান্তর অবলম্বন ; অপসরণ ; সমাজ ত্যাগপূর্ব্বক বহির্গমন ; Withdrawal ; departure.

Seclude, se-klōōd, *v. i.* [L. *se*, apart, *claudo*, to shut] স্বতন্ত্র-কৃ ; স্বতন্ত্র করিয়া আবদ্ধ-কৃ ; নির্জ্জনে রাখা ; সমাজাদি হইতে দূরবর্ত্তী-কৃ , To keep apart , to shut privately ; shut out to withdraw into solitude.

Seclusion, sē-klū'zhun, *n.* নির্জ্জন বাস ; নিভৃত বা বিরল বাস ; Retirement ; solitude ; priyacy. *Syn* :—Separation, withdrawment ; secrecy.

Second, sek'und, *a.* দ্বিতীয়, The ordinal of two :—অপেক্ষাকৃত ছোট , নিম্নপদস্থ ; Next in dignity ; inferior :—*v. i.* সমর্থন-কৃ ; অনুমোদন-কৃ ; সাহায্য-কৃ ; To help ; to assist ; to support ; to follow ; to encourage :—*n.* সাহায্যকারী ; পৃষ্ঠপোষক ; Promoter, supporter :—দ্বন্দ্বযুদ্ধে সহকারী ; One who attends another in a duel :—এক মিনিটের ষাটভাগের এক ভাগ ; 60th part of a minute. *Syn* :—(*n*) Bucker, assistant ; moment, instant, trice, jiffy.

Play second fiddle—অন্যের তাঁবেদারি-কৃ ; Act in a subordinate capacity ; play a subordinate part.

Second to none—কাহার অপেক্ষা ছোট নহে ; কাহারও অপেক্ষা কম বা হীন নহে ; Inferior to none.

The second hand—ঘড়ীর যে কাঁটায় সেকেণ্ড সূচিত হয় ; দৌড়কাটা।

To come off second best—হারিয়া আসা।

Without a second—অতুল ; অদ্বিতীয়।

Secondarily, *ad.* দ্বিতীয়তঃ ; Secondly.

Secondary, sekund-ar-e, *a.* অপ্রধান ; দ্বিতীয়স্থানস্থ ; গৌণ , অধীন ; Inferior : subordinate ; not primary ; deputed :—*n.* অপ্রধান লোক ; অধস্তন ব্যক্তি ; A subordinate ; adeputy :—প্রতিনিধি ; A delegate or deputy. *Syn* :—(*a*) Second, second-rate, minor, unimportant.

Secondary-age—ভূ-জলচর যুগ।

Seconder, sekund-ér, *n.* সাহায্যকারী ; পৃষ্ঠ-পোষক ; One who supports.

Second-estate, *n.* House of Lords.

Second-hand, *a.* পুরাতন ; ভূতপূর্ব্ব ; Not new or original ; what has been used before ;—*n.* পূর্ব্বাধিকারী হইতে প্রাপ্ত বস্তু ; Possession obtained from a previous owner.

Secondly, sekund-li, *adv.* দ্বিতীয়তঃ ; In the second place.

Second-rate, *a.* মাঝামাঝি ; মধ্যম ; Of the second size, rank, or value.

Second-sight, sekund-sit, *n.* ভবিষ্যৎ দৃষ্টি ; দিব্যচক্ষু ; দূরদর্শন ব্যক্তি ; Clairvoyance ; prophetic vision ; the power of seeing things future or distant.

Second-sighted, *a.* দিব্যচক্ষুবিশিষ্ট।

Second thought—পুনর্বিবেচনা।

On second thoughts—পুনরায় ভেবে দেখিয়া ; After thinking over the matter again.

Secrecy, sē'kre-se, **Secretness,** *n.* সংগুপ্তি ; গোপন ; Concealment ; privacy :—নির্জ্জন বাস ; নির্জ্জনতা ; Retirement ; seclusion.

Set down to—আরোপ-কৃ; Attribute or impute something to.

Set eyes on—দর্শন-কৃ; দৃষ্টিপাত-কৃ; নজর-কৃ; To see; to behold.

Set fire to—প্রজ্বলিত-কৃ; Kindle.

Set foot in a place—কোন স্থানে পা বাড়ান।

Set foot on—পদবিক্ষেপ-ক্; Step on.

Set forth—প্রকাশ-ক্; প্রদর্শন-ক্; বিবৃত-ক্; বর্ণন-ক্; বুঝাইয়া-দে; Manifest; exibit; describe; explain :—যাত্রা-ক্; Set out.

Set forward—সাহায্য-ক্; অগ্রসর-হ; উন্নত-ক্; To begin to move on; to promote. [Liberate.

Set free—মুক্ত-ক্; স্বাধীনতা প্রদান-ক্; ছাড়িয়া-দে;

Set in—আরম্ভ-ক্; Begin :—মধ্যে স্থাপন-ক্; To put.

Set in motion—চালিয়ে দেওয়া; চালিত-ক্; Be made to move :—প্রবর্ত্তিত-ক্; Start; originate :—জারি-ক্; Enforce :—নিয়োজিত-ক্; Employ.

Set off—অলঙ্কৃত-ক্; সজ্জিত-ক্; Adorn; decorate :—তুল্যমূল্যরূপে স্থাপন-ক্; তুল্য-ক্; Place against as an equivalent :—প্রস্থান-ক্ ; যাত্রা-ক্; Depart; start :—স্বতন্ত্র করিয়া রাখা; To assign a portion to a particular use :—অধিক শোভা সম্পাদন-ক্; Show to advantage :—ভাল করিয়া সাধারণের পরিচিত করিয়া দেওয়া; Recommend :—বিচ্ছিন্ন-ক্; To separate from a whole.

Set little by—তুচ্ছ-ক্; বন্দোবস্ত করিয়া রাখা।

Set light by—অবজ্ঞা-ক্: তুচ্ছ-ক্; To treat as of no importance; to slight; to despise.

Set off against—তুল্যমূল্য হওয়া; Place against as an equivalent.

Set on—উত্তেজিত-ক্; কুকর্ম্মে প্রবৃত্ত-ক্; উস্কিয়া-দে; লাগাইয়া-দে; লেলাইয়া-দে; Instigate; incite :—নিয়োজিত-ক্; নিযুক্ত-ক্; To employ :—আক্রমণ-ক্; Attack.

Set one down as, Set one down for—কাহাকে কিছু বলিয়া ভাবা বা গ্রহণ-ক্; Consider one as; take one to be.

Set one's cap (or for)—মনোযোগ বা প্রেম আকর্ষণ করিবার চেষ্টা-ক্; কাহারও নজর বা অনুগ্রহ হয় এমন চেষ্টা-ক্; Endeavour to catch the attention or affection.

Set oneself against—কাহারও বিপক্ষে দণ্ডায়মান-হ; প্রতিকূল-ক্; To place one's self determinedly in opposition to; resist; oppose.

Set one's hand and seal to—To sign and seal as legal document; to certify; to attest.

Set one's heart on—অত্যন্ত প্রিয়-হ; Long for earnestly, to be very fond of.

Set on fire, Set fire to—জ্বালান; অগ্নি প্রদান-ক্, জ্বালাইয়া-দে; To put fire for the purpose of burning :—রিপু উত্তেজিত-ক্; To inflame the passions.

Set on foot—আরম্ভ-ক্, সূচনা-ক্; প্রবর্ত্তিত-ক্; To put in motion; to start.

Set one's teeth—দাঁতে দাঁত লাগান।

Set one's wits to work—কোন বিষয়ে চিন্তা-ক্; Consider carefully; to think upon a matter.

Set out—প্রস্থান-ক্, যাত্রা-ক্; Depart; begin a journey :—আরম্ভ-ক্, Begin :—প্রচার-ক্; Publish :—শোভিত-ক্; অলঙ্কৃত-ক্, Adorn :—দর্শান; প্রকাশ-ক্; Show :—বিস্তারিতরূপে বর্ণনা-ক্, To state at large.

Set over—নিয়োগ-ক্, নিযুক্ত-ক্; To appoint over.

Set right—সংশোধন-ক্; সুধরান; Correct.

Set sail—নৌকা বা জাহাজ খুলিয়া-দে; পাইল তুলিয়া যাত্রা-ক্; Sail; commence sailing; start on a voyage.

Set speech—প্রকাশ্যে বলিবার জন্য যে বক্তৃতা ঘরে প্রস্তুত করা হয়; ঘরে প্রস্তুত করিয়া পরে যে বক্তৃতা করা যায়; A speech carefully prepared before it is delivered in public :—বাঁধা ধরণের বক্তৃতা; A formal or methodical speech.

Set store to—মূল্যবান্ বিবেচনা-ক্।

Set the hand to—কোন কার্য্যে নিযুক্ত-হ; Engage in; to undertake. [or tranquillise the heart.

Set the heart at rest—হৃদয়কে শান্ত-ক্; To quiet

Set the Thames on fire—সর্ব্বদা ব্যস্ত থাকা; লোকের তাক্ লাগিয়ে দেওয়া; খ্যাতি লাভ-ক্; Distinguish onseself by something extraordinary.

Set the river on fire—বিখ্যাত-হ; To be highly successful or renowned in life; to do some great thing.

Set the table in a roar—নিমন্ত্রিত ব্যক্তিগণকে অত্যন্ত হাসান; Cause loud laughing among the company at table.

Set the saddle on the right horse—Let those bear the blame that deserve it.

Set the teeth on edge—দাঁত টোকে-যা; To affect the teeth with a disgreeable sensation.

Set to—আরম্ভ-ক্; প্রবৃত্ত-হ; Begin :—সংযুক্ত-ক্; সংলগ্ন-ক্; পোতা; লাগা; To attach to; affix.

Set together by the ears—বিবাদ বাধাইয়া দেওয়া; To cause to quarrel.

Set to music—সুরে বসান; গাইবার যোগ্য-ক্; Prepare for singing; adapt words to notes.

Set to work—আরম্ভ-ক্; Begin.

Set up—উত্তোলন-ক্; উন্নত-ক্; খাড়া-ক্; Raise; put in power; erect :—স্থাপন-ক্; প্রতিষ্ঠিত-ক্; Establish :—চীৎকার করা; Utter loudly :—কার্য্য আরম্ভ-ক্; কোন ব্যবসা শুরু-ক্; Begin business :—সুস্থ-ক্; To restore to health :—Put forward :—সমৃদ্ধিশালী-ক্; To make prosperous :—স্পষ্টবাক্ত-ক্; To profess openly :—দৃষ্টিপথে স্থাপন-ক্; To place in view.

Set up for—আপনাকে স্থাপন-ক্; কোনও কিছু বা কেহ হইয়া দাঁড়ান; To put one self forward as, to establish one self as :—কোনভাবে গণ্য-হ; Pose as; pass for. [ক্; Pursue; chase.

Set upon—আক্রমণ-ক্; Attack; assault :—তাড়া-

Set with—বসান; খচিত; Studded with.

To be at a dead set—বাধাপ্রযুক্ত বন্ধ থাকা।

Well-set—সুবিন্যস্ত।

To be set on or upon—কৃতসঙ্কল্প-ক্; To be fixed upon; to be determined upon.

To be set down—To be established in popular or general estimation.

Set-down—ভর্ৎসনা, হীনতাকারক নিন্দা, A rebuke that quiets or silences; a rebuff.

Set-off, *n.* অলঙ্কার; ভূষণ; Decoration :—তুল্য দাবি; A counter-claim; an equivalant; off set :—পাল্টি দেনা পাওনা; A counter balance.

A set-off against—একদিকে যে ভাল কি মন্দ থাকে, সেই ভাল কি মন্দ ভাগ যাহা দ্বারা কেটে যায়; Something that counterbalances or neutralizes.

Seton, *n.* ঘোড়ার বাঘাকি বা রেশমীর সূতার পলিতা; Twist of silk &c. drawn through the skin.

Set-out, *n.* যাত্রার বন্দোবস্ত; বাসন বা বস্ত্রাদি প্রদর্শন:—গোলমাল।

Set-tee, *n.* চৌকী বা আসন বিশেষ; A long seat.

Setter, setér, *n.* শিকারী কুকুর বিশেষ; A dog which crouches when it sees the game :—স্থাপক; One who adapts words to music.

Setting, seting, *a.* অস্তগামী; Falling below the

horizon :—*n.* বোজনা ; স্থাপন ; কোনও কিছু বসান ; The act of placing or fixing :—অস্তগমন ; The act of sinking or appearing to sink below the horizon :—The direction of a current, or of a sea or wind :—ভিত্তি প্রলেপকে কঠিন করণ ; The hardening of plaster.

Setting day—Day on which accounts are balanced and settled, as on the stock exchange.

Setting dog, *n.* কুকুর বিশেষ ; A dog trained to crouch at the sight or scent of game.

Settle, setl, *v. t.* স্থির-কৃ ; To decide :—স্থাপন-কৃ ; To fix, to establish :—মোকরর-কৃ ; To confirm : —নিষ্পত্তি-কৃ ; মীমাংসা-কৃ ; ঠিক বিন্যাস-কৃ ; To adjust, arrange :—শান্ত-কৃ ; To quiet ; to compose :—স্থিত-কৃ বা তলায় বসান ; জমান ; To cause to sink : —অবধারিত-কৃ ; To make sure :—খতম-কৃ ; ঠিক-কৃ ; To finish :—ঋণ পরিশোধ-কৃ ; শোধ-কৃ ; Liquidate ; to pay :—উপনিবেশ স্থাপন-কৃ ; উপনিবেশিত-কৃ ; To colonise :—*v. i.* থিতিয়া পড়া ; নীচে পতিত-হ : To fall to the bottom :—স্থির-হ ; স্থায়ী-হ ; To become come fixed ; to become stationary :—বাস-কৃ ; To fix one's residence :—বসা ; জমা ; To cease from agitation :—শান্ত-হ ; To grow calm or clear :—সন্ধি-কৃ ; গোলাগাণ্ডা চুকান : হিসাব ঠিক-কৃ ; To adjust differences or accounts :—*n.* বেঞ্চ ; মঞ্চ ; A bench ; a platform :—মীমাংসা। *Syn* :—Ordain, appoint, confirm ; determine ; reconcile, regulate ; pay ; plant, found ; calm, tranquillize ; subside, sink, fall ; rest, repose ; dwell, reside, inhabit ; account, reckon.

Settle a pension on one—বৃত্তিস্বরূপ-দে ; Confer on one.

Settle differences or dispute—বিবাদ ভঞ্জন-কৃ ; To adjust differences.

Settle down—শান্ত-হ ; Subside ; to become quiet :—Establish oneself ; adopt a methodical life.

Settle down into—শান্ত প্রজার ন্যায় বসবাস-কৃ ; Adopt the life of.

Settle the question—কোন বিষয় স্থির-কৃ ; To decide that which was before doubtful or uncertain.

Settle to, (on or upon)—চিরকালের মত বৃত্তিস্বরূপ কিছু দান-কৃ ; বৃত্তিরূপে প্রদান-কৃ ; Make an investment or apportionment for the benefit of some one.

Settled, *a.* স্থিরীকৃত ; অবধারিত ; অটল ; Fixed.

Settled conviction—স্থায়ী বিশ্বাস ; Belief which cannot be easily shaken.

Settled income—নিয়মিত আয়।

Settled weather—Clear and calm weather.

Settlement, setl-ment, *n.* স্থাপন ; স্থিরীকরণ ; Establishment ; the act of sitting :—বন্দোবস্ত ; ব্যবস্থা ; বিলি ; Arrangement :—উপনিবেশ ; A colony newly settled :—যৌতুক ; A dowry, jointure :—নিষ্পত্তি ; Adjustment :—মীমাংসা ; Liquidation. *Syn* :—Ordination ; installation ; payment ; pacification, reconciliation ; colonization.

Act of settlement—The Act of 12 and 13 William III. by which the crown was limited to Her present Majest's house or to the House of Orange.

Settler, setlér, *n.* উপনিবেশকারী ; উপনিবেশিক ; A colonist.

Setto, *n.* ঘুষাঘুষি ; মারামারি ; A fight at fisticuff.

Seven, sevn, *a.* and *n.* সপ্ত ; সাত ; Six and one.

Seven wonders of the world—The Pyramids, the Colossus at Rhodes, the temple of Diana at Ephesus, the hanging gardens of Babylon, the Mausoleum erected by Artemesia, the statue of Jupiter Olympius and the Pharos or watch tower at Alexandria.

Seven-fold, sevn-fōld, *a.* সপ্তগুণ ; সাত-হারা ; সাত ভাঁজ ; সাত-ফের ; Multiplied seven times ; increased to seven times :—*ad.* সাতগুণে ; সাতবার।

Seven-night, *n.* সাতরাত্রিকাল ; সপ্তাহ।

Sevenscore, *a.* and *n.* সাতকুড়ি ; Seven times twenty.

Seven-shooter, *n.* A pistol with seven barrels.

Seventeen, sevn-ten, *a.* and *n.* সপ্তদশ ; সতর ; Seven and ten, 17.

Seventeenth, sevn-tēnth, *a.* and *n.* সপ্তদশ ; সতরই ; The seventh after the tenth.

Seventh, sevnth, *a.* সপ্তম ; সাতই ; সপ্তম ভাগ ; Last of seven, next after the sixth :—*n.* সপ্তম ভাগ ; One of seven equal parts. *ad*=seventhly.

Seventieth, sevn-ti-eth, *a.* সপ্ততিতম ; The next after the sixty-ninth :—*n.* সপ্ততিতম ভাগ ; One of seventy equal parts.

Seventy, sevn-ti, *a.* and *n.* সপ্ততি ; সত্তর ; Seven times ten.

Sever, sever, *v. t.* [L. *separare,* to separate] পৃথক-কৃ ; ছিন্ন-কৃ ; কাটিয়া ফেলা ; To divide ; to cut apart ; to keep distinct ; to separate by cutting : —*v. i.* পৃথক-হ ; ছিন্ন-হ ; ভিন্ন-হ ; To be rent asunder. *Syn* :—Disjoin, disconnect, disunite, part, sunder, detach.

Several, sever-al, *a.* ভিন্ন , পৃথক ; স্বতন্ত্র , Distinct; separate ; different :—অনেক , কতকগুলি ; নানা ; Many ; various :—প্রত্যেক ; Respective. *ad*=severally (পৃথকরূপে) । *Syn* :—Single, particular ; different, sundry, divers

Severally and jointly—প্রত্যেক ও সকলে।

Severalty, *n.* স্বাতন্ত্র্য ; A state of separation from the rest.

Severance, severans, *n.* পার্থক্য ; বিভাগ ; পৃথককরণ , Separation ; partition.

Severe, sē-vēr', *a.* শক্ত ; কঠিন ; কঠোর ; পরুষ ; Serious ; grave ; austere ; very strict ; not mild ; —তীক্ষ্ণ ; Sharp :—ক্লেশকর ; Distressing :—প্রচণ্ড ; Inclement :—দুঃসহ , Difficult to be endured. *ad* =severely (কঠোররূপে ; গুরুতররূপে) ; *n*=severeness (আতিশয্য ; কঠিনত্ব) । *Syn* :—Stern, rigorous, cruel, morose, rigid, hard, rough ; exact ; simple, unadorned, chaste ; caustic ; satirical, keen, cutting ; acute, extreme, intense, violent.

Severity, sē-ver'e-te, *n.* কঠোরতা ; পারুষ্য ; দারুণত্ব ; Gravity ; rigour ; harshness :—প্রচণ্ডতা ; আতিশয্য ; আত্যন্তিকতা ; Inclemency. *Syn* :—Sternness, rigour, austerity ; strictness, exactness ; simplicity, plainness ; sharpness, keenness ; violence, intensity, coldness.

Sew, sō, *v. t.* সেলাই-কৃ ; To unite or fasten together with a needle and thread :—*v. i.* সেলাই-কৃ ; To practise sewing. *pt.*=sewed. *pp.*=sewn. *n*=sewer.

Sewage, sū'āj, *n.* নর্দ্দামার ময়লা ; নর্দ্দামার পচা জল ; Refuse carried off by sewers.

Sewer, sū'ér, *n.* (মৃত্তিকা মধ্যস্থিত) জলপ্রণালী ; (ভূমির নিম্নস্থ) নর্দ্দামা ; An underground passage for draining off water and filth.

Sewerage, sū'ēr-āj, *n.* শাখাপ্রশাখাবিশিষ্ট নর্দামা ; ভূগর্ভস্থ নালী ; The system of sewers of a city ; drainage by sewers.

Sewing, sō'ing, *n.* সেলাইয়ের কাজ ; সীবন কর্ম ; The act of sewing ; that which is sewed.

Sewing machine—সীবন যন্ত্র।

Sex, seks, *n.* লিঙ্গ ; স্ত্রী-পুরুষ চিহ্ন ; The distinction of male and female.

The sex—স্ত্রীজাতি ; Woman in general.

Sexagenarian, seks-a-jen-ā'ri-an, *n.* ষষ্টিবর্ষীয় লোক ; ৬০ ও ৭০ বৎসরের মধ্যবর্ত্তী বয়সের লোক ; A person who is 60 years old.

Sexagenary, *n.* seks-aj'en-ar-i, *a.* ষষ্টিসংখ্যাসূচক ; Designating the number 60 :—*n.* ষষ্টিবর্ষবয়স্ক লোক ; Sexagenarian.

Sexagesima, seks-a-jes'i-ma, *n.* লেন্টের দ্বিতীয় রবিবার ; The second Sunday before Lent.

Sexagesimal, seks-a-jes'imal, *a.* ষষ্টিসংখ্যা সম্বন্ধীয় ; Sixtieth.

Sexennial, seks-en'yal, *a.* ষড়বার্ষিক ; ষড়বর্ষস্থায়ী ; ছয় বৎসর ব্যাপক বা ঘটিত ; Lasting six years or happaning once in six years. *ad*=sexennially.

Sextant, seks'tant, *n.* যন্ত্র বিশেষ ; বৃত্তের ষষ্ঠাংশ ; Astronomical instrument.

Sexto, *n.* পুস্তকের ছয় পেজী আকার।

Sexton, seks'tun, *n.* ধর্ম্মালয়ের পরিচারক ; সমাধি-খননকারী বা ঘণ্টা-বাদক ; One who has charge of a church or graveyard.

Sextonship, seks'tun-ship, *n.* সেক্সটনের পদ ; The office of a sexton.

Sextuple, *a.* ষড়্গুণ ; ছয়গুণবিশিষ্ট ; Sixfold ; having six parts.

Sexual, seks'ū-al, *a.* স্ত্রীপুরুষ সম্বন্ধীয় ; উপস্থ ঘটিত ; Belonging to sex ; pertaining to sex. *n*= sexuality (পুংস্ত্রী ভিন্নতা)।

Sexual desire—কাম।

Sexual intercourse—স্ত্রীসংসর্গ।

The sexual selection—দাম্পত্যিক নির্ব্বাচন।

Shabby, shabe, *a.* মলিন ; ময়লা , কুৎসিত ; অধম ; অপকৃষ্ট ; Mean in dress or conduct ; low ; poor-looking :—ছিন্ন ; জীর্ণ ; Ragged ; worn to rags. *n*=shabbiness (জীর্ণতা ; হীনতা) ; *ad*=shabbily (হীনভাবে ; কদর্য্যভাবে)। *Syn* :—Ragged, worn, threadbare, faded ; mean, paltry, despicable, beggarly, dirty, scurvy, unhandsome.

Shackle, shak'l, *v. t.* শৃঙ্খলিত-কৃ ; শৃঙ্খলাবদ্ধ-কৃ ; বেড়ি-দে ; আবদ্ধ-কৃ ; To fetter , to chain ; to confine. *Syn* :—(*v*) Manacle ; hamper, impede, embarrass.

Shackles, *n. pl.* হাতকড়ি ; শৃঙ্খল ; Fetters.

Shad, *n.* মৎস্য বিশেষ ; A fish.

Shaddock, *n.* বাতাবী লেবু ; A tree and its fruit.

Shade, shād, *n.* ছায়া ; Shadow :—অন্ধকার ; তমঃ ; তিমির ; Darkness ; obscurity :—স্নিগ্ধতা ; Coolness —পরদা ; Screen :—ছায়াময় স্থান ; A shady place : —আশ্রয় ; Shelter :—ভূত ; প্রেতাত্মা ; A ghost :—পরিমাণ ; Degree :—সামান্য পরিবর্ত্তন ; A very minute change :—*v. t.* উত্তাপ নিবারণ-কৃ ; To screen from light or heat :—আচ্ছাদিত-কৃ ; To cover with a screen :—অন্ধকার-কৃ ; ঢাকা-দে ; To darken ; to cover :—*v. i.* To act as a shade. *Syn* :—(*n*) Veil, curtain ; obscurity, duskiness ; ghost, spirit, apparition, phantom ; colour, hue, tint, stain ; variety ; difference. (*v*) Obscure, cloud, dim ; screen, protect.

A shade, *ad.* এক ছোপ ; এক পোঁচ।

Cast or throw into the shade—মলিন-কৃ ; মলিনপ্রভ-কৃ ; Eclipse :—কাণা করে-দে ; Render dim.

In the shade—ছায়াতে ; In a spot not exposed to the sun :—সর্ব্বসাধারণের : In obscurity.

Shade or degree of difference—অতি সামান্য প্রভেদ ; A very slight difference or variation.

Shades, *n. pl.* প্রেতগণের আলয় ; প্রেতলোক ; Abode of ghosts.

Shadow, shad'ō, *n.* ছায়া ; বস্তু বা ব্যক্তির ছায়া ; Shade within defined limits :—অন্ধকার ; Darkness :—ভূত ; Ghost :—সামান্য সাদৃশ্য ; গূঢ়ার্থ প্রতিরূপ ; Faint representation ; mystical representation : —আশ্রয় ; রক্ষিত স্থান ; Shelter ; shade :—অবাস্তব পদার্থ ; Something only in appearance :—অনুগ্রহ ; Favour :—সহচর ; অনুচর ; সঙ্গী , An inseparable companion :—*v. t.* অন্ধকার-কৃ ; মেঘাবৃত-কৃ , ছায়া-কৃ ; To darken ; to shade :—কিয়ৎ পরিমাণে সাদৃশ্য প্রদর্শন-কৃ :—To represent faintly. *n*=shadowness. *Syn* :—(*n*) Shade ; obscurity, gloom ; cover, protection ; phantom ; image, adumbration, representation, type.

Shadow forth—Represent dimly or mystically.

Shadow of a doubt—কিঞ্চিন্মাত্র সন্দেহ ; সন্দেহের লেশমাত্র।

Shadow of death—মৃত্যুর ছায়া ; The near and felt approach of death by a sick person ; a dreadful darkness or trouble.

The shadow of a shade—ছায়ার ছায়ামাত্র ; কিছুই নয় , Absolutely nothing, worthless.

Shadowing, *n.* আলোকহীন করণ ; Shading ; gradation of light and colour.

Shadowy, *a.* ছায়াবৃষ্টি ; অন্ধকারময় ; অসার , Dark, obscure , unsubstantial.

Shady, shād'i, *a.* ছায়া-প্রধান ; ছায়াল ; কুৎসিত ; দূষিত ; Having shade ; being in shade ; sheltered from light or heat. *ad*=shadily. *n*=shadiness.

On the shady side of—আরও অধিক ; On the wrong side, *i. e.* more thin.

Shaft, shaft, *n.* তীর ; শর ; শর-কাণ্ড ; শরযষ্টি ; An arrow ; a long part of an arrow :—স্তম্ভদণ্ড ; Part of a column between the base and the capital ; the body of a column or pillar :—গাড়ির দম ; Pole of a carriage :—সুড়ঙ্গপথ ; খনির প্রবেশ গর্ত্ত ; Pit of a mine ; the entrance to a mine :—The stem of a feather :—গাড়ির চাকার আল ; হাতল ; Large axle.

Shafted, shaft'ed, *a.* দণ্ডবিশিষ্ট ; কাণ্ডবিশিষ্ট ; Having a shaft or handle.

Shag, shag, *n.* কোঁকড়া চুল ; Rough wolly hair ; coarse hair or nap ; woolly hair :—বস্ত্র ; A cloth :—পক্ষিবিশেষ ; A bird :—তামাক বিশেষ ; A kind of tobacco.

Shaggy, shag'i, *a.* লোমশঃ ; লোমযুক্ত ; With long hair ; covered with rough hair or wool :—খসখসে ; অসমান ; উচ্চাবচ ; বন্ধুর , Rough ; rugged. *n*=shagginess.

Shagreen, sha-grēn, *n.* অশ্বগর্দ্দভাদির চর্ম্ম বিশেষ ; A kind of leather prepared from horse's, ass's, or camel's skin.

Shagreened, Shagreen, *a.* ক্ষাগ্রীন্ নির্ম্মিত বা আবৃত ; Made of or covered with shagreen.

Shah, shä, *n.* [Pers. *shah*, a king] পারস্যের রাজা ; The monarch of Persia.

Shake, shāk, *v. t.* নাড়া-দে ; কম্পিত-কৃ ; To make to tremble :—আন্দোলিত-কৃ ; To agitate :—বিচলিত-কৃ ; অস্থির-কৃ ; To cause to waver :—ভীত-কৃ ; To make afraid :—*v. i.* কম্পিত-হ ; কাঁপা ; To tremble :—দোলায়মান-হ , বিচলিত-হ ; To vibrate :—*n.* কম্পন ; নাড়া ; Shaking :—হস্তস্পর্শ , Salute with the hand :—আঘাত ; A concussion :—ছেদ , ছিদ্র , A rent in timber :—ঘুনন ; দুই সুরের দ্রুত পর্য্যায় ; A rapid alternation of two musical notes :—টুপি বিশেষ ; A kind of military cap. *pt*=shank. *pp*=shaken. *Syn* .—(*n*) Convulse, shiver, quiver, quake, totter ; trill.

Shake hands, Shake hands with—হস্ত মর্দ্দন-কৃ , হস্তস্পর্শ দ্বারা আনন্দ প্রকাশ-কৃ ; হস্তপীড়ন-কৃ , To express pleasure or satisfaction at meeting or parting with a friend by shaking hands :—পুনর্ম্মিলিত-হ , To become reconciled, as friends.

Shake off—ঝাড়িয়া-ফেলা , কোন বন্ধন হইতে আপনাকে মুক্ত-কৃ ; Cast off ; get rid of ; throw of .—পরিত্যাগ-কৃ , পরিহার-কৃ ; Discard , divest oneself of :—হাত এড়ান ; Rid oneself of ; avoid.

Shake off the yoke—অধীনতা হইতে নিজেকে মুক্ত-কৃ , To free oneself from the control of another.

Shake one's faith or **belief**—বিশ্বাস অপনয়ন-কৃ ; To impair one's confidence.

Shake one's fist at—ঘুসি ওঁচান ; Threaten to strike one with the fist.

Shake one's sides—অন্তরের সহিত হাস্ত-কৃ ; প্রাণের সহিত হাঁসা , To laugh heartily.

Shake or **tremble like an as pen leaf**—থর-থর করিয়া কাঁপা , Tremble all over.

Shake the dust off one's feet—আর ফিরিয়া না বলিয়া কোন স্থান বিরক্তভাবে ত্যাগ-কৃ ।

Shake the elbow—পাশা খেলা ।

Shake the head, Shake one's head—অসম্মতি প্রকাশ-কৃ , ঘাড় নাড়িয়া 'না' বলা কিংবা 'অভিমত নহে' এই ভাব ব্যক্ত-কৃ , To express dissent, doubt or refusal ; shake one's head meaning thereby to say—No ; indicate disapproval.

Shaker, *n.* কম্পন সাধন , আন্দোলক ; One who, or that which, shakes or agitates.

Shakers—ধর্ম্মসম্প্রদায় বিশেষ ; A fanatical religious sect of North America, whose professors introduce into their devotional exercises jumping and singing.

Shakespeareanian, *a* সেক্সপিয়র বা তদীয় গ্রন্থাবলী সম্বন্ধীয় ; Pertaining to or in the style of Shakespeare.

Shako, shako, *n.* শিরস্ত্রাণ বিশেষ ; A kind of military cap.

Shaky, shāki, *a.* দুর্ব্বল ; ভগ্ন , Feeble ; unsteady :—চিড়বিশিষ্ট ; চিড়পূর্ণ ; Full of cracks or clefts :—কম্পমান , Shaking. *n*=shakeness.

Shale, *n.* স্লেটের মত প্রস্তর বা পাহাড় , Crumbling kind of slate :—খোসা, শুঁটি , A husk, a pod. *a*=shaly.

Shall, *v. i. auxillary.* ভবিষ্যৎসূচক সহকারী ক্রিয়া ; বো, বে, বা , Implying a duty or necessity. *pt*=should.

Shalli, *n.* বস্ত্র বিশেষ ; A twilled cloth.

Shallon, *n.* পশমী কাপড় ; A light woolen stuff.

Shallop, shalop, *n.* দুই মাস্তুলের ডিঙ্গি ; নৌকাবিশেষ ; A sort of large-schooner ; rigged boat with two masts.

Shallot, shalot, *n.* পলাণ্ডু ; পেঁয়াজ ; An onion.

Shallow, shalō, *a.* অগভীর ; চটান ; Having little depth ; not deep :—ক্ষুদ্রদর্শী ; অল্পবুদ্ধি ; অজ্ঞ , Not profound ; silly :—*n.* চড়া ; পুলিন ; A sand bank ; shoal. *Syn* :—(*a*) Shoal ; slight, simple, superfical, unprofound, empty, trifling, flimsy, trivial. (*n*) Flat, shelf.

Shallow-brained, shalō-brand, *a.* অল্পবুদ্ধি ; নির্ব্বোধ , Silly ; foolish.

Shallowness, *n.* অগভীরতা ; ক্ষুদ্রমুখতা , মূঢ়তা ।

Shalt, *2nd per, sing,* of *shall.*

Shaly, *a.* শেল-শিলাধর্ম্মী ; Partaking of the qualities of shale.

Sham, sham, *n.* প্রতারণা ; ছল ; ফাঁকি ; চালাকি , Pretence ; imposture ; fraud ; trick :—*a.* কপট ; মিথ্যা , কল্পিত , কৃত্রিম ; Pretended ; feigned ; false ; mock :—*v. t.* ভাণ-কৃ ; অনুকরণ-কৃ ; ফাঁকি-দে ; To pretend , to feign , to cheat, to ape :—*v. i.* ভাণ-কৃ , ছল-কৃ ; To make false pretence. *Syn* :—(*n*) Delusion, feint, humbug, counterfeit.

Sham Abraham—পীড়ার ভাণ-কৃ ; To pretend to be sick.

Shamble, *v. i.* কাঁপিয়া বা বেগাইয়া চলা ; Walk awkwardly and unsteadily. *a*=shambling.

Shambles, shamblz, *n. pl.* কসাই খানা , মাংস বিক্রয় স্থান , Slaughter house , a flesh-market.

Shame, shām, *n.* সরম , লজ্জা , A painful sensation excited by a consciousness of guilt , conscious of fault :—অপমান ; Disgrace ; dishonour :—নম্রতা , Modesty .—*v t.* লজ্জিত-কৃ ; লজ্জা-দে ; To make ashamed ; to cause to blush .—অপমানিত-কৃ ; অপদস্থ-কৃ , To disgrace , to cover with reproach. *Syn* .—(*n*) Abashment, humiliation, mortification ; reproach, ignominy, dishonour, degradation.

Cry shame on—ধিক্কার-দে ; Reproach one with shameful conduct.

For shame—তোমার লজ্জিত হওয়া উচিত ; ধিক তোমাকে ; You should be ashamed.

Put to shame—লজ্জিত-কৃ , অপ্রস্তুত-কৃ ; To cause to feel shame ; to inflict shame on.

Shame-faced, shame-fast, *a.* লজ্জাশীল ; মুখচোরা ; লাজুক ; Very bashful ; modest. *ad*=shamefacedly, *n*=shame-facedness. (লজ্জাশীলতা ; Modesty).

Sham-fight—মিথ্যা যুদ্ধ ; Mock fight.

Shameful, shāmfool, *a.* লজ্জাকর ; লজ্জাজনক ; Full of shame ; bringing shame or disgrace :—অশ্লীল ; Indecent. *ad*=shamefully. *n*=shamefulness. *Syn* :—Disgraceful, infamous, dishonourable, degrading, scandalous, ignominious.

Shameless, shāmles, *a.* নির্লজ্জ ; লজ্জাহীন ; বেহায়া ; Immodest ; unblushing :—ধৃষ্ট ; Audacious. *n*=shamelessness, *ad*=shamelessly. *Syn* :—Impudent, brazen-faced, unblushing, depraved, graceless, abandoned, profligate.

Shammy, shami, **Shamoy,** shamoy, *n.* মৃগ বিশেষ ; Chamois :—হরিণ চর্ম্ম ; Skin of chamois.

Shampoo, sham-pōō, *v.* গর্ব্বাঙ্গ মর্দ্দন-কৃ ; স্নানের গাত্র ঘর্ষণ-কৃ , Rub the limbs &c. in a warm bath :

—সাবানে ধৌত-কৃ ; To wash thoroughly with soap and water. *n*=shampooer.

Shamrock, shamrok, *n.* ত্রিপত্র লতা বিশেষ ; Clover : —আয়রলণ্ডের বৃত্তীয় চিহ্ন ; Emblem of the Irish.

Shank, shangk, *n.* জঙ্ঘা, ঠ্যাং ; The leg :—জঙ্ঘাস্থি ; The lower joint of the leg :—নঙ্গরের মধ্যখণ্ড ; যন্ত্রের দীর্ঘাংশ ; The long part of an instrument as of an anchor between the ring and arms.

Ride shank's mare—হাঁটিয়া যাওয়া।

Shanty, *n.* কুটীর : কুঁড়ে ঘর ; A mean hut or house :—*v. t.* কুটীরে বাস-কৃ ; To inhabit a shanty.

Shapable, *a.* গঠনযোগ্য ; That may be shaped.

Shape, shāp, *v. t.* গঠন-কৃ ; আকৃতি বা ডৌলবিশিষ্ট-কৃ , To fashion ; to form ; to mould or make into a particular form :—সৃষ্টি-কৃ ; To create :—নিরূপিত-কৃ ; নিয়মিত-কৃ ; To regulate ; to direct ; to adjust : —কল্পনা-কৃ ; To conceive :—*v. i.* গঠিত-হ ; To take a shape :—উপযোগী-হ ; To suit :—*n.* গঠন ; আকৃতি ; ডৌল ; মূর্ত্তি ; Form ; figure :—ছাঁচ , আদর্শ ; Model ; mould :—প্রকার ; Manner. *Syn* :—(*v*) Form, frame, figure, model. (*n*) Configuration, fashion, outline, cut, build, cast, tournure ; pattern ; guise.

Shape-smith, *n.* One who undertakes to improve another's appearance.

To shape one's course—To plan and act ; to adjust one's method of procedure.

To take shape—আকৃতিবিশিষ্ট-কৃ ; কোনও বিশেষ আকার ধারণ-কৃ ; To become embodied ; to begin to take a definite form.

Shapeless, *a.* কদাকার ; বিরূপ ; বে-ডৌল ; Destitute of shape ; wanting symmetry.

Shapely, shāp'li, *n.* সুন্দর ; সুগঠন ; Symmetrical ; beautiful. *n*=shapeliness.

Shard, Sherd, *n.* খোলামকুচি ; খাপরাভাঙ্গা।

Share, shār, *n.* অংশ ; ভাগ ; বখরা ; হিস্সা ; A part ; a portion ; dividend ; division ; part of the capital of a joint stock company :—(লাঙ্গলের) ফাল বা ফলক ; Cutting blade of a plough :—*v. t.* অংশ-কৃ ; ভাগ-কৃ ; To divide ; to partake with other :—*v. i.* বিভক্ত-হ ; To have part ; to receive a dividend. *Syn* :—(*n*) Lot, allowance, apportionment ; dividend, contingent, quota. (*v*) Divide, distribute, allot, apportion ; partake, participate.

Share in—কোন কিছুর অংশ গ্রহণ-কৃ ; Bear (with another) a part of.

To go shares—অংশী-হ ; অংশ-ল ; To be equally concerned.

Share-beam, *n.* লাঙ্গলের মুড়া ; The part of a plough to which the share is attached.

Share-broker, *n.* অংশ ক্রয়বিক্রয়ের দালাল ; A dealer.

Share-holder, shār'hōld-ėr, *n.* অংশীদার ; অংশী ; One who holds or owns a share in a joint stock.

Sharer, *n.* অংশীদার ; শরিক ; ভাগী ; One who shares.

Shark, shärk, *n.* হাঙ্গর ; A large voracious sea-fish :—উকীল ; Lawyer :—প্রবঞ্চক ; ধূর্ত্ত ব্যক্তি ; Sharper :—প্রতারণা ; Fraud :—*v. i.* সামান্য চৌর্য্যবৃত্তি-কৃ ; প্রতারণা-কৃ ; Play the lawyer or petty thief ; live by shifts.

Sharp, shärp, *a.* ধারাল ; সূক্ষ্মাগ্র ; Having a very thin edge :—তীক্ষ্ণ ; প্রখর ; Keen, of quick perception :—তীব্র ; উগ্র ; কর্কশ ; Shrill ; severe ; harsh : —ব্যগ্র ; Eager :—ধূর্ত্ত ; সতর্ক ; Watchful :—Thin : —*n.* উচ্চস্বর ; Acute note. *ad*=sharply (ব্যগ্রভাবে ; ঠিক)। *n*=sharpness. *Syn* :—(*a*) Keen, acute ; penetrating, sagacious, shrewd, astute, clever, witty ; biting, pungent, tart ; caustic, sarcastic ; intense, painful, severe, distressing ; nipping, pinching ; strong, violent.

Look sharp—সাবধান হও। [খড়িবাজি।

Sharp practice—চালাকি করিয়া নিজের সুবিধা-লাভ ;

Sharp-edged—ধারাল ; তীক্ষ্ণ।

Sharpen, shärp'n, *v. t.* তীক্ষ্ণ-কৃ ; To make sharp : —ধারাল-কৃ , ধার-দে ; চোকান ; To give a fine point to :—তীব্র-কৃ ; To make pungent or painful :—কঠোর-কৃ ; To render severe :—ব্যগ্র, চঞ্চল বা তীব্র-কৃ ; To make eager, active, or acute :—*v. i.* তীক্ষ্ণ-হ ; To grow sharp.

Sharpen the wits—বুদ্ধি উত্তেজিত-কৃ ; Arouse the mind to activity ; to quicken the intellect.

Sharper, shärp'-er, *n.* শঠ ; ধূর্ত্ত ; প্রবঞ্চক ; জুয়াচোর ; A swindler ; a trickster ; a cheat.

Sharply, *ad.* তীক্ষ্ণরূপে ; Keenly.

Sharpness, *n.* তীক্ষ্ণতা ; প্রাখর্য্য ; Keenness.

Sharp-pointed—তীক্ষ্ণাগ্র।

Sharp-set, shärp'-set, *a.* উৎসুক ; ব্যগ্র ; প্রখর ; লোলুপ ; Eager in appetite ; keen ; ravenous :—ক্ষুধিত ; Hungry.

Sharp-sighted, shärp'-sited, *a.* বিচক্ষণ ; সূক্ষ্মদর্শী ; তীক্ষ্ণদৃষ্টি ; তীক্ষ্ণদর্শ ; Shrewd ; discerning.

Sharp-shooter, *n.* গুলিবাজ ; তিরন্দাজ ; A skilled marksman.

Sharp-smelling—তীব্রগন্ধ ; উগ্রগন্ধ।

Sharp-witted, shärp'-wited, *a.* বিচক্ষণ ; তীক্ষ্ণবুদ্ধি ; Sagacious.

Shatter, shatėr, *v. i.* খণ্ড খণ্ড-কৃ ; চূর্ণ-কৃ ; To break at once into many pieces ; to break up :—গণ্ডগোল বা গোলমাল-কৃ ; To disorder :—ভ্রংশ-কৃ , নষ্ট-কৃ ; To impair :—*v. i.* ভাঙ্গিয়া-যা ; খণ্ড খণ্ড হওয়া ; To be broken into pieces :—*n.* ক্ষুদ্র খণ্ড ; A fragment. *Syn* :—(*v*) Shiver ; disorder, derange.

Shatter-brain, *n.* চঞ্চল লোক ; A careless and giddy person.

Shattery, *a.* ভঙ্গপ্রবণ ; Brittle.

Shave, shāv, *v. t.* মুণ্ডন-কৃ ; ক্ষৌরি-কৃ ; কামান ; To pare closely , to cut off with a razor :—*v. i.* উন্মোচন-কৃ ; To strip.

Shaveling, shāvling, *n.* সন্ন্যাসী ; A monk or friar (in contempt).

Shaver, shāvėr, *n.* নাপিত ; ক্ষৌরকার ; A barber : —ধূর্ত্ত ; চতুর-ব্যবসায়ী ; A sharp dealer :—লুণ্ঠনকারী ; লুণ্ঠক ; A plunderer :—চালাক ; রসিক।

Shaving, shāving, *n.* মুণ্ডন ; ক্ষৌরকার্য্য ; The act of shaving. [*pl.* কলা।

Shaw, *n.* উপবন ; A small wood ; a thicket :—

Shawl, shawl, *n.* শাল, স্ত্রীলোকের বাহ্য বস্ত্র ; A cloth of wool or hair used by women as a wrapper :—*v.* শাল দ্বারা আবৃত-কৃ ; To wrap in a shawl.

She, *pro.* তিনি ; সেই ; সে (স্ত্রীলোক) ; Used for women or females :—*n.* স্ত্রীলোক , Woman. *mas.* =he, *pl*=they.

Sheaf, shēf, *n.* শস্যাদির আঁটি ; গুচ্ছ ; A bundle tied together as of corn ; any bundle or collection :—*v. t.* আঁটি বাঁধা ; To bind in sheaves :—*v. i.* আঁটি-কৃ ; To make sheaves. (*pl*=sheaves).

Sheafy, shēf'i, *a.* আঁটিপূর্ণ ; আঁটিঘটিত ; Consisting of sheaves.
Sheal, Sheeling, *n.* শৈলকুটীর।
Sheal, *v. t.* খোসা ছাড়ান।
Shear,shēr, *v. t.* কাঁচি দ্বারা ছাঁটা ; কাটা ; To clip ; to cut :—*v. i.* পৃথক-কৃ ; To separate. *n*=shearer (কর্ত্তক ; ছেদক) I *pt*=sheared, shore. *pp*=sheared, shorn.
Shearing, *n.* ছেদন ; কর্ত্তন ; ছেদিত লোক। [sheep.
Shearing time—Time for clipping wool off
Shearling, shēr'ling, *n.* যে মেষের লোম একবারমাত্র ছাঁটা হইয়াছে ; A sheep only once sheared.
Shears, shērz, *n. pl.* বড় কাঁচি ; Large scissors.
Sheath, shēth, *n.* খাপ ; কোষ ; আবরণ ; Case for any instrument ; scabbard :—পতঙ্গের পক্ষাবরণ ; Wing-case of an insect.
Sheathe, shēth, *v. t.* খাপে ভরা ; খাপে রাখা ; To enclose in a case : to put into a scabbard.
Sheathe the sword—শান্তি স্থাপন-কৃ ; যুদ্ধ শেষ-কৃ ; Make peace.
Sheathing, *n.* আবরক-পাত্র ; জাহাজের তলদেশ আচ্ছাদন ; That which sheathes, especially the covering of ship's bottom.
Sheaves, *n.* কপিকলের চাকা ; The wheel of the pully.
Shebeen, *n.* যেখানে মদ্যাদি গোপনে বিক্রীত হয়।
Shed, shed, *v. t.* ত্যাগ-কৃ ; স্বতন্ত্র-কৃ. To part, to separate :—ছড়ান ; বিকীর্ণ-কৃ ; Scatter ; throw out :—ঢালা ; বর্ষণ-কৃ ; Pour out ; spill ; cast .—পতিত হইতে-দে ; Let fall :—*n.* চালা ; কুঁড়েঘর ; শালা ; A building with roof but open sides an outhouse; a hut. *Syn* :—(*a*) Effuse, diffuse, stread, cast.
Cow-shed—গোশালা। [to destroy life.
Shed blood—রক্তপাত-কৃ ; Cause blood to flow ;
Shed tears—অশ্রু বিসর্জ্জন-কৃ।
Shedder, *n.* পাতকারী।
Shedding, *n.* পাতন।
Sheen, shēn, *n.* উজ্জ্বলতা ; প্রভা ; Brightness ; splendour :—*a.* উজ্জ্বল, চকচকে ; Bright. *a*=sheeny (সুন্দর)।
Sheep, shēp, *n.* মেষ ; ভেড়া, The well-known, wool-bearing animal :—বোকা, নির্ব্বোধ লোক ; A silly fellow (by way of contempt) :—Clergyman's congregation.
Black-sheep—দুশ্চরিত্র ব্যক্তি ; কুলাঙ্গার ; One who has a bad reputation in a company of people.
Sheep-bell, *n.* মেষের গলায় ঘণ্টা ; Bell tied to a sheep.
Sheep-cot, shēp'kot, *n.* ভেড়ার খোঁয়াড় ; Sheepfold ; inclosure for sheep. [care of sheep.
Sheep-dog, *n.* মেষরক্ষক কুকুর ; Dog that takes
Sheep-fold, Sheep-pen, *n.* মেষের খোঁয়াড় ; A fold or pen for sheep :—মেষদল ; A flock of sheep.
Sheepish, *a.* মেষবৎ ; Like sheep :—লাজুক, লজ্জাশীল ; ভীরু ; মুখচোরা ; Bashful ; foolishly diffident. *n*=sheepishness. *ad*=sheepishly.
Sheep-master, shēp'mas-tėr, *n.* মেষের প্রভু ; মেষস্বামী ; মেষপালক ; Master or owner of sheep ; a feeder of sheep.
Sheep-shearer, shēp'shēr-ėr, *n.* মেষের লোম কর্ত্তনকারী ; মেষ-লোমচ্ছেদক ; One who shears sheep.
Sheep-shearing, shēp'shēr-ing, *n.* মেষের লোম কর্ত্তন মেষ লোমচ্ছেদন ; The shearing of sheep :—মেষ লোমচ্ছেদন কাল ; মেষের লোম কর্ত্তন সময় ; The time of shearing the sheep.
Sheep's eye, *n.* লজ্জাসহকৃত সতৃষ্ণ দৃষ্টি বা নজর ; কটাক্ষপাত ; প্রণয়দৃষ্টি ; Wishful glance ; diffident loving look.
Sheep's head, *n.* বোকা লোক ; A silly fellow.
Sheep-skin, *n.* মেষ-চর্ম্ম।
Sheep-walk, shēp'wawk, *n.* যে ভূমিতে মেষ চরে ; মেষ-চারণ ; Sheep-pasture.
Sheepy, shēp'i, *a.* মেষসম্বন্ধীয় ; মেষবৎ ; Pertaining to, or resembling sheep.
Sheer, shēr, *a.* অমিশ্র ; অমিশ্রিত ; স্বচ্ছ ; ডাহা ; কেবল ; Pure , unmingled ; dear ; simple :—*ad.* পরিষ্কাররূপে , সম্পূর্ণরূপে ; কেবলমাত্র ; একেবারে ; Clear ; quite ; at once. *Syn*:—Mere, bare,naked ; perpendicular.
Sheer, shēr, *n.* জাহাজের বক্রতা ; Bend or curve of a ship's deck :—*v. i.* বিপথে যাওয়া ; বক্রভাবে ফেরা ; Deviate from the line of the proper course ; turn aside. [away.
Sheer off—বিপথে গিয়া দূরে পড়া ; সরিয়া পড়া , Move
Sheer up—To turn and approach to a ship or a place in nearly a parallel direction.
Sheers, *n.* মাস্তুল তুলিবার যন্ত্র বিশেষ , See *shears.*
Sheet, *n.* চাদর ; বিছানার চাদর ; আস্তরণ ; Large piece of cloth over a bed ; cloth for a bed :—কাগজের-তা ; Broad piece of paper :—পাল ; পাইল ; A sail :—জাহাজের রজ্জু ; দড়ি ; The rope fastened to sail to extend it to the wind :—*v. t.* চাদর দ্বারা আচ্ছাদন-কৃ ; আবৃত-কৃ , To cover with or as with a sheet.
In sheets—Folded, but not bound, said of the printed pages of a book. [the ground.
Sheeted snow—Snow lying like a sheet on
Sheet of metal—ধাতুপাত্র। [water.
Sheet of water—জলরাশি , A broad expanse of
To be three sheets in the wind—নেশায় কতকটা বুঁদ-হ।
Winding sheet—শবাচ্ছাদন বস্ত্র।
Sheet-anchor, shēt-ang'kor, *n.* জাহাজের বড় নঙ্গর ; The largest anchor of a ship thrown out in extreme danger :—শেষ উপায় ; নিশ্চিত উপায় বা অবলম্বন ; Last refuge ; chief support.
Sheeting, shēt'ing, *n.* বিছানার চাদর ; চাদরের কাপড় , Cloth for sheets.
Sheet-lightning, shēt-lit'ning, *n.* বহু বিস্তৃত বিদ্যুন্মালা ; Lightning diffused over the sky , lightning appearance in sheets or having a broad appearance. [eminence ; a lord.
Sheik, shēk, *n.* খ্যাতনামা ব্যক্তি ; প্রভু ; A man of
Shekel, shekl, *n.* য়িহুদীদিগের ওজন ও মুদ্রা বিশেষ ; A Jewish weight and coin.
Sheldrake, *n.* হংস বিশেষ ; A species of duck.
Shelf, shelf, *n.* তাক ; মাচা ; শেল্ফ ; Board for laying things on ; a board fixed on a wall :—সমুদ্রগর্ভস্থ শৈল ; জলনিমজ্জিত পাহাড় ; Rock under water :—সমুদ্রের চড়া ; A sand-bank :—পুলিন ; A ledge. *a*=shelfy (চড়া বা শৈল বিশিষ্ট) I *pl*=shelves.
Lay on the shelf—অপ্রয়োজনীয় বোধে একদিকে ফেলিয়া রাখা।
Shell, shel, *n.* ছাল ; খোসা ; শামুকের খোলা ; ঝিনুক শঙ্খ . Husk ; a hard covering :—ফাঁপা গোলা , A bomb :—শবাধার , A coarse kind of coffin :—

বাদ্যযন্ত্র ; An instrument of music :—*v. t.* খোসা ছাড়ান ; খোলা ভাঙ্গা ; ছাল তোলা ; To remove the shell from ; to break off shell :—গোলা বর্ষণ-কৃ ; গোলা নিক্ষেপ-কৃ ; To bombard :—*v. i.* খোসার মত খসিয়া পড়া ; খোসা ত্যাগ-কৃ ; To fall off like a shell ; to cast the shelf or husk.

Counch shell—শঙ্খ।

Oyster shell—শুক্তি। [money freely ; to pay out.

Shell out—অকাতরে টাকা ব্যয়-কৃ ; To expend

To shell peas—মটরশুটি ছাড়ান। [in plates.

Shellac, Shellack, *n.* পাত গালা ; Melted lack

Shell-fish, shelfish, *n.* শঙ্খ ; ঝিনুক ; শমুক ; An aquatic animal with an external shell ; mollusk with a hard covering ; counch. [ing the shells.

Shell-lime, *n.* ঝিনুকের চূর্ণ ; Lime made by burn-

Seell-proof, shelpōōf', *a.* গোলার আঘাত প্রতিরোধক বা সহ্য করণক্ষম ; Able to resist bombs.

Shell-work, shelwurk, *n.* খোলার কাজ ; Work composed of or adorned with shells.

Shelly, sheli, *a.* শঙ্খময় ; খোলাময় ; খোলা দ্বারা নির্মিত ; Full or made of shells.

Shelter, sheltėr, *n.* [Nors, *skyla*, to protect] শরণ ; আশ্রয় ; Refuge :—ত্রাণ ; রক্ষা ; Defence ; protection :—রক্ষাস্থান ; আশ্রয়স্থান ; Retreat :—রক্ষক ; আশ্রয়দাতা ; অভিভাবক ; A guardian ; that which protects :—*v. t.* আশ্রয়-দে ; To cover :—রক্ষা-কৃ ; To defend ; to protect ; to shield :—গোপন-কৃ ; লুকান ; To conceal :—*v. i.* আশ্রয়-ল ; আশ্রয় গ্রহণ-কৃ ; To take shelter. *Syn* :—(*n*) Security ; asylum, covert, haven.

Sholve, shelv, *v. t.* তাকের উপর রাখা ; To place on a shelf :—একদিকে রাখা ; ফেলিয়া রাখা ; ত্যাগ-কৃ , To put aside :—*v. i.* ঢালু-হ ; গড়ানিয়া-হ ; To be sloping. *n*=shelving.

Shelving, *a.* ক্রমশঃ ঢালু ; গড়ানিয়া :—*n.* তাকের উপর স্থাপন ; The act of placing on a shelf.

Shelvy, shelvi, *a.* ঢালু ; গড়ানিয়া ; গড়েন ; চড়াবিশিষ্ট : অগভীর ; Full of shoals or shelvis , shallow.

Shemitic—See semitic.

Sheol, *n.* প্রেতলোক ; The place of department.

Shephered, shep'ėrd, *n.* মেষপালক ; রাখাল ; One who herds sheep :—কৃষক , A swain :—যাজক . আচাযা ; ধর্ম্মোপদেশক ; A pastor. *fem*=shepherdess.

Sherbet, sher'bet, *n.* [Arab, *sherbet*, a drink] মিষ্টপানীয় ; সরবৎ ; A drink.

Sherd, Shird, *n.* ভগ্নখণ্ড ; A fragment.

Shoriff, sher'if, *n.* আইন জারি করিবার কর্ম্মচারীবিশেষ ; সরিফ্ ; The chief officer who exeruts the law.

Sherifialty, Sheriffdom, Sheriffship, Sheriffry, *n.* সরিফের পদ ; সরিফের অধিকার ; The officer or jurisdiction of a sheriff. [strong wine.

Sherry, sher'i, *n.* স্পেনের মদ্য বিশেষ ; A Spanish

Shew, shō, Same as *show*.

Shewbread, shō'bred, Same as *showbread*.

Shibboloth, shibo-leth, *n.* সাম্প্রদায়িক শব্দ ; দলের বিশেষ লক্ষণ ; The criterion or watch-word of a party.

Shield, shēld, *n.* ঢাল ; চর্ম্ম ; Buckler :—কুল চিহ্ন ; কুলাদর্শ ভূমি ; An escutcheon :—আশ্রয় ; রক্ষা ; Defence ; protection :—রক্ষাকর্ত্তা ; Protector ; guard :—*v. i.* রক্ষা-কৃ ; আচ্ছাদন-কৃ ; To protect ; to defend ; to keep off.

Throw a shield over—রক্ষা-কৃ ; আশ্রয় দান-কৃ ; নিজের আশ্রয় গ্রহণ-কৃ ; Protect ; take under one's protection ; secure fron assault or injury.

Shield-bearer, *n.* চর্ম্মধারী ; ঢাল-বরদার।

Shieldless, shēldles, *a.* ঢাল-বিহীন ; Without a shield ; destitute of a shield :—আশ্রয়-বিহীন ; রক্ষণ-বিহীন ; Defenceless.

Shift, shift, *v. t.* পরিবর্ত্তন-কৃ ; বদলান ; To change : —সরাইয়া-দে ; To put out of the way ; নববসনে সজ্জিত-কৃ ; To dress in fresh clothes :—*v. i.* বদলাইয়া বেড়ান ; ইতস্ততঃ গমন-কৃ ; চলা বা চলান ; To change about ; move :—কোন উদ্দেশ্য সাধনার্থ উপায় অবলম্বন-কৃ ; To resort to experiments for some purpose :—*n.* পরিবর্ত্তন ; বদল ; A change :—ফিকির ; চালাকি ; কৌশল ; ছল ; A contrivance ; artifice :—উপায় ; শেষ উপায় ; Expedient ; means ; last resource :—স্ত্রীলোকের পোষাক বিশেষ ; A chemise. *n*=shifter. *Syn* :—(*v*) Alter, transfer, displace, remove ; veer, chop ; manage, contrive.

Be put to shifts—ফিকিরফিকির করিতে বাধ্য-হ ; Be obliged to resort to decentful expedients.

Make shift—চালাইয়া-ল ; করিতে পারা ; উপায়-কৃ ; Manage ; do or contrive with some difficulty.

Shift about—দোলায়মান-হ ; To vacillate :—চারিদিকে ঘোরা ; To turn quite round.

Shift for oneself—জীবিকা নির্ব্বাহের উপায় অন্বেষণ-কৃ ; নিজের পথ দেখা , স্বীয় জীবিকা অর্জ্জন-কৃ ; Seek out one's own means of livelihood ; see out means of safely in the best way one can.

Shift off—কোন উপায় দ্বারা বিলম্ব-কৃ ; দেরী-কৃ ; ফেলিয়া রাখা ; To defer by some expedient.

Shift the scene—দৃশ্য পরিবর্ত্তন-কৃ।

Shifting scenes of life—জীবনের নানাবিধ ঘটনা ; Viccisitudes of life.

Shiftless, shiftles, *n.* নিরুপায় ; উপায়-বিহীন ; Destitute of expedients :—উপায়াভাব হেতু অকৃতকার্য্য ; অলস ; Unsuccessful for want of proper means. [Fertile in expedients.

Shifty, *a.* উপায় বা কৌশল উদ্ভাবনক্ষম ; চালাক, চতুর ;

Shilalah, Shillalay, *n*, ওক গাছের চারা ; An oak sapling ; a cudgel.

Shilling, shiling, *n.* ইংলণ্ডীয় রৌপ্য মুদ্রা বিশেষ ; 12*d* , an English silver coin.

Shiloh, *n.* যিশু ; The Messiah.

Shilly-shally, *n.* মনের অস্থিরতা ; সন্দেহ ; গয়ংগচ্ছ ; Hesitation ; foolish trifling ; irresolution :—*a.* In an irresolute or undecided manner :—*v. i.* গয়ংগচ্ছ-কৃ।

To stand shilly shallying—স্থিরচিত্ত না-হ ; Hang off and on ; be irresolute or undecided.

Shimmer, *v. t.* ঝিকিমিকি করিয়া জ্বলা ; সামান্য আলো-দে ; To gleam ; to glisten :—*n.* ঝিকিমিকি আলো , সামান্য আলো ; A gleaming ; glimmering.

Shin, shin, *n.* পায়ের নলি ; জঙ্ঘা ; হাঁটুর নিম্নস্থ পায়ের সম্মুখভাগ ; Fore part of the leg ; the large bone of the leg.

Shindy, shindi, *n.* গোলমাল ; কোলাহল ; An uproar ; a row :—*v.* বল খেলা ; A game at ball.

Shino, shīn, *v. i.* আলো দেওয়া ; উজ্জ্বল-হ ; দীপ্তি প্রদান-কৃ ; দীপ্তিমান-হ ; To give light ; glitter ; glisten :—বুদ্ধির প্রাখর্য্য প্রদর্শন-কৃ ; শ্রেষ্ঠ-হ ; To be eminent :—*n.* ঔজ্জ্বল্য ; উজ্জ্বলতা ; চাকচিক্য ; Bright-

ness ; splendour :—ঝড়বৃষ্টি শূন্যতা ; Fair weather. *pt. pp.*—shone. *Syn* :—(*v*) Radiate, beam, gleam, glare, sparkle.

Make the face shine upon—অনুগ্রহ দৃষ্টি-কৃ ; সুপ্রসন্ন হওয়া ।

Take the shine out of—কাহাকে ছাড়িয়া-দে ; Outshine one :—অধিকতর উজ্জ্বলতা দ্বারা নিষ্প্রভ-কৃ :

Shingle, shing'el, *n.* ছাদের জন্য পাতলা তক্তা. Thin piece of timber used for covering the roof of houses :—*v. t.* তক্তা দিয়া আচ্ছাদন-কৃ ; To cover with shingles.

Single, *n.* নুড়ি ; Beach ; gravel. *a*=shingly.

Shingle roof—তক্তা দ্বারা আচ্ছাদিত ছাদ ; Roof covered with thin boards.

Shingles, shing'glz, *n. pl.* চর্ম্ম রোগ বিশেষ ; চক্রাকার দদ্রু ; An eruptive disease which spreads around the body like a belt or girdle , Herpes Zona.

Shingly, *a.* নুড়িময় ; A bounding with gravel.

Shining, shīning, *a.* উজ্জ্বল ; জমকাল ; তেজাল ; দীপ্তিশালী ; Bright ; radiant :—বিখ্যাত ; Distinguished· —*n.* ঔজ্জ্বল্য ; Brightness. *Syn* :—Glistening, resplendent, effulgent, lustrous, brilliant, glittering, sparkling, splendid, illustrious.

Shining light—বিখ্যাত ব্যক্তি ; Men distinguished for piety and so an example to others.

Shintoism, *n.* জাপানের ধর্ম্ম ।

Shiny, shīni, *a.* উজ্জ্বল , দীপ্তিমান্ ; দীপ্তিশালী ; Bright ; splendid :—অনাবৃত ; Unclouded.

Ship, ship, *n.* জাহাজ ; পোত ; Any large see-going vessel :—*v. t.* জাহাজে তোলা ; জাহাজে ; বোঝাই-কৃ . To put on board a ship ; to receive on board a ship :—যথাস্থানে স্থাপন-কৃ ; To fix in its place — *v. i.* জাহাজের কার্য্যে নিযুক্ত-কৃ , জাহাজের উপর যাওয়া , To engage for service on a board-ship ; to go aboard ship. *n*=shipper (জাহাজের অধিকারী , Ship-master ; exporter of goods.)

Ship of the desert—উষ্ট্র , Camel.

Ship one off—জাহাজে করিয়া দেশান্তর করা , জলপথে প্রেরণ-কৃ , Send away by water.

Take ship—জাহাজে চড়িয়া যাত্রা-কৃ ।

The ship of the line—যুদ্ধ-জাহাজ ; মানোয়ার ; A large war-ship of 74 guns or more belonging to the royal navy.

Ship-board, ship'bōrd, *n.* জাহাজের মেজে ; জাহাজের পাটাতন , The board or deck of a ship .—*ad* জাহাজের উপরে বা মধ্যে , Upon or within a ship.

On ship-board—জাহাজের উপর ।

Ship-boy, *n.* জাহাজের বালক ভৃত্য ; A boy who serves on board a ship.

Ship-broker, ship'-brōkėr, *n.* জাহাজের দালাল ; A broker who effects sales, &c, of ships.

Ship-building, *n.* জাহাজ-নির্ম্মাণ ।

Ship-chandler, ship'-chandlėr, *n.* জাহাজের রজ্জু পাইল প্রভৃতি বিক্রেতা ; A dealer in cordage, canvas, sails &c.

Ship-fever, *n.* জাহাজের জ্বর ; Fever in a crowded ship.

Shipful, *a.* জাহাজে যত ধরে ; এক জাহাজ ; As much as a ship will hold.

Ship-load, *n.* জাহাজের বোঝাই . The cargo of a ship ; 424 tons of coal.

Ship-man, ship'man, *n.* নাবিক , A seaman ; a sailor. *pl*=shipmen.

Ship-master, ship'mas-tėr, *n.* নাবিক ; পোতাধ্যক্ষ ; A captain of a ship.

Shipmate, ship'māt, *n.* এক জাহাজের সঙ্গী ; যে নাবিক অন্যের সহিত এক জাহাজে কার্য্য করে ; A companion in the same ship ; a fellow-sailor.

Shipment, ship'ment, *n.* জাহাজ বোঝাই করণ ; জাহাজে প্রেরণ বা চালান্ , The act of putting on board a ship.

Ship-money, ship'muni, *n.* জাহাজ সরবরাহের পরিবর্ত্তে রাজসরকারে প্রদত্তকর বিশেষ ; পূর্ব্বকালে ইংলণ্ডের রাজার রণপোত সংগ্রহার্থ সময়ে সময়ে নির্দ্ধারিত কর ; Money raised at intervals in England for providing ships for the service of the king in time of war.

Shipper, *n.* যে ব্যক্তি জাহাজ করিয়া মাল চালান দেয় ।

Shipping, shiping, *n.* জাহাজসমূহ ; পোতসমূহ ; Ships collectively .—জাহাজের ভাড়া ; জাহাজের শুল্ক ; Tonnage :—*a.* জাহাজসংক্রান্ত ; Relating to ships.

Shipping articles—Articles of agreement between the captain and his seamen.

Take shipping—জাহাজে আরোহণ-কৃ ; To embark.

Ship-shape, *ad.* নাবিকোচিত ভাবে ; In a seaman-like manner :—যথারীতি ; উপযুক্তরূপে , According to usage , properly.

Ship's-husband, ship's-huzband, *n.* জাহাজের স্বামী ; জাহাজের তত্ত্বাবধানার্থ পোতাধিকারীর প্রতিনিধি ; The owner of a ship who manages its concerns in person ; the owner's agent in the management of a ship

Ship-wreck, ship'rek, *n.* পোতভঙ্গ ; পোতের ভগ্নাবশেষ , পোতধ্বংস , The wreck or destruction of a ship :—বিনাশ , নাশ , Ruin , destruction —*v t.* সমুদ্রে বিনষ্ট-কৃ ; পোতভঙ্গ-কৃ ; পোতধ্বংস দ্বারা পীড়িত-কৃ ; To destroy on the sea , to cause to suffer wreck.

Make shipwreck of—নষ্ট-কৃ ; ধ্বংস-কৃ ।

Ship-wright, ship'rit, *n* জাহাজ-মিস্ত্রী , জাহাজের সূত্রধর ; পোতনির্ম্মাতা , Ship-carpenter.

Ship-yard, ship'yard, *n.* জাহাজ নির্ম্মাণ স্থান , যেখানে জাহাজ প্রস্তুত বা মেরামত হয় , Place for building ships.

Shire, *n.* বিলাতের জেলা বা চাকলা ; প্রদেশ , Division of country ; a country.

Shire-moto, *n.* প্রদেশীয় সভা ; A meeting of the citizens of a shire.

Shirk, shėrk, *v. t.* ত্যাগ-কৃ ; পরিহার-কৃ ; এড়ান ; To avoid ; to get off or shrink away from .—নীচভাবে লাভ-কৃ , To obtain meanly.

Shirt, shėrt, *n.* কামিজ , Man's undergarment ; a loose garment :—*v. t.* কামিজ পরা ; To cover, as a loose garment with a shirt.

Shirting, shėrting, *n.* কামিজের কাপড় ; মার্টাবালাম কাপড় Cloth fit for shirts.

Shittah, shita, **Shittim,** shitim, *n.* মূল্যবান কাষ্ঠ বিশেষ ; A precious wood.

Shiver, shivėr, *v. t.* খণ্ড খণ্ড-কৃ ; ভাঙ্গিয়া ফেলা ; To shatter :—*v. t.* কম্পিত-কৃ ; বায়ুতে কাঁপান ; To cause to shake in the wind, as sails :—*v. i.* খণ্ড খণ্ড-হ ; ভাঙ্গিয়া-যা ; To break into pieces :—*v. i.* কম্পমান-হ ; কম্পিত-হ , To shunder : to shake ; to quiver —*n* খণ্ড , টুকরা , চটা , A fragment , a splinter. *Syn* .—(*v*) Shatter, dismember, quake, tremble.

Shivery, shivér-i, *a.* ভঙ্গপ্রবণ ; Easily falling into fragments :—কম্পমান ; Trembling :—শিথিলরূপে সংলগ্ন ; Loosely cohering.

Shoal, shōl, *n.* ভিড় ; জনতা ; A throng ; crowd : —মাছের ঝাঁক ; মৎস্যের ঝাঁক ; A great multitude of fishes swimming together :—নদী বা সমুদ্রের যে খানে অল্প জল ; অগভীর স্থান ; A place where the water of a river, sea or lake is not deep :—চড়া ; A sand-bank :—*v. i.* দলবদ্ধ-হ ; ঝাঁক বান্ধা-হ ; To crowd :—অগভীর-হ ; To grow shallow :—চড়ার উপরে আসিয়া পড়া ; To come upon shallows.

Shoaly, shōli, *a.* অগভীর ; চড়াময় ; Full of shallows ; not deep ; shallow. *n*=shoaliness.

Shoar, *n.* অবলম্বন ; A prop.

Shook, shok, *n.* ধাক্কা ; A collision ; a sudden dasking one thing against another :—আঘাত ; A blow :—প্রচণ্ড আক্রমণ ; ভয়ানক আক্রমণ ; Violent onset :—হঠাৎ মনের আবেগ :—বিরক্তি ; An offence : —শস্যের রাশি ; খড়ের আঁটি ; A pile of sheaves of corn :—কুকুর বিশেষ ; A dog with hair :—কম্পন :— *v. t.* আঘাত-কৃ ; ধাক্কা-দে বা মারা ; To strike :—ভয় ও ঘৃণা দ্বারা অভিভূত-কৃ ; শঙ্কান্বিত-কৃ ; ভীত-কৃ ; বিরক্ত-কৃ ; বিতৃষ্ণ-কৃ ; To offend ; to horrify ; to disgust. *Syn* ;—Clash, impact, percussion ; conflict, brunt ; blow, buffet ; stook, hattock. (*v*) Encounter ; stun, astound, stagger ; disgust, offend ; appal, terrify, affright.

Be shocked at—কোন কিছু দেখিয়া বা শুনিয়া আড়ষ্ট-হ , Be struck with surprise or horror by hearing or seeing. [thick and bushy head of hair.

Shock-headed, *a.* নিবিড়কেশ-মস্তক ; Having a

Shocking, shoking, *a.* ঘৃণাজনক ; বীভৎস ; ভয়ানক ; ভীষণ ; Disgusting , highly offensive ; repulsive. *ad*=shockingly. *Syn* :—Appalling terrifying ; frightful, terrible ; repulsive, revolting.

Shod, *pt.* and *p. p.* of shoe.

Shoddy, *n.* পুরাতন পশমী কাপড়ের সূতা এলাইয়া লব্ধ পশম , The wool of old woven fabrics.

Shoe, shōō, *n.* জুতা ; উপানৎ ; A covering for the foot :—নাল ; Iron under a horse's foot :— পাদুকাদির আকারবিশিষ্ট বা তত্তুল্য কার্য্যকারী বস্তু ; Any thing in form or use like a shoe :—*v. t.* নালবান্ধা ; নাল বাঁধা ; জুতা পরান ; পাদুকান্বিত-কৃ ; To fit with a shoe ; furnish with shoes ; put shoes on :— তলদেশ আবৃত-কৃ ; To cover at the bottom. *pt. pp* =shod. *pl*=shoes.

Horse shoe, *n.* ঘোড়ার নাল ।

Shoe the wildmare—A play in which one represents the wild mare and runs about the rooms, while the players try to catch hold of him and put in shoes to his feet.

Stand in another man's shoes—অন্যের স্থান অধিকার-কৃ ; Occupy the place or lay claim to the honours of another.

Shoe-black, shōō'blak, *n.* জুতা-পরিষ্কারক ; জুতায় কালী দেওয়া মুচি ; One who blacks and cleans boots or shoes.

Shoe-horn, shōō'horn, *n.* জুতা পরাইবার শৃঙ্গ ; A curved piece of horn or metal used in facilitating the putting on of a shoe.

Shoemaker, shōō'-mākėr, *n.* জুতা-প্রস্তুতকারী ; মুচি ; চর্ম্মকার ; One who makes shoes and boots.

Shoer, *n.* যে জুতা পরাইয়া-দে ; যে নাল বান্ধাইয়া দেয় ; One who fits shoes to the feet.

Shoe-string, *n.* জুতার ফিতা ; পাদুকাবন্ধনী । .

Shone, *pt. t.* of *Shine.*

Shook, *pt. t.* of *Shake.*

Shoot, shōōt, *v. t.* বলপূর্ব্বক নিক্ষেপ-কৃ ; সবলে নিক্ষেপ-কৃ ; To let fly with force ; to dart :—শর বা বন্দুক হইতে ছোড়া ; নিক্ষেপ-কৃ ; গুলি-কৃ ; To discharge from a bow or gun :—বিদ্ধ-কৃ ; আঘাত-কৃ ; To strike with anything shot ; hit :—উদ্গত-কৃ ; অঙ্কুর নির্গত-কৃ ; বাহির-কৃ ; To send forth new parts, as a plant ; to thurst forward :—*v. i.* শরাদি ত্যাগ-কৃ ; শর ও আগ্নেয় অস্ত্র নিক্ষেপ-কৃ , To perform the act of shooting :—অঙ্কুরিত-হ ; উদ্গত-হ ; বাহির-হ ; To germinate :—শূল-বেদনা অনুভব-কৃ ; To feel a quick lancinating pain :—তেজে ছোটা ; বেগে যাওয়া ; To pass with quickness ; to jut out :—*n.* নিক্ষেপ ; ক্ষেপণ ; Act of shooting :—নবপল্লব ; শাখা পল্লব ; প্রশাখা ; A young branch. *pt. pp*=shot, *n*= shooter. *Syn* :—(*v*) Dart, hurl, propel ; discharge, fire ; emit, project ; kill ; bud, sprout.

Shoot ahead of—অতিক্রম করিয়া যাওয়া ; দ্রুতবেগে অগ্রসর-হ ; এগিয়ে যাওয়া ; Outstrip ; surpass.

Shoot along—দ্রুত যাওয়া ; Move swiftly.

Shoot at—গুলি মারা ; Fire at.

Shoot by—নিকট দিয়া গমন-কৃ ; Pass by.

Shoot forth—অঙ্কুর বহির্গত-হ ; Bud, sprout.

Shoot made of the mark—ভ্রমে পতিত-হ ; To be in error.

Shoot ovor—সত্বর যাওয়া ; Pass over quickly.

To be shot of—নির্মুক্ত বা বিযুক্ত-হ ।

Shooter, *n.* নিক্ষেপক ; গুলিকারক ; তীরন্দাজ ।

Shooting, shōōting, *n.* শরত্যাগ ; বন্দুক ছোড়া ; তীর বা গুলি নিক্ষেপ ; বেধন ; The act of discharging fire arms or an arrow :—তীব্র বেদনা অনুভব ; আকস্মিক ক্লেশানুভব ; Sensation of a quick pain :— শিকার ; মৃগয়া ; শিকার অভ্যাস ; Act or practice of killing game :—*a.* দ্রুতগামী ; আশু ।

Shooting box, *n.* শিকারকালে ব্যবহার্য্য পল্লীগ্রামস্থ ক্ষুদ্র বাটী ; A small house in the country for use in the shooting season. [he goes to shoot.

Shooting coat—A coat worn by a man when

Shooting pain—তীব্র বেদনা ; তীক্ষ্ণ ব্যথা ; Quick, sharp pain. [A meteor.

Shooting-star, shooting-stär, *n.* উল্কা ; দিব্যাগ্নি ;

Shop, shop, *n.* বিপণি ; দোকান ; কারিকরের কার্য্য স্থান ; A place where any thing is sold ; workplace :—*v. i.* ক্রয়করণার্থ দোকানে-যা ; হাট বাজার-কৃ ; To visit shops for the purpose of buying.

To smell of the shop—কাহারও ব্যবসায় অতি স্পষ্টভাবে প্রকাশ-কৃ ।

To talk shop—ব্যবসায়ের কথা কহা ; To use phrases and manner of speech pecular to one's employment or profession.

Shop-keeper, *n.* দোকানদার ; মুদী ; Tradesman ; retailer. [of buying steals goods.

Shoplifter, *n.* চোর ; One who under pretence

Shoplifting, *n.* দোকান হইতে অপহরণ ; দোকান হইতে মাল চুরি ; Stealing anything from a shop.

Shoppish, *a.* Having pettyhabits and thoughts.

Shop-walker, shop'wawkėr, *n.* দোকানের মধ্যে বিচরণ করিতে করিতে যে ক্রেতাদিগের তত্ত্বাবধান করে ;

One who walks in a shop and sees the customers attended to. [serving in a shop.
Shop-woman, *n.* দোকানের দাসী ; A woman
Shore, shōr, *n.* উপকূল ; সমুদ্রের তট, নদীর তীর ; The coast or land bordering on a sea, lake, or river :—অবলম্বন ; ঠেস্ ; ঠেকো ; A prop ; a support :—*v. t.* ঠেকনা-দে ; ঠেকো দেওয়া ; To prop ; to support. *n*=shorer.
On shore, Ashore—তটে ; তীরে ।
Shoreless, shōr'les, *a.* তীরবিহীন ; অকূল ; অসীম ; Having no coast or shore.
Shorn, *p. p.* of *shear.* [কৃ ; Be deprived of.
Shorn (or stripped) of—কোন কিছু হইতে বঞ্চিত-
Spring-balance, *n.* Elastic spring counterbalancing a value or lever. [telope.
Spring-book, spring'buk, *n* হরিণ বিশেষ ; An-
Springe, sprinj, *n.* ফাঁস ; পাশ ; A gin ; a snare with a spring-noose :—*v. t.* ফাঁস পাতিয়া-ধৃ ; To catch in a springe.
Springer, *n.* লম্ফনকারী ; One who springs :—কুকুর বিশেষ ; A kind of dog :—নবোদ্ভিদ্ ; A young plant. [being trodden on.
Spring-gun, *n.* A gun going off on a spring
Spring-head, spring'-hed, *n.* উৎস ; A fountain or source ; a river-head.
Springlet, *n.* ক্ষুদ্র উৎস ; ক্ষুদ্র সরিৎ ; A little spring ; a small stream.
Spring-mattress—দমের গদি ।
Spring-tide, spring'-tid, *n.* জোয়ার ; ভরা কোটাল ; Highest tide ; a tide which rises higher than common tides, after new and full moon.
Spring-time—বসন্তকাল, Spring.
Springy, spring'i, *a.* স্থিতিস্থাপক ; সটকানিয়া, Elastic :—উৎসবহুল ; উৎসপূর্ণ, Abounding with springs or fountains :—চতুর ; ক্ষিপ্র ; লঘু ; Nimble
Sprinkle, spring'kl, *v t.* ছিটা-দে ; ছিটান ; বিন্দু পাত-কৃ ; ছড়ান ; To scatter in small drops :—অভিষেক-কৃ ; To baptise with a few drops of water :—*v. i.* অল্পবর্ষিত-হ ; তড়তড়া-দে ; ছিটাইয়া পড়া ; To scatter in drops :—*n.* ছড়া ; ছিটা, তড়তড়া ; A small quantity sprinkled. *Syn* :—(*v*) Scatter, strew ; bedew.
Sprinkling, *n.* প্রোক্ষণ ; ইতস্ততঃ প্রোক্ষিত অল্প পরিমাণ ; A small quantity sprinkled.
Sprit, *n.* জাহাজের পাইল প্রসারণের আড়কাট বিশেষ ; Small spar or pole.
Sprite, sprit, *n.* ভূত ; প্রেত ; ছায়া ; প্রেতাত্মা ; A shade ; a spirit ; a ghost. *Syn* :—Soul, apparition, elf, fairy, demon, hobgoblin.
Sprout, sprout, *v. i.* অঙ্কুরিত-হ ; গজান ; To shoot ; to bud :—*n.* অঙ্কুর ; পল্লব ; মঞ্জরী ; A germ or young shoot :—*pl.* কপির তরুণ অঙ্কুর ; Young shoots from old cabbages. *Syn* :—(*v*) Germinate, vegetate, pullulate.
Spruce, sproos, *a.* পরিচ্ছন্ন ; পরিপাটী ; ফিটফাট ; ঝরঝরে ; Smart ; neat. *n*=spruceness. *ad*=sprucely.
Sprung, *pt.* and *pt. p.* of *spring*.
Spud, *n.* কোদাল বা খন্তা বিশেষ ; A narrow spade.
Spume, spūm, *n.* [L. *squo*, to spew] ফেণা ; গাঁজলা ; ফেণ ; Foam ; froth ; scum :—*v. i.* ফেণা নির্গত-হ ; গাঁজলা ভাঙ্গা ; ফেণা উঠা ; To throw up scum ; to froth ; to foam.
Spumous, spūmus, **Spumy,** spumi, *a.* ফেণাযুক্ত, ফেনিল ; ফেণাময় ; গাঁজলাবিশিষ্ট ; Frothy ; foamy.
Spun, *pt.* and *pt. p.* of *spin*.
Spunk, spungk, *n.* শুষ্ক দাহ্য কাষ্ঠ ; যে কাষ্ঠে শীঘ্র অগ্নি ধরে ; A piece of wood readily set on fire ; touchwood :—উৎসাহ ; তেজ ; Mettle ; spirit.
Spunky, *a.* উৎসাহী ; তেজস্বী ; Spirited ; brisk ; fiery.
Spur, spur, *n.* [A. S. *spura*, a spur] অশ্বারোহীর জুতার কাঁটা ; An instrument with sharp points on horseman's heels for goading the horse :—পর্বতের শাখা ; শৈল বাহু ; Branch of a mountain :—উৎগতি ; Something projecting :—উত্তেজনা ; Incitement ; stimulus :—*v. t.* কাঁটা মারা ; To urge on with spurs ; to prick with spurs :—উৎসাহিত-কৃ ; উত্তেজিত-কৃ ; To urge onward ; to instigate , to incite :—*v. i.* বেগে ধাবিত-হ ; দ্রুত গমন-কৃ ; To press forward ; to travel in great haste. *Syn* :—(*v*) Prick, goad, incite, instigate, impel, drive, press, urge.
On or at the spur of the moment—তখনি ; তৎক্ষণাৎ ; উপস্থিত ক্ষেত্রে ; Immediately :—হঠাৎ মনের বেগে উত্তেজিত হইয়া ; তদানীন্তন কালের মনের বেগে ; Under the influence of a sudden impulse (without reflection).
Set spurs to—ঘোড়া বেগে চালাইবার নিমিত্ত জুতার গোড়ালি দিয়া আঘাত-কৃ ; জুতার কাঁটা দিয়া তাড়না-কৃ ; Prick the sids of (a horse) to drive it forward or hasten its pace.
Win one's spur—নিজের ক্ষমতায় মর্য্যাদা লাভ-কৃ ; নিজ চেষ্টা দ্বারা খ্যাতি লাভ-কৃ ; To obtain position or fame by one's exertions to gain the rank of kinghthood :—উচ্চপদ বা মর্য্যাদা লাভ-কৃ ; Rose in rank or dignity :—নিজের বলবিক্রম দেখাইয়া খ্যাতি লাভ-কৃ ; Signalize oneself by deeds of valour.
Spurge, spurj, *n.* উদ্ভিদ্ বিশেষ, Euphorbia.
Spurious, spū're-us, *a.* কৃত্রিম ; নকল ; অপ্রকৃত ; Not genuine ; false ; adulterate :—জারজ ; Not legitimate ; illegitimate. *n*=spuriousness (কৃত্রিমতা) । *ad*=spuriously (অপ্রকৃতরূপে) । *Syn* :—Bastard ; false, supposititious, fictitious, counterfeit, sham.
Spurn, spurn, *v. t.* পদাঘাত-কৃ ; পায়ে ঠেলা ; তুচ্ছ-কৃ ; ঘৃণা-কৃ ; To kick ; to drive back, as with the foot ; to reject with disdain :—*v. i.* পা ছোঁড়া ; অবজ্ঞা প্রকাশ-কৃ ; তুচ্ছ-কৃ ; To kick up the heels ;

to show disdain :—*n.* ঘৃণা ; অবজ্ঞা ; উপেক্ষা ; Disdain ; rejection. *Syn* :—(*v*) Repel, reject ; scorn, despise, disdain.

Spurt, spurt, *v. i.* সবেগে হঠাৎ নির্গত হয় ; ফিন্‌কি দিয়া বাহির-হ ; ছরছর করিয়া পড়া ; To gush out suddenly in a small stream :—*v. t.* ফিন্‌কি দিয়া বাহির-কৃ ; সবেগে উদ্গীর্ণ-কৃ ; To sprout or send out in a sudden stream, as water :—*n.* ফিন্‌কি ; সতেজ-ধারা ; A jet :—উদ্যম ; হঠাৎ চেষ্টা ; A sudden effort.

Sputter, sputer, *v. i.* থুথু ফেলা ; লালা-বিন্দু বর্ষণ-কৃ ; *To spit in small drops, as in rapid speaking* :—অস্পষ্টরূপে বলা ; দ্রুত অস্পষ্টরূপে কথা কহা, *To speak* hastily and indistinctly :—*v. t.* বেগে নির্গত-কৃ ; To throw out with haste and noise :—দ্রুত উচ্চারণ-কৃ ; অস্পষ্টরূপে বলা ; To utter hastily and indistinctly :—*n.* বর্ষিত বিন্দু ; Moist matter thrown out in small particles.

Spy, spi, *n.* গুপ্তচর ; গুপ্তচর ; গোয়েন্দা ; সন্ধানী লোক , Secret watcher or emissary, scout . —*v. t.* দেখা ; দূরে দেখিতে পাওয়া ; গোপনে সন্ধান-কৃ ; খুঁজিয়া সন্ধান-কৃ ; To see ; to watch narrowly or secretly ; to espy :—*v. i.* সূক্ষ্মরূপে পরীক্ষা-কৃ , To scrutinise.

Spy out—গোপনে পরীক্ষা-কৃ ; To explore ; to view and examine secretly.

Spy-craft, *n.* চরবৃত্তি ।

Spy-glass, spi'glas, *n.* ক্ষুদ্র দূরবীণ ; A small telescope.

Spy-system, *n.* Employing government spies.

Squab, *a.* মোটা ; স্থূল ; Fat :—অজাতপক্ষ ; Unfledged :—*n.* স্থূল ব্যক্তি ।

Squabble, skwobl, *v. i.* বিবাদ-কৃ ; দ্বন্দ্ব-কৃ ; বিরোধ-কৃ ; কলহ-কৃ ; To wrangle ; to dispute ; scuffle :—*n.* সামান্য বিরোধ ; সামান্য কলহ ; A noisy petty quarrel ; a brawl. *n*=squabbler. *Syn* :—(*v*) Struggle ; dispute, quarrel, brawl, bicker.

Squad, skwod, *n.* সৈন্যের দল ; কসরৎ শিক্ষার্থ সমবেত ক্ষুদ্র সৈন্যদল ; ক্ষুদ্র দল ; A small party or set of soldiers.

Squadron, skwodrun, *n.* অশ্বারোহী সৈন্যদল ; Two or more troops of cavalry ; a body of cavalry :—যুদ্ধ জাহাজের দল ; রণতরীর বহর ; Part of a fleet.

Squalid, skwolid, *a.* মলিন ; নোংরা ; সমল , Filthy ; dirty ; foul ; unclean. *n*=squalidness (মলিনতা) । *ad*=squalidly.

Squall, skwawl, *v. i.* চীৎকার-কৃ ; চীৎকার করিয়া ক্রন্দন-কৃ ; To cry out violently :—*n.* চীৎকার ; চীৎকারশব্দ ; A loud cry ; a loud scream :—দমকা বাতাস ; প্রবল ঝাপ্টা ; A gust of wind. *a*=squally (বায়ুপ্রবাহময় ; gusty).

Black squall—যে দমকা বাতাসের সময় আকাশে কাল মেঘ থাকে ।

Thick squall—করকা-পাত সহিত ঝড়বৃষ্টি ।

Squalor, *n.* মলিনতা , মল , Filthiness ; dirtiness, foulness.

Squander, skwonder, *v. t.* [Ger. *schwindan*, to vanish] অপব্যয়-কৃ ; অতি ব্যয়-কৃ ; To spend lavishly or profusely ; to waste ; to dissipate. *n*= squanderer (অপব্যয়ী) । *Syn* :—Expend, scatter, dissipate, lavish.

Square, skwār, *a.* সমচতুরস্র ; চতুষ্কোণবিশিষ্ট ; চারিকোণা , Having four equal sides and angles :—সমকোণকারী ; Forming a right angle :—ন্যায্য ; ঠিক ; Exact :—সৎ ; Honest ; fair :—*n.* সমচতুর্ভুজ ; চৌকা জিনিস ; A square figure :—যে সৈন্যদলের চারিপার্শ্ব সমান ; A square body of troops :—বর্গরাশি ; The product of a quantity multiplied by itself :—রাজপথ ; An open place formed by the intersection of two or more streets :—সমকোণ পরিমাপক যন্ত্র ; An instrument for measuring right angles :—চতুষ্ক ; প্রাঙ্গণ ; যে চৌকা স্থানের চারিধারে বাটী থাকে ; An area of four sides with houses on each side :—*v. t.* চৌকা-কৃ ; চারিকোণা-কৃ ; To form like a square ; to form with four equal sides and four right angles :—শোধ-কৃ ; (হিসাব) মিলান ; ঠিক-কৃ ; To measure ; adjust :—To *multiply a number by itself* :—*v. i.* মিল, মত, উপযুক্ত বা যোগ্য-হ । *ad*=squarely, *n*=squareness. *Syn* :—(*v*) Regulate, fit, accommodate, adapt ; settle, balance.

All square—ঠিক ঠাক ; All settled ; all right.

Hollow square, *n.* A body of infantry drawn up in the form of a square with a space in the centre for the officer, &c.

On the square—ন্যায়ানুসারে ; ন্যায়পূর্ব্বক ; In an open fair manner ; honestly.

Square by—নিয়মানুমত স্থির-কৃ ; Regulate ; adjust.

Square the circle—অসম্ভব চেষ্টা-কৃ ; Attempt an impossibility.

Square with—সমান-হ ; তুল্যরূপ-হ ; *To conform* to ; to agree or accord exactly with.

Upon the square with—শোধবোধ অবস্থায়, সমান অবস্থায় ।

Square-built, *a.* বলিষ্ঠ ; Well-fitted up ; of a short stout make :—চারচৌকা ; খাটমুগুর ।

Square measure—বর্গ পরিমাণ ।

Square number—বর্গ ; Product of a number multiplied by itself.

Square root—(অঙ্কে) বর্গমূল ।

Squash, *n.* কোমল পদার্থ ; অপক্ক নরম দ্রব্য ; Anything soft or unripe ;—*v. t.* থেতলান , ছেঁচা ; To beat or press into pulp. *a*=squashy (মণ্ডের মত ; কাদাকাদা) ।

Squat, skwot, *v. i.* থাবড়িয়া বা আসনপিঁড়ি হইয়া বসা ; খাটুমালা হইয়া বসা ; চাপিয়া বসা ; আসীন-হ ; To sit down upon the hams or heels ; cower ; sit close to the ground :—*a.* খাটুমালা ভাবে আসীন ; স্থূল । *n*=squatter.

Squaw, *n.* উত্তরামেরিকার আদিম অধিবাসীর স্ত্রীলোক ; In America, an Indian woman, especially a wife.

Squeak, skwēk, *v. t.* চিঁচিঁ শব্দ-কৃ ; কিচমিচ-কৃ ; কোঁ কাঁ-কৃ ; তীব্র চীৎকার-কৃ ; To utter a shrill, and usually short cry :—*n.* তীক্ষ্ণ কর্কশ শব্দ ; চিঁচিঁ শব্দ ; কিচমিচ শব্দ ; কোঁ কাঁ শব্দ ; A sudden, shrill cry. *n*=squeaker.

Squeal, skwēl, *v. i.* গলা সরু করিয়া চীৎকার-কৃ ; চেঁচাইতে থাকা ; To utter a shrill and prolonged cry :—গোয়েন্দা-হ :—*n.* অবিরত চিঁচিঁ শব্দ ; অনবরত চীৎকার ; A shrill, sharp prolonged cry.

Squeamish, skwēmish, *a.* বমনশীল ; অল্পেই যার গা বমি-বমি করে , Sickish at stomach ; having the stomach easily turned :—সহজে সন্তুষ্ট হইবার নহে ; খুঁতখুঁতে ; তুষ্টোষণীয় ; Overnice. *n*=squeamishness (তুষ্টোষণীয়তা ; অসন্তোষ) । *ad*=squeamishly (অসন্তুষ্টভাবে) । *Syn* :—Fastidious, dainty, scrupulous, difficult, punctilious.

Squeeze, *v. t.* বস্তুদ্বয়ের মধ্যে নিষ্পেষণ-কৃ ; চাপা ; নিষ্কর্ষণ-কৃ ; মর্দন-কৃ ; নিঙড়ান , নিষ্পীড়ন-কৃ ; পীড়ন-কৃ ;

To press between two bodies ; to force through a small hole ; to embrace closely :—চাপান ; To cause to pass :—*v. i.* ঠেলিয়া-যা ; ভিড়-কৃ ; To press by pressing ; to crowd :—*n.* নিষ্পেষণ ; চাপন ; নিষ্কর্ষণ ; নিপীড়ন ; Compression between bodies. *Syn* :—(*v*) Compress, pinch, gripe, nip ; embrace, hug. [pressure.

Squeeze out—চাপিয়া বাহির-কৃ ; Force out by

Squeeze through—Pass though by pressing.

Squib, skwib, *n.* পটকা ; চোটা ; Whizzing and cracking fire-work :—ব্যঙ্গপূর্ণ প্রবন্ধ ; বিদ্রূপ ; Petty lampoon :—*v. t.* পটকা ছোড়া :—*v. i.* ঠাট্টা-কৃ ; বিদ্রূপ-কৃ ।

Squill, skwill, *n.* উদ্ভিদ্ বিশেষ ; A plant.

Squint, skwint, *a.* টেরা ; Having the vision distorted :—*v. i.* আড়ে দেখা ; আড়ে নজর-কৃ ; টেরা-হ, To look obliquely :—*v. t.* বক্র-কৃ ; আড়ে চালান ; To cause to squint :—*n.* বক্র-দৃষ্টি ; কুটিল-দৃষ্টি ; An oblique look.

Squint-eyed, *a.* টেরা ; বক্র-দৃষ্টি ; Having eyes that squint :—অশুভ ; Malignant.

Squinting, *n.* টেরা-চাউনি ।

Squire, *n.* পদবী বিশেষ ; নিম্নশ্রেণীর সম্ভ্রান্ত ব্যক্তি ; সম্ভ্রান্ত ব্যক্তির অনুচর ; বাবু । See *esquire.*

Squirrel, skwirl, *n.* কাষ্ঠ-মার্জ্জার ; কাঠবিড়াল . Rodent animal.

Squirt, skwert, *v. t.* সরু নল দিয়া নির্গত-কৃ ; পিচকারী দিয়া বাহির-কৃ ; সরু-ধারে নিক্ষেপ-কৃ , To eject in a stream from a narrow opening :—*n.* ক্ষুদ্র দ্রুতগামী প্রবাহ ; A small, quick stream :—সরু-ধারা পিচকারি বিশেষ ; A syringe.

Stab, stab, *v. t.* [Ger. *stab*, a staff, stick] সূক্ষ্মাগ্র অস্ত্র দ্বারা বিদ্ধ-কৃ ; খুঁচিয়া মারা ; আঘাত-কৃ ; To pierce with a sharp pointed weapon , to kill by the thrust of a pointed instrument ; to wound :—গোপনে ক্ষতি-কৃ ; To injure secretly or by falsehood or slander :—*v. i.* বিদ্ধ-কৃ ; খোঁচা মারা ; ঘাইল-কৃ ; To give a stab or a mortal wound :—*n.* তীক্ষ্ণাগ্র অস্ত্র দ্বারা আঘাত ; A wound with a pointed weapon : —গোপনে কৃত ক্ষতি ; An injury given secretly. *n*=stabber (গুপ্ত ঘাতুক) । *Syn* :—(*v*) Pierce, transfix, gore, spear, wound, kill ; thrust, feint.

Stability, sta-bile-te, *n.* দৃঢ়তা ; স্থায়িত্ব ; স্থিরতা ; নিশ্চয়তা ; Steadiness ; firmness ; immovability. *Syn* :—Stableness, fixedness, durability, permanence ; constancy.

Stable, stábl, *a.* স্থায়ী , Firm ; lasting ; durable :—দৃঢ়বদ্ধ ; Fixed :—স্থির , অটল ; অচঞ্চল ; Constant :—*n.* অশ্বশালা ; পশুশালা ; আস্তাবল ; A building for horses and cattle :—*v. t.* আস্তাবলে রাখা ; আস্তাবলে বদ্ধ-কৃ , To put or keep in a stable :—*v. i.* অশ্বশালায় থাকা ; আস্তাবলে থাকা ; To dwell in a stable. *ad*=stably, *n*=stableness. *Syn* :—(*a*) Fixed, established, enduring, immovable, lasting, permanent, abiding, strong ; steady, steadfast, staunch.

Stabling, *n.* আস্তাবলে স্থাপন ; The act of keeping into a stable.

Stack, *n.* রাশীকৃত ঘাস বা খড় ; ঘাসাদির বৃহৎ স্তূপ ; খড় গাদা ; শস্যের পালুই ; A large pile of hay, &c. :—ধূমনির্গমন নলসমষ্টি ; A number of chinneys standing together :—*v. t.* রাশীকৃত-কৃ ; স্তূপাকার-কৃ ; গাদা-দে ; পালুই বাঁধা ; To pile into a stack or stacks.

Stack of arms—সঙ্গীন-চড়ান বন্দুকধারী ।

Stack-stand, *n.* গাদার মাচা ; পালুই-মাচা ।

Stack-yard, stakyărd, *n.* ঘাস রাখিবার গোলা-বাড়ী ; খামার ; A yard for stacks.

Staddle, *n.* মাচা ; ক্ষুদ্র বৃক্ষ ; চাতাল ।

Stadium, *n.* পরিমাণ বিশেষ ; A Greek measure of length. *pl*=stadia.

Staff, staf, *n.* যষ্টি ; লাঠি ; Stick :—অবলম্ব ; Prop ; support :—চরণ ; শ্লোক ; কবিতা ; Stanza :—(*pl*=staves.) কেতুদণ্ড ; হাতল ; আসাসোঁটা ; A flag staff : —ক্ষমতাসূচক দণ্ড ; Stick or ensign of authority :—(*pl.*=staffs.) সৈনিক-কর্ম্মচারিগণ ; সেরেস্তা ; An establishment of officers acting together in an army ; an establishment of officers in any undertaking.

Keep the staff in one's hand—অধিকার রাখা ; দখল রাখা ; To keep possession ; to retain the right. [up office or possession.

Part with the staff—অধিকারে ত্যাগ-কৃ ; Give

Put down one's staff in one place—বাস-কৃ ; বসতি-কৃ , To take up one's residence.

Staff of life—জীবন রক্ষার উপায় ; যাহাতে জীবন রক্ষা করে ; অন্ন , রুটী , That which supports and preserves life.

Staff of teachers—শিক্ষকবর্গ ।

Take up one's staff—বেড়াইতে বাহির-হ ; Set out on one's travels.

Stag, stag, *n.* হরিণ ; এঁড়ে ; দামড়া ; The male deer :—রক্ত-মৃগ ; The red-deer. *fem*=hind.

Stag-hound, stag'hownd, *n.* কুকুর বিশেষ ; A hound employed in hunting deer.

Stage, stāj, *n.* মঞ্চ ; রঙ্গমঞ্চ ; রঙ্গস্থল ; A platform in a theatre ; raised floor of a play-house .—যেখানে কোনও কিছু সাধারণে প্রদর্শিত হয় ; রঙ্গভূমি ; Any place of exhibition or performance :—আড্ডা ; ভ্রমণপথের বিশ্রাম-স্থান ; A place of rest on a journey or road :—দুই স্থানের মধ্যে ব্যবধান ; The distance between places :—অবস্থা , উন্নতির পরিমাণ ; Condition ; state ; the degree of process :—ডাকগাড়ি , Stage-coach.

Come upon the stage—প্রকাশ্যভাবে উপস্থিত-হ ; প্রকাশ্যে আবির্ভাব-হ ; To appear upon the scene of action , to figure in public life.

First stage of a disease—পীড়ার প্রথমাবস্থা ।

Last stage—চরমাবস্থা ।

Stage-coach, stājkōch, *n.* ডাকগাড়ি ; ডাকের গাড়ি ; A coach that runs regularly with passengers from stage to stage.

Stage-player, stājplā'ér, *n.* নট ; রঙ্গমঞ্চে অভিনেতা ; A player or actor on the stage. [be heard.

Stage-whisper, *n.* A whisper loud enough to

Stagger, stag'er, *v. i.* হেলা ; দুলা ; টলা ; টলমল-কৃ ; দোলায়িত-হ ; To reel, totter, begin to doubt, hesitate :—*v. t.* টলান ; দোলায়িত-কৃ ; To cause to reel :—ভয়াদি দ্বারা অভিভূত-কৃ ; স্তব্ধ-কৃ ; কম্পিত-কৃ ; To shock :—*n.* টলটলানি । [horse.

Staggers, *pl.* ঘোটকাদির ঘূর্ণী রোগ ; A desease of

Staghount, *n.* কুকুর বিশেষ ; A dog.

Staging, *n.* রাজমিস্ত্রী কাজের নিমিত্ত ভারা ; A structure for workmen in building.

Stagnant, stag'nant, *a.* স্থির ; বদ্ধ ; স্রোতোহীন ;

অপ্রবাহিত ; চলাচল-রহিত ; নিশ্চল ; Not flowing ; motionless :—নিস্তেজ ; নিষ্ক্রিয় ; নিশ্চেষ্ট ; জড় ; Not dull ; not brisk. *n*=stagnancy, *ad*=stagnantly. *Syn* :—Still, standing, inert, sluggish.

Stagnate, stag'nāt, *v. i.* বদ্ধ-হ ; বদ্ধ-হ ; চলাচল-শূন্য-হ ; To cease to flow ; to cease to be brisk ; to be motionless.

Stagnation, stag-nāshun, *n.* বদ্ধতা ; অপ্রবাহ ; স্থিরতা ; নিশ্চলতা ; The state of being stagnant ; dullness.

Staid, stād, *a.* অপ্রমত্ত ; গম্ভীর ; Sober ; grave : —শান্ত ; স্থির ; Steady. *ad*=stadily, *n*=stadiness (গাম্ভীর্য ; স্থিরতা) । *Syn* :—Regular, composed, sedate, serious.

Stain, stān, *v. t.* [W. *ystaen*, spread out, L. *tingere*, to dye] রঞ্জিত-কৃ ; রং-দে ; To tinge ; to colour ; to dye :—কলঙ্কিত-কৃ ; দূষিত-কৃ ; দাগী-কৃ ; To sully ; to spot ; to tarnish :—*n.* দাগ ; চিহ্ন ; Discolouration ; spot :—কলঙ্ক ; নিন্দা ; Taint of guilt :—লজ্জা ; Shame. *Syn* :—(*n*) Paint, tinge ; blot, soil, pollute, taint ; disgrace ; dishonour. (*n*) Blot, spot, blemish, tarnish ; disgrace, dishonour ; contamination, taint.

Stained-glass, *n.* রঞ্জিত কাচ ; Glass variously [coloured.

Stainless, stānles, *a.* বেদাগ ; নির্দোষ ; অকলঙ্ক ; নিষ্কলঙ্ক ; Free from stain ; spotless.

Stair, stār', *n.* সিঁড়ি ; সোপান ; A single step :—*pl.* সোপান-শ্রেণী ; A flight of steps.

Below stairs—নীচের তলায় ; নিম্নতলে ; In the lower part of house.

Flight of stairs—সোপান-পরম্পরা । [rooms.

Up stairs—উপর তলায় ; উপরে ; In the higher

Stair-case, stār'kās, *n.* সোপান-শ্রেণী ; সিঁড়ির ঘর ; A flight of stairs or steps.

Stake, stāk, *n.* সূক্ষ্ম কাষ্ঠদণ্ড ; গোঁজ ; খোঁটা ; খুঁটি ; Stick pointed at one end ; post fixed to the ground with its end sharpened :—শূল ; শূলদণ্ড ; A post for holding a victim :—বাজি ; পণ ; Any thing laid down as a wager :—ধর্মবিশ্বাসার্থ জীবন বিসর্জন ; ধর্মের জন্য মৃত্যু ; Martyrdom :—*v. t.* গোঁজ দ্বারা বিদ্ধ-কৃ ; খুঁটি দিয়া রক্ষা-কৃ ; To fasten or pierce with a stake :—পণ-কৃ ; বাজি রাখা ; To wager. *Syn* :—(*n*) Pale, picket ; wager, bet ; risk, venture, hazard.

A stake—সংশয়াপন্ন ; সঙ্কটাপন্ন ।

At the stake—পোড়াইয়া মারিবার স্থানে ; বধ্য স্থানে ; At the burning place. [danger.

Be at stake—যায় যায় হওয়া ; সঙ্কটাপন্ন-হ ; Be in

Stake on—কোন অনিশ্চিত ঘটনার উপর নির্ভর করিয়া প্রিয়দ্রব্য বিসর্জন করিতে প্রস্তুত-হ ; Put (something one values) to hazard on the result of (some contigency).

Stake out—দাগ-কৃ ; চিহ্নিত-কৃ ; Mark or plot out.

Stake-fellow—ধর্মার্থ মৃত্যুসহচর ; Fellow martyr.

Stake-net—A net secured and outstretched by means of stakes.

Stalactite, *n.* পর্ব্বত ; লম্বিত চৌর্ণ শূচী ।

Stalagmite, *n.* সূচ্যগ্র চৌর্ণ-স্তম্ভ ।

Stale, stāl, *a.* পুরাতন ; জীর্ণ ; বাসি ; Old ; not new ; too long kept :—বিস্বাদ ; Tasteless :—অকিঞ্চিৎকর ; সামান্য ; Trite :—*v. i.* মূত্র ত্যাগ-কৃ ; To make water, said of beasts :—*v. t.* বিস্বাদ-কৃ ; Make tasteless. *n*=staleness (পর্য্যুষিতত্ব) । *Syn* :—(*a*) Vapid, insipid, flat, musty, decayed, faded, effete ; commonplace, threadbare, trite.

Stalk, *n.* বোঁটা ; বৃন্ত ; ডাঁটা ; Stem of a plant :—লেখনী-পক্ষকাণ্ড ; The stem of a quill :—সদর্প পাদবিক্ষেপ :—*v. i.* সদর্পে পদবিক্ষেপ-কৃ ; সগর্বে চলা ; To walk stilts or proudly :—*v. t.* গোপনে নিকটবর্ত্তী হ ; গোপনে নিকটে আইসে ; To approach secretly.

Deer stalking, *n.* The act of approaching deer wearily and steathily.

Stalking-horse, stawking-hors, *n.* শিকারের অনুসরণকালে শিকারী যে ঘোটকের পশ্চাতে লুক্কায়িত থাকে ; Real or sham horse behind which a sportsman conceals himself :—ছল ; ভাণ ; Mask ; pretence.

Stall, *n.* অশ্ব দাঁড়াইবার স্থান ; A crib of horses :—পশুশালা ; আস্তাবল ; Stable :—ক্ষুদ্র দোকান ; পণ্যশালা ; Small shop of a book-seller, &c. :—আসন ; A seat :—রঙ্গালয়ের আসন বিশেষ ; A reserved seat in a theatre :—খ্রীষ্টীয় উচ্চ অঙ্গের আচার্য্যের গির্জ্জামধ্যস্থ আসন ; Scat of a dignitary or monk at church :—দোকানের চালা ; হাট-চালা ; A slight shed in a market .—*v. t.* পশুশালায় রাখা ; আস্তাবলে রাখা ; To put or keep in a stall.

Stallage, stawlāj, *n.* পশুশালার কর ; হাট-চালার খাজনা ; Rent paid for stalls.

Stall-feed, *v. t.* পশুশালায় খাওয়াইয়া মোটা-কৃ ; To feed and fatten in a stable.

Stallion, stalyun, *n.* ঘোড়া ; পালের ঘোড়া ; A horse kept in the stall without being made to work :—অছিন্নমুষ্ক অশ্ব ; A horse not castrated.

Stall-reader, *n.* যে দোকানে যাইয়া পুস্তক পড়ে ; One who reads books at stall.

Stalwart, stālwert, *a.* [A. S. *stelferhdh*, a man of iron mood] সাহসী ; বলিষ্ঠ ; বলবান ; জোয়ান ; Bold ; sturdy ; stout ; strong. *ad*=stawartly. *n*=stalwartness. *Syn* :—Redoubted, daring, intrepid ; muscular, brawny, robust, strapping, brave.

Stamen, stāmen, *n.* পুং-কেশর ; পরাগ-কেশর ; Male apparatus of a flower. *pl*=*stamina* (শরীরের সারভাগ ; প্রধান বলের হেতু ; শক্তি ; বল ; the principal strength of anything) ; stamens (পুং-কেশর সম্বন্ধে) ; stamina (বল সম্বন্ধে) ।

Stammer, stamer, *v. i.* [A. S. *stamer*, one who stammers] তোতলা-হ ; তো তো-কৃ ; বাধ বাধ কথা কহ ; To falter in speaking ; to hesitate in speaking , stutter ; halt in one's speech :—*n.* তোতলামি ; অস্ফুট উচ্চারণ ; Hesitation in speech ; defective utterance. *n*=stammerer (তোতলা) ।

Stammering, *n.* তোতলামি ; অস্ফুট কথন ।

Stamp, stamp, *n.* পদাঘাত ; (পদাদি দ্বারা) চাপন ; The act of stamping ; the noise made with the foot :—মুদ্রা ; Instrument for making an impression :—মোহর ; Impresion ; print :—মুদ্রিত-চিহ্ন ; ছাপ ; মোহর ; Mark set on papers &c. paying tax :—আকার ; ধরণ ; গঠন ; ছাঁচ ; Make ; form ; cast :—স্বভাব ; Character :—টিকিট ; ষ্ট্যাম্প ; দলিলাদি কাগজ ; A small piece of paper having certain figure impressed by government and sold to the public :—হাতুড়ি বিশেষ ; A kind of hammer :—*v. t.* দৃঢ়ভাবে পাদবিন্যাস-কৃ ; পদাঘাত-কৃ ; To plant the foot

firmly down ; to kick :—*v. t.* পদপীড়িত-কৃ ; পদাঘাত-কৃ ; To strike with the bottom of the foot : —মোহর-কৃ ; মুদ্রাঙ্কিত-কৃ ; টিকিট লাগান ; To impress with some mark or figure ; to imprint :—মুদ্রা-কৃ ; To coin. *n*=stamper. *Syn* :—(*n*) Die, seal ; mark, impress, brand ; cast, mould, form ; complexion. (*v*) Mark, brand ; coin, mint.

Bear the stamp of—কোন কিছুর স্পষ্ট লক্ষণ হওয়া বা দেখান ; Be clear and certain indications of.

It is of the right stamp—It has the stamp of genuine merit.

Of high stamp—মহাভাব।

Stamp about—সদর্পে চলা ; শব্দ করিয়া চলা ; Walk about with a great noise.

Stamp out—উচ্ছেদ-কৃ , দমন-কৃ , Crush , eredicate ; annihilate by force.

Stamp Act, *n.* ১৭৬৫ খৃঃ নির্দিষ্ট শুল্ক সম্বন্ধীয় আইন বিশেষ ; Law for imposing stamp duties.

Stamp duty, *n.* দলিলাদির কাগজে মুদ্রাঙ্কিত শুল্ক বা মূল্য ; Tax on newspapers, bills, receipts &c.

Stampede, stam-pēd, *n.* অশ্বদলের ভয়ে দ্রুতবেগে পলায়ন ; A sudden fright and bolt of a herd of horses :—ভয়জনিত পলায়ন ; Flight caused by panic :—*v. i.* সহসা ভয়ে পলায়ন করা বা ছত্রভঙ্গ-কৃ।

Stamp-office, *n.* যেখানে টিকিট পাওয়া যায় ; An office for the issuing of stamps.

Stanch, stánsh, *v. t.* (রক্তাদির) প্রবাহ বন্ধ-কৃ ; রক্ত রোধ-কৃ ; বন্ধ-কৃ ; To stop the flowing of (as blood) :—*v. i.* বহিতে ক্ষান্ত-হ ; To cease to flow :— *a.* অবিচলিত ; Constant :—স্থির ; দৃঢ় ; শক্ত ; Firm : —বিশ্বস্ত ; বিশ্বাসী ; Trusty :—উৎসাহী ; Zealous. *n*=stanchness (স্থিরতা ; দৃঢ়তা)। *ad*=stanchly (দৃঢ়ভাবে ; স্থিরভাবে)। *Syn* :—(*a*) Stopped, stayed ; strong and tight ; sound, stount , steady, unwavering, resolute.

Stanchion, stańshun, *n.* অবলম্বন ; খোঁটা ; ঠেকো ; চাড়া ; A prop ; a support.

Stand, stand, *v. i.* দণ্ডায়মান-হ ; দাঁড়াইয়া থাকা , Be fixed in an upright position ; be upon the feet : —এক ভাবে থাকা ; Be stationary :—স্থাপিত-হ ; অবস্থিত-হ ; Be situated or located :—স্থায়ী-হ ; Be permanent :—অগ্রসর না হওয়া ; To cease to proceed ; to cease to move :—থামা ; To halt :— অপেক্ষা-কৃ ; Await :—বাস-কৃ ; Abide :—সহিয়া থাকা ; সহ্য-কৃ ; Endure :—ঐক্য-হ ; Agree :—মিল হ ; To consist :—কার্য্যের প্রার্থনা-কৃ ; প্রার্থী হইয়া দাঁড়ান , To offer one's self as a candidate :—সাগরের দিগ্বিদেশ অবলম্বন-কৃ ; To hold a course at sea .— *v. t.* সহা ; সহ্য-কৃ , To endure ; to bear ; to suffer : —প্রতিরোধ-কৃ ; To withstand :—মানিয়া চলা ; To abide by :—খাড়া-কৃ , দাঁড় করান ; Cease to stand : —*n.* আড্ডা ; Station :—শঙ্কা , A difficulty :—দণ্ডায়মান অবস্থা ; স্থিতি ; Standing ; halt .—দর্শকদিগের মেজ ; মঞ্চ ; Platform :—বাধা ; প্রতিরোধ ; Act of resistance :—আটক ; Embrassment :—গমনে বিরতি ; A stop :—আধার ; Frame for flower ; frame for inkbottles. *pt.* and *pp*=stood. *Syn* :—(*v*) Remain, continue ; stop, halt, pause ; stay, persist ; be ; sustain, bear ; resist, oppose. (*n*) Stop, stay , post, position ; interruption, cessation, pause, standstill ; table ; stall, booth.

Be at a stand, Be at a stand-still—গতিরোধ-হ ; স্থগিত-হ , সঙ্কটে পড়া ; Be unable to go on.

Come to a stand—গতিরুদ্ধ-হ।

I will stand it out—I will persist in what I say.

Make a stand—শত্রুর গতিরোধার্থ দণ্ডায়মান-হ।

Make a stand—বাধা দিবার জন্ত দণ্ডায়মান-হ ; Halt for the purpose of offering resistance to (an pursuing enemy) ; :—পশ্চাদ্বর্ত্তী শত্রুকে তাড়াইবার জন্ত রোক্ করিয়া দাঁড়ান ; দমন করিবার চেষ্টা-কৃ ; Endeavour to overcome ; be in a stationary state owing to some difficulty :—এগুতে না পারা ; সঙ্কটে পড়া ; Be perplexed ; be embarrassed.

Put to a stand—হতবুদ্ধি-কৃ ; কিংকর্ত্তব্যবিমূঢ়-হ ; To perplex ; embarass.

Stand about—চারিদিকে গমনাগমন-কৃ ; Loiter about.

Stand a chance—সম্ভব-হ ; Have the possibility, likelihood.

Stand again—পুনঃ কার্য্যের প্রার্থী-হ ; Be a candidate again.

Stand against—প্রতিরোধ-কৃ ; বাধা দেওয়া , বিরুদ্ধে দাঁড়ান ; Resist.

Stand aghast at—ভয়ে বিহ্বল-হ ; ভয়ে জড়সড় বা আচম্বিত-হ ; Be greatly amazed ; be stupefied with sudden fright at.

Stand alone—স্বাধীন ভাবে থাকা ; Keep an independent position :—একাকী-হ ; Be solitary.

Stand aloof, Stand aloof from—দূরে দাঁড়ান ; Stand off.

Stand aside—একধারে দণ্ডায়মান ; Retire to one side.

Stand back, Stand back from—পশ্চাদ্গমন কৃ ; Retire.

Stand between—রক্ষা-কৃ ; Act as a shield :— মধ্যে দাঁড়ান , Occupy an intermediate place.

Stand by—কাছ ছাড়ান হওয়া ; সহায়তা-কৃ ; সমর্থন-কৃ ; রক্ষা-কৃ ; Not to desert , support .—শুদ্ধ দাঁড়াইয়া থাকা , নিকটে থাকা , নিকটবর্ত্তী থাকা ; উপস্থিত থাকা ; কিছু না করা ; Be an idle spectator ; be near ; be present without taking part :—সম্মত-হ ; রাজী-হ ; To abide by ; to agree.

Stand fast—দৃঢ়বদ্ধ থাকা ; দৃঢ়রূপে স্থাপিত-হ ; স্থির থাকা ; Be fixed , to be unshaken or immovable

Stand fire—গোলাগুলির ভয়ে না পলাইয়া দাঁড়াইয়া থাকা ; অক্ষুব্ধভাবে অগ্নিবর্ষণ সহ্য-কৃ ; গোলা বরিষণ সহ্য কৃ ; Receive a volley without giving way ; keep to one's place without being frightened by the shots and explosion going around.

Stand firmly on—সন্দেহশূন্য-হ , নিশ্চিত-হ।

Stand for—প্রার্থী-হ ; প্রতিনিধি-হ ; Be a candidate for :—বহিয়া-যা ; Hold or sail towards , direct course towards :—সমর্থন-কৃ , রক্ষা-কৃ , পক্ষাশ্রয়-কৃ ; To defend , side with.

Stand forth, Stand forward—সামনে উপস্থিত-হ ; Be prominent ; come forward.

Stand from—বহিয়া যাওয়া ; Sail away.

Stand good—বিবাদ সত্ত্বেও বলবৎ থাকা , Remain valid notwithstanding contest.

Stand in—ব্যয় করান।

Stand in, Stand in for—Sail towards.

Stand in fear of—ভীত-হ ; To be afraid.

Stand in need of—কোন কিছুর অভাবগ্রস্ত-হ।

Stand in one's light—কাহারও উন্নতির প্রতিরোধ-কৃ ; উন্নতির পথে দাঁড়ান।

Stand it—হাটিয়া না-যা ; Maintain one's ground ; stoutly to endure.

Stand off—দূরে থাকা ; দূরবর্ত্তী থাকা , তফাৎ থাকা , Keep at a distance.

Stand at the head—নায়ক হ, নেতা-হ; To be the leader. [হ; To be sponsor for it.
Stand for a child—বালকের ধর্মপিতা বা ধর্মমাতা-
Stand high—উঁচুদরের-হ; Be of high order.
Stand in hand—উপকারী-হ; To be serviceable; to be for one's advantage.
Stand in need of help—সাহায্য প্রার্থনা-কৃ।
Stand in one's shoes—অন্যের স্থানে-হ, To be in some special position or circumstances of another. [advantage.
Stand in stead—সুবিধা-হ; To be of great
Stand in the gap—কিছু রক্ষা করিবার নিমিত্ত নিজেকে বিপদগ্রস্ত-কৃ; To expose one's self for the protection of something.
Stand in the way of—বাধা-দে; প্রতিবন্ধক-কৃ, To hinder; to prevent.
Stand of arms—A musket with its usual appendage as a bayonet, &c.
Stand off and on—কোন স্থানাভিমুখে বহিয়া-যা; উপকূলের নিকটে যাওয়া আসা-কৃ, Keep sailing near a place:—বিলম্ব-কৃ, দেরী কৃ; Stand shilly.
Stand on—একই পথ অনুসরণ-কৃ; অবলম্বিত দিগভিমুখে চলিতে থাকা; Continue on the same course:—দণ্ডায়মান-হ, Rest or remain upon.
Stand on ceremony—শিষ্টাচার প্রদর্শন-কৃ, মানিয়া চলা, নিয়মপালন-কৃ; Be a strict observer of forms of civility, be precise about etiquette, be punctilious or exact in the observance of forms, customs, ceremonies &c.
Stand on end—রোমাঞ্চিত-হ, খাড়া-হ।
Stand one in—খরচা লাগান, To cost one.
Stand one in good stead—(কাহারও) কাজে আসা, উপকারে আসা, কাজে বা দরকারে লাগা; Avail one, be of great service or advantage one.
Stand one's ground—অধিকৃত স্থান রক্ষা-কৃ, হটিয়া না যাওয়া, নিজের স্থান রক্ষা-কৃ, Maintain one's station, maintain one position.
Stand one in little stead—বিশেষ কাজের না হওয়া, Be of little service to one.
Stand on one's legs—নিজের ক্ষমতার উপর নির্ভর-কৃ, To support one's self, to trust to one's strength or effort without aid.
Stand out—উন্নত-হ, সমুন্নত-হ; বিখ্যাত-হ, স্পষ্ট দেখিতে পাওয়া যায় বা বুঝিতে পারা যায় এমন ভাবে বাহির হইয়া থাকা; Be conspicuous; be prominent.—অন্য হইতে চিনিয়া লওয়া যায় এমন ভাবে থাকা. Stand conspicuously apart—লম্বমান-হ, বাহির হইয়া থাকা, Project:—নত না-হ, প্রতিরোধ করিতে থাকা, Not to yield; not to give way.
Stand out or out against—ভঙ্গ-হ, Secede—নত না-হ; অস্বীকার-কৃ; Oppose resolutely, refuse to yield.—বহিয়া-যা, Sail from land
Stand over—মুলতুবি থাকা, পড়িয়া থাকা, Be adjourned, remain in abeyance, be set aside for a time. [duty of a sentinal
Stand sentry—পাহারা-দে, শান্ত্রীর কার্য্য-কৃ, Do the
Stand still—স্থিরভাবে থাকা, Be at rest.
Stand the test—নিকষ-পরীক্ষায় উত্তীর্ণ-হ, পরীক্ষায় উত্তীর্ণ-হ; Bear up under the trial:—পরীক্ষায় ভগ্নে-না; Go through a trial successfully:—পরীক্ষায় টেঁকা বা না হটা: Not to give way under a critical examination.

Stand to—কোন প্রতিজ্ঞা, উদ্দেশ্য বা মত বজায় রাখা; Remain fixed in (one's purpose or opinion):—দৃঢ়-হ; দৃঢ়সঙ্কল্প করিয়া-কৃ; অধ্যবসায়ী-হ; নাছোড়বান্দা হইয়া থাকা; Persevere in; adhere to.—পালন-কৃ; স্বীকার-কৃ; অন্যথা হইতে না দেওয়া; Abide by:—অনুসারে চলা, ঐক্য-হ, মিল-হ; সঙ্গত-হ; To be consistent with. [be consistent, to agree.
Stand together—ঐক্য-হ; সঙ্গত-হ, মিল-হ, To
Stand to one's gun—অটলভাবে থাকা, Persevere—আত্মরক্ষা বা প্রতিরোধ করিতে দাঁড়ান।
Stand to reason—সঙ্গত-হ, যুক্তিযুক্ত-হ, To be in accordance with reason; to be right or fitting.
Stand to sea—বহিয়া-যা, To sail from land.
Stand treat—ভোজের খরচ দেওয়া; Pay the expenses of a feasting.
Stand trial—পরীক্ষায় উত্তীর্ণ-হ, যাবৎ পরীক্ষিত না হয় তাবৎ ত্যাগ না-কৃ; Sustain the trial of a cause.
Stand under—সহ্য-কৃ; সহা; Undergo
Stand up—দণ্ডায়মান-হ; খাড়া-হ; দাঁড়াইয়া উঠা; বলিতে উঠা; Rise from sitting:—দল বাঁধা; Make a party. [হ; Oppose, resist.
Stand up against—বাধা-দে; প্রতিকূল বা বিরোধী-
Stand up for—সমর্থন করিতে দাঁড়ান, রক্ষা-কৃ; Defend; uphold; be the champion:—যাহাতে রক্ষা পায় তাহা করিবার জন্য প্রস্তুত থাকা, Be in favour of something so as to be ever ready to fight for it.
Stand upon—দণ্ডায়মান-হ, Stand on:—জিদ-কৃ; Insist:—মূল্যবান্ বিবেচনা-কৃ; To interest; to value:—আক্রমণ-কৃ; Attack:—গর্ব্ব-কৃ; Take pride in.
Stand up to—দৃঢ়ভাবে বাধা-দে; Oppose steadily.
Stand with (or to) reason—ঐক্য-হ, যুক্তিসঙ্গত-হ; মিল-হ; Be consistent with.
Take one's stand on—কিছুর উপর দাঁড়ান; Station oneself on—কোন কিছুর জোর পাইব বলিয়া তাহার উপর ভর-কৃ; কোন কিছুর উপর নির্ভর করিয়া থাকা, Rest on something for support; take a position of resistance on the strength of
To stand to a bargain—কোন কর্ম্ম ত্যাগ না কৃ; To abide by it.
Standard, standard, *n.* পতাকা; ধ্বজা, রণপতাকা. Flag; ensign of war—নির্দ্ধারিত বিষয় (নিয়মাদি); That which is fixed, as a rule:—আদর্শ, নিরিখ; Criterion, rule or model—পরীক্ষা, Test:—*a* নিয়মিত, স্থিরীকৃত, বিধিনির্দ্দিষ্ট, Fixed, settled—নিরূপিত বা স্থায়ী মূল্যবিশিষ্ট; Having a fixed or permanent value:—প্রামাণিক, Legal—সাধারণ; Usual. *Syn*—(*n*) Measure gauge, test, model, scale, upright, support, banner, pennon.
Come up to one's standard—কাহারও মনের মত আদর্শস্বরূপ হইতে পারে এত দূর উঠা; Rise or reach to the point (of excellence considered by one as a model). [সংখ্যায় আসিয়া জুটা।
Flock to one's standard—কাহারও দলে বহু
Join one's standard—যুদ্ধার্থ কোন নেতার বা অভিনায়কের সহিত যোগ দে, Join a leader with a view to fight for him.
Set (or raise) up a standard of rebellion—রাজবিদ্রোহী-হ, বিদ্রোহ-পতাকা উড্ডীয়মান-কৃ; To rebel, declare war against the ruling authority.
Set up one's standard—নিশান তুলিয়া দলস্থ লোকগণকে যুদ্ধার্থ আহ্বান-কৃ, Raise a leader's ensign of war inviting people to come and fight for him.

Standard of rebellion—বিদ্রোহ-পতাকা।

Standard-bearer, *n.* পতাকা-বহনকারী কর্মচারী; বৈজয়ন্তিক; An officer who bears a standard.

Standing, standing, *a.* দণ্ডায়মান; খাড়া; Erect:—স্থায়ী; Permanent:—অবহমান; স্থগিত; বদ্ধ; অপ্রবাহিত; চলাচলরহিত; Stagnant; not movable:—স্থির; Fixed:—নির্দ্ধারিত; Settled:—প্রতিষ্ঠিত; Established:—*n.* অস্তিত্ব; স্থায়িত্ব; Existence:—অবস্থান; স্থিতি; Continuance:—পদ; স্থান; সামাজিক পদ; Station; rank; position in a society:—স্বভাব; Character. [পুরাতন উকিল।

A pleader of long standing—বহুদিনের উকীল;

Of long standing—বহু কালের; পুরাণ; Existing for a long time.

Standing-army, *n.* স্থায়ী বেতনভোগী; রাজ্যরক্ষার্থ স্থায়ী বৈতনিক সৈন্য; A permanent body of troops.

Standing-colour, *n.* যে রঙ্ ধুইয়া যায় না; That which does not wash out.

Standing crop or **corn**—অকর্ত্তিত শস্য; ক্ষেত্রে দণ্ডায়মান শস্য; Crop not cut down.

Standing-dish, *n.* উপযুক্ত খাদ্যদ্রব্য; Favourite dish; one regularly served.

Standing-joke, *n.* যে তামাসা অনবরত করা হয়; The joke which frequently repeated. [nuisance.

Standing-nuisance, *n.* স্থায়ী জঞ্জাল; Permanent

Standing-orders, *n.* স্থায়ী আইন; নির্দ্দিষ্ট বলবৎ আদেশ; Permanent regulations of a legislature.

Standing-room, *n.* দাঁড়াইবার স্থল; Space for standing.

Standing-stigma, *n.* চিরস্থায়ী কলঙ্ক।

Standing-water—বদ্ধ জল; Stagnant water.

Standish, standish, *n.* কলমদান; লেখনী ও মসীর আধার; A standing dish or case for pen and ink.

Stand-point, *n.* নির্দ্দিষ্ট স্থান; দাঁড়াইয়া দেখিবার স্থল; A fixed point or station. [ক্ষান্তি; A stop.

Stand-still, standstil, *n.* স্থিরতা-বিশ্রাম; বন্ধ;

Be at a standstill—বদ্ধ থাকা; স্থগিত থাকা।

Stand-up, *a.* (মুখোমুখি ব্যাপারে) সম্মুখে দণ্ডায়মান হইয়া সম্পাদিত; Manfully contested.

Stang, *n.* দণ্ড; ঠেঙ্গা; A pole.

Stanhope, *n.* দুই চাকার গাড়ী বিশেষ; A coach.

Stank, *n.* বাঁধ; A dam or mound to stop water:—পরিখা; A ditch.

Stannary, stanar-i, *a.* টিনের খনিসম্বন্ধীয়; টিনের কার্য্য সম্বন্ধীয়; Of or pertaining to tin mines or works:—*n.* টিনের খনি: টিনের কাজ; A tin mine or works.

Stannic, stanik, *a.* টিন সম্বন্ধীয়; টিন হইতে উৎপন্ন; Pertaining to or procured from tin.

Stanza, stanza, *n.* চরণ; শ্লোক; A number of poetical lines of verses regularly adjusted to each other.

Staple, stápl, *n.* দেশের প্রধান উৎপন্ন দ্রব্য; প্রধান পণ্যদ্রব্য; The principal production or commodity of a district or country:—গঞ্জ; আড়ং; প্রধান বাজার; The chief mart:—আমদানী মাল; প্রধান উপাদান; Raw material; the principal element:—আঁস; সূতা; The tread of textile, fabrics:—খিল-ঘরা; A loop of iron to hold a pin:—*a.* প্রতিষ্ঠিত; নির্দ্ধারিত; প্রধান; চলিত; Established in commerce; regularly produced or made for market.

Staple product—প্রধান পণ্যদ্রব্য।

Stapler, stápler, *n.* ব্যবসায়ী; পণ্যজীবী; A dealer.

Star, stär, *n.* তারকা; নক্ষত্র; তারা: Heavenly body; one of the luminous bodies in the heavens, except the sun and moon:—উজ্জ্বল গুণসম্পন্ন লোক; পদবী বা মর্য্যাদা সম্পন্ন ব্যক্তি; A person of brilliant or attractive qualities:—পদবী বা মর্য্যাদা সূচনার্থ তারকা চিহ্ন; A representation of a star worn as a badge of rank or honour:—Decoration of knighthood:—* লিখন বা মুদ্রাঙ্কনে চিহ্ন বিশেষ; Asterisk:—*v. t.* তারকান্বিত-কৃ; সুশোভিত-কৃ; চুমকি বসান; To set with stars; to bespangle:—*v. i.* নক্ষত্রের ন্যায় দীপ্তিমান-হ; To shine as a star:—মনোযোগ আকর্ষণ-কৃ; To attract attention.

A (man's) good star—শুভ নক্ষত্র।

A star of the first magnitude—সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট; যাহাতে সকলকে কাণা করিয়া দেয়; A person or thing that outshines all the rest.

Bless one's stars—আপনাকে ভাগ্যবান মনে-কৃ।

Falling (or shooting) star, *n.* নক্ষত্র-পতন; তারকা-পাত; A luminous meteor seen shooting athwart the sky, often in great numbers.

His star in the ascendant—তাহার সুপাড়তা; He is in luck's way.

Stars and stripes—আমেরিকার মিলিত-রাজ্যের পতাকা-চিহ্ন; Standard of the Americo-English.

Star of India—উপাধি বিশেষ; An order of Knighthood instituted by Queen Victoria in 1861. [Partly blind.

Star-blind, *a.* কতক পরিমাণে অন্ধ; অস্পষ্টদর্শী;

Star-board, stär'bōrd, *n.* জাহাজের দক্ষিণ পার্শ্ব; The righthand side of a ship to one looking toward the bow:—*a.* জাহাজের দক্ষিণ পার্শ্বস্থ; Lying on the right side of a ship.

Starch, *a.* কঠিন; শক্ত; Stiff; precise:—*n.* কাঠিন্য; বাহ্যানুষ্ঠান; Stiffness, formality.

Starch, stärch, *n.* শ্বেতসার; ফলাদির শ্বেতাংশ; মাড়; A white glistering powder to stiffen cloth:—*v. t.* মাড়-দে; মণ্ড বা কলপ দিয়া শক্ত-কৃ; To stiffen with starch. *n*=starcher.

Star-chamber, *n.* বিলাতের ফৌজদারী আদালত, ১৬৪১ অব্দে উঠিয়া যায়; An ancient criminal court in England, abolished in 1641.

Starched, stärcht, *n.* কঠিন; শক্ত; Stiff; formal. *ad*=starchedly, *n*=starchedness. *Syn*:—Formal, punctilious, ceremonious.

Starchy, stärchi, *a.* মাড়পূর্ণ; মণ্ডবৎ; মণ্ডের মত; Consisting of or resembling starch:—শক্ত; কঠিন; Stiff; precise.

Stare, stār, *v. i.* একদৃষ্টে চাহিয়া থাকা; কটমট করিয়া তাকান; তাকাইয়া দেখা; To gaze earnestly; to look fixedly:—*v. t.* দৃষ্টি-কৃ; একদৃষ্টিতে দেখা; To look earnestly at:—*n.* একদৃষ্টি; স্থিরদৃষ্টি; A fixed look.

Stare at—আহাম্মকের ন্যায় হাঁ করিয়া তাকান; Look with fixed eyes at a person or object, as from wonder, stupidity, or impudence.

Stare (one) in the face—স্পষ্ট প্রতীয়মান-হ; সুস্পষ্ট-হ; চক্ষুর উপর উপস্থিত থাকা; Be plainly visible before one's eyes.

Stare one out of countenance—কাহারও পানে এমন ভাবে তাকান যে সে ব্যক্তি আর মুখ তুলিতে পারে না বা লজ্জিত হয়; Stare so as to confound one:—কটমট করিয়া তাকাইয়া অপ্রতিভ-কৃ; Stare so as t

abash one :—ঢেকে ফেলা ; মলিনপ্রভ-কৃ ; Throw into the shade ; outshine.

Star-fish, stär'fish, *n.* সামুদ্রিক মৎস্য বিশেষ ; A radiate ; a marine animal.

Star-gazer, stär'gāzer, *n.* জ্যোতির্ব্বেত্তা ; জ্যোতির্বিৎ ; নক্ষত্রদর্শক ; An astronomer ; an astrologer.

Stark, stärk, *a.* সম্পূর্ণ ; Absolute ; gross ; entire :—*ad.* সম্পূর্ণরূপে ; একেবারে ; Wholly ; entirely ; absolutely :—*a.* কঠিন ; শক্ত ; Stiff ; rigid : —জোরাল ; Strong :—কেবল ; Mere :—নগ্ন ; Naked. *n*=starkness, *ad*=starkly. *Syn* :—Sheer, simple, pure, bare.

Stark-naked—সম্পূর্ণ উলঙ্গ ।

Star knowledge (*or* **lore** or **reading**), *n.* জ্যোতির্বিদ্যা ; Astronomy.

Star-light, *n.* নক্ষত্রালোক ।

Starling, stär'ling, *n.* পক্ষিবিশেষ ; A talking bird :—কীলক শ্রেণী ; A ring of piles.

Star-monger, *n.* জ্যোতির্ব্বিৎ ; Astrologer.

Star-paved, *a.* নক্ষত্র দ্বারা খচিত ; studded with stars.

Star-proof, *a.* Impervious to star-light.

Starrod, stard, *a.* নক্ষত্র দ্বারা সুশোভিত ; নক্ষত্রাকৃতি দ্বারা শোভিত ; Adorned or studded with stars.

Ill-starred, *a.* গ্রহ-বৈগুণ্যের বশতাপন্ন ; অশুভ নক্ষত্রের দৃষ্টিযুক্ত ।

Starry, stär'i, *a.* তারকা দ্বারা সুশোভিত, তারকাময় ; Adorned or abounding with stars :—নক্ষত্রঘটিত ; তারকা হইতে উৎপন্ন ; নক্ষত্রোদ্ভূত ; Consisting or proceeding from the stars :—নক্ষত্রবৎ ; তারার মত উজ্জ্বল, নক্ষত্রবৎ উজ্জ্বল ; Like or shining like stars.

Start, stärt, *v. i.* প্রস্থান-কৃ ; চড়িয়া বা ছুটিয়া-যা, To set out :—সহসা সঞ্চালিত-হ ; চকিত-হ, To move suddenly :—চমকিয়া উঠা ; সঙ্কুচিত-হ ; শিহরিয়া উঠা ; আঁৎকে উঠা ; To wince, to shrink :—আরম্ভ-কৃ ; To begin :—আলগা-হ ; To loosen :—*v. t.* আরম্ভ-কৃ ; To set on foot :—সহসা ন্যস্ত-কৃ ; সহসা আলোড়িত-কৃ ; To disturb suddenly :—প্রবর্ত্তিত-কৃ ; চালন-কৃ ; খোলা বা চালান ; To set in motion :—ঢালিয়া-দে ; To pour out :—খালি-কৃ ; To empty : —ভীত-কৃ ; চকিত-কৃ ; চমকাইয়া-দে ; To alarm : —*n.* চকিতভাবে প্রস্থান ; চমকানি ; চমকান, A sudden movement :—আরম্ভ, Outset ; beginning : —প্রস্থান ; A setting :—লম্ফ ; A quick spring :— প্রথম গতি বা প্রবৃত্তি ; The first motion. *Syn* :—(*v*) Flinch ; depart, rouse, startle ; evoke raise ; begin, institute.

By fits and starts—মধ্যে মধ্যে ; সময়ে সময়ে ; Occassionally.

From start to finish—প্রথম হইতে শেষ পর্য্যন্ত ।

Get or **have the start of**—অন্যের অগ্রে আরম্ভ-কৃ ; কাহারও পূর্ব্বে আরম্ভ-কৃ ; Begin before another :— এগিয়ে যাওয়া ; অগ্রসর-হ ; Be in a advance of :— (এক কাজে) অন্যের অগ্রে কার্য্য হাসিল-কৃ ; Gain advantage over.

Give one a start—প্রথম কর্ম্মে প্রবৃত্ত করাইয়া দেওয়া ; Enable one to begin life.

Start after—অনুগমন-কৃ ; পশ্চাদ্ধাবন-কৃ ; Pursue.

Start against—প্রতিদ্বন্দ্বী হইয়া বিরুদ্ধে কর্ম্ম-কৃ ।

Start at—প্রস্থান-কৃ ; যাওয়া ; Set out.

Start for—(কার্য্যের) প্রার্থী-হ ; Become a candidate for some place :—অভিমুখে যাত্রা-কৃ ; যাত্রা-কৃ ; Make an expedition towards ; set out with the aim of reaching a place.

Start game—Arouse some object of pursuit.

Start off, Start off from—অকস্মাৎ প্রস্থান-কৃ ; Depart of a sudden.

Start to one's feet—ধপ্ করে উঠে পড়া ; Rise suddenly from one's seat.

Start up—হঠাৎ উঠিয়া পড়া ; বেরিয়ে পড়া ; হঠাৎ দৃষ্টিপথে আসা ; Rise suddenly (from one's seat) ; bring into motion.

Start with—আরম্ভ-কৃ ; সুরু-কৃ ; Begin.

Starting, *n.* প্রারম্ভ ; Beginning.

At starting—আদৌ ; প্রারম্ভে ; কর্ম্মকার্য্যে প্রবৃত্ত হইবার কালে ; At the outsets of one's career, when one begins life.

Starting-point, *n.* যে স্থান হইতে গমন আরম্ভ হয় ; Point of departure.

Starting-post, stärting-post, *n.* যে স্থান হইতে দৌড় আরম্ভ হয় ; Place from which a race begins.

Startle, stärt'l, *v. i.* হঠাৎ ভীত-হ ; আশ্চর্য্যান্বিত-হ ; To feel sudden alarm ; to excite by sudden alarm :—*v. t.* ভীত-কৃ ; চকিত-হ ; আশ্চর্য্যান্বিত-কৃ ; To excite suddenly ; to shock ; to frighten :—*n.* আকস্মিক ভয় বা বিস্ময় ; ভয় বা বিস্ময়জনিত অকস্মাৎ চমক ; চমকানি ; আতঙ্ক ; Sudden alarm or surprise. *Syn* : —(*n*) Start, fright, alarm, surprise, astonish.

Startle at—হঠাৎ কোন ভয়ের ব্যাপারে চমকিয়া বা শিহরিয়া উঠা ; Move suddenly under the influence of sudden alarm or surprise.

Startling, *a.* ভয়ানক ; আতঙ্কজনক ।

Startling news—যে সংবাদ শুনিলে বিস্মিত হইতে হয় ।

Starvation, stär-vāshun, *n.* অনাহারে প্রাণত্যাগ ; অনাহার ; উপবাস ; অনাহার জন্য শীর্ণতা ; The act of starving ; the state of being staved.

Starve, starv, *v. i.* অনাহারে মরা ; অনশন-কৃ ; অত্যন্ত ক্ষুধার্ত্ত-হ ; To die with hunger ; to suffer extreme hunger :—*v. t.* অনাহারে মারা ; শুকাইয়া মারা ; To kill with hunger ; to destroy by want :—ক্ষমতাশূন্য-কৃ ; শক্তিহীন-কৃ ; নিস্তেজ-কৃ ; To deprive of power.

Starve out—ক্রমশঃ অনাহারে মরা বা মারা ; Kill or perish with hunger gradually.

Starve to death—অনাহারে মারা ; Perish with starving ; kill with starving.

Starve with cold—শীতে মৃত-হ ; Perish with cold.

Starved, *p. a.* ক্ষুধার্ত্ত ; খাদ্যাভাবে বিনষ্ট বা অবসন্ন ।

Starveling, stärv'ling, *a.* ক্ষুধিত ; শীর্ণ ; কৃশ ; দুর্ব্বল ; হীনবল ; Hungry, lean, weak :—*n.* অনাহারে শীর্ণ পশ্বাদি ; A thin, weak, pining animal or plant.

State, stāt, *n.* [L. *status*, a standing] অবস্থা ; দশা ; Position ; condition :—সমৃদ্ধি ; ঐশ্বর্য্য ; বিভব ; Grandeur ; splendour :—রাজ্য ; Government ; sovereignty :—পদ ; মর্য্যাদা ; Rank ; quality :— সম্প্রদায় ; শ্রেণী ; A body of men :—*pl.* দেশের ব্যবস্থা সমাজ ; The bodies constituting the legislature of a country :—*a.* রাজশক্তি সম্বন্ধীয় ; Belonging to the state :—সাধারণের ; Public :— রাজকীয় ; Royal :—আড়ম্বরশালী ; জাঁকাল ; Ceremonial ; pompous, magnificent :—*v. t.* বলা ; বর্ণনা-কৃ ; বিবৃত-কৃ ; To express the particulars of ; to tell, set forth, narrate. *Syn* :—(*n*) Situation, plight ; predicament ; commonwealth ; parade, pomp, dignity. (*v*) Enumerate, specify, explain, profound, recite.

In state—দস্তুর মত ; With due formality :— মর্য্যাদানুরূপ জাঁকজমকে বা আসবাবের সহিত ; With all the pomp befitting one.

Life in state—সমাধির পূর্ব্বে মৃতদেহ সাধারণে দেখিবে বলিয়া রাজবেশে রাজগৃহে থাকা ; Be kept for public observation before burial.

State ball—রাজগৃহে নৃত্য বিশেষ ; Ball at a palace.

State barge—সরকারী বজরা বা নৌকা ।

State carriage—রাজকীয় গাড়ী ।

State-craft, *n.* রাজ্য-কৌশল ।

State criminal—রাজদ্রোহের নিমিত্ত বন্দী ; রাজ্যের বা রাজার বিরুদ্ধাচরণ বশতঃ বন্দীকৃত ব্যক্তি ; One charged with offences against the state.

Stated, stāt'ed, *a.* নির্দ্দিষ্ট, নিরূপিত ; স্থিরীকৃত ; যথাকালে ঘটিত ; Settled ; established , fixed ; regular. *ad*=statedly.

State-house, stāt'hows, *n.* রাজকীয়-ব্যবস্থাসমাজের অধিবেশনাগার ; The house in which the legislative of a state holds its sessions.

State legislature—আমেরিকার ব্যবস্থাপক ; Legislature of the United States.

Stately, stāt'le, *a.* জমকাল ; মহান্, প্রতাপশালী ; গৌরবান্বিত , উচ্চ ; Majestic. *n*=stateliness. *Syn* :—Lofty, dignified, magnificent, august, formal, ceremonious, solemn, pompous.

Statement, stāt'ment, *n.* বাক্য ; উক্তি , বিবরণী ; বিবরণ , বর্ণনা ; বর্ণনা-পত্র ; A narrative , a recital. *Syn* :—Specification, enumeration, announcement, declaration, narration, relation, description, explanation, account, report.

State-monger, *n.* রাজনীতিজ্ঞ , Politician.

State-paper, stāt'pāpėr, *n.* রাজকীয় দলিলপত্র . Document relating to affairs of state or commonwealth.

State-prisoner, *n.* রাজবিদ্রোহের নিমিত্ত বন্দী ; A prisoner confined for offences against the state

State-room, stāt'rōōm, *n.* রাজপ্রাসাদের দরবার-গৃহ ; রাজকীয় গৃহ ; Magnificent room ; a stately room in a palace or mansion :—জাহাজের সজ্জিত প্রকোষ্ঠ ; The principal room in a ship's cabin.

States general, *n.* Holland :—ওলন্দাজ ব্যবস্থা-সভা ; ফরাসী প্রতিনিধি-সভা , Legislature of Holland · —Old legislature of France.

Statesman, stāts'man, *n.* রাজনীতিজ্ঞ , A politician :—রাজকর্ম্মচারী ; রাজপুরুষ ; One employed in public affairs. *a*=statesmanlike, statesmanly.

Statesman-like, stāts'man-lik, *a.* রাজনীতিজ্ঞের মত . রাজনীতিকুশলোচিত ; রাজপুরুষোচিত , Like or becoming a statesman.

Statesmanship, *n.* নীতিকৌশল ; রাজনীতি ; রাজ-নৈতিকতা , A policy.

State-trial, *n.* রাজ্যের বিরুদ্ধাচরণ দোষে অপরাধী ব্যক্তির বিচার ; A trial for political offences.

Static, Statical, *a.* নিশ্চল ; গতিশূন্য ; Resting : —চাপশূন্য ; গুরুত্বহেতুক ; Acting by mere weight without motion.

Statics, *n.* স্থিতি বিদ্যা ; স্থিতি বিজ্ঞান ; স্থৈর্য বিজ্ঞান ; মিশ্রগণিতের বিভাগ বিশেষ ; The branch of mechanics which treats of the properties of bodies when standing still or at rest. *a*=static.

Station, stāshun, *n.* অবস্থিতির স্থান ; আড্ডা ; The place where a person or thing stands :—পদ ; Rank ; office :—কর্ম্ম ; Busition :—রেলগাড়িতে উঠিবার ও নামিবার স্থান ; বাষ্পীয় শকটের আড্ডা ; A halting or starting place in a railway :—জীবনের অবস্থা ; দশা ; Condition of life :—অবস্থা ; State :—সৈন্য নিবেশ ; The quarters of a regiment or the place where located :—থানা ; ফাঁড়ি ; The place where the police force is assembled ; post :—*v. t.* স্থাপন-কৃ ; রাখা ; নিযুক্ত-কৃ ; Place in a certain rank, to set, to post. *Syn* :—(*n*) Location, situation ; employment, occupation, business ; standing, condition, status ; depot. (*v*) Locate, set, fix, post, establish.

Military station—সৈন্য-নিবাস ।

Stationary, stāshun-ar-i, *a.* স্থির ; অটল ; Settled ; fixed :—উন্নতশীল নহে ; হ্রাসবৃদ্ধিরহিত ; অনুন্নতি-শীল ; Not progressing ; not improving.

Stationer, stāshun-ėr, *n.* কাগজ কলম কালী প্রভৃতি বিক্রেতা ; Dealer in paper, pen, ink &c.

Stationery, stāshun-ėr-i, *n.* বিক্রেয় কাগজ, কলম প্রভৃতি . The articles sold by a stationer :—*a.* কাগজাদি বিক্রেতার ; Belonging to a stationer.

Station-house—থানা ; ফাঁড়ি ; Police station :—রেলের আড্ডা , Railway station.

Station-master, *n.* লৌহবর্ত্ম আড্ডার প্রধান কর্ম্মচারী ; ষ্টেশনের কর্ত্তা ।

Statist, *n.* রাজনীতি বিশারদ ; Statesman, a politician.

Statistic, Statistical, *a.* সামাজিক অবস্থাদির বিবরণ সম্বন্ধীয় বা তৎসমন্বিত , Pertaining to, or containing, statifics *ad*=statistically.

Statistician, *n.* সামাজিক অবস্থাদির সংগ্রহ বিদ্যাবিৎ পণ্ডিত ; One skilled in the science of statistics.

Statistics, sta-tis'tiks, *n* জনসাধারণের অবস্থা সংখ্যা আয়ব্যয়াদি সম্বন্ধীয় তথ্যাবলী ; রাজ্যের লোকসংখ্যা. সামাজিক অবস্থা ইত্যাদির বিবরণ , সংবাদ ; A collection of facts and figures on the social state, length of life, population &c., of a country ; the science which has to do with the collection and arrangement of statistics. *a*=statistic, statistical (জনসাধারণের অবস্থার বিবরণ ঘটিত) ।

Stative, *a.* নির্দ্দিষ্ট শিবির বা সেনানিবেশ সম্বন্ধীয় ; Pertaining to a fixed camp, or military quarters.

Statuary, stat'ū-ar-i, *n.* মূর্ত্তি-নির্ম্মাণ বিদ্যা ; মূর্ত্তি খোদিবার বিদ্যা ; মূর্ত্তি নির্ম্মাণ কার্য্য ; The art of carving statues :—প্রতিমা-নির্ম্মাণকারী ; ভাস্কর ; প্রতিমা-ব্যবসায়ী ; One who makes statues ; one who deals in statues.

Statue, stat'ū, *n.* [L. *statuo*, to cause to stand] মূর্ত্তি ; প্রতিমা ; সাদৃশ্য ; Carving of a living being ; image :—*v. t.* মূর্ত্তি খোদিত-কৃ ; মূর্ত্তি স্থাপন-কৃ ; To form a statue of ; to place, as a statue.

Statuesque, stat-ū-esk, *a.* মূর্ত্তিসদৃশ ; প্রতিমাবৎ ; Like a statue :—স্থির :—*n.* প্রতিমার অঙ্গ ।

Statuette, stat-ū-et', *n.* ক্ষুদ্র প্রতিমা ; A small statue.

Stature, stat'ūr, *n.* দেহের স্বাভাবিক উচ্চতা বা দীর্ঘতা ; মূর্ত্তি ; The natural height of an yanimal body.

Short of stature—খাট খোট গঠন ; হ্রস্ব-দেহ ।

Status, stātus, *n.* অবস্থা ; পদ ; সামাজিক মর্য্যাদা ; স্থিতি ; Condition ; rank.

Statusquo, *n.* পূর্ব্বাবস্থা ; যুদ্ধ হইবার পূর্ব্বের অবস্থা ; যেমন ছিল তেমন ভাব ; The state in which it was before the war.

Statutable, stat'ūt-a-bl, *a.* ব্যবস্থানুসারী ; রাজবিধি-দ্বারাকৃত , Made by statute ; according to statue. *ad*=statutably.

Statute, stat'ūt, *n.* [L. *statutus*, *pp.* of *statuere*, to set, ordain] বিধি ; লিখিত ব্যবস্থা ; আইন ; A

written law ; a law expressly enacted by the legislature ; an act of the legislature of a state. *Syn* :—Enactment, ordinance, regulation, edict.

Statute book, *n.* বিধি পুস্তক ; আইন বই ; A book containing statutes or laws.

Statute of limitation, *n.* Law which assigns a certain time in which an action shall be brought or the claim be lost.

Statutory, *a.* বিধিবদ্ধ ; বিধিবিহিত ; ব্যবস্থানুযায়ী ; ব্যবস্থা বা আইন দ্বারা নিরূপিত ; Depending on statute for its authority ; enacted by statute ; established by statute. [রাজকর্ম্মচারী ।

A statutory civilian—স্বতন্ত্র বিধি অনুসারে নিযুক্ত

Staunch—See *stanch.* [Firm or steady in.

Staunch to—দৃঢ়রূপে অবলম্বন করিয়া (থাকা বুঝায়) ;

Stave, stāv, *n.* যষ্টি ; Staff :—সরু কাঠ ; পিপার কাষ্ঠ বিশেষ ; Thin narrow plank of a cask :—সঙ্গীতাংশ ; শ্লোক ; Verse of a psalm ; a stanza :—*v. t.* ভেদ-কৃ, ছিদ্র-কৃ, ধাক্কা-দে ; ভিতরে প্রবেশ করান ; To burst ; to push :—বিলম্ব-কৃ ; To put off ; to delay.

Stave off—নিবারণ-কৃ ; Obviate.

Surveillance, sur-vefyans, *n* তত্ত্বাবধারণ পরিদর্শন, নজর, পর্য্যবেক্ষণ, Inspection, constant inspection of the police, supervision, watch

To be under the surveillance of—দৃষ্টিপথে থাকা, নজরবন্দী থাকা।

Survey, sur-vā, *v. t* [F *surveoir* from *sur* over, and *veoir*, L *videre*, to see] মনোযোগপূর্ব্বক দর্শন-কৃ, বিশেষ করিয়া দেখা, দৃষ্টি কৃ, To see over to look over, inspect —পরিমাণ কৃ, জরিপ-কৃ, To measure and estimate, as land —পরীক্ষা-কৃ, To examine —*n* নিরীক্ষণ, সবিশেষ দৃষ্টি, An attentive view —পরীক্ষা, Examination —ক্ষেত্রমাপ, জরিপ The measuring of land or of a country *Syn* —(*v*) Overlook, view, observe, scrutinize (*n*) Sight, prospect inspection mensuration

Surveying, *n* ক্ষেত্রমাপন বিদ্যা, জরিপ।

Surveyor, sur-vāor, *n* পরিদর্শক, তত্ত্বাবধারক; An overseer, one placed to superintend others —ক্ষেত্র-মাপকারী, পরিমাপক, আমিন A measurer of land *n*=surveyorship

Survival, sur-vival, *n.* অন্যের মৃত্যুর পর জীবন ধারণ, A living after the death of another as outliving [অধিক উপযোগী তাহাদের বংশ-রক্ষা।

The survival of the fittest—যাহারা সর্ব্বাপেক্ষা

Survive, *v t* অতিক্রম করি। জীবিত থাকা কাহারও মৃত্যুর পর বাঁচিয়া থাকা, To live longer than to outlive —*v i.* কাহারও মৃত্যুর পর বাঁচিয়া থাকা ছাড়াইয়া বাঁচা, জীবিত থাকা, To remain alive (after the death of another)

Survivor, sur-vivor, *n* যে ব্যক্তি অন্যকে অতিক্রম করিয়া বাঁচিয়া থাকে, এক জনের মৃত্যুর পর যে বাঁচিয়া থাকে, অপেক্ষাকৃত দীর্ঘজীবী, One who lives after another

Susceptibility, sus-sep-ti-bil-i-ti, *n* অনুভব-ক্ষমত্ব, গ্রহণক্ষমতা, প্রবণতা, Sensibility, capability

Susceptible, sus sep'te-bl, *a* [L. *suscipere*, to take up] অনুভবক্ষম, গ্রহণক্ষম, প্রবণতা-বিশিষ্ট Impressible, capable of admitting, capable of receiving any thing *Syn* —Susceptive, sensitive, excitable, tender

Susceptible of (or to)—সহজে অনুভব করা বা লাগা, Capable of receiving impressions, or of being easily affected by.

Susceptive, sus-sep'tiv, *a.* গ্রহণকারী; গ্রহণশীল; প্রবণ, Capable of admitting or receiving; readily admitting *n*=susceptiveness, susceptivity.

Suspect, sus-pekt', *v. t.* [L. *sub*, under, and *specere*, to look] সন্দেহ কৃ, To conjecture; to doubt —অবিশ্বাস-কৃ, To mistrust :—দোষী বলিয়া সন্দেহ কৃ, দোষী বিবেচনা-কৃ, To imagine to be guilty. *Syn* —Surmise, guess, doubt, distrust.

Suspect (one) of—কেহ কোন দোষ করিয়াছে বা তাহার কোন দোষ আছে বলিয়া সন্দেহ-কৃ, Imagine one to be guilty of

Suspected, *a* সন্দিগ্ধ, সন্দেহিত।

Suspend, sus pend, *v t.* ঝুলান, লটকান, টাঙ্গান; Make to hang by anything, to hang .—বিলম্ব-কৃ, বন্ধ কৃ, To delay, to stay —কিছুদিনের জন্য কর্ম্মচ্যুত-কৃ, কিছুকালের জন্য অপসৃত কৃ, Cause to cease for a time, debar for a time from office or duty —বঞ্চিত-কৃ, To debar *Syn* —Hang, sling, interrupt, stop, discontinue intermit, stay, postpone, withhold, debar

Be suspended in mid air—স্বীয় কার্য্য হইতে বিচ্যুত হ, Be debarred from the exercise of its legitimate functions

Suspend in a swing—শিকায় ঝুলান।

To suspend payments—ঋণ পরিশোধে অক্ষম হ, দেউলিয়া হ, দেনা দেওয়া বন্ধ-কৃ, To become bankrupt

Suspense, sus-pens, *n* অনিশ্চয়তা, অনিশ্চিতাবস্থা, সন্দেহ দ্বিধা, সন্দেহজনিত উৎকণ্ঠা, Indecision, uncertainty. *Syn* —Anxiety solicitude, misgiving, apprehension, intermission, cessation, respite, rest pause

Be in suspense—কি হইল তাহা জানিতে না পারা, সংশয়াম্বিত অবস্থায় থাকা অমীমাংসিত-হ, সংশয়াপন্ন হইয়া থাকা, Be in a state of uncertainty

Keep one in suspense—কাহাকে সংশয়াপন্ন অবস্থায় রাখ Keep one in uncertainty

Suspense account—কাঁচা জমাখরচ।

Suspension, sus penshun, *n* প্রলম্বন ঝুলান; Act of suspending —নিবৃত্তি, Interruption, cessation —বিলম্ব, Delay —কিছুকালের জন্য অপসারণ, কিছুদিনের জন্য কর্ম্মচ্যুতি, Temporary privation of office or privilege —সর্ত্তানুযায়ী, প্রত্যাকর্ষণ, A conditional withholding —(অলঙ্কারে) আকাঙ্ক্ষা। *Syn* —Hanging, intermission, postponement.

Suspension bridge, *a* লম্বিত পুল, Bridge in which the road way is slung by chains, rods, ropes &c. [অল্প যুদ্ধ-নিরোধ, A short truce.

Suspension of arms—ক্ষণস্থায়ী সন্ধি, ক্ষণকালের

Suspensory, sus-pensor-i, *a* লম্বিতকারী, দোদুল্যমান, Hanging —সন্দেহজনক, সন্দেহপূর্ণ, Doubtful —অন্যাপেক্ষী, Depending —*n.* ক্ষতবন্ধনার্থ বস্ত্রাদির ফালি, A bandage

Suspicion, sus-pishun, *n.* অবিশ্বাস, Mistrust —সন্দেহ, ধোঁকা, Doubt —সন্দেহ, Jealousy —অনুমান, Evidence —প্রমাণ বিনা অনুমান, The imagining of something without proof *Syn* —Surmise, conjecture, guess, supposition, distrust, misgiving

Be above suspicion—কোন কুৎসা করিতে না পারে এমনতর হওয়া, Be beyond the reach of calumny.

To be above suspicion—সন্দেহ-সীমার অতীত,

Suspicious, sus-pishe-us, *a.* সন্দেহকারী, সন্দেহ-সূচক ; Showing suspicion ; indicating fear :—সন্দিগ্ধ ; সন্দেহজনক ; সংশয়াম্বিত ; Liable to suspicion ; doubtful. *n*=suspiciousness (সন্দিগ্ধতা) ; *ad*=suspiciously (সন্দেহপূর্ব্বক) । *Syn* :—Jealous, distrustful, mistrustful ; questionable.

Sustain, sus-tān, *v. t.* [L. *sub*, under, and *tenere*, to hold] বহন-কৃ ; To bear :—পতন হইতে রক্ষা-কৃ, ধারণ-কৃ ; To uphold :—সহ-কৃ, সহ্য, To suffer :—জীবিত রাখা ; To relieve :—প্রতিপালন-কৃ ; পুষ্ট-কৃ ; To maintain ; to nourish :—প্রমাণ-কৃ, To prove :—অনুমোদন-কৃ ; সমর্থন-কৃ ; To sanction :—বিলম্ব-কৃ ; To prolong. *Syn* :—Support, uphold ; preserve, nourish, aid, comfort ; endure, suffer, undergo, approve, confirm, establish, justify.

Sustain a defeat (an injury or a loss)—কোনরূপ ক্ষতি সহ্য-কৃ ; Suffer a loss :—ক্ষতিগ্রস্ত-হ ; শারীরিক আঘাতপ্রাপ্ত-হ ; Suffer in injury bodily or mental :—যুদ্ধে পরাজিত-হ ; Suffer a defeat.

Sustainable, sus-tāna-bl, *a.* পালনীয় ; রক্ষণীয় ; That may be sustained. [পরিরক্ষিত ।

Sustained, *p. a.* সমান ; একরূপ, Uniform :—

Sustainer, *n.* পরিরক্ষক, পালক । *n*=sustainment (পালন ; পরিরক্ষণ) ।

Sustenance, susten-ans, *n.* ভরণপোষণ ; প্রতিপালন, রক্ষণ, Maintenance ; support, subsistence :—আহারের দ্রব্য, খাদ্য সামগ্রী ; উপজীবিকা ; Provisions, food, victuals. [maintenance.

Sustentation, *n.* রক্ষণ, ধারণ ; পোষণ, Support,

Sutarnalia, *n.* Festivals in honor of Saturn, the father of Jupiter.

Sutler, sutlėr, *n.* সৈন্যদিগের খাদ্যদ্রব্য, মদ্য প্রভৃতি বিক্রেতা ; A person who follows an army and sells provisions, drink &c., to soldiers.

Sutling, *a.* সৈনিক-শিবিরের খাদ্য বিক্রেতা সম্বন্ধীয় ; Belonging to sutlers.

Suttee, *n.* সহমরণ ; সহমৃতা স্ত্রী . The sacrifice of a burning widow. [a suture.

Sutural, sūtūr-al, *a.* সীবন-সম্বন্ধীয় ; Relating to

Suture, sūtūr, *n.* মাথার খুলির জোড় ; সেলাইয়ের সন্ধি ; The seam uniting the bones of the skull ; the uniting of the parts of a wound by stitching.

Sutured, sūtūrd, *a.* জোড়ময় ; Having or united by sutures.

Suzerain, sōō'ze-rān, *n.* ভূস্বামী ; শ্রেষ্ঠ প্রভু ; অধিরাজ, রাজা ; A feudal lord, a superior lord.

Suzerainty, sōō'ze-rān-ti, *n.* আধিপত্য ; রাজত্ব, রাজ্য . The dominion or authority of a suzerain :—রাজকমতা ; রাজ-প্রাধান্য ; Paramount authority.

Swab, swob, *n.* সম্মার্জ্জনী ; মার্জ্জনী ; ঝাড়া বিশেষ ; তুলিকা বিশেষ, Mop for clearing ; a brush :—*v. t.* সম্মার্জ্জনী দ্বারা পরিষ্কার-কৃ ; ধোয়া ও মোছা ; সাফ-কৃ, To clean or dry with a swab.

Swabber, swobėr, *n.* মার্জ্জনকারী ; সম্মার্জ্জক ; One who cleans :—পোতের অধস্তন কর্মচারী বিশেষ ; An officer whose business is to see that the ship is kept clean.

Swaddle, swodl, *v. t.* সদ্যোজাত শিশুকে কাপড়ে জড়ান ; বস্ত্রাবৃত-কৃ ; To bind tightly with clothes, as an infant :—*n.* শিশুর গাত্রবস্ত্র ; A cloth.

Swaddling-band, swodling-band, **Swaddlingcloth,** swodling-kloth, *n.* সদ্যোজাত সন্তানের আচ্ছাদন বস্ত্র ; কাঁথাদি ; ফাকড়া-চোকড়া ; Cloth formerly used for swaddling an infant.

Swagger, swag'er, *v. i.* গর্ব্ব-কৃ ; বড়াই-কৃ ; To brag ; to boast noisily ; to bully :—হেলিয়া দুলিয়া চলা ; নবাবি ধরণে কাজ করা বা চলা :—*n.* গর্ব্ব ; বড়াই ; অহঙ্কার ; Boastfulness ; insolence of manner. *n*=swaggerer (দাম্ভিক লোক ; গর্ব্বকারী) । *Syn* :—(*v*) Bluster, vapour.

Swain, swān, *n.* পল্লীবাসী যুবক ; গ্রাম্য যুবা ; কৃষক ; চাষা ; A peasant :—পল্লীনিবাসী প্রেমিক লোক ; A country gallant or lover. *Syn* :—Hind, countryman, rustic, lover.

Swallow, swolō, *v. t.* গ্রাস-কৃ ; গলাধঃকরণ-কৃ ; গেলা ; ভক্ষণ-কৃ ; To receive through the gullet into the stomach :—উদরস্থ-কৃ, গ্রহণ-কৃ ; To take into the stomach :—গ্রাস-কৃ ; To absorb :—পরীক্ষা না করিয়া (বা বিনা পরীক্ষায়) গ্রহণ-কৃ ; To take in without examination :—মগ্ন-কৃ ; To engage completely :—অধিকার-কৃ ; To occupy ;—*n.* পক্ষিবিশেষ ; বাবুই পক্ষী ; চাতক জাতীয় পক্ষী , A migratory bird. *Syn* :—(*v*) Engulf, destroy, devour, consume, exhaust. [sorded in ; be engrossed by.

Be swallowed up in—মগ্ন বা ব্যস্ত থাকা ; Be ab-

One swallow does not make a summer—একটী ঘটনা দেখিয়া একটী সাধারণ নিয়ম নির্দ্দেশ করা যায় না ।

Swallow the bait—কাহার দ্বারা প্রতারিত-হ ; প্রলোভনে প্রতারিত-হ, টোপ গেলা ; To be the dupe of another ; be deluded by some tempting object. [exhaust or consume.

Swallow up—গ্রাস-কৃ ; Engulf :—Appropriate ;

Swam, *pt.* of *swim.*

Swamp, swomp, *n.* জলা ; জলাভূমি ; বাদা ; বিল ; Marsh, land wet and spongy :—*v. t.* ডুবান ; নিমগ্ন-কৃ, আপ্লুত-কৃ ; To sink in :—উল্টাইয়া-দে ; জল দ্বারা পূর্ণ-কৃ, বিপদগ্রস্ত-কৃ ; To overset or cause to fill with water as a boat *Syn* :—(*n*) Bog, fen.

Swampy, swomp'i, *a.* জলা ; জলাটিয়া ; পঙ্কিল ; Wet and spongy ; boggy. [water-fowl.

Swan, swon, *n.* বৃহৎ হংস, মরাল ; A long neck

Swan goose—রাজহংস ।

Swan quill—মোটা পালকের কলম ।

Swap, *v. t.* বদল-কৃ ; বিনিময়-কৃ :—*v. i.* আগত-হ ; পতিত-হ ; উড়া :—*ad.* দ্রুতবেগে ।

Sward, swawrd, *n.* তৃণাচ্ছাদিত ভূমি ; তৃণাস্তৃত ভূপৃষ্ঠ ; ঘাসের চাবড়াযুক্ত ভূমিতল, Green turf :—*v. t.* ঘাসের চাবড়া দিয়া আচ্ছাদিত-কৃ ; চাবড়া দিয়া আবৃত-কৃ ; To cover with sward. *a*=swarded, swardy (তৃণময়-ভূমি সমাবৃত) ।

Swarm, swawrm, *n.* পতঙ্গাদির পাল ; মধুমক্ষিকার ঝাঁক, মৌমাছির ঝাঁক ; A cluster of insects, especially of honey bees :—বহুসংখ্যক ব্যক্তির দল ; দল ; A great number ; a multitude, throng :—*v. i.* ঝাঁকে ঝাঁকে উড়িয়া-যা ; দলবদ্ধ হইয়া উপস্থিত-হ ; To gather as bees :—জমা-হ ; একত্রিত-হ ; To throng together :—বহুসংখ্যায় প্রসব-কৃ ; To breed multitudes. *Syn* :—(*n*) Crowd, multitude, mass, flock, troop, drove, herd, horde, shoal, army.

Swarm like locusts or like bees—অত্যন্ত অধিক-হ ; To be very numerous. [with.

Swarm with—বাহীকৃত-হ ; Be thronged or filled

Swart, *a.* কাল ; ঈষৎ কৃষ্ণবর্ণ ; Swarthy.

Swarthy, swawrthe, *a.* কৃষ্ণবর্ণ ; শ্যামবর্ণ ; মলিন ; ময়লা ; Dark ; tawny ; dusky ; black ; of a dark hue or complexion :—কৃষ্ণবর্ণ ; Dark-skinned. *ad*=swarthily, *n*=swarthiness (মলিনতা) ।

Swash, *n.* জলপতন শব্দ ; Dashing or loud noise of falling water. [a swaggerer.

Swash-buckler, *n.* বদমাইস , পাজি ; A ruffian ;

Swath, swawth, *n.* কাটাঘাস ; কাটা ঘাসের সারি ; A line of grass or corn cut down by the mower ; the sweep of the scythe :—পটী ; বন্ধনী ; A bandage ; band ; fillet.

Swathe, swāth, *v. t.* পটি দিয়া জড়ান ; পটি বাঁধা ; To bind with a band or bandage :—*n.* পটি ; বস্ত্র-বন্ধনী ; A bandage.

Sway, swā, *v. t.* শাসন-কৃ ; নিয়মিত-কৃ ; To rule, to govern :—আন্দোলিত-কৃ ; To sweep, to swing : —হস্ত দ্বারা আবর্তন-কৃ ; ভাঁজা ; ঘুরান , To influence : —এক দিকে নত-কৃ ; হেলান ; To incline to one side :—*v. i.* নত-হ , হেলা ; To incline :—আন্দোলিত-হ ; To swing :—শাসন-কৃ ; To govern :—ভারী-হ ; To have weight or influence :—*n.* শাসন ; Rule, government :—ক্ষমতা , কর্তৃত্ব ; প্রভুত্ব ; Influence ; authority :—আন্দোলন ; আবর্তন , ভাঁজন , Swing :—অস্ত্র সঞ্চালনের সীমা ; Sweep. *Syn* :—(*v*) Wield, wave, bend, turn, persuade ; direct , lean. (*n*) Dominion, control, command, empire , preponderance, ascendancy.

Bear sway—রাজ্য-কৃ ।

Sway on—জরে পিছান ; অগ্রসর-হ ।

Under the sway of—শাসনাধীনে , কর্তৃত্বাধীনে ।

Sweal, *v. i.* (বাতী) গলিয়া পড়া , To melt :—*v. t.* দগ্ধ-কৃ ।

Swear, swār, *v. i* ধর্মসাক্ষী করিয়া বলা , To take an oath solemnly :—ঈশ্বরের নাম বৃথা গ্রহণ-কৃ , To take the name of God in vain —শপথ-কৃ , দিব্য-কৃ ; হলপ-কৃ ; To affirm, calling God to witness · —শপথ করিয়া সাক্ষ্য-দে ; শপথ করিয়া বলা , To give evidence on oath :—অভিশাপ-দে , To curse ·—*v. t.* শপথ-কৃ · To utter, calling God to witness —শপথ করান ; হলপ করান ; To administer an oath :—শপথ করিয়া প্রকাশ-কৃ ; শপথ করিয়া বলা ; To declare on oath. *pt.* and *pp*=*sworn.* *n*= swearer. *Syn* :—Declare solemnly, affirm, depose, deprove, testify ; curse, blaspheme.

Swear allegiance (fealty or fidelity)—শপথ-কৃ ; শপথ করিয়া রাজভক্তি স্বীকার-কৃ ; Take an oath of being true or faithful to.

Swear at one—কাহাকে অভিসম্পাত-কৃ ; কাহাকে শাপ-দে ; Curse a man.

Swear by one—কাহারও কথায় মরা বাঁচা ; কাহাকে অতিশয় বিশ্বাস-কৃ ; Trust one implicitly as an authority, be an admiring follower of.

Swear like a trooper—To be very profane.

Swear off—পরিত্যাগ-কৃ ; ত্যাগ-কৃ ; Renounce in a formal manner.

Swear to—শপথ করিয়া কোন কিছু বলিতে পারা ; Declare (on oath) something to be beyond doubt :—কোন কিছু করিব বলিয়া আপনাকে প্রতিজ্ঞায় আবদ্ধ-কৃ ; Bind oneself by oath to observe.

Swearer, *n.* শপথকারী ।

Swearing, *n.* শপথ ।

Sweat, *n.* ঘাম ; ঘর্ম ; স্বেদ ; The moisture from the skin :—অতি শ্রম ; পরিশ্রম ; Drudgery ; labour ; toil :—*v. t.* ঘামান ; ঘর্ম নির্গত-কৃ ; To give out sweat or moisture :—স্বেদরূপে নির্গমিত-কৃ , To exude .—পরিশ্রম-কৃ ; To toil :—*v. i.* ঘাম হওয়া বা পড়া ; ঘর্ম বাহির-কৃ ; ঘামা ; To give out, as sweat :—রস নিঃসৃত-হ ; স্বেদ নির্গত-কৃ ; To cause to sweat :—পাইন দিয়া জোড়া :—অতিশ্রম-কৃ , To toil.

By the sweat of the brow—মাথার ঘাম পায়ে ফেলিয়া । [bleed ; fleece him

Sweat a client—রক্ত শুষে লওয়া , Make him

Sweat coin—মুদ্রা সকল ঘর্ষণ করিয়া তাহা হইতে স্বর্ণরৌপ্যাদির সূক্ষ্ম চূর্ণ বাহির-কৃ ; To subtract part of the gold or silver by friction.

Sweat down—ক্ষীণ-হ ; Reduce by sweating.

Sweat of one's brow—পরিশ্রম ; মেহনত ; Labour ; toil.

With (or in) the sweat of one's brow—কঠিন পরিশ্রম দ্বারা , By hard bodily labour .—কঠিন মানসিক পরিশ্রম দ্বারা , By excessive mental labour.

Sweating cloth, *n.* গামছা , তোয়ালে ; Napkin.

Sweating room—পরীক্ষা গৃহ ; Examination room. [epidemic

Sweating sickness, *n.* সংক্রামক রোগ , An

Sweaty, sweti, *a.* ঘর্মময় ; ঘর্মাক্ত ; ঘর্মযুক্ত ; Consisting of sweat , moist with sweat ·—অতি শ্রমজনক , পরিশ্রমী ; Laborious. *n*=sweatiness. [Sweeden.

Swede, swēd, *n.* সুইডেনবাসী , A native of

Swedish, swedish, *a.* সুইডেন দেশ সম্বন্ধীয় ; Pertaining to Sweeden .—তদ্দেশের ভাষা ; The language of Sweeden.

Sweep, swēp, *v. t.* মার্জন-কৃ , ঝাড়ু-দে , পরিষ্কার-কৃ , To brush , to rub over with a broom , to clean :—বলপূর্বক লইয়া-যা , Carry along or off by force :—ধ্বংস-কৃ , একাঘাতে বিনষ্ট-কৃ ; To destroy , to carry off at a strike —বাহার দিয়া লইয়া-যা , To carry with pomp —আঘাত-কৃ , To strike with a long stroke —টানিয়া লইয়া-যা ; To drag over :—উপর দিয়া দ্রুতবেগে-যা , অতিক্রম-কৃ ; To pass rapidly over ·—*v. i.* পরিষ্কার-কৃ ; :—শীঘ্র গমন-কৃ , ধাইয়া চলা , সমারোহপূর্বক-যা ; To pass swiftly with force and with a long reach .—*n.* ঝাঁট দেওন ; Act of sweeping —ঝাড়ুদার ; A Chimney-sweeper —আঘাতের সীমা ; Extent of a stroke , compass of a stroke :—বক্র বস্তুর গতিদিক্ , Direction of a curve —দর্শনার্থ চক্ষুর আবর্তন —আবর্তন ; বক্রতা । *pt.* and *pp*=swept. *Syn* ·—Remove, clear away , touch, graze ; pass over, traverse ; over-whelm.

Make a clean sweep of—নষ্ট-কৃ ; সাফ্ করিয়া ফেলা , দূরীভূত-কৃ , Destroy , exturpate thoroughly.

Sweep along (or by)—Carry with a pomp or with a swinging or trailing motion.

Sweep off, sweep away—ঝাঁটিয়া লইয়া-যা , সংহার-কৃ , Carry off , destroy completely :—কোন চিহ্ন না থাকে এমন করিয়া নষ্ট-কৃ , Take away all trace of. [sweeps , chimney-sweeper.

Sweeper, *n.* সমার্জক , ঝাড়ুদার ; Who or what

Sweeping, *a.* সম্পূর্ণ : Whole ; complete :—সাধারণ ; General :—পরিষ্কারকারী ; সাফকারী , বহুব্যাপক ।

To deal sweeping blows—To make long slashing strokes.

Sweepings, swēp'ingz. *n. pl.* জঞ্জাল ; আবর্জনা ; ঝঁটলা ; Refuse ; dirt ; rubbish.

Sweep-net, *n.* বুড়ো জাল বিশেষ ; Net that takes in a great compass.

Sweep-stakes, *n.* জুয়া খেলায় জিত অর্থ বা দ্রব্য ; The whole money or other things staked or won at a horse race, or in gaming ; those who win all the stakes. [বাহির করে।

Sweep-washer, *n.* যে জঞ্জাল ধুইয়া তাহা হইতে ধাতু

Sweet, swēt, *a.* মিষ্ট ; স্বাদু ; সুমিষ্ট ; মধুর ; Pleasing to the taste ; tasteful, pleasant :—সুগন্ধযুক্ত ; সুঘ্রাণ ; সুগন্ধি ; Fragrant :—সুস্বরবিশিষ্ট ; সুশ্রাব্য ; সুললিত ; Melodious :—সুন্দর ; সুদর্শন ; Beautiful :—টাটকা ; তাজা ; Fresh :—অলবণাক্ত ; Not salt :—নম্র , হৃদয়গ্রাহী ; অমায়িক ; Mild ; obliging :—*n.* মধুর দ্রব্য ; মিষ্ট দ্রব্য ; A sweet substance :—আদর-সূচক পদ ; A term of endowment :—*pl.* মিষ্ট সামগ্রী ; মিষ্টান্নমাত্র ; Sweetmeats. *n*=sweetness, *ad*=sweetly. *Syn* :—(*a*) Sugary, saccharine, luscious ; redolent ; soft, harmonious, dulcet ; fair, lovely ; delightful, aggreeable, charming , gentle, winning ; affectionate, tender. [pleases.

At one's sweet with—ইচ্ছানুযায়ী ; As one

To be sweet upon—অনুরাগের ভাব প্রকাশ-ক ; ভালবাসা ; To be affectionate towards ; to be attached to ; to be making love.

Sweet-applo, *n.* আতা ; নোনা।

Sweet-brier, swēt-bri'ėr, *n.* সুগন্ধি গোলাপ পুষ্প বিশেষ ; A thorny shrub of rose

Sweeten, swē'tn, *v t.* মিষ্ট-ক , সুস্বাদ-ক ; To make sweet :—নম্র-ক ; To make mild .—নির্দোষ-ক ; To make pure. *n*=sweetener.

Swooteniug, swē'tn-ing, *n.* যাহা কিছু সুমধুর করে , That which sweetens.

Sweet-heart, swēt'hārt, *n.* প্রণয়ী , প্রণয়িনী ; প্রিয় ব্যক্তি ; A lover or mistress.

Sweetish, swēt'ish, *a.* অল্প মিষ্ট ; কিঞ্চিৎ মিষ্টস্বাদ . Somewhat sweet to the taste. *n*=sweetishness.

Sweotly, *ad.* মিষ্টভাবে ; In a sweet manner.

Swootmeat, swēt'mēt, *n.* মিঠাই ; শর্করাযুক্ত খাদ্য ; Confections made wholly of sugar.

Sweotness, *n.* মধুরতা ; মিষ্টতা . Gratefulness to the taste ; agreeableness.

Sweet oil, *n.* জলপাইয়ের তেল।

Sweet-peas, swēt-pē, *n.* মটর বিশেষ ; A pea cultivated for its fragrance and beauty.

Sweet-potato, swēt-po-tāto, *n.* আলু বিশেষ ; শর্করাকন্দ আলু ; An eatable fruit.

Sweet-scented, *a.* সুবাসিত ; Fragrant.

Sweet tooth—মিষ্টপ্রিয়তা।

Sweet-wash, *v. t.* সুবাসিত-ক।

Sweet will—অভিরুচি বা খেয়াল।

Sweet-William, *n.* পুষ্প বিশেষ ; A flower.

Swell, swel, *v. i* উদগত-হ ; To bulge out :—স্ফীত-হ ; ফাঁপিয়া উঠা ; To expound :—বর্দ্ধিত-হ ; বড়-হ ; বাড়া ; To grow large :—স্ফীত-হ ; ফুলিয়া উঠা ; To rise into waves :—উল্লাসিত-হ ; অহঙ্কৃত বা গর্ব্বিত-হ ; ক্রুদ্ধ-হ ; To become elated, arrogant, or angry :—(স্বরাদিতে) উচ্চতর-হ ; To be bombastic :—গা ফুলাইয়া চলা ; To strut :—ফুলান ; To dilate :—*v. t.* বৃদ্ধি-ক ; ফাঁপান ; স্ফীত-ক ; To increase the size of ; fill up :—শব্দ উচ্চতর-ক ; To increase the sound of :—*n.* স্ফীতি ; বৃদ্ধি ; Swelling ; increase :—বীচি ; তরঙ্গ ; ঢেউ , A wave :—বাবুলোক ; জেঁকো লোক ; A showy person ; a dandy :—স্বরের আধিক্য ; Increase in sound :—ঝড়ের পর সাগরোর্মি ; The waves or fluctuation of the sea, especially after a storm. *Syn* :—(*v*) Dilate, expand, extend ; increase, enlarge, augment ; rise, heave ; bulge, protuberate ; strut, fume ; enhance, heighten, aggravate.

Ground swell—The heavy swelling and surging of the sea after a storm or as indicating an advancing storm.

Swell mob, *n.* A gang of well dressed thieves.

Swell the ranks of—দলপুষ্টি-ক ; সংখ্যা বৃদ্ধি-ক ; Increase the number of.

Swell the tide of—কোন কিছুর বল পুষ্টি-ক ; Support ; reinforce.

Swelling, swel'ing, *n.* স্ফীতি ; ফুলা ; বৃদ্ধি ; Protuberance ; tumour :—রিপুর উদ্রেক ; A rising of passion.

Swelling of the body—শোথ।

Swelter, swelt'ėr, *v. i.* উত্তাপে ক্লিষ্ট-হ ; মূর্চ্ছিতপ্রায়-হ ; উত্তাপে হতচৈতন্য-হ ; গরমে মৃতপ্রায়-হ ; To be overcome or faint with heat.

Swept, *pt.* and *pp.* of *sweep.*

Swerve, swerv, *v. i.* [D. *swerven,* to rove] লঙ্ঘন-ক ; বিপথগামী-হ ; নিয়ম বহির্ভূত-হ ; To deviate ; to depart from rule, duty or custom :—আনত-হ ; Incline. *Syn* :—Diverge, divaricate ; bend, incline, trend.

Swerve from—কোন উদ্দেশ্য, প্রতিজ্ঞা, বা কর্ত্তব্য হইতে পিছান ; Depart from (purpose, resolution or duty).

Swift, swift, *a.* [A. S. *swifan,* to move quickly] দ্রুতগতি ; বেগবান ; ত্বরিত ; সত্বর ; Moving quickly ; fleet ; rapid ; speedy ; ready :—*n.* দ্রুতগামী ক্ষুদ্র পক্ষিবিশেষ ; A swiftly flying bird of the swallow tribe. *pt*=swelled, *pp*=swelled, swollen. *Syn* :—(*a*) Quick, fast, expeditious ; ready, prompt, eager ; sudden, instantaneous.

Swift footed or swift of foot, *a.* দ্রুতপদ ; Nimble ; fleet of foot.

Swiftly, *ad.* দ্রুতবেগে ; Rapidly ; readily.

Swiftness, swift'nes, *n.* সত্বরতা ; বেগ ; ক্ষিপ্রতা ; দ্রুততা ; দ্রুতগতি ; Quickness ; speed. *Syn* :—Quickness, celerity, velocity, rapidity, fleetness, expedition. [To gulp.

Swig, *v. t.* ঢক ঢক করিয়া গেলা ; অতিশোষণ-ক ;

Swill, swil, *v. t.* or *v. i.* অধিক পান-ক ; To drink greedily or largely :—ধৌত-ক ; স্ফীত-ক :—*n.* মদ্যাদির অধিক মাত্রা ; A large draught of liquor.

Swim, swim, *v. i.* সন্তরণ-ক ; জলে ভাসমান-হ ; জলে ভাসা ; To float ; to move on or in water :—বহুল-হ ; To abound :—ঘূর্ণিত-হ ; ঘূর্ণায়মাণ-হ ; To be dizzy :—আর্দ্র-ক ; সিক্ত-হ ; To be drenched :—*v. t.* সাঁতরান ; সন্তরণ দ্বারা অতিক্রম-ক ; To make to swim or float ; to pass by swimming :—*n.* সন্তরণ ; The act of swimming :—মৎস্যের পটকা ; The air-bladder of a fish. *pt*=swam, *swum*, *pp.* swum. *p*=swimming.

Swim with the stream—স্রোতে ভাসিয়া-যা ; সাধারণ মতে গা ভাসান-দে ; চলিত মতে মত দেওয়া ; To conform to the popular opinion.

Swimmer, swim'ėr, *n.* সন্তরণকারী ; One who

swims :—লিপ্তপাদ জলচর পক্ষী ; A web-footed aquatic bird.

Swimming, *n.* সন্তরণ ; সাঁতার ; The act of swimming :—শিরোঘূর্ণন ; মাথাঘুরা রোগ ; Dizziness.

Swimmingly, swiming-ly, *ad.* সিদ্ধকাম হইয়া ; সাফল্যসহকারে ; Successfully :—শীঘ্র ; Rapidly :—সহজে ; অনায়াসে ; অবাধে ; নিঃশব্দে ; Smoothly.

Swindle, swindl, *v. t.* প্রতারণা-কৃ ; প্রবঞ্চনা-কৃ ; জুয়াচুরী-কৃ ; To cheat :—*n.* প্রতারণা ; বঞ্চক ; The act of swindling ; the act of defrauding.

Swindler, swindler, *n.* প্রতারক ; প্রবঞ্চক ; শঠ ; জুয়াচোর ; A cheat ; rogue ; one who defrauds others. *Syn* :—Sharper, defrauder, impostor.

Swine, swin, *n. sing* and *pl.* শূকর ; শূকরজাতি. A pig, pigs collectively. *com. gend. mas*= boar. *fem*=sow.

Cast pearls before the swine—বেণা বনে মুক্তা [ছড়ান ।

Swine-herd, *n.* শূকর চালক বা রক্ষক ।

Swing, swing, *v. i.* দোদুল্যমান-হ ; দোলায়মান-হ, দোলা ; এদিক ওদিক নড়া ; To sway to and fro ; to wave to and fro in the air ; to vibrate :—ফাঁসি-যা ; To be hanged :—*v. t.* আবর্ত্তন-কৃ ; দোলান ; ঘুরান ; To cause to wave or vibrate ; to move to and fro :—*n.* দোলন ; নড়ান ; নাড়া ; The act of swinging ; motion to and fro ; a waving motion :—দোলা ; দোলনা ; The compass of a swinging body :—স্বৈর গতি ; স্বাধীন গতি, Free course *pt. pp*=swung. *p*=swinging. *Syn* :—(*n*) Oscillate, wave ; hang, dangle ; be hanged.

Give full swing—প্রশ্রয়-দে ; অবাধে চলিতে-দে ।

Have full swing—অবাধে চলিতে পাওয়া ।

In full swing—পুরোপুরি চলিতেছে ; সম্পূর্ণ চলিতাবস্থায় ; In full progress :—পুরো ব্যস্ত বা মত্ত ; কার্য্যে ব্যস্ত ; In the hurry and bustle of :—পুরা দস্তর কাজ চলেছে ; Busily working :—চূড়ান্ত সীমায় ; In unrestrained enjoyment ; at the height.

Swing a door—দরজা দোলান । [আসা ।

Swing round the circle—পুরা এক চক্র ঘুরিয়া

Swinge, *v. t.* অত্যন্ত প্রহার-কৃ ; কশাঘাত-কৃ ; To beat soundly ; to thrash. [by swinging

Swing bridge, *n.* A bridge that may be moved

Swinge-bucker, *n.* A rake ; a roisterer.

Swinging, *a.* বৃহৎ ; প্রকাণ্ড, Huge.

Swinging festival—ঝুলন যাত্রা ।

Swingle, *v. t.* পাট বা শণ ঠেঙ্গান ; ঝাড়া ; To clean, as flax, by beating :—গাছের আগা ছাঁটা, To beat off the tops :—*n.* পাটের ঠেঙ্গা, A wooden instrument.

Swingle tree, *n.* গাড়ীর যে আড়কাঠে জোতবলী লাগান হয় ; The bar of a carriage to which the traces are fastened.

Swinish, *a.* হেয় ; পাশব ; Gross ; brutal :—শূকর সদৃশ ; শূকরবৎ ; Like swine, hoggish.

Swirl, *v. t.* or *v. i.* আবর্ত্তন-কৃ ; ঘুরা ; To whirl .—*n.* আবর্ত্ত, পাক ; A whirling motion.

Swish, *v. t.* ঘুরাইয়া শব্দ-কৃ ; বনবন্ করিয়া ঘুরান :—*n.* সোঁ সোঁ শব্দ, A sound of quick movement.

Swiss, swis, *a.* সুইজর্লণ্ড দেশীয়, Of or pertaining to Switzerland :—*n.* সুইজলণ্ডবাসী ; A native of Switzerland.

Switch, swich, *n.* নমনীয় শাখা ; ছোট নমনীয় ডাল ; A small flexible twig :—আগা লৌহবর্ত্মের রেল ; লৌহবর্ত্মের টানা রেল ; A moveable rail :—(গ্রাম্য) পরচুলা :—*v. t.* ছড়ি দিয়া আঘাত-কৃ ; ছিপটি মারা ; To strike with a small twig :—রেলান্তরে দিয়ান ; To transfer from one line to another by a switch.

Switzers, *n.* Guards attendant on kings.

Swivel, swivl, *n.* আংটা ; আঁকড়া বা বলয় যাহা কোনও কিছুতে এরূপভাবে আবদ্ধ থাকে যে পাক দিলে ঘুরিতে পারে ; A ring or link that turns round on a pin or neck :—ক্ষুদ্র কামান বিশেষ ; A small cannon turning on a swivel.

Swollen, swōln, *pp.* of *swell.*

Swoon, swōōn, *v. i.* অজ্ঞান-হ ; মূর্চ্ছিত-হ, To faint :—*n.* মূর্চ্ছা ; অচৈতন্য ; A fainting-fit ; the act of swooning.

Swoop, swōōp, *v. t.* ছোঁ মারিয়া ধরা ; ঝাপ্টা মারা ; উড়িয়া-যা ; পাকড়ান ; To fall on and seize as a hawk his pray ; to catch while on the swing ; to catch up and carry off :—*v. i.* ছোঁ মারা ; To descend with a swing :—*n.* ছোঁ ; ঝাপ্টা ; উড়িয়া আপতন ; A falling on and seizing as a bird on its prey. *Syn* :—(*v*) Pounce upon, clutch, catch up ; bear down, descend, stoop ; sweep by.

At one fell swoop—এক নিষ্ঠুর আঘাতে ; এক দারুণ পতনে ; At one cruel blow.

Swop, *v. t* বিনিময়-কৃ ; বদলান ; To exchange :—*n.* বিনিময় ; An exchange.

Sword, sōrd, *n.* তরবারি ; অসি ; খড়্গ, তলোয়ার, An offensive weapon, cut and thrust weapon :—যুদ্ধ ; বিগ্রহ, War :—যুদ্ধ চিহ্ন ; কর্ত্তার চিহ্ন, The emblem of war ; sign of authority :—বিচার, Justice. *Syn* :—Falchion, scimitar, rapier, cutlass, sabre, claymore.

At swords drawn—খড়্গহস্ত ; কাটাকাটি সম্বন্ধবিশিষ্ট ।

At swords points—কাটাকাটি অবস্থায়, পরস্পর বধ করিতে উদ্যত ।

At the point of the sword—বলপূর্ব্বক ; জোর করিয়া ; By compulsion ; by military force.

Cross swords with—যুদ্ধ-কৃ, লড়াই-কৃ ; Fight.

Draw the sword—যুদ্ধ আরম্ভ করা ; তরবারি নিষ্কাশিত কৃ ; Begin war. [tend.

Measure sword—ঝগড়া-কৃ ; বিবাদ-কৃ. To con-

Put to the sword—তরোয়াল মারা হত্যা-কৃ ; বধ-কৃ ; শিরশ্ছেদ-কৃ, To slay with the sword.

Sheathe the sword—বিবাদ শেষ-কৃ, বিবাদে নিবৃত্ত-হ ; Put an end to war :—খাপের ভিতর তরোয়াল পোরা, Put the sword into the scabbard.

Sword of Damocles—আসন্ন বিপদ ; Evil foreboded or dreaded :—উঁচান্ বাড়ি (যাহাতে সদাই সশঙ্কিত করিয়া রাখে) ; মাথার উপর খাঁড়া ঝুলান ; Some great danger or evil with which one is threatened.

Turn swords into ploughshare—যুদ্ধ শেষ-কৃ ; লড়াই সমাধা-কৃ ; Put an end to war.

Your tongue is a double edged sword—এক মুখে দুই কথা কহা ; You first say one thing and then the other.

Sword-arm, *n.* দক্ষিণ হস্ত ; Right arm.

Sword-bayonet, sōrd-bāon-et, *n.* তরবারির আকারবিশিষ্ট সঙ্গিন ; A bayonet sharpened somewhat like a sword and used as one.

Sword-belt, *n.* অসি ঝুলাইবার কটিবন্ধ ; কোমরবন্ধ ; Belt for suspending a sword.

Sword-blade, *n.* তরবারির ফলা বা পাতা ।

Sword-cane, Sword-stick, *a.* অসিগর্ভ যষ্টি ; A cane or stick containing a sword.
Sword-cutler, *n.* অসি-নির্মাণকারী ; One who make swords.
Sword-dance, *n.* তরবারি খেলা ; Playing and dancing with swords.
Sword-fight, *n.* অসিযুদ্ধ ; Fight with swords.
Sword-fighter, *n.* অসি-যোদ্ধা , মল্ল ; Gladiator.
Sword-fish, *n.* অসিচঞ্চু মৎস্য ; A large fish.
Sword of state, *n.* A sword before a magistrate.
Sword-play, *n.* তরবারি-যুদ্ধ ; তলোয়ার খেলা ; Combat of gladiators.
Sword-player, *n.* মল্ল ; তরবারি-ক্রীড়ক ; Gladiator ; fencer.
Sword-sheath, *n.* অসিকোষ ; Scabbord for a sword.
Swordsman, sōrdźman, *n.* অসি প্রয়োগে সুনিপুণ ব্যক্তি ; তরবারি দ্বারা যুদ্ধে নিপুণ ব্যক্তি ; A man skilled in the use of the sword ; a fencer :—খড়্গধারী যোদ্ধা । *n*=swordmanship (অসিযুদ্ধের কৌশল) ।
Sword-stick, *n.* অসিযুক্ত ছড়ি ; Walking stick in which a sword is concealed.
Sword-thrust, *n.* তরবারির আঘাত , Stab with the sword.
Swore, *pt.* of *swear.*
Sworn, *p. p.* of *swear.*
Be sworn friends—শপথপূর্ব্বক বন্ধুত্বপাশে আবদ্ধ-হ ; জীবনমরণে এক থাকা ।
Be sworn of—সভাভুক্ত-কৃ , সভাশ্রেণীভুক্ত হওয়া ; Be admitted as a member of.
Sworn-enemy—ভয়ানক বা প্রকাশ্য শত্রু , Violent or declared foe.
Sworn-friend—পরমবন্ধু , জীবনমরণে একক্রিয় বা সমপ্রাণ ব্যক্তি ; Close or intimate friend.
Sybarite, sibar-it, *n.* ইন্দ্রিয় সুখ-প্রার্থী ; Inhabitant of Sybaria ; womanly , voluptuary ; epicure ; one devoted to luxury.
Sycamine, *n.* বৃক্ষ বিশেষ ; The mulberry tree.
Sycamore, sik'a-mor, *n.* ডুমুর বৃক্ষ ; A fig tree.
Sycophancy, sikō-fan-se, **Sycophantism,** sikō-fant-izm, *n.* খোসামোদ ; তোষামোদ ; নীচতা , Obsequiousness , flattery , servility. *Syn* :—Fawning ; cringing.
Sycophant, sikō-fant, *n.* তোষামোদকারী ; চাটুকার , মোসাহেব ; A mean flatterer. *Syn* :—Parasite, fawner, toady, hanger on.
Spoophartic, Sycophantical, Sycophantish, *a.* তোষামোদপূর্ণ ; Parasitic.
Syllabicate, sil-lab'i-kāt, *v. t.* একাধিক পদাংশে গঠিত বা বিভাজিত-কৃ ; To form into syllables.
Syllabilify, *v. t.* উচ্চার্য্য ক্ষুদ্রতর অংশে বিভক্ত-কৃ ; To form into syllables. *n*=syllabification.
Syllable, sila-bl, *n.* এককালে উচ্চারিত পদাংশ ; শব্দের একদা উচ্চার্য্য এক একটী অংশ , অব্যয়ব ধ্বনি ; ক্ষুদ্র শব্দ বা অংশ ; A several letters taken together so as to form one sound. *a*=syllabic, syllabical (এক বা একাধিক পদাংশঘটিত) ।
Syllabub, *n.* দুগ্ধ বা সর মিশ্রিত মদ্য ; Sillabub.
Syllabus, sila-bus, *n.* সংক্ষেপ ; চুম্বক , শীর্ষ-সংগ্রহ ; An abstract :—সংক্ষিপ্তসার ; Compendium. *Syn* :—Epitome, summary, digest, synopsis.
Syllogise, silo-jiz, *v. t.* যুক্তি-কৃ ; উদাহরণাদি দ্বারা সিদ্ধান্ত বা তর্ক-কৃ ; To reason by syllogism.
Syllogism, silo-jism, *n.* যুক্তি ; অবয়বী বাক্য ; উদাহরণ, উপনয়ন ও নিগমন এই অবয়বত্রয়ের একত্র সংযোগ , The logical form of every argument, consisting of three propositions, of which the last follows of need from the other two.
Syllogistic, sil-o-jistik, **Syllogistient, Syllogistical,** sil-o-jistik-al, *a.* যুক্তি সম্বন্ধীয় ; যুক্তি বাক্য সম্বন্ধীয় ; Pertaining to a syllogism :—যুক্তি বাক্যাকার ; In the form of a syllogism.
Sylph, silf, *n.* পরী ; দেবযোনী বিশেষ ; A fairy.
Sylphid, silf'id, *n.* ক্ষুদ্র পরী ; A little sylph.
Sylvan, *a.* বন্য ; আরণ্য , Rural.
Symbol, simbol, *n.* প্রতিরূপ ; মূর্ত্তি ; Representation :—চিহ্ন ; নিদর্শন ; অক্ষর ; সঙ্কেত ; A visible sign , token ; emblem :—ধর্ম্মমত ; A religious creed. *Syn* :—Emblem, figure, type.
Symbolic, sim-bolik, **Symbolical,** sim-bolik-al, *a.* চিহ্ন দ্বারা জ্ঞাপক ; Representing by signs :—নিদর্শন স্বরূপ ; প্রতিরূপক ; Emblematic :—আকরিক ; সাঙ্কেতিক ; Figurative ; typical. *Syn* :—Representative ; significant ; emblematical.
Symbolically, *ad.* চিহ্নরূপে ; সাঙ্কেতিকরূপে ।
Symbolics, *n.* নিদর্শন-বিদ্যা । [symbols.
Symbolier, Symbolist, *n.* One who uses symbols.
Symbolise, Symbolize, *v. t.* সদৃশ-হ ; অনুরূপ-হ ; সঙ্কেতে মনোভাব-কৃ ; To represent by symbols.
Symbolism, simbol-izm, *n.* চিহ্ন বা লিঙ্গ দ্বারা স্বরূপ-নির্দ্দেশ ; চিহ্ন দ্বারা জ্ঞাপন ; Representation by symbols :—প্রতিরূপ ; চিহ্নাবলী ; চিহ্নসমষ্টি ; A system of symbols :—চিহ্নপ্রয়োগ ; Use of symbols :—The science of symbols or creeds.
Symmetrical, *a.* সম পরিমিত ; যথাযথ ব্যবস্থিত ; সুডৌল ; অঙ্গবিন্যাস সম্পন্ন ; Harmonious ; even. *ad*=symmetrically.
Symmetrise, sime-triz, *v. t.* সৌষ্ঠবসম্পন্ন-কৃ ; To make symmetrical.
Symmetry, simmē-tre, *n.* [G. *sun*, together, and *metron*, measure] অঙ্গ-বিন্যাস ; অঙ্গ সৌষ্ঠব ; Likeness of one part with another ; due proportion ; harmony. *Syn* :—Shapeliness.
Sympathetic, sim-pa-theti'k, **Sympathetical,** sim-pa-thetik-al, *a.* সহৃদয় ; সহানুভাবী ; সমসুখদুঃখ ; দয়ালু ; Kind ; loving ; sympathising ; sympathize , compassionate.
Sympathise, simpa-thiz, *v. t.* সহানুভূতি-কৃ ; সমবেদনা অনুভব-কৃ ; To feel with or for another.
Sympathised with—কাহারও সহিত সমভাবাপন্ন বা সহানুভূতি-হ , Be affected by feelings similar to those of another.
Sympathizing, *a.* সহানুভবপরায়ণ ।
Sympathy, simpa-the, *n.* দয়া ; অনুকম্পা ; Compassion ; pity , condolence ; tenderness :—সহানুভূতি ; সমবেদনা ; Fellow-feeling. *Syn* :—Commiseration, agreement, harmony, correspondence, affinity ; union, concert.
Sympathy for—কাহারও সহিত সহানুভূতি ; Fellow-feeling for :—মিল ; Correspondence or agreement in.
Sympathy with—কাহারও সহিত সমভাবাপন্ন ; A feeling corresponding to :—কাহার দুঃখে দুঃখিত-হ ; Feel for.
Symphonious, sim-fō'ni-us, *a.* সুস্বরযুক্ত ; সমস্বর ; স্বরসামঞ্জস্যবিশিষ্ট ; Harmonious ; accordant.
Symphonist, simfo-nist, *n.* ঐকতানিক সঙ্গীতরচয়িতা ; A composer of symphonies.
Symphony, simfo-ni, *n.* ধ্বনি বা শব্দের মিল ;

স্বর ; একতানতা ; Unision ; consonance or harmony of sound. [A merry feast ; a banquet.
Symposium, sim-pō'zi-um, *n.* উৎসব ; পান-সভা ;
Symptom, simp'tum, *n.* রোগাদির উপসর্গ ; রোগের লক্ষণ ; That which imdicates disease :—লক্ষণ ; চিহ্ন , Token , sign. *Syn* :—Mark ; note.
Symptomatic, Symptomatical, *a.* লক্ষণসূচক ; লাক্ষণিক , লক্ষণানুযায়ী ; Pertaining to symptoms ; indicating the existence of something else.
Synaeresis, *n.* দুই স্বরের একত্র উচ্চারণ ; The pronouncing of vowels together.
Synagogue, sińa-gog, *n.* [Gr. *syn,* together, *ago*, to lead] *n.* য়িহুদীদের ধর্মমন্দির বা অর্চনা স্থান ; A jewish place of worship ; congregation of Jews for worship.
Synchronal, sing'kro-nal, **Synchronous.** sing'kro-nus, *a.* সমকালে ঘটিত ; সমকালসম্ভূত : Simultaneous ; lasting for the sometime.
Synchronal, *n.* That which happens at or belongs to the same time with something else.
Syncopate, *v. t.* বর্ণ তুলিয়া সংক্ষিপ্ত-কৃ , To cut short , to contract, as a word by taking away letters from the middle.
Synchronise, *v. i.* কালের মিল-হ.; সমকালীন-হ ।
Synchronism, sing'kro-nizm, *n.* সমকালীনত্ব ; সমকালীনতা ; একাধিক ঘটনার যুগপৎ সংঘটন , যোগপদ্য , Concurrence of events ; simultaneousness in time.
Synchronistic, *a.* সমকালীন ।
Syncope, sing'ko-pe, *n.* সংক্ষিপ্ত বাক্য ; শব্দের মধ্য হইতে বর্ণাদির উত্তোলন ; Omitting letters in the middle of a word (as don't) :—মূর্চ্ছা , Fainting , swooning.
Syndic, sińdik, *n.* বিচারক , রাজকর্মচারী বিশেষ ; Magistrate :—উকীল ; An advocate :—মিউনিসিপাল কর্মচারী , Municipal officer .—প্রতিনিধি ; অধ্যক্ষ ; Assignee.
Syndicate, sińdik-āt, *n.* (বিশ্ব বিদ্যালয়াদির) অধ্যক্ষ সভা , কোন কার্য্য সম্পাদন জন্য নিযুক্ত সভা , ব্যবসায়িগণের সভা , A council or body of syndics , the office of a sindic.
Synecdoche, sin-ekdo-ke, অলঙ্কার বিশেষ , লক্ষণা , A figure of speech by which the whole is put for a part or a part for the whole. *a*=synecdochical (বাক্যালঙ্কারসূচক) ।
Synod, sińod, *n.* সভা , ধর্মপ্রমাদির মীমাংসা সভা , Council ; an ecclesiastical council to consult on matters of religion. *ad*=synodic ; synodical
Synodic, Synodical, *a.* যাজক সভা সম্বন্ধীয় , যাজক-সমিতিকৃত ; Done in a synod.
Synova, *n.* স্নৈহিক পদার্থ ।
Synovial membrane—স্নৈহিক ঝিল্লি ।
Synonym, sińo-nim, *n* [Gr *syn*, with, *onoma*, a name] প্রতিশব্দ ; সমনাম ; সমার্থশব্দ , প্রতিশব্দ , পর্য্যায় , সংক্ষিপ্ত বিবরণ ; A word having the same meaning with another. *a*=synonymous.
Synonymize, *v. t.* সমার্থ শব্দ দ্বারা টীকা-কৃ ।
Synonymous, sin-ońe-mus, *a.* [G. *sunonumos*, from *sun*, with, together, and *onoma*, name] সমার্থক ; তুল্যার্থবোধক ; Expressing the same idea. *ad*=synonymously. *Syn* :—Equivalent, imerchangeable, identical.
Synonymous with—দুইই এক, উভয়েই একার্থবোধক ; Conveying the same idea with ; the same thing as.
Synonymy, sin-ońi-mi, *n.* বাক্যালঙ্কার বিশেষ ; A rhetorical figure by which synonymous words are used :—একার্থবাচকত্ব ; The quality of being synonymous.
Synopsis, sin-op'sis, *n.* [G. *sun*, together, and *opsis*, a sight] সংক্ষিপ্ত বিবরণ ; সার-সংগ্রহ , সংক্ষেপ ; সঙ্কলিত বৃত্ত ; সংক্ষিপ্তসার ; Abridgment ; a view of the whole together. *a*=synoptical, synoptic (দৃষ্টিবিধায়ক ; সংক্ষিপ্ত ; সূচক) । *pl*=synopses. *Syn* :—Conspectus, compendium, epitome, abstract, syllabus.
Syntax, sińtaks, *n.* শব্দ বিন্যাস ; পদ যোজনা ; বাক্য বিন্যাস প্রকরণ , পদ যোজনা ; Proper arrangement of words in a sentence or phrase. *a*=syntactic , syntactical (পদান্বয়-ঘটিত , পদবিন্যাসের নিয়ম সম্বন্ধীয়) ।
Synthesis, sińthe-sis, *n.* সমবায় , সংযোগ ; সংশ্লেষণ , একত্র বিন্যাস ; A making a whole out of parts , putting together ; re-uniting of parts. *a*=synthetic, synthetical (সমাবেশক ; সাংযোগিক) ।
Synthesize, *v.* সংযোগ-কৃ , একত্র যুক্ত-কৃ ।
Synoptic, Synoptical, *a.* সংক্ষিপ্তসার ; Affording a general view of the whole. *ad*=synoptically.
Syntactic, Syntactical, *a.* বাক্যবিন্যাস সম্বন্ধীয় ; Pertaining to syntax.
Syphilis, sif'i-lis, *n.* গর্মীর পীড়া , উপদংশ ; An infectious venereal disease. *a*=syphilitic (উপদংশাক্রান্ত) ।
Syphon, Syren, See *siphon, siren.*
Syringe, sir'ing, *n.* পিচকারী , An instrument consisting of a tube, and a piston by which liquids are sucked up and ejected —*v. t.* পিচকারী দে , পিচকারী দ্বারা ধৌত বা প্রক্ষেপ-কৃ , To inject or clean with a syringe.
Syrup—See Sirup.
System, sistem, *n.* পদ্ধতি ; শৃঙ্খলা ; প্রণালী ; রীতি ; Regular method ; anything formed of parts place together :—ব্যবস্থা ; সুবন্দোবস্ত , An assemblage of objects according to some law or end , orderly arrangement :—জগৎ ; বিশ্বব্রহ্মাণ্ড ; The universe. *Syn* :—A whole ; body, plan, theory, scheme , order, rule, regularity.
System of government—রাজ্যশাসন প্রণালী ।
The solar system—সৌরজগৎ ।
Systematic, sis-tem-atik, **Systematical,** sis-te-matik-al, *a.* রীতিসঙ্গত ; প্রণালী-বদ্ধ ; প্রণালী-শুদ্ধ ; ব্যবস্থাপিত , সুব্যবস্থিত ; Methodical ; formed or done according to system. *Syn* :—Methodical, orderly, regular.
Systematically, *ad.* ব্যবস্থাপূর্বক ; প্রণালীপূর্বক ।
Systematise, sistem-a-tiz, *v. t.* প্রণালীবদ্ধ-কৃ ; শৃঙ্খলা-কৃ , সুবন্দোবস্ত-কৃ ; ব্যবস্থাপিত-কৃ ; To reduce to system. *n*=sistematiser.
Systole, sisto-le, *n.* [Gr. *syn*, together, *stelle*, to place] হৃৎপিণ্ডের সঙ্কোচ বা শব্দাংশের সংক্ষেপ ; A contraction of the heart for expelling the blood and carrying on the circulation ; the shortening of a long syllable.

T

T—ইংরাজী বর্ণমালার বিংশতিতম অক্ষর বা বর্ণ; The twentieth letter of the English alphabet.

Marked with a *t*—দাগী (যেমন চোর)।

To a *t*—ঠিক ; সম্পূর্ণরূপে ; Exactly.

T-iron, *n.* লৌহ নির্ম্মিত বরগা বিশেষ।

Tabard, tabard, *n.* অঙ্গরাখা বিশেষ; নকীবের পোষাক ; Herald's coat.

Tabbinet, *n.* পট্টবস্ত্র বিশেষ ; A kind of tabby.

Tabby, *n.* রেশমী কাপড় বিশেষ ; A silk cloth :—বিড়াল ; Cat :—নারী বিশেষ ; A woman :—*a.* চিত্রিত ; চিত্রবিচিত্র ; নানা বর্ণযুক্ত ; Diversfied in colour :—*v.* তরঙ্গ ন্যায় প্রতীয়মান-হ ; To cause to look wavy.

Tabernacle, taber-na-kl, *n.* বাসা ; Temporary dwelling :—উপাসনা মন্দির ; ভজনালয় ; A place of worship ; a temple :—পবিত্র স্থান ; A secred place :—তাঁবু ; পট্টমণ্ডপ ; তাম্বু : Tent :—মহোৎসব ; A great festival of the Jews :—মানবদেহ ; The human body :—*v. i.* বাস-কৃ ; To enshrine :—কিয়ৎকালের জন্য থাকা ; To abide for a time. *Syn* :—(*n*) Pavilion ; temple, church ; chapel, meeting-house.

The feast of Tabernacles—সপ্তাহব্যাপী য়িহুদীদিগের পর্ব্ব বিশেষ।

Tabid, tabid, *a.* জীর্ণ ; ক্ষীণ ; রুগ্ন ; Wasted by disease ; emaciated.

Tablature, tabla-tūr, *n.* প্রাচীরে উপর আলেখ্য ; দেওয়াল-পৃষ্ঠে চিত্রাঙ্কন ; Painting on walls ; a painting on a wall or ceiling :—চিত্র ; ছবি ; Picture ; painting in general.

Table, tābl, *n.* [L. *tabula*, board, tablet] টেবিল ; মেজ ; A smoth flat board on legs :—সংক্ষেপ ; A synopsis :—তালিকা ; Catalogue :—সংক্ষিপ্ত বিবরণ ; A condensed statement :—লিখিবার মেজ , A surface on which something is written :—ফলক ; Inscription :—নির্ঘণ্ট-পত্র ; সূচীপত্র ; Index :—*pl.* মন্তব্য পুস্তক :—ভোজ্যদ্রব্য ; আহার ; Fare on table :—*v. t.* মেজে স্থাপন-কৃ ; To lay on the table :—তালিকা-কৃ ; কোন কিছুর বিচার স্থগিত-কৃ ; To make into a table. *Syn* :—(*n*) Tablet, slab ; board, stand ; food, fare, provision, diet ; list, catalogue, schedule, index.

A geneological table—কুর্চিনামা।

An arithmetical table—নামতা।

At table—আহারের সময়ে ; খাইবার সময়ে ; At the time of eating :—টেবিলের চারিদিকে বন্ধুবান্ধব লইয়া খাইতে বসিয়া তাহাদের মধ্যে ; In the company assemble round a table for the purpose of dining.

Lay on the table—সভ্যদিগের সম্মতিক্রমে আপাততঃ কোনও প্রস্তাব মুলতবি রাখা। বিচার স্থগিত রাখা।

Order a bill to lie on the table—আইনের

Round table—আর্থর নামক রাজার গোলাকার মেজ ; The knighthood instituted by king Arthur.

Table of contents—সূচীপত্র ; A summary or index of the matter treated in a book.

Twelve tables—Laws of the Romans.

The Lord's table—The sacrament of the Lord.

To turn the tables—অবস্থা উল্টাইয়া-দে ; To change the condition or fortune of contending parties.

Tableau, *n* চিত্র ; ছবি ; A picture. *pl*=tableaus.

Table-book, *n.* নামতা ও ওজনাদি বিষয়ক পুস্তক।

Table-cloth, *n.* টেবিলের চাদর ; A covering of linen for a table.

Table-d'hote, *n.* একই মূল্যে নির্দ্দিষ্ট সময়ের প্রদত্ত বহুজনের ভোজ : A meal for several persons at the same hour and fixed prices.

Table-land, tābl-land, *n.* উচ্চভূমি ; অধিত্যকা ; A plateau , elevated plain with steep edges.

Table-money, *n.* সামরিক কর্ম্মচারিগণের বেতনাতিরিক্ত বৃত্তি (ভাতা)।

Table service, *n.* পানপাত্র ; Vessels and utensils intended for eating and drinking.

Table spoon, *n.* বড় চামচ ; বৃহৎ চাম্চে ; One of the larger spoons at the table.

Table talk, tābl-tawk, *n.* খোস গল্প , আহারের সময়ে গল্পগুজব ; Talk at meals ; familiar conversation at meals.

Tablet, tablet, *n.* ক্ষুদ্র মেজ ; A small table or flat surface :—স্মারক-পুস্তিকা ; A small pocket memorandum-book :—ক্ষুদ্র খোদিত পীঠিকা ; Small tomb stone :—ফলক ; Something flat on which to write paint &c. :—পিষ্টক ; বড়া।

Table turning—প্রেতাত্মা দ্বারা মেজ সঞ্চালন ; The art or power of turning tables without the application of mechanical force.

Taboo, Tabu, *n.* ধর্ম্মবিষয়ক নিষেধ ; স্পর্শ-নিষেধ ; নিবারণ ; Religious interdict or prohibition :—*v. t.* নিষেধ-কৃ ; মানা-কৃ ; To put under an interdict.

Tabour, Tabor, tābor, *n.* ক্ষুদ্র ঢক্কা বিশেষ ; মৃদঙ্গ ; নাগরা বা ঢোল ; A small drum :—*v. i.* মৃদঙ্গ বাজান ; Te play on a tabor :—ধীরে ধীরে ঘন ঘন বাজান ; To strike lightly and often.

Tabouret, Tabret, Tatoret, *n.* ছোট ঢোল ; A small drum.

Tabular, tabū-lár, *a.* থাক থাক ; Arranged in a table or schedule :—প্রশস্ততল ; সমচতুরস্র ; মেজের মত সমতল ; Having a flat surface :—ফলকাকার ; Having the form of plates. *Syn* :—Flat, plane ; laminated, lamellar, foliated, scaly ; classified, arranged.

Tabularize, *v. t.* তালিকা-কৃ ; তফসিলবন্দী-কৃ।

Tabulate, tabū-lāt, *v. t.* সংক্ষেপ-কৃ ; To reduce to synopsis :—নির্ঘণ্ট-কৃ ; সংক্ষিপ্ত-কৃ ; তলপ্রশস্ত করিয়া সংগঠিত-কৃ ; To shape with a flat surface.

Tabulation, *n.* নির্ঘণ্ট করণ ; সংক্ষেপণ।

Tache, *n.* আঁকড়া ; A fastening.

Tacit, tasit, *a.* [L. *tacitus*, from *tacere*, to be silent] অব্যক্ত ; মৌনসম্মত ; ভুক্তভুত ; Implied, but not expressed by words ; silent ; conveyed in silence. *ad*=tacitly (মৌন দ্বারা)। *Syn* :—Inferred, understood ; secret, quiet, still, taciturn.

Taciturn, tase-turn, *a.* মৌনী , স্বভাবতঃ নীরব ; অল্পভাষী ; Habitually silent ; habitually reserved ;

reserved in speech. *Syn* :—Reticent, uncommunicative, mute, dumb, close.

Taciturnity, tas-i-turñi-ti, *n.* মৌন ; মৌনিতা, নীরবত্ব ; Reserve in speaking ; habitual silence.

Tack, tak, *n.* দড়ি ; রজ্জু ; গুণ ; A rope :—খিল ; ক্ষুদ্র পেরেক ; কাঁটা ; A small nail with a broad-head :—পাট্টা ; A lease :—জাহাজের গতি ; A course of a ship :—*v. i.* সংলগ্ন-কৃ ; বদ্ধ-কৃ ; আঁটা ; টাকা ; To fasten ; to attach :—*v. i.* জাহাজের গতি পরিবর্ত্তন-কৃ ; ফিরান ; To change the course of a ship by shifting the position of the sails. *Syn* :—(*n*) Attach, append, affix, tag ; nail.

Tackle, takl, *n.* যন্ত্র ; অস্ত্রাদি ; Apparatus ; tools, weapons :—কপিকল, A pulley :—রজ্জু, রসারসী ; Rigging ; ropes of a ship :—ঘোড়ার সাজ ; Harness :—*v. t.* ধরা ; পাকড়ান ; সাপ্টাইয়া-ধৃ ; To seize ; lay hold of. *Syn* :—(*n*) Pulley ; gear ; furniture. (*v*) Grasp, clutch, hook, take, capture ; harness.

Fishing tackley—মৎস্য ধরিবার যন্ত্র

Tackling, *n.* গুণবৃক্ষের সজ্জা ; Furniture of the masts :—যন্ত্র ; Instruments.

Tracksman—পাট্টাদার ; Lessee.

Tact, takt, *n.* [L. *tactus*, from *tangere*, to touch] কৌশল ; নিপুণতা ; দক্ষতা ; বিচক্ষণতা ; ক্ষমতা ; Peculiar skill ; nice perception :—স্পর্শ ; আঘাত ; Power of appreciating. *Syn* :—Adroitness, dexterity, judgment, management, address.

Tactile, taktil, *a.* স্পর্শনীয় ; That may be touched or felt.

Tactile sense—স্পর্শেন্দ্রিয়।

Tactic, taktik, **Tactical,** tak-tik-al, *a.* যুদ্ধকালীন ব্যূহ-রচনাদি কৌশল সম্বন্ধীয়, Pertaining to tactics.

Tactics, taktiks, *n. sing* যুদ্ধ-কৌশল ; ব্যূহ রচনা-কৌশল ; The science of warlike movements ; strategy :—কার্য্যপ্রণালী ; Method or way of proceeding.

Tactician, tak-tishan, *n.* যুদ্ধকুশল ব্যক্তি ; ব্যূহ রচনা-কুশল ব্যক্তি ; সুদক্ষ ব্যবস্থাপক ; One skilled in tactics.

Taction, takshun, *n.* স্পর্শ ; ছোঁওয়া, স্পর্শন ; Touch ; the act of touching.

Tactual, *a.* স্পর্শেন্দ্রিয় ঘটিত বা তদুৎপন্ন ; Pertaining to, or derived from, the sense of touch.

Tadpole, tadpōl, *n.* ব্যাঙ্গাচী ; বেঙ্গাচী ; A young frog or toad.

Tael, *n.* চীনদেশের মুদ্রা বিশেষ।

Taffeta, taf'e-ta, **Taffety,** taf'e-ti, *n.* চেলি, তাফ্‌তা ; ধূপছায়া ; A fine glossy silk stuff having a wavy lustre.

Taffrail, taf'rāl, **Tafferel,** taf'ėr-el, *n.* জাহাজের পশ্চাদ্ভাগের উর্দ্ধদেশ বা তাহার বেষ্টন ; Curved work or rail round a ship's stern.

Tag, tag, *n.* জরির বা ফিতার অগ্রভাগ ; রজ্জুপ্রান্তস্থ ধাতবাগ্র ; সোমাজি ; A metallic point at the end of a string :—অকিঞ্চিৎকর দ্রব্য ; Something mean : অন্য বস্তু সংলগ্ন ক্ষুদ্র বস্তু ; Any small thing attached to another :—*v. t.* সংযোজ-কৃ ; লগ্ন-কৃ ; চিরকূট আঁটা ; To join ; to tack.

Tag after—Follow closely.

Tag-end, *n.* শেষভাগ।

Tag-rag, tag'rag, *n.* ইতর লোক ; নীচ লোক ; The rabble.

Tagrag and bobtail—ইতর লোক ; Low class men.

Tail, tāl, *n.* লাঙ্গুল ; The end of the back-bone of an animal, having vertebræ of an anmal :—পুচ্ছ ; Hind feathers of a bird :—অনুচর দল ; Body of slavish followers :—উত্তরাধিকারী বিশেষের প্রাপ্ত ভূসম্পত্তি ; An estate limited to certain hairs :—*v. t.* লেজ ধরিয়া টানা ; To pull by the tail. *Syn* :—(*n*) End, extremity, fag-end ; skirt ; flap.

Keep the tail in the water—বর্দ্ধমান হ ; উন্নতি-কৃ।

Make neither head not tail of—কোনও কিছুর মাথামুণ্ড কিছুই ঠিকানা করিতে না পারা।

The tail of a gale—ঝড়ের শেষভাগ।

Turn tail—লেজ গুটাইয়া পলাইয়া-যা।

Tailed, *a.* লেজবিশিষ্ট ; সপুচ্ছ।

Tail-less, *a.* লাঙ্গুলহীন।

Tailor, tālur, *n.* দরজী ; সীবনকারক ; One who makes clothes :—*v. t.* দরজীর কার্য্য-কৃ ; To work as a tailor. *fem* = tailoress.

Tailor bird, *n.* পক্ষিবিশেষ ; দরজী-পাখী ; A bird that constructs nests by stitching together leaves of plants.

Tailoring, tālur-ing, *n.* দরজী-গিরি, The business of a tailor.

Tail-piece, tālpēs, *n.* পুচ্ছ-লগ্ন অংশ ; অন্ত্যাংশ ; Appendage ; a piece at the end ; engraving at the end of a chapter &c.

Taint, tānt, *n.* দোষ ; Infection :—কলঙ্ক ; দাগ ; মল, Stain ; spot ; blemish, soil :—*v. t.* কলঙ্কিত-কৃ ; দূষিত-কৃ ; বিষাক্ত-কৃ ; To infect ; to stain :—রঞ্জিত-কৃ, বিবর্ণ-কৃ ; মলিন-কৃ ; Scent :—*v. i.* দূষিত-হ ; পচিয়া-যা ; To be corrupted. *a* = tainted (দূষিত) ; taintless (নির্দ্দোষ, নির্ম্মল)। *ad* = taintlessly (নির্ম্মলরূপে)। *Syn* :—(*v*) Imbue, impregnate, contaminate, defile, pollute, corrupt, disease, vitiate, poison ; sully, tarnish, blot. (*n*) Tincture, tinge, infection, corruption, contamination, defilement ; flaw, defect.

Take, tāk, *v. t.* গ্রহণ-কৃ, লওয়া ; To lay hold of ; to get hold of :—ধৃত-কৃ ; ধরা ; To catch ; seize :—গ্রহণ-কৃ ; Receive ; to accept :—অনুমতি-দে ; Allow :—বাছিয়া-ল ; মনোনীত-কৃ, পছন্দ করিয়া লওয়া ; Choose :—প্রয়োগ-কৃ, ব্যবহার-কৃ ; To use :—বুঝিতে পারা ; বুঝা ; মনে-কৃ ; বিবেচনা-কৃ ; To understand :—বিমোহিত-কৃ ; বশীভূত-কৃ ; To captivate :—বন্দী-কৃ ; আক্রমণ-কৃ ; To capture :—সম্মত-হ ; সম্মতি প্রদান-কৃ ; To agree to :—(কোন কিছুতে) অভিভূত-কৃ ; To become affected with :—জোরে দখল-কৃ ; Seize :—আয়ত্তাধীন-কৃ, অধিকারভুক্ত-কৃ ; To get into one's possession :—কাড়িয়া-ল ; হরণ-কৃ :—বাদ-দে ; বাহির-কৃ ; সরান :—সহ-কৃ :—উদরস্থ-কৃ :—ধরা ; Catch :—*v. i.* কার্য্যকারী-হ ; সফল-হ ; To have effect :—সন্তুষ্ট-হ, To please :—আদর পাওয়া ; To gain reception :—অবলম্বন-কৃ ; লাগা ; ধরা ; বসা ; To have recourse to :—প্রয়োজন-হ ; Be needful. *pp* = took, *pp*=taken. *pp*=taking. *Syn* :—Seize, grasp, gripe, clutch ; entrap, ensnare ; delight, attract, allure, interest, engage, charm ; suppose, consider ; select, espouse ; admit, adopt, assume ; use, employ, occupy ; require, need ; inhale, imbibe, swallow ; draw, delineate.

Take about—লইয়া-যা ; Carry about.

I take it—আমার সংস্কার এই ; আমার ধারণা এই ; আমি বিবেচনা করি ; I suppose ; It is my impression.

Take a course—কোন পথ অনুসরণ-কৃ ; To pursue a path :—কোন দিকে যাওয়া ; Go in a direction.

Take a cursory view of—তাড়াতাড়ি করিয়া দেখা ; বিশেষ করিয়া না দেখা ; To see hastily ; to examine superficially.

Take advantage of—হঠাৎ আক্রমণ-কৃ ; To catch by surprise :—কোন কিছু হইতে কোনরূপে লাভ-কৃ ; কোনও কিছুর সুবিধা-ল ; To make use of favourable state of things against another ; to profit by.

Take a fancy to—পছন্দ-কৃ ; মনোনীত-কৃ ; Take a liking to.

Take a favourable turn—ভাল দিকে-যা ; To improve by change ; to change for.

Take after—অনুকরণ-কৃ ; Learn to follow :—সদৃশ হ ; Resemble.

Take aim—তাগ্-কৃ ; লক্ষ্য-কৃ , Direct the eye (or weapon) to a particular object.

Take air—প্রকাশিত-হ ; To be divulged.

Take amiss, Take it ill—ক্রুদ্ধ-হ ; Regard as wrong or improper ; to resent :—বিরক্ত-হ ; Be offended :—কুভাবে-ল ; Take anything in a wrong sense.

Take amiss—অপমানজনক বোধ-কৃ ; অন্যায় বলিয়া বিবেচনা-কৃ ।

Take a leaf out of one's book—কাহাকে আদর্শস্বরূপ-কৃ ; অন্যের কার্য্যপ্রণালী দেখিয়া তাহার অনুসরণ-কৃ ; Make a person one's model.

Take arms—যুদ্ধ আরম্ভ-কৃ ; অস্ত্রগ্রহণ-কৃ ; Begin war.

Take a turn—পরিবর্ত্তিত-হ ; To change :—সামান্য বেড়ান ; Take a brief walk.

Take a walk—বেড়ান ; To walk.

Take away—বঞ্চিত-কৃ ; হরণ-কৃ ; লওয়া ; Deprive of :—স্থানান্তরে লইয়া যা ; সরাইয়া ফেলা ; Remove.

Take away from—হ্রাস-কৃ ; লাঘব-কৃ ; Diminish ; reduce.

Take breath—বিশ্রাম-কৃ ; দম লওয়া ; হাঁপ ছাড়া ; নিশ্বাস ফেলা ; Rest.

Take care—সাবধান-হ ; সতর্ক-হ ; Be cautious ; take heed.

Take care of, Take care about—তত্ত্বাবধান-কৃ ; Superintend :—প্রার্থী-হ ; Be solicitous for.

Take counsel—পরামর্শ-কৃ ; To consult others.

Take credit for—কোনও কিছুর জন্য ।

Take down—নীচে নামান ; নামান ; Lower ; bring down :—লিখিয়া লওয়া ; লেখা ; Note down :—নত-কৃ ; অবনমিত-কৃ ; Humble :—উপরে উঠা ; (ক্লাসে) কাহারও উপরে উঠা ; Remove from above ; make a boy loss his place (in a class) :—গ্রাস-কৃ ; Swallow :—তিরস্কার-কৃ ; ভর্ৎসনা-কৃ ; Reprimand.

Take effect—কার্য্যকারী-হ ; কার্য্যকর-হ ; ফলোদায়ক-হ ; বলবৎ-হ ; Have the intended effect.

Take effect from—জারি-হ ; Come into operation from.

Take fire—(আগুন লাগিয়া) জ্বলিয়া উঠা ; আগুন লাগা ; Become ignited :—রাগে জ্বলিয়া উঠা ; Become inflamed with anger :—উদ্দীপিত-হ ; Become highly excited.

Tenant, tenant, *n.* প্রজা ; রাইয়ত ; ভাড়াটিয়া ; বাসকারী ; One who holds or possesses land or house under another ; farmer dweller :—*v. t.* প্রজা স্বরূপে অধিকার-কৃ ; ভাড়া লওয়া ; To hold as a tenant.

A tenant at will—ওঠবন্দী প্রজা।

Tenantable, tenant-a-bl, *a.* বাসযোগ্য ; জোতযোগ্য ; Fit to be tenanted.

Tenantless, tenant-les, *a.* প্রজা-বিহীন ; খালি , অনধিকৃত ; Without a tenant ; unoccupied.

Tenantry, tenant-ri, *n.* প্রজাবর্গ , প্রজাসমূহ ; রাইয়ত সকল ; The body of tenants. [fish.

Tench, tensh, *n.* মৎস্য বিশেষ ; A fresh water

Tend, tend, *v. t.* যত্ন-ল ; মনোযোগ-কৃ ; দেখাশুনা-কৃ ; To hold or take care of :—রক্ষার্থ সঙ্গে-যা ; সঙ্গী-হ ; To attend on ; to accompany :—হেপাজত কৃ ; রক্ষা-কৃ ; To guard :—*v. i.* কোন দিকে গমন-কৃ ; কোন দিকে চলা বা ঝুঁকা ; To move in a certain direction :—সাহায্য-কৃ ; সহায়তা-কৃ ; To contribute :—উপায় স্বরূপ কার্য্য-কৃ ; সাধনানুকূল-হ ; উপায় হ ; To be directed to any purpose :—লক্ষ্য-কৃ ; To aim. *Syn* :—Watch, guard, keep, protect, nurse, manage ; wait, serve, attend ; incline, lean, verge ; conduce, lead to. [towards.

Tend to—যাইবার ঝোঁক বা টান থাকা ; Move or go

Tendency, tenden-se, *n.* অভিপ্রায় ; ঝোঁক ; প্রবৃত্তি ; গতিপ্রবণতা ; Inclination ; drift :—লক্ষ্য ; Aim. *Syn* :—Leaning, determination, proneness, proclivity, bias, liability, course.

Tender, tender, *a.* [F. *tendre*, to stretch] মৃদু ; নরম ; কোমল ; সুকুমার ; Soft ; delicate :—দুর্ব্বল ; Weak ; feeble :—দয়ালু ; দয়াদি গুণবিশিষ্ট ; কোমলান্তঃকরণ ; ক্ষমাশীল ; Compassionate , kind :—প্রিয় ; Dear :—সদয় ; পরদুঃখে কাতর ; Pitiful :—অল্পবয়স্ক ; Young :—নম্র ; শান্ত ; Mild :—ধর্ম্মভীরু ; Scrupulous :—দয়াদির উদ্রেককারী ; করুণাজনক ; দয়ার্দ্র ; Pathetic :—ঈষৎ :—কষ্টদায়ক :—অসহিষ্ণু :—রক্ষাকারক :—*n.* প্রস্তাব ; An offer or proposal for acceptance :—প্রস্তাবিত বিষয় ; দিবার প্রস্তাব ; যাহা প্রদানার্থ প্রস্তাবিত হয় ; The thing offered :—ক্ষুদ্র জাহাজ ; যোগানদার যান ; A small vessel that attends a larger with stores :—Carriage with fuel water &c. attached to a locomotive :—*v. t.* প্রস্তাব-কৃ ;

দিতে চাওয়া ; পরিগ্রহার্থ উপস্থিত-কৃ ; To offer for acceptance ; present for acceptance :—সম্মান-কৃ ; To esteem ; regard. *ad*=tenderly. *n*=tenderness. *Syn* :—(*a*) Frail ; infantile ; sensitive, susceptible ; humane, merciful, pitiful ; affecting, touching ; painful, disagreeable. (*v*) Offer, present, prefer, propose.

Legal tender—আইনানুযায়ী দেয় ও গ্রহণীয় মুদ্রা ।

Tender for—Bid for a contract.

Tender one's resignation—কর্মত্যাগ-কৃ ; Resign by giving the proper notice.

Tender-hearted, tendér-hárted, *a.* কোমলান্তঃকরণবিশিষ্ট ; কোমলহৃদয় ; দয়ালু ; দয়াশীল ; Full of feeling. [tifully ; kindly.

Tenderly, *ad.* স্নেহপূর্বক ; সদয়ভাবে ; সহর্পণে ; Pi-

Tender-mercies—দয়া ; Compassion :—নিষ্ঠুরতা ; Cruelty (ironical).

Tenderness, tender-nes, *n.* কোমলতা ; State or quality of being tender :—স্নেহশীলতা ; দয়ালুতা ; Kindness :—অনুগ্রহ ; Mercy. *Syn* :—Delicacy, softness ; weakness, feebleness ; soreness, sensitiveness ; pity, clemency, humanity ; carefulness, caution.

Tendinous, *a.* শিরাল ; Sinewy.

Tendon, tendon, *n.* শিরা , পেশী-বন্ধ ; A sinew.

Tendril, tendril, *n.* লতা-তন্তু , শুঁয়া , A slender spiral shoot of a climbing plant :—*a.* অধিরোহী , আলিঙ্গনশীল , Clasping or climbing.

Tenebrous, tene-brus, *a.* তমসাচ্ছন্ন , তিমিরাচ্ছন্ন ; অন্ধকারময় ; Dark ; gloomy.

Tenement, tene-ment, *n.* বাসবাটী ; বসতবাটী , ভদ্রাসন , বাসাবাড়ী ; A dwelling or habitation or part of it. *a*=tenemental.

A tenement house—যে বাটী ভাড়াটিয়াদিগের জন্য ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত হয় ।

Tenesmus, *n.* বেগ ; A constant desire to go to stool without straining, but no discharge.

Tenet, tenet, *n.* [L. *tenet*, he holds] *n.* সত্য বলিয়া অবলম্বিত মত ; পরামর্শ ; বিশ্বাস ; ব্যবস্থা ; Dogma , principle ; opinion :—Any opinion, or doctrine, which a person maintains as true. *Syn* :—Doctrine, belief, maxim, creed.

Tenfold, tenfōld, *a.* দশগুণ ; Ten times more.

Tennis, *n.* tenis, *n.* ক্রীড়া বিশেষ ; টেনিস খেলা , A game in which a ball is driven by a racket.

Tenon, *n.* কাঠের আল, ইহা খাঁজে গতাইয়া একখণ্ড কাট অপর খণ্ডে জোড়া যায় ; A projection at the end of a piece of wood inserted into a cavity called a mortise of another, to unite two together :—*v. t.* আল করিয়া বা খাঁজিয়া জোড়া ; To fit with tenons.

Tenor, tenor, *n.* [L. *tenor*, from *tenere*, to hold] অভিপ্রায় ; তাৎপর্য্য ; অর্থ ; ভাব ; ধরণ ; Purport, drift :—প্রাপ্তবয়স্ক পুরুষের উচ্চস্বর ; Highest kind of adult males voice. *Syn* :—Course, way, manner, fashion, tone, tendency, character ; meaning, intent, sense, spirit, gist.

Tense, tens, *n.* কালসূচক ক্রিয়াপদ ; কালবাচক বিভক্তি ; কাল ; The form of a verb by which time is expressed.

Tense, *a.* বিস্তারিত ; কষা ; কড়া ; অশিথিল , Stretched , strained to stiffness ; not flax :—শক্ত ; দৃঢ় ; কঠিন ; Rigid. *n*=tenseness, tensity. *ad*=tensely.

Tensile, tensil, **Tensible**, tensi-bl, *a.* প্রসারণীয় ; প্রসার্য্য ; যাহা টানিয়া বাড়ান যাইতে পারে ; Capable of being stretched.

Tension, tenshun, *n.* প্রসারণ ; বিস্তার ; টান টান অবস্থা ; The act of stretching :—উদ্যম ; প্রয়াস ; প্রবল চেষ্টা ; মানসিক চেষ্টা ; Effort.

A tension bridge—ধনুকাকৃতি টানা পুল ।

Tensity, *n.* কাঠিন্য ; Tenseness.

Tensor, tensor, *n.* প্রসারণশীল মাংসপেশী ; A muscle that stretches ; a muscle that tightens apart.

Tent, tent, *n.* তাম্বু ; তাঁবু ; পটাবাস ; A portable lodge of canvas :—পলিতা ; A plug or roll of lint used to dilate a wound or opening in the flesh :—*v. t.* তাম্বু দ্বারা আচ্ছাদন-কৃ ; To cover with tents :—পলিতা দ্বারা পরীক্ষা-কৃ বা খোলা রাখা ; To probe ; to keep open with a tent.

Pitch a tent—তাঁবু খাটান ; Fix a camp firmly in the ground. [Remove a tent ; depart.

Strike a tent—তাঁবু উঠাইয়া লওয়া ; চলিয়া যাওয়া :

Tentacle, *n.* শুঁয়া ; কীটাদির আকর্ষী ; A feeler ; a thread like organ of certain insects for feeling or motion. *a*=tentacular.

Tentative, *a.* পরীক্ষামূলক ; পরীক্ষাস্থলীয় , Experimental. [of experiment.

Tentatively, *ad.* পরীক্ষার্থ ; পরীক্ষাস্থলে ; By way

Tented, tented, *a.* তাম্বু দ্বারা আচ্ছাদিত ; পটমণ্ডপসমাবৃত ; Covered with tents.

Tenter, *n.* বস্ত্র প্রসারণের আঁকড়া ; A machine for stretching cloth on by hookes.

Tenter-hook, *n.* বক্র কাঁটা বিশেষ ।

Be on the tenter-hook—সটান হইয়া থাকা ; বিপদগ্রস্ত বা দুর্ভাবনাগ্রস্ত-হ ; Be on the stretch ; be in suspense or anxiety. [place.

Tenthly, *ad.* দশ প্রকার ; দশমতঃ ; In the tenth

Tenth, *n.* দশমাংশ ; Tithe :—*a.* দশম ; The last of ten ; next in order after the ninth. *ad*=tenthly.

Tent-maker, *n.* তাঁবু-প্রস্তুতকারী ।

Tent-peg, *n.* তাঁবুর খোঁটা ।

Tenuity, tenū-te, *n* [L. *tenuitas*, from *tenuis*, thin] সূক্ষ্মত্ব ; তনুতা ; ক্ষীণতা ; বিরলতা ; Rarity ; thinness ; slenderness. *Syn* :—Fineness, exility, rareness, subtility.

Tenuous, *a.* সূক্ষ্ম ; পাতলা ; Thin.

Tenure, tenūr, *n.* জোত , জমা ; Holding :—ভোগদখল ; ভোগাধিকার । [king luke-warm.

Tepefaction, *n.* ঈষৎ উষ্ণ করণ ; The act of ma-

Tepefy, tep'e-fi, *v. t.* ঈষৎ উষ্ণ-কৃ ; কিছু গরম-কৃ To make warm. *n*=tepefaction.

Tepid, *a.* কুসুম কুসুম গরম ; ঈষৎ উষ্ণ ; Lukewarm ; moderately warm. *n*=tepidness, tepidity (ঈষৎ উষ্ণতা) ।

Teraphim, *n.* গৃহ-দেবতাগণ ; Household deties.

Teratology, *n.* অদ্ভুত প্রসব বিজ্ঞান । *a*=teratologic.

Terce, ters, *n.* Same as Tierce.

Terebene, *n.* তার্পিণ তৈল বিশেষ ।

Terebinth, ter'e-binth, *n.* তার্পিণ বৃক্ষ ; The terpent-tree.

Terebrate, *v. t.* ছিদ্র-কৃ ; Perforate. [worm.

Teredo, *n.* কাষ্ঠ কীট ; কাষ্ঠভেদী কীট ; The ship-

Tergiversation, ter-ji-ver-sāshun, *n.* বাক্ছল ; ছল ; দ্ব্যর্থ বাক্য প্রয়োগ ; চপলতা , A shift ; a shifting ; an evasion ; fickleness of conduct.

Term, term, *n.* নির্দ্দিষ্ট সময় ; নিরূপিত কাল ; Any limited period :—অবধি ; সীমা ; শেষ ; অন্ত ; Limit ; abound :—বৎসরের মধ্যবর্ত্তী অধ্যয়ন ; কাল ; Time of a course of lectures or teaching :—যে সময়ে আদালত খোলা থাকে ; The time during which the courts of law are open :—খাজনা দিবার কিস্তির দিন ; Certain days on which rent is paid :—পদ ; শব্দ ; That by which a thought is expressed ; a word or impression :—তর্কের এক অংশ ; Part of a syllogism :—(বীজগণিতে) রাশির অংশ ; A member of an algebraical compound quantity : —সীমা ; Boundary :—*pl.* নিয়ম ; করার ; সর্ত্ত ; Conditions :—নিরূপিত মূল্য ; Stipulated price :—*v. t.* নাম-কৃ ; আখ্যা-দে ; নাম দেওয়া ; বলা ; Designate ; call ; name. *Syn* :—(*n*) Confine, border ; time, season, period ; word, expression, name. (*v*) Denominate, call, style, entitle.

Be on good or **bad terms with**—কাহারও সহিত সদ্ভাব বা অসদ্ভাব থাকা ; Be at peace with or not at peace with. [স্থান-কৃ ।

Be on terms of friendship—বন্ধুত্বের ভাবে অব-

Bring to terms—মিট্‌মাট্‌ করান ; সম্মত বা বশবর্ত্তী হইতে বাধ্য-কৃ ; Cause to come to an agreement.

Come to terms—মিট্‌মাট্‌-কৃ ; দরে বনা ; Come to an agreement :—সন্ধি স্থাপন-কৃ ; বিবাদ মিটান ; Make peace.

Couched in terms—কথায় প্রকাশিত ; ভাবযুক্ত কথায় ব্যক্ত ; Expressed in language ; stated in some kind of language.

In no measured terms—যা মুখে আসে তাই বলিয়া, In strong language ; in immeasurably strong and vehement language.

Keep on good terms with—প্রণয় রাখা ; Maintain friendship with.

Keep terms—কোন নির্দ্দিষ্ট কালের জন্য কালেজে হাজিরা-দে ; Attend the lectures given in a college or university for a certain period.

Keep terms with—কোন কিছুর সহিত মিল রাখিয়া চলা ; Act in conformity with.

Make one's own terms—নিজে প্রবল বলিয়া নিজে যে সর্ত্তে মিট্‌মাট্‌ করিতে রাজি তাহা বলা ; Dictate the conditions under one would make peace or grant respite. [ment.

Make terms—মিট্‌মাট্‌-কৃ ; To come to an agree-

On equal terms—সমান সমানের মত ; As an equal :—ঠিক অন্য কাহার ন্যায় ; On a footing of equality with ; in exactly the same manner as : —With equal chances of success. [ship.

On friendly terms—বন্ধুত্বভাবে ; সদ্ভাবে ; Friend-

Termagant, *n.* প্রবলা রমণী ; উগ্রচণ্ডা নারী ; কলহপ্রিয়া স্ত্রী ; A brawling woman :—A boisterous woman ; a shrew :—*a.* প্রবলা ; উগ্রচণ্ডা ; Boisterous ; howling. *n*=termagancy (turbulence).

Terminable, tėr'min-a-bl, *a.* যাহার শেষ হইতে পারে ; অন্ত করণীয় ; সমাপনীয় ; That may bound or limit.

Terminal, termin-al, *a.* অন্ত ; অন্তিম ; অন্তেস্থিত ; Pertaining to or forming the end or extremity. *Syn* :—Limiting, bounding ; final, ultimate.

Terminate, termin-āt, *v. t.* সীমাবদ্ধ-কৃ ; সীমা-কৃ ; বদ্ধ-কৃ ; To bound ; to set the boundary :—শেষ-কৃ ; সমাপন-কৃ , সম্পূর্ণ-কৃ , To end , to finish :—*v. i.* শেষ-হ ; To end :—বদ্ধ-হ ; To close. *Syn* :—Limit ; conclude, close, complete, finish.

Termination, term-in-āshun, *n.* শেষ করণ ; The act of ending :—সীমা ; Limit :—শেষ ; অন্ত ; শেষ ভাগ ; End :—ফল ; Result. *a*=teminational (সীমা সম্বন্ধীয় বা সীমাসূচক) । *Syn* :—Ending, completion ; bound, period ; conclusion, issue.

Terminative, tėr'min-āt-iv, *a.* শেষ করণ প্রবৃত্ত ; চূড়ান্ত ; Tending to terminate or determine ; absolute.

Terminology, tėr-min-olo-ji, **Termonology,** *n.* পরিভাষা ; Discourse or treatise on terms :—নামাদি ; সংজ্ঞা-প্রকরণ ; Nomenclature.

Terminus, tėr-min-us, *n.* শেষ ; অন্ত ; সীমা ; The end ; boundary :—লৌহবর্ত্মের অন্ত বা আদি ; লৌহবর্ত্মের সীমা ; One of the extreme points of a railway :—ভ্রমণের শেষ ; End of a journey :—মনুষ্যের উত্তরাঙ্গের প্রতিরূপ । *pl*=termini.

Tern, *n.* জলচর পক্ষিবিশেষ ; A sea-fowl.

Ternary, tėr-nar-i, *a.* ত্রিতয়ী , ত্র্যাত্মক , Threefold ; proceeding by threes ; consisting of threes :—*n.* তিন গুণ ; তিন সংখ্যা ; ত্রিসংখ্যা ; The number three.

Tarnate, tėr'nāt, *a.* ত্রিগুণ ; ত্রিখণ্ডিত ; ত্র্যাবর্ত্তিত ; Three-fold or arranged in threes.

Terra, *n.* ধরা ; পৃথিবী ।

Terra-alba, *n.* শ্বেত মৃত্তিকা বিশেষ ।

Terrace, ter'ās, *n.* সমতল ছাদ ; Flat roof :—বাটীর বেদী বা উচ্চ ঢিবি ; Any raised flat place :—গৃহশ্রেণী :—রাস্তা :—*v. t.* ঢিবি বা ছাদবিশিষ্ট কৃ , To form into a terrace. [clay.

Terra-cotta, ter'a-kota, *n.* পক্ক মৃত্তিকা ; Baked

Terra firma, *n.* কঠিন জমী ; শুক্‌নো ডাঙ্গা ; শুষ্ক জমী ; Solid earth ; main land ; continent.

Terra incognito, *n.* অজানিত দেশ , অজ্ঞাত স্থান ; অনাবিষ্কৃত দেশ ; Unknown land.

Terraqueous, ter-ākwe-us, *a.* [L. *terra*, earth, *aqua*, water] জলস্থলময় ; স্থল ও জল সম্বন্ধ ; Consisting of land and water.

Terreen, ter-eń, *n.* A largedish or vessel for holding soup at table ; less common form of *tureen.* [earthly , terrestrial.

Terrene, ter-eń, *a.* পার্থিব , মৃত্তিকাময় ; Earthy ;

Terrestrial, ter-estre-al, *a.* [L. *terrestris*, from *terra*, the earth] পার্থিব , ভূচর , ঐহিক ; সাংসারিক ; Pertaining to the earth :—*n.* পৃথিবীবাসী ; An inhabitant of the earth. *Syn* :—(*a*) Sublunary, mundane, worldly.

Terrible, ter'e-bl, *a.* ভয়ানক ; ভীষণ ; ভয়াবহ ; Extreme awful ; horrible ; dreadful :—আতঙ্কিক । *n*=terribleness (ভীষণতা ; dread, horror). *ad*=terribly (ভয়ঙ্কররূপে ; অত্যন্ত) । *Syn* :—Terrific fearful, frightful, horrible, shocking.

Terrier, ter'i-er, *n.* ক্ষুদ্র কুকুর বিশেষ ; Small dog that pursues animals to their burrow.

Terrific, ter-rif'ik, *a.* ভয়ানক ; ভীষণ , ভয়ঙ্কর ; Terrible ; dreadful.

Terrify, ter'e-fi, *v. t.* ভীত-কৃ ; শঙ্কিত-কৃ ; ভয় প্রদর্শন-কৃ ; To frighten greatly ; to alarm ; to shock with fear. *Syn* :—Dismay, scare, horrify, appal, daunt, intimidate.

Terretorial, *a.* রাজত্ব-সম্বন্ধীয় , Pertaining to a

territory :—রাষ্ট্রীয় ; রাজ্য সম্বন্ধীয় ; Limited to a district. *ad*=territorially.

Territory, ter'e-tor-e, *n.* [L. *territorium*, from *terra*, the earth] রাজ্য ; রাজত্ব ; বিস্তৃত ভূমিখণ্ড ; Domain under sovereignty :—অধিকার ; মুলুক ; The entire of land around or belonging to a city or state ; district ; province.

Terror, ter'ur, *n.* [L. *terror*, from *terrere*, to frighten] ভয় ; ত্রাস ; আশঙ্কা ; Dread ; extreme fear ; alarm ; fright :—ভয়ের কারণ ; ভয়ঙ্কর বস্তু ; Cause of fright. *Syn* :—Consternation, dismay, horror ; intimidation, terrorism.

King of terrors—মৃত্যু ; যম , Death.

Strike terror into—ভীত-কৃ ; Frighten.

The reign of terror—ফরাসী দেশীয় রাজবিপ্লবের যে সময়ে জীব হনন হইয়াছিল এবং প্রবল ব্যক্তিগণের অত্যাচারে যে সময়ে লোকে সশঙ্কিত হইয়াছিল ; The period during the French Revolution when executions were most numerous and the people were kept in the greatest fear by the arbitrary acts of the rulers ; A name used to designate the bloodiest period of the French revolution, from about October 1793 to July 1794. যে অত্যাচারে লোককে সশঙ্কিত করিয়া তোলে ; Dispotism that strikes terror into people.

Terrorism, ter'ur-izm, *n.* ভয়প্রদর্শন ; ভয়ের অবস্থা; A state of terror :—ভয় দ্বারা শাসন ; Government by terror.

Terror-smitten, Terror-struck, Terror-stricken, *a.* ভয়াভিভূত ; শঙ্কাহত ; ভয়বিহ্বল , Overwhelmed with terror.

Terse, ters, *a.* [L. *tersus*, *pp.* of *tergere*, to rub] সুন্দররূপে লিখিত ; Clearly written :—পরিচ্ছন্ন ; Neat :—সংক্ষিপ্ত ; বেশ ছাঁটাছোঁটা ; অল্পপদবিশিষ্ট ; Concise with smoothness or elegance. *n*=terseness (সংক্ষেপ) । *ad*=tersely (সংক্ষেপে) । *Syn* :—Brief, short, compact, succinct, condensed, pithy, sententious.

Tertian, ter'shi-an, *a.* দুই দিন অন্তর , ত্র্যহিক ; Occuring every third day :—*n.* ত্র্যহিক জ্বর , যে জ্বর দুই দিন অন্তর আসে ; A fever or disease with paroxysm every third day.

Tertiary, *a.* তৃতীয় ; তৃতীয় শ্রেণীভুক্ত ; Third ; belonging to the 3rd class. [কাল ।

Tertiary period—স্তন্যপায়ীগণের উৎপত্তির প্রথম

Tessellate, tesel-at, *v. t.* চতুষ্কোণাকার-কৃ ; চৌখুপী-কৃ ; খুপরিকাটা ; To form into squares or lay with checkered work. *n*=tessellation (চৌখুপী করণ; চৌখুপী কার্য্য) । *a*=tessellated (চৌখুপী দ্বারা চিত্রবিচিত্র) ।

Test, test, *n.* [F. *tet*, *test*, test, trial] পরখ ; পরীক্ষা ; Trial ; examination :—প্রমাণ ; যদ্দ্বারা পরীক্ষা করা হয় ; Criterion ; standard ; proof :—বিভেদ ; Distinction :—ধাতু পরীক্ষা করিবার পাত্র ; কষ্টিপাথর ; Cupel for trying metal :—ধাতু গলাইয়া পরীক্ষা করিবার পাত্র , মুচি ; A pot in which metals are melted for trial and refinement :—বিশেষ গুণ :—বিচার :—*v. t.* পরীক্ষা-কৃ ; পরখ করিয়া দেখা ; যাচাইয়া লওয়া ; To examine ; to put to proof :—তুলনা-কৃ ; Compare with a standard :—বিশুদ্ধ-কৃ ; শোধন-কৃ ; Refine. *Syn* :—(*n*) Proof, experiment, ordeal.

A crucial test—চূড়ান্ত পরীক্ষা ; যাহা দ্বারা কোন বিষয় নিশ্চয় জানা যায় , A decisive test.

Put to the test—পরীক্ষা-কৃ ; পরীক্ষায় ফেলা ।

Testable, testa-bl, *a.* দানপত্রের দ্বারা দেয় ; ইচ্ছাপত্র দ্বারা প্রদেয় ; Capable of being given by will.

Testaceous, tes-tashus, *a.* শক্ত খোলাবিশিষ্ট ; দৃঢ় আবরণযুক্ত ; Having a hard shell ; consisting of a hard shell.

Testament, testa-ment, *n.* ইচ্ছাপত্র ; A will ; a written will :—খ্রীষ্টীয় ধর্মগ্রন্থের ভাগ ; বাইবেলের অন্যতর অংশ ; One of the two general division of the bible.

The new testament—বাইবেলের উত্তর ভাগ ।

The old testament—বাইবেলের পূর্ব্ব ভাগ ।

Testamentary, *a.* উইলসম্বন্ধীয় ; ইচ্ছাপত্রসম্বন্ধীয় ; উইল দ্বারা প্রদত্ত ; Belonging to a will ; done by will. [ing made and left a will.

Testate, testat, *a.* ইচ্ছাপত্র দ্বারা কৃতব্যবস্থা ; Hav-

Testator, tes-tator, *n.* যে ব্যক্তি উইল (ইচ্ছাপত্র) করিয়া মরে ; One who leaves a will. *fem*=testatrix.

Tester, tester, *n.* বিছানার চন্দ্রাতপ ; Top covering of a bed :—খাটের চাঁদোয়া ; A canopy :—ফরাসীর সাবেক সিকি ; A six pence.

Testicle, testi-kl, **Testes,** *n.* অণ্ডকোষ ; বিচি ; ঝাঁড়বিচি , মুষ্ক ; One of the glands that secretes the seminal fluid in males. *a*=testiculate ; testiculated (অণ্ডাকার ; shaped like a testicle).

Testify, teste-fi, *v. i.* [L. *testis*, a witness, and *facere* to make] সাক্ষী-হ ; ধর্ম্মতঃ নির্দ্দেশ-কৃ বা বলা ; To bear witness, to make a solemn declaration :—প্রতিবাদ-কৃ ; To protest :—*v. t.* সাক্ষ্য-দে ; To bear witness :—শপথ করিয়া বলা ; To affirm or declare solemnly on oath :—সাক্ষ্য দিয়া প্রমাণ-কৃ ; To attest. *Syn* :—Depose, declare, affirm, depone, witness ; attest.

Testify to—প্রমাণ-কৃ ; Prove.

Testimonial tes-ti-mo'ni-al, *a.* প্রমাণঘটিত ; Containing testimony :—*n.* প্রশংসা-পত্র ; প্রমাণ-পত্র ; A certificate of character.

Testimony, teste-mo-ne, *a.* প্রমাণ ; সাক্ষ্য ; A proof by witness ; a solemn affirmation ; evidence given :—কথন বা নির্দ্দেশ ; Declarat on. *Syn* :—Deposition, witness-bearing, attestation, confirmation, corroboration, witness ; proof.

Test-tube, *n.* রাসায়নিক পরীক্ষার নল বিশেষ ।

Testy, teste, *a.* খিটখিটে , বেঁকী ; উগ্রপ্রকৃতি , ক্রোধন ; রাগী ; চটা , Fretful ; petulant ; peevish ; easily irritated. *n*=testiness (উগ্রস্বভাব) । *Syn* :—Petulant, querulous, captious, hasty, irritable.

Tetanus, teta-nus, *n.* ধনুষ্টঙ্কার ; ব্যাধি বিশেষ ; Spasm of the voluntary muscles :—দাঁতকপাটি ; চোয়ালবন্ধ ; Lock-jaw. *a*=tetanic.

Tete-a-tete, *n.* বিশ্বস্তভাবে কথাবার্ত্তা ; রহস্যালাপ ; একত্রে দুই ব্যক্তির কথোপকথন ; Interview ; close conversation :—*ad.* কানে কানে ; মুখোমুখী হইয়া ।

Tether, tether, *n.* পশুবন্ধন রজ্জু বা শৃঙ্খল ; A rope or chain for tying a beast :—*v. t.* রজ্জু দ্বারা বন্ধন-কৃ , শৃঙ্খল দ্বারা বদ্ধ-কৃ ; To fasten with a tether :—নির্দ্দিষ্ট সীমার মধ্যে সংযত করিয়া রাখা ; To restrain within certain limits. [limit of one's resource.

Be at the end of one's tether—Reach the

Tetra, *pfx.* চারি ; চতুর ।

Tetragon, tetra-gon, *n.* চতুষ্কোণাকার ; চতুষ্কোণ

ক্ষেত্র ; A figure having four angles. *a*=tetragonal (চতুষ্কোণ ক্ষেত্র সম্বন্ধীয় ; চারিকোণবিশিষ্ট) ।
Tetrahedron, tet-ra-hē'dron, *n.* চারিটী ত্রিভুজ যাহার চতুষ্পার্শ এরূপ ঘনক্ষেত্র ; A solid figure enclosed by four triangles. *a*=tetrahedral (চতুষ্পার্শ ; bound by four triangles).
Tetrameter, *n.* (পদ্যে) পদচতুষ্টয়বিশিষ্ট পংক্তি ।
Tetrarch, tet'rärk, *n.* প্রদেশ বিশেষের চতুর্থাংশের শাসনকর্ত্তা ; In the ancient Roman empire, the ruler of the fourth part of a province, a subordinate prince.
Tetrarchate, te-trär'āt, *n.* প্রদেশের চতুর্থাংশ ; The fourth part of a province.
Tetrasyllable, tetra-sil-a-bl, *n.* চারি শব্দবিশিষ্ট শব্দ ; চারি শব্দাংশের বাক্য ; A word consisting of four syllables. *a*=tetrasyllabic (চারি শব্দাংশবিশিষ্ট) ।
Tetter, *n.* কন্ডুরোগ ; খোস পেঁচড়া ; A popular name for several cutaneous deseases.
Teuton, *n.* প্রাচীন জাতী বিশেষ ।
Teutonic, tū-tonik, *a.* জর্ম্মণদেশের জাতী সম্বন্ধীয়, Germanic ; belonging to Teutons :—*n.* টিউটন ভাষা ; The language of the Teutons. [বিশেষ ।
The teutonic language—আর্য্য ভাষার শাখা
Text, tekst, *n.* মূল বচন ; (যাহা অবলম্বন করিয়া টীকা রচিত হয়) ; The original words of an author ; the substance of a book :—বাইবেলের বাক্য বিশেষ ; A passage of scripture. *Syn* :—Body, true version ; subject, theme ; verse, passage, sentence.
Text-book, tekst'-book, *n.* ছাত্রদিগের পাঠ্য পুস্তক, A book containing the leading principles of a science :—বিদ্যালয়ের পাঠ্যপুস্তক ; A school-book.
Text-hand, tekst'-hand, *n.* বড় অক্ষরে লিখন ; (লিখনে) বড় অক্ষর ; Large hand in writing.
Textile, tekstil, *a.* তন্তুনির্ম্মিত ; বোনা ; বয়নোৎপন্ন ; বয়ন সম্বন্ধীয় ; Weaveable ; capable of being woven ; woven.
Textual, tekstū-al, *a.* মূলবচনসম্বন্ধীয় ; মূলে লিখিত ; মৌলিক ; মূলাত্মক ; Pertaining to, or contained in the text ; serving for a text. *ad*=textually (মূলানুসারে ; মূলবচন বিষয়ে) ।
Textualist, tekstū-al-ist, *n.* মূল বাক্যানুরাগী ; বাইবেলের মূলবাক্যকথনপটু ব্যক্তি ; One ready in quoting texts or skilled in scripture.
Texture, tekstūr, *n.* বুনন ; বুনন ; নির্ম্মাণ ; সংস্থান ; বস্ত্র বা জাল ; Act of weaving ; a web ; manner of weaving. *Syn* :—Fabric ; structure, make, tissue, constitution. [A silver coin, 3s.
Thaler, *n.* রৌপ্যমুদ্রা বিশেষ ; প্রায় ২।• (নয় সিকা),
Thallium, *n.* সীসবৎ ধাতু বিশেষ । [comparison.
Than, than, *conj.* অপেক্ষা ; চেয়ে ; হইতে ; Used in
Thane, thān, *n.* সম্মানসূচক উপাধি ; সম্ভ্রমসূচক পদবী ; A person of rank. [of a thane
Thanedom, *n.* The jurisdiction or property
Thank, thangk, *v. t.* ধন্যবাদ-দে ; কৃতজ্ঞতায় প্রকাশ-কৃ ; To express gratitude to for a favour or kindness :—*n.* ধন্যবাদ ; কৃতজ্ঞতা স্বীকার ; Expression of gratitude.
Thank god—ঈশ্বরের কৃপায় ; It is a fortunate circumstance for which one ought to be thankful to God. [sider oneself fortune.
Thank one's stars—ভাগ্যবান বলিয়া মনে-কৃ, Con-
Thanks to—জন্য ; কোন কিছু প্রযুক্ত ; কাহারও কল্যাণে বা অনুগ্রহে ; Owing to ; on that account ; it is a fortunate circumstances for which one ought to be thankful to, or for which one is indebted to.
Thank you—ধন্যবাদ করি ।
Thankful, thangkfool. *a.* কৃতজ্ঞ ; Grateful. *n*=thankfulness (কৃতজ্ঞতা) ; *ad*=thankfully (কৃতজ্ঞতাসহকারে) । [হারাম ; Unthankful.
Thankless, thangkless, *a.* কৃতঘ্ন ; অকৃতজ্ঞ ; নেমক-
Thanks-giver, thangksgiv-ėr, *n.* ধন্যবাদকারী ; ধন্যবাদদাতা ; কৃতজ্ঞ ব্যক্তি ; One who gives thanks.
Thanks-giving, thangksgiving, *n.* ধন্যবাদ প্রদান ; কৃতজ্ঞতা-প্রকাশ ; Rendering thanks for favour or mercies :—পূজার দিন ; A day set apart for public prayer :—স্তবাদি ; A public acknowledgment of divine goodness.
Thanks-offering, thangk-of'ėr-ing, *n.* কৃতজ্ঞতাসূচক উপহার ; কৃতজ্ঞতা প্রদর্শনার্থ নৈবেদ্য বা বলী ; An offering made to as an expression of thanks.
Thank-worthy, thangkwur-thi, *a.* ধন্যবাদের উপযুক্ত ; ধন্যবাদার্হ ; Worthy of or deserving thanks.
That, that, *Relative pronoun,* equivalent to *who, which.* যে ; যিনি ; যাহা । *Demons. pro.* referred to before. তাহা তা ; ঐ ; সেই ; উহা ; Not this ; but the other, former ; more distant :—*conj.* যেহেতু ; এই হেতু যে ; এই নিমিত্ত যে ; জন্য ; Because, for ; inorder that.
All that—সেই মত সমস্ত ।
In order that—এই উদ্দেশ্যে যে ।
In that—কারণ ; এই হেতু যে ।
That is to say—অর্থাৎ ।
Thatch, thach, *n.* চাল ছাওয়ার খড় ; ছাউনি চাল ; ছাপ্পর ; A covering of straw, rushes &c. ; straw &c. used to cover roof :—*v. t.* খড় দিয়া আচ্ছাদন-কৃ ; ছাওয়া ; To cover with straw, reeds &c.
Thatcher, *n.* ঘরামী ; বাড়ুই ।
Thatching, thaching, *n.* ছাউনির উপাদান ; খড় প্রভৃতি দ্বারা আচ্ছাদন, Materials for thatch, the act of covering with thatch.
Thaumaturgy, *n.* ইন্দ্রজাল ; যাদুবিদ্যা ; অদ্ভুত কার্য্য সম্পাদন ; The art of working wonders or miracles.
Thaw, thaw, *v. t.* দ্রব-কৃ ; গলান ; To melt as ice ; to make or become fluid :—*v. i.* দ্রব-হ ; গলিয়া যাওয়া ; To melt :—*n.* গলন ; দ্রবণ ; Melting of snow or ice. *Syn* :—(*v*) Dissolve, liquefy.
The, the, *n.* ঐ, সেই ; এই ; *Definite article,* used to denote a particular person or thing :—*ad.* যে পরিমাণে সেই পরিমাণে ; যত তত ।
All the more—সেই জন্য আরও ।
Theatre, thē'a-ter, **Theater,** *n.* নাট্যশালা ; রঙ্গালয়, রঙ্গভূমি ; নাচ-ঘর ; Play-house ; an edifice in which dramatic performances are exhibited ; stall :—কার্য্যক্ষেত্র ; রঙ্গভূমি ; Scene of performance :—বক্তৃতা-গৃহ ; Lecture-room. *Syn* :—Arena, scene, field, stage.
Theatric, thē-atrik, **Theatrical,** thē-atrik-al, *a.* নাট্যশালা সম্বন্ধীয় ; রঙ্গালয় সম্বন্ধীয় ; নাটকীয় ; Belonging to theatre ; relating to actors :—Calculated for display :—আড়ম্বরপ্রবর্ত্তী ; Pompous. *ad*=theatrically. *Syn* :—Dramatic, scenic, his-

triomic; showy, pompous, ceremonious, artificial, unreal, affected.

Theatricals, thē-at'rik-alz, *n. pl.* নাট্য-ক্রীড়া; অভিনয়; নাটকাভিনয়; সখের যাত্রা; Dramatic performances. [তোমাকে।

Thee, thē, *pron.* objective of *Thou.* তোমাকে;

Theft, theft, অপহরণ; চৌর্য্য; চুরি; The act of thieving :—অপহৃত বস্তু; Thing stolen.

Their, thār, *pron. a.* তাদের; তাহাদের; উহাদের; Of or belong to them.

Theirs, thārz, *poss.* of *they.*

Theism, thē'izm, *n.* আস্তিকতা; অদ্বৈতবাদ; একেশ্বরবাদ; Belief in one Almighty God; belief in the existence of God. *a*=theistic (একেশ্বরবাদ সম্বন্ধীয়)। [a God.

Theist, thē'ist, *n.* আস্তিক; One who believes in

Theistic, thē-is'tik, **Theistical,** thē-is'tik-al, *a.* আস্তিক বা আস্তিক সম্বন্ধীয়; Belonging to theism; according to the doctrines of theists; believing in theism. [তাহাদিগকে।

Them, them, *pron. pl.* objective of *they*;

Theme, thēm, *n.* বিষয়; প্রসঙ্গ; রচনার বা বক্তৃতার বিষয়; A subject on which a person writes or speaks :—তর্কার্থ উপস্থিত বিষয়; A subject proposed for discussion. *Syn* :—Topic, text, thesis; essay, dissertation, composition.

Themis, *n.* ন্যায়দেব; Goddess of justice.

Themselves, them-selvz, *pro. pl.* of Himself, herself and itself. তাহারা আপনাআপনি; তাহারা স্বয়ং।

Then, then, *ad.* তদা; তৎকালে; তখন; At that time :—অবিলম্বে; Immediately :—তৎপরে; পরে; Afterwards :—আর এক সময়ে; পুনরায়; At another time :—অতএব; তজ্জন্য; Therefore :—*conj.* অতঃপর; তাহা হইলে; তবে; এরূপ স্থলে; In that case; in consequence; therefore :—*a.* তৎকালবর্ত্তী, Existing at that time.

Now and then—মধ্যে মধ্যে; যখন তখন।

Since then—তদবধি; তদা প্রভৃতি।

Then and there—তখন এবং তথায়; On the spot and at that time :—সেই ক্ষেত্রেই; তখনই; Forthwith.

Till then—তৎপর্য্যন্ত; যতক্ষণ না সেই সময় আসে।

Thence, thens, *ad.* তথা হইতে; সেই সময় হইতে; সেখান থেকে; তদবধি; তজ্জন্য; From that place or time, for that reason.

Thenceforth, thens'forth, *ad.* সেই সময় হইতে; তৎকাল হইতে; From that time.

Thenceforward, *ad.* তদা প্রভৃতি; সেই সময় হইতে আরম্ভ করিয়া; From that time onward.

Theocracy, the-okra-si, *n.* ঈশ্বর শাসন; ঈশ্বর কর্ত্তৃক রাজ্য শাসন; Government of a state by the immediate direction of God.

Theocratic, Theocratical, *a.* যাজক বা ঈশ্বর কর্ত্তৃক শাসন সম্বন্ধীয়।

Theodicy, *n.* ঈশ্বরের শাসন এবং পূর্ণতা ও আত্মার অমরত্ব প্রতিপাদক শাস্ত্র; A justification of God's dealings with man.

Theodolite, thē-odo-līt, *n.* পরিমাপক যন্ত্র; কোণ মাপিবার যন্ত্র; An instrument for measuring angles.

Theogonist, thē-og'o-nist, *n.* পরমার্থ-বিদ্যা-লেখক; A writer on Theogony.

Theogony, *n.* দেবতাগণের উৎপত্তির কারণ; দেবতাগণের সৃষ্টি-তত্ত্ব; Geneology of Gods.

Theologian, thē-o-lō'ji-an, *n.* ঈশ্বরতত্ত্বের আলোচনাকারী; তত্ত্বোপদেষ্টা; A professor of divinity.

Theologic, Theological, *n.* ধর্ম্মতত্ত্বসম্বন্ধীয়; Pertaining to divinity.

Theologise, thē-olo-jīz, *v. t.* ঈশ্বরতত্ত্ব বিষয়করণে পরিণত-কৃ; To render theological :—*v. i.* ধর্ম্মতত্ত্ববিদের মত বিচার-কৃ। [নীতি; A theologian.

Theologist, thē-olo-jist, *n.* ধর্ম্মতত্ত্ববিৎ; ধর্ম্মশাস্ত্র-

Theology, thē-olo-ji, *n.* ধর্ম্মতত্ত্ব; পরমার্থ-বিদ্যা; ব্রহ্মবিদ্যা; The science which treats of God and his relation to man :—A branch of heathen. *a*=theologic, theological (পৌরাণিক; ঈশ্বরতত্ত্ব সম্বন্ধীয়)।

Theomachy, *n.* দেবতা বিরুদ্ধে যুদ্ধ; Fighting against the Gods. [answers.

Theomancy, *n.* ভবিষ্যৎ কথন; Sooth-saying by

Theomania, *n.* আপনাকে ঈশ্বর বুদ্ধিরূপ ক্ষিপ্ততা।

Theorem, thē'o-rem, *n.* (গণিতে) সম্পাদ্য প্রতিজ্ঞা; যে প্রতিজ্ঞা সপ্রমাণ করিতে হয়; উপপাদ্য; A position to be proved :—তত্ত্ব; বিধি; A speculative truth.

Theoretic, thē-o-ret'ik **Theoretical,** thē-ō-ret'ik-al, *a.* কল্পনাত্মক; ঔপপত্তিক; আনুমানিক; অনুমানমূলক; কাল্পনিক; বাচনিক; Not practical; pertaining to theory; speculative. *ad*=theoretically (কল্পনাপূর্ব্বক)। *Syn* :—Hypothetical, conjectural.

Theorise, thē'o-rīz, *v. i.* কল্পনা-কৃ; মতস্থির-কৃ; বিচার-কৃ; To form a theory; to speculate; to form opinions solely by theories. *n*=theoriser.

Theorist, thē'o-rist, *n.* চিন্তারত লোক; অবিচারপূর্ব কল্পনাপ্রিয় ব্যক্তি; কল্পনাকারী; One given to theory and speculation :—মত-প্রকাশক; বাদী।

Theory, thē'o-re, *n.* কল্পনা; চিন্তা; অনুমান; Speculation (as opposed to practise) :—বিজ্ঞান; Science :—মত; Doctrine :—ব্যাখ্যা; বিবৃতি; বিচার; Exposition. *Syn* :—Hypothesis, assumption, conjectu e; plan, system, philosophy; explanation, reason, rationale.

In theory—মত সম্বন্ধে; In one's principles :—তাৎপর্য্য বা যুক্তি ধরিতে গেলে; From a speculative point of view :—ভণিতে, বচনে, নামে (কাজে নহে); In its prin iples. [theosophy.

Theosophist, *n.* ব্রহ্মজ্ঞানবিৎ; One skilled in

Theosophy, thē-oso-fi, *n.* ব্রহ্মজ্ঞান; দিব্যজ্ঞান; তত্ত্ববিদ্যা; Divine inspiration or illumination.

Therapeutic, ther-a-pū'tik, **Therapeutical,** *a.* [G. *therapeuo,* to peal] আরোগ্যোপযোগী; রোগোপশম সম্বন্ধীয়, রোগনাশক; পীড়াশান্তিকর; Pertaining to the healing art; curative.

Therapeutics, ther-a-pū'tiks, *n. sing.* রোগ চিকিৎসা-বিদ্যা; ভৈষজ্য-বিজ্ঞান; আরোগ্য-বিজ্ঞান; That part of medicine which respects the treatment and cure of disease.

There, thār, *ad.* তথায়; সেখানে; সেই স্থানে; তত্র; ঐ; সে সম্বন্ধে; সে বিষয়ে; In that place.

Here and there—মধ্যে মধ্যে; এখানে সেখানে।

Thereabouts, Thereabout, thār-a-bowt, *ad.* সেই অঞ্চলে; Near that place :—সেই বিষয় সম্বন্ধে; সেই পরিমাণের কাছাকাছি; কমবেশী; Concerning that matter; near that number, degree or quantity.

There-after, *ad.* তৎপরে; তদনুসারে; After, or according to, that. [site.

There-against, *ad.* বিপরীত; Against or oppo-

There-at, thār-at', *ad.* তজ্জন্য ; তাহাতে ; তথায় ; There against, at that occurrence ; on that account.

Thereby, thār-bī', *ad.* তদ্দ্বারা ; তাহা দ্বারা ; তদ্ধেতু ; By means of that, in consequence of that.

Thereby hangs a tale—A story or an incident is closely connected with that.

Therefore, thėr-fur, *adv.* and *conj.* তজ্জন্য ; সেই কারণে ; অতএব ; For that, for this, for this reason ; consequently. [From that.

Therefrom, thār-from, *ad.* তাহা হইতে ; সেই হইতে,

Therein, thār-in, *ad.* তাহাতে ; সেইস্থানে ; সেইকালে ; In that ; in that place ; in that time.

Thereinto, *ad.* Into that.

Thereof, thār-of', *ad.* তাহার ; ইহার ; তাহা হইতে, তদ্বিষয়ে ; Of that. [তাহার উপর ; On that.

Thereon, Thereupon, *ad.* তাহাতে, তদুপরি ;

Thereout, *ad.* Out of that.

Thereto, thār-tōō', **Thereunto,** thār-untōō, *ad.* তদভিমুখে ; তাহাতে ; To that.

There-upon, *ad.* তাহাতে, Upon that :—অবিলম্বে, Immediately.

Therewith, Therewithal, *ad.* তৎসহ ; তাহার সহিত, তাহাতে ; তদ্ব্যতীত ; With that, with this.

Thermal, thėr'mal, **Thermic,** *a.* [Gr. *therme*, heat—*thero*, to heat] উত্তাপ সম্বন্ধীয় ; তাপ সম্বন্ধীয়, Pertaining to heat :—গরম, উষ্ণ, Warm

Thermo-dynamics, *n.* [Gr *therme*, heat, and *dynamis*, force] তাপ-বিজ্ঞান. The science which treats of heat as a mechanical.

Thermo-electricity, *n.* তাপের তাড়িত ; Electricity developed by the action of heat.

Thermometer, thėr-mome-tėr, *n* [Gr. *therme*, heat, and *metron*, a measure] *n.* তাপমানযন্ত্র, An instrument for measuring *heat* or temperature.

Thermometric, Thermometrical, *a.* তাপমান যন্ত্র দ্বারা স্থিরীকৃত ; তাপমানযন্ত্র সম্বন্ধীয়, Pertaining to, or made with, a thermometer. *ad*=thermometrically.

Thermo-pile, thėr'mo-pīl, *n.* তাপমানরূপে ব্যবহৃত তাপের তাড়িত যন্ত্র ; A thermo-electric battery used as therometer.

Thesaurus, the-saw'rus, *n.* কোষ ; জ্ঞান কোষ ; শব্দ কোষ ; বৃহৎ অভিধান কোষ ; A treasury or repository, especially of knowledge ; a lexicon, cyclopaedia ; a dictionary.

These, thēz, *demon. pro. pl.* of *this.* এই সকল।

Thesis, thē'sis, *n.* বিষয়, প্রসঙ্গ, প্রবন্ধ ; Subject for a scholastic exercise ; theme ; to pic :—পূর্বপক্ষ ; তর্কার্থ প্রস্তাবিত বিষয় ; A position advanced for argument. *pl*=theses.

Theurgy, thēur-ji, *n.* ইন্দ্রজাল ; যাদুবিদ্যা ; Magic :—তান্ত্রিক ক্রিয়া। *a*=theurgic, theurgical.

Thew, thū, *n.* মাংসপেশী, শক্তি ; বল, (used chiefly in *pl*) Sinews ; muscle ; strength. [সকল।

They, *per. pron. plu.* of *he, she, it.* তাহারা, সে

They say—লোকে বলে।

Thick, thik, *a.* ঘন, পুরু ; মোটা ; Dense ; not thin :—কর্দ্দমময় ; আবিল ; অপরিষ্কার, Muddy ; misty ; dirty :—নিস্তেজ, Dull :—লোকপূর্ণ ; জনাকীর্ণ, Crowded.—নিবিড় ; Compact :—ঘিঞ্জি ; Closely set ; close :—স্থূল :—অজস্র ; ঘনবিন্যস্ত :—যথেষ্ট, প্রচুর ; Abundant :—গভীর ; গাঢ় ; Deep :—নিরেট ; Solid :—অবিরত ; Frequent :—*ad.* ঘন ; ঘনভাবে ; Closely :—সর্ব্বদা ; Frequently :—গভীরতায় অনেক দূর পর্য্যন্ত ; To a great depth :—*n.* ঘনাংশ ; ঘনতম অংশ ; গভীর ভাগ ; Thickest part :—ঝোপ ; Thicket. *Syn* :—(*a*) Broad, squat, bulky ; inspissated ; turbid ; misty, foggy ; compact, numerous, dull, slow ; indistinct, inarticulate.

Be thick with—বিশেষ বন্ধুতা থাকা ; বিশেষ ঘনিষ্ঠ বা অন্তরঙ্গভাবে থাকা ; Be on intimate terms with :—পরিপূর্ণ থাকা ; ভরা ; Be filled with.

Come thick upon one—উপর্য্যুপরি আসা ; Come upon one in quick succession.

In the thick of—তুমুল সংগ্রামকালে ; যে সময়ে তুমুল যুদ্ধ চলে ; When a war rages furiously :—(লিখিতে) অত্যন্ত ব্যস্ত ; Deeply engaged in (writing) :—সংগ্রামক্ষেত্রের যে স্থলে তুমুল কাণ্ড চলে ; ভিড়ের মধ্যে, গভীর প্রবেশে ; When a conflict or battle rages furiously. [under all circumstances.

Thick and thin—সকল অবস্থাতেই ; Thorough,

Thick as hail—শিলাবৃষ্টির ন্যায় ঘন ; Following in quick succession.

Thick as three in a bed—Very thick.

Thick with—পরিচিত ; Intimate.

Through thick and thin—কিছু না মানিয়া ; সকল প্রকার বিঘ্ন বা বিপদের মধ্য দিয়া ; সমস্ত প্রতিবন্ধকের ভিতর দিয়া, Through all obstacles.

Thicken, thikn, *v. t.* ঘনীভূত কর ; গাঢ়-কর ; To make thick ; to make close :—দৃঢ়-কর ; To strengthen :—*v. i.* ঘন-হ ; To become thick :—অন্ধকার-হ ; To become obscure :—সজীব-হ ; To grow quick or animated :—জনাকীর্ণ-হ ; To crowd.—চাপিয়া পড়া, To press.

Thicket, thikct, *n.* বনজঙ্গল ; অটবী, ঝোপ ; A collection of trees or shrubs closely set ; close wood. [স্থূলবুদ্ধি লোক,

Thick head, Thick skull, *n.* নির্ব্বোধ ব্যক্তি,

Thick-headed, thick-heded, *a.* স্থূলবুদ্ধি ; মূর্খ, নির্ব্বোধ, Stupid. [thick

Thickish, *a.* ঈষৎ স্থূল বা নির্ব্বোধ ; Somewhat

Thickly, *ad.* নিবিড়ভাবে, ঘনভাবে ; ঘনরূপে।

Thickness, *n.* ঘনত্ব, গাঢ়তা ; বেধ।

Thick-set, *a.* ঘন-রোপিত ; Closely planted :—খর্ব্ব ও স্থূল, মোটা ; Having a short, thick body :—*n.* ঘন বেড়া।

Thick-skin, *n.* মোটাবুদ্ধি লোক ; অসাড়-গোছের ব্যক্তি।

Thick-skinned, *a.* অসাড়, নিরভিমান।

Thick-skulled, *a.* মূর্খ ; বোকা ; Dull, stupid.

Thief, thēf, *n.* চোর ; অপহারক ; তস্কর ; One who steals, one who unlawfully takes the property of another. *Syn* :—Robber, pilferer, plunderer, pick-pocket. [to practise theft.

Thieve, thēv, *v. i.* অপহরণ-কর ; চুরি-কর ; To steal ;

Thievery, thēver-i, *n.* চৌর্য্য ; চোর-বিদ্যা ; অপহরণ ; চুরী ; The practice of stealing ; theft.

Thieving, *n.* চৌর্য্যবৃত্তি।

Thievish, thēvish, *a.* চৌর্য্যাসক্ত ; চৌর্য্যে রত ; হাতটান ; গোপনে কার্য্যকারী ; Given to stealing :—ধূর্ত্ত ; Sly :—অতর্কিত ; গোপনীয় ; Acting by stealth. *n*=thievishness (চৌর্য্যবৃত্তি) ; *ad*=thievishly (চোরের মত)।

Thigh, thi, *n.* উরুদেশ ; উরু ; The thick fleshy portion of the leg from the knee to the trunk.
To smite hip and thigh—সম্পূর্ণরূপে পরাস্ত-কৃ।
Thigh-bone, *n.* উর্বস্থি।
Thigh-deep—উরু পর্যন্ত ; As high as the hips.
Thimble, thimbl, *n.* অঙ্গুষ্ঠানা ; সেলাইয়ের জন্য আঙ্গুলের টোপর ; Metal cover for the finger used in sewing. [কৌশল।
Thimble-rig, *n.* ক্ষুদ্র পাত্রমধ্যে গুলি লুকাইবার হাতের
Thin, thin, *a.* সরু ; Not thick :—অবিবিড়, অঘন ; Not dense :—বিরল ; Rare :—পাতলা ; Not close : —অপুষ্ট ; Not full or wellgrown :—কৃশ ; সরু ; দুর্বল ; Not fat ; slim ; lean :—সামান্য ; Slight : —সূক্ষ্ম ; Small :—সূক্ষ্ম ; Fine :—*ad.* পাতলা পাতলা ; অবিবিড়রূপে ; Not thickly or closely :—*v. t.* পাতলা-কৃ ; কৃশ-কৃ ; To make thin :—*v. i.* পাতলা-হ ; To become thin. *ad*=thinly, *n*=thinness. *Syn* :—(*a*) Slim, slender, meagre, gaunt ; subtile, dilute ; scanty, sparse ; slight, flimsy ; small, insufficient.
Thin out—Grow thin towards the end.
Thine, thin, *pron.* তোমার ; আপনার ; Belonging to thee ; thy.
Thing, thing, *n.* অচেতন পদার্থ ; বস্তু ; দ্রব্য, সামগ্রী ; জিনিস ; বিষয় ; Material ; matter :—Individual of undetermined gender :—Person in contempt :—ঘটনা ; ব্যাপার ; Event :—অংশ, Part : —*pl.* বস্ত্রাদি আসবাব ; জিনিসপত্র। *Syn* :—Being, substance, body, object ; inanimate substance, lump ; article, commodity ; occurrence ; deed, action ; portion, something.
Think, thingk, *v. i.* বিবেচনা-কৃ ; ভাবা ; বোধ-হ ; মনে-হ ; To consider ; to exercise the mind ; to have ideas :—অভিপ্রায়-কৃ ; মতলব-কৃ ; সঙ্কল্প-কৃ ; To purpose ; to design :—*v. t.* কল্পনা-কৃ ; To imagine ; to entertain an idea of :—বিচার-কৃ, To judge :—বিশ্বাস-কৃ ; প্রত্যয়-কৃ ; বিবেচনা-কৃ ; To believe or consider. *n*=thinker (চিন্তাশীল ব্যক্তি)। *a*=thinkable (কল্পনীয় ; চিন্তনীয়)। *pt* and *pp*=thought. *Syn* :—Cogitate, reflect, ponder, contemplate, deliberate, reason ; conclude, determine ; conceive ; regard, hold, esteem, reckon.
Think about—ধ্যান-কৃ ; Meditate.
Think aloud—Utter one's thought unconsciously.
Think for oneself—নিজের বিষয় নিজে ভাবা ; আপনার বিষয় আপনি ভাবিয়া স্থির-কৃ ; Think about what concerns oneself instead of being guided by the opinions of others.
Think hard of—নিষ্ঠুরভাবে বিচার-কৃ ; Judge harshly.
Think highly of—উচ্চ দরের বলিয়া বিবেচনা-কৃ ; বহুমূল্য মনে-কৃ।
Think long—সুদীর্ঘ মনে-কৃ ; কোন কিছু পাইবার নিমিত্ত ব্যগ্রভাবে চিন্তা-কৃ।
Think much—গভীরভাবে চিন্তা-কৃ ; Think deeply.
Think much of—সম্মান-কৃ ; Esteem highly :—কাহারও বিশেষ অনুরাগ-কৃ ; Hold in high estimation :—গুরুতর কি বিশেষ কাজের বলিয়া মনে-কৃ ; Attach much importance to.
Think no more—বিস্মৃত-হ ; Forget ; overlook.
Think on—অভিনিবেশপূর্বক চিন্তা-কৃ ; Reflect attentively on.
Think of—ভাবা, Employ the mind in ; consider :—উদ্বিগ্নচিত্ত-হ ; Be anxious about :—মনে-কৃ ; স্মরণ-কৃ ; Call to mind :—মনেও-কৃ ; Entertain the idea of :—মনে মনে কল্পনা-কৃ ; Meditate.
Think scorn—অবজ্ঞা-কৃ ; Disdain.
Think well of—সম্মান-কৃ ; ভাল বলিয়া খাতির-কৃ ; Hold in esteem.
Thinking, *n.* ভাবনা ; চিন্তা ; Meditating.
Thinly, *ad.* পাতলা-ভাবে ; Not closely.
Thinness, *n.* সূক্ষ্মতা ; কৃশতা ; বিরলতা ; Slenderness. *Syn* :—Slimness, fineness ; tenuity, rareness, fluidity ; paucity, sparseness.
Thinnish, *a.* অনতিসূক্ষ্ম ; Somewhat thin.
Thin-skinned, *a.* Having a thin skin :—কোমলস্বভাব ; অভিমানী ; রাগী ; Unduly sensitive ; irritable.
Third, therd, *a.* তৃতীয়, তেসরা ; সেজো ; Three in order ; the last of three :—*n.* তৃতীয়াংশ ; One of three equal parts. *ad*=thirdly (তৃতীয়তঃ ; তৃতীয় বারে, তৃতীয় দফায় ; In the third).
Third estate, *n.* বিলাতে সাধারণ লোকসকল ; The commons, the Lords temporal and spiritual, being the other state.
Third person—(ব্যাকরণে) প্রথম পুরুষ :—তৃতীয় ব্যক্তি।
Thirst, therst, *n.* পিপাসা ; তৃষ্ণা ; পানেচ্ছা ; Feeling of want of drink ; great desire for drink : —ব্যাকুলতা, লালসা ; লোভ, Eagerness ; eager desire after anything :—*v. i.* তৃষ্ণাতুর-হ ; পিপাসার্ত-হ ; To feel thirst :—ব্যাকুল-হ, ব্যাকুলভাবে লিপ্সু-হ, To desire vehemently. *Syn* :—(*n*) Dryness, drought, parchedness, aridity ; desire, longing, craving.
Parched with thirst—পিপাসায় আকুল।
Slake (or quench) one's thirst—কোন প্রবল ইচ্ছা পরিতৃপ্ত-কৃ ; Gratify one's earnest desire :—পিপাসা শান্তি-কৃ।
Thirst for—প্রবল ইচ্ছা-হ ; Long eagerly for.
Thirsty, therste, *a.* তৃষ্ণাতুর ; পিপাসার্ত, তৃষ্ণার্ত ; পিপাসু ; Suffering from thirst :—শুষ্ক ; নীরস ; Dry ; parched :—লালায়িত, ব্যাকুলভাবে লিপ্সু ; Vehemently desiring :—মদ্য পানে রত, Given to drinking. *n*=thirstiness (তৃষ্ণাতুরত্ব)। *ad*=thirstly (তৃষিতভাবে)। *Syn* :—Moistureless ; longing, craving, eager, greedy. [Ten and three.
Thirteen, ther'ten, *a.* and *n.* ত্রয়োদশ ; ১৩ (তের) ;
Thirtheenth, ther'tenth, *n.* and *a.* ত্রয়োদশের পূরক ; তেরই ; The ordinal of thirteen.
Thirtieth, thir'ti-eth, *a.* ত্রিংশত্তম ; Thirty in order ; the last of thirty :—ত্রিশ ভাগের এক ভাগ ; ত্রিশাংশ ; A thirtieth part. [times ten.
Thirty, ther'ti, *n* and *a.* ৩০, ত্রিশ ; ত্রিংশৎ ; Three
Thirty years' war—A series of wars carried on between the Protestant and Roman Catholic leagues in Germany during the first half of the 17th century.
This, this, *dem. pr.* or *adj.* ইহা ; উপস্থিত বিষয় বা বস্তু ; এই ; এ ; Denoting a person or thing near, just mentioned or about to be mentioned. *pl*=these.
This and that—এটা ওটা ; এ ও তা ; Many other things ; many little things of a troublesome character.
This day—অদ্য ; আজি।

This day fortnight—অদ্য হইতে এক পক্ষ; A fortnight from to-day. [from to-day.
This day week—অদ্য হইতে এক সপ্তাহ; A week
This night—আজ রাত্রে।
Thistle, thisl, *n.* লতা বিশেষ; কাঁটাগাছ বিশেষ; A prickly plant :—Emblem of Scotland. *a*=thistly (কণ্টক বৃক্ষলতাকীর্ণ; overgrown with thistles).
Thither, thither, *a.* সেখানে তথায়; To that place :—তজ্জন্য, ফলে; To that end or result :—অপর; দূরবর্ত্তী।
Hither and thither—এখানে সেখানে।
Thitherward, thither-ward, *ad.* সেদিকে; সেই দিকে; Toward that place.
Thole, Thowl, *n.* দণ্ডকীলক; দাঁড় আটকাইবার গোঁজ; A pin in the side of a boat to keep the oar in place.
Thong, thong, *n.* চর্ম্ম-রজ্জু; তসমা; চামড়ার সরু ফালি; A strip of leather, a thin leather strap.
Thorax, thō'raks, *n.* বক্ষঃগহ্বর; Breast; the chest; the portion of the body between the neck and the abdomen. *a*=thoracic (বক্ষঃস্থল সম্বন্ধীয়)।
Thorn, thorn, *n.* কণ্টকবৃক্ষ; কাঁটাগাছ, A prickly tree :—কাঁটা, A spine :—যন্ত্রণাদায়ক বস্তু, Anything troublesome. *Syn* :—Spine, prickle; trouble, plague, torment, annoyance.
Be a thorn in one's side (or in the flesh of)—কাহারও কণ্টক স্বরূপ-হ, Be troublesome to, be a great difficulty or impediment to; be a source of annoyance to.
Thorn in the side—কষ্টদায়ক বস্তু, Any thing troublesome; an annoyance; a vexation. [fruit.
Thorn-apple, *n.* ধুতুরা গাছ বা ফল; A tree, its
Thorn-back, *n.* মৎস্য বিশেষ; A fish. [thorn.
Thornless, *a.* অকণ্টক; কণ্টকশূন্য; Without
Thorny, thorne, *a.* কণ্টকময়; কণ্টকবৎ, Prickly; full of thorns :—ক্লেশদায়ক; যন্ত্রণাদায়ক; ক্লেশকর; Troublesome; harassing. *Syn* :—Spiny, briery; pricking, pointed, sharp, vexatious.
Thorough, thur'ō, *a.* সম্পূর্ণ; পুরা; Complete; perfect; entire. *Syn* :—Spiny, briery; pricking, pointed, sharp; vexatious.
Thorough-bred, thur'ō-bred, *a.* সম্পূর্ণরূপে শিক্ষিত; পূর্ণ শিক্ষিত; Completely instructed; thoroughly bred :—সুন্দর, সাহসিক; নির্দ্দোষ।
Thoroughfare, thur'ō-fār, *n.* সর্ব্বসাধারণের পথ, সাধারণের গমন পথ; সরাসর রাস্তা, A passage for going through; street of much traffic; a public way. [the whole distance or journey.
Thoroughfare ticket—A fare or ticket for
Thorough-going, thur'ō-gō'ing, *a.* সম্পূর্ণ; নিতান্ত; Going all lengths :—পারগামী; Going to the end. [বিশিষ্ট।
Thorough-lighted, *a.* কক্ষু কক্ষু দরজা জানালা
Thoroughly, *ad.* সম্পূর্ণরূপে; সম্যক্; Fully.
Thoroughness, *n.* সম্পূর্ণতা; নিঃশেষতা।
Thorough-paced, thur'ō-pāst, *a.* সর্ব্বাংশে পূর্ণ; সম্পূর্ণ; কৃতকার্য্য; Perfectly paced; thoroughly trained; complete.
Thorp, *n.* ক্ষুদ্র গ্রাম; ক্ষুদ্র পল্লী, Small village; a hamlet. [ঐ সকল।
Those, thōz, *pron. pl.* of *that.* উহারা; সে সকল;
Thou, thow, *pron.* তুমি; তুই; আপনি (পদ্যে) ব্যবহৃত: Of the second person singular :—*v.* তুইতুকারি-কৃ। *pl*=you.
Though, thō, *conj.* যদিও; যদ্যপি; যদ্যপিস্যাৎ; Admitting; allowing; even if; notwithstanding.
As though—যেন; As if.
Thought, thawt, *n.* [A. S. *thoht,* from *thencan,* to think] মনন, Act of thinking :—চিন্তা; বিবেচনা; Consideration; reflection :—ধ্যান; Meditation :—অভিপ্রায়; Intention :—মনোভাব; মনের ভাব, Idea; notion :—মত; অভিমত; Opinion :—কল্পনা; Fancy :—বিচার; Judgment :—উদ্বেগ; ভাবনা; Care, solicitude :—সঙ্কল্প; Design :—চিন্তিত বিষয়; Thought. *Syn* :—Reflection, contemplation, cogitation; conception, imagination; conclusion; deliberation; design, purpose, intention.
Thought, *pt.* and *pp.* of *think.*
A thought better—অল্প একটু ভাল।
With one glance of thought—At the twinkle of thought.
Thoughtful, thawt'fōōl, *a.* চিন্তাশীল; ভাবুক; Full of thought; contemplative :—অভিনিবিষ্ট; মনোযোগী; Attentive; careful :—ভাবিত; চিন্তাকুল; উদ্বিগ্ন, Given to thinking; anxious :—গভীর চিন্তাবর্দ্ধক, Serious thought. *n*=thoughtfulness (চিন্তাশীলতা)। *ad*=thoughtfully (বিবেচনাপূর্ব্বক)। *Syn* :—Contemplative, reflective, meditative, speculative, serious, studious; mindful, considerate, deliberate, wary, circumspect.
Thoughtless, thawt'les, *a.* অসাবধান; অসাবধানী; অনবধান; Careless, negligent, inattentive :—নিশ্চিন্ত; চিন্তাশূন্য; Without thought or care :—নির্ব্বোধ; মূর্খ; Stupid; dull. *n*=thoughtlessness (নির্ব্বুদ্ধিতা)। *ad*=thoughtlessly (মূর্খের মত, নিশ্চিন্তভাবে)। *Syn* :—Heedless, regardless, inattentive, inconsiderate, rash, giddy, trifling.
Thousand, thow'zand, *n* হাজার; সহস্র সংখ্যা, The number ten hundred, 1000 :—বহুসংখ্যা; Any great number :—*a.* সহস্র সংখ্যক, সহস্র সংখ্যাসূচক, Consisting of ten thousand; denoting any great number.
Thousand and one—অসংখ্য; হাজার হাজার, Innumerable. [thousand.
Thousand-fold, *a* সহস্র গুণ; Multiplied by a
Thousandth, thow'zandth, *a.* সহস্রতম, এক সহস্রাংশ, The last of a thousand or of any great number :—*a.* সহস্রাংশের একাংশ; A thousand part.
Thowel, Thowl, *n.* দণ্ড-কীলক; নৌকার দাঁড় আটকাইবার গোঁজ; Thole; a pin in the side of a boat to keep the oars in place.
Thrall, thrawl, *n.* দাস; ক্রীতদাস; পরাধীন ব্যক্তি; Slave; a bondman :—দাসত্ব; Thraldom; servitude :—*v. t.* দাস-কৃ; দাসত্বে আবদ্ধ-কৃ, To enslave. *Syn* :—Serf, vassal; bondage, slavery.
Thraldom, Thralldom, thrawl'dum, *n.* পরাধীনতা; দাসত্ব; Slavery; bondage.
Thrash, thrash, *v. t.* ঝাড়া; (ধান্যাদি) আছড়াইয়া বাহির-কৃ; ভাঙ্গিয়া বাহির-কৃ; (শস্যাদি) মর্দ্দন করা বা মাড়া; To beat out grain from :—খুব প্রহার-কৃ; To beat soundly :—*v. i.* শস্য মর্দ্দন-কৃ। *Syn* :—Thresh; drub, beat, flog, bruise, maul.

Thrasher, *n.* যে ব্যক্তি মর্দন করে বা যদ্দারা (শস্যাদি) মর্দিত হয় :—হাঙর বিশেষ।
Thrashing, *n.* শস্য মাড়া ; ঝাড়া ; মর্দন ; The act of beating out grain from the straw :—আচ্ছা প্রহার ; উত্তমমধ্যম প্রহার ; A sound beating or drubbing.
Thrashing floor, thrashing-flōr, *n.* খামার ; শস্য ঝাড়িবার স্থান ; A floor on which grain is thrashed.
Thread, thred, *n.* সূত্র ; সূতা ; তন্তু ; A very thin twist of any substance drawn out ; a very small line for twisting ; a filament of any fibrous substance ; a fine line of yearn :—সোণা রূপার তার ; A fine line of gold or silver :—*v. t.* (ছুঁচে) সূতা পরান ; To pass a thread through the eye of (as a needle) :—প্রবেশ-কৃ ; পারাপার-কৃ ; To pass or pierce through, as a narrow way.
Air threads—গ্রীষ্মকালে যে উর্ণা বাতাসে উড়িয়া বেড়ায়।
A thread of destiny—যাহার উপর ভাগ্য নির্ভর করে ; That on which destiny depends.
The thread of life—জীবন-সূত্র।
Threadbare, thredbār, *n.* সূত্রমাত্রবিশিষ্ট ; অংশু-হীন , জীর্ণ ; Worn to the naked thread ; worn out :—পুরাতন ; পচা ; Hackneyed.
Thread-worn, *n.* সূতার মত ক্রিমি।
Thready, thredi, *a.* সূত্রময় ; তন্তুময় ; সূত্রবৎ ; সূতার ন্যায় . Like thread ; slender.
Threat, thret, *n.* বিভীষিকা ; ভয়-প্রদর্শন ; ধমকানি ; Menace ; denunciation. *a*=threatful (তর্জনাত্মক)।
Threaten, thret'n, *v. t.* ভয় প্রদর্শন-কৃ . বিভীষিকা প্রদর্শন-কৃ ; তর্জন-কৃ ; To terrify by menaces ; to menace :—*v. i.* আশঙ্কা জন্মান , ভয় দেখান ; To use threats. *Syn* :—Denounce ; portend, presage, forebode ; frighten, terrify ; impend, be imminent.
Threaten (one) with—কোন কিছুর ভয় দেখান ; Hold out to one the fear of (some injury).
To be threatened—তর্জিত-হ।
Threatening, thret'n-ing, *a.* ভয়প্রদর্শক ; ভয়-প্রদর্শনকারী ; Menacing ; indicating a menace :—আসন্ন ; আশঙ্কাজনক ; Imminent. *ad*=threateningly.
Threatening letter—যে পত্রে ভয় প্রদর্শন করা হয়।
Three, thrē, *a.* and *n.* তিন ; তিনটা ; Two and one.
Three-fold, thrē'fōld, *a.* তিন গুণ ; ত্রিগুণিত ; তিনভাঁজ , Thrice repeated ; consisting of three.
Three-pence, *n.* ইংরাজি রৌপ্যমুদ্রা বিশেষ ; প্রায় তিন আনা।
Three-penny, *a.* তিন আনা মূল্যের ; অকিঞ্চিৎকর।
Three-ply, *a.* (সূত্রাদি সম্বন্ধে) ত্রিগুণ ; তিন ভাঁজবিশিষ্ট ; Having three folds. [ভাগের তিন ভাগ পরিমিত।
Three-quarter, *a.* ৩০×২৪ ইঞ্চি পরিমিত ; চারি
Three-sided, *a.* ত্রিভুজ ; ত্রিপার্শ্বিক।
Three-score, thrē'skōr, *n.* ষাটি ; তিনকুড়ি ; Sixty.
Threnody, thren'o-di, *n.* [Gr. *thenos*, a lament, and *ode*, a song] দুঃখসূচক গান ; বিলাপ-গীতি ; A song of lamentation.
Thresh, *v. t.* মাড়ান ; See *thrash*.
Threshold, thresh'old, *n.* দ্বারের গোবরাট ; প্রবেশ-পথ ; দ্বার , The door-still ; entrance ; door :—আরম্ভ ; প্রারম্ভ ; The point of entering or beginning. *Syn* :—Beginning, outset.
Threw, thrōō, *pt.* of *throw*.
Thrice, thrīs, *ad.* তিন গুণ ; পুনঃ পুনঃ ; Thrice times ; —অত্যন্ত , Very.

Thrift, thrift, *n.* মিতব্যয় ; ব্যয়াদি-বিষয়ে সাবধানতা ; সঞ্চিত ধন ; Economy ; frugality ; a thriving state ; economical management ; increase of wealth :—উন্নতি ; Success :—বৃদ্ধি ; Growth, as of a plant. *a*=thrifty. *Syn* :—Gain, profit, success ; good husbandry, parsimony, saving.
Thriftless, *a.* অমিতব্যয়ী ; উড়ানিয়া ; Extravagant. *ad*=thriftlessly. *n*=thriftlessness.
Thrifty, thrif'te, *a.* পরিমিতব্যয়ী ; মিতব্যয়ী ; Economical ; frugal :—বৃদ্ধিশীল ; Thriving. *ad*=thriftily (মিতব্যয়পূর্ব্বক)। *n*=thriftiness (মিতব্যয়িতা)।
Syn :—Frugal, sparing, saving, careful, prudent, provident ; prosperous.
Thrill, thril, *v. t.* বিদ্ধ-কৃ , স্ফুরিত-কৃ ; ছিদ্র-কৃ ; To pierce , to bore ;—কম্পান্বিত-কৃ ; হৃদ্‌কম্প বোধ করান ; To affect strongly :—*v. i.* রোমাঞ্চিত-হ ; স্ফুরিত-হ ; শিহরিয়া উঠা ; To cause a tinling shivering sensation to run through the body :—*n.* রোমাঞ্চ ; পুলক ; শুরশুরাণি ; A thrilling sensation.
Thrilling, thril'ing, *a.* লোমহর্ষক ; হৃৎকম্পকারী ; Piercing ; causing to thrill ; feeling a tingling shivering through the system. *ad*=thrillingly, *n*=thrillingness.
Thrive, thriv, *v. i.* [Icel. *thrif*, good success] সমৃদ্ধশালী-হ ; শ্রীযুক্ত-হ ; উন্নতিলাভ-কৃ ; To prosper ; to flourish :—বর্দ্ধিত-হ ; বৰ্দ্ধিষ্ণু-হ ; বাড়া , উন্নত-হ ; To grow. *pt*=throve, thrived. *pt*=thriven, thrived. *Syn* :—Succeed, flourish, increase, advance.
Thriving, *a.* সমৃদ্ধশালী ; Prosperous.
Throat, thrōt, *n.* কণ্ঠ ; টুঁটি , গলদেশ ; The fore-part of the neck ; fauces :—প্রবেশ-পথ ; An entrance. *a*=throaty (গম্ভীর)।
To cut one's own throat—আপনার গলা আপনি কাটা ; নিজের অনিষ্ট নিজেই-কৃ।
Up to the throat—আকণ্ঠ।
Throb, throb, *v. i.* স্পন্দন-কৃ ; কম্পিত-হ ; ধড় ধড়-কৃ ; ধুক্ ধুক্-কৃ ; To beat or palpitate, as the heart :—*n.* স্পন্দন , কম্পন ; ধুক্‌ধুকনি ; ধড়-ধড় ; A beat or strong palpitation.
Throbbing pain, *n.* দপদপানি ; কটকটানি ; A pain which is caused or augmented by the pulsation of arteries.
Throe, thrō, *n.* অতিশয় ক্লেশ ; বেদনা ; দারুণ যন্ত্রণা ; Agony ; extreme pain ; anguish ; pang :—প্রসব-বেদনা , গর্ভযাতনা ; The pains of child birth :—কাষ্ঠ-ভেদক যন্ত্র বিশেষ :—*v. i.* দারুণ যন্ত্রণা ভোগ-কৃ , To be in agony. *Syn* :—(*n*) Pain ; fit, spasm, paroxysm.
In the throes of—কোন কিছুর দরুণ বেগ পাওয়া (গর্ভযন্ত্রণার ন্যায় কষ্টভোগ) ; Undergoing the labour caused by , undergoing the suffering brought on by (used in pain in child-birth).
Throne, thrōn, *n.* রাজ-সিংহাসন ; রাজ-তক্ত ; A chair of a king or prince :—রাজকীয় ক্ষমতা ; রাজশক্তি ; Sovereign power or dignity :—*v. t.* সিংহাসনে প্রতিষ্ঠিত-কৃ ; রাজসিংহাসনে অভিষেক-কৃ ; To place on a royal seat :—উন্নীত-কৃ ; To exalt.
Throng, throng, *n.* ভীড় ; জনতা , লোকের সমাগম ; লোকারণ্য ; A crowd ; a great multitude ; multitude passing against each other :—*v. t.* জনতা-কৃ , ভিড়-কৃ ; To pass as crowd :—পরিপূর্ণ কৃ :—*v. i.*

ভিড়-হ ; একত্রিত-হ ; To crowd together. *Syn* :—(*n*) Concourse, press, host.

Throstle, throsl, *n.* পক্ষিবিশেষ ; The song-thrush.

Throttle, throtl, *n.* গলনালী ; শ্বাসনলী কণ্ঠ ; The wind-pipe ; larynx :—*v. t.* রুদ্ধশ্বাস-কৃ ; শ্বাসরুদ্ধ-কৃ ; গলা টিপিয়া-ধ ; To choke :—*v. i.* শ্বাসরুদ্ধ-হ ; To breathe hard.

Through, thrōō, *prep.* ভেদ করিয়া ; ফুঁড়িয়া ; একদিক হইতে অন্য দিকে ; বরাবর ভিতর দিয়া ; From end to end of ; from side to side of :—কোন কিছু দ্বারা ; দ্বারা, কর্ত্তৃক ; By means of ; in consequence of :—মধ্যে ; Among :—*a.* আদি হইতে অন্ত পর্য্যন্ত গমনকারী ; সমস্ত পথ বা দূরতার অন্ত :—*ad.* এক সীমা হইতে আর এক সীমা পর্য্যন্ত ; এক পার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্য্যন্ত ; From one end or side to the other :—আগাগোড়া ; প্রথম হইতে শেষ পর্য্যন্ত সমস্ত ; From beginning to the end or purpose to end.

Carry through—নির্ব্বাহ-কৃ ; Accomplish.

Fall through, Drop through—পরিত্যক্ত-হ ; নিষ্ফল-হ ; To be given up as a project or plan ; to be abandoned. [as a scheme.

Go through—সম্পন্ন-কৃ ; Prosecute to the end.

Go through fire and water—অগ্নিতে পুড়িতে বল আর জলেই মগ্ন হইতে বল, সমস্তই করিতে প্রস্তুত-হ ; Undergo all risks ; do anything.

Through all, All through—আগাগোড়া ; পূর্ব্বাপর ; From the beginning to the end of.

Through and through—সম্যক্‌রূপে বিদ্ধ ; এ ফোঁড় ও ফোঁড়, বিশেষ করিয়া, Pierced wholly from one side to the other ; from one end to the other :—আগাগোড়া ; Thoroughly :—তন্ন তন্ন করিয়া Very minutely.

Through fire and water—সমস্ত বিপদের মধ্য দিয়া ; সর্ব্বপ্রকার বিঘ্নের মধ্য দিয়া ; Through many and severe obstacles or danger.

Through good and through evil report—সুখ্যাতি অখ্যাতি কিছুর দিকে ভ্রূক্ষেপ না করিয়া ; লোকে ভালই বলুক আর মন্দই বলুক তাহা গ্রাহ্য না করিয়া ; Without caring much for the good or bad name one gets.

Through life—যাবজ্জীবন।

Through the medium—দ্বারা, By means of.

Through thick and thin—সমস্ত বাধা অতিক্রম-কৃ ; Through whatever may be in the way ; through all obstacles :—বিপদাপদ যাহাই থাকুক না কেন কিছুই না মানিয়া ; Not being hindered by any obstacles or difficulties, whatever may be in the way. [মধ্যে না থামিয়া দূরবর্ত্তী স্থানান্তরে গমন করে।

Through train—যে গাড়ী এক যায়গা হইতে ছাড়িয়া

Throughout, thrōō-out', *ad.* সর্ব্বত্র ; সর্ব্বাংশে ; সর্ব্বতোভাবে ; সম্পূর্ণরূপে ; In every part ; everywhere ; quite through :—*prep.* সমস্ত ব্যাপিয়া ; In every part of.

Throve, thrōv, *p. t.* of *thrive.*

Throw, thrō, *v. t.* [A. S. *thrawan,* to throw] নিক্ষেপ-কৃ ; ছোড়া ; Cast ; fling in any way :—বলপূর্ব্বক নিক্ষেপ-কৃ ; To hurl :—মুচড়ান ; To twist ; to wind :—চিৎপাত করিয়া ফেলা ; উল্টাইয়া-দে ; To prostrate in wrestling :—আচ্ছাদিত-কৃ ; পরিধান-কৃ ; To put on carelessly :—অসাবধানতাপূর্ব্বক রাখা ; To lay carelessly or in haste :—দ্রুত প্রেরণ-কৃ, মোচন-কৃ ; ছাড়িয়া ফেলা ; দ্রুত উচ্চারণ কৃ :—*v. i.* বিক্ষিপ্ত-হ ; ক্ষেপণ-কৃ ; To cast or hurl :—অক্ষ নিক্ষেপ-কৃ ; To cast dice :—*n.* ক্ষেপণ ; নিক্ষেপ ; The act of throwing :—পাশা-ক্ষেপণ ; অক্ষ নিক্ষেপ ; A cast of dice :—শরপাতের দূরতা ; যতদূর পর্য্যন্ত কোন দ্রব্য নিক্ষিপ্ত হয় ; The distance to which any thing is thrown :—প্রবল উদ্যম ; A violent effort. *n*—thrower (নিক্ষেপক)। *pt*—threw, *pp*—thrown. *Syn* :—(*v*) Project, propel, send, toss, pitch ; spread, put ; overturn, prostrate.

Throw about—ইতস্ততঃ বিক্ষিপ্ত হওয়া ; To scatter :—চেষ্টা করিয়া দেখা ; হাতড়াইয়া দেখা।

Throw away—অবহেলা করিয়া হারান ; তাচ্ছিল্য করিয়া খোয়ান ; হেলায় হারান ; Lose by neglect or folly :—অগ্রাহ্য-কৃ ; Reject :—বৃথা ব্যয়-কৃ ; অপব্যয়-কৃ ; বৃথা ক্ষেপণ-কৃ ; Waste :—বৃথা বিপদে ফেলা ; Jeopardise for nothing.

Throw back—অস্বীকার-কৃ ; ফেরত-দে ; To refuse ; —অগ্রাহ্য-কৃ ; অপ্রয়োজনীয় বোধে ত্যাগ-কৃ ; Reject :—তীব্র উত্তর-দে ; To retort :—প্রতিক্ষেপ-কৃ ; প্রতিফলিত-কৃ। [as useless.

Throw by—অব্যবহার্য্য বলিয়া রাখিয়া-দে ; Lay aside

Throw cold water on—নিরুৎসাহিত-কৃ ; (কোন বিষয়ে কাহারও) উৎসাহ ভঙ্গ-কৃ ; Discourage ; deter from.

Throw down—উল্টাইয়া-দে ; বিপর্য্যস্ত-কৃ ; নষ্ট-কৃ ; বিনষ্ট-কৃ ; To overturn ; to destroy :—অবনত-কৃ ; To depress.

Throw down the gauntlet—যুদ্ধার্থে আহ্বান-কৃ ; যুদ্ধের জন্য ডাকা, Challenge ; provoke to the combat ; defy.

Throw dust in the eyes—চক্ষে ধূলা-দে ; প্রতারণা-কৃ ; ঠকান ; Impose one, deceive.

Throw dust or mud at—কুৎসা-কৃ।

Throw in—অন্তর্নিহিত-কৃ ; রাখা ; অন্যের নিকট গচ্ছিত রাখা ; Put in ; deposit with others :—প্রদান-কৃ :—যোগে প্রবেশ করান ; To add something to the regular payment.

Throw into—কোন অবস্থায় ফেলা ; কোনরূপ দুরবস্থায় ফেলা ; Cause to fall into (a certain state, generally bad) :—অনুবাদ-কৃ ; Translate into : —কোন আকারে দাঁড় করান ; Put into (a certain) shape :—প্রয়োগ বা নিক্ষেপ-কৃ ; Employ in ; infuse into. [to excel ; to be superior to.

Throw into the shade—শ্রেষ্ঠ-হ ; To surpass ;

Throw (or shed) light upon—বুঝাইয়া-দে ; To explain ; to make more clear.

Throw off—বহিষ্কৃত-কৃ ; Expel :—ছাড়া, পরিত্যাগ-কৃ ; ত্যাগ-কৃ ; Discard, cast aside :—ভুলে ফেলা ; Put away :—ঝেড়ে ফেলা ; Shake off :—শিকার করিতে-যা ; Start for a haunt.

Throw off the mask or disguise—ছদ্মবেশ ত্যাগ-কৃ ; Take off that which disguises or conceals :—প্রকৃত অভিপ্রায় গোপন না করিয়া প্রকাশ করিয়া ফেলা ; Make no secret of one's real intentions ; —প্রকাশ-কৃ ; To disclose ; remove whatever disguises or conceals. [কৃ ; Tranquilise.

Throw oil upon the waters—শান্ত-কৃ ; স্থির-

Throw off the scent—প্রতারণা-কৃ ; প্রবঞ্চনা-কৃ ; ঠকান ; To mislead ; to divert from the course of pursuit ; to deceive.

Throw on—(কাহারও) ঘাড়ে চাপান ; Cast on ; impute to ; saddle one with.

Throw one over—মোকদ্দমায় হারাইয়া দেওয়া; Cast one (in a lawsuit):—কাহাকে ত্যাগ-কৃ; Abandon one; give one up.
Throw (or cast) one over board—সমুদ্রসাৎ-কৃ; জাহাজ হইতে জলে ফেলিয়া-দে; Throw one out of the ship:—এক পাশে ঠেলিয়া ফেলা; ফেলিয়া দেওয়া; Shelve aside. [সহসা পতিত-হ; To lie down.
Throw one's self down—শয়ন-কৃ; শুইয়া পড়া;
Throw oneself into—মন দিয়া লাগা; (কোন কাজে) মন চালিয়া দিয়া লাগা; Enter heartily into.
Throw oneself on, Throw one's self upon—উপায়ান্তরহীন (নাচার) হইয়া কাহারও অনুগ্রহের উপর নির্ভর-কৃ; আপনাকে অন্যের দয়ার উপর নিক্ষেপ-কৃ; নিরুপায় হইয়া অন্যের অনুগ্রহের উপর ভর-কৃ; Resign oneself to the favour, clemency or power of:—শুইয়া পড়া; Lie down; repose upon.
Throw open—খুলিয়া রাখা; উদ্ঘাটিত-কৃ; দরজার বা পথ খুলে-দে; To remove obstruction to entrance; to make free of access; make accessible; open.
Throw out—অগ্রাহ্য-কৃ; পাস্ না-কৃ; Reject:—নির্গত-কৃ; নিঃসারিত-কৃ; To eject:—বহিষ্কৃত-কৃ; To expel:—প্রস্তাব-কৃ; ব্যক্ত বা উল্লেখ-কৃ; প্রকাশ-কৃ; Propose; put forth; mention:—বলা; To speak.
Throw out a gear—এলোমেলো করিয়া-দে; গোলমাল করিয়া-দে; Throw into disorder. [a hint.
Throw out a hint—ইঙ্গিতে বলা; ইসারা-কৃ; Give
Throw out a limit, suggestion or conjecture—ইঙ্গিতে বলা বা আন্দাজ করিয়া বলা; Offer a hint, suggestion or conjecture.
Throw out feelers—শুঁড় বাহির করিয়া ভাবগতিক বুঝা, অপরের মত জানিবার জন্য কোন কিছু বলা বা করা; কোন বিষয়ে অন্যের মনের ভাব বুঝিবার নিমিত্ত গুপ্তভাবে কোন প্রস্তাব করিয়া পাঠান; নাড়িয়া চাড়িয়া দেখা; To say or do something inorder to ascertain the views of others; put forth proposals or plans in a convert way with a view to sound the opinions of others in regard to some contemplated measure.
Throw over—পরিত্যাগ-কৃ; ছাড়িয়া-দে; ত্যাগ-কৃ; Abandon. [ject; dismiss; to discard.
Throw overboard—জবাব-দে, পরিত্যাগ-কৃ; Re-
Throw stones—অপরের দোষ ধরা।
Throw the great cast—সর্ব্বস্ব পণ করিয়া কোনও কাজে লাগা। [প্রস্তাব-কৃ।
Throw the handkerchief—পত্নীত্বে গ্রহণ করিবার
Throw to the dogs—অকর্ম্মণ্যবোধে ফেলিয়া-দে।
Throw up the sponge—বিবাদ ত্যাগ-কৃ; ঝগড়া পরিত্যাগ-কৃ; Abandon the struggle; submit.
Throw up—কর্ম্মত্যাগ-কৃ; কর্ম্ম ইস্তফা-কৃ; ছাড়িয়া-দে; Resign:—উদ্গীর্ণ-কৃ; বমন-কৃ; বমি-কৃ; Vomit:—অকস্মাৎ কোন দায় উপস্থিত হইলে তাড়াতাড়ি করিয়া কিছু নির্ম্মাণ-কৃ; সত্বর নির্ম্মাণ-কৃ; Hastily erect for a temporary purpose.
Be thrown away on—নিষ্ফল-হ; বৃথা হইয়া-যা; কাহারও প্রতি বৃথা প্রযুক্ত-হ; Be of no avail to; fail to produce any effect on; make no impression on. [কৃ; Have to depend on.
Be thrown on—কাহার বা কোন কিছুর উপর নির্ভর-
Be thrown on one's own resources—নিজের উপর নির্ভর করিতে বাধ্য-হ; স্বকীয় সম্বলের উপর নির্ভর করিয়া চলিতে বাধ্য-হ, নিজে যেমন পারে তেমনই করিতে বাধ্য হ; Be obliged to shift for oneself; be obliged to make the best of the means at one's disposal.
Be thrown together, Be thrown in the society of—একত্র হইতে পাওয়া; Have an opportunity of mixing with each other.
Thrown on one's beam ends—শেষ উপায় অবলম্বন করিতে বাধ্য-হ; To be driven to one's last shift.
Thrum, thrum, *n.* সূত্রাগ্র; তাঁতিদের সূতার দশী; কাপড়ের খুঁটি; The end of weaver's thread:—মোটা সূতা; Coarse yearn:—কম্বুর আলুলায়িত গুণ: —*v. i.* বুনা; To weave; to knit; to fringe:—এক ঘেয়ে ধরণে বাজান; To play rudely or monotonously on an instrument. *a*—thrummy.
Thrummy, *a.* সূতার দশী দ্বারা নির্ম্মিত বা তদ্বৎ; Made of, or like, thrums.
Thrush, thrush, *n.* পক্ষিবিশেষ; A small singing-bird:—ঘোটকের পাদশোথ; An inflammatory and suppurating affection in the feet of horse:—মুখের ঘা; Small ulcers on the mouth.
Thrust, thrust, *v. t.* [Icel. *thrista*, to force] বলপূর্ব্বক তাড়িত-কৃ; সজোরে ধাক্কা-দে; ঠেলা-দে; ঢাকা; গালা; To push or drive with force:—*v. i.* সূচ্যগ্র অস্ত্র দ্বারা আক্রমণ-কৃ; To attack with a pointed weapon:—ধাক্কা-দে; To make a push:—ঠেলিয়া ঢোকা; চাপ দ্বারা প্রবিষ্ট-হ; To squeeze in:—অনধিকারে প্রবেশ-কৃ; অনাহূত-যা; Intrude:—*n.* জোরে ধাক্কা; A violent push:—খোঁচা; আঘাত; A stab:—আক্রমণ; An assault.
A home thrust, *n.* মর্ম্মে আঘাত; আঁতে ঘা; মরমে আঘাত; An effective blow; an expression which wounds one in a vital part:—An unexpected rebuke administered to a person, drawn from his own statements, arguments or conduct.
Thrust aside—এক ধারে রাখা; Put violently aside.
Thrust at—খুঁচিয়া মারিতে চেষ্টা-কৃ; Try to stab.
Thrust away—প্রত্যাখ্যান-কৃ; ঠেলিয়া ফেলা; Reject.
Thrust in—প্রবিষ্ট-কৃ; ঢোকান; Divide in.
Thrust into—গোঁজা; Put into:—গুঁজে দেওয়া; নিক্ষিপ্ত কৃ; Throw into:—বসিয়ে-দে; Plunge into.
Thrust off—ধাক্কা দিয়া বাহির-কৃ; Push away.
Thrust on—উত্তেজিত-কৃ; Impel:—ঘাড়ে ফেলিয়া-দে; Force upon; offer without solicitation.
Thrust one's self to—বিনা আহ্বানে প্রবেশ-কৃ; জোরে ভিতরে গিয়া প্রবেশ-কৃ; To obtrude; to enter where one is not invited or not welcome.
Thrust out—বলপূর্ব্বক বহিষ্কৃত-কৃ; উৎক্ষিপ্ত-কৃ; নিষ্কাশ-কৃ; Expel violently.
Thrust one's nose into—অকারণ হস্তক্ষেপ-কৃ; অনর্থক হাত-দে; To intermeddle; to interfere in a meddlesome manner. [stab.
Thrust through—বিদ্ধ-কৃ; খুঁচিয়া মারা; Pierce;
Thrust together—একত্রে জমাট-কৃ।
Thud, *n.* ধুপধাপ শব্দ; 'ধপ্' করিয়া পতন শব্দ।
Thug, *n.* রাহাজান; পান্থ-হন্তা; ঠগ; One of a class of professional robbers and assassins.
Thuggee, *n.* পান্থহত্যা; ঠগী-দৌরাত্ম্য; The practice of the thugs.
Thule, *n.* পৃথিবীর প্রান্তভাগ।
Ultimate thule—পৃথিবীর শেষ পর্য্যন্ত; যাহার পরে আর মানুষের বাস নাই; The end of the world.

Thumb, thum, *n.* বৃদ্ধাঙ্গুষ্ঠ ; বুড়ো আঙুল : The short thick finger, opposite to the other fingers :—এক ইঞ্চি ; An inch :—*v. t.* আনাড়ির ন্যায় হাত-দে ; হাত লাগাইয়া নোংরা বা মলিন-কৃ , বুড়ো আঙুলের দাগ লাগান , To handle awkwardly ; to soil with the thumb or fingers :—বুড়ো আঙুল টিপিয়া-ধৃ :—*v. i.* অঙ্গুলি দ্বারা স্পর্শ-কৃ ; To finger.

By rule of thumb—অশিক্ষিত ভাবে ; In a rude, unskilful manner , not by education or imparted skill :—মোটামুটি হিসাবে ; স্থূল গণনায় ।

Under the thumb at—অবজ্ঞা প্রদর্শন-কৃ ।

Thumbless, *a.* অঙ্গুষ্ঠহীন ।

Thumb-mark—বুড়ো আঙুলের টিপ বা দাগ ।

Thumb-screw, thumb-kms, *n.* ক্লেশ দিবার যন্ত্র ; অপরাধ স্বীকার করাইবার জন্য অঙ্গুষ্ঠ-পর্ব্ব পেষণকারী যন্ত্র বিশেষ ; An old instrument of torture for compressing or squeezing the thumbs, much used in Scotland, during the tyrannical times of the 17th century.

Thump, thump, *n.* ভারী বস্তুর আঘাতের শব্দ ; অকস্মাৎ ভারী বস্তুর পতনের শব্দ , থাপ্পড় ; ঠোক্কর ; The sound made by the sudden fall of a heavy body ; a heavy blow :—*v. t.* বা মারা ; ভারী বস্তু দ্বারা আঘাত-কৃ ; থাবড়া মারা , ঠোকা ; To beat with something heavy —*v. i.* সশব্দে পতিত-হ ; গুরু আঘাতসহকারে পতিত-হ ; To strike or fall with a heavy blow.

Thunder, thundér, *n.* মেঘ-গর্জ্জন , বজ্রধ্বনি , বজ্রের শব্দ ; The deep sound following a flash of lightning ; noise made after an explosion of lightning :—ভীমনাদ , উচ্চ শব্দ ; উচ্চ নিনাদ , Any loud noise :—অভিসম্পাত ; ভীতি প্রদর্শন বাক্য ; An alarming denunciation :—*v. i.* বজ্রধ্বনি-কৃ ; বজ্রের মত শব্দ-হ ; To make thunder , to sound as thunder :—*v. t.* বজ্রের ধ্বনিতে নির্ঘোষিত-কৃ ; উচ্চ ধ্বনিতে প্রকাশ-কৃ ; To emit with noise :—অভিসম্পাত প্রকাশ-কৃ ; ভীতি প্রদর্শন বাক্য উচ্চারণ-কৃ ; To publish a denuciation. *n*=thunderer, *a*=thundery, thunderous.

God of thunder—ইন্দ্র ।

Thunder-bolt, thundér-bōlt, *n* অশনি , বাজ , কুলিশ ; বজ্র ; A shaft of lightning :—অভিসম্পাত , Eclesiastical denuciation :—বজ্রতুল্য ভয়ঙ্কর বস্তু :—নির্ভীক বীর ; A daring or irresistible hero

Thunder-clap, *n.* বজ্রধ্বনি , বজ্র নির্ঘোষ ; বজ্রাঘাত , Explosion of thunder.

Thunder-cloud, *n.* তড়িৎপূর্ণ মেঘ ; A dark cloud, which produces lightning and thunder.

Thunderer, *n.* বজ্রপাতক ; বজ্রধ্বনি-কারক ; Jupiter :—Times Newspapers.

Thundering, *a.* বজ্রবিরাবী ।

Thunder-proof—Safe against thunder.

Thunde-rshower—Sudden and heavy rain during thunder.

Thunder-storm—বজ্রাঘাত সহিত ঝড়বৃষ্টি ; A storm with thunder.

Thunder-struck, thundér-struk, *a.* বজ্রাহত ; Struck by lightning :—বিস্ময়াপন্ন ; চমৎকৃত , বিস্মিত , অবাককৃত ; Struck dumb by something startling and surprising ; astonished ; struck dumb.

Thurible, *n* ধূনাচী ; ধূপদান ; A censer of metal for burning frankincense.

Thurifer, *n.* ধুনাচীবাহক , The server who carries the thurible.

Thursday, thurźda, *n.* সপ্তাহের পঞ্চমবার ; বৃহস্পতিবার ; The fifth day of the week.

Thus, thus, *ad.* এইরূপে ; এমতে ; এই প্রকারে ; In this manner ; to this degree ; so.

It is one self that one is thus and thus—সুখদুঃখাদি সমস্তই নিজের মানসিক প্রকৃতির উপর নির্ভর করে ; One's success or failure, one's happiness or misery depends entirely on one's own strength of character or will.

Thus far—এতাবৎ ; এতদূর পর্য্যন্ত ।

Thwack, thwak, *v. t.* [A. S. *thaccian*, to touch gently] প্রহার-কৃ ; ঠোকা ; পেটা , মারা , To beat ; to thrash :—*n.* আঘাত , ঠোকন ; পেটন , A smart blow with something blunt and heavy ; a heavy blow. *Syn* :—(*v*) Bang, thrash, thump, belabour, strike.

Thwart, thwawrt, *v. t.* প্রতিবন্ধক-দে ; বাধা দে ; ব্যাঘাত-কৃ ; To defeat ; to oppose ; to cross , to hinder by an obstacle :—*n.* দাঁড়িদিগের বসিবার আসন ; Rower's seat .—*a* আড়াআড়ি ; Being crosswise , transverse :—*ad.* অনুপ্রস্থে ; আড়ে ; Athwart. *Syn* :—(*v*) Traverse, cross ; oppose, contravene, frustrate, defeat.

Thy, thi, *pro. a.* মহাশয়ের , তোমার ; Of or belonging to thee *pl*=your.

Thyme, tim, *n.* সুগন্ধি লতা বিশেষ ; An aromatic plant. *a*=thymy.

Thymy, timi, *a.* সুরভি , Fragrant .—টাইম্ উদ্ভিদ বহুল ; Abounding with thyme.

Thyself, thi-self', *n. pro thou* or *thee* in person. তুমি স্বয়ং , তুমি আপনি বা নিজে ; Used for emphasis.

Tiara, ti-ára, *n.* টোপর , টুপি , A head-dress —মুকুট , কিরীট ; তাজ , Diadem :—পোপের কিরীট ; The Pope's triple crown. *a*=tiared.

Tibia, tibi-a, *n.* জঙ্ঘার অস্থি বিশেষ , পায়ের বৃহৎ অস্থি , Larger of the two bones of the lower leg , the shin bone .—বেণু বিশেষ ; বাঁশী । *a*=tibial (জঙ্ঘাস্থি সম্বন্ধীয় ; বাঁশী সম্বন্ধীয়) ।

Tic, *n.* পেশী-স্পন্দ , পেশীদিগের আক্ষেপ , A convulsive motion of certain muscles, especially of the face.

Tic-douloureux, tik-doo-loo-roo, *n.* আস্যস্পন্দন ; মুখের পক্ষব্যাধি ; স্নায়ু রোগ ; Neuralgia in the face.

Tick, *n.* টিক টিক্ শব্দ , টক টক শব্দ , ঘড়ির টুক টুক্ শব্দ , Tickling :—চিহ্ন :—কীট ; কুক্কুরাদির গায়ের মাছি ; An insect :—গদির খোল · তোষকের খোল ; Bed cover :—বাজার সম্ভ্রম ; ধার , কর্জ্জ , Credit ; trust :—*v. i.* ঘড়ির মত শব্দ-কৃ ; টিক্ টিক্ শব্দ-কৃ , আস্তে আঘাত-কৃ , To beat as watch :—*v. t.* চিহ্নিত-কৃ , ঢ্যাঁরা-দে , To mark.

Buy on tick—ধারে কেনা ।

Tick off—(ঢ্যাঁরা) দাগ দেওয়া ; একে একে পরীক্ষা-কৃ ।

To tick a thing off—কলম দিয়া দাগ-কৃ ; To mark an item with the touch of a pen.

To take a thing on tick—To have it jotted down or marked on the score instead of paying.

Ticken, Ticking, *n.* খোলের মোটা কাপড় বিশেষ ; Cloth for head-ticks.

Ticket, tiket, *n.* টিকিট , নিদর্শনপত্র ; ক্ষুদ্র কাগজখণ্ড ; Marked card ; a token of any right or debt :—*v. t.* টিকিট-দে , বিধুপ লাগান , To mark by a thicket.

Monthly ticket—এক মাসের টিকিট ।

Ticket-of-leave—কয়েদীকে প্রদত্ত স্বেচ্ছাক্রমে ভ্রমণ করিবার অনুমতি-পত্র ; দণ্ডাধীন অপরাধীর সচ্চরিত্রতার জন্য মুক্তিপত্র ; A license to be at large, granted to a convict for good conduct.

What is the thioket—কি করা যায় ?

Tickle, tikl, *v. t.* সুড়সুড়ি-দে ; কুতুকুতু-দে ; কাতুরকুতুর-দে ; To cause to laugh from slight touching :—তোষামোদ-কৃ ; সন্তুষ্ট-কৃ ; To please by slight gratification :—*v. i.* সুড় সুড় শব্দ অনুভব-কৃ ; সুড়সুড়ি বোধ-কৃ ; To have a creeping tingling sensation. *Syn* :—Titillate ; please, amuse, gratify.

Tickle-brain, *n.* খেলনা ; Toy that please :—চঞ্চল লোক ; One who is fickle.

Tickle death—হাঁসিয়ে মারা।

Ticklish, tiklish, *a.* যে ব্যক্তির সহজে কুত কুত বোধ হয় ; যাহাতে সহজে কাতুরকুতুর লাগে, Easily tickled ; easily affected ; difficult to be touched :—অনির্দ্দিষ্ট, অনিশ্চিত ; Uncertain ; tottering :—কঠিন ; শক্ত, Difficult. *Syn* :—Unsteady ; difficult ; nice, critical.

Tick-tack, *n.* টক্ টক শব্দ।

Tidal, tidal, *a.* জোয়ার ভাটা সম্বন্ধীয় ; জোয়ার-ভাটা বিশিষ্ট ; Belonging to tides ; pertaining to tides.

A tidal river—যে নদীতে জোয়ার ভাটা খেলে।

Tidbit, Titbit, *n.* খাদ্যদ্রব্যের কোমলাংশ।

Tide, tid *n.* জোয়ার ভাটা ; বেলা ; The regular flux and reflux of the sea ; rising and falling of the sea :—সময়, Time ; season :—গতি, Course :—প্রবাহ ; স্রোত, Stream ; current :—*v. i.* জোয়ার ভাটা চলা ; ভাটায় চালিত কৃ ; To work in or out with the tide of a river, to pour a tide or flood :—*v. t.* প্রবাহের সহিত তাড়িত-কৃ ; To drive with the stream. *Syn* —(*n*) Flow, ebb.

Tide over—বিপদ অতিক্রম-কৃ ; Surmount difficulties :—বিপদ কাটাইয়া-দে ; বিপদ কাটাইয়া উঠা ; Pass a critical period.

Take the tide at the flood—কোন সুবিধা বা সুযোগ পাইয়া লাভ-কৃ ; Take advantage of an opportunity when it occurs.

Work double tides—দিনরাত্র উভয় সময়েই চল ; ছয় দিনের কাজ চার দিনে-কৃ।

Tide-gauge, *n.* বেলামান যন্ত্র ; জোয়ার ভাটা পরিমাণ নির্ণয়ের যন্ত্র ; An instrument for registering the state of tide continuously.

Tideless, *a.* জোয়ার-ভাটা হীন ; Having no tide.

Tide-mill, tid-mil, *n.* জোয়ার ভাটায় চালিত যন্ত্র ; A mill moved by tide water or for clearing out tide water.

Tidesman—Custom house officer posted aboard ship.

Tide-table, *n.* জোয়ার ভাটার নির্ঘণ্ট-পত্র।

Tide-waiter, tid-water, *n.* শুল্ক সংগ্রাহক কর্ম্মচারী বিশেষ ; Custom officer to watch the landing of goods ; an officer who watches the arrival of vessels, to secure the payment of duties.

Tide-way, tidwa, *n.* জোয়ারের জল প্রবেশ করিবার খাল ; The channel in which the tide sets.

Tidings, tidingz, *n. pl.* [A. S. *tidan*, to happen] সংবাদ, খবর ; সমাচার, বার্ত্তা ; News ; intelligence. *Syn* :—Information, word.

Bad tidings—কুসমাচার।

Good tidings—সুসমাচার।

Tidy, tide, *a.* পরিপাটি ; সুসজ্জিত ; Neat ; in good order :—*n.* চৌকির গেলাপ ; চৌকির ঘেরাটোপ ; A cover for chairs &c. :—*v. t.* পরিপাটি-কৃ ; পরিচ্ছন্ন-কৃ ; To make neat. *n*=tideness (পারিপাট্য ; সুবন্দোবস্ত) ; *ad*=tidily (সুচারুরূপে)।

Tie, ti, *v. t.* বন্ধন-কৃ ; বাঁধা ; To fasten with a cord ; to bind :—যুক্ত-কৃ ; সংযুক্ত-কৃ ; To unite ; to constrain :—বাধিত-কৃ ; বাধ্য-কৃ ; আটক-কৃ ; To oblige :—*v. i.* সমফল-হ :—*n.* বন্ধন ; বন্ধনী ; গ্রন্থি ; A knot ; a bond :—সমসংখ্যা ; An equality in numbers, as of votes. *Syn* :—(*v*) Secure, attach ; knit, interlace, knot ; join, connect, link.

Result (or end) in a tie—নির্ব্বাচনকালে প্রতিযোগিগণের প্রাপ্ত সম্মতি সংখ্যা সমান হওয়া।

Ride and tie—অন্যের সহিত পর্য্যায়ক্রমে পরিশ্রম ও বিশ্রাম-কৃ।

Tie down—এমন করিয়া বান্ধা যে উঠিতে না পারে ; বাঁধিয়া রাখা ; উঠিতে না দেওয়া ; Fasten to prevent from rising.

Tie the hands—হাত বান্ধা ; To lay under restraint.

Tie the nuptial knot—বিবাহ-দে ; Join in marriage.

Tie up—আবদ্ধ-কৃ ; বদ্ধ-কৃ ; Fasten :—দমন-কৃ ; Restrain ; confine.

Be tied to one's upon strings—আঁচল ধরিয়া বেড়ান, স্ত্রীলোকের বশীভূত হইয়া চলা ; স্ত্রৈণ-হ ; Be constantly in the company of (women); be subject to the control of (a lady).

Tongue-tied, *a.* মনের কথা খুলিয়া বলিতে অপারগ ; Unable to speak freely.

Tier, ter, *n.* সারি ; শ্রেণী ; A row :—জাহাজের শ্রেণী ; Row of ships in a harbour :—বন্ধনকারী ; বন্ধনী :—বালকের জামা।

Tierce, ters, *n.* পিপা ; A cask containing one third of a pipie, *i. e.* 42 gallons :—তাসের বিন্তি ; A sequence of three cards of the same suit :—অসি-ক্রীড়াযুদ্ধে খোঁচা, A thrust in fencing.

Tierce-major, *n.* টেক্কাবড় বিন্তি।

Tie-rod, *n.* টানা শিক।

Tiff, *n.* সামান্য ক্রোধ ; রাগ ; ঝগড়া ; Slight anger :—সুরার অল্পমাত্রা ; এক চুমুক মদ ; সুরা ; মদ্য ; Small draught of liquor :—*v. t.* ঝগড়া-কৃ ; রাগান্বিত-কৃ।

Tiffin, tif'in, *n.* জল-খাবার ; মধ্যাহ্নের জলপান ; Luncheon ; a lunch between breakfast and dinner.

Tiger, ti'ger, *n.* ব্যাঘ্র ; বাঘ ; A fierce and rapacious animal of the cat kind :—রাক্ষস ; Bloodthirsty monster. *fem*=tigress.

Royal tiger, *n.* কেঁদো বাঘ।

Tiger cub, *n.* ব্যাঘ্র-শাবক ; বাঘের ছানা।

Tigerish, Tigrish, *a.* ব্যাঘ্রবৎ ; নিষ্ঠুর ; ভয়ানক ; Like tiger in disposition.

Tight, tit, *a.* টানটান, কসা ; আঁটা ; আটাল ; Close ; firmly held together, compact :—অশিথিল ; শক্ত ; Not slack ; not loose :—কৃপণ ; Saving :—অচ্ছিদ্র ; পরিপাটী। *Syn* :—Fast ; stretched, tense ; not leaky.

Tighten, tit'n, *v. t.* কসা ; আঁটা ; কসিয়া টানা ; To make tight ; straiten.

Thightly, *ad.* শক্তরূপে ; কসাকসি ভাবে ; আঁটাল-রূপে ; Closely.

Tightness, *n.* আঁটাআঁটি ; কসাকসি ; Closeness.

Tike, *n.* কুকুর ; A dog :—পাড়াগাঁয়ে লোক ; A rustic.

Tilbury, *n.* শকট বিশেষ ; A kind of gig.

Tile, *n.* টালি ; খোলা ; খাপরা ; A plate of baked clay used for covering roofs, floors &c. :—*v. t.*

টালি দ্বারা আচ্ছাদিত-কৃ ; To cover with tiles. *n*—tiler.

Tilery, tilér-i, *n.* টালি নির্ম্মাণশালা ; টালি প্রস্তুত করিবার কারখানা ; টালি খোলা ; A place where tiles are made.

Tiling, tiling, *n.* সর্ব্বপ্রকার টালি ; Tiles in general.

Till, til, *prep.* পর্য্যন্ত ; যাবৎ ; যে পর্য্যন্ত না ; To the time of :—*ad.* পর্য্যন্ত ; যদবধি না ; To the time when ; to the degree that :—*n.* দোকানের টাকা রাখিবার বাক্স ; বাক্সের দেরাজ ; A money box in a shop :—*v. t.* কর্ষণ-কৃ ; লাঙ্গল-দে ; চসা ; To cultivate ; to plough and prepare for seed.

Till now—অদ্যাবধি ; এ যাবৎ ; To the present time.

Till then—সে পর্য্যন্ত ; তৎকাল পর্য্যন্ত ; To that [time.

Tillable, *a.* কৃষিযোগ্য ; Arable , cultivable.

Tillage, tilaj, *n.* চাস ; কৃষিকার্য্য ; কর্ষণ ; Husbandry ; act of tilling :—কর্ষিত ভূমি ; A place tilled. *Syn* :—Cultivation, culture, farming ; agriculture.

Tiller, *n* চাষা ; কৃষক ; Husbandman :—শস্যাদি ছেদন করিলে গোড়া হইতে পুনরায় যে কেঁকড়ি নির্গত হয় তাহা :—নৌকাদির কর্ণলগ্ন দণ্ড ; হালের বাঁট , The handle or bar by which a rudder is moved.

Tiller-rope, *n.* হাইল-কাঠি বাঁধিবার টানা দড়ী ।

Tilt, tilt, *n.* গাড়ীর আবরণ বস্ত্র ; The canvas covering of a cart or wagon :—তাম্বু ; তাঁবু ; Tent :—চাঁদোয়া ; আবরণ ; Awning :—ক্রীড়াযুদ্ধ বিশেষ ; অশ্বারোহীর মল্লযুদ্ধ ; Tournament :—খোঁচা ; আঘাত ; Thrust :—কাইৎ ; ঝোঁক ; Inclination forward :—*v. i.* একদিকে ঝুঁকা ; আনত-হ ; To fall on the side ; to lean :—আক্রমণার্থ ভল্লাদি লইয়া ধাবিত-হ , বড়সা লইয়া যুদ্ধ-কৃ ; To thrust or fight with a lance :—*v. t.* আতপ নিবারণ বস্ত্র দ্বারা আবৃত-কৃ ; To cover with an awning :—বড়সা নিক্ষেপ-কৃ ; বড়সা ছোড়া ; To point or thrust as a lance :—হেলান ; কাইৎ-কৃ ; একধার ধরিয়া উচ্চ-কৃ ; To slant , to incline ; to raise one end of :—হাতুড়ি দিয়া পিটা , To forge with a tilt-hummer. *Syn* :—(*n*) Canopy ; pass, lounge ; encounter, joust ; slant, slope, inclination, cant.

Full tilt—সজোরে ।

Tilt up—অকস্মাৎ বক্রভাবে উৎক্ষেপ-কৃ ।

Tilting, *n.* ক্রীড়া-যুদ্ধ ।

Tilth, *n.* চাস ; কর্ষণ ; কর্ষিত ভূমি ; কর্ষিতাবস্থা ; Cultivation ; tilled land.

Tilt-hummer, tilt-hamér, *n.* বড় মুদ্গর ; Large hammer lifted by wheel.

Timber, timbér, *n.* বৃক্ষের কাণ্ড ; গুঁড়ি ; Trunk of a tree :—যে কাঠ গৃহাদি নির্ম্মাণে ব্যবহৃত হয় ; চকর ; কড়িকাঠ ; Wood for building purposes :—*v. t.* কড়িকাঠাদি দ্বারা সজ্জিত-কৃ ; To furnish with timber or beams.

Seasoned timber—Timber so thoroughly dried that all the sap and natural juices are gone out of it.

Timber-yard, *n.* কাঠের গোলা ।

Timbre, *n.* কণ্ঠধ্বনির স্বর ; যন্ত্রের স্বর ।

Timbrel, timbrel, *n.* ঢাক ; ভেরী বা খঞ্জনী বিশেষ ; Drum ; a musical instrument.

Time, tim, *n.* সময় ; Particular part of duration :—কাল, Season :—অবসর ; সুযোগ ; Opportunity :—জীবনকাল ; জীবিতকাল ; The duration of one's life :—মৃত্যুর সময় ; Period of death :—পুনঃ পুনঃ আবৃত্তি বা যোগ ; Addition of a thing to itself :—প্রসব-কাল ; প্রসব-বেদনার সময় ; Hour of travail :—তাল ; Musical measure :—উপযুক্ত কাল ; নির্দ্দিষ্ট কাল ; Allotted period ; proper time :—ইহজীবন ও ইহকাল ; Existence of any period :—*v. t.* ঠিক সময়ে-কৃ ; সময়োচিত-কৃ ; যথোচিত সময়ে-কৃ ; To do at the proper season :—নিয়মিত-কৃ ; সময় নির্দ্দিষ্ট-কৃ ; সময় সম্বন্ধে নিয়মিত-কৃ ; To regulate, as to time :—তাল-বিশিষ্ট-কৃ ; তালমানযুক্ত-কৃ ; To measure as in music :—*v. i.* সময় রক্ষা-কৃ ; তাল দেওয়া ; তাল রাখা ; To keep or beat time. *Syn* :—(*n*) Term, interval, spell ; period, age ; era ; occasion ; section, division.

A time ball—ঠিক মধ্যাহ্ন সময়ে যে কন্দুক নীচে পতিত [হয় ।

At a time—এক এক বার ; এক এক বারে ; At each time , on each occasion.

At one time, At another time—এক সময়ে Now, আর এক সময়ে ; Now. [along with it.

At the same time—আরও ; সেই সঙ্গে সঙ্গে ; Also ;

At times—মধ্যে মধ্যে ; সময়ে সময়ে ; কখনও কখনও ; মাঝে মাঝে ; At distant intervals ; now and then.

Bide one's time—সুসময় আসিবে বলিয়া প্রতীক্ষা করিয়া থাকা ; Wait for a favourable opportunity.

By that time—ততক্ষণে , Not later than that time ; about that time.

By the time—সেই সময়ে কিংবা তাহার কিছু পূর্ব্বে ; যে সময় বরাবর ; At or a little before the time.

By this time—এতক্ষণ ; এতক্ষণে ; Now (now that so much time has passed).

For a time—খানিকক্ষণের জন্য ; কিয়ৎকালের জন্য ; For a short time ; for a while.

For a very long time—দীর্ঘকালের নিমিত্ত ।

For the time being—আপাততঃ ; এক্ষণে , তত্তৎকালে ; উপস্থিত সময়ের মত ; তৎকালের জন্য , For the present ; during the time that is passing, temporarily, for the moment. [৪ × ৪ ।

Four times four—চারি সারিতে ; চারি গুণিত চারি,

From time immemoral—বহুকাল হইতে ; স্মরণাতীত কাল হইতে ; From a time longer than is remembered.

From time out of mind, From time immemorial—অতি পূর্ব্বকাল হইতে ; স্মরণাতীত কাল হইতে ; From time immemorial.

From time to time—কখন কখন ; মধ্যে মধ্যে ; সময়ে সময়ে , Occasionally ; now and then.

Have a bad (or hard) time of it—(কিছু-কাল) কষ্টে কাটান ; Not to fare well, be miserable during a certain period.

In course of time, In process of time—কালক্রমে ; কালে ; As time goes on.

In no time—তৎক্ষণাৎ ; তখনি ; Quickly.

In the fulness of time—পূর্ণকাল উপস্থিত হইলে ; যথাসময়ে ; সময় পূর্ণ হইলে ; চারি পোয়া হইলে ; When the time is ripe for anything ; when the fit time has come. [during the interval.

In the mean time—ইতিমধ্যে ; Meanwhile ;

In time—উপযুক্ত সময়ে ; যথা সময়ে ; উপযুক্তকালে ; In good season ; sufficiently early :—কালক্রমে ; In course of time.

Kill time—সময় নষ্ট-কৃ ; সময় বৃথা ব্যয়-কৃ ; কোন রকম

করিয়া সময় কাটাইয়া দেওয়া ; Waste time ; Spend one's time anyhow.

Lose no time—কিছুমাত্র বিলম্ব না-কৃ ; তৎক্ষণাৎ কোন কাজ করিয়া ফেলা ; কাল বিলম্ব না করা ; Make no delay. [ব্যবহার-কৃ ।

Make time—অবকাশ-কৃ ; কোনও কর্ম্ম করিতে সময়

Move (or run or go) against time—যত শীঘ্র সম্ভব কোনও নির্দ্দিষ্ট পথ অতিক্রম করা, কিংবা যতদূর সম্ভব কোনও নির্দ্দিষ্টকালে গমন-কৃ ; To move or run as rapidly as possible in order to ascertain the greatest attainable speed.

Once upon a time—একদা ; এক সময়ে ; At a certain time long ago.

Out of one's time—সাবালক হইলে ; Having reached the period of majority.

Seize time by the fore lock—সুযোগ না পলায় এই জন্য তকে তকে থাকা ; Be on the alert for any favourable opportunity.

Spare time—অবকাশ ; Leisure hours. [কার্য্য-কৃ ।

Take time by the forelock—বিলম্ব না-কৃ ; সত্বর

The time being—তৎকালে ; The present time.

Time after time—পুনঃ পুনঃ, বারংবার ; Many times ; repeatedly. [frequently.

Time and again—সর্ব্বদাই ; পুনঃ পুনঃ ; Very

Time enough—উপযুক্ত সময়ে ; যথাসময়ে ; সকাল সকাল ; যথাকালে ; Early enough ; in good season . sufficiently.

Time gone by—গতকাল ; গত সময় ; Past time.

Time is up—নির্দ্দিষ্ট সময় গত হইয়াছে ; ঠিক সময় আসিয়াছে ; The allotted time has just expired ; the appointed time has come.

Time of day—দিবসের সময়োচিত অভিবাদন ।

Time of life—বয়স ; বয়ঃক্রম ; Age.

Time on one's hands—Unemployed time.

Time out of mind, From time immemorial—অতি পূর্ব্বকাল হইতে ; স্মরণ হয় না এমন কোন কাল হইতে ; Longer than can be remembered , from of old. [Circumstances are different.

Times are changed—সময়ের পরিবর্তন হইয়াছে ;

Time to spare—বিশ্রাম কাল ; Time not occupied ; leisure. [There was a time.

Time was—এক সময় ছিল ; এমন এক কাল ছিল ;

Time was when—এমন একদিন ছিল যখন ।

Time well spent—সময় ভালরূপে অতিবাহিত-কৃ ; Time profitably and successfully employed.

Time-honoured, tim-onurd, *a.* পুরাতন বলিয়া মাননীয় ; বহুকাল ধরিয়া সম্মানিত ; প্রাচীন হেতু সম্পূজ্য ; Venerable on account of antiquity.

Time-keeper, tim-kēp'ėr, *n.* ঘটিকা ; ঘড়ি ; Clock or watch that keeps time :—যে কারিকর লোকের হাজিরে লিখে ; One who keeps the time of workmen.

Timeless, *a.* অনন্ত ; অশেষ ।

Timely, timle, *a.* সময়োপযুক্ত ; যথাসময়ে উৎপন্ন ; যথাকালে ঘটিত বা আগত ; Seasonable ; being a good time :—*ad.* যথাসময়ে ; আগে ; শীঘ্র ; Early ; soon. *n*=timeliness. *Syn* :—Opportune, early.

Timeous, timus, *a.* সাময়িক ; যথাকালীন ; In good time ; seasonable.

Timeously, *ad.* যথাকালে ; In good time.

Timepiece, tim-pēs, *n.* ঘটিকা ; ঘড়ি ; A clock.

Time-sanctioned, *a.* বহুকালের ব্যবহার দ্বারা অনুমোদিত ।

Timeserver, tim-sėrver, *n.* সময়-সেবী ব্যক্তি ; সময়-সেবক ; কালানুবর্ত্তী ; খোসামোদকারী ; One who serves or obsequiously adopts his opinions to the times.

Timeserving, *a.* নীচ ; যখন যেমন তখন তেমন ব্যবহারকারী ; Meanly acomodating ; servile ; mean.

Time-table, tim-tā'bl, *n.* সময়ের তালিকা ; সময়ের নির্ঘণ্ট ; Time-bill.

Time-worn, *a.* জরাজীর্ণ ; কালক্ষীণ ; পুরাতন ; কাল জীর্ণ ; Decayed by time ; worn in course of time ; old.

Timid, timid, *a.* ভীরু ; ভয়ত্রাসে ; ভীত ; শঙ্কিত ; হীনসাহস ; Faint-hearted ; fearful. *n*=timidness (ভীরুতা ; আশঙ্কা) ; *ad*=timidly (ভয়ে ভয়ে ; ভীরুর মত) । *Syn* :—Fearful, timorous, cowardly, pusillanimous ; shrinking, retiring, diffident.

Timidity, ti-midi-ti, *n.* ভীরুতা ; ভয় ; Want of courage ; faint heartedness.

Timorous, timor-us, *a.* ভীরু ; শঙ্কাযুক্ত ; ভয়শীল ; Timid ; fearful. *n*=timorousness (ভয়শীলতা) ; *ad*=timorously.

Tin, tin, *n.* টিন ; রাং ; টিনের কানেস্তা ; A metal :—*v. t.* টিন দ্বারা আচ্ছাদিত-কৃ ; টিন দ্বারা মণ্ডিত-কৃ ; Cover or overlay with tin. [colour ; colouring.

Tinctorial, *a.* রঙ্সংক্রান্ত ; বর্ণপ্রদ ; Relating to

Tincture, tingktūr, *n.* রঙ্ ; বর্ণ ; Slight tinge, a tinge of colour ; shade of colour :—আরক ; বস্তুর সারাংশ মিশ্রিত দ্রবাদি ; Extract of finer parts ; a spirituous solution of any substance :—*v. t.* রঙ্-কৃ ; রঞ্জিত-কৃ ; To tinge ; to colour :—মিশ্রিত-কৃ ; To embrue ; to mix with any other thing foreign. *Syn* :—(*n*) Tint, shade, grain ; flavour, taste, smack ; infusion, admixture, seasoning, sprinkling , alcoholic solution.

Tinder, tindėr, *n.* সহজ ইন্ধন ; আশু দহনীয় বস্তু ; চকমকির পোড়া শোলা বা সূতা ; Any thing used for kindling fire from a spark.

Tinder-box, *n.* চকমকির বাক্স ।

Tine, tin, *n.* কাঁটার আগা ; কাঁটার দাঁত ; শূল ; The tooth or spike of a fork or harrow. *a*=tined.

Tined, tind, *a.* সপ্তদণ্ডক ; Furnished with spikes.

Tin-foil, tinfoil, *n.* টিনের পাতলা পাত ; Tin reduced to a thin foil ; tin in thin leaves.

Tinge, tinj, *v. t.* কিঞ্চিৎ রঞ্জিত-কৃ ; রঙ্-দে ; রঙ্-কৃ ; To colour slightly ; stain :—মিশ্রিত-কৃ ; To mix with something :—*n.* বর্ণ ; রঙ ; Colour ; stain :—স্বাদ ; Taste. *Syn* :—(*v*) Dye, tincture, tint ; imbue, impress, infuse, impregnate. (*n*) Tincture, dye, taint. [bued in some degree with.

Be tinged with—কোন কিছুর আঁচ থাকা ; Be im-

Tingle, ting'gl, *v. i.* টুন টুন শব্দ অনুভব-কৃ ; ঝন্ ঝন্-কৃ ; কর কর-কৃ ; তীব্র যাতনা বোধ-কৃ ; To feel a thrilling sensation, as in hearing a shrill sound ; to feel a sharp, thrilling pain :—*n.* টুন টুন শব্দ ; Sharp, vibratory, thilling or pricking feeling.

Make the ears tingle—ক্রোধ উত্তেজিত-কৃ ; Excite one's anger.

Tink, *v. i.* টন্ টন্ বা টুন্ টুন্ শব্দ-কৃ ।

Tinker, tingkėr, *n.* কাঁসারি ; যে পিতলাদির বাসন মেরামত করে ; Mender of brass pans :—*v. t.* মেরামত-কৃ ; পাইন বা ঝাইল-দে ।

Tinkle, tingkl, *v. i.* টুন টুন শব্দ-হ ; ঠং ঠং শব্দ-কৃ ;

To clink ; to make small, sharp sounds ; jingle :—*v. t.* টুন টুন শব্দ-কৃ ; ঠন্ ঠন্ শব্দ-কৃ ; ঠং ঠং শব্দ করান, To cause to make quick, sharp sound :—*n.* টুন টুন শব্দ ; কিঙ্কিনী শব্দ ; ঠং ঠং শব্দ ; A sharp clinking sound.

Tinkling, *n.* ঠন্ঠনি।

Tin-man, *n.* টিনের কারিকর।

Tinsel, tinsel, *n.* উজ্জ্বল ধাতুর পাত ; জরিদার কাপড় ; Kind of shining metallic plate or cloth ; a stuff for ornamental dresses consisting of cloth :— জড়াজ্জ্বল বস্ত্র ; জেল্লাদার বস্ত্র ; অকিঞ্চিৎকর উজ্জ্বল দ্রব্য ; Gaudy decoration, anything showy ; shining trifle ; something showy, but of little value ; anything having a false lustre :—*a.* জেল্লাদার ; জমকাল ; ঝক্ঝকে ; Gaudy, superficial .—*v. t.* টিন্‌সেল দ্বারা সজ্জিত-কৃ ; To adorn with tinsel ; to make gaudy, to make glittering.

Tinsmith, *n.* টিনের কারিকর, One who works in tin.

Tint, tint, *n.* বর্ণ ; রঙ ; আভা ; বর্ণের আভা ; Colour, dye, shade of colour :—*v. t.* ঈষৎ রঞ্জিত-কৃ ; আভান্বিত-কৃ ; To give a slight colouring to. *Syn* :—(*n*) Tinge, hue, shade, grain.

Tintinnabulation, *n.* ঘণ্টার টুং টুং শব্দ ; The tinkling sound of bells.

Tiny, ti'ne, অতি ক্ষুদ্র, ছোট, Very small. *comp*= tinier, *sup*=tiniest. *Syn* .—Little, puny, wee, diminutive, lilliputian.

Tip, tip, *n.* অগ্রভাগ ; সূক্ষ্মাগ্র-দেশ, The point of anything small .—অগ্র ; আগা, The end :—ঈষৎ আঘাত .—ইসারা ; ইঙ্গিত, টিপ্‌নি :—*v. t.* আগা-কৃ ; আগা উঁচা-কৃ, অগ্রভাগ সূক্ষ্ম বা আচ্ছাদিত-কৃ ; To form a point to ; to put a point on ; to cover the tip or end of .—*v. i.* Fall on or forward one side. *Syn* :—(*n*) Tap ; top, cap, incline, cant ; lower, drop ; tilt, lean, slant.

On the tip of one's tongue—মুখিতে উদ্যত।

Tip out—(মদ প্রভৃতি) ঢালা ; গড়ান।

Tip over—উল্টে ফেলা।

Tip the wink (slang)—ইঙ্গিত-কৃ ; চোক টিপিয়া ইসারা-কৃ ; To intimate to another by means of a wink.

Tip up—এক প্রান্ত ধরিয়া কতকটা উল্টাইয়া ফেলা।

Tip-cat, *n.* বালকদিগের ডাঙ-গুলি খেলা।

Tippet, *n.* গ্রীবাচ্ছাদন ; উত্তরীয় বস্ত্র বিশেষ ; ফুলের সুতা ; A narrow covering for the neck.

Tipple, tip'l, *v. i.* অল্প পরিমাণে মদ্য পান-কৃ ; To drink strong liquors often ; to drink in small quantities —*v. t.* অতিরিক্ত পরিমাণে পান-কৃ ; পুনঃ পুনঃ মদ খাওয়া ; সর্ব্বদা একটু একটু মদ্য পান-কৃ ; To drink, as strong liquors, to excess :—*n.* পেয় মদ্য। *n*=tippler (মদ্যপায়ী)।

Tippling house, *n.* মদের দোকান ; শুঁড়িখানা : Public house ; a shop where intoxicating liquors are retailed to be drunk on the premises.

Tipstaff, *n.* লোহার কড়া লাগান লাঠি, A staff tipped with metal —সন্নিকের পেয়াদা ; চৌকিদার ; A constable.

Tipster, *n.* যে ঘোড়দৌড় বাজিতে কোন ঘোড়া জিতিবে বলিয়া দেয়।

Tipsy, tip'si, *a.* সুরাপানে অল্প উন্মত্ত ; মাতাল ; আধ-মাতাল ; Intoxicated ; drunk :—টলটলে ; Reeling. *n*=tipsiness, *ad*=tipsily.

Tip-toe, tip'tō, *n.* পায়ের বৃদ্ধাঙ্গুলের অগ্র ; পাদাঙ্গুলের অগ্রভাগ ; The tip or end of the toe :—*a.* অঙ্গুলের উপর ভর দিয়া দণ্ডায়মান ; আলগোছে ; নিঃশব্দ।

On tip-toe—নিঃশব্দে ; Noiselessly :—ব্যগ্র হইয়া ; In eager expectation ; eagerly :—ডিঙ্গি মেরে ; Standing on the end of the toe.

On the tip-toe of expectation—On the state of being awake or alive to anything.

Tiptoe mirth—অতিশয়িত আমোদ।

To be (or stand) on tip-toe—মুখিয়ে থাকা ; অত্যন্ত আগ্রহান্বিত হইয়া থাকা।

Tirade, ti-rād, *n.* নিন্দাবাদ ; অপবাদ ; নিন্দা ; কুৎসা-পূর্ণ বক্তৃতা ; A strain of censure or invective ; declamation ; censure.

Tire, tīr, *n.* [A. S. *teorian*, to weary] পরিচ্ছদ ; Apparel :—মস্তকাবরণ, উষ্ণীষ ; টোপর ; Head dress :—শিশুর জামা বিশেষ ; পোষাক ; Attire :— চক্রশ্রেণী ; চাকার হাল ; Band or hoop of a wheel : —*v. t.* ক্লান্ত-কৃ, To weary :—ভূষিত-কৃ ; To dress · —*v. i.* বিরক্ত-হ ; To vex :—শ্রান্ত-হ ; ক্লান্ত-হ ; দুর্ব্বল-হ, To become weary ; to be fatigued. *Syn* · —(*v*) Fatigue, jade, harass, bore ; fag.

Tire out—অত্যন্ত ক্লান্ত-কৃ ; হয়রাণ কৃ ; Utterly exhaust.

Tired, tīrd, *a.* ক্লান্ত ; শ্রান্ত, Wearied ; fatigued.

Be tired of—কোন কিছুর সম্বন্ধে সহিষ্ণুতা-হ ; Have one's patience exhausted by.

Be tired with—ক্লান্ত-হ ; Be fatigued with.

Tiresome, tīr'sum, *a.* ক্লান্তিকর ; ক্লান্তিজনক ; কষ্টজনক, বিরক্তিজনক ; Fatiguing, tedious ; fitted or tending to tire. *n*=tiresomeness, *ad*=tiresomely. *Syn* :—Exhausting, laborious, arduous ; wearisome, irksome.

Tire woman, *n.* Milliner ; dresser.

Tissue, tish'ū, *n.* কিংখাপ ; জরির কাজকরা রেশমী কাপড়, Cloth interwoven with gold or silver or with figured colours :—বুনান ; সূত্র ; পেশী .—দৈহিক উপাদান ; The anatomical elements of which organs are composed :—মালা, জাল :—*v. t.* বুনট-কৃ ; বুনান ; চিত্রবিচিত্র-কৃ ; To interweave ; to variegate. *Syn* :—(*n*) Fabric ; web, texture, structure, series, combination.

Tissue paper—অতি পাতলা কাগজ, ঘুড়ির কাগজ।

Tit, *n.* অতি ক্ষুদ্র বস্তু ; খণ্ড ; Any very small thing :—ক্ষুদ্র ঘোড়া :—পক্ষিবিশেষ।

Tit for tat, *n* ঢিলটি মারিলে পাটকেলটি খেতে হয় ; ঠিক প্রতিফল ; ইটের বদলে পাটকেল ; ক্ষতির বদলে ক্ষতি ; তামাসার বদলে তামাসা ; যেমন কর্ম্ম তেমনি ফল ; Exact retaliation ; like for like.

Titan, tī'tan *n.* দৈত্য ; দানব বিশেষ ; One of the giants.

Titant, Titanic, ti-tanik, *a.* দানবিক ; আসুরিক ; Relating the Titans, giants of mythology :— বৃহৎ ; প্রকাণ্ডকায় ; ভীষণ ; Enormous in size or strength.

Tit-bit, Tid-bit, *n.* খাদ্য দ্রব্যের ভাল বা বাছা টুকরা ; A choice little piece.

Tithe, tith, *n.* দশমাংশ ; পুরোহিতের প্রাপ্য আয়ের দশমাংশ, A tenth part ; the tenth of the produce of land paid to the clergy :—অল্প পরিমাণ :— *v. t.* আয়ের দশমাংশ পর্য্যন্ত কর নির্দ্ধারণ-কৃ ; To tax to a tenth :—*v. i.* দশমাংশ-দে ; To pay tithes.

Tither, tither, *n.* দশমাংশ-সংগ্রহকারী ; যাজকবৃত্তিকর সংগ্রাহক ; One who collects tithes.

Tithing, *n.* স্যাক্সনদিগের সময়ে দশ-ঘর গৃহস্থের পল্লী ; ইহারা আপন দেশের শান্তিরক্ষার জন্য রাজার নিকট জবাব-

নিদি করিত ; Part of a township or hundred containing ten free men.

Tithing man, *n.* পেয়াদা ; The officer of a town ; a police officer ; under-constable.

Titillate, titil-lāt, *v. t.* সুড়সুড়ি-দে ; সুড়সুড়ি কাটা ; কুতুকুতু-দে ; কাতুকুতু-দে ; To tickle.

Titillation, tit-il-lāshun, *n.* কাতুকুতু ; সুড়সুড়ি ; The act of titillating :—সুখকর অনুভূতি ; A pleasure sensation. [a small bird.

Tit-lark, titlark, *n.* পক্ষিবিশেষ ; Singing bird ;

Title, ti'tl, *n.* উপাধি ; সম্ভ্রান্ত ব্যক্তির পদবী ; An inscription put over or at the beginning of something serving as a name :—সংজ্ঞা ; নাম ; আখ্যা ; Name :—স্বত্ব ; অধিকার ; Right :—উপাধি ; Rank : —নাম পত্র ; Title page :—*v. t.* আখ্যাত-কৃ ; অভিধাযুক্ত কৃ ; To name. *Syn* :—(*n*) Appellation, designation, denomination, epithet, cognomen.

Bastard title—পুস্তকের সংক্ষিপ্ত মুখ-পত্র ।

Titled, *a.* উপাধিবিশিষ্ট , উপাধিধারী ; স্বত্ববান্ , Having a title.

Title-deeds, ti'tl-dēds, *n.* বাটীর দলিল ; স্বত্বাধিকার সম্বন্ধীয় দলিল দস্তাবেজ ; Deeds on which a man holds his property ; documents that proves just right to exclusive possession.

Title-page, titl-pāj, *n.* নাম পত্র , পুস্তকের নামাঙ্কিত প্রথম পত্র ; গ্রন্থের নামপরিচায়ক পৃষ্ঠা ; The first page of a book containing its name or title, nominal.

Titling, titling, *n.* পক্ষিবিশেষ , The hedge-sparrow. [bird. *pl*=titmice.

Titmouse, titmows, *n.* ক্ষুদ্র পক্ষিবিশেষ , A little

Titter, tit'er, *v. i.* মুখ চাপিয়া হাস্য-কৃ ; খিল খিল করিয়া হাসা ; To laugh with the tongue striking against the teeth :—*n.* মুখ চাপিয়া হাস্য ; সংযত হাস্য ; A restrained laugh.

Tittle, tit'l, *n.* অতি অল্পমাত্র ; ক্ষুদ্রাংশ ; বিন্দুমাত্র , অণুমাত্র ; লেশ ; একরতি , An iota, a small particle. *Syn* :—Jot, atom, grain, whit, bit.

Tittle-tattle, titl-tatl, *n.* মিথ্যা গল্প ; গল্প-গাথা ; বাজে কথা ; Idle talk ; trifling talk.

Titular, titu-lar, *a* উপাধি সম্বন্ধীয় ; Belonging to titles :—নাম মাত্র , নামে ; কাজে নহে ; Nominal ; existing in name only , having the title without the duties of an office ; in title only, and not in possession or substance.

Titular king, *n.* নাম মাত্র রাজা , One having the name of king only. [a tittle.

Titu-lary, *a.* পদবীসংক্রান্ত ; নামাত্মক ; Consisting

To, tōō, *prep.* দিকে ; অভিমুখে , পানে ; প্রতি ; In the direction of :—তে ; Opposed to *from* .—অভিপ্রায়ে , In order to —তুলনায় ; অনুরূপ , মত ; In comparison to :—পর্য্যন্ত , As far as :—অনুসারে ; In accordance with :—ইনফিনিটিভ চিহ্ন , Sign of the infinitive mood. [মনের মানুষ ।

A husband to her mind—মনের মত স্বামী ;

Fight to the better end—শেষ পর্য্যন্ত লড়া ; Fight to the last extremety.

Hand to hand—হাতাহাতি ।

It is ten to one—খুব অসম্ভব ; Most unlikely :—ঘটিবার খুব সম্ভাবনা ; What is most probable is :—নিঃসন্দেহ ; There is almost no doubt about it :—একদিকে দশগুণ সম্ভাবনা, অন্যদিকে একগুণ ; কিংবা একদিকে এক গুণ অন্যদিকে দশগুণ , There are ten chances for and only one against it, or ten chances against and only one for it.

Take to wife—পত্নীত্বে গ্রহণ-কৃ ।

To a certain degree, To a certain extent—কতক পরিমাণে ; কিঞ্চিৎ পরিমাণে ; Somewhat.

To a hair—ঠিক বিচার করিয়া ; ন্যায় বিচার করিয়া ; With the nicest discrimination. [Considerably.

To a large extent—অধিক পরিমাণে , বহু পরিমাণে ;

To all appearance—দৃশ্যতঃ ; Apparently.

To all intents and puppose—বাস্তবিক ; প্রকৃতই ; Really ; practically. [without exception.

To a man—সকলেই ; প্রত্যেকেই ; Every one ; all

To and fro—ইতস্ততঃ , এদিক ওদিক , সম্মুখে ও পশ্চাতে ; Backwards and forwards. [rately.

To a nicety—ঠিক ; যথার্থরূপে ; Exactly ; accu-

To a turn—ঠিক ; ঠিকরূপে ; Perfectly ; exactly.

To blame—নিন্দার্হ ; অপরাধার্হ ; Blamable.

To boot—আরও ; Over and above.

To come—ভাবী , ভবিষ্যৎ ; Future.

To degree—অত্যন্ত , অতিশয় ; Exceedingly ; to an extreme. [unsuccesfully.

To no purpose—বৃথা ; অনর্থক , Unavailingly ;

To one's cost—ঠেকিয়া শেখা ; Causing much cost to one *i. e.* having had to make great sacrifices.

To one's disappoint or **vexation**—নৈরাশ্য বা বিরক্তির কারণ-হ ; Causing disappointment or vexation to one.

To one's face—মুখের সামনে ; Directly to one.

To one's hand or **hands**—প্রস্তুত ; Already prepared ; in readiness.

To one's heart's content—মনের সাধে ; মনের আনন্দে ; সাধ মিটাইয়া ; To one's entire satisfaction fully ; until one is fully satisfied.

To one's honour or **credit**—স্পর্দ্ধা বা গৌরবের কারণ-হ ; Causing or bringing honour to one.

To one's injury or **ruin**—কাহারও পক্ষে ক্ষতিকর বা সর্বনাশে কারণ-হ ; Causing injury or ruin to one.

To one's knowledge—নিজের জ্ঞানানুসারে ; আপনার জ্ঞানানুসারে ; To the extent of one's knowledge.

To one's mind—স্বেচ্ছামত , আপনার ইচ্ছামত , According to one's satisfaction, ideas or wish.

To one's satisfaction—আহ্লাদের বিষয়-হ ; Causing satisfaction to one.

To one's surprise—আশ্চর্য্যের বিষয়-হ , Causing one surprise [terror to one.

To one's terrors—ভয়ের কারণ-হ , Causing

To perfection—সম্পূর্ণরূপে ; এতটা ভাল যে তাহাকে সর্ব্বাঙ্গসুন্দর বলিয়া গণ্য করা যাইতে পারে , Perfectly ; so well as to show that perfection has been attened. [ments ; into parts.

To pieces—টুকরা টুকরা ; খণ্ড খণ্ড ; Into frag-

To some purpose—কার্য্যতঃ ; কোন কারণ বশতঃ ; With effect ; successfully.

To that effect—সেই মর্ম্মের ; Meaning the same ; to that effect or general extent.

To the best of one's abilities—যথাসাধ্য ; সাধ্যমত ; As well as one is able.

To the best of one's knowledge—যতদূর সে জানে , So far as one knows.

To the best of one's recollection—যতদূর স্মরণ হয় ; So far as one can recollect.
To the contrary—বিপরীতে ; To an opposite purpose ; to an opposite fact.
To the end of time—সর্বদা ; সদা ; Always ; so long as time shall last.
To the face—সম্মুখে ; মুখের উপর ; Directly to one's face.
To the full—সম্পূর্ণরূপে ; Wholly ; entirely.
To the last—শেষ পর্যন্ত ; Till the last moment ; to the end of one's life.
To the letter—দারুণ ভাবে ; ঠিক ; অক্ষরানুসারে ; এক চুলও তফাৎ নহে ; কিছুমাত্র উপেক্ষা না করিয়া ; Strictly ; exactly.
To the life—ঠিক যেন জীবিত এই ভাব রাখিয়া ; ঠিক ; অবিকল ; So as closely to resemble the living person.
To the minute—ঠিক সময়ে ; ঠিক নির্দ্দিষ্টকালে ; Accurately ; on time precisely.
To the teeth—মুখের সামনে ; মুখের উপর ; Directly to one's face ; in open opposition.
To the utmost—অত্যন্ত ; অতিশয় , In the highest degree.
To wit—অর্থাৎ ; Namely ; that is to say.
Toad, tōd, *n.* ভেক ; কটকটে বেঙ , An amphibious reptile ; frog.
Toad-eater, tōd-ēt-ėr, *n.* নীচ ; চাটুকার , A mean sycophant.
Toad-school, *n.* বেঙের ছাতা ; A poisonous kind of mushroom.
Toad-stool, *n* বেঙের ছাতি , ছত্রক , A mushroom.
To-ady, tōdi, *n.* নীচ ; চাটুকর ; A mean sycophant :—*v. t.* তোষামোদ-কৃ ; To fawn as a sycophant.
Toadyism, todi-izm, *n.* তোষামোদ ; খোসামুদে , আনুগত্য ; The practice of a toady.
Toast, tōst, *v. t.* আগুনে সেঁকা ; ঝলসান ; গরম কৃ , To dry and scorch at the fire :—(কাহারও) কল্যাণে মদ্যপান-কৃ ; To drink to the health of :—একত্রে মিলিয়া মদ্যাদি পানের সময় সম্মানার্থ নাম-কৃ :—*n.* সেঁকা রুটী ; ঝলসান পাউরুটী , Bread toasted :—যে ব্যক্তির কল্যাণে মদ্যপান করে , যাহার সম্মানার্থ অনেকের একত্রে মদ্যপান হয় ; The name of any person or thing whose health is drunk.
Toaster, *n.* যে বা যাহা অগ্নিতাপে দগ্ধ করে ; One who, or that which, toasts.
Toastmaster, *n.* প্রকাশ্যভোজে স্বাস্থ্যপানাধ্যক্ষ ; The announcer and director of toasts at public dinners.
Tobacco, tō-bakō, *n.* তামাক ; তাম্রকূট ; A narcotic plant , nicotiana.
Tobacconist, to-bakō-nist, *n.* তামাক-বিক্রেতা ; তামাক ব্যবসায়ী ; One who deals in or manufactures tobacco.
Tobacco-pipe, to-bakō-pīp, *n.* নল ; হুকা ; A pipe used for smoking tobacco.
Toboggan, *n.* যান বিশেষ ; A kind of sled :—উক্ত যানযোগে গড়াইয়া আসা ; To slide down on a toboggan.
Tocsin, toksin, *n.* বিপদজ্ঞাপক ঘণ্টা বা তাহার শব্দ , অমঙ্গলসূচক ঘণ্টা বা তাহার ধ্বনি , An alarm-bell, or the ringing of it.
Today, too-dā, *n.* অদ্য ; আজ ; This day.
Toddle, *v. i.* শিশুর ন্যায় ক্ষীণপদে হাঁটা ; To walk with short steps, as a child.
Toddy, *n.* তাড়ি ; তালের পচান রস ; The fermented juice of palm.
Toe, tō, *n.* পদাঙ্গুলি , পায়ের আঙুল , Finger of the foot :—পশুখুরের অগ্রভাগ ; The forepart of an animal's hoof. *a*=toed (পদাঙ্গুলিবিশিষ্ট ; having toes).
Turn up the toes—মৃত-হ ; Die.
Toffee, Toffy, *n.* মিষ্টান্ন বিশেষ ; A sweet-meat.
Toga, tō'ga, *n.* প্রাচীন রোমানদিগের গাত্রবস্ত্র ; গায়ের কুর্ত্তা ; The mantle or outer garment of Roman civilians. *a*=togated, toged (আলখাল্লা-পরিহিত , Dressed in a gown).
Together, too-gethėr, *ad.* একত্রে ; মিলিয়া ; এক সঙ্গে ; In company ; into union ; in concert.
Lay heads together—পরামর্শ-কৃ ; Consult with.
Together with—কোন কিছুর সহিত মিলিয়া একত্র ।
Toil, toil, *n.* জাল ; ফাঁদ ; বাগুরা ; Net ; snare :—পরিশ্রম ; কষ্টসহকৃত শ্রম ; মেহনৎ ; Labour ; labour with fatigue :—*v. i.* পরিশ্রম-কৃ ; কষ্টপূর্ব্বক শ্রম-কৃ ; মেহনত-কৃ ; To labour ; to work hard. *Syn* :—(*n*) Work, exertion, task, travail, pains, drudgery ; trap. (*v*) Strive, drudge, moil.
Toiler, *n.* পরিশ্রমকারী ; One who toils.
Toilet, Toilette, toilet, *n.* বেশভূষা করিবার মেজ ; পরিচ্ছদ পরিবার মেজ ; A dressing table :—পরিধান করিবার প্রণালী ; Act of dressing :—বেশ ; পরিচ্ছদ ; Attire.
Make one's toilet—সজ্জিত হওয়া ; বেশভূষা-কৃ ।
Toilet glass—যে আর্শি বেশবিন্যাসের মেজের উপর থাকে ।
Toilet service—বেশ-ঘরের বাসন ।
Toilet table—বেশের জন্য মেজ ।
Toilsome, toilsum, *n.* শ্রান্তিকর , শ্রমজনক , Laborious ; weariness. *ad*=toilsomely, *n*=toilsomeness. *Syn* :—Fatiguing, wearisome, painful , onerous.
Tokay, tō-kā, *n.* মদ্য বিশেষ ; A rich Hungarian wine.
Token, tōkn, *n.* চিহ্ন , নিদর্শন ; Sign , mark :—লক্ষণ , Symbol :—বন্ধুত্বের চিহ্ন ; স্মারক কোনও বস্তু ; Memorial of friendship :—শুভাশুভ লক্ষণ ; Omen *Syn* :—Symbol, badge, type , prognostic, presage ; memorial, souvenir ; note, indication, manifestation.
By the same token—আরও ; তথাচ ; অপরঞ্চ ।
More by token—প্রকৃতপক্ষে ; আরও ।
Token money—যে মুদ্রার মূল্য সেই ধাতুর মূল্যাপেক্ষা অনেক বেশী ।
Told, tōld, *pt.* or *pp.* of *tell*.
Tolerable, toler-a-bl, *a.* মধ্যম ; মাঝারি ; মন্দ নহে , চলনসই ; Not excellent , moderately good or agreeable :—সহনীয় ; Endurable ; capable of being borne or endured. *ad*=tolerably (মাঝামাঝিরূপে) ; *n*=tolerableness (মধ্যমরূপতা) । *Syn* :—Supportable, bearable, sufferable, endurable , passable, ordinary, middling.
Tolerance, tolėr-ans, *n.* সহতা গুণ ; সহ্য করণ ; সহন ; সহিষ্ণুতা ; The endurance of offensive persons or opinions.
Tolerant, tolėr-ant, *a.* সহনীয় ; সহমান ; সহিষ্ণু ; উদার ; প্রশ্রয়াত্মক ; Enduring ; indulgent ; favouring toleration.
Tolerate, toler-āt, *v. t.* [L. *tollo*, to bear] সহ্য-কৃ ; To bear ; suffer to be ; endure :—অনুমতি-দে ; নিবারণ না-কৃ ; প্রশ্রয়-দে ; Allow by not hindering. *Syn* :—Allow, permit, admit, receive , endure, abide, brook

Toleration, tol-er-ā́shun, *n.* ভিন্ন মতের অনুমোদন; মতবিরুদ্ধ বিষয়ও চলিতে দেওন; বিরুদ্ধ ধর্মের প্রতি দোষাক্ষাৎ; *The allowance of what is not approved*; liberty given to hold and express political or religious opinions freely; liberty to teach religious opinions different from those of the established church :—সহিষ্ণুতা; সহতা; প্রশ্রয় প্রদান; Sufferance; the act of tolerating. *Syn* :—Endurance, suffering, permission, allowance, license; liberality, catholicity.

Toll, tōl, *n.* শুল্ক; মাশুল; A tax or duty on goods or passengers using a road, bridge, market, fair &c. :—ঘণ্টাধ্বনি, The sound of a bell when tolling :—*v. i.* ঘণ্টার ন্যায় শব্দ-হ; ঘণ্টাদি ধ্বনিত-হ; বাজা; To sound, as a bell :—মাশুল-দে, To pay toll :—*v. t.* ঘণ্টা বাজান; ঘণ্টাদি ধ্বনিত-কৃ; To cause to sound, as a bell :—ঘণ্টা বাজাইয়া আহ্বান-কৃ; ঘড়ি টিপিয়া বিজ্ঞাপিত-কৃ; To strike, or signal by striking. *Syn* :—(*n*) Custom, duty, impost, tribute, rate, assessment, exaction, demand.

Toll the knell—মৃত্যু-সংবাদ-দে; Announce the death or departure.

Toll-bar, tōl'bär, *n.* পথে মাশুল আদায়ের জন্ম বেড়া বা ফটক; A moveable bar across a road &c. to stop passengers liable to toll.

Toll-bridge, tōl'brij, *n.* যে সেতু দিয়া যাইতে হইলে শুল্ক দিতে হয়; যে সেতু অতিক্রমন জন্ম মাশুল দিতে হয়; A bridge where toll is paid for passing it.

Toll broth, *n.* কারাগার; Prison :—শুল্কস্থান; Custom-house.

Toll-gate, tōl'gāt, *n.* যে ফটকে মাশুল দিতে হয়, মাশুল আদায়ের ফটক; A gate where toll is taken.

Toll-gatherer, *n.* মাশুল-সংগ্রাহক।

Tollhouse, tōl'hows, *n.* মাশুল-সংগ্রাহক; শুল্ক সংগ্রহের; মাশুলঘর; The house of toll-collector.

Tomahawk, tom'a-hawk, *n.* আমেরিকাবাসীর যুদ্ধার বিশেষ; কুঠার, টাঙ্গী; A war-hatchet of the American indians; indian hatchet :—*v. t.* কুঠার দ্বারা কাটা, কুঠার দ্বারা বধ-কৃ; To cut or kill with a tomahawk.

Tomato, to-mā'to, *n.* বিলাতি বেগুণ বিশেষ; A plant; its fruit.

Tomb, tōōm, *n.* [G. *tumbos,* a tomb] সমাধি; গোর, কবর; Grave :—সমাধি-স্তম্ভ; স্মরণার্থ স্তম্ভ; Tomb stone; monument over a grave. *Syn* :—Sepulchre; vault, catacomb, crypt.

Tomboy, *a.* উচ্ছৃঙ্খল ক্রীড়াশীল বালক; A wild romping boy.

Tombstone, tōōm'stōn, *n.* সমাধি-শিলা; গোরের উপর প্রস্তর, কবরের উপর নামাঙ্কিত প্রস্তর, Stone erected over the dead.

Tom-cat, tom'kat, *n.* বিড়াল; হুলো বা হুলো বেরাল; A full grown he-cat. *fem*=tib-cat.

Tome, tōm, *n.* বৃহৎ গ্রন্থখণ্ড পুস্তক; A volume of a large work; a book.

Tomfool, tom'fōōl, *n.* ভাঁড়; Buffoon :—হস্তীমূর্খ; A great fool.

Tomfoolery, tom'fōōl-ery, **Tomfooling,** *n.* ভাঁড়ামি, হাস্যকর আচরণ; হস্তীমূর্খতা; Buffoonery; foolish trifling; ridiculous behaviour.

Tomorrow, too-mor'ō, *n.* কল্য; আগামী কাল; The next day; the day after the present :—*adv.* কাল্‌কে; On the morrow.

The day after to-morrow—পরশ্বঃ।

Tomtit, tom'tit, *n.* The tit-mouse.

Ton, *n.* প্রায় ২৭ সাতাশ মণ ওজন :—জাহাজাদির মাপে ৪০ ঘনফুট স্থান :—চলিত যায়া; ধরণ; মত :—পরিমাণ বিশেষ; 20 Cwt. or 2240 lbs.

Tone, tōn, *n.* স্বর; শব্দ; Voice; the character of a sound :—সুর; Modification of voice :—রীতি; Character; style :—মানসিক অবস্থা; মনের ভাব; Mood; state of mind :—শরীরের স্বাস্থ্য; দেহের সুস্থাবস্থা; A healthy state of the body :—চিত্রের বর্ণসামঞ্জস্য; Harmony of the colours of a painting :—উচ্চারণ; Accent :—*v. t.* উচ্চারণ-কৃ; স্বরযুক্ত-কৃ; To utter with an affected tone; to intone. *a*=toned. *Syn* :—(*n*) Note; accent, intonation, modulation, emphasis; strength, force, tension, elasticity; frame, temper; style, manner; tenor, drift.

Give a tone to—ভালর দিকে সুর ফেরান; কোনও বিশেষ ভাবাক্রান্ত বা অবস্থাপন্ন-কৃ; Raise to a healthy condition :—কোন বিশেষ ধরণে দাঁড় করান; Impart its peculiar character to a thing.

Tone down—হ্রাস-হ; জোর কমিয়া আসা; নরম করিয়া আনা; সুর নামাইয়া-দে; Weaken; diminish the force of; soften; moderate; relax :—বর্ণের চাকচিক্য কমান।

Tone up—সুর চড়াইয়া-দে; বলবান্-কৃ; স্পষ্ট-কৃ।

Toned, *a.* স্বরযুক্ত; স্বরবিশিষ্ট; Having a tone.

Toned paper, *n.* যে কাগজের রঙ কিছু মলিন করা হয়।

Tongs, *n. pl.* চিম্‌টা, সাঁড়াশী; বেড়ী; A domestic instrument to lay hold of things.

Tongue, tung, *n.* জিহ্বা; রসনা; জিব; The muscular organ of speech, swallowing or tasting :—বাক্‌শক্তি; Power of speech :—বাক্; ভাষা; Speech; language :—বাদানুবাদ; Discourse :—অন্তরীপ; A point of land. *Syn* :—Idiom, dialect; talk, discourse.

Give tongue—বলা; চীৎকার-কৃ; মুখ খোলা; Utter.

Have a tongue in one's head—বক্তা-হ; Be eloquent.

Have on the tip of the tongue—বলিতে উদ্যত-হ, জিবের আগায় রাখা।

Hold the tongue—কথা কহিও না; চুপ করিয়া থাক, Be silent.

Keep one's tongue between one's teeth—মৌনী-হ; Be taciturn.

Mother tongue—মাতৃভাষা; Native language.

Oily tongue—Flattering tongue.

Ones tongue cleaves to the roof of one's mouth—কাহারও কথা আটকাইয়া যাওয়া; কথা জড়িয়ে আসা; One is unable to speak.

Slip of the tongue—কথা কহিতে ভুল; Mistake in speaking

With the tongue in the cheek—উপহাস করিয়া; বিদ্রূপপূর্ব্বক।

Tongued, *a.* জিহ্বাবিশিষ্ট; Having a tongue.

Tongue-doughty, *a.* কথায় সাহসী; Valiant in words.

Tongue-less, *a.* নির্ব্বাক্, মূক; জিহ্বাশূন্য; Speechless; mute; having no tongue.

Tongue-tie, *n.* কোনও শিশুর জিহ্বার অগ্রদেশে যে চর্ম্মবন্ধনী দেখা যায়।

Tongue-tied, *a.* স্বাধীনভাবে মনের কথা বলিতে অপারগ; মুখবন্ধ থাকা; Unable to speak freely :—বদ্ধজিহ্ব; অবাক্; উচ্চারণশক্তিহীন, Having an impediment as if the tongue were tied.

Be tongue-tied with—কথা না সরা, Be rendered speechless by.

Tonic, tonik, *a.* বলবর্দ্ধক ; বলকারক ; পুষ্টিকারক ; Giving strength :—স্বরসম্বন্ধীয় ; Relating to sounds :—*n.* বলকারক ঔষধ ; পুষ্টিকারক ঔষধ ; Medicine which gives tone and vigour.

Tonicity, *n.* মাংসপেশীর স্বাভাবিক সটান ভাব।

To-night, too-nit. *n.* এই রাত্রি ; অদ্য রজনী ; আজ রাত্রি বা রাত্রে ; This night :—*ad.* আজ রাত্রে ; On the night.

Tonnage, tunaj, *n.* জাহাজে যতটা বোঝাই লইতে পারা যায় ; জাহাজের বোঝাই ; The weight of goods carried in a ship ; the cubical content of a ship :—জাহাজের নির্দ্ধারিত শুল্ক ; A duty on ships, estimated per ton.

Tonsil, *n.* গলদেশের গ্রন্থিবিশেষ ; গলার গুড়গুড়ি ; গলার বিচি ; One of the two glands at the root of the tongue so named from its shape ; one of two glands in the throat. [ble of being clipped.

Tonsile, tonsil, *a.* যাহা ছাঁটা যাইতে পারে ; Capa-

Tonsilitis, *n.* গলগ্রন্থির প্রদাহ ; গলার বীচি আওড়ান ; Inflammation of the tonsils.

Tonsure, tonshoor, *n.* মস্তক-মুণ্ডন ; চূড়া-করণ সংস্কার বিশেষ ; The act of clipping the hair ; shaving the crown of the head. *a*=tonsured (মুণ্ডিত , নেড়া)।

Tontine, *n.* এক প্রকার জীবন-বিমা ; A kind of life-annuity increasing as the subscribers die .—Way of raising money or holding property in which the income is divided among the members yearly, and the property goes to the last survivor.

Too, too, *ad.* আরও ; অত্যধিক ; যতদূর উচিত তদপেক্ষা অধিক ; এত যে পারে না ; Over ; more than enough ; likewise ; over much :—*conj.* আরও।

Have too many irons in the fire—ঢের কাজ থাকা ; Have too many occupations.

To be too many—অত্যন্ত বলবান-হ , To be too powerful , to be superior.

Too late—অত্যন্ত দেরী ; অতিশয় বিলম্ব।

Too many by half—দ্বিগুণ , Twice the number.

Too much of a good thing—ভাল দ্রব্য অধিক থাকা , More of a good thing than is for the present agreeable.

Took, *pt.* of *take.*

Tool, tool, *n.* যন্ত্র ; সাধন ; Instrument for working with ; instrument used by workmen :—অন্যের অধীন ব্যক্তি ; আজ্ঞাধীন ব্যক্তি ; A person whom another uses as an instrument.

Be a tool in the hands of—সম্পূর্ণ পরাধীন-হ ; অপরের উদ্দেশ্য সাধনের যন্ত্রস্বরূপ-হ ; কাহারও হাতে যন্ত্রস্বরূপ-হ , কাহারও হাতে খেলানার স্বরূপ-হ ; Be completely under the influence of ; a person used as an instrument to serve the purposes of another ; one completely under the sway or influence of.

Toot, *v.i.* ধ্বনিত-হ :—*v. t.* বাজান।

Tooth, tooth, *n.* দাঁত ; দন্ত ; One of the small bones in the jaws for chewing and biting :—রুচি ; আস্বাদন ; Taste :—তালু ; Palate :—কাঁটা ; Prong :—করাতের দাঁত ; One of the projections on a saw or wheel :—দন্তাকার বস্তু ; Anything tooth like :—*v. t.* দন্তবিশিষ্ট-কৃ ; To furnish with teeth :—খাঁজ কাটা ; দাঁত কাটা ; To cut into teeth. *pl*=teeth.

A sweet tooth—মিষ্ট দ্রব্যে স্পৃহা।

Tooth and nail—যথাসাধ্য ; নিজের সমস্ত বল প্রয়োগ করিয়া ; উঠে পড়ে লাগিয়া ; আঁচড়কামড় করিয়া ; আত্ম-সমস্ত হইয়া ; With one's utmost power ; by all possible means of attack or defence ; in right earnest. [Pain in the teeth.

Toothache, toothak, *n.* দন্তশূল ; দাঁতের বেদনা ;

Tooth-brush, *n.* দাঁতমাজা বুরুষ ; দাঁতন-কুঁচি।

Toothed, toothd, *a.* দন্তবিশিষ্ট ; সদন্তক ; দন্তী ; Having teeth.

Toothed wheel—যে চাকার পরিধিতে দাঁতের মত কাটা কাটা থাকে। [ing no teeth.

Toothless, *a.* দন্তবিহীন ; ফোগলা ; অদন্তক ; Hav-

Tooth-pick, toothpik, *n.* দাঁত খুঁটিবার যন্ত্র ; খড়কে ; দাঁতের খোঁচা ; An instrument for picking out anything in the teeth.

Tooth-powder, *n.* দন্তমঞ্জন , মিশি ; মাজন।

Tooth-some, toothsum, *a.* সুস্বাদু ; রুচিকর ; Palatable ; grateful to the taste.

Top, top, *n.* কোন বস্তুর সর্ব্বোচ্চভাগ ; The highest part of anything :—উপরিভাগ ; চূড়া ; অগ্র ; আগা ; মস্তক ; মাথা ; শৃঙ্গ ; Summit ; the upper end or surface :—সর্ব্বোচ্চ পদ ; The highest place or rank :—লাটিম ; লাট্টু ; ক্রীড়ার বস্তু ; A child's toy .—*v. t.* উপরে আচ্ছাদন-কৃ , To cover on the top :—সকলকে অতিক্রম করিয়া উঠা ; শ্রেষ্ঠ-হ , To surpass :—ছাঁটা ; আগা ছাঁটিয়া দেওয়া ; To take off the top of :—*v. i.* উচ্চ হইয়া উঠা ; মাথা খাড়া করিয়া উঠা ; প্রবল-হ ; To rise. *Syn* :—(*n*) Apex, culmination ; surface , head, crown.

At the top of one's voice—উচ্চৈঃস্বরে ; যত উচ্চৈঃস্বরে হইতে পারে ; As loudly as possible.

At the top of one's speed—অত্যন্ত বেগে ; যত দ্রুত হইতে পারে, At the fastest speed one is capable of ; as fast as one can go. [শীর্ষস্থানে অবস্থিত।

At the top of the tree—অত্যুচ্চ পদে প্রতিষ্ঠিত ;

Fool the top of one's bent—(যতদূর পারা যায়) প্রতারণা-কৃ , সাধ্যমত ঠকান ; Fool as much as possible. [চাদি হইতে পায়ের আঙ্গুল পর্য্যন্ত।

From top to toe—মাথা হইতে পা পর্য্যন্ত ; মাথার

Top of the ladder—সর্ব্বোচ্চ পদ ; Highest rank

To the top of one's best—যতদূর যায় ; প্রাণভরে।

To top off—মটকা মারা , সমাপ্ত-কৃ।

Topaz, to'paz, *n.* মূল্যবান প্রস্তর , পোকরাজ ; পীতমণি ; A precious stone having brilliant shades of colour.

Top-dressing, top'-dresing, *n.* জমীর উপরিভাগে সার নিক্ষেপ , জমীর উপর সার-বিনিবেশ ; Laying manure on the surface of land.

Tope, top, *n.* মৎস্য বিশেষ ; A fish of the shark family :—উপবন ; বাগান ; Garden :—সমাধি-স্তূপ ; বৌদ্ধমন্দির বিশেষ ; A monument erected over a Budhist relic .—*v. i.* অতিরিক্ত মদ্যপান-কৃ ; অতিশয় সুরাপান-কৃ , To drink hard. [drunkard.

Toper, to'per, *n.* মাতাল ; অতিপায়ী ; A sot ; a

Topful, *a.* কাণায় কাণায় ; পরিপূর্ণ।

Top-gallant, *a.* একোণ-উচ্চতম মাস্তুলাংশস্থ ; Situated above the topmost and below the royal mast.

Topheavy, top'-hevi, *a.* মাথাভারী ; Having the top or upper part too heavy for the lower.

Topic, top'ik, *n.* তর্কের বিষয় , প্রসঙ্গ , উপলক্ষ ; প্রক-

রূপ বিষয় ; Any subject of discourse or argument ; a matter. *Syn* :—Theme, thesis, question, matter, point.

Topical, top'ik-al, *a.* স্থানীয় ; Local :—বিষয় সম্বন্ধীয় ; Pertaining to a subject or subjects,

Topically, *ad.* স্থান বা বিষয় বিশেষ সম্বন্ধে ; With reference to a particular place or topic.

Topmast, top'mast, *n.* দ্বিতীয় মাস্তুল ; গুণবৃক্ষের দ্বিতীয়াংশ ; The second mast or that which is next above the lower mast.

Topmost, top'mōst, *n.* সর্ব্বোচ্চ ; উচ্চতম ; শিরঃস্থ ; Highest ; uppermost.

Topographer, to-pog'raf-ėr, *n.* স্থানবিবরণে নিপুণ বা পণ্ডিত , One skilled in topography.

Topographic, top-o-graf'ik, **Topographical,** top-o-graf'ik-al, *a.* স্থানের বিবরণ সম্বন্ধীয় ; কোন স্থানের বৃত্তান্ত ঘটিত ; Pertaining to topography.

Topography, to-pog'raf-i, *n.* [Gr. *topos*, a place, *grapho*, to describe] স্থানের বিবরণ ; স্থান বিশেষের বৃত্তান্ত . The art of describing places.

Topple, topl, *v. t.* উচ্চ হইতে নিম্নে নিক্ষেপ-কৃ ; পাতিত-কৃ . হুড়মুড় করিয়া ফেলা . To throw down from the top :—*v. i.* নিম্নে নিক্ষিপ্ত-হ ; হুমড়ি খাইয়া পড়া ; মুখ থুবড়ে পড়া ; হোঁচট খেয়ে পড়া ; To fall down ; to fall forward ; to tumble down.

Topsail, top'sal, *n.* ঊর্দ্ধতন পাইল বিশেষ ; Sail across the topmast.

Topsyturvy, top'si-turvi, *ad.* উল্টা করিয়া ; উল্টাভাবে ; বিপর্য্যস্ত করিয়া , Bottom upwards , with the head downwards.

Tor, *n.* প্রস্তর ; উচ্চ শৃঙ্গাগ্র শৈল ; Rock.

Torch, torch, *n.* মশাল ; উল্কা ; A large candle or flambeau , blazing brand carried in the hand [the sword.

Light the torch of war—যুদ্ধারম্ভ-কৃ ; Draw

Torch-bearer, *n.* মশাল-হস্ত ব্যক্তি , উল্কা-হস্ত লোক ।

Torch-light, *n.* মশালের আলোক ।

Tore, tōr, *pt.* of *tear*.

Torment, tor'ment, *n* যন্ত্রণা ; কষ্ট , পীড়া ; Extreme pain either of body or mind ; torture ; anguish :—*v. t.* ব্যথিত-কৃ ; যন্ত্রণা-দে ; কষ্ট-দে , পীড়ন-কৃ ; To distress ; to turture ; afflict :—দিগ-কৃ , বিরক্ত-কৃ । *Syn* :—(*n*) Agony, rack, pang, throe, distress (*v*) Torture, rack, agonize ; tease, worry, plague, trouble, annoy, persecute.

Tormenting, *a* যন্ত্রণাদায়ক ; কষ্টদায়ক ; Distressing ; afflicting. [menting manner.

Tormentingly, *ad.* যন্ত্রণাদায়করূপে ; In a tor-

Tormentor, tor-ment'or, *n.* যে ব্যক্তি যন্ত্রণা দেয় ; যাহা কষ্টপ্রদান করে ; One who or that which torments , a torturer.

Torn, tōrn, *p. p.* of *tear*.

Tornado, tor-nādo, *n.* প্রচণ্ড ঘূর্ণী বায়ু ; ঘূর্ণ বাতাস ; প্রবল বাত্যা ; A violent hurricane. *pl*=tornadoes.

Torpedo, tor-pē'do, *n.* [L. *torpeo*, to be stiff] তড়িচ্ছক্তিসম্পন্ন মৎস্য ; An electrical fish ; cramp-fish :—জাহাজ তোপে উড়াইয়া দিবার যন্ত্র ; নদীমুখোদিতে নিক্ষিপ্ত আগ্নেয় ক্রীড়নক ; A submarine machine to blow up ships :—বাজি বিশেষ ।

Torpescent, tor-pesent, *a.* ক্রমশঃ অবশাঙ্গ হইতেছে এরূপ; Becoming torpid or numb. *n*=torpescence.

Torpid, tor'pid, *a.* জড় ; জড়বৎ ; অবশ ; অসাড় ; স্পন্দরহিত ; Numbed :—নির্ব্বোধ ; স্থূলবুদ্ধি ; Sluggish. *ad*=torpidly. *n*=torpidness (জড়তা ; অসাড়তা) । *Syn* :—Lethargic, dull, stupid, inactive.

Torpidity, tor-pidi-ti, **Torpitude,** tor'pi-tūd, *n.* জড়তা ; অসাড়তা ; স্পন্দহীনতা ; Numbness ; dullness ; stupidity.

Torpor, tor'por, *n.* গতিশক্তিহীনতা ; নিষ্ক্রিয়তা ; জড়তা ; জড়ত্ব ; Loss of motion or of the power of motion. *Syn* :—Numbness, inactivity, inertness, dulness, laziness, sluggishness.

Torque, tork (টর্ক), *n.* সোনার হেঁসো ; স্বর্ণহার ; A necklace of gold wires twisted together.

Torrefy, tor'e-fi, *v. t.* [L. *torreo*, to dry, *facio*, to make] অগ্নি দ্বারা দগ্ধ-কৃ , শুষ্ক-কৃ ; ভাজা ; বল্সান ; To scorch ; to parch. *n*=torrefaction (দহন ; ভর্জ্জন) ।

Torrent, tor'ent, *n.* স্রোত ; প্রবাহ ; ধারা ; A strong current , a rushing stream ; a running stream.

Torrid, tor'id, *a.* [L. *torridus*, from *torrere*, to parch] উত্তপ্ত ; অত্যুষ্ণ ; শুষ্ক ; Burning or parching violently hot ; dried with heat. *Syn* :—Parched, scorched ; parching, scorching.

The Torrid zone—গ্রীষ্মমণ্ডল ।

Torsion, tor'shun, *n.* পাক ; আকুঞ্চন ; জড়ান ; মোচন ; Twisting ; the act of turning ; wretching by sudden force.

Torso, *n.* মস্তক-হস্তপদাদিশূন্য প্রতিমূর্ত্তি ; The trunk of a statue without head or limbs.

Tortile, tor'til, *a.* পাকান ; কুণ্ডলীকৃত ; মোচড়-দেওয়া , Twisted , coiled ; wreathed. [with a shell.

Tortoise, tor'tis, *n.* কচ্ছপ ; কাছিম ; A reptile

Tortoise shell, tor'tis-shell, *n.* কচ্ছপের খোলা ; কূর্ম্ম-পৃষ্ঠ ; The shell of a species of turtle.

Tortuose, tor'tū-ōs, *a.* পাকান ; মোচড়া ; আকুঞ্চিত ; Twisted ; winding.

Tortuous, tor'tū-us, *a.* বক্র ; পাকান ; ঘূর্ণিত ; কোঁকড়ান , পেঁচাল , Winding :—প্রতারণাশীল ; অসরল, কুটিল , Deceitful. *n*=tortuosity (কুটিলতা) । *ad*=tortuously. *Syn* :—Twisted, wreathed, circuitous, sinuous ; crooked, indirect.

Torture, tor'tūr, *n.* যন্ত্রণা ; কষ্ট , পীড়ন ; Extreme pain of body or mind ; anguish ot body or mind ; excruciating pain :—যন্ত্রণাপ্রদান ; Pain inflected either as a punishment or to extort a confession :—*v. t.* যন্ত্রণা-দে ; পীড়ন-কৃ ; হয়রাণ-কৃ , To put to torture ; to harass ; to annoy ; to vex , to keep on the stretch. *Syn* :—(*n*) Anguish, agony, torment, rack. (*v*) Rack, excruciate, agonize, torment, distress.

Tory, *n.* স্থিতিশীল ব্যক্তি , ইংরাজ রাজনৈতিক রক্ষণশীল সম্প্রদায়ের লোক ; Name of an English party opposed to reform , conservative member. *n*=toryism (স্থিতিশীল সম্প্রদায়ের কার্য্য বা মত) ।

Toss, tos, *v. t.* হস্তদ্বারা উৎক্ষিপ্ত-কৃ , হঠাৎ তোলা ; ঘুরাইয়া নিক্ষেপ-কৃ ; Throw up suddenly with the hand , to throw upward :—তোলাপাড়া-কৃ ; আন্দোলিত কৃ ; To agitate :—*v. i.* নিক্ষিপ্ত-হ ; আন্দোলিত-হ ; To be tossed :—অস্থির-হ ; To tumble ; to fling :—*n.* উচ্চে নিক্ষেপ ; উৎক্ষেপ ; মস্তক উত্তোলন ; A throwing upward ; a raising and falling upwards ; a throwing up of the head. *Syn* :—(*v*) Pitch, cast, hurl ; agitate, shake, rock ; tumble, roll ; writhe.

Toss for—দাম ফেলা।
Toss off—শীঘ্র পান-কৃ।
Toss up—মীমাংসার জন্য মুদ্রা উৎক্ষিপ্ত-কৃ।
Tossing, *n.* আন্দোলন ; বিক্ষেপণ।
Tost, *a.* A form of tossed :—*p. p.* of *toss*.
Tot, *n.* ক্ষুদ্র বস্তু ; বাঁটুল।
Total, tō'tal, *a* সমগ্র ; সম্পূর্ণ ; পুরা ; তাবৎ ; Complete ; whole ; full ; undivided ; not divided :—*n.* মোট ; সমষ্টি : The whole ; the entire amount. *Syn* :—(*a*) Whole, entire, complete, integral.
Totallity, tō'tali-ti, *n.* সমষ্টি ; মোট ; সম্পূর্ণতা ; সমস্তটা ; The whole sum ; the entire amount.
Totally, tō'tal-le, *ad.* সম্পূর্ণরূপে ; Fully ; completely ; in a total manner. *Syn* :—Wholly, entirely. [a bird.
Totem, *n.* পশুপক্ষ্যাদির চিত্র ; A picture, as of
Totter, toter, *v. t.* থর থর করিয়া কাঁপা ; কম্পিত-হ ; টলমল-কৃ ; টলা ; To shake as if about to fall ; to shake ; to stagger ; to be unsteady. *n*=totterer. *Syn* :—Rock, oscillate, tremble, stagger, reel.
Tottering, *a.* কম্পমান ; স্খলনোন্মুখ ; Shaking.
Toucan, *n.* পক্ষিবিশেষ ; A genus of birds.
Touch, tuch, *v. t.* ছোঁয়া ; স্পর্শ-কৃ ; To take hold of ; *to come in contact with* :—অনুভব-কৃ ; গায়ে লাগা ; To perceive by the sense of feeling :—প্রাপ্ত-হ ; পৌঁছান ; To reach :—অঙ্কিত-কৃ ; রেখা পাত-কৃ :—নাড়চাড়-দে ; To handle or deal with gently :—দ্রবীভূত-কৃ , আর্দ্র-কৃ ; গলান , নরম-কৃ , To move ; to melt :—*v. i.* সংলগ্ন-হ ; সংস্পৃষ্ট-হ , লগ্ন-হ , To be in contact :—সামান্য ভাবে বলা , ঈষৎ উল্লেখ-কৃ ; To speak of anything slightly :—*n.* স্পর্শ , The act of touching :—স্পর্শেন্দ্রিয় ; স্পর্শশক্তি , Sense of feeling :—সামান্য পরিমাণ ; A little :—পরীক্ষা ; Test as of gold by a stone :—তুলির রেখা ; Single act of a pencil &c. on a picture :—মনোভাব , ভাবোদ্রেক ; *An emotion or affection*. *Syn* :—(*v*) Hit,strike , graze ; meet, be contiguous ; arrive at ; sketch, mark slightly, handle, feel, meddle with, interfere with ; affect, impress ; concern, regard ; relate to.
Be in touch with—(সদাই মেশামেশির দরুণ) সহানুভূতি বা ঘনিষ্ঠতা থাকা ; সংস্পৃষ্ট থাকা , Be in sympathy with (from constant intercourse and association). [সংস্পৃষ্ট হইয়া থাকা।
Keep touch with (or of)—সম্পৃক্ত হইয়া থাকা ,
Lose touch with, Be out of touch with—সংস্রবহীন-হ ; Be out of sympathy with.
Touch and go—বাল বেঁচিয়া নিষ্ক্রমণ ; ছুঁই ছুঁই করিয়া বাঁচন , Within the smallest possible point of happening.
Touch at—কোন স্থানে অল্পক্ষণের জন্য (নৌকাদি) লাগান ; অল্পক্ষণ জন্য কোন স্থানে অবস্থিতি-কৃ ; থামা ; লাগা ; Stop at while passing by water ; come to (a place while passing) ; come or go to without staying.
Touch of shame—লজ্জার লেশ।
Touch off—ঈষৎ উল্লেখ-কৃ , To sketch hastily :—ছোঁড়া ; To discharge by applying fire to the priming.
Touch on (or upon)—ঈষৎ উল্লেখ করা ; কোন বিষয় ছোঁয়া ; Mention or allude to slightly.
Touch one off—ফুঁয়ে উড়াইয়া-দে।
Touch one on a tender point—যে বিষয় উল্লেখ করিলে কাহারও প্রাণে লাগিবে এমন বিষয় উল্লেখ-কৃ ; যেখানে বেদনা সেইখানে হাত দেওয়া ; যাহা স্পর্শ করিলে কষ্ট পায় তাহা স্পর্শ-কৃ ; Strike *one in the most* vulnerable part, excite some tender emotion in one by alluding to something about which one is peculiarly sensitive. [Afflict one deeply.
Touch one to the quick—মর্মে আঘাত-কৃ ;
Touch up—সামান্য পরিবর্তন দ্বারা কোন চিত্র নির্দোষ-কৃ ; কোন কিছু দ্বারা অঙ্গসৌষ্ঠব-কৃ ; হাত লাগাইয়া ক্রমে ক্রমে সংস্কার-কৃ ; Improve by slight stroken or corrections ; to repair ; improve one's beauty by something :—কিছু কিছু পরিবর্তন করিয়া কোন লেখার চিত্র জোরদ বা উৎকৃষ্ট-কৃ Alter by slight emendations or touches.
Touch-hole, touchhōl, *n.* বন্দুক-বরা ; বন্দুক-ঘর : Hole through which the fire is conveyed to the powder in a gun.
Touchiness, tuche-nes, *n.* রাগ ; ক্রোধ ; The quality of being touchy. *Syn* :—Peevishness, irritability, irascibility.
Touching, tuching, *a.* চিত্তদ্রাবক ; আর্দ্রকারী ; মর্মস্পৃক ; Affecting ; moving ; pathetic ; melting ; tender :—*pre.* সম্বন্ধে , সম্পর্কে ; Concerning, with respect to ; relating to.
Touch needle—স্বর্ণ এবং রৌপ্য পরীক্ষা করিবার সূচী ; নিকষে সোনাদি যাচাই করিবার নিমিত্ত স্বর্ণসূচী , A small bar or needle of gold for testing gold and silver.
Touch-stone, tuchstōn, *n.* কষ্টি-পাতর ; পরীক্ষার উপায় , Stone to test gold and silver , any te t.
Touch-wood, tuchwood, *n.* দাহ্য কতমারা কাষ্ঠ ; যে কাষ্ঠ অগ্নিস্পর্শে জ্বলিয়া উঠে ; Decayed wood used as tinder.
Touchy, tuche, *a.* রাগী ; চটা ; কোপন , Apt to take fire. *Syn* :—Irascible, irritable, peevish, petulant.
Tough, tuf, *a.* ঘাতসহ ; দুর্ভেদ্য ; দৃঢ় ; কঠিন ; শক্ত ; অটল , Not easily broken ; firm ; stiff , strong :—আঁটাল ; আঁটাযুক্ত ; কদা , Sticky ; tenaciou. :—কষ্টসহিষ্ণু , কষ্টসহ ; Able to endure hard-hip :—দুর্মূল। *n*=toughness. *ad*=toughly (দৃঢ়ভাবে)। *Syn* :—Hardy ; adhesive ; hard, leathery , refractory, stubborn ; difficult, severe.
Toughen, tuf'n, *v. t.* or *v. i.* কঠিন-কৃ বা-হ , দৃঢ়-কৃ বা হ ; To make or grow tough.
Toughish, *a.* ঈষৎ কঠিন ; Somewhat tough.
Toughness, tuf'ness, *n.* দৃঢ়তা ; The quality of being tough ; a firm adhesion of parts. *Syn* :—Viscosity, clamminess, glutinousness, tenacity, adhesiveness.
Tour, tōōr, *n.* [G. *tornos*, a circle] পরিভ্রমণ , ভ্রমণ ; পর্যটন , A going round ; a journey in a circuit , a prolonged journey ; a ramble :—*v. i.* ভ্রমণ-কৃ ; পর্যটন-কৃ , To make a tour. *Syn* :—(*n*) Excursion, trip, expedition, pilgrimage.
Tourist, tōōr'ist, *n.* পর্যটক ; ভ্রমণকারী ; পরিব্রাজক , *One who makes a tour.* [mineral.
Tourmaline, *n.* খনিজ বিশেষ ; A beautiful
Tournamont, tōōr'na-ment, *n.* কৃত্রিম যুদ্ধ ; ক্রীড়াযুদ্ধ ; মল্লযুদ্ধ ; A mock-fight with lances, arms &c.

Tourney, *n.* কৃত্রিম যুদ্ধ ; ক্রীড়াযুদ্ধ ; A mock fight.

Tourniquet, toor'ni-ket, *n.* A bandage to check the flow of blood from wounds.

Tout, *n.* গোপনে ঘোড়দৌড়ের বাজি অনুসন্ধানকারী : —*v. i.* বাজির ঘোড়ার শক্তিসামর্থ্য অনুসন্ধান-কৃ :—*v. t.* খদ্দের যোগাড়-কৃ ; To seek for customers.

Touter, *n.* যোগাড়িয়া ; দালাল ; আড়কাটি ; A tout.

Tow, tō, *v. t.* গুণ টানিয়া চালিত-কৃ ; জাহাজ বা নৌকা টানা ; গুণ টানা ; To pull as a boat or ship, through the water by means of a rope :—*n.* পাটের অধম ভাগ ; Coarse part of a flax :—গুণ ; রজ্জু। *Syn* :—(*v*) Draw, haul, drag.

Take in tow—গুণ টানিয়া চালান ; হাতে বা আয়ত্তে-আ।

Towage, tō'āj, *n.* গুণ টানার মজুরি ; গুণ টানার মূল্য ; Money for towing ; charge for towing.

Toward, tō'ard, **Towards,** tō'ardz, *prep.* দিকে ; অভিমুখে ; প্রতি ; পানে ; In the direction of ; with a tendency to :—*ad.* প্রায় ; কাছাকাছি প্রায় ; Nearly ; in a state of preparation ; near.

Toward, to'ward, *a.* সুশীল ; তৎপর ; কর্তব্যশীল ; Apt ; ready to do. [to learn.

Towardly, *a.* কর্ম বা শিক্ষা করিতে প্রস্তুত ; Ready

Tow-boat, tō'bōt, *n.* যে নৌকা দড়ি দিয়া অন্য অন্য নৌকা টানে ; A boat that is used for towing other vessels.

Towel, tow'el, *n.* গাত্র-মার্জনী ; তোয়ালে ; গামছা ; ঝাড়ন ; A cloth for wiping the hands and face.

Towelling, tow'el-ing, *n.* তোয়ালের কাপড় ; Cloth in towels.

Tower, tow'ėr, *n.* উচ্চ প্রাসাদ ; গির্জা ; A lofty round or square building :—কেল্লা ; দুর্গ ; A fortress ; a citadel :—*v. i.* উচ্চ হইয়া উঠা ; শূন্যে উঠা ; উন্নত-হ ; To rise into the air ; to be lofty.

A tower of strength—আশ্রয় ; কাণ্ডারী ; উপকারক ; A protection ; a defender ; a strong or mighty support greatly serviceable.

The tower of London—লণ্ডন নগরের পূর্ব্বভাগস্থ সরকারি গৃহাদি। [towers.

Towered, *a.* দুর্গবিশিষ্ট ; উন্নত প্রাসাদবিশিষ্ট ; Having

Towering, tow'er-ing, *a.* উচ্চ ; অত্যুচ্চ ; Very high ; elevated :—প্রবল ; Violent. *Syn* :—Lofty, surpassing ; extreme, violent.

Towery, tow'ėr-i, *a.* উচ্চ ; উত্তুঙ্গ ; Lofty.

Towline, tō'lin, *n.* নৌকা টানিবার গুণ, গুণটানা দড়ি ; A line used in towing.

Town, town, *n.* সহর ; নগর ; পুর ; A place larger than a village, not a city :—অধিবাসীসমূহ ; [illegible] inhabitants of a town :—*a.* নাগরিক।

[illegible]an about town—নাগর।

[illegible]wn-clerk, town'klārk, *n.* সহরের হিসাবরক্ষক [illegible]চারী ; A clerk who keeps the town records.

[illegible]own-council, *n.* নাগরিকগণের প্রতিনিধি কার্য্যসভা।

[illegible]own-crier, town'kri-ėr, *n.* চৌকীদার ; Public crier ; one who make proclamation in a town.

[illegible]own-hall, town'-hawl, *n.* যে বাটীতে নাগরিকগণ [illegible] হইয়া বক্তৃতাদি সাধারণ কার্য্য নির্ব্বাহ করে ; A [illegible]lic hall transacting the business of a town.

[illegible]n-house, town'hows, *n.* নগর-বাটিকা ; যে বাটীতে [illegible] বক্তৃতাদি করে ; Town hall :—নগরস্থিত গৃহ ; [illegible]e in town, in opposition to one in the country.

[illegible]ns-folk, Towns-people, *n.* সহরের লোক ; [illegible] ; নগরবাসীসমূহ ; The people of a town.

Township, town'ship, *n.* নাগরিক বিভাগ বা প্রদেশ ; The corporation of a town ; the territory or district of a town.

Towns-man, townz'man, *n.* নগরবাসী ; সহরের লোক ; পৌরজন ; An inhabitant or fellow-inhabitant of a town. [Common talk of a town.

Town-talk, town'tawk, *n.* জনরব ; বাজার গল্প ;

Toxicology, toks-i-kol'o-ji, *n.* বিষ-বিজ্ঞান ; বিষ-বিষয়ক বিদ্যা ; Science which treats of poisons. *a*=toxicological, *n*=toxicologist (বিষবিদ্যাবিৎ পণ্ডিত)।

Toy, toy, *n.* [D. *tooi*, ornament] ক্রীড়া দ্রব্য ; ক্রীড়নক ; খেলানা ; A child's plaything :—অকিঞ্চিৎ বস্তু ; সামান্য বিষয় ; তুচ্ছ জিনিস ; A trifle ; a matter of no importance :—কেলী ; আমোদ ; তামাসা ; Sport :—*v. i.* বিহার-কৃ ; ক্রীড়া-কৃ ; কেলী-কৃ ; আমোদ-কৃ ; To trifle ; to dally with. *Syn* :—(*n*) Bauble, bagatelle, gimerack, kickshaw. (*v*) Play, wanton, frolic, sport.

Toy-cart, *n.* খেলিবার গাড়ি।

Toyish, toy'ish, *a.* ক্রীড়াপ্রিয় ; কেলীপরায়ণ ; ক্ষুদ্র ; Playful ; trifling wanton.

Toy-shop, *n.* খেলানার দোকান।

Trace, trās, *n.* কোন কিছুর উপর দিয়া যাইলে যে দাগ পড়ে তাহা ; চিহ্ন ; দাগ ; নিদর্শন ; A tract left by drawing along ; a mark left by anything passing ; vestige :—পদাঙ্ক ; পদচিহ্ন ; Foot-print :—মোটামুটি নক্সা ; A sketch :—নক্সা :—*pl.* অশ্বসজ্জার বন্ধনী ; যোত ; The straps by which a vehicle is drawn by horses :—*v. t.* পদচিহ্ন দ্বারা অনুসরণ-কৃ ; পদচিহ্ন ধরিয়া অনুসরণ-কৃ ; পিছু পিছু যাওয়া ; To follow with exactness :—নক্সা টানা ; To sketch :—নক্সা-কৃ ; অঙ্কিত-কৃ ; বুনান ; To sketch. *a*=traceable. *Syn* :—(*n*) Track, trail, wake ; vestige, sign, token, record, memorial ; impression, delineation. (*v*) *Follow, track, trail ; delineate, draw.*

Trace back—Follow by backward steps.

Trace to—পদচিহ্ন ধরিয়া অনুসরণ করতঃ কাহাকে বাহির-কৃ ; Find one out by following footmarks :—কোন বিষয়ের মূল নির্দ্দেশ-কৃ ; Ascribe to, as the source.

Traceable, *a.* অনুসরণ দ্বারা প্রাপ্য ; অনুসন্ধেয় ; Capable of being traced. *n*=traceableness.

Tracery, trāse'r-i, *n.* প্রস্তরের উপর কারুকর্ম ; গবাক্ষের অগ্রস্থিত সচ্ছিদ্র গাঁথনীর কাজ ; Certain ornamental stone-work.

Trachea, *n.* শ্বাসনালী ; কণ্ঠ ; কণ্ঠনালী ; The wind pipe. *a*=tracheal. *pl*=tracheæ.

Tracheotomy, *n.* শ্বাসনালী বা কণ্ঠের ছেদন ; The operation of making an opening into the trachea.

Tracing, trās'ing, *n.* মোটামুটি নক্সা ; Rough drawing :—কোন ছবির উপর পাতলা কাগজ রাখিয়া তাহার নকল করণ ; অঙ্কন ; The act of copying by marking on thin paper the lines of pattern placed beneath. [paper for copying.

Tracing paper, *n.* নকল করিবার সরু কাগজ ; Thin

Track, trak, *n.* [F. *trace*, track of horses] চিহ্ন, দাগ ; A mark left :—পদচিহ্ন ; Foot-print ; —রাস্তা ; পথ ; A beaten path ; course :—*v. t.* পদচিহ্নদ্বারা অনুসরণ-কৃ ; পশ্চাদ্গমন-কৃ ; পিছু লওয়া ; To follow by marks or footsteps ; to tow. *Syn* :—(*n*) Footstep, trail, trace ; road, path, way.

Make tracks—শীঘ্র পলায়ন-কৃ।

Off the track—পথোৎক্রান্ত।

On one's track—(ধরিবার বা আক্রমণ করিবার জন্য) কাহারও পশ্চাৎ ধাবমান, In pursuit of one to attack or catch.

Trackless, trakles, *a.* পদচিহ্নবিহীন; পথশূন্য; Without footstep or paths; marked by no footsteps. *Syn* :—Untrodden, unfrequented, wild, pathless. [path.

Track-road, *n.* গুণ-টানার রাস্তা; A towering-

Tract, trakt, *n.* [L. *tractus*, from *trahere*, to draw] প্রদেশ; অঞ্চল; ভূভাগ; Region; district; a piece of land:—পুস্তিকা; ক্ষুদ্র পুস্তক, A short treatise:—ধারাবাহিক অস্তিত্ব; Continued duration:—দীর্ঘতা; Length. *Syn* —Quarter; plot, patch; pamphlet, essay, treatise.

Tractable, trakta-bl, *a.* নম্র; শাসনীয়; বশ্য, Docile; submissive; manageable:—সাধ্য; Feasible. *ns*=tractableness, tractability.

Tractableness, Tractability, *n.* বশ্যতা; নমনীয়তা; Docility; manageableness.

Tractarian, *n.* One of the writers of the Oxford tracts in favour of Pusueyism.

Tractile, traktil, *a.* প্রসারণীয়, যাহা বাড়াইতে পারা যায়; টানিয়া বর্দ্ধনীয়; Such as may be drawn out.

Traction, *n.* আকর্ষণ; টান, The act of drawing.

Tractive, traktiv, *a.* আকর্ষী; লম্বাকারী; That draws serving to pull.

Tractor, *n.* আকর্ষণ সাধন; That which draws.

Trade, trad, *n.* [F. *traite*, conveyance of corn] ক্রয়বিক্রয়; বাণিজ্য; ব্যবসায়, Buying and selling; commerce; traffic:—কার্য্য; তেজারতি; মহাজনী; Occupation:—*v. i.* ক্রয় বিক্রয়-কৃ; বিনিময় বা বিক্রয়-কৃ; বাণিজ্য-কৃ; To buy and sell:—*v. t.* বাণিজ্য-কৃ; To traffic with. *Syn* :—(*n*) Barter, dealing; calling, avocation, employment. (*v*) Barter, exchange, buy, sell, traffic. [business.

Drive a trade—কোন ব্যবসা চালান; Carry on a

Free trade—অবাধ বাণিজ্য; অনিয়ন্ত্রিত বাণিজ্য; স্বাধীন বাণিজ্য; Commerce free from restrictions of any kind imposed by government; trade without undue restrictions.

The Jack of all trades—দশকর্ম্মান্বিত ব্যক্তি; যে সকল কাজ একটু একটু জানে।

The trade—ব্যবসাদারগণ; A body of men engaged in the same occupation.

Two of a trade—প্রতিদ্বন্দ্বী; Rivals.

Trade-mark, *a.* ব্যবসায়িগণের স্ব স্ব চিহ্ন; A distinguishing mark or devise warranting goods for sale as the manufacture of any firm.

Trade-pice, *n.* পাইকারী দর।

Trader, trader, *n.* বণিক; ব্যবসায়ী; ব্যবসাদার; Merchant. *Syn* :—Trafficker, dealer.

Trades-man, tradzman, *n.* দোকানদার; বণিক; Shop-keeper; a mechanic. *feg*=trades-woman.

Trades-union, tradz-unyun, *n.* বণিকগণের একতা; ব্যবসায়ীদিগের মধ্যে একতা; বণিক-মিলনী, A union among men of the same trade to maintain their rights; combination of mechanics respecting wages.

Trade-wind, tradwind, *n.* বাণিজ্য-বায়ু; A wind in and near the torrid zone, so called because of great service to trade.

Tradition, tra-dishun, *n.* [L. *traditio*, from *tradere*, to transmit] কিংবদন্তি; জনশ্রুতি; পরম্পরাগত প্রবাদ; বহুকালের প্রথা; The oral delivery of opinion or practices to posterity. *Syn* :—Transfer, delivery; oral report.

Traditional, tra-dishun-al, **Traditionary,** tra-dishun-ari, *a.* পরম্পরাগত; স্রোত, Delivered by tradition. *ad*=traditionally, traditionarily.

Traditionalism, *n.* পরম্পরাগত প্রথার প্রতি অনুরাগ।

Traditionalist, tra-dishun-al-ist, *n.* জনশ্রুতিবাদী; কিংবদন্তীর অনুরাগী; One who adheres to tradition.

Traduce, tra-dus, *v. t.* [L. *trans*, across, *duco*, to lead] অপবাদ-কৃ; দুর্নাম-কৃ; নিন্দা-কৃ; অখ্যাতি-কৃ; To calumniate; to defame. *n*=traducer. *Syn* :—Vilify, slander, disparage, detract, depreciate, decry.

Traducement, *n.* দোষারোপ; নিন্দাবাদ; কুৎসা।

Traducer, tra-duser, *n.* অপবাদক; কুৎসাকারী, Defamer; calumniator, slanderer, detractor.

Traffic, trafik, *n.* ব্যবসায়; বাণিজ্য; Commerce; trade:—মাল বা যাত্রীর যাতায়াত; চালান, The business done upon a railway:—*v. i.* ব্যবসা-কৃ; বাণিজ্য-কৃ, To trade meanly:—*v. t.* বিনিময়-কৃ; দ্রব্যাদি ক্রয়বিক্রয়-কৃ; বেচা বা কেনা; To exchange; to buy and sell ware. *Syn* :—(*n*) Trade, dealing, truck, intercourse. (*v*) Deal, bargain.

Trafficer, *n.* বণিক; A trader.

Tragedian, tra-je'di-an, *n* শোকপ্রধান নাটকের অভিনেতা, বিয়োগান্ত নাটকের অভিনয়কারী, An actor of tragedy, a tragic actor:—শোকাত্মক নাটক-প্রণেতা। *feg*=tragedienne.

Tragedy, trafe-de, *n.* বিয়োগান্ত নাটক; শোকাত্মক নাটক; শোকপ্রধান নাটক; Drama of elevated language and melancholy catastrophe; a species of drama in which the issue is sad:—দুর্ঘটনা, দুঃখজনক ঘটনা, শোকাবহ ব্যাপার, Any fatal and mournful events. *Syn* :—Calamity, catastrophe, disaster, misfortune,

Tragic, trafik, **Tragical,** trafik-al, *a.* দুঃখজনক; বিষাদময়; করুণাপ্রধান; শোকাবহ; হৃদয়বিদারক; লোমহর্ষণ, ভয়ঙ্কর; Sorrowful; fatal, mournful, calamitous. *n*=tragicalness. *ad*=tragically (শোকাবহরূপে)।

Tragic-comedy, trafi-komedi, *n.* হর্ষ বিষাদাত্মক নাটক, Drama of mixed tragedy and comedy. *a*=tragic-comical, tragic-comic. *ad*=tragic-comically.

Trail, tral, *v. t.* ভূমির উপর দিয়া টানিয়া লওয়া; হেঁচড়িয়া লইয়া-যা; To draw along the ground:—(ঘাসাদি) মাড়াইয়া পাতিত-কৃ:—পদচিহ্ন ধরিয়া শিকার-কৃ, To hunt by tracking:—*v. i.* লম্বা করিয়া টানা; To be drawn out in length:—লতাইয়া-যা বা উঠা; To run or climb, as a plant:—*n.* লেজুড়, লেজের ন্যায় লম্বা কোনও কিছু; Anything drawn out in length:—গন্ধ; বন্য জন্তুর গাত্র গন্ধ; Scent left by an animal:—বনমধ্যে শুঁড়ি পথ:—পদচিহ্ন; Track followed by the hunter. *Syn* :—(*v*) Track, draw, drag.

Train, tran, *v. t.* টানা; To drag along:—প্রলোভিত-কৃ; To allure:—শিক্ষা-দে; To educate:—সুশাসিত-কৃ; বিনীত-কৃ; নিয়ন্ত্রিত-কৃ; To discipline:—জন্মান; বর্দ্ধিত-কৃ; To cause to grow

properly :—মনুষ্যকে ব্যায়াম এবং অশ্বকে দৌড় শিক্ষা-কৃ ; To prepare men or horses for athletic exercise :—জন্তুকে শিক্ষিত করিয়া বশে আনা ; বশীভূত-কৃ ; To tame for use, as animals :—*n.* অনুচরগণ ; অনুচরবর্গ ; A retinue :—ব্যবস্থা ; পদ্ধতি ; প্রক্রিয়া ; Process :—শ্রেণী ; A series succession :—সুড়ঙ্গ-নিহিত বারুদ-রেখা ; A line of gunpowder to fire a charge :—ঘাগরার পশ্চাদ্ভাগ ; আঁচল ; The part of a dress which trails behind the wearer :—পক্ষীর পুচ্ছ ; The tail of a bird :—কৌশল ; ফাঁদ ; Artifice ; lure :—লৌহ শটকমালা ; লৌহবর্ত্মস্থিত গাড়ী-শ্রেণী ; A continuous line of carriages on a railroad. *n*=trainer. *Syn* :—(*v*) Drag, haul, trail ; instruct, school, drill, exercise ; nurture, breed ; accustom, habituate, inure. (*n*) Trail ; suite, attendants ; method, process, course.

Bring in its train—সঙ্গে আনয়ন-কৃ ।

Fire the train—বারুদে অগ্নি-দে ; Ignite a line of gunpowder :—উত্তেজিত-কৃ ; উদ্দীপিত-কৃ ; Excite ; inflame.

In train—কোন উদ্দেশ্য সাধনের উপযুক্ত অবস্থায় , In a condition calculated to serve a certain purpose.

In the train of—পশ্চাৎ ; পিছু পিছু , Following close to ; following one close behind , after.

Lay a train—প্রস্তুত-কৃ ; তৈয়ার কৃ ; Prepare.

Lay the train for—আগুন লাগিয়ে-দে , Lay a line of gunpowder to lead fire to a charge ; prepare the way to. [one in.

Train (one) in—কোন বিষয়ে শিক্ষিত-কৃ ; Educate

Train to—শিক্ষা দ্বারা অভ্যস্ত-কৃ , Habituate one to, by practice.

Train up—শিক্ষিত-কৃ ; Educate : bring up.

Train-band, *n.* অবৈতনিক সৈন্য বিশেষ , অস্ত্র-সঞ্চালনে শিক্ষিত জনসমূহ ; A band of men trained to bear arms.

Train-bearer, trán-bar'er, *n.* যে অঙ্গের পরিচ্ছদের ভূলুণ্ঠিতাংশ ধরিয়া লইয়া যায় , One who holds up a train as of the robe of a great officer of state or of a lady of rank.

Trained, *a.* শিক্ষিত ; বিনীত , Tamed.

Trainer, *n.* শিক্ষাদাতা , শিক্ষক , Instructor.

Training, *n.* শিক্ষা ; অভ্যাস ।

Train-oil, trán-oil, *n.* তিমি মৎস্যের তৈল , Oil extracted from the fat of whales by boiling.

Trait, trát, *n* বিশেষ লক্ষণ , বিশেষ গুণ ; A distinguishing feature ; characteristic :—স্পর্শ , অঙ্কন ; (তুলির) টান , A stroke ; a taunch. *Syn* :—Touch, mark, line ; lineament, feature, characteristic, peculiarity.

Traitor, trátor, *n.* বিশ্বাসঘাতক ; রাজদ্রোহী ; অকৃতজ্ঞ ব্যক্তি ; One guilty of treason ; a deceiver. *fem*=traitress. *Syn* :—Betrayer, deserter, renegade, apostate, rebel.

Traitorous, trátor-us, *a.* রাজদ্রোহী ; বিশ্বাসঘাতক ; অকৃতজ্ঞ ; Guilty of treason ; perfidious ; guilty of betrayed or disloyalty. *ad*=traitorously (বিশ্বাস-ঘাতকতাপূর্ব্বক) । *Syn* :—Treacherous, perfidious, faithless, false ; treasonable.

Traitress, *n. fem.* of *traitor.*

Trajectory, *n.* গ্রহাদি বা উৎক্ষিপ্ত পদার্থ নির্দ্দিষ্ট নিয়মের অধীন হইয়া যে বক্র পথে ভ্রমণ করে তাহা ; The curve which a body describes in space, as a planet in its orbit, or a stone thrown upward obliquely in the air.

Tram, *n.* চারি চাকার শকট বিশেষ ; Waggon.

Tam-car, *n.* লৌহবর্ত্মে চালিত গাড়ী বিশেষ ।

Trammel, tramel, *n.* মৎস্যাদি ধরিবার জাল ; A net used in fowling an fishing :—অশ্বকে গতি শিখাইবার জন্য শৃঙ্খল ; Shackles for making a horse amble :—Anything that confines :—(অগ্নির) উপর পাত্রাদি ঝুলাইবার লৌহআকর্ষণী ; আংটা :—*v. t.* আটক-কৃ ; আবদ্ধ-কৃ ; বদ্ধ-কৃ , To confine , to shackle. *Syn* :—(*n*) Shackle, fetter, clog, impediment, bond, chain. (*v*) Fetter, hamper, clog, restrain, hinder.

Tramontane, *a.* বৈদেশিক ; Foreign :—অসভ্য ; Barbarous.

Tramp, tramp', *v. t.* পদপীড়িত-কৃ ; মাড়ান ; পদব্রজে চলা ; To tread under foot :—*v. i.* হাঁটা ; পদব্রজে ভ্রমণ-কৃ ; To tread with force and rapidity :—*n.* পদব্রজে ভ্রমণ ; A foot journey :—ভ্রমণকারী ; টো টো করিয়া যে ভ্রমণ করে ; A vagrant ; a stroller.

Trample, *v. t.* মর্দ্দন-কৃ ; পদতলে দলিত-কৃ , পদদলিত-কৃ ; To tread under foot .—ঘৃণা-কৃ ; অবজ্ঞা-কৃ ; অবমাননা-কৃ ; To treat with pride ; to insult :—*v. i.* অবজ্ঞাপূর্ব্বক গমন-কৃ ; সজোরে পা ফেলিয়া চলা ; To tread in contempt.

Trample on—পা দিয়া দলা ; অবজ্ঞা প্রদর্শন-কৃ ; Treat with contempt. [regard.

Trample under foot—পদতলে দলন-কৃ ; Dis-

Tram-road, Tram-way, *n.* লৌহবর্ত্ম বিশেষ ; শকটাদির অনায়াসে গমনযোগ্য বর্ত্ম বিশেষ ; A road or way for trams or waggons to run away easily , a road or way prepared for carriages or waggons to run along easily. [Ecstasy ; catalepsy.

Trance, trans, *n.* সম্মোহন ; মোহ , অচৈতন্য ;

Tranquil, trankwil, *a.* শান্ত ; সুস্থির ; প্রশান্ত ; Peaceful , quiet ; calm. *n*=tranquillity. *Syn* :—Undisturbed, still, serene, unruffled, placid.

Tranquillise, trankwil-iz, *v. t.* প্রশান্ত-কৃ ; শান্ত-কৃ ; স্থির-কৃ , To make tranquil ; to make calm. *Syn* .—Quiet, still, compose, soothe, appease, calm, pacify.

Tranquillity, tran-kwil-te, **Tranquilness**, *n.* নিরুপদ্রব , শান্তি , স্থৈর্য্য , স্থিরতা ; Calm or peaceful state ; quietness. *Syn* :—Quiet, calm, stillness, peace, calmness, serenity, placidity.

Transact, trans-akt', *v. t.* [L. *trans*, across, and *agere*, to lead] নির্ব্বাহ-কৃ ; সম্পাদন-কৃ ; To carry on ; to manage ; to do ; to perform :—*v. i.* পরিচালন-কৃ , চালান ; To manage ; to conduct.

Transaction, trans-akshun, *n.* নির্ব্বাহ , সম্পাদন ; কার্য্য নির্ব্বাহ , Management of an affair :—কার্য্য ; ব্যাপার . Affair. *Syn* :—Performance, management, negotiation, accomplishment ; action, process ; proceeding, procedure, act, occurrence, event. [সম্পাদিত কার্য্যের প্রকাশিত বিবরণ ।

Transactions of a society—কোন সভাকর্ত্তৃক

Trans-Alpine, trans-alp'in, *a.* আল্‌প্‌স্ পর্ব্বতের অপর পার্শ্বস্থ ; Beyond the Alps from Rome.

Transatlantic, *a.* আটলান্টিক পরপারস্থ ; Beyond the Atlantic Ocean.

Transcend, tran-send, *v. t.* [L. *trans*, beyond, and *scandere*, to climb] অতিক্রম-কৃ ; শ্রেষ্ঠ-

হ ; অতিক্রম করিয়া উঠা ; To surmount ; to rise above ; to surpass ; to exceed. *Syn* :—Excel, outgo, outstrip ; transgress, overstep.

Transcendent, tran-sendent, *a.* অত্যুৎকৃষ্ট ; সর্ব্বোৎকৃষ্ট ; অলৌকিক ; Very excellent ; surpassing others, super-eminent. *Syn* :—Surpassing, consummate, unequalled, unrivalled, peerless.

Transcendental, *a.* অত্যুত্তম ; Super-eminent : —অস্পষ্ট ; Vague.

Transcendentalism, *n.* Transcendental philosophy. *n*=transcendentalist.

Transcribe, tran-skrīb, *v. t.* প্রতিলিপি-কৃ ; নকল-কৃ . To copy. *n*=transcriber (নকলনবীস) ।

Transcript, transkript, *n.* নকল , প্রতিলিপি ; A written copy.

Transcription, tran-skrip'shun, *n* নকল ; প্রতিলিপি ; A copy.

Transept, *n.* গির্জার অভ্যন্তরস্থ অংশ বিশেষ , One of the wings of a church.

Transfer, trans-fer', *v. t.* [L. *trans*, across, and *ferre*, to bear] স্থানান্তর-কৃ ; হস্তান্তর-কৃ ; To carry , to convey from one place to another ; to deliver or pass from one to another , to remove , to transport :—*n.* হস্তান্তর করণ , হস্তান্তর , স্থানান্তর ; Conveyance to another :—ছবি তোলা , The act of transferring. *Syn* :—(*v*) Transport, transmit, forward ; remove, translate ; alienate, consign, deliver, devolve.

A transfer-certificate—যে নিদর্শনপত্র লইয়া এক স্কুলের ছাত্র অন্য স্কুলে ভর্তি হয় ।

Transfer paper—নক্স দেওয়া কাগজ বিশেষ ।

Transferable, trans-fer'a-bl, **Transferrible,** trans-fer'i-bl, *a.* হস্তান্তর করণীয় ; স্থানান্তর বা হস্তান্তর যোগ্য ; Such as may be transferred or conveyed from one place or person to another. *ns*=transferability, transferribility.

Transferee, *n.* যাহার নিকট কোনও কিছু হস্তান্তর করা হয় ; The person to whom a thing is transferred.

Transference, transfer-ens, *n.* স্থানান্তর করণ ; হস্তান্তর , স্থানান্তর করণ ; The act of transferring or conveying from one person or place to another ; :—গতিবিধি ; Passage from one place to another.

Transfigure, trans-fig'ūr, *v. t.* [L. *trans*, across, and *figurare*, to form] রূপান্তর-কৃ ; আকার পরিবর্ত্তন-কৃ ; To change the figure or form of ; to transform , to metamorphose. *n*=transfiguration (রূপান্তর ; খৃষ্টের রূপ পরিবর্ত্তন) । *Syn* :—Transmute, transform.

Transfix, trans-fiks, *v. t.* এফোঁড় ওফোঁড় বিদ্ধ-কৃ , ভেদ-কৃ ; To pierce through. *n*=transfixion (বেধন, বিদ্ধাবস্থা) । *Syn* :—Transmute, transform.

Transform, trans-form, *v. t.* আকৃতি পরিবর্ত্তন-কৃ ; রূপান্তর-কৃ ; বিবরণ-কৃ ; To change the shape of :—*n.* আকৃতি পরিবর্ত্তন ; রূপান্তরীকরণ ; বিকার , Transformation ; change of form or substance.

Transfuse, trans-fūz, *v t.* এক পাত্র হইতে অন্য পাত্রে ঢালা ; পাত্রান্তর-কৃ ; অন্তর্ভুক্ত-কৃ ; To pour out into another vessel ; to cause to pass from one to another. *n*=transfusion (ঢালন ; নিক্ষেপণ) ।

Transgress, trans-gres, *v. t* [L. *trans*, across, and *gradi*, to pass] অতিক্রম-কৃ ; অমান্য-কৃ ; ভঙ্গ-কৃ ; লঙ্ঘন-কৃ , অপরাধ-কৃ , To pass over ; to go beyond ; to violate ; to overstep ; to break :—*v. i.* অপরাধী-হ ; পাপ-কৃ ; To sin ; to offend by violating a law. *Syn* :—Pass, exceed, overstep, trespass ; infringe, contravene, disobey.

Transgression, trans-greshun, *n.* পাপ ; অপরাধ ; দোষ ; বিধি লঙ্ঘন ; অতিক্রম , ভঙ্গ ; লঙ্ঘন ; Violation of law or command ; fault ; offence ; crime ; sin. *Syn* :—Infringement, breach, offence, trespass, misdemeanour, misdeed.

Transgressor, trans-gresor, *n.* পাপী ; আজ্ঞালঙ্ঘনকারী ; অপরাধী , Sinner. *Syn* :—Offender, malefactor.

Transient, transhe-ent, *a.* [L. *trans*, across, and *ire*, to go] ক্ষণস্থায়ী ; অচিরস্থায়ী ; ক্ষণিক ; Fleeting ; not lasting. *n*=transientness, *ad*=transiently (অল্পকালের জন্য) । *Syn* :—Transitory, ephemeral, brief, momentary, evanescent, temporary.

Transit, transit, *n.* মালের চালান ; Conveyance ; a passing over , passage of goods through a country :—সঞ্চার ; গতি ; পথ :—সূর্য্যের উপর দিয়া গ্রহের গতি ; গ্রহাদির মধ্যরেখা-অতিক্রম ; The passage of heavenly body over the sun's disk.

Transit duty—চালানি মাশুল ।

Transit instrument—যে যন্ত্রে গ্রহাদির মধ্যরেখা অতিক্রম দৃষ্ট হয় ; দূরবীক্ষণ বিশেষ ।

Transition, tran-sizhun, *n.* পরিবর্ত্তন ; অবস্থান্তর-প্রবৃত্তি ; Passage from one place or state to another ; change. *a*=transitional (অবস্থান্তর প্রবৃত্তি সম্বন্ধীয়) ।

Transitional, *a.* পরিবর্ত্তন-সম্বন্ধিত ; Containing transition.

Transitive, transi-tiv, *a.* গতি বা পরিবর্তনশীল ; Having the power of passing :—সকর্ম্মক ; কর্ম্মানুগামী ; in *gram.* Denoting a verb which has an object *n*=transitiveness, *ad*=transitively.

A transitive verb—সকর্ম্মক ক্রিয়া ।

Transitory, transe-tor-e, *a.* ক্ষণস্থায়ী ; ক্ষণিক ; অনিত্য ; Transient ; fleeting ; speedily vanquishing. *n*=transitoriness, *ad*=transitorily (ক্ষণিকভাবে) । *Syn* :—Fleeting, flying, evanescent, short-lived, momentary ; short, brief, hasty, imperfect.

Translate, trans-lāt, *v. t.* অনুবাদ-কৃ ; তর্জ্জমা-কৃ ; To render into another language :—স্থানান্তরিত-কৃ ; অবস্থান্তরিত-কৃ ; To transport ; to remove from one place to another. *n*=translator (অনুবাদক) । *Syn* :—Remove, transfer ; construe, interpret.

Translate into—(অন্য ভাষায়) অনুবাদ-কৃ ; Render into (another language).

Translate to—স্থানান্তরিত-কৃ ; Remove from one place to (another).

[into another language.

Translated, *a.* অনূদিত ; ভাষান্তরিত ; Rendered

Translation, trans-lāshun, *n.* অনুবাদ ; ভাষান্তরিত করণ ; The rendering into another language ; the act of turning or version :—স্থানান্তর করণ , অপসারণ ; The removal to another place. *Syn* :—Removal, transference ; rendering, construction, interpretation , version.

Transliterate, *v. t.* অক্ষরান্তরিত-কৃ , ভিন্ন জাতীয় বর্ণমালায় প্রকাশ-কৃ ; Express by means of different characters. *n*=transliteration (অক্ষরান্তরী করণ) ।

Translucent, trans-lōō'sent, *a.* ঈষৎ স্বচ্ছ ; যদ্দ্বারা আলোক যায় কথঞ্চিৎ স্বচ্ছ ; Admitting light, but not transparent :—পরিষ্কার ; Clear. *n*=translucence, translucency. *ad*=translucently (স্বচ্ছভাবে)।

Transmarine, trans-ma-rīn, *a.* সমুদ্রপারস্থিত ; Across or beyond the sea.

Transmigrate, trans'mi-grāt, *v. i.* একস্থান বা দেহ হইতে অন্য স্থানে বা দেহে যাওয়া ; দেহান্তর গমন-কৃ ; অবস্থান্তর প্রাপ্ত-হ ; To pass into another body or state.

Transmigration, trans-mi-grā'shun, *n.* দেহান্তর-প্রবৃত্তি ; দেহান্তর গমন ; পুনরাবৃত্তি ; যোনি-ভ্রমণ ; অবস্থান্তর প্রাপ্তি ; The passage of the soul after death into another body ; change of state :—দেশান্তরে গমন ; The passing of persons from one state to another. *a*=transmigratory (স্থানান্তর বা দেহান্তর প্রাপ্তিশীল)।

Transmissible, trans-mis'i-bl, *a.* স্থানান্তর করণীয় ; অবস্থান্তর করণীয় ; That may be transmitted or passed from one to another. *n*=transmissibility.

Transmission, trans-mish'un, **Transmital**, trans-mit'al, *n.* প্রেরণ ; স্থানান্তর করণ ; চালান ; The sending from one place or person to another ; passage through.

Hereditary transmission—বংশপরম্পরায় সংক্রামণ বা সঞ্চারণ।

Transmit, trans-mit', *v. t.* [L. *trans*, across, and *mittere*, to send] পাঠান ; প্রেরণ-কৃ ; চালান-কৃ ; To pass on ; to send or convey across to another person or place. *n*=transmitter. *Syn* :—Remit, forward, dispatch ; carry, bear, transfer, convey.

Transmutation, trans-mūt-ā'shun, *n.* পরিবর্তন ; রূপান্তর ; অবস্থান্তর প্রাপ্তি ; Alterations ; a changing into a different form.

Transmute, trans-mūt', *v. t.* [L. *trans*, over, *mute*, to change] পরিবর্তিত-কৃ ; পরিবর্তন-কৃ ; পরিণমিত-কৃ ; রূপান্তর-কৃ ; বিকৃত-কৃ ; To change from one form or substance into another. *a*=transmutable (পরিবর্তনীয় ; পরিবর্তসহ ।)

Transom, *n.* জানালার আড়কাট ; The crossbar of a window.

Transom-window, *n.* আড়কাট দ্বারা দ্বিখণ্ডে বিভক্ত জানালা ; A window divided into two parts by a transom.

Transparency, trans-pār'en-se, *n.* স্বচ্ছতা ; নির্মলতা , The quality of being transparent ; clearness. *Syn* :—Limpidness, lucidity, translucency.

Transparent, trans-pār'ent, *a.* স্বচ্ছ ; নির্মল ; That may be seen through ; pellucid ; clear. *n*=transparentness. *Syn* :—Diaphanous, translucent, crystalline, bright, limpid, lucid.

Transparently, *ad.* স্বচ্ছভাবে ; নির্মলরূপে ; Clearly.

Transpierce, trans-pērze, *v. t.* বিদ্ধ-কৃ ; ভেদ-কৃ ; To permeate ; to penetrate.

Transpiration, *n.* বাষ্পাকারে উদগম ; ত্বক দিয়া নিঃসরণ ; The act or process of passing through the skin.

Transpire, trans-pīr', *v. t.* [L. *trans*, through, and *spirare*, to breathe] লোমকূপ হইতে নির্গত বা নিঃসারিত-কৃ ; To emit through the pores of the skin :—*v. i.* বাষ্পাকারে উদগত-হ ; নিশ্বাস বা বাষ্প নির্গত-কৃ ; নিঃসৃত-হ ; To exhale :—প্রকাশ হইয়া পড়া ; প্রকাশিত-হ ; বাহির হইয়া পড়া ; To become public :—ঘটা ; Happen ; occur. *n*=transpiration. *Syn* :—Evaporate ; be disclosed, occur.

Transplant, trans-plant', *v. t.* তুলিয়া অন্য স্থানে রোপণ-কৃ ; এক স্থান হইতে অন্য স্থানে রোপণ-কৃ ; প্রতিরোপিত-কৃ ; নাড়িয়া পোতা ; To remove and plant in a new place :—স্থানান্তরিত-কৃ ; Remove. *n*=transplantation (নাড়িয়া স্থাপন ; রোপণ) ; tarnsplanter (রোপণকারী ; রোপক)।

Transport, trans-pōrt, *v. t.* [L. *trans*, across, and *portare*, to carry] স্থানান্তরে লইয়া যাওয়া ; এক স্থান হইতে অন্যত্র লইয়া-যা ; প্রেরণ-কৃ ; চালান-কৃ ; To carry from one place or country to another ; to remove :—নির্বাসিত-কৃ ; To banish :—আহ্লাদে মত্ত-কৃ ; দুঃখসুখাদি দ্বারা অভিভূত-কৃ ; To put in ecstacy ; to carry away by violence of passion or pleasure ; to ravish with pleasure :—*n.* বহন ; স্থানান্তর প্রেরণ ; চালান ; Conveyance ; carriage from one place to another :—উল্লাস ; মোহ ; Ecstacy :—সৈন্য বা যুদ্ধ-সামগ্রী প্রেরণার্থ জাহাজ ; যে জাহাজে সেনাদি স্থানান্তরিত হয় ; A vessel for conveyance ; the conveyance of soldiers, warlike stores. *Syn* :—(*v*) Convey, bear, waft ; entrance, ravish, delight, enrapture. (*n*) Passion, rapture, bliss, enravishment.

Be transported to—দ্বীপান্তরিত-হ ; Be banished, as a criminal.

Transportable, *a.* স্থানান্তরে প্রেরণ বা বহন-যোগ্য ; Such as may be carried across.

Transportation, trans-pōr-tā'shun, *n.* নির্বাসন ; Removal ; banishment :—দ্বীপান্তর-প্রেরণ ; Conveyance.

Transporting, *a.* অত্যন্ত আনন্দজনক ; মনোমোহন।

Transposal, *n.* স্থান বা অনুক্রমের পরিবর্তন ; A change of place or order.

Transpose, trans-pōz, *v. t.* বিনিময়-কৃ ; বদল-কৃ ; একের স্থানে অন্যকে রাখা ; স্থান পরিবর্তিত-কৃ ; To interchange ; to substitute one for the other of :—এক ধার হইতে অন্য ধারে লইয়া-যা।

Transposition, *n.* শব্দের বিনিময় ; স্থান বা ক্রম পরিবর্তন ; বিপর্যায় . A change of words for words.

Transprint, *v. t.* To print out of place.

Trans-ship, *v. t.* এক জাহাজ হইতে অপর জাহাজে দেওয়া ; To transfer to another slip.

Trans-shipment, *n.* জাহাজান্তরে প্রদান বা নয়ন।

Transubstantiate, tran-sub-stan'shi-āt, *v. t.* স্বভাবান্তর-কৃ ; ভিন্ন পদার্থে পরিবর্তিত-কৃ ; To change to another substance.

Transubstantiate, *v. t.* খৃষ্টের রক্ত ও মাংসে পরিণত-কৃ।

Transubstantiation, *n.* (রোমীয় ধর্মে রুটী এবং মদ্য) খৃষ্টের রক্ত ও মাংসে পরিবর্তন ; The Roman Catholic doctrine that the bread and wine in the eucharist are changed into Christ's body and blood.

Transverse, trans-vērs, *a.* [L. *trans*, across, *verto*, *versum*, to turn] টেরচা ; আড় ; আড়ে স্থিত ; Lying across. *ad*=transversal (টেরচাভাবে ; আড়াআড়ি ; আড়ের দিকে)।

Trap, trap, *n.* ফাঁদ ; Snare :—পশ্বাদি ধরিবার কল ; জাল , An instrument for snaring animals :—

সংকট ; সোপান বিশেষ :—কন্দী ; কৌশল ; চাতুরী ; A stratagem :—শিলা বিশেষ ; A kind of igneous rocks :—*v. t.* কলে ধরা ; ফাঁদ দ্বারা ধৃত-কৃ ; ফাঁদে ফেলা , To catch in a trap ; ensnare :—অলঙ্কৃত-কৃ ; ভূষিত-কৃ , সজ্জিত-কৃ ; To ornament , to adorn with gay clothes. *Syn* :—(*n*) Gin, trapan ; pitfall, ambush. (*v*) Insnare, entrap, trapan.

Be caught in one's own trap (or toils)—আপনার জালে জড়িত-হ ; Be entangled in the snare which one has set for another.

Set (or lay) a trap—ফাঁদ পাতা ; কাহাকে বিপদে ফেলিবার নিমিত্ত কোন মতলব খাটান , Form a plan or plot to entangle one or to throw one into danger.

To understand trap—চতুর হওয়া ।

Trapan, *v. t.* ফাঁদে ফেলা , কলে ফেলা ; To insnare :—*n.* চাতুরী ; A stratagem

Trap-door, trap'-dor, *n.* চোর দ্বার ; চোরা দুয়ার ; ছাদ বা মেঝের দ্বার , পাইখানার দরজা , A door in a floor or roof opening and shutting like the catch of a trap , sided door.

Trapeziform, *a.* বিষম-বাহু চতুর্ভুজাকার ; Having the form of a trapeze.

Trapezium, trapezium, **Trapeze,** tra-pēz, *n.* ব্যায়ামের দোলনা , দোল দণ্ড ; A swing used in gymnastics —কব্জির অস্থি বিশেষ , One of the wrist bones :—যে চতুর্ভুজের কোণ ও দুই বাহুই সমান্তরাল , A four-sided figure, having the opposite side parallel.

Trapezoid, trap'e-zoid, *n.* যে চতুর্ভুজের দুই বাহুমাত্র সমান্তরাল , A plane four-sided figure having two of its opposite sides are parallel. *a*=trapezoidal.

Trappings, trap'ingz, *n pl.* জাঁকাল পোষাক , Gay clothes :—অলঙ্কার , ভূষণ , Ornaments —অশ্বাদির সজ্জা বা ভূষণ , Ornament put on horses. *Syn* :—Decorations, accoutrements, equipments, paraphernalia, housings

Trash, trash, *n* [G. *drusen*, dregs] ছাঁটা , মুড়ান ; To crop , to lop ; to strip of leaves —*n* জঞ্জাল , ছিবড়ে , আবর্জনা ; তুচ্ছ দ্রব্য , Refuse *Syn* —(*n*) Dross, rubbish , trumpery, stuff, nonsense [Worthless , rejected

Trashy, trashi, *a.* অকিঞ্চিৎকর ; অসার , বাতিল ,

Trass, *n.* মৃত্তিকা বিশেষ , A volcanic earth

Travail, travāl, *n.* পরিশ্রম , অত্যন্ত মেহনত , Toil ; labour with pain :—প্রসব বেদনা , Labour in childbirth :—*v. i.* হয়রাণ-কৃ ; To harass —প্রসব বেদনা পাওয়া , To be in labour ; to suffer the pangs of childbirth.

Trave, trāv, *n.* দুষ্ট ঘোড়ার নাল বাঁধাইবের জন্য কাঠ-গড়া , A beam , wooden frame to confine unruly horses.

Travel, travel, *v. i.* পর্য্যটন-কৃ ; ভ্রমণ-কৃ ; গমন-কৃ , To pass, to move ; to make journey , to journey :—*v. t.* পর্য্যটন-কৃ ; গমন-কৃ , অতিক্রম কৃ , To journey over :—*n.* ভ্রমণ ; পর্য্যটন , Journey —*pl.* ভ্রমণ বৃত্তান্ত , An account of a journey. *Syn* :—(*n*) Wandering, migration, pilgrimage , excursion, tour, expedition, trip.

Travelled gentleman—যে ভদ্রলোক অনেক দেশ পর্য্যটন করিয়াছেন ।

Traveller, travel-ėr, *n.* পর্য্যটক ; পথিক ; পান্থ ; One who travels ; a way-farer.

Travelling, *v. n.* ভ্রমণ ; পর্য্যটন ।

Travelling expenses—পথ-খরচ , পাথেয় ।

Travel-post—দ্রুতবেগে ভ্রমণ-কৃ ; To travel rapidly by frequent changes of horses.

Traversable, *a.* অস্বীকার্য্য , অতিক্রমণীয় , Such as may be denied.

Traverse, travers, *n.* যাহা আড়ে থাকে ; Anything laid or built across ; something that obstructs :—মোড় ; A turn :—বাধা ; প্রতিবন্ধক :—প্রতিপক্ষের কথা অস্বীকার ; (Law) denial :—*v. t.* আড়ের দিকে কাটিয়া-যা , পার-হ , অতিক্রম-কৃ , To cross ; to pass over , to travel :—কোন পার্শ্বে ফিরান :—অস্বীকার-কৃ , To deny :—*v. i.* গতির প্রতিবন্ধকতাচরণ-কৃ , To oppose a movement, as in fencing —*a.* এড়ো , আড়ে স্থাপিত ; অনুপ্রস্থগামী ; Turned or lying across :—*ad.* আড়াআড়ি ; Across *Syn* —(*v*) Thwart, obstruct , travel over.

Traverse-table, *n.* মঞ্চ বিশেষ ; A platform for shifting carriages to another rails.

Travesty, traves-te, *n.* [F *travestir*, to disguise] উপহাসজনক অভিনয় , কোনও রচনার হাস্যজনক অনুকরণ , A parody , caricature , a burlesque representation of the serious —*v. t.* হাস্যাস্পদ-কৃ , উপহাস্যাস্পদ-কৃ , To parody , to turn into burlesque —*a.* উপহাসাস্পদ ছদ্মবেশধারী , Disguised so as to be rediculous.

Trawl, trawl, *v t* জাল দিয়া মৎস্য-ধৃ ; To fish by dragging a net behind a vessel —*n.* মৎস্য ধরিবার জাল , মৎস্য ধরিবার দীর্ঘ সূত্র , A trawl net.

Trawler, trawler, *n* যে ব্যক্তি জালে মৎস্য ধরে : —মৎস্য ধরিবার নৌকা , A fishing vessel used in trawling. [salver.

Tray, trā, *n* বারকোষ , থালা , নিমুকের পেয়ে , A

Treacherous, trecher-us, *a.* বিশ্বাসঘাতক , অবিশ্বাসী , কৃতঘ্ন , Faithless , like a traitor :—পিচ্ছল ; Slippery, not affording him footing. *n*=treacherousness (দাগাবাজি , কৃতঘ্নতা) । *Syn* —Traitorous, disloyal, treasonable, perfidious, false, deceitful, insidious, plotting. [Faithlessly.

Treacherously, *ad.* কৃতজ্ঞতাসহকারে , শঠতাপূর্ব্বক ;

Treachery, trecher-e, *n.* [F. *tricherie*, trickery] বিশ্বাসঘাতকতা , প্রতারণা , শঠতা , Faithlessness , violation of allegiance or faith. *Syn* .—Perfidiousness, perfidy, disloyalty, treason.

Treacle, tre'kl, *n.* ঝোলা বা কোতরা গুড় ; চিটা বা মাত গুড় , The viscid syrup which is drained from sugar.

Tread, tred, *v. i* চলা , পদবিক্ষেপ-কৃ ; To walk : —*v. t* পদার্পণ-কৃ , পদদলিত কৃ , মাড়াইয়া যা , To pass with the foot , to set the foot —অবজ্ঞাপূর্ব্বক দলিত কৃ , থেতলান , To trample in contempt .—*n.* পদবিক্ষেপ , মর্দ্দন , চলন ।

Tread close upon -সঙ্গে সঙ্গে যাওয়া , Follow closely , succeed quickly.

Tread of—অমুক বিষয়ক হ Have for its subject : —কোন বিষয়ে কিছু লেখা বা বলা ; Speak about.

Tread on a man's corns—আহত-কৃ , উত্যক্ত-কৃ ।

Tread (one) to—অপরের স্বভাব সম্বন্ধে মনের কথা খুলিয়া বলা , State one's opinion of another's character with disagreeable frankness .—আপ-

যার টাকায় অপরকে মদ্যপান করান বা খাওয়ান ; Entertain one with (drink or food).

Tread out—পদ দ্বারা মাড়ান ; পায়ে মাড়াইয়া নিঃসারিত-কৃ ; Press or beat out with the feet.

Tread the stage—নটের কার্য্য-কৃ ।

Tread up on the heels, Tread upon the foot steps of—পিছু পিছু যাওয়া ; সঙ্গে সঙ্গে যাওয়া ; অনুসরণ-কৃ ; Follow close upon.

Treadle, Treddle, *a.* কোনও যন্ত্রের পা-দান ; The part of a machine which is moved by the foot.

Treadle machine, *n.* যে কল পায়ের দ্বারা চালিত হয় ।

Tread-mill, *n.* যে কলের চাকা কয়েদীরা পায়ে মাড়াইয়া চালিত করে ; A mill worked by treading or stepping, used chiefly as an instrument of prison discipline.

Treason, trē'zn, *n.* রাজদ্রোহ ; কৃতঘ্নতা ; Disloyalty ; treachery , traitorousness.

High treason—রাজ্যের প্রতিকূলতাচরণ ।

Treasonable, trē'zn-a-bl, *a.* রাজবিদ্রোহ সম্বন্ধীয় ; রাজদ্রোহাত্মক ; Pertaining to treason ; consisting of or involving treason. *ad*=treasonably. *n*=treasonableness. *Syn* :—Treacherous, traitorous, di loyal.

Treasure, trezhūr, *n.* [G. *thesauros*, a store laid up] সঞ্চিত ধন ; অর্থ ; সংগৃহীত ঐশ্বর্য্য ; Wealth accumulated ; riches :—প্রাচুর্য্য ; Abundance :—বহুমূল্য দ্রব্য ; মূল্যবান বস্তু ; Anything much valued :—*v. t.* সংগ্রহ-কৃ ; সঞ্চয়-কৃ ; To hoard up ; to collect for future :—অত্যন্ত মূল্যবান জ্ঞান-কৃ ; To value greatly. *Syn* :—(*n*) Stock, store, reserve ; jewel, idol, darling. (*v*) Accumulate, hoard, save, garner ; value, idolize.

Treasure up—যত্ন করিয়া তুলিয়া রাখা ; Keep with a care, as a treasure.

Treasure up in memory—মনে রাখা ; Keep in memory for future enjoyment or use.

Treasurer, trezhū-ér, *n.* কোষাধ্যক্ষ ; তহবিলদার ; One who has charge of collected funds.

Teasure-house, *n.* ধনাগার ।

Treasure ships—স্বর্ণ ও রৌপ্যবাহী জাহাজ ; Ships carrying gold and silver.

Treasure-trove, trezhūr-trōv, *n.* যে টাকার মালিক পাওয়া যায় না ; গুপ্ত ধন ; নিধি ; Money found in the earth of which the owner is not known.

Treasury, trezhūr-i, *n.* রাজকোষ ; ধনাগার ; খাজাঞ্চিখানা ; A place for keeping treasure ; department of a government which has charge of public finances :—শব্দ কোষ :—জ্ঞানপূর্ণ পুস্তক ।

Treat, trēt, *v. t.* আচরণ-কৃ ; ব্যবহার-কৃ ; Behave to ; act ; use :—কোন বিষয়ে বলা , কোন সম্বন্ধে লেখা ; বিবেচনা-কৃ ; অনুশীলন-কৃ , To discourse on :—ভোজ-দে ; সেবা-কৃ ; আহার করান ; অভ্যর্থনা-কৃ ; To entertain with food or drink :—চিকিৎসা-কৃ ; To manage in the application of remedies :—*v. i.* কোন বিষয়ে বলা বা লেখা ; কোন বিষয়ের আলোচনা-কৃ ; To handle a subject in writing or speaking :—সন্ধির প্রস্তাব-কৃ ; সন্ধি-কৃ ; যোগাযোগ-কৃ ; To negotiate :—ভোজ-দে ; To give an entertainment :—*n.* ভোজ ; An entertainment :—ব্যবহার ; আচরণ । *Syn* :—(*v*) Use ; entertain, feast ; manage ; negotiate.

Treat with (one)—(যাহাতে মীমাংসা বা ঝগড়া মেটে এ সম্বন্ধে) কথাবার্ত্তা কহা ; Negotiate with one ; make and receive proposals for adjusting differences with one.

Treatise, trē'tiz, *n.* প্রবন্ধ ; পুস্তক ; গ্রন্থ ; A formal essay. *Syn* :—Paper, disquisition, dissertation.

Treatment, trēt'ment, *n.* আচরণ ; ব্যবহার ; Behaviour ; conduct :—চিকিৎসা ; Medical conduct of a case ; way of applying remedies to :—ভোজ ; Entertainment :—বর্ণনা ; বিবৃতি ; Description :—পরিচালন ; Management.

Treaty, trē'te, *n.* সন্ধি ; নিয়ম-পত্র ; Agreement ; negotiation. *Syn* :—(*n*) Contract, covenant, convention concordat.

Treble, treb'l, *a.* ত্রিগুণ ; তেহারা ; Three-fold :—*n.* উচ্চ স্বর ; তিন সুর ; The highest of the four principal parts in the musical scale :—তীক্ষ্ণ :—*v. t.* তিন গুণ-কৃ ; ত্রিগুণিত-কৃ ; To make three times as much :—*v. i.* তিন গুণ-হ ; To become three-fold. *ad*=trebly (ত্রিগুণিতরূপে) । *Syn* :—(*a*) Triple ; acute, sharp ; alto.

Treddle, *n.* যন্ত্রের যে অংশ পদ দ্বারা চালিত হয় ; The part of a loom, which is moved by the foot.

Tree, trē, *n.* বৃক্ষ ; গাছ ; পাদপ ; Vegetable production of woody growth and with a stem ; a plant :—কাষ্ঠখণ্ড ; Wood.

At the top of the tree—সর্ব্বোচ্চ পদস্থ ।

The tree of knowledge—জ্ঞানবৃক্ষ ।

To be up a tree—সঙ্কটাপন্ন থাকা ।

Treenaril, *n.* জাহাজে তক্তা আঁটিবার কাঠের গুঁজি ; A long wooden pin used in fastening the planks of a ship to the timbers.

Trefoil, trē'foil, *n.* ত্রিপত্রবিশিষ্ট তৃণ ; ত্রিপত্র উদ্ভিদ ; A three-leaved plant.

Trellis, trel'is, *n.* জাফরি ; চাঁচের বেড়া ; লোহাদির জাল ; A structure of cross-barred or lattice-work ; frame of cross barred work.

Trellised, trel'ist, *a.* জাফরিবিশিষ্ট বা তদাকারে গঠিত ; Having a trellis, or formed as a trellis.

Tremble, trem'bl, *v. i.* [L. *tremo*, to shake] কম্পিত-হ ; কাঁপা ; To shiver ; shake as with fear. *n*=trembler. *Syn* :—Quake, quiver, shudder ; totter, rock, oscillate ; quaver.

Tremble in the balance—অনিশ্চিত-হ ; অনিশ্চিতাবস্থায় থাকা ; To be undecided, uncertain.

Trembling, *a.* বেপমান ; কম্পমান ; Shaking. *ad*=tremblingly.

Tremendous, trē-men'dus, *a.* ভয়ানক ; ভীষণ ; দারুণ ; Dreadful ; violent. *ad*=tremendously (ভয়ানকরূপে) ; *n*=tremendousness (ভীষণত্ব ; ভয়ঙ্করত্ব) । *Syn* :—Terrible, frightful, terrific, horrible, awful, appalling, fearful, formidable.

Tremor, trem'or, *n.* কম্পন ; কাঁপুনি ; A trembling ; a quivering.

Tremulous, trem'ū-lus, *a.* [L. *tremere*, to tremble] শঙ্কিত : কম্পমান ; Affected with fears ; shaking, trembling ; quivering. *n*=tremulousness, *ad*=tremulously (কম্পিতভাবে) । *Syn* :—Shivering, trembling, vibratory.

Trench, trensh, *v. t.* খানা কাটা ; নালী কাটা ; To dig a ditch ; cut a ditch :—খনন-কৃ ; কাটা ; To dig deeply :—*n.* পরীখা ; খাত ; খানা ; নর্দ্দমা ; জুলী ; A ditch ; a fosse. *Syn* :—Moat ; drain, sewer.

Trench on or upon—অপরের অধিকার আক্রমণ-কৃ ; Encroach ; invade.

Trenchant, trenshant, *a.* তীব্র ; তীক্ষ ; Severe ; sharp :—*n.* কর্ত্তনকারী ; ছেদক । *ad*=trenchantly (তীব্রভাবে ; কর্কশভাবে) । *Syn* :—Cutting, unsparing, sarcastic.

Trencher, trenshér, *n.* পরিখা-খনক ; যে খাত খনন-কৃ ; One who cuts trenches :—বড় থালা, রেকাব, কেটুয়া ; A large wooden plate :—আহার ; ভোজন-দ্রব্য ; Food :—মেজ ; Table. [eater.

Trencher-man, *n.* ভক্ষক ; A feeder ; a great

Trencher-mate, trencher friend or fly—পরান্নভোজী ; যে পরের খাইয়া বেড়ায় ; A table-companion ; parasite.

Trencher-plough, trensh-plow, *n.* লাঙ্গল বিশেষ ; গভীরকর্ষী লাঙ্গল ; A plough for turning up the land more deeply than usual :—*v. t.* তদ্দ্বারা কর্ষণ-কৃ ; To plough with a trench-plough.

Trend, trend, *v. i.* [Dan. *trind*, round] উন্মুখ-হ ; হেলা ; ঝুঁকা ; To tend ; to run in a certain direction, the line being a curve :—*n.* উন্মুখতা , প্রবণতা ; ঝোঁক ; Tendency. *Syn* :—(*v*) Stretch, sweep, bend, incline, tend.

Council of trent—A famous council of the Roman Catholic Church, assembled by Paul III in 1546, and continued in twenty-five sessions under Julius III and Pius IV and until its close in 1563.

Trental, *n.* An officer for the dead in the Roman Catholic service, consisting of thirty masses for thirty days after the party's death.

Trepan, tre-pan, *n.* কপাল বা করোটি ছিদ্র করিবার অস্ত্র বিশেষ ; ত্রিপন্ন ; Round saw for boring the skull :—*v. t.* ত্রিপন্ন দ্বারা ছিদ্র-কৃ , করাত দ্বারা ছেদন-কৃ ; To bore with trepan :—ফাঁদে ফেলা ; প্রতারণা-কৃ ; To ensnare.

Trephine, *n.* আধুনিক ট্রেপ্যান ; The modern trepan :—*v. t.* তদ্দ্বারা ছিদ্র-কৃ , To perforate with the trephine.

Trepidation, trep-id-áshun, *n* কম্প , কাঁপনি ; ভীতি ; ত্রাস ; শঙ্কা ; An involuntary trembling ; a state of terror or alarm. *Syn* :—Shaking, quivering, agitation, disturbance, flutter, perturbation, excitement, tremor.

Trespass, tréspas, *v. i.* অনধিকার প্রবেশ-কৃ ; সীমা অতিক্রম-কৃ ; ভূমিতে জোর করিয়া প্রবেশ-কৃ ; To intrude , to pass over a limit ; to make unlawful entrance on another's ground :—অপরাধ-কৃ ; পাপ-কৃ ; To sin :—*n.* পাপ ; দোষ ; ত্রুটি ; Transgression of law :—অনধিকার প্রবেশ ; অবৈধ প্রবেশ ; Unlawful entrance on another's ground. *Syn* :—(*v*) Transgress, encroach, infringe, intrude, trench ; offend. (*n*) Offence, transgression, misdemeanour, misdeed ; infringement, encroachment, invasion.

Trespass (or trench) on—অনধিকার প্রবেশ-কৃ , Encroach upon ; enter unlawfully upon another's land :—বিরক্তিকর বোধ হয় এতদূর যাওয়া ; Go too far so as to exaust.

Trespasser, tréspas-er, *n.* অনধিকার প্রবেশকারী ; One who commits a trespass :—পাপী , Sinner. *Syn* :—Offender, transgressor.

Trespass-offering, tréspas-of'ér-ing, *n.* পাপ-ক্ষালনার্থ উৎসর্গ ; *An offering in expiation of a sin.*

Tress, tres, *n.* কেশগুচ্ছ ; চূর্ণ কুন্তল ; অলক ; ঝুলপি ; A lock of hair ; a ringlet. *a*=tressed (কুঞ্চিত কুন্তল বিশেষ ; curled).

Trestle, Tressel, *n.* মাচার ঠেকো বা পায়া ; কাঠা ; The frame of a table.

Trestle-work, *n.* সেতুবন্ধ ।

Tret, *n.* খরিদদারকে প্রদত্ত দোষ কমা বাদটি ; ঢলতা ; An allowance to purchasers, for waste or refuse matter.

Trews, *n. pl.* ইজের বা পা জামা । [be tried.

Triable, *a.* বিচারাধীন ; বিচার্য্য ; পরীক্ষণীয় ; Fit to

Triad, tri'ad, *n.* তিনের একীভাব ; ত্রিশাখা ; ত্রিমূর্তি ; The union of three.

Trial, tri'al, *n.* পরীক্ষা ; পরখ ; Examination ; test :—চেষ্টা ; Attempt :—আদালতে প্রকৃতির বিচার ; Judicial examination :—কষ্ট ; ক্লেশ ; দুঃখ ; Suffering ; calamity :—প্রলোভন ; Temptation. *Syn* :—Testing, experiment ; experience ; endeavour, effort, essay ; criterion, ordeal, proof ; temptation, trouble, affliction, grief ; case, cause, action, suit.

Bring to trial—কোন অভিযুক্ত ব্যক্তিকে বিচারালয়ে আনা ; Bring up an accused person before a competent tribunal for the purpose of determining whether he is guilty or not.

On trial—পরীক্ষার্থ ।

Under trial—বিচারাধীন ।

Triangle, tri'ang-gl, *n.* ত্রিভুজ ; ত্রিকোণ ক্ষেত্র ; A plane figure having three angles and three sides. *a*=triangled (ত্রিকোণ , তিন কোণা) ।

Equilateral triangle—সম-বাহু ত্রিভুজ ।

Isosceles triangle—সম-দ্বিবাহু ত্রিভুজ ।

Scalene triangle—বিষম-বাহু ত্রিভুজ ।

Triangular, tri'ang'gū-lar, *a.* ত্রিকোণবিশিষ্ট ; তিন কোণা ; Having three angles.

Triangulate, *v t.* ত্রিভুজাকার কৃ , ত্রিভুজে বিভক্ত-কৃ ; To survey by means of a series of triangles.

Trias, *n.* দ্বিতীয়-স্তরের প্রাচীনতম স্তবক ।

Tribe, trib, *n.* জাতি , বংশ ; বর্গ ; গোত্র ; কুল ; শ্রেণী ; A large family ; race ; class ; a division of a people. *a*=tribal (কুলজ ; বংশীয় ; গোত্রীয়) ; *Syn* :—Clan ; order, division.

Tribrach, *n.* পদ্যে ত্রিলঘুবর্ণ-বিশিষ্ট পদ ; A poetic foot of three short syllables.

Tribulation, trib-ū-láshun, *n.* [L. *tribulare*, to thrash] ক্লেশ ; মনঃকষ্ট , যন্ত্রণা ; অসুখ ; Severe affliction ; distress. *Syn* :—Suffering, trouble, misery, woe.

Tribunal, tri-bū'nal, *n.* বিচারালয় ; আদালত ; বিচারকের আসন ; Judgment-seat ; the seat of a judge, justice.

Tribune, tribūn, *n.* রোমানদিগের বিচারকর্তা বিশেষ ; A magistrate chosen by the Roman phebeians to defend their rights :—বক্তৃতা-মঞ্চ ; The raised platform from which speeches were delivered.

Tributary, tribū-tār-e, *a.* করদ ; Paying tribute ; contributing :—অধীন ; নিকৃষ্ট ; Subject :—*n.* করদাতা ; করদ রাজা , সামন্ত ; One who pays tribute :—উপনদী ; করদনদী ; Inferior branch of

a river ; affluent. *Syn* :—(*a*) Subject, subordinate, inferior.

Tribute, tribūt, *n.* [L. *tribuere, tributum,* to bestow] কর ; রাজস্ব ; খাজনা ; প্রতিদান ; Tax ; a personal contribution. *Syn* :—Impost, duty, charge ; grant, offering.

Trice, tris, *n.* অল্পক্ষণ ; মুহূর্ত ; অত্যল্পকাল ; An instant ; a very short time ; moment.

In a trice—নিমিষমধ্যে ; অতি অল্পকাল মধ্যে ; In a very short time ; in less than a second.

Tricennial, tri-sen̍yal, *a.* ত্রিংশ বার্ষিক ; ত্রিশ বৎসরে সঙ্ঘটনশীল ; Occuring once in every thirty years. [A space of three centuries.

Tricentenary, *n.* ত্রিশতাব্দি ; তিন শত বৎসর কাল ;

Trichina, *n.* শরীরগত সূক্ষ্ম ক্রিমি বিশেষ ; A parasitic worm. *pl*=trichinæ.

Trick, trik, *n.* [F. *tricher,* to trick] কৌশল ; চালাকি ; ফেকি ; তামাসা ; কল ; An artifice ; any fraud ; stratagem :—বিশেষ রীতি ; বিশেষ অভ্যাস ; A particular habit or manner :—*v. t.* প্রতারণা-কৃ ; ফাঁকি-দে ; To deceive ; to cheat :—সজ্জিত-কৃ ; To dress :—*v. t.* প্রতারণা পূর্ব্বক জীবন নির্ব্বাহ-কৃ ; To live by deception. *Syn* :—(*n*) Wile, fraud, cheat, contrivance, deception, imposture, delusion, imposition ; sleight, juggle, freak, antic, vagary ; habit, practice. (*v*) Drip, drop, dribble.

Trick out—Dress gaily ; adorn fantastically.

Tricker, *n.* কৌশলকারী ; ফাঁকিদার ; One who cheats. [Artifice ; stratagem ; imposition.

Trickery, trik̍ér-i, *n.* কৌশল ; প্রযোগ ; চালাকি ;

Trickish, trik̍ish, *a.* প্রবঞ্চক , প্রতারণাত্মক , শঠ ; দুষ্ট ; Artful in making bargains ; given to tricks.

Trickle, trik̍l, *v. i.* ফোঁটা ফোঁটা পড়া ; বিন্দুপাত-হ ; ঝরা ; To flow in a small stream.

Trickster, *n.* প্রবঞ্চক , One who cheats.

Tricky, trik̍e, *a.* প্রবঞ্চক ; প্রতারণাত্মক ; Given to tricks , practising deception. *Syn* :—Trickish, knavish, deceptive.

Tricolor, Tricolour, trī̍kul-ur, *n.* ফরাসী জাতীয় ত্রিবর্ণ-পতাকা ; The national banner of France. *a*= tricoloured (ত্রিবর্ণ) । [cipede with three wheels.

Tricycle, *n.* তিন চাকার পা-গাড়ী বিশেষ ; A velo-

Trident, trī̍dent, *n.* ত্রিশূল ; কোঁচ ; Three pronged spear or sceptre of **Neptune** :—*a.* ত্রিদন্তক ; Having three teeth.

Triennial, tri-en̍yal, *a.* ত্রৈবার্ষিক ; ত্রিবর্ষস্থায়ী ; Happening every three years ; containing three years. *ad*=triennially (তিন বৎসর অন্তর) ।

Triennial act—An act of William and Mary, providing that no parliament should act longer than three years.

Trifle, trī̍fl, *n.* তুচ্ছ বিষয় ; তুচ্ছ সামগ্রী ; Any thing of light value :—অল্প বিষয় ; A paltry thing : —*v. i.* তাচ্ছিল্য ভাবে বলা বা-কৃ ; যা ইচ্ছা তাই বলা বা-কৃ ; To act or talk lightly :—*v. t.* নষ্ট-কৃ ; To waste. *Syn* :—(*n*) Bauble, toy, bagatelle, gewgaw, kickshaw, rush, straw, bubble, (*v*) Toy, play, dally, wanton, fribble.

Trifle with—অসম্মান-কৃ ; To treat without respect or seriousness :—অগ্রাহ্য-কৃ ; তুচ্ছ-কৃ ; To disregard wantonly or neglect. [who trifles.

Trifler, *n.* চপলভাবে কার্য্যকারী ; তুচ্ছকারী ; One

Trifling, trī̍fling, *a.* তুচ্ছ ; সামান্য ; অকিঞ্চিৎকর ; Trivial. *ad*=triflingly. *Syn* :—Petty, slight, unimportant, insignificant, worthless, inconsiderable, frivolous, silly.

Triform, *a.* ত্রি-আকার ; Having a triple form.

Trig, *a.* পরিপূর্ণ ; Full.

Trigger, trig̍ér, *n.* বন্দুকের টিপকল ; চক্র-কীলক ; A catch by which a gun is fired.

Triglyph, *n.* ইমারতি কাজে খাতাড়ির ত্রিসীতা বিশেষ ; A three-grooved tablet.

Trigonometry, trig-o-nom̍e-tri, *n.* ত্রিকোণমিতি ; গণিত শাস্ত্র বিশেষ ; Measuring of triangles. *a*=trigonometrical (ত্রিকোণ-মিতি সম্বন্ধীয়) ।

Trihedral, *a.* ত্রিসমবাহু ; Having three equal sides.

Trihedron, *n.* সম-ত্রিপার্শ্বিক ক্ষেত্র ; A figure having three equal sides.

Trilateral, tri-lat̍ér-al, *a.* ত্রিভুজাকার ঘটিত ; ত্রিবাহুক ; Having three sides ; three-sided.

Trilingual, tri-ling̍gwal, *a.* তিন ভাষা সম্বন্ধীয় ; ত্রৈভাষিক ; ভাষাত্রয় ; Consisting of three languages. [three letters.

Triliteral, *a.* ত্র্যক্ষর ; ত্রিবর্ণাত্মক ; Consisting of

Trill, tril, *v. i.* কম্পিত-হ ; কাঁপা ; To quiver : —সরুধারায় পতিত-হ ; ফোঁটা ফোঁটা পড়া :—*v. t.* কম্পিত স্বরে উচ্চারণ-কৃ ; To utter with a tremulous emotion :—*n.* স্বরের কম্পন ; কম্পন ; A quiver or tremulous vibration. [itself.

Trillion, tril̍yun, *n.* শত পরার্দ্ধ ; Million twice by

Trilobate, *a* ত্রিখণ্ডিত ; ত্রিপ্রান্তিক । [dramas.

Trilogy, *n.* ত্রিখণ্ড-শেষ নাটক ; A series of three

Trifoliate, *a.* ত্রিপত্রক ; Three-leaved.

Trim, trim, *a.* পরিপাটী ; সুসজ্জিত ; পরিষ্কৃত ; Nice ; neat :—ঠিকঠাক ; Firm ; tight :—*n.* পরিচ্ছদ ; সজ্জা ; বেশভূষা ; Dress :—অলঙ্কার ; Ornaments :—অবস্থা ; ব্যবস্থা ; Condition :—*v. t.* সজ্জিত-কৃ ; পরিষ্কৃত-কৃ ; To dress ; to deck ; to make neat :—ছাঁটা ; কাটা ; কর্ত্তন-কৃ ; Clip :—*v. i.* দোলায়মান-হ ; To fluctuate. *ad*=trimly. *n*=trimness. *Syn* :—(*a*) Compact, snug, tidy, cleanly ; spruce, smart, finical. (*v*) Adjust, arrange ; embellish, decorate ; lop ; sheer, dock, curtail.

Trim a lamp—প্রদীপ সাজান ; Make it ready for use by supplying oil and clipping the wick.

Trim off—Lop off excrescences.

Trim the sails—পাইল বিন্যাস-কৃ ; To adjust the sails in the most advantageous manner.

Trim up—ছাঁটা ; Clip ; lop :—ঠিক রাখা ; ঠিক করিয়া পরাণ ; ভূষিত-কৃ ; Put in order.

Trimeter, trim̍e-tér, *n.* (পদ্যে) ত্রিমাত্রা বা ত্রিপদ বিশিষ্ট পদ্ক্তি ; A poetical division of verse consisting of three measures.

Trimmer, trim̍er, *n.* যে ব্যক্তি দুইদলের কোন পক্ষ অবলম্বন করে না ; One who fluctuates between parties , temporizer :—কালানুবর্ত্তী ; সময়সেবী ব্যক্তি ; A time-server :—সজ্জাকারী ; ব্যবস্থাপক ।

Trimming, trim̍ing, *n.* সজ্জা ; অব্যবহিত চিত্ততা ; বস্ত্র প্রসাধন ; Trapping.

Trimonthly, *a.* ত্রৈমাসিক ; Every three months.

Trinitarian, trin-i-tā̍r̍i-an, *n.* ত্রিত্ববাদী ; One who believes the doctrine of the Trinity :—*a.* ত্রিত্ব সম্বন্ধীয় ; Pertaining to the trinity.

Trinitarianism, *n.* ঈশ্বরের ত্রৈমূর্ত্তিকতাবাদ ; The tenets of Trinitarians.

Trinity, trin'i-ti, *n.* ত্রিত্ব ; খৃষ্টান ধর্ম্মে ঈশ্বরের ত্রিত্ব-ভাব ; 'একেই তিন তিনেই এক' এই ত্রয়াত্মক অবস্থা ; The union of *three* in one God-head.

Trinity-Sunday, *n.* খৃষ্টীয় উৎসব বিশেষের রবিবার ; The Sunday next after whit sunday.

Trinket, tring'ket, *n.* অলঙ্কার ; ক্ষুদ্র ভূষণ ; A small ornament, toy or jewel :—সামান্য জিনিস ; A thing of little value.

Trinomial, tri-nō'mi-al, *n.* (বীজগণিতে) ত্রিপদ রাশী ; ত্রিপদাত্মক রাশী , Quantity having three names or terms :—*a.* ত্রিসংজ্ঞাবিশিষ্ট ; Consisting of three terms.

Trio, *n.* মিলিত তিনজন ; ব্যক্তিত্রয় ; A set of three :—তিনটী একত্রে ; A composition for three performers.

Trip, trip, *v. i.* সত্বর পদবিক্ষেপ-কৃ ; শীঘ্র চলা ; To move with quick light steps :—পদস্খলিত-হ ; পা ফস্কিয়া পড়া ; হুঁচট-খাওয়া ; To stumble and fall :—ভ্রম-কৃ ; ভুল-কৃ ; দোষ-কৃ ; অকৃতকার্য্য-হ ; To err ; to fail :—*v t.* পদস্খলিত-কৃ ; পা ফস্কাইয়া-দে ; To cause to stumble by striking the feet :—উল্টাইয়া ফেলা ; To overthrow by taking away support :—ধৃত-কৃ ; ধরা , To catch :—*n.* সত্বর পদনিক্ষেপ ; Light short step :—অল্প ভ্রমণ ; যাত্রা ; An excursion :—ভুল ; ভ্রম , চুক , A false step ; a mistake :—কুস্তির প্যাঁচ ; ফেলিবার কায়দা , A catch by which an antagonist is thrown *Syn* :—(*v*) Skip, hop ; stumble, fall ; mistake, err. (*n*) Skip, hop ; ramble, tour, jaunt , slip, stumble ; failure, error, blunder. [To dance.

Trip it on the last fantastic toe—নৃত্য-কৃ ;

Tripartite, trip'ar-tit, *a.* অংশত্রয়ে বিভক্ত ; তিন ভাগে বিভক্ত ; ত্রিখণ্ডিত , Divided into three parts :—তিন জনের মধ্যে সম্পাদিত , Made between three parties.

Tripartition, trip-ar-ti'shun, *n.* তিন ভাগে বিভাগ ; তিন অংশে ভাগ ; Division into three parts.

Tripe, trip, *n.* আঁতুড়ি ; অন্ত্র , ভুঁড়ি ; The entrails.

Tripedal, trip'e-dal, *a.* ত্রিপাদ ; ত্রিপদবিশিষ্ট ; Having three feet.

Tripetalous, *a.* ত্রিদল ; Having three petals.

Triphthong, *n* ত্রিস্বর-সমাবেশ ; এককালীন উচ্চার্য্য তিনটী স্বরবর্ণ বিশিষ্ট পদাংশ ; তিন বর্ণের একত্র মিলন ; A union of three vowels forming on sound.

Triple, trip'l, *a.* তিনগুণ : তিন ফের ; তেহারা ; Three-fold :—*v. t.* তিনগুণ-কৃ ; ত্রিগুণিত-কৃ ; To treble. *ad*=triply.

A triple star—তিনটী নক্ষত্রের একত্র সমাবেশ ।

Triplet, trip'let, *n.* ত্রিপদী শ্লোক ; তিন পংক্তির একত্র মিলন ; Three lines rhyming together :—একদা প্রসূত সন্তানত্রয় । [*n.* তৃতীয় অনুলিপি বা নকল ।

Triplicate, *a.* তেহারা ; ত্রিগুণিত ; Three fold :—

Triplicity, *n.* ত্রৈগুণ্য , ত্রিগুণিত অবস্থা ।

Tripod, tri'pod, *n.* ত্রিপদী ; তে-পায়া ; টেপাই , A three legged stool. [যন্ত্রত্রয় ।

The tripod of life—মস্তিষ্ক , ফুসফুস্ ও হৃৎপিণ্ড এই

Tripos, tri'pos, *n.* কেম্ব্রিজ বিশ্ব-বিদ্যালয়ের পরীক্ষা ; A university examination for honours at Cambridge. [ভাষার শেষ পরীক্ষা ।

Classical tripos examination—গ্রীক ও লাটিন

Tripos paper—গণিত-শাস্ত্রে পরীক্ষোত্তীর্ণগণের নামের মুদ্রিত তালিকা ।

Tripper, *n.* নর্ত্তক ; নাচক । [dance.

Tripping, *n.* নর্ত্তন বিশেষ ; A light kind of

Catch a man tripping—কাহাকে ভ্রম বা দোষ করিতে-ধৃ । [light quick step.

Tripplingly, *ad.* শীঘ্র ; সত্বর ; দ্রুতপদে ; With a

Triptote, *n.* যে বিশেষ্য পদ কেবল তিন কারকে ব্যবহৃত হয় ; A noun having three cases only.

Triptych, *n.* লিখিবার একপ্রকার ফলক বিশেষ ; A writing table in three parts.

Trireme, tri'rēm (ট্রাইরীম্), *n.* তিন সারি দাঁড়-বিশিষ্ট জাহাজ ; A vessel with three banks or rows of oars.

Trisect, tri-sekt', *v. t.* তিন ভাগে বিভক্ত-কৃ ; তিন সমান অংশে খণ্ডিত-কৃ , To cut or divide into three equal parts. *n*=trisection (তিন অংশে বিভাগ) ।

Trisyllable, tris-sil'a-bl, *n.* যে শব্দে তিনটী পদাংশ থাকে তাহা ; তিন পদাংশযুক্ত বাক্য ; A word of three syllables. *as*=trisyllabical, trisyllabic (ত্রিপদাংশ বিশিষ্ট) ।

Trite, trit, *a.* পুরাতন ; জীর্ণ , সামান্য , সাধারণ , সদা ব্যবহৃত ; Worn out by use , common ; hackneyed :—বাসি ; পর্য্যুষিত , Stale. *ad*=tritely (সাধারণ ভাবে) ; *n*=triteness (সাধারণত্ব) । *Syn* :—Stale, commonplace, threadbare.

Triton, tri'ton, *n.* সমুদ্রের দেবতা ; উপদেবতা বিশেষ ; নেপচুনের শঙ্খবাদক ; A marine demi-god ; a sea-god ; one of the trumpeters of Neptune.

Triturate, trit'ū-rāt, *v. t.* সূক্ষ্মরূপে চূর্ণ-কৃ ; গুঁড়া-কৃ , ঘর্ষণ বা পেষণ-কৃ , To rub or ground to a fine powder. *n*=trituration (চূর্ণন) ; *a*=triturable (সূক্ষ্মরূপে চূর্ণনীয়) । *Syn* :—Bruise, pound, beat, pulverize.

Triumph, tri'umf, *n.* উৎসব বিশেষ , দৃশ্য , Solemn procession in honour of a victorious general : show :—বিজয় ; জয়জয়কার ; Victory :—কোনও কার্য্যে সফলতার জন্য আনন্দ বা হর্ষ ; বিজয়োৎসব ; উল্লাস ; Joy for success :—*v. i.* বিজয়োৎসব-কৃ ; বিজয়ার্থ উৎসব-কৃ ; আনন্দ প্রকাশ-কৃ ; To celebrate a victory with pomp ; to rejoice for success :—জয়ী-হ ; জয়লাভ-কৃ ; To obtain victory :—সৌভাগ্যশালী-হ , উন্নতিশালী-হ , To be prosperous. *Syn* :—(*n*) Conquest, achievement ; ovation, exultation. (*v*) Exult, rejoice , prevail, succeed, flourish.

In triumph—ডঙ্কা মারিয়া ; উল্লাসে ।

Triumph over—জয়লাভ-কৃ ; Obtain the victory over ; insult a person upon an advantage gained :—শ্রেষ্ঠ-হ ; Be superior to :—অতিক্রম করিয়া উঠা ; Surmount.

Triumphal, tri-umf'al, *a.* জয়সম্বন্ধীয় ; জয়সূচক ; বিজয়সূচক ; Pertaining to triumph , used in celebrating victory , indicating a triumph.

Triumphal arch—জয়-তোরণ ; Magnificent structure erected to adorn a triumph and perpetuate the memory of an event.

Triumphant, tri-umf'ant, *a.* জয়ী ; জয়হেতু ; আনন্দপ্রকাশক ; জয়োল্লাসযুক্ত , Victorious. *ad*=triumphantly (মহা-সমারোহে ; জয়োল্লাসসহকারে) । *Syn* :—Successful ; exultant, elated, boastful.

Church triumphant—The Church in heaven enjoying a state of triumph.

Triumvir, tri-um'vir, *n.* শাসনকার্য্যে সম্মিলিত ব্যক্তি-ত্রয়ের একতম ; An association of three men in office ; one of three men in the same office or government. *pl*=triumviri.

Triumvirate, tri-um'vi-rāt, *n.* ত্রিজন শাসন ; ব্যক্তিত্রয়ের মিলিত রাজ্য শাসন বা তৎকাল ; Government of three men.

Triune, *a.* ত্র্যাত্মক ; Being three in one.

Trivet, tri'vet, *n.* তে-পায়া বিশেষ ; Three-legged iron frame.

Trivial, tri've-al, *a.* [F. from L. *trivialis*, common] সামান্য ; নগণ্য ; তুচ্ছ ; অকিঞ্চিৎকর ; Trifling ; worthless ; paltry. *n*=trivialness ; triviality (ক্ষুদ্রতা ; তুচ্ছ পদার্থ) ; *ad*=trivially. *Syn* :—Common, ordinary, vulgar ; inconsiderable, petty, small, unimportant, immaterial, insignificant.

Trivium, *n.* ত্রিবিদ্যা ; (ব্যাকরণ, অলঙ্কার ও ন্যায় শাস্ত্র) ।

Triweekly, *a.* সপ্তাহে তিনবার প্রকাশিত বা ঘটিত : —*n.* সপ্তাহে তিনবার প্রকাশিত সংবাদপত্র ।

Trocar, Trochar, *n.* সূচী বিশেষ ।

Trochee, trō'kē, *n.* কবিতা ; ছন্দ বিশেষ ; দ্ব্যংশক পদ বিশেষ ; A foot of first long and the second short syllable. *as*=trochaic, trochaical (উক্তপদবিশিষ্ট) ।

Trod, Trodden, *pt.* and *pp* of *tread*.

Troglodyte, *n.* গুহাবাসী অসভ্য মনুষ্য ।

Trojan, trō'jan, *a.* প্রাচীন ট্রয়-নগর সম্বন্ধীয় ; Pertaining to ancient Troy :—*n.* তন্নগর-বাসী , An inhabitant of Troy :—বৃদ্ধ সৈন্য ; প্রাচীন সৈনিক ; An old soldier.

Troll, trōl, *v. t.* গড়ান ; গড়াইয়া-দে ; ঘুরান ; পাক-দে ; To move circularly ; to make to roll round :—পরে পরে গাওয়া ; To sing the parts of in succession :—হুইলের ছিপ দিয়া মাছ-ধৃ ; To fish with a rod of which the line runs on a wheel :—*v. i.* গড়াইয়া-যা ; ঘুরিয়া বেড়ান ; To roll ; to run about :—*n.* গান ; A song :—আবর্ত্তন ; A round. *n*=troller.

Trolley, Trolly, *n.* ঠেলা-গাড়ী ।

Trollop, trol'up, *n.* নোঙ্গরা স্ত্রীলোক ; পেতনী ; অসংযত-বসনা রমণী ; A strolling, loitering woman ; a woman loosely dressed ; slattern ; slut.

Trombone, *n.* বাদ্যযন্ত্র বিশেষ ; শিঙ্গা বা সানাই ; A musical instrument of the trumpet kind.

Troop, trōōp, *n.* জনতা ; সম্প্রদায় ; দল ; A collection of people ; a company :—*pl.* সৈন্যগণ ; সেনা ; ফৌজ ; Soldiers taken collectively ; an army :—অশ্বারোহী সৈন্য ; A small body of cavalry :—*v. i.* দল বাঁধিয়া যাওয়া ; দলে দলে যাত্রা-কৃ ; দ্রুত যাত্রা-কৃ ; To gather in numbers ; to march in a company or in haste. *Syn* :—Crowd, assemblage, multitude, company, band, gang, crew, squad.

Trooper, trōōp'er, *n.* অশ্বারোহী সৈনিক ; A private cavalry soldier.

Troop-ship, *n.* সৈন্য-প্রেরণার্থ জাহাজ ; A transport.

Trope, trōp, *n.* [Gr. *trepo*, to turn] রূপক ; এক শব্দাত্মক অলঙ্কার ; A word used figuratively ; a figure of speech ; metaphor.

Trophied, *a.* জয়চিহ্নে ভূষিত ; বিজয়চিহ্নে শোভিত ; Adorned with trophies.

Trophy, trō'fi, *n.* জয়-চিহ্ন ; Monument of victory ; a memorial of a victory ; sport of war, as monument of victory.

Tropic, trop'ik, *n.* অয়নান্ত বৃত্ত ; One of the two circles paralled to the equator, between which the sun's yearly path in the heavens is contained.

Tropic, trop'ik, **Tropical**, trop'ik-al, *a.* গ্রীষ্ম-মণ্ডল সংক্রান্ত ; Pertaining to the tropics ; being within the tropics. *ad*=tropically.

Topical, trop'ik-al, *a.* [G. *tropikos*, from *trepein*, to turn] রূপক ; Figurative ; metaphorical ; not literal :—Belonging to the tropics.

Tropical, *a.* আলঙ্কারিক ; Figurative. *ad*=tropically. [মকরক্রান্তি ; Hot climates.

Tropics, *n. pl.* গ্রীষ্মপ্রধান দেশ ; গ্রীষ্মমণ্ডল ; কর্কট ও

Tropology, *n.* বাক্যালঙ্কারে ভাব প্রকাশ ; A figurative mode of speech. *a*=tropological (বাক্যালঙ্কার দ্বারা সূচিত বা পরিবর্দ্ধিত) ।

Trot, trot, *v. i.* কদমে চলা ; লাফাইয়া চলা ; তাড়াতাড়ি দৌড়ান ; To walk or move fast ; to run :—*v. t.* কদমে ধাবিত করা বা চালান ; To ride at a trot :—*n* অশ্বের কদম ; ঘোটকের গতি ; দ্রুত চলন ; The pace of a horse or other quadruped between a walk and canter. *n*=trotter (দ্রুতগামী অশ্বাদি) ।

Troth, troth, *n.* বিশ্বাস ; সত্য , প্রতিজ্ঞা ; বাক্দান ; Faith ; fidelity.' *Syn* :—Belief ; veracity.

Plighted troth—অখণ্ডনীয় প্রতিজ্ঞা ; প্রদত্ত বাক্ ।

Troubadour, trōō'ba-dōōr, *n.* ফ্রান্সদেশের কবি , One of a school of poets from the 11th to the 13th century chiefly in France.

Trouble, trub'l, *n.* কষ্ট ; ক্লেশ ; দুঃখ , অসুখ ; উপদ্রব ; বিরক্তি ; Disturbance ; sorrow ; misfortune , vexation :—*v. t.* কষ্ট-দে ; ব্যস্ত-কৃ , বিরক্ত-কৃ ; Disturb , perplex ; grieve , vex :—আলোড়িত-কৃ ; To agitate. *Syn* :—(*n*) Affliction, distress, suffering, calamity, adversity, misery ; annoyance, inconvenience, embarrassment, perplexity , plague, torment. (*v*) Disorder, derange ; distress, afflict, harass, annoy, tease.

Take the trouble—কষ্ট স্বীকার-কৃ , Be at pains.

Trouble one's self—বিরক্ত-হ , কোন কিছু লইয়া ব্যস্ত-হ ; To be solicitous for ; to be annoyed or perplexed or disturbed by.

Trouble oneself about—কোন বিষয় লইয়া আপনি ব্যস্ত হওয়া বা কষ্ট পাওয়া ; Make oneself uneasy about (some matter).

Trouble one's head about—কোন বিষয় লইয়া মাথা ঘামান ; Puzzle one's head by thinking over some intricate question.

Troublesome, trub'l-sum, *a.* বিরক্তিজনক ; দুঃখজনক ; ক্লেশজনক ; পীড়াদায়ক ; Vexatious ; causing trouble ; importunate. *Syn* :—Uneasy, perplexing, harassing, annoying, disgusting, irksome, afflictive, burdensome, tiresome.

Troublous, trub'lus, *a.* ক্লেশপূর্ণ ; দুঃখপূর্ণ ; উৎকণ্ঠাজনক ; Full of troubles or disorder. *Syn* :—Agitated, tumultuous ; afflictive, troublesome.

Trough, trof, *n.* বারকোষ ; Long tray :—জলপাত্র ; কাঠাধার ; A long vessel for water :—পয়োনালী বিশেষ ; A long narrow channel. [খোল ।

The trough of the sea—দুইটী সাগরতরঙ্গের মধ্যস্থিত

Trounce, *v. i.* অত্যন্ত প্রহার-কৃ ; সাজা-দে ; To beat severely. [company.

Troupe, (ট্রুপ), *n.* যাত্রার দল ; নাট্য সম্প্রদায় ; A

Trousers, trow'zérz, *n. pl.* ঢিলা পাজামা, ইজের; Man's loose garment covering each leg; pantaloons.

Trousseau, (ট্রুসো) *n.* নবোঢ়ার লঘু বসন ভূষণ; The equipment of a bride's outfit. *pl*=trousseaux.

Trout, trowt, *n.* মৎস্য বিশেষ; A fresh-water.

Trover, *n.* কুড়াইয়া পাওয়া বা অন্যরূপে হস্তগত পরদ্রব্যের দখল; The gaining possession of any goods.

Trow, trō, *v. i.* বিশ্বাস-কৃ, অনুমান-কৃ; বোধ-কৃ. To believe; to think

Trowel, trow'el, *n.* কর্ণিক; রাজমিস্ত্রীর যন্ত্র, খনিত্র বিশেষ; A tool used in spreading morter and in gardening.

Lay on with a trowel—কর্ণিক দিয়া চাপান:—অত্যন্ত তোষামোদ-কৃ।

Trowsers—See Trousers.

Troy, troy, **Troy-weight,** troy-wāt, *n.* স্বর্ণাদির তৌলমান; ওজন বিশেষ, The weight used by goldsmith and jewllers.

Truant, trōō'ant, *n.* অলস বেয়াড়া ছেলে; বয়াটে ছেলে, যে ছেলে বিদ্যালয়ে না যাইয়া পলাইয়া বেড়ায়; An idler; a boy who idly or without excuse, stays away from school —*a.* পলাতক; অলস; Loitering; idle.

To play truant—বিদ্যালয় হইতে পলাইয়া বেড়ান।

Truce, trōōs, *n.* ক্ষণিক বিরতি, বিরাম; অল্পকালের জন্য শান্তি; সন্ধি প্রস্তাব; A temporary peace or cessation of hostilities. *Syn* :—Armistice, short rest, intermission, cessation.

A flag of truce—শ্বেত পতাকা।

Truck, truk, *v t.* বিনিময়-কৃ; বদল-কৃ; To barter; to exchange.—*v. i* বিনিময়ে ব্যবসা-কৃ; To traffic by exchange:—*n* বিনিময়, পরিবর্তন; বদল, ব্যবসায়; কারবার; Exchange of goods, barter — শকট, (রেলের) মালের গাড়ি, A cart.

Truckage, trukāj, *n.* বিনিময় কার্য, দ্রব্য বিনিময়, The practice of bartering goods:—রেলওয়ে শকটে শুল্ক ভার বহনের ভাড়া, Charge for conveyance on a truck.

Truckle, trukl, *v. i.* [Ger. *truggeln*, to flatter] অন্যের সম্পূর্ণ বশীভূত-হ, অধীন-হ; নীচভাবে কার্য-কৃ, To yield meanly, to act with servility:—*n.* ছোট চাকা; A small wheel, a caster. *Syn* —(*v*) Submit, cringe, crouch, knuckle.

Truckle-bed, trukl-bed, *n.* চাকাদার নিচু খাট, A low bed that runs on wheels.

Truck-system, *n.* শ্রমিকদিগের বেতন টাকায় না দিয়া জিনিসে দিবার রীতি বা ব্যবস্থা, মজুরদিগকে অর্থের বদলে দ্রব্যে তাহাদের পারিশ্রমিক দিবার রীতি; The practice of paying workmen in goods instead of money.

Truculent, trōō'kū-lent, *a.* নিষ্ঠুর, ক্রূর; নির্দয়, Cruel; savage; barbarous:—ভয়ঙ্কর; ভীষণ; Fierce; ferocious. *n*=truculence (অসভ্যতা, ক্রূরতা); *ad*=truculently (অসভ্যভাবে; ক্রূরভাবে)। *Syn* :—Fell, barbarous, ruthless, bloodthirsty.

Trudge, truj, *v. i.* আস্তে আস্তে চলা, কষ্টে গমন-কৃ, শ্রান্ত হইয়া চলা; To travel with labour; to walk slowly on foot; to walk with labour.

True, trōō, *a.* সত্য; প্রকৃত; যথার্থ; Not false; agreeing with fact.—বিশ্বস্ত; বিশ্বাসী; Faithful; trusty:—ঠিক; সত্যনিষ্ঠ; নির্ভুল; Right; exact; certain:—ন্যায়বান; Honest:—আসল; অকৃত্রিম; Genuine:—বিশুদ্ধ; Pure. *n*=trueness (যথার্থতা; প্রকৃতত্ব)। *Syn* :—Real, actual, veritable; accurate, correct; veracious, truthful, sincere, upright, honest, pure; constant, steady, loyal.

Be true of—কোন বিষয় বা কাহারও সম্বন্ধে ঠিক খাটা; Be true or correct in regard to.

Be true to oneself—নিজ বিশ্বাসানুসারে কার্য-কৃ; স্বভাবানুরূপ কার্য-কৃ; Be faithful to one's convictions, act conformably to:—দৃঢ়রূপে কাহার পক্ষ বা কোন নীতি অবলম্বন-কৃ; Be faithful to.

Out of true—হেলানিয়া, ঠিক খাড়া নহে।

True to nature—স্বাভাবিক, Natural.

True to one's words—সত্যসন্ধ; যে কথা সেই কাজকরণশীল। [steadfastness.

True blue, *a* সৎ; Of inflexible honesty and

True-born, *a* সুজাত।

True-bred, *a.* সুশিক্ষিত; আসল।

True-hearted, *a.* বিশ্বাসী; সরল; অকপট; সাধু, Faithful. [loving.

True-love, *n.* প্রেমিক; One truly loved or

True-love knot, *n.* Knot of so many interwoven lines that it is hard to untie it.

True-penny, *n.* সৎ লোক; Honest fellow.

True-souled, *a.* সরল; Sincere.

Truffle, *n.* মৃত্তিকার অভ্যন্তরজাত ছত্রক বিশেষ; A roundish underground fungus used in cookery. *a*=truffled.

Truism, troo'izm, *n* স্বতঃসিদ্ধ সত্য; A plain or self-evident truth.—নিঃসন্দেহ বাক্য; An undoubted truth; a self evident. *Syn* :—Commonplace, platitude [strumpet.

Trull, *n.* দুষ্ট নারী, বেশ্যা; পুংশ্চলী, A drab; a

Truly, *ad* যথার্থরূপে, ঠিক, ঠিকঠাক; যথাযথভাবে, বাস্তবিকই, Exactly, justly:—বিশ্বস্তভাবে, Faithfully, sincerely —সাধুভাবে, Honestly.

Trump, trump, *n.* তুরী; A trumpet:—তুরুপ; (তাস খেলার রঙ), A winning card; the card that wins —ভাল লোক, বেশ লোক, A good fellow:—*v t* তুরুপ মারা, To play a trump card:—*v t.* তুরুপ করিয়া লওয়া, To play a trump card upon.

To hold trumps—(রঙ থাকায়) হাত ভাল-হ; সৌভাগ্যবান থাকা।

To put to one's trumps—যথাসাধ্য চেষ্টা-কৃ।

To reduce to the trumps—To reduce to the last expedient or the utmost exertion of power [উপস্থিত-কৃ; To devise, to fabricate.

Trump up—কল্পিত-কৃ; উদ্ভাবন-কৃ, গড়া; সাজাইয়া

Trump-card—তুরুপ সর্বোৎকৃষ্ট উদ্যম; The card that wins; winning card, the successful venture or effort; the best effort.

Hold the trump-card—কোন বিশেষ ক্ষমতা হাতে থাকা, Have some great power in one's hands.

Play one's trump-card—জয়াশা বিলক্ষণ আছে এমনতর উপায় হাতে থাকা (যে তাসে বাজি জেতা যায় তাই বাহির-কৃ); পাকা চাল চালা; তুরুপ ছাড়া; Employ measures having the best chance of success.

Trumpery, trump'er-e, *n.* বাজে কথা; Boastful or empty talk:—মিথ্যা; Falsehood:—তুচ্ছ পদার্থ; Trifles:—প্রতারণা; প্রবঞ্চনা; Deception:—তুচ্ছ বিষয়; Worthless but showy matter:—*a.* অসার;

তুচ্ছ ; ঠকানিয়া ; Worthless ; deceitful ; paltry. *Syn* :—(*n*) Trash, rubbish, nonsense.

Trumpet, trump'et, *n.* তূরী ; শিঙ্গা ; রণশৃঙ্গ ; A wind instrument of music :—প্রশংসাকারক ; One who praises :—*v. t.* প্রচার-কৃ ; To publish :—প্রশংসাবাদ-কৃ ; প্রশংসা-কৃ ; To sound the praises of :—তূরী দ্বারা ঘোষণা-কৃ ; রণশৃঙ্গ বাজান ; ধ্বনিত-কৃ ; To proclaim by sound of trumpet.

A speaking trumpet—মুখে উচ্চারিত শব্দ উচ্চৈঃস্বর করিবার জন্য শৃঙ্গবৎ যন্ত্র বিশেষ।

Blow one's own trumpet—নিজের গুণ নিজে গাওয়া, আপনার প্রশংসা আপনিই-কৃ ; Speak boastfully of one's own deeds.

Flourish of trumpets—আড়ম্বর ; Ostentatious and noisy display of one's importance.

Trumpeter, trump'et-ér, *n.* তূরীবাদক ; Blower of a trumpet :—প্রশংসাকারী ; প্রচারক ; Praiser ; one who denounces :—কপোতবৎ পক্ষিবিশেষ ; A kind of pigeon. [fish.

Trumpet-fish, *n.* সামুদ্রিক মৎস্য বিশেষ ; A sea-

Trumpet-flower, *n.* ধুতুরা ফুল।

Trumpet-shaped, *a.* ধুতুরা ফুলাকার।

Trumpet-tongued, trump'et-tungd, *a.* উচ্চশব্দবিশিষ্ট ; উচ্চৈঃস্বর, ভীমনাদী ; উচ্চকণ্ঠ ; Having a tongue or voice loud as a trumpet.

Truncate, *v. t.* কর্ত্তন-কৃ, কাটা ; ছাঁটা ; To cut off, to lop, to maim :—*a.* যে পাতার ধার কাটা কাটা। *n* =trancation.

Truncheon, trunshun, *n.* আসাসোঁটা ; মুষল ; দণ্ড ; যষ্টি ; ক্ষুদ্র লগুড়, A short staff, cudgel ; genaral's baton —*v t.* যষ্টি প্রহার-কৃ ; To beat with a truncheon ; to cudgel. *Syn* .—(*n*) Cudgel, club, baton, partisan.

Trundle, trundl, *n* চাকা ; A little wheel ; a track —গোল দ্রব্য, A round body :—*v t* চাকার উপর গড়াইয়া চালান, To roll, as on wheels :—*v i* চাকার উপর গড়াইয়া-যা ; To roll.

Trundle-bed, trundl-bed, *n.* চক্রোপরিস্থ শয্যা ; A bed moving on low wheels ; a truckle-bed.

Trunk, trungk, *n.* গাছের গুঁড়ি, বৃক্ষকাণ্ড ; The steam of a tree :—অঙ্গহীন শরীর, হস্তাদিশূন্য শরীর ; ধড়, The body of an animal apart from the limbs :—হস্তিশুণ্ড ; শুঁড় ; The proboscis of an elephant :—স্তম্ভের কাণ্ড ; The shaft of a column : —লম্বা নল, Hollow shaft :—তোরঙ্গ, পেটিরা ; A chest for clothes :—বস্তুর প্রধান ভাগ ; The main body of anything :—*a* প্রধান ; Main ; central, chief. *Syn* :—Stem, stalk ; body ; proboscis, snout ; chest, box, portmanteau.

Headless trunk—কবন্ধ।

Trunked, *a.* কাণ্ডবিশিষ্ট, Having a trunk.

Trunk-hose, *n.* পা-জামা বিশেষ ; Large breeches.

Trunk-line, trungk-lin, *n.* লৌহবর্ত্মের প্রধান পথ ; Main line of a railway or canal.

Trunnion, *n.* গাড়ির উপরে লাগাইবার নিমিত্ত কামানের কীলক ; A knob projecting on each side of a gun, and serving to support it on the carriage.

Truss, trus, *n.* অন্ত্রবৃদ্ধি রোগে ব্যবহৃত বন্ধনী ; Bandage used in cases of hernia :—আঁটি, ঘাসের বোঝা ; মোট ; রাশি ; A bundle of hay ; a bundle :—*v. i.* দৃঢ়রূপে আবদ্ধ-কৃ ; বাঁধা ; বন্ধন-কৃ ; To bound up ; to pack close :—গাঁট বাঁধা ; To furnish with a truss.

Truss up—আঁটসাঁট করিয়া বাঁধা।

Trust, trust, *n.* প্রত্যয় ; বিশ্বাস ; Confidence ; belief :—বিশ্বাস ; নির্ভর, Faith :—ধার ; ভবিষ্যতে দাম দিবে এই আশায় মাল সরবরাহ ; Credit on promise of payment :—আশা ; ভরসা ; Hope :—জিম্মা ; ন্যস্ত দ্রব্য ; অপরের বিষয়ে অধ্যক্ষতা ; Something committed to one's faith :—দায়িত্ব ; ভার ; Charge :—বিশ্বাসভূমি, Ground of reliance :—*v. t.* বিশ্বাস-কৃ ; To believe :—হাওলাতে বেচা ; ধারে বিক্রয়-কৃ ; To sell upon credit :—ন্যস্ত-কৃ ; কার্য্যভার-দে ; To commit to the care of :—প্রত্যয়-কৃ ; নির্ভর-কৃ ; To place trust in :—আশা-কৃ ; Expect :—*v. i.* নির্ভর-কৃ ; বিশ্বাস-কৃ ; Rely upon :—*a.* গচ্ছিত ; ন্যস্ত ; Held in trust. *n*=truster. *Syn* :—(*n*) Credence, assurance, expectation ; charge, deposit ; commission, duty ; credit, tick. (*v*) Depend on ; be confident, be credulous.

Hold in trust for—কোন লোকের হিতার্থে কোন সম্পত্তি নিজের হাতে রাখা ; গচ্ছিত সম্পত্তি রক্ষা-কৃ ; কোন লোকের হিতার্থে কোন ক্ষমতা ধারণ-কৃ ; Have in one's keeping for the benefit of another ; be entrusted with or stand possessed of some power in behalf of another.

Take on trust—বিনা পরীক্ষায় বিশ্বাস-কৃ ; Believe without examimation ; accept as true without proof. [নির্ভর-কৃ ; Rely on.

Trust in—বিশ্বাস-কৃ ; প্রত্যয়-কৃ ; Confide in :—

Trust to—নির্ভর-কৃ ; Rely on :—কাহারও হাতে অর্পণ-কৃ, Entrust to.

Trust to a broken reed—নিরর্থক আশা-কৃ ; Rely upon that which is weak and deceptive ; to expect vainly. [to chance.

Trust to the chapter of accidents—Trust

Trust deed—যে দলিলে কোনও সম্পত্তি অন্যের তত্ত্বাবধানে রাখা হয়।

Trustee, trus-te', *n.* অছি ; যাহার হস্তে কোন সম্পত্তি ন্যস্ত করা হয় ; যাহার কাছে বিশ্বাসপূর্ব্বক কোন ধনসম্পত্তি গচ্ছিত রাখা হয়, গচ্ছিত সম্পত্তির তত্ত্বাবধায়ক ; জিম্মাদার ন্যাসকারী, One to whom the management of a property is committed.

Trustful, trust'fool, *a.* বিশ্বাসযোগ্য ; বিশ্বস্ত ; Worthy of trust :—বিশ্বাসী, বিশ্বাসকারী ; Faithful.

Trustless, *a.* অবিশ্বস্ত ; Faithless.

Trust-worthy, trust'wur-thi, *a.* বিশ্বাসযোগ্য ; বিশ্বাস্য ; বিশ্বাসভাজন ; বিশ্বস্ত, Worthy of trust or confidence.

Trusty, truste, *a.* সৎ ; সাধু, বিশ্বাসী ; বিশ্বাসের উপযুক্ত ; Honest ; faithful ; trustworthy ; reliable :—বলবান ; দৃঢ় ; Strong, firm. *n*=trustiness.

Truth, trooth, *n.* তথ্য ; সত্য ; যাথার্থ্য ; সত্যতা ; Fact ; conformity to fact or reality :—বিশ্বস্ততা ; Fidelity :—সত্যবাদিতা ; সত্যবাদিত্ব ; Veracity :—সত্যধর্ম্ম। *Syn* :—Fact, reality, verity, principle, law, axiom ; truthfulness, honesty, veracity, sincerity, integrity ; faithfulness, fidelity, constancy, exactness, accuracy, precision.

In truth—বাস্তবিক ; প্রকৃতপক্ষে ; বস্তুতঃ ; In reality, in fact. [বাস্তবিক, In reality ; certainly.

Of a truth, For a truth—নিঃসন্দেহ ; নিশ্চয়ই ;

To do truth—ঈশ্বরের আজ্ঞা পালন-কৃ।

To tell the truth, If the truth must be told—আসল কথা বলিতে গেলে ; বলিতে কি ; সত্য বা

প্রকৃত কথা বলিতে হইলে ; If what is really the case is to be mentioned.

Truthful, trōōthfōōl, *a.* সত্যবাদী ; সত্যপ্রিয় ; সত্যপূর্ণ ; যথার্থ ; Conformable to truth :—বিশ্বাসযোগ্য ; Reliable. *ad*=truthfully (সত্যবাদপূর্ব্বক) ; *n*= truthfulness (সত্যবাদিতা) । *Syn* :—Correct, true, accurate ; veracious, honest, candid, sincere, reliable, trustworthy.

Truthless, trōōthles, *a.* সত্যহীন ; Destitute of truth. *Syn* :—False, untrue ; unreliable, untrustworthy, unveracious, lying.

Try, tri, *v. t.* চেষ্টা-কৃ ; To attempt :—পরীক্ষা-কৃ ; প্রমাণ-কৃ ; To examine ; to test :—অনুভব-কৃ ; To experience :—বিচার-কৃ ; To examine, as a judge : —বিশুদ্ধ-কৃ ; নির্ম্মল-কৃ ; পরিষ্কার-কৃ ; To purify :— প্রলোভিত-কৃ ; To tempt :—মীমাংসা-কৃ ; স্থির-কৃ ; To decide :—পীড়িত-কৃ ; To strain :—*v. i.* চেষ্টা করা ; চেষ্টা করিয়া দেখা ; যত্ন-কৃ ; To endeavour ; to make an effort. *Syn* :—Endeavour, strive, struggle, labour, aim ; test, prove.

Try back—পিছু হাটিয়া অনুসন্ধান-কৃ ।

Try conclusions with—কাহারও সহিত পাছড়াপাছড়ি করিয়া দেখা ।

Try it on—কতদূর হয় চেষ্টা করিয়া দেখা ।

Try on—চেষ্টা-কৃ ; গায়ে হয় কি না পরিয়া দেখা ।

Try one's hand—চেষ্টা-কৃ ; হাত লাগাইয়া দেখা ; Attempt.

Try one's luck (fortune or chance)— অদৃষ্ট পরীক্ষা-কৃ ; অদৃষ্ট খোলে কিনা দেখা ; ভাগ্য পরীক্ষা করিয়া দেখা ; Attempt something the issue of which is particularly uncertain ; see if fortune will favour one.

Try the eyes to—To over exert or strain the eyes.

Trying, trī'ing, *a.* পরীক্ষাকারী ; Adopted to try ; examining :—কঠোর : কঠিন ; Searching ; severe : —কষ্টকর ; ক্লেশদায়ক ; Painful. *Syn* :—Testing, proving ; afflicting, grievous, distressing, hard.

Trysail, *n.* পাইল বিশেষ ; A fore-and-aft sail.

Tryst, *n.* মিলিবার কথা , মিলনার্থ সঙ্কেত স্থান ; An appointment to meet ; appointed place of meeting.

Bide tryst—কাহারও সহিত নির্দ্দিষ্ট সময়ে মিলিবার নিমিত্ত সঙ্কেত-স্থানে অপেক্ষা-কৃ ।

Trysting, *n.* নির্দ্দেশ ; সঙ্কেত ।

A trysting day—পূর্ব্বনির্দ্দিষ্ট যে দিনে সঙ্কেতস্থানে সমবেত হয় তাহা ।

Tsar, zar, *n.* রুশিয়ার সম্রাটের উপাধি ; Czar.

Tsetse, *n.* দক্ষিণ আফ্রিকাস্থ মক্ষিকা বিশেষ ; An African fly.

Tub, tub, *n.* টব ; কেটো ; কেটুয়া ; বাক্স ; Half cork of wood or large pail ; an open wooden vessel ; small cork. *a*=tubby.

A tale of a tub—বাজে গল্প ।

Tube, tūb, *n.* নল ; চুঙ্গী ; চোঙ্গ ; Pipe :—প্রণালী ; খাল ; A canal :—*v. t.* চোঙ্গ বসান ; নলবিশিষ্ট-কৃ ; Furnish with tube.

Tuber, tū'bėr, *n.* কন্দ ; মোটা শিকড় ; মূল ; আলু ; A knob in roots ; a fleshy rounded, underground root, as the potato. *a*=tuberous , tuberose (মূলবিশিষ্ট ; মূলকন্দ) ।

Tubercle, tū'bėr-kl, *n.* ব্রণ বিশেষ ; স্ফোটক ; A pimple ; small hard tumour ; disease destructive of the lungs. *a*=tubercled, tubercular (ব্রণবিশিষ্ট ; যক্ষ্মা রোগযুক্ত) ।

Tuberculosis, *n.* যাক্ষিক ব্রণ-ব্যাধি ; ফুস্ ফুস্ বা অস্থিকাদির ক্ষয়রোগ ; যক্ষ্মা ।

Tube-well, *n.* নলকূপ ।

Tubing, *n.* চোঙ্গ নির্ম্মাণ ; The act of making tubes.

Tubular, tub'ūlar, *a.* নলাকৃতি ; Having the form of a tube or pipe :—নলাকার ; নলাত্মক ; Consisting of a tube or pipe.

Tubulated, Tubulous, *a.* ক্ষুদ্র চোঙ্গবিশিষ্ট ; Furnished with a small tube.

Tubule, tūbūl, *n.* ক্ষুদ্র নল ; A small tube or pipe.

Tuck, tuk, *n.* জামার ভাঁজ ; পোষাকের ভাঁজ ; A horizontal sewed fold in a garment :—ঘন জাল : —সুখাদ্য :—*v. t.* ভাঁজ-কৃ ; জড়ান ; To fold under :— গুটান ; গুড়ান ; To gather up :—আবৃত-কৃ ; To inclose by pushing the clothes closely around.

Tucker, *n.* স্ত্রীলোকের বুকের কাপড় ; A cloth for covering the bosom of women.

Truck-net, *n.* ছোট জাল ।

Tuck-shop, *n.* ময়রার দোকান ।

Tuesday, tūzda, *n.* মঙ্গলবার , The third day of the week.

Tuff, *n.* সচ্ছিদ্র শিলামাত্র ; Any soft or porous rock.

Tuft, tuft, *n.* কেশগুচ্ছ ; Knob, bunch, a lock of hair, feathers &c. :—ঘাস বা পুষ্পের গুচ্ছ ; স্তবক ; গুচ্ছ ; গোছা ; থোবা ; ঝাড় , Cluster of grass &c. , a dense head of flowers :—*v. t.* গোছা-কৃ ; থোবা দিয়া সাজান ; স্তবকে স্তবকে ভাগ-কৃ , To separate into tufts, to adorn with tufts. *Syn* :—(*n*) Knot, bunch , cluster, clump ; crest, plume.

Tufted, *a.* গুচ্ছিত ; বুটনদার থোবাবিশিষ্ট ; ঝাড় বাঁধা ।

Tuft-hunter, tuft-hunt'ėr, *n.* বড়লোকের সহচর ; খোসামোদকারী ; One who runs after men of title, parasite , a mean hanger-on of the great.

Vesicle, vese-kl, *n.* [L. *vesicula*, diminutive of *visica*, a bladder] ফোস্কা ; ক্ষুদ্র জলপূর্ণ কোষ ; Blister :—বায়ু কোষ ; Little air-bladder :—কোষ, বুদ্বুদ ; Small membraneous cavity. *a*=vesiculous, vesicular (ফোস্কা বা কোষ সম্বন্ধীয়)। *Syn* :—Cyst, cell, bladder.
Vesper, vesper, *n.* সন্ধ্যার তারা ; সেঁজো শুকতারা ; The evening star ; Venus :—*pl.* সন্ধ্যাকালীন পূজা বা উপাসনা ; Evening service :—*a.* সন্ধ্যাকালীন।
Vessel, vesel, *n.* পান-পাত্র ; পাত্র ; Cask for holding liquids ; a utensil :—জাহাজাদি ; Ship or boat :—নল ; শিরা ; A tube.
The weaken vessel—অবলা নারী :—মাটীর ভাঁড়।
Vessel of honour—A person whose name is to be remembered with honour.
Vest, vest, *n.* [L. *vestis*, a garment] অঙ্গবাখা ; পরিচ্ছদ, A dress ; garment :—হাতকাটা জামা বা ফতুয়া ; জামা, Waist-coat :—*v. t.* কাপড় পরান ; ভূষিত-কৃ ; সজ্জিত-কৃ ; To clothe ; to dress :—অর্পণ-কৃ, To invest. *Syn* :—(*n*) Vesture, robe.
Vest in—টাকা খাটান ; Invest in :—কাহারও হস্তে ন্যস্ত-কৃ ; Place in the hands of :—পুরুষানুক্রমে আইসা ; Come to by succession :—কাপড় পরান ; Clothe in :—দখল-দে ; দখলে আসা ; Put in possession ; confer on. [clothe with.
Vest with—সজ্জিত-কৃ ; ভূষিত-কৃ ; Furnish or
Vesta, vesta, *n.* The Roman goddess of health or fire ; the goddess of the flocks and herd. Her temple contained a sacred fire, tended by Virgins and never permitted to go out. *pl*= vestas.
Vestal, vestal, *n.* Virgin nun consecrated to Vesta :—*a.* পবিত্র ; সতী ; বিশুদ্ধস্বভাব ; Of or belonging to Vesta : chaste ; pure.
Vested, *a.* স্থায়ী ; Not liable to be set aside ; having a fixed right.
Vested rights (*or* **interests**)—যে সত্ত্বের অধিকারী আছে এবং যাহা চলিয়া আসিতেছে ; নির্দ্দিষ্ট, স্থির বা কায়েমি স্বত্ব, Rights which are not in a state of contingency, existing and fixed rights.

Vestibule, veste-bul, *n.* দেওড়ি ; বারেণ্ডা ; The porch :—দালান ; বারান্দা ; Hall :—কর্ণের কুড় বিবর ; A small bony cavity forming part of the ear. *Syn* :—Portico ; lobby ; ante-room.

Vestige, vestij, *n.* পদচিহ্ন ; Footstep :—চিহ্ন ; নিদর্শন ; Trace ; remains of something. *Syn* :—Footprint, trace, indication, sign, token ; remnant, residue, remainder.

Vestment, vestment, *n.* পরিচ্ছদ ; পোষাক ; আচ্ছাদন বস্ত্র ; A garment ; a long outer robe :—পুরোহিতের পরিচ্ছদ ; যাজকের পোষাক ; Priest's robes.

Vestry, vestri, *n.* ধর্মমন্দিরের যে ঘরে পবিত্র বস্ত্রাদি রক্ষিত হয় ; ভজনালয়ে পরিচ্ছদ রাখিবার গৃহ ; A room appendant to a church for keeping vestments &c., and for robbing the priests :—স্থানীয় যজমান-সভা ; Body of assembled parishioners.

Vesture, vestūr, *n.* [F. *veture*, dress] বস্ত্র ; পরিচ্ছদ ; পোষাক ; A garment ; dress :—আবরণ, Covering. *Syn* :—Robe, apparel, habit, vestment, clothing, attire, costume, raiment.

Vesuvian, *n* দীপশলাকা বিশেষ ; A kind of match.

Vetch, *n.* কলাই মুগ প্রভৃতি শস্য বিশেষ, A genus of plant.

Veteran, vetér-an, *a.* নিপুণ, পাকা ; দক্ষ, Experienced :—*n.* বৃদ্ধ সৈনিক ; প্রবীণ সৈন্য, Old soldier :—অভিজ্ঞ ব্যক্তি, Experienced man.

Veterinarian, vet-er-in-ā'ri-an, *n.* পশু-চিকিৎসক ; অশ্ব-গবাদির বৈদ্য, One skilled in the diseases of domestic animals.

Veterinary, veter-in-ar-i, *a.* পশু চিকিৎসা সম্বন্ধীয়, গৃহপালিত জন্তুর চিকিৎসা সম্বন্ধীয়, Pertaining to the art of healing cattle-diseases.

Veto, vē'to, *n.* বারণ, নিষেধ ; Any authoritative prohibition ; power in a chief magistrate of stopping the enactment of law —*v. t* মত না-দে, প্রতিষেধ-কৃ ; বারণ-কৃ, অন্যথা-কৃ ; To reject by a vote ; to forbid ; to withold assent to. *pl*= vetoes.

Put a veto on—আইন বিধিবদ্ধ হইতে না-দে ; কোন আইন বিধিবদ্ধ হইতে না দেওয়া, To reject a bill that has been passed ; negative a bill that has passed other branches of the legislature :—নিষেধ-কৃ ; Prohibit authoritatively.

Vex, veks, *v. t.* [L. *vexare*, to shake] বিরক্ত-কৃ, ত্যক্ত-কৃ ; বেজার-কৃ ; To tease ; harass ; torment, fret ; mortify ; trouble. *Syn* .—Torment, plague, harass, worry, provoke, irritate, offend, distress, afflict ; weary, pester, bother ; disturb, agitate, disquiet.

Vexation, veks-āshun, *n.* বিরক্তি ; জ্বালা ; যন্ত্রণা ; A teasing annoyance ; state of being disturbed. *Syn* :—Irritation, chagrin, displeasure, mortification, grief, sorrow, distress ; torment, plague, annoyance, bother.

Vexatious, veks-āshe-us, *a.* বিরক্তিকর ; ক্লেশদায়ক ; যন্ত্রণাপূর্ণ ; Teasing ; causing vexation ; distressing. *ad*=vexatiously (বিরক্তিকর ভাবে)। *Syn* :—Provoking, irritating, harassing, annoying, teasing, troublesome, painful.

Vexatious suit—যে মোকদ্দমা হয়রাণ করিবার নিমিত্ত চালান হয়।

Vexed, vekst, *a.* বিরক্ত ; অতি তর্কিত ; Disturbed ; agitated. *Syn* :—Troubled, irritated, provoked, annoyed ; disputed, contested.

Vexed question—যে বিষয় সহজে মীমাংসিত হয় না ; যে বিষয়ে তর্কবিতর্ক হইয়াছে তাহা ; A question difficult of decision and causing much discussion.

Via, *pre.* পথ দিয়া হইয়া ; By way of.

Viaduct, vi'a-duct, *n.* সেতু ; পোল ; Bridge.

Vial, vi'al, *n.* শিশি ; কাচপাত্র, Small bottle, phial.

Vials of wrath—ক্রোধাগ্নি বর্ষণ ; Vengeance, the execution of wrath on the underserving.

Viand, vi'and, *n.* খাদ্য ; ভোজ্যদ্রব্য ; Food, (usually in *pl*) খাদ্যদ্রব্য, Articles for food.

Viaticum, *n.* পাথেয় ; পথের সম্বল ; Provisions to a journey :—বৈতরণি ; প্রায়শ্চিত্ত, The communion given to the dying.

Vibrate, vi'brāt, *v. i.* আন্দোলিত-হ ; দোলায়মান-হ ; হেলা ; দোলা ; To swing, to tremble ; to move :—*v. t.* আন্দোলিত-কৃ ; কম্পমান-কৃ ; অগ্র পশ্চাৎ দোলান ; To cause to shake ; to move to and fro, or from side to side ; to affect with vibratory motion. *Syn* —Oscillate, sway, fluctuate.

Vibration, vi-brāshun, *n.* দোলান ; কম্পন ; আন্দোলন ; Moving, the state of being vibrated, single oscillation.

Vibratory, vibra-tor-i, *a.* কম্পনযুক্ত, কম্পনবৎ ; আন্দোলনজনক ; Consisting in vibration ; causing vibrations ; swinging ; causing to vibrate.

Vicar, vikar, *n* প্রতিনিধি ; A deputy :—উপাচার্য্য, পল্লী পুরোহিত, যাজক বিশেষ ; The priest who supplies the place of the rector ; the priest of a parish ; the parish-priest receiving the small tithes. *n*=vicarship (গ্রাম্য ধর্মোপদেশক) ; *fem*= vicaress.

Vicarage, vikar-āj, *n.* উপাচার্য্যের বৃত্তি, উপাচার্য্যের বাসস্থান বা বাটী ; The benefice or residence of a vicar.

Vicarial, vi-kāri-al, *a.* উপাচার্য্য-সম্বন্ধীয় ; Pertaining to a vicar.

Vicariate, vi-kāri āt, *a.* দত্ত ক্ষমতাবিশিষ্ট ; প্রতিনিহিত ক্ষমতাবিশিষ্ট ; Having delegated power :—*n.* প্রদত্ত ক্ষমতা ; প্রতিনিহিত ক্ষমতা, Delegated power.

Vicarious, vi-kāre-us, *a.* প্রতিনিধি সম্বন্ধীয় ; প্রতিনিধি স্বরূপ স্থলাভিষিক্ত ; প্রতিনিধিতে অর্পিত, Performed or suffered in place of or for the sake of another ; pertaining to a substitude or deputy. *ad*= vicariously. *Syn* :—Deputed, commissioned ; substituted.

Vice, vis, *n.* অধর্ম, পাপ ; Depravity :—দোষ ; খুঁত, A fault or failing, spot ; blemish :—ব্যভিচার ; অনাচার, An immoral habit :—Fault of the old moralities :—পাক সাঁড়াশী ; Iron screw tool to hold things fast when filled :—*pre.* স্থলে ; পদে ; In the place of. *Syn* :—(*n*) Defect, imperfection ; crime, sin, iniquity, wickedness, immorality, evil.

Vice-admiral, vis-admi-ral, *n.* নৌ-সেনার দ্বিতীয় অধ্যক্ষ, Officer next under an admiral.

Vice-admiralty, *n.* ভাইস্ এড্মিরেলের পদ ; Jurisdiction of a vice-admiral.

Vice-chanceller, vis-chansel-or, *n.* বিশ্ববিদ্যালয়ের উপাধ্যক্ষ ; One acting for or next in rank to a *chanceller*.

Vicegerency, *n.* প্রতিনিধিত্ব ; The office or deputed power of a vice-gerent.

Vice-man, *n.* কর্মকার।

Vicennial, *n.* বিংশতিবর্ষ স্থায়ী।

Vice-president, *n.* দ্বিতীয় সভাপতি ; সহকারী [সভাপতি।

Viceregal, *n.* রাজপ্রতিনিধি সম্বন্ধীয় ; Pertaining to a viceroyalty.

Vice regent, vis-re'jent, *a.* স্থলাভিষিক্ত, Having delegated power :—*n.* প্রতিনিধি, One acting in place of a superior, lieutenant. *n*=vice-regency (প্রতিনিধিত্ব)।

Viceroy, vis'roy, *n* [L. *vice*, in the place of, and *rex*, king] রাজপ্রতিনিধি ; Governor of a kingdom, one who rules in place of a king. *a*=viceregal (রাজপ্রতিনিধি সম্বন্ধীয়)।

Vice-royalty, vis-roy'al-ti, **Viceroy-ship,** vis'roy-ship, *n.* রাজপ্রতিনিধির পদ বা অধিকার. The office or jurisdiction of a viceroy

Vice versa—বিপরীত প্রক্রিয়াবশে ; বর্ষক্রমে, পাল্টাভাবে, The reverse takes place, contrarywise

Vicinage, vis'in-aj, *n.* নিকটবর্ত্তী স্থান ; Neighbourhood, place near.

Vicinity, ve-sine-te *n* নৈকট্য ; সামীপ্য ; সান্নিধ্য, Nearness :—নিকটবর্ত্তী স্থান, পাড়া, Neighbourhood *Syn* :—Propinquity proximity, vicinage

In the vicinity of—নিকটে।

Vicious, vishus, *a* পাপিষ্ঠ, পাপাত্মক Deprived, corrupt —দুষ্ট Faulty *ad*=viciously (দুষ্টভাবে) *n*=viciousness (দুষ্টতা)। *Syn* —Defective imperfective, faulty foul, unhealthy, wicked, depraved, bad, immoral sinful, debased, degraded, abandoned, profligate, contrary, unruly, refractory

Viciousness, vi hus-ness, *n.* দুষ্টতা, পাপিষ্ঠতা, Corruptness of moral principles or practice *Syn* —Badness, wickedness, immorality, profligacy

Vicissitude, ve-sis'e-tud, *n.* [L. *vicissitudo*, from *vicis*, change] অবস্থা বা ভাগ্য পরিবর্তন, ক্রমিক গমনাগমন ; Change, revolution *Syn* —Alternation, interchange, mutation, variation

Victim, viktim, *n* [L *victima*, a beast of sacrifice] বলি, দেবতার নিকট পশুবধ ; A living being offered as a sacrifice ; offering —*v t* বলি-দে, Sacrifice. *Syn* —(*n*) Sacrifice, sufferer, dupe, gull

Fall a victim to—নষ্ট হ, Be destroyed by.

Victimise, viktim-iz, *v. t* সংহার-কৃ, বিনষ্ট-কৃ, To make a victim of, to destroy —প্রতারণা-কৃ ; To cheat.

Victor, viktor, *n* [L, from *vincere*, *victum*, to vanquish] জেতা, বিজয়ী, A winner ; one who conquers in war. *fem*=victress. *Syn* — Vanquisher, gainer

Victoria, *n.* রোমানদিগের দেবতা বিশেষ ;—গাড়ী [বিশেষ।

Victorious, vik-to're-us, *a.* জয়ী ; জয়যুক্ত, বিজয়সূচক ; Relating to victory, having overcome an enemy ; winning, triumphant. *ad*=victoriously. *Syn* .—Conquering, vanquishing, successful.

Victory, vikto-re, *n.* জয়, বিজয় ; সিদ্ধি, A conquering, success in any contest ; a battle gained. *Syn* :—Conquest, triumph, success ; mastery, superiority.

Victual, vit'l, *v. t.* আহার যোগান ; খাদ্যদ্রব্য আয়োজন করিয়া-দে ; To supply with victuals or food ; to store with provisions

Victuals, vit'lz, *n. pl.* খাদ্য ; খাদ্যদ্রব্য, রসদ ; খোরাক ; Food ; meat. *Syn* :—Viands, provisions, bread.

Vide, *v.* দর্শন কর, দেখ। [as of accounts &c.

Vidimus, *n* (হিসাবাদির) পরীক্ষা, An inspection,

Vie, vi, *v. i.* প্রতিদ্বন্দ্বী-হ, Contend for superiority, rival *Syn* .—Strive, contest, compete.

Vie with—কোন বিষয়ে অন্যের চেয়ে শ্রেষ্ঠ হইবার চেষ্টা-কৃ, Contend with a man in order to surpass him.

View, vu, *n.* [F. *vue*, from *voir*, to see] দর্শন ; দৃষ্টি, Sight :—দৃষ্টির দৌড়, Reach of sight :—দৃশ্য, Landscape —মত, Opinion :—অভিপ্রায় ; Design :—*v* ; দর্শন-কৃ, দেখা ; অবলোকন-কৃ ; To see, to behold, to inspect *n*=viewer (দর্শক)। *Syn* : —(*n*) Survey, examination, inspection, scene, prospect, vista, perspective ; sketch, picture ; aim, intention, purpose, end, judgment, impression, sentiment, notion, belief (*v*) Behold, eye, survey, scan, explore, contemplate, inspect, examine consider, regard, ponder

Be in view—দৃষ্টিপথে থাকা।

Command a view of—যেখান হইতে বেশ দেখা যায় এমন স্থানে থাকা, Be in a situation from which something may be easily seen.

Enter into one's views —কাহারও মত অবলম্বন-কৃ, কাহারও সিদ্ধান্ত অবলম্বন কৃ, Accept the view held by one, share in the views held by one.

Field of view—The whole extent seen.

Have in view—মনে মনে (কোন বিষয়ের প্রতি) লক্ষ্য রাখা, Have in one's mind some object, aim or design

Keep in view—(কোন বিষয় বা উদ্দেশ্যের প্রতি) লক্ষ্য রাখা, Keep in one's mind some object, aim or design

In a point of view, viewed in this or **that light**—অমুক দিক হইতে দেখিলে, অমুক বিষয় ধরিয়া বিচার করিলে, Viewed or considered in a light or aspect, from considerations of a character. [judgment or opinion.

In one's view—কাহারও মতে বা চক্ষে. In one's

In view of—কোন কিছুর উদ্দেশ্যে ঘটিবে বুঝিয়া, হইবে ধরিয়া, In anticipation of, having in view.

Point of view, *n.* যে দিক হইতে দেখা যায় ; The direction from which a thing is seen.

Take a bird's-eye view of—উড্ডীয়মান পক্ষীর মত উপর উপর দেখা, উপর উপর দেখা ; ভাসা ভাসা দেখা ; Take a superficial view of ; take a glance of something without entering into details.

With a view to—এই উদ্দেশ্যে যে, কোন উদ্দেশ্যে ; For the purpose of, with the object of effecting.

Viewless, vu'les, *a.* অদৃশ্য ; অদর্শনীয় ; Invisible. *Syn* :—Imperceptible, impalpable, indiscernible.

Vigil, vijil, *n.* জাগরণ, নিদ্রাত্যাগ. Watch watchfulness, watching, forbearance of sleep : —ধর্ম্ম সাধনার্থ জাগরণ, Waking for religious exer-

-cilies :—উৎসবের পূর্ব্ববর্ত্তী রাত্র ; উৎসব বা উপবাসের পূর্ব্বের সন্ধ্যাকাল ; The eve before a feast or fast day.

Vigilance, vij'il-ans, *n.* জাগরিতাবস্থা ; সতর্কতা ; Wakefulness ; watchfulness ; circumspection.

Vigilant, vij'il-ant, *a.* [L. *vigilare*, to watch] সতর্ক ; সাবধান ; জাগরূক ; Watchful ; circumspect ; wakeful. *ad*=vigilantly (সাবধানে) । *Syn* :—Wakeful, cautious, careful.

Vignette, *n.* পুষ্পাদির চিত্র ; ক্ষুদ্র ছবি বা নক্সা ; A running ornament of vine leaves.

Vigorous, vig'or-us, *a.* তেজস্বী ; বলবান ; সতেজ ; Strong ; energetic. *ad*=vigorously (প্রবলরূপে ; জোরে) ; *n*=vigorousness (বলবত্তা ; শক্তিশালিতা) । *Syn* :—Powerful, forcible, intense ; energetic, efficient, effective, impetuous, pushing, pressing, enterprising, active, healthy, robust, sound, hardy, flourishing, thriving ; spirited, nervous, piquant, racy, impassioned.

Vigour, vig'or, *n.* [L. *vigor*, from *vigere*, to be strong] শক্তি ; বীর্য্য ; তেজস্বিতা ; কার্য্যকর বল ; তেজঃ ; Active strength ; energy. *Syn* :—Power, force, might, efficacy ; health, soundness, robustness ; liveliness, raciness, piquancy. [prate.

Viking, *n.* সমুদ্র-দস্যু , বোম্বেটে ; Scandinavian

Vile, vil, *a.* নীচ ; অধম ; ঘৃণিত ; পাপিষ্ঠ ; দুষ্ট ; Mean ; base , low ; wicked. *n*=vileness. *Syn* :—Abject, ignoble, despicable, sordid , bad, sinful, impure, vicious, abandoned ; worthless

Vileness, vilness, *n.* নীচতা ; অধমতা , The quality of being vile. *Syn* :—Baseness, meanness, foulness ; despicableness, worthlessness, sinfulness, wickedness, turpitude, knavery.

Vilify, vilefi, *v. t.* [L. *vilis*, vile, and *facere*, to make] নিন্দা-কৃ ; অপযশ-কৃ , দুর্নাম-কৃ ; To defame ; to traduce. *ns*=vilifier (নিন্দুক) ; vilification (নিন্দাবাদ) । *Syn* :—(*n*) Revile, abuse, traduce, slander, calumniate, decry. [seat or residence.

Villa, vila, *n.* গ্রাম্য বাটী ; বাগান-বাড়ী , A country

Village, vilaj, *n.* পল্লীগ্রাম ; গ্রাম , গাঁ , Collection of houses in the country less than a town.

Villager, vilaj-er, *n.* গ্রামবাসী , পাড়াগেঁয়ে লোক ; Inhabitant of a village.

Villain, vilan, *n.* চাষা ; A clownish person .—দুরাত্মা লোক ; দুর্জ্জন ; বদমাস , দুরাত্মা ; পাজি , A deliberate scoundrel , a rascal :—ভৃত্য ; A servant. *Syn* :—Serf ; rogue, knave, scamp, profligate, scoundrel, miscreant, caitiff.

Villainous, vilan-us, *a.* পাপিষ্ঠ ; নীচ ; দুর্ব্বৃত্ত ; অধম ; Depraved. *ad*=villainously. *Syn* :—Base, mean, vile , knavish, wicked, depraved, infamous, nefarious, outrageous.

Villainy, viln-i, *n.* পাপ ; নীচতা ; দুষ্টতা ; দুর্ব্বৃত্ততা ; নষ্টামি ; Extreme depravity ; an atrocious crime ; roguery.

Villanage, *n.* দাসত্ব :—চাকরান প্রজার অধিকার ।

Villein, *n.* বিস্তৃত কৃষিক্ষেত্রের ভৃত্য ; A serf attached to a villa or farm.

Vinaigratte, *n.* স্বর্ণ বা রৌপ্য নির্ম্মিত গন্ধ-পেটিকা ; A small box for holding aromatic vinegar used as a smelling-bottle.

Vincible, vinsi-bl, *a.* পরাজেয় ; জেতব্য ; Capable of being conquered ; that may be conquered. *n*=vincibility (বিজেয়তা) ।

Vinculum, ving'ku-lum, *n.* বন্ধনী ; বন্ধনী রেখা ; Bond of union ; connecting mark.

Vindicable, vindi-ka-bl, *a.* সমর্থনযোগ্য ; সমর্থনীয় ; Such as may be vindicated or defended.

Vindicate, vinde-kat, *v. t.* সমর্থন-কৃ ; রক্ষা-কৃ ; বজায়-কৃ ; প্রমাণ-কৃ ; To defend ; to justify :—বলপূর্ব্বক সমর্থন-কৃ ; To maintain by force. *Syn* :—Uphold, support, assert, claim.

Vindication, vin-de-kashun, *n.* সমর্থন ; রক্ষণ ; support :—যাথার্থ্য প্রতিপাদন ; Justification. *Syn* :—Defence, plea, excuse, apology ; advocacy, maintenance, assertion.

Vindicative, vin-dika-tiv, *a.* সমর্থনকারী ; সমর্থনশীল ; Tending to vindicate.

Vindicatory, vindi-ka-tor-i, *a.* সমর্থনকারী ; সমর্থনশীল ; Tending to vindicate.

Vindictive, vin-diktiv, *a.* প্রতিহিংসা-পরায়ণ ; বৈরকারী ; বৈরসাধন-তৎপর ; Revengeful. *ad*=vindictively (আতক্রোধ হইয়া) ; *n*=vindictiveness (বৈরসাধন-তৎপরতা) । *Syn* :—Revengeful, unforgiving, unrelenting, implacable, resentful, spiteful. [who trims vines.

Vindresser, vin-dreser, *n.* দ্রাক্ষা-কৃষি ; One

Vine, vin, *n.* দ্রাক্ষালতা ; আঙ্গুর গাছ ; A climbing plant yielding grapes ; the plant from which wine is made.

Vinegar, vine-gar, *n.* সির্কা ; An acid liquor got from fermented and vinous liquors :—*a.* টক ।

Vinery, viner-i, *n.* দ্রাক্ষালতা উৎপাদনার্থে ঘর বিশেষ ; A hot-house for rearing vines.

Vineyard, vinyard, *n.* দ্রাক্ষাক্ষেত্র ; আঙ্গুরের ক্ষেত ; আঙ্গুরের উদ্যান ; A plantation of grape-vines.

Vinous, vi'nus, *a.* মদ্যসম্বন্ধীয় ; মদিরা সদৃশ ; Pertaining to or having the qualities of wine.

Vintage, vintaj, *n.* দ্রাক্ষা-সংগ্রহকাল ; দ্রাক্ষা সংগ্রহ করিবার সময় ; The time of gathering grapes :—দ্রাক্ষ-মদিরা , Grapes of wine so obtained.

Vintner, vint'ner, *n.* শুঁড়ি , মদ্যব্যবসায়ী ; সুরাবিক্রেতা ; A dealer in wines , a wine-seller.

Viny, *a.* দ্রাক্ষালতা সমাচ্ছন্ন ।

Viol, vi'ol, *n.* বীণা ; বেহালা ; Three or six strainged musical instrument ; large violin.

Violable, *a* লঙ্ঘনীয় ; ভঙ্গনীয় ; Such as may be injured or broken.

Violate, vi'o-lat, *v. t.* লঙ্ঘন-কৃ ; উল্লঙ্ঘন-কৃ ; অপবিত্র-কৃ ; To transgress :—বলাৎকার-কৃ ; কু-ব্যবহার-কৃ ; To ravish. *n*=violator (লঙ্ঘনকারী) । *Syn* :—Invade, infringe ; disturb, interrupt ; profane, desecrate, pollute ; debauch, deflower.

Violation, vi-o-lashun, *n.* লঙ্ঘন ; ভঙ্গ ; Infringement ; transgression :—বলাৎকার ; Rape. *Syn* :—Non-observance , profanation ; desecration ; ravishment.

Violence, vi'o-lens, *n.* উগ্রতা ; প্রবলতা ; প্রচণ্ডতা ; Vehemence :—বল , Force :—বলাৎকার ; বলপ্রয়োগ ; অত্যাচার , Rape ; outrage :—আক্রমণ ; Attack ; assault :—অনিষ্ট ; Injury. *Syn* :—Impetuosity, boisterousness ; passion, fury, rage, fierceness, oppression, outrage, injustice ; acuteness, severity, intensity.

By violence—বলপ্রয়োগ দ্বারা।
To do violence on—আক্রমণ-কৃ ; হত্যা-কৃ।
To do violence to—আঘাত-কৃ ; ক্ষতি-কৃ।
Violet, vi'o-let, *n.* লতা বিশেষ ; পুষ্প বিশেষ ; A plant of many species, with its flower :—নীল লোহিত ; A mixed colour, variety of purple :—*a.* রক্তাভ ; নীল ; ধূমল ; Of the colour of the violent.
Violent, vi'o-lent, *a.* প্রবল ; প্রচণ্ড ; Vehement ; furious :—রোষপরবশ ; উগ্র ; Passionate :—অস্বাভাবিক ; অন্যায় ; Unnatural ; forced. *ad*=violently (বলপূর্ব্বক ; প্রচণ্ডরূপে)। *Syn* :—Boisterous, turbulent, impetuous, fierce ; passionate, fiery, raging, ungovernable ; unlawful ; acute, severe, poignant, intense.
Violent death—অপঘাত মৃত্যু ; Unnatural death.
Violin, *n.* বাদ্যযন্ত্র বিশেষ ; বেহালা ; A fiddle ; viol.
Violist, vi'ol-ist, *n.* বীণাবাদক ; বেহালাবাদক ; A player on the viol or on the violin.
Violoncellist, *n.* বেহালাবাদক ; A player on the violoncello.
Violoncello, *n.* বেহালা বিশেষ ; Musical instrument.
Viper, vi'per, *n.* বিষধর সর্প ; A snake whose bite is poisonous ; a poisonous raptile :—অতি নীচ লোক ; বিশ্বাসঘাতক ; খল , Any base, malicious person.
Nourish a viper in one's bosom—দুধ কলা দিয়া সাপ পোষা ; Affectionately rear up one who turns and attacks.
Viperous, vip'er-us, *a.* হিংস্রক , বিষধর ; মারাত্মক ; বিষাক্ত , Having the qualities of a viper. *Syn* :—Malignant, venomous, malevolent, rancorous, spiteful.
Virago, ve-rāgō, *n.* [L. *virago,* from *vir,* a man] যুদ্ধকারিণী নারী , স্ত্রী যোদ্ধা , A female warrior :—কলহপ্রিয়া স্ত্রী ; উগ্রচণ্ডা , A termagant :—পুরুষ সদৃশা স্ত্রী ; A man-like woman. *Syn* :—Vixen, scold, shrew.
Virgin, ver'-jin, *n.* [L. *virgo,* from *virere,* to be green.] কুমারী ; অনূঢ়া স্ত্রী ; A maid :—কন্যারাশি , Sign in the zodiac :—*a.* কৌমার ; Maidenly :—বিশুদ্ধ ; শুদ্ধ ; সাধ্বী , সতী ; Pure : fresh , chaste. *Syn* :—(*n*) Maiden ; damsel, girl. (*a*) Undefiled, modest ; fresh, new, unused.
Virgin born—কুমারী সম্ভব ; Born of maid.
Virgin Mary—Mother of Jesus Christ.
Virgin Queen—Elizabeth.
Virgin soil, *n.* অকর্ষিত ভূমি , অকৃত জমি , Untilled land.
Virginal, *n.* বাদ্যযন্ত্র বিশেষ , An old keyed musical instrument.
Virginity, ver-jini-ti, *n.* কৌমার্য্য ; অনূঢ়াবস্থা ; কুমারীত্ব , The state of being virgin ; maidenhood.
Virgo, ver'go, *n.* কন্যারাশি ; The virgin in the zodiac.
Virid, *a.* হরিৎ ; Green.
Viridity, vi-ridi-ti, *n.* হরিদ্বর্ণ ; Verdure ; greenness.
Virile, ver'il, *a.* [L. *virilis, from vir,* a man] পুরুষজাতি সম্বন্ধীয় ; পৌরুষিক ; উৎপাদনশীল ; Masculine ; manly ; belonging to a man or to the male sex. *Syn* :—(*a*) Vigorous, nervous ; procreative.
Virility, vir-ili-ty, *n.* পুরুষত্ব ; Manhood :—জননশক্তি ; The power of procreation.
Virtu, ver-too, *n.* কারু শিল্পাদি বিষয়ে অনুরাগ ; A love of the fine arts.
Virtual, ver'tū-al, [L. *virtualis,* from *virtus,* strength] কার্য্যোৎপাদনশক্তি সম্পন্ন ; কার্য্যতঃ বটে ; কিন্তু বাস্তবতঃ নয় ; Being in essence or effect, not in fact. *ad*=virtually (কার্য্যতঃ ; কার্য্যতঃ)। *Syn* :—Potential, implied, constructive, indirect.
Virtue, ver'tū, *n.* [L. *virtus,* strength] ধর্ম্ম ; পুণ্য ; Moral goodness ; right principle :—শক্তি ; বল ; Power ; force :—সতীত্ব ; Female chastity :—সাধুতা ; Purity :—গুণ ; সদ্গুণ ; Efficacy ; excellence. *a*=virtual. *Syn* :—Strength, force, potency ; excellence, morality, uprightness, worth, goodness ; purity, chastity.
By virtue of, In virtue of—কোন কিছুর বলে ; By reason of ; through the force of ; by the authority of.
Make a virtue of necessity—Do a very disagreeable thing as a duty because you must do it.
Virtuose, vir-too-ō'zo, *n.* শিল্প বিষয়ে দক্ষ ব্যক্তি ; কলাবান্ বা শিল্পবিদ্যায় পণ্ডিত ; গুণী ব্যক্তি , One skilled in the fine arts, in antiquities, curiosities and the like. *pl*=virtuosi.
Virtuous, ver'tū-us, *a.* ধার্ম্মিক ; ধর্ম্মশীল ; সৎ ; সাধু , পবিত্র ; সতী ; Blameless , righteous ; chaste (of a woman). *ad*=virtuously (ধার্ম্মিকভাবে) ; *n*=virtuousness (সাধুতা ; ধার্ম্মিকতা)। *Syn* :—Just, upright, good, moral ; pure.
Virulence, vir'ū-lens, *n.* কটুতা ; উগ্রতা ; বিষাক্ততা , তীব্রতা ; অতি তীক্ষ্ণতা ; Bitterness ; sharpneess. *Syn* :—Poisonousness, venomousness ; malignancy, rancour, acrimony.
Virulent, vir'ū-lent, *a.* বিষময় , বিষাক্ত ; Extremely poisonous :—ক্ষিপ্ত ; Maddened :—উগ্র ; তীক্ষ্ণ ; দ্বেষপরায়ণ , শত্রুতাপরায়ণ ; Spiteful ; bitter in enmity. *ad*=virulently (তীব্রভাবে)। *Syn* :—Venomous, malignant, acrimonious, rancorous, bitter.
Virus, vir'us, *n.* বিষ ; স্পর্শক্রামক বিষ ; Poison ; poisonous matter.
Vis, *n.* বল , বীর্য্য , শক্তি।
Visage, vizāj, *n.* [F. from L. *visus,* a look] মুখের আকার , আস্য , মুখ , মুখশ্রী , The face at the look. *a*=visaged. *Syn* :—Countenance, appearance.
Visavis, *n.* সম্মুখবর্ত্তী বস্তু বা ব্যক্তি :—*adv.* মুখোমুখী হইয়া।
Viscera, vesér-a, *n. pl.* দেহাভ্যন্তরস্থ অংশ ; The inner parts of animals :—অন্ত্র ; নাড়িভুঁড়ি ; The entrails.
Visceral, *a.* অন্ত্রসমূহ সম্বন্ধীয় ; Pertaining to the viscera.
Viscid, visid, *a.* আটাযুক্ত ; চট্‌চটে ; পিচ্ছিল ; আটাল ; Sticky ; glutinous ; tenancious. *n*=viscidity (চট্‌চটিয়া ভাব)। *Syn* :—Sticking, adhering, glutinous, adhesive.
Viscount, viskount. *n.* ইংলণ্ডের সম্ভ্রান্ত ব্যক্তির উপাধি ; English peer next above a baron. *fem*=viscountess.
Viscous, viskus, *a.* চট্‌চটে , আটাল ; আটাযুক্ত ; Adhesive, sticky. *Syn* :—Glutinous, clammy, tenacious, ropy.
Viscus, *n.* শারীরিক কোমল যন্ত্র। *pl*=viscera.

Visibility, *n.* দৃশ্যমানতা ; দৃষ্টিগোচরত্ব ; দর্শনীয়তা ; The state or quality of being visible.

Visible, vize-bl, *a.* সুস্পষ্ট ; Obvious :—দৃশ্যমান ; চক্ষুর্গ্রাহ্য ; দৃষ্টিগোচর ; Perceptible ; capable of being seen. *n*=visibility. *Syn* :—Discernible, apparent, manifest, evident, patent, clear, conspicuous.

Vision, vizhun, *n.* দৃষ্টি ; দর্শন ; Sight ; actual sight :—ছায়া ; ভূত ; An apparition :—কাল্পনিক বস্তু ; স্বপ্ন ; কল্পিত বিষয় ; Anything imaginary ; something seen in a dream :—দর্শনশক্তি ; চক্ষুরিন্দ্রিয় ; The sense of seeing :—ঐশিক প্রত্যাদেশ ; A divine revelation. *Syn* :—Seeing ; ghost, spectre, phanton ; dream ; delusion.

Visionary, vizhun-ar-e, *a.* অবাস্তব ; কাল্পনিক ; অসত্য ; Imaginary ; not real :—ভ্রমাত্মক। *n*=visibleness (স্পষ্টতা, চক্ষুর্গ্রাহ্যত্ব) ; *ad*=visibly (চক্ষুর্গ্রাহ্যরূপে)। *Syn* :—Imaginative, romantic, dreamy, fanciful ; fantastical, baseless, shadowy, unreal, ideal, chimerical.

Visit, *v. t.* গিয়া বা আসিয়া সাক্ষাৎ-কৃ ; To go or come to see :—দেখিতে যাওয়া বা আসা ; To call on or at :—দেখাশুনা-কৃ ; তদারক-কৃ, পরিদর্শন-কৃ ; To inspect :—*v. i.* সাক্ষাৎ-কৃ ; সাক্ষাৎ করণার্থে যাওয়া ; To be in the habit of seeing or meeting each other :—*n.* সাক্ষাৎ ; দর্শনার্থ গমন ; Act of visiting ; a call :—চিকিৎসকের দর্শনী ; Attendance of a physician.

Pay a visit to—সাক্ষাৎ-কৃ ; দেখিতে যাওয়া বা আসা ; Come to see for a short period.

Visit at—Keep up familiarity with.

Visit of ceremony—Formal visit.

Visit one's sins upon another—একজনের অপরাধে আর একজনের দণ্ড-কৃ ; একের পাপে অপরকে শাস্তি-দে, একজনের প্রায়শ্চিত্ত আর একজনকে দিয়া করান ; Chastise one for offence committed by another.

Visit one with—শাস্তি-দে ; Punish one with ; inflict on one.

Visit the sins on—কাহার জন্য দণ্ড-দে ; To punish for ; to cause to suffer. [Chastise.

Visit with, in, (on, or upon)—দণ্ড-দে ;

Visiting, *v. n.* দর্শন, সাক্ষাৎকার।

A visiting book—যে পুস্তকে সাক্ষাৎ করণেচ্ছু ব্যক্তিদিগের নাম লিখিত থাকে।

Visiting card—যে চিরকুটে সাক্ষাৎকারার্থীর নাম লিখিত থাকে ; Card with address.

Visiting physician—পরিদর্শক চিকিৎসক ; A physician, who visits the hospital at certain times, and is not constant in attendance.

Visitant, vizi-tant, *n.* অভ্যাগত ব্যক্তি ; সাক্ষাৎকারক ; One who goes to see another ; one who is a guest in the house of another.

Visitation, viz-i-tashun, *n.* পরিদর্শন ; সন্দর্শন ; তদারক ; Official or ecclesiastical inspection ; examination by authority :—প্রতিদান ; দণ্ড ; প্রতিফল ; দৈবদুর্বিপাক ; দৈব অনুগ্রহ বা নিগ্রহ ; Retribution.

Visitations of providence—দৈব দুর্ঘটনা।

Visitor, vizit-ur, *n.* সন্দর্শক ; সাক্ষাৎকারক ; অভ্যাগত ব্যক্তি ; One who inspects or examines. *a*=visitorial.

Visitorial, *a.* সাক্ষাৎ সম্বন্ধীয় ; সাক্ষাৎ কারক ; Belonging to a visitor, or one who inspects or examines.

Visor, vizur, *n.* মুখাবরণ ; মুখচাপা ; মুখস ; A mask ; perforated part of a helmet. *a*=visored (ছদ্মবেশধারী ; মুখস-পরা)।

Visored, vizurd, *a.* মুখসপরিহিত ; Masked.

Vista, vista, *n.* [It *vista*, sight, view] উভয়পার্শ্বস্থিত বৃক্ষশ্রেণীর মধ্য দিয়া দৃশ্য ; বীথী ; বীথিকা ; উভয়পার্শ্বে শ্রেণীবদ্ধ বৃক্ষাদি ; An avenue ; a view or prospect through an avenue.

Visual, vizhu-al, *a.* দৃষ্টিসম্বন্ধীয় ; চাক্ষুস ; দর্শনেন্দ্রিয় সংক্রান্ত ; Pertaining to sight ; used for seeing.

Vital, vi'tal, *a.* [L. *vitalis*, from *vita*, life] জীবনব্যাপার সংক্রান্ত ; জীবনাধারক ; প্রাণধারণক ; জীবনদায়ক ; জীবনরক্ষক ; সজীব ; Being the seat of life ; belonging to life ; pertaining of life ; supporting life ; containing life ; contributing to life :—অত্যাবশ্যক ; Essential. *ad*=vitally (অত্যাবশ্যকরূপে)। *Syn* :—Living, life-giving ; necessary, indispensable.

The vital part—মর্মস্থান।

Vital air—প্রাণবায়ু।

Vital functions—প্রাণ ধারণোপযোগী শারীরিক ব্যাপার।

Vital importance—অতিশয় গুরুতা।

Vital powers—জীবনীশক্তি।

Vital principle—প্রাণবায়ু।

Vitalise, vi'tal-iz, *v. t.* জীবিত-কৃ ; জীবনযুক্ত-কৃ ; To make vital or alive ; to give life to.

Vitality, vi-tale-te, *n.* প্রাণমূল ; জীবনীশক্তি ; সজীবতা ; সজীবত্ব ; জীবনবল ; The principal or power of life ; animation. *Syn* :—Life, animation, vital power.

Vitals, vi'talz, *n. pl.* জীবদেহের সারাংশ ; জীবনবস্তু ; মর্মস্থান, Parts essential to life.

To eat into the vitals of—ফোঁপরা করিয়া ফেলা।

Vitiate, vishe-at, *v. t.* দুর্বল-কৃ ; বাতিল-কৃ ; To render defective or faulty :—দূষিত-কৃ ; নষ্ট-কৃ ; খারাপ-কৃ ; কলুষিত-কৃ ; To taint ; impair ; corrupt. *Syn* :—Impair, deteriorate, spoil, deprave, defile, pollute, contaminate.

Vitiation, *n.* দূষিত করণ, বিগড়ান, অপকার ; Act of vitiating, or state of being vitiated. *Syn* :—Deterioration, debasement, degradation, corruption, perversion, pollution.

Vitreous, vitri-us, *a* [L. *vitrum*, glass] কাচবৎ, কাচময়, কাচসদৃশ ; Glassy ; pertaining to glass.

Vitreous electricity, *n.* Positive electricity or that which is excited by rubbing a glass body.

Vitreous humours, *n.* The transparent structure, occupying the centre of the eyeball, being the largest of the transparent media of the eye.

Vitrescent, vi-tresent, *a.* [L. *vitrum*, glass ; কাচে পরিণতিশীল ; Tending to become glass. *n*=vitrescence.

Vitric, *a.* কাচবৎ ; কাচধর্মী ; Glassy.

Vitrics, *n.* কাচ-নির্মাণ প্রণালী।

Vitrify, vitri-fi, *v. t.* [L. *vitrum*, glass, and *facio*, to make] কাচে পরিণত-কৃ ; To make into glass ; to convert into glass :—*v.i.* কাচে পরিণত-হ ; To become glass. *n*=vitrifaction. *a*=vitrifiable.

Vitrifaction, *n.* কাচে পরিণত করণ বা তৎপ্রণালী ; The act or process of vitrifying, or converting into glass.

Vitrifiable, *a.* কাচে পরিণমনীয় ; Converted into glass.

Vitriol, vit'ri-ol, *n.* ধাতুর বিকৃতাবস্থা বিশেষ ; তুতিয়া ইত্যাদি ; A solube sulphate of a metal. *a*= vitriolic.

Blue vitriol—তুঁতিয়া।

Green vitriol—হীরাকস।

White vitriol—হীরাকষ।

Vituperate, vi-tū'-per-āt, *v. t.* তিরস্কার-কৃ ; ভর্ৎসনা-কৃ ; নিন্দা-কৃ ; দোষ গ্রহণ-কৃ ; To censure ; to upbraid, to rate ; to find fault with. *Syn* :—Scold, revile, rate, rail at

Vituperation, vi-tū-per-āshun, *n.* নিন্দা ; ভর্ৎসনা ; তিরস্কার ; অপবাদ ; Abuse ; blame ; censure ; rebuke ; reprimand ; railing.

Vituperative, vi-tū'pér-a-tiv, *a.* নিন্দাপূর্ণ, ভর্ৎসনাসূচক ; নিন্দাত্মক ; নিন্দাসমন্বিত ; Containing vituparation or censure.

Vituperator, *a.* দোষগ্রাহী ; নিন্দাকারক।

Vivacious, vi-vāshe-us, *a.* [L *vivax*, from *vivere*, to live] সজীব ; জীবন্ত, উল্লাসিত ; হৃষ্ট, উৎফুল্ল ; Active ; sportive, brisk ; lively ; gay. *ad*=vivaciously (সজীবভাবে)। *Syn* :—Sprightly, animated, spirited, gay, merry, jocund, light-hearted.

Vivacity, vi-vase-te, *n* সজীবতা ; চঞ্চলতা ; উৎফুল্লতা, প্রসন্নতা ; Animation, liveliness, sprightliness of temper. *Syn* :—Briskness, quickness, energy, spirit, smartness, gayety.

Vivavoce, *a.* মৌখিক ; বাচনিক, Oral :—*ad* মুখের কথায়।

Vivid, vivid, *a.* [L. *vivo*, to live] জীবিতবৎ ; জীবন্ত ; বিচিত্র ; Lively ; sprightly :—গাঢ় ; উজ্জ্বল, Bright :—সতেজ ; Strong. *ad*=vividly (স্পষ্টরূপে, উজ্জ্বলভাবে)। *Syn* :—Vigorous, quick, active, strong ; animated, clear, lucid, bright, striking

Vividness, *n.* উজ্জ্বলতা ; স্পষ্টতা, The quality of being vivid. *Syn* :—Life, strength, sprightliness, brilliancy, resplendence, radiance.

Vivify, vive-fi, *v. t.* সজীব-কৃ, সতেজ-কৃ, To endue with life. *n*=vivification (জীবনদান ; জীবনপ্রতিষ্ঠা)। *Syn* :—Vitalise, animate, quicken, arouse, awaken.

Viviparous, vi vip'a-rus, *a.* [L. *vivus*, alive, *pario*, to produce] জরায়ুজ, সজীব সন্তান প্রসবকারী, Producting young alive.

Vivisection, viv-i-sekshun, *n.* [L. *vivus*, alive, *seco*, to cut] সজীব জন্তুর অঙ্গচ্ছেদ, জীবচ্ছেদ ; জীবিত জন্তুর ব্যবচ্ছেদ, Dissection of living animals.

Vixen, viksen, *n. fem* শিবা ; স্ত্রী-শৃগাল, A she-fox :—খিট্‌খিটে স্ত্রীলোক ; বাঘিনী নারী ; কলহপ্রিয়া স্ত্রীলোক ; A cross ill-tempered woman.

Viz, *ad.* অর্থাৎ, Namely (videlicet শব্দের সংক্ষেপ)।

Vizard, vizard, *n.* মুখস ; See *visor.*

Vizier, vizyér, *n.* [Ar. *wezir*, *wozir*, a porter] রাজমন্ত্রী ; উজীর ; An oriental minister or councellor or state

Vocable, vō'ka-bl, *n.* [L. *voco*, to call] শব্দ ; নাম ; সংজ্ঞা ; A word ; a name.

Vocabulary, vō-kabū-lár-e, *n.* [L. *vocabulum*, a word] শব্দকোষ ; অভিধান ; শব্দার্থ-প্রকাশিকা ; Dictionary. *Syn* :—Word-book ; glossary ; lexicon.

Vocabulist, *n.* কোষকার ;

Vocal, vō'kal, *a.* [L. *vox*, *vocis*, a voice] স্বর-সম্বন্ধীয় ; স্বরযুক্ত ; বাচিক ; উচ্চারিত ; শব্দিত ; মৌখিক ; Relating to or having a voice. *ad*=vocally (বাচনিকরূপে)।

The vocal cord—বাক্তন্ত্রী।

The vocal organ—বাগ্‌যন্ত্র।

Vocalisation, *n.* স্বরসমন্বিত বা শব্দিত করণ ; The act of vocalising.

Vocalise, vō'kal-iz, *v. t.* শব্দযুক্ত-কৃ, স্বরে পরিণত কৃ ; কণ্ঠ দ্বারা উচ্চারিত-কৃ ; To make vocal ; to form into voice. *n*=vocalisation.

Vocalist, vō'kal-ist, *n.* গায়ক ; A singer.

Vocation, vō-kāshun, *n.* ব্যবসায় ; উপযোগী কার্য্য ; Calling ; profession ; occupation :—আহ্বান ; A call. *Syn* :—Trade, profession, occupation, employment, business, pursuit, office, mission ; call, summons, citation.

Vocative, *a.* সম্বোধনে বিহিত ; সম্বোধনে ব্যবহৃত ; Used in calling :—*n.* সম্বোধনকারক ; সম্বোধনপদ, The case of a word when the person or thing is addressed.

Vociferate, vō-sif'er-āt, *v i.* [L *vox*, *vocis*, voice, and *ferre*, to bear] চীৎকার-কৃ, চেঁচান ; গোলমাল-কৃ ; To cry out with a loud voice, to bawl :—*v. t.* চীৎকার শব্দপূর্ব্বক উচ্চারণ-কৃ, To utter with a loud voice. *Syn* :—Bellow, bawl, roar, clamour, shout ; rant, mouth.

Vociferation, vō-sif-er-āshun, *n.* চীৎকারধ্বনি ; উচ্চ শব্দ, A violent outcry, a loud outcry *Syn* :—Exclamation, clamour, bawling, bellowing, mouthing.

Vociferous, vo-sifér-us, *a.* চীৎকারকারী ; গোলমাল-কৃ, Making a loud outcry ; noisy. *ad*=vociferously (উচ্চৈঃস্বরে)।

Vogue, vōg, *n.* পদ্ধতি ; ব্যবহার, প্রথা ; চলন, Temporary fashion or mode, practice. *Syn* :—Way, custom, use, usage ; fashion, repute.

Be in vogue—চলিত-হ, চলিত-হ ; রেওয়াজ-হ, চলিত থাকা, Be in general use, be in fashion, be prevalent.

Voice, vois, *n* শব্দ, কণ্ঠস্বর ; ধ্বনি ; বাক্য ; রব ; Sound of speech as made by breath ; audible noise uttered by the mouth :—ভাষা ; Language : —মত ; Vote :—মত প্রকাশ ; মতামত, Opinion expressed :—আদেশ :—(ব্যাকরণ) বাচ্য ; Mode of inflecting the verb :—*v. t.* সুর মিলান, উচ্চারণ-কৃ ; To regulate the tone. *Syn* :—(*n*) Utterance, words, expression, tone, suffrage

At the top of one's voice—উচ্চৈঃস্বরে, তারস্বরে ; যতদূর সম্ভব ততদূর চীৎকারে ; As loudly as possible.

Stentorian voice—ভীমনাদ ; A very loud voice

The active voice—কর্ত্তৃবাচ্য।

The passive voice—কর্ম্মবাচ্য।

With one voice—একবাক্যে ; Unanimously.

Voiceful, *a.* ধ্বনিযুক্ত। [voice or vote

Voiceless, *a* নীরব, বাক্য বা মতশূন্য ; Having no voice or vote

Void, void, *a* [L *viduus*, deprived of] শূন্য, খালি ; Empty ; wanting ; vacant :—নিরর্থক ; বৃথা, নিষ্ফল ; বাতিল ; Null ; invalid ; being without :—

অনধিকৃত ; Unoccupied ; not occupied :—অসার ; Unsubstantial :—*n.* শূন্যস্থান ; আকাশ ; শূন্য ; An empty space ; vacuum :—*v. t.* ত্যাগ-কৃ ; নির্গত-কৃ ; To quiet ; to discharge :—নিরর্থক-কৃ ; বাতিল-কৃ ; To render of no effect :—শূন্য-কৃ ; খালি-কৃ ; To make empty ; to empty. *Syn* :—(*v*) Emit, discharge, pass ; annul, mullify. (*a*) Unfilled ; free, cleai, destitute of ; wanting, unfurnished, unsupplied ; nugatory. [of no effect.

To make void—বাতিল-কৃ ; অগ্রাহ্য-কৃ ; To render

Voidable, voida-bl, *a.* পরিত্যাজ্য ; বিফল-করণোপযোগী ; অকার্য্যকর হইবার উপযুক্ত ; That may be evacuated ; such as may be voided or evacuated.

Voidance, voidans, *n.* বেদখল ; দূরীকরণ ; শূন্যকরণ ; Ejection ; the state of being void.

Voidness, *n.* শূন্যতা।

Volant, vō'land, *a.* [L. *volo*, to fly] *a.* চঞ্চল ; চ লাক , দ্রুত ; সত্বর ; Nimble :—উড্ডীয়মান ; Flying.

Volatile, vola-til, *a.* উদ্বায়ী ; উড্ডীয়নশীল ; যাহা সহজে উবিয়া বা উড়িয়া যায় ; বাষ্পবৎ, Apt to waste away or fly off by evaporation ; flying :—চঞ্চল ; পরিবর্ত্তনশীল ; চলচ্চিত্ত ; Fickle ; flighy :—হৃষ্ট, Gay *n*=volatileness ; volatility. *Syn* :—Vaporizable, evaporable ; airy, gay, lively, sprightly, giddy, inconstant. [ness, sprightliness.

Volatileness, Volatility, *n.* চাঞ্চল্য ; Fickle-

Volatilisation, *n.* বাষ্পে পরিণত করণ ; The act or process of rendering volatile.

Volatiliso, vola til-iz, *v. t* বাষ্পে পরিণত কৃ, উদ্বায়ী-কৃ, সহজে উড়াইয়া দে ; To cause to evaporate *n* = volatisation.

Volcanic, *a.* আগ্নেয়গিরি সম্বন্ধীয় ; অগ্ন্যুৎপাত সংক্রান্ত ; Pertaining to, or effected by a volcano.

Volcano, vol-kāno, *n.* [L. *vulcanus*, the god of fire] আগ্নেয়পর্ব্বত, আগ্নেয়গিরি, Burning mountain, a mountain from which smoke, flame, lava, &c. are thrown. *a*=volcanic. *pl*= volcanoes. [বস্তু।

Volcanic bomb—আগ্নেয়গিরি হইতে উৎক্ষিপ্ত তপ্ত

Volcanic rock—অগ্নিদগ্ধ প্রস্তর।

Vole, *n.* ইন্দুরবৎ জন্তু বিশেষ।

Volition, vō-lishun, *n.* [L. *volitio*, from *volo*, *velle*, to will] ইচ্ছাশক্তি ; প্রবৃত্তি ; সঙ্কল্প ; মনন ; Act or power of willing, choosing, determining or purpose. *a*=volitional (ইচ্ছা সম্বন্ধীয়)। *Syn* : —Will, choice, preference, determination, purpose.

Volley, voli, *n.* [L. *volo*, to fly] গোলাবৃষ্টি, তীর নিক্ষেপ ; শস্ত্র বর্ষণ ; বহুসংখ্যক গুলির যুগপৎ নিক্ষেপ, A flight of arrows ; the discharge of shot by a battalion ; a flight of missiles. *pl*=volleys.

Volt, vōlt, *n.* লম্ফ ; হঠাৎ আবর্ত্তন ; বক্রগমন, ঘোটকের চক্রাকার গতি বিশেষ ; A bound ; a sudden leap ; a gait of two treads made by a horse going sideways round a centre.

Voltaic, vol-tāik, *a.* ভলট্ সম্বন্ধীয় ; Pertaining to or originated by Volta, an Italian.

Voltaic battery—An apparatus consisting of a series of pairs of plates of different metals, immersed in a fluid, usually diluted sulphuric acid, and connected by wares for the development of electricity.

Voltaic electricity, *n.* The pheuomena resulting from the evolution of a current of electricity for chemical action.

Voltaism, volta-izm, *n.* রাসায়নিক প্রক্রিয়া দ্বারা উৎপন্ন তড়িৎ ; Galvanism as modified by Volta a branch of the science, which treats of the form of electricity produced by chemical agents.

Volubility, *n.* আবর্ত্তনীয়তা ; বাক্‌পটুতা ; Fluency of speech.

Voluble, volū-bl, *a* [L. *volubilis*, from *volvere*, volutum] ঘূর্ণায়মান ; দ্রুতগামী ; আবর্ত্তনশীল ; Apt to roll or move easily ; having quick motion ; easily turning :—বাক্‌পটু ; দ্রুতভাষী ; বাচাল ; Nimble of speech ; glib, of rapid sheech ; fluent. *n*=volubility (বাচালতা)। *Syn* :—Glib, loquacious.

Volume, volūm, *n.* [L. *volumen*, a thing rolled or wound up] গ্রন্থখণ্ড ; পুস্তকাদির খণ্ড ; Roll ; scroll :—আয়তন ; আকার ; অবয়ব ; ঘনফল ; Compass ; dimensions :—পুস্তক ; গ্রন্থ ; A book :—পূর্ণস্বর ; Fullness of voice :—অধিকৃত স্থান ; Space occupied. *Syn* :—Convolution, turn, fold ; tome ; dimensions, bulk, size, mass, amplitude, capac ty.

A work in four volumes—চারিখণ্ডে সম্পূর্ণ গ্রন্থ।

To speak volumes—ইহাতে অনেক ব্যক্ত করিতেছে ; উত্তম সাক্ষ্য প্রদান-কৃ ; সুস্পষ্টরূপে অর্থ জ্ঞাপন-কৃ, Convey much information ; to have weight, as an argument.

Volume of smoke—ধূমরাশি।

Volumed, *a.* বৃহদায়তন ; Of volume or bulk.

Voluminous, vo-lū-mi-nus, *a.* অনেক গ্রন্থবিশিষ্ট ; বহু ভাঁজ বিশিষ্ট ; Having volume or many volumes ; having written much, as an author : —বড় ; বৃহদাকার ; Bulky.

Voluntary, volun-tár-e, *a.* স্বেচ্ছাপ্রসূত ; স্বেচ্ছাকৃত ; স্বেচ্ছাধীন, Acting by choice ; done by design ; subject to the free will :—ইচ্ছাসম্পন্ন, অভিপ্রেত ; সহজ ; Willing :—স্বাধীন ; Free :—*n.* যে ব্যক্তি স্বাধীনভাবে কোন কার্য্য করে ; One who does anything of his own free will :—A dissenter ; one who objects to the union of church and state :—বাদ্য বিশেষ ; Piece of music played at will. *ad*= voluntarily (স্বেচ্ছাপূর্ব্বক)। *Syn* :—(*a*) Spontaneous, unconstrained ; ready, intended, purposed, designed.

Voluntaryism, *n.* রাজসাহায্য গ্রহণ না করিয়া কেবল স্বেচ্ছাপ্রদত্ত সাহায্য দ্বারা ধর্ম্মমন্দিরাদির ব্যয়ভার বহন-প্রণালী ; The principle of supporting the church by voluntary offeiing, instead of by the aid of the state.

Volunteer, *n.* vol-un-tēr', *n.* যে স্বেচ্ছাপূর্ব্বক সৈনিকাদির কর্ম্মে বা অন্য কর্ম্মে প্রবৃত্ত হয় ; অবৈতনিক সৈন্য ; সখের সিপাহী ; ইচ্ছা সৈনিক ; One who serves as a soldier &c., of his own free choice :—*a.* স্বেচ্ছাপূর্ব্বক নিযুক্ত ; Entering into service voluntarily :—*v. i.* কোন কার্য্যে স্বেচ্ছাপূর্ব্বক নিযুক্ত-হ ; To enter into any service of one's own free will :—*v. t.* স্বেচ্ছাপূর্ব্বক প্রদান-কৃ, ; আপনাআপনি-দে। *Syn* :—(*v*) Proffer, tender, present, propose.

Voluptuary, vō-lupt'ū-ar-e, *n.* ভোগাসক্ত লোক ; বিষয়াসক্ত ব্যক্তি ; ইন্দ্রিয়পরতন্ত্র লোক, ইন্দ্রিয়পরায়ণ ব্যক্তি, One excessively given to bodily enjoy-

ments or luxury ; a sensualist.

Voluptuous, vō-lupt'ū-us, *a.* ইন্দ্রিয়সেবী ; ভোগাসক্ত ; ইন্দ্রিয়পরতন্ত্র , বিলাসী , বিষয়াসক্ত , Given to the enjoyments of pleasure and luxury ; sensual , licentious. *n*=voluptuousness. *ad*=voluptuously *Syn* —Epicurean, luxurious , lascivious, lewd.

Volute, *a.* আবর্ত্তিত ; কুণ্ডলীকৃত ; Having a volute —*n.* স্তম্ভাগ্রে নির্ম্মিত কুণ্ডলী , A kind of spiral scroll

Vomer, *n.* নাসারন্ধ্রদ্বয়ের মধ্যে ব্যবধানস্বরূপ পাতলা অস্থি ; The thin flat-bone separating the nostrils.

Vomit, vom'-it, *v. i.* বমন-কৃ , বমি-কৃ , To eject the contents of the stomach by the mouth , throw up the contents of the stomach —*v t* উদ্গীরণ-কৃ , উদ্গীর্ণ-কৃ , বমি-কৃ ; উগরিয়া ফেলা , To throw out with violence .—*n.* বমন , বমি , স্তকার , বমনকারক ঔষধ , Matter ejected from the stomach. *n.*=vomiting (উদ্বমন) *Syn* —Puke, spew, belch.

Vomitory, vom'i'tor-i, *a* বমিকারক , Causing to vomit —*n* বমিকারক ঔষধ , An emetic —বড় বাড়ীর প্রধান দ্বার , A principal door of a large building.

Voracious, vō-rā'she-us, *a.* উদর সর্ব্বস্ব , পেটুক , ক্ষুধার্ত্ত, লোভী , Greedy, eager to devour or swallow , very hungry *n*=voracity , voraciousness (পেটুকত্ব) , *ad*=voraciously (পেটুকের মত) । *Syn* —Ravenous, rapacious, insatiable.

Voracity, *n.* উদরম্ভরিতা , The quality of being voracious.

Vortex, vor'teks, *n* [L *vorto*, *verto*, to turn] আবর্ত্ত , পাক , জলের ঘূর্ণি A whirlpool —ঘূর্ণি বাষ্প , ঘূর্ণ বাতাস , A whirlwind *a*=vortical *pl*=vortexes, vortices *Syn* —Eddy.

Vortical, *a* ঘূর্ণায়মান , Whirling

Votary, vō'tār-i, *a* [L. *voveo*, *volum*, to vow] উৎসর্গীকৃত , পূজারত , Devoted , consecrated by a vow —*n.* সেবক , উপাসক , Worshipper. *fem*= votaress, votress (সেবিকা) ।

Vote, vōt, *n* [L *volum*, a vow, wish] মত প্রকাশ , মত, সম্মতি , জনাভিপ্রায় , Expression of will by a majority , voice , suffrage —*v. t* নির্ব্বাচন কৃ , মত দিয়া মনোনীত-কৃ ; To choose by vote —*v i.* মত প্রকাশ কৃ , মত-দে , To express the choice by a vote *n*=voter.

Casting vote—সভাপতির দ্বিতীয় মত ।

Put to the vote—সভার অধিকাংশ লোকের মত জানিবার নিমিত্ত কোন বিষয় উত্থাপন-কৃ , Bring forward some matter with a view to ascertain the will of the majority at a meeting.

Vote down—পরিত্যাগ-কৃ , Reject , throw out by adverse vote.

Vote for—পাঁচজনের সঙ্গে কোন পক্ষের অনুকূলে মত দেওয়া ; Declare oneself in favour of

Voter, *n.* মতদাতা ; নির্ব্বাচক , মতপ্রকাশক , মতপ্রদানে অধিকারসম্পন্ন লোক ; One who votes.

Voting, *a.* মতপ্রদান সম্বন্ধীয় ।

A voting paper—নির্ব্বাচন সময়ে যে কাগজে মতামত [প্রদান করা যায় ।

Votive, vō'tiv, *a* [L *volum*, a vow] একান্তভাবে নিযুক্ত , ব্রতপালনার্থ দত্ত ; মানসিক , মানিত , Given by vow ; observed in consequnence of a vow , vowed.

Votive light—ব্রতপালনার্থ প্রজ্বলিত আলোক ; Light [burnt in fulfilment of a vow.

Votive offering—ব্রতপালনার্থ প্রদত্ত বস্তু ; মানসিক নৈবেদ্য ; Offering presented in fulfilment of a vow.

Vouch, vouch, *v. t.* সাক্ষি হইতে প্রার্থনা-কৃ ; সাক্ষিস্থলে আহ্বান-কৃ , To call to witness :—সাব্যস্ত-কৃ ; প্রামাণ্য কৃ , To warrant ; to attest —দৃঢ়-কৃ ; নিশ্চয় বলা , স্থাপন-কৃ , Confirm , to assert .—*v. i.* সাক্ষ্য-দে , প্রমাণ-দে , To be a witness ; to give testimony *Syn* —Obtest , affirm, asseverate, aver, protest , support, back, follow up.

Vouch for —প্রতীক্ষা করিয়া থাকা ; Stand still for ; stay in expectation of.

Voucher, vowcher, *n.* সাক্ষী ; One who vouches , one who gives witness :—প্রমাণ-পত্র ; নিদর্শন লিপি , রসিদ , হাতচিঠি ; দলিলাদি ; A document vouching a fact or account.

Vouchsafe, vouch-sāf, *v t.* কোন কিছু দিতে প্রসন্ন-হ , অনুগ্রহপূর্ব্বক প্রদান-কৃ ; To condescend , to grant , to sanction —*v i* প্রসন্ন-হ , অনুগ্রহ-কৃ ; To deign , to condescend , to grant. *Syn* — Grant, concede accord, yield, design.

Vow, vow, *n.* ধর্ম্মসাক্ষী করিয়া অঙ্গীকার , অঙ্গীকার ; প্রতিজ্ঞা , Solemn promise made to God or a person —সঙ্কল্প , Resolution —*v t.* ধর্ম্মসাক্ষী করিয়া দেওয়া বা উৎসর্গ করা , 'মানসিক'-কৃ , ধর্ম্মতঃ প্রতিজ্ঞা-কৃ ; To give by solemn promise —*v i* প্রতিজ্ঞা-কৃ ; To make a promise *Syn* —(*v*) Consecrate, dedicate, devote, affirm solemnly.

Broach of vow—ব্রতভঙ্গ ।

Make a vow—শপথ-কৃ , 'মানসিক'-কৃ ।

Religious vow—ব্রত ।

Vow of silence—মৌনব্রত ।

Vowel, vow'el, *n.* [L *vox*, *vocis*, the voice] স্বরবর্ণ , Simple sound as a, e, i, o, u —*a.* স্বরশব্দ সম্বন্ধীয় , Vocal.

Long vowel—দীর্ঘ স্বর ।

Short vowel—হ্রস্ব স্বর ।

Voyage, voy'āj, *n* জলযাত্রা ; সমুদ্রযাত্রা , Journey by water —*v t* জলযাত্রা-কৃ , সমুদ্রযাত্রা-কৃ , To take a voyage or to pass by water —*v t* ভ্রমণ-কৃ , To travel *n*=voyager (জলযাত্রী) ।

Vulcan, *n* বিশ্বকর্ম্মা , দেবকর্ম্মা , কর্ম্মকারদের দেবতা , অগ্নিদেব , The God of fire, who presided over the working of metals , the God of fire —কর্ম্মকার , Blacksmith.

Vulcanise, vulkan-iz, *v. t* তাপপ্রয়োগে গন্ধকের সহিত মিলিত-কৃ , To combine with sulphur by heat as caoutchouc.

Vulcanite, *n* কঠিন রবার বিশেষ ।

Vulgar, vulgar, *a* [L *vulgaris*, from *vulgus*, the multitude] সাধারণ লোক সম্বন্ধীয় , সাধারণ ; Pertaining to or practised by common people , common :—ইতর ; নীচ ; অসভ্য , অভদ্র ; Low , mean , not fashionable ; coarse —অশিষ্ট —*n.* ইতর লোক , জনসাধারণ ; The common people. *Syn* —(*a*) General, public, popular , common, ordinary, mean, rude, coarse, broad , plebeian, low-born, under-bred, unrefined , vernacular, native , cant.

Vulgar fraction—সামান্য ভগ্নাংশ , A fraction expressed in the ordinary way, *i. e.* by a numerator and denominator.

Vulgarise, vulgar-iz, *v.* অসভ্য-কৃ ; নীচ-কৃ ; To make vulgar or rude.

Vulgarism, vulgar-izm, *n.* গ্রাম্য শব্দ ; অধম ভাষা ; A vulgar phrase :—নীচতা , ইতরামি ।

Vulgarity, vul-gar'e-te, *n.* অসভ্যতা ; অভদ্রতা ; অশিষ্টতা , হীনতা ; ইতরত্ব ; Rudeness of manners ; mean condition of life. *Syn* :—Grossness, coarseness, want of delicacy ; barbarism.

Vulgarly, *ad.* নীচভাবে ; ইতরের মত ।

Vulgate, *n.* লাটিন ভাষায় বাইবেলের প্রাচীন অনুবাদ বিং ; A very ancient Latin version of the Scriptures ; St Jerome's Latin translation of the Bible.

Vulnerable, vulner-a-bl, *a.* [L. *vulnero*, to wound—*vulnus*, a wound] ভেদ্য ; আক্রমণীয় ; আহননীয় ; প্রহার্য্য ; Capable of being wounded ; liable to injury ; assailable. *n*=vulnerableness. *Syn* :—Weak, exposed.

Vulnerable point—ভেদ্যস্থান ; Weak point ; the point that would suffer by attack.

Vulnerary, vulner-ar-i, *a.* ক্ষতোপশমকারক ; ক্ষতনিবারক , যদ্দারা ঘা ভাল হয় ; Relating to wounds ; useful in healing wounds :—*n.* ক্ষতারোগ্যকর দ্রব্য ; Anything useful in the care of wounds.

Vulpine, vulpin, *a.* [L. *vulpes*, a fox) শৃগালসদৃশ , খেঁকশেয়ালের মত ; Fox like :—ধূর্ত্ত , চতুর ; Crafty ; cunning.

Vulture, vultur, *n.* শকুনি ; গৃধ্র ; A large rapacious bird of prey.

Vulture-eyed, *a.* গৃধ্রের ন্যায় দৃষ্টিবিশিষ্ট ।

Vulturish, vultur-ish, **Vulturine,** vultur-in, *a.* গৃধ্রসদৃশ ; পেটুক ; অতি লোভী ; Like the vulture, voracious.

Vying, *n.* প্রতিযোগিতা করণ ।

W

W—ইংরাজি বর্ণমালার ত্রয়োবিংশ অক্ষর বা বর্ণ ; The 23rd letter of the English alphabet.

Wabble, *n.* বক্রগতি ; টলন ; Hobbling or moving from side to side :—*v. t.* হেলিয়া দুলিয়া চলা , বেঠিক হইয়া চলা ; To move from side to side :—টলিতে টলিতে চলা ; To move unsteadily.

Wacke, wake, *n.* কোমল শিলা বিশেষ ; A soft, grayish kind of trap-rock.

Wad, wod, *n.* (ঘাসখড়, কাগজাদির) নুটি ; A mass of loose matter thrust close together, as hay, paper &c. &c. :—*v. t.* নুটি পাকান ; নুটি-কৃ ; To be formed into a wad ; to insert a wad into :—*v. i.* নুটি ভরা ; নুটি দিয়া ঠাঁসা ; To insert a wad.

To wade though slaughter to a throne—বহু হত্যাকাণ্ড করিয়া শেষে রাজা-হ ।

Waddle, wodl, *v. i.* হংসের মত গমন-কৃ ; হংসবৎ গমন কৃ , গজেন্দ্র গতিতে-যা ; To walk from side to side like a duck ; to walk with short steps, moving the body from side to side :—কাঁপিতে কাঁপিতে চলা :—*v. t.* নাড়াইয়া পাড়া :—*n.* হংসগতি , Walking from side to like a duck.

Wade, wad, *v. i.* জল ঠেলিয়া-যা , কষ্টে জলে হাঁটা ; To walk any substance that yields to the fact, as water :—অনেক কষ্টে গমন-কৃ ; কষ্টে অগ্রসর-হ ; Move with difficulty and labour ; to pass with difficulty :—*v. t.* হাঁটিয়া পার-হ , To ford , to cross a stream by walking on the bottom of it.

Wading, *n.* নুটি পাকাইবার দ্রব্য ; তুলার মত নরম জিনিস ।

Wady, *n.* শৈলভূমির প্রণালী , শুষ্ক নদীগর্ভ ; The dry bed of a brook.

Wafer, waf'er, *n.* ময়দার চাকতি ; টিকলি ; Thin rounded leaf of coloured paste for sealing letters :—*v. t.* টিকলি দিয়া আঁটা ; To close with a wafer.

Waft, waft, *v. t.* ভাসাইয়া যাওয়া ; তরঙ্গে বাহিত-কৃ ; ভাসাইয়া বা উড়াইয়া লইয়া-যা ; To bear through a fluid medium, as air or water ; to carry through a fluid :—হিল্লোলিত ভাবে প্রেরণ-কৃ :—*v. i.* ভাসমান-হ ; উড়িয়া-যা ; To float :—*n.* ভাসমান দ্রব্য ; তরঙ্গ ; স্রোত ; A floating body.

Whorl, hworl, *n.* পত্রাদির আবর্ত ; A number of leaves or followers in a circle round a stem.

Whorled, *a.* আবর্ত্তিত ; পাক দেওয়া ।

Whortle-berry, *n.* গাছ ও ফল বিশেষ ; A plant with a blue berry.

Whose, hōōz, *pro,* যাহার ; যাহাদের ; কাহার ; কাহাদের ; The possessive case of *who* or *which.*

Who-soever, hōō-so-ev̆er, *pro.* যে কেহ ; যে কোনও ব্যক্তি ; Whoever.

Why, hwi, *ad.* কেন ; কি জন্য ; কি নিমিত্ত ; যে জন্য ; যে কারণ ; For what reason ; on which account ; wherefore :—*n.* কারণ ।

The reason why—যে কারণে কোনও কিছু হয় তাহা ।

The why and wherefore of—একমাত্র কারণ ; কোন কিছুর সমস্ত কারণ ; The whole and sole reason for (a thing).

Why so—কেন ; আচ্ছা তাইই ।

Wick, wik, *n.* পলিতা ; পলিতা ; বর্ত্তিকা ; The thread of a candle or lamp which supplies the flame.

Wicked, wiked, *a.* [A. S. *wican,*, to fall away] দুষ্ট ; দুরাত্মা ; পাপী ; পাপিষ্ঠ ; গর্হিত ; Bad ; sinful, ungodly ; immoral ; roguish. *n*=wickedness (দুষ্টতা ; অধার্ম্মিকতা) ; *ad*=wickedly (অন্যায়পূর্ব্বক ; গর্হিতভাবে) । *Syn* :—Bad, ill, unjust, iniquitous, heinous, atrocious, nefarious, villainous, flagrant, flagitious, criminal, guilty ; unrighteous, unholy, irreligious, profane, vicious, profligate, abandoned.

Wickedness, wiked-nes, *n.* দুষ্টতা ; পাপাচার ; নষ্টতা ; The state or quality of being wicked. *Syn* :—Sin, evil, depravity, criminality, iniquity, vice, baseness, villainy, irreligion, impiety, unholiness, ungodliness ; atrocity, enormity, flagitiousness.

Wicker, wiker, *n.* [Icel, *widir,* willow] কঞ্চি ; নমনীয় শাখা ; A small pliant twig :—*a.* শাখা নির্ম্মিত ; কঞ্চি নির্ম্মিত ; Made of twigs or osier. *Syn* :—(*n*) Osier, withe.

Wicker-work, *n.* ঝোড়া, চাঁচ, দরমা প্রভৃতি কঞ্চি দ্বারা নির্ম্মিত দ্রব্য ; Basket-work.

Wicket, wiket, *n.* ক্ষুদ্র দ্বার ; কাটা দরজা ; A small door or gate specially one forming part of a larger door or gate :—কপাট রন্ধ্র ; A hole in a door :—ক্রিকেট খেলার ডাণ্ডা ; A small frame-work of rods usually three, to support the balls in playing.

Wide, wid, *a.* প্রশস্ত ; চওড়া ; চটাল ; চৌড়া ; Broad : —বিস্তীর্ণ ; Vast :—দূরস্থ ; দূরবর্ত্তী ; Distant. *n*= width ; wideness (বিস্তার) । *Syn* :—Extensive, spacious, vast, large, ample, comprehensive, capacious, diffusive ; remote.

A room eight feet wide—আট ফিট প্রস্থে একটী ঘর ।

Far and wide—বহুদূর পর্য্যন্ত চারিদিকে ।

The wide world over—সমস্ত পৃথিবীতে ; Over the whole world.

Wide as the poles asunder—আকাশ পাতাল তফাৎ ; Widedly different, diametrically opposed.

Wide from—দূরস্থ ; Remote.

Wide of the mark—অসত্য ; লক্ষ্য হইতে দূরবর্ত্তী ; Incorrect ; erroneous ; remote from the truth.

Wide apart—পরস্পর হইতে অতি দূরস্থ ; Far from each other ; widely separated.

Wide awake—সম্পূর্ণরূপে জাগরিত ; সম্পূর্ণ জাগরিত ; যতদূর হইতে হয় হুঁসিয়ার বা সতর্ক ; অত্যন্ত সতর্ক ; চতুর ; Quite awake ; thoroughly on the watch ; sharp ; on the alert.

Widely, *ad.* বহুদূর পর্য্যন্ত ; Far :—অত্যন্ত ; Very much :—প্রশস্তরূপে ; Broadly.

Wide-spread, *a.* চতুর্দ্দিকে বিস্তৃত ; সুদূরব্যাপ্ত ।

Wide-mouthed, *a.* প্রশস্তমুখ ।

Widen, widn, *v. t.* প্রশস্ত-কৃ ; চওড়া-কৃ ; To make wide :—*v. i.* প্রশস্ত-হ ; চওড়া-হ ; To grow wide.

Widgeon, widjun, *n.* হংসের ন্যায় জলচর পক্ষী ; A waterfowl.

Widow, widō, *n.* বিধবা ; বেওয়া ; স্বামীহীনা রমণী ; A woman whose husband is dead.

A grass widow—স্বামীকর্ত্তৃক পরিত্যক্তা স্ত্রী ।

Widowed, *a.* অনাথা ; বৈধব্যাবস্থাপ্রাপ্ত ।

Widower, widōer, *n.* যে ব্যক্তির স্ত্রী মরিয়া গিয়াছে ; A man whose wife is dead.

Widow-hood, widō-hood, *n.* বৈধব্যাবস্থা ; বৈধব্যদশা ; The state of being a widow.

Widow-hunter, *n.* ধনী বিধবাকে যে বিবাহ করিতে চাহে ; One who seeks a rich widow as a wife.

Widow's weeds, *n. pl.* বিধবার পরিচ্ছদ ; Mourning of a widow.

Width, width, *n.* প্রশস্ততা ; ওসার ; বহর ; বিস্তার ; Wideness.

Wield, weld, *v. t.* [A. S. *wealdan,* to rule] ব্যবহার-কৃ ; নিয়মিত-কৃ ; To manage ; to use :—প্রয়োগ-কৃ ; চালান ; To handle. *n*=wielder (চালক ; ব্যবহারক) । *Syn* :—Swing, sway, brandish ; manage, handle, control.

Wield the sceptre—রাজদণ্ড চালনা-কৃ ; রাজ্যভার বহন-কৃ , To exercise royal authority.

Wieldy, weldi, *a.* পরিচালনীয় ; ব্যবহার-যোগ্য ; Manageable.

Wife, wif, *n.* স্ত্রী , পত্নী ; ভার্য্যা ; A married woman. *pl*=wives.

Be (or become) man and wife—বিবাহ-হ ; Be married.

Give to wife—বিবাহ-দে ; পত্নীতে সম্প্রদান-কৃ ।

Take to wife—বিবাহ-কৃ ; পত্নীত্বে গ্রহণ-কৃ ; Marry (a wife).

Wife-hood, *n.* পত্নীত্ব ।

Wife-less, *n.* পত্নীহীন ; গৃহশূন্য ; Without a wife.

Wifely, Wife-like, *a.* স্ত্রীর উপযুক্ত ; ভার্য্যার অনুরূপ ; Becoming a wife.

Wife-ridden, *a.* স্ত্রৈণ ; স্ত্রীতে অনুরক্ত ; ভার্য্যারোহিতা ।

Wig, wig, *n.* পরচুলা ; উপকেশ ; An artificial covering of hair for the head ; periwig :—*v. t.* ভর্ৎসনা-কৃ । *a*=wigged.

Wigged, *a.* পরচুলা-পরা ; পরচুলধারী ; Wearing a wig.

Wight, wit, *n.* ব্যক্তি ; লোক ; জন ; A person ; a man ; a being.

Wigwam, wig'wam, *n.* আমেরিকার অসভ্যদিগের কুটীর ; An Indian hut.

Wild, wild, *a* বন্য ; জঙ্গলিয়া ; অপোষা ; Not tamed ; not domesticated :—গোঁয়ার ; Rash :—অকর্ষিত ; Not cultivated :—অসভ্য ; Uncivilised ; savage : —উৎকট ; প্রচণ্ড ; প্রবল ; Violent :—ব্যভিচারী ; Licentious :—ভ্রমণশীল ; Roving ; wandering :—*n.* জঙ্গল ; বন ; মরুভূমি ; অসভ্য স্থান ; A forest ; a de-

sert :—*ad*. অসভ্যভাবে ; উৎকটভাবে। *Syn* :—(*a*) Untamed, undomesticated ; uncultivated, savage, desert, rude, barbarous, unrefined ; unruly, impetuous, inconstant, loose, irregular, disorderly, fanciful, extravagant.

Run wild—অত্যন্ত-হ ; অবাধ্যভাবে চলা ; অবিনীতভাবে থাকা ; ছুটিয়া বেড়ান ; To be unrestrained ; to be unreasonable, unlimited.

Sow one's wild oats—ইন্দ্রিয়-সেবায় কাল হরণ-কৃ ; যৌবনসুলভ আমোদ-কৃ ; বদখেয়ালি-কৃ, To pass through a season of wild or thoughtless dissipation, as in youth.

Wild-cat, *n*. বন-বিড়াল ; খটাশ।

Wilder, *v. t.* বিভ্রান্ত-কৃ ; To bewilder.

Wilderness, wilder-nes, *n*. মরুভূমি ; বিজনপ্রদেশ ; পথহীন স্থান ; A desert ; a waste. *Syn* :—Waste, wild. [rable tombs.

Wilderness of tombs—অসংখ্যক স্তম্ভ ; Innume-

Wild-fire, wildfir, *n*. এক প্রকার দাহ্য পদার্থ, ইহা প্রজ্বলিত হইলে নিবাইতে পারা যায় না ; A composition of inflammable materials which when inflamed is very hard to quench ; a kind of lightning at intervals.

Fly (*or* **run** *or* **spread**) **like wild-fire**—চতুর্দ্দিকে ব্যাপ্ত-হ ; Spread very fast, irresistably spread fast like fire which is hard to be extinguished.

Wild-goose, *n*. বন্য-হংস।

A wild goose chase—দুষ্প্রাপ্য বা অকিঞ্চিৎকর বস্তুর প্রতি অনুধাবন, বৃথা চেষ্টা ; অসাধ্য সাধনের চেষ্টা ; না বুঝিয়া কোন বিষয়ের অনুকরণ ; Pursuit after something unlikely to be obtained or something of little value ; vain attempt. [—বুনো গাছ।

Wilding, *n*. বন্য ফল বিশেষ ; A wild crab-apple :

Wild land, *n*. অকর্ষিত জমি।

Wildly, wildle, *ad*. বন্যভাবে ; অসভ্যভাবে ; অযত্নপূর্ব্বক ; In a wild manner or condition. *Syn* :—Heedlessly, capriciously, extravagantly.

Wildness, wildnes, *n*. বন্যতা ; অসভ্যতা, পাগলামি, State or quality of being wild. *Syn* :—Rudeness, savageness ; irregularity, looseness, violence.

Wild-pigeon, *n*. বন্য কপোত।

Wile, wil, *n*. ছল, প্রতারণা, চাতুরি : ধূর্ত্ততা ; A trick, a sly artifice. *a*=wileful (ছলপূর্ণ)। *Syn* :—Lure, artifice, stratagem, deceit, imposition, ruse, fetch, manoeuvre ; guile, craft, cunning.

Wilful, wilfōōl, *a*. একগুঁয়ে, স্বেচ্ছাচারী ; Obstinate ; stubborn ; done by design. *ad*=wilfully (ইচ্ছা করিয়া)। *Syn* :—Perverse, refractory, headstrong, dogged.

Wilfulness, wilfōōl-nes, *n*. স্বেচ্ছাচারিতা ; একগুঁয়েমি ; Quality of being wilful. *Syn* :—Obstinacy, stubbornness, perverseness. [cunning.

Wiliness, *n*. চাতুর্য্যপূর্ণ শঠতা ; Craftiness ;

Will, wil, *n*. ইচ্ছাবৃত্তি ; প্রবৃত্তি ; স্বেচ্ছা : ইচ্ছাশক্তি ; Volition, the power of choosing :—ইচ্ছা ; পছন্দ ; Choice ; determination :—আমোদ ; Pleasure :—হুকুম ; আদেশ, Command :—অন্তিমবিনিয়োগ ; Testament :—ইচ্ছাপত্র ; দানপত্র ; The written document containing such :—*v. i.* ইচ্ছা-কৃ ; পছন্দ-কৃ, অভিপ্রায়-কৃ ; To exersise the will :—হুকুম-দে ; আদেশ-কৃ ; To decree :—ইচ্ছুক-হ ; To be willing :—*v. t.* মনস্থ-কৃ ; ইচ্ছা-কৃ ; বাঞ্ছা-কৃ ; To determine ; to be resolved to do :—আদেশ-কৃ ; To command :—উইল-কৃ ; ইচ্ছা-পত্রের দ্বারা দান-কৃ ; To dispose of by will. *Syn* :—(*n*) Volition ; determination, choice ; discretion, good pleasure ; wish, desire, inclination ; disposition. (*v*) Ordain, direct ; bequeath, devise, demise ; choose, elect, desire, wish.

A tenant at will—ঠিকা প্রজা ; ঠিকে প্রজা ; A tenant who holds his estate at the will of another and is liable to be ousted at any time by the proprietors.

At will—স্বেচ্ছায় ; ইচ্ছানুসারে ; At the will or mere pleasure of another.

Freedom of the will—স্বাধীন ইচ্ছা ; প্রবৃত্তি বা ইচ্ছার স্বাধীনতা ; The doctrine of the freedom of the human *will*, as opposed to the doctrine of necessity. [kindness.

Good will—অনুগ্রহ ; দয়া ; উপচিকীর্ষা ; Favour ;

Good will of a business—পসার ; ব্যবসায়ের পসার ; খ্যাতি, Business connections and other advantages, so far as they can be disposed of.

Have one's will—আপনার ইচ্ছামত কার্য্য-কৃ ; নিজের কোট বজায় রাখা ; ইচ্ছিত বিষয় না ছাড়া ; To obtain what is desired.

Ill will—শত্রুতা, দ্বেষ, Enmity.

Iron will—দুর্জ্জয় মনের বল ; Inflexible will, indomitable determination.

Will away—আপনার সন্তানসন্ততি ভিন্ন অপরকে বিষয় উইল করিয়া দেওয়া, Leave property to other than the natural heirs or parties originally intended.

Will ye Will ye—ইচ্ছা থাকুক বা নাই থাকুক ; Willing or not willing

With a will—ইচ্ছাপূর্ব্বক, আগ্রহসহকারে।

Work one's will—আপনার ইচ্ছামত কর্ম্ম-কৃ।

Willing, wiling, *a* ইচ্ছুক, সম্মতি, রাজি. Disposed ; desirous, choosen. *ad*=willingly (ইচ্ছাপূর্ব্বক), *n*=willingness (অভিপ্রায়)। *Syn* :—Minded, inclined, ready, spontaneous.

Willo-the-wips, *n*. আলেয়া।

Willow, wilō, *n*. বৃক্ষ বিশেষ ; A tree.

Will-worship, *n*. ভ্রান্ত সংস্কার ; Superstitious observance.

Wilsome, *a*. একগুঁয়ে, Stubborn .—অলস ; স্থূল।

Wilt, 2*nd*. person sing of *will*.

Wily, wili, *a*. ধূর্ত্ত ; শঠ, চতুর, Sly, artful, cunning, crafty. *n*=wiliness (শঠতা)।

Wimble, *n* ত্রিপুণ ; ছিদ্র করণ অস্ত্র ; An instrument for borning holes :—*v. t.* ছিদ্র-কৃ ; To bore with a wimble.

Wimple, *n*. গাল ও গলার আচ্ছাদন বস্ত্র ; A hood folded round the neck and face :—*v. t.* ঘোমটা টানা .—ভাঁজ-কৃ :—তরঙ্গবৎ থাকা।

Win, win, *v. t.* [A. S. *winnan*, to strive] জয় লাভ-কৃ ; জয়-কৃ ; To gain by success in contest ; to obtain the victory ; to gain in competition :—অনুগ্রহ লাভ-কৃ ; To obtain the favour of :—বশীভূত-কৃ, তুষ্ট-কৃ ; To adhere to kindness :—*v. i.* জয় লাভ-কৃ ; সফল-হ ; কৃতকার্য্য-হ ; To gain the victory :—অনুগ্রহ লাভ-কৃ ; To gain favour :—*n*. জয় ; সিদ্ধি। *Syn* :—(*v*) Get, obtain, procure, earn,

achieve, conquer, acquire ; allure, conciliate, attract, engage. [admiration of others.

Win golden opnions—প্রশংসিত-হ ; Win the

Win on—আধিপত্য-পা ; অনুগ্রহ-পা ।

Win one's spurs—আপনার গুণে যশলাভ-কৃ ; To obtain position or fame by one's exertions.

Win one's way—পরিশ্রম দ্বারা উন্নতি-কৃ ; Advance to some desired end by steady industry.

Win over—নিজের দিকে আনা ; Persuade to change sides or opinions.

Win the day—কৃতকার্য্য-হ ; সফল-হ ; জয়লাভ-কৃ ; জয়ী-হ ; Gain the victory.

Win the laurels—জয়ী হ ; জয়লাভ-হ ; Win the victory ; achieve success.

Wince, wins, *v. i.* সঙ্কুচিত হইয়া পশ্চাতে-যা ; হটিয়া-যা ; To shrink as in pain or from a blow ; to start back :—ছট্‌ফট্‌-কৃ ; অস্থির-হ :—*n.* সঙ্কোচ ; কাতরানি । [কাপড় ।

Wincey, *n.* পশমের টানা ও সূতার পড়েন ওয়ালা

Winch, *n.* চরকি-কলের হাতল ; ছিপের হুইল ।

Wind, wind, *n.* বায়ু ; বাত ; হাওয়া ; বাতাস ; Air in motion :—নিশ্বাস ; Breath :—বেষ্টন ; পাক :—উদরস্থ বায়ু ; দুর্গন্ধ বায়ু ; পাদ ; পেট ফাঁপা ; Flatulence :—বাজে কথা ; অনর্থক বাক্য ; Empty, talk :—*v. t.*—(wind) বাতাস-দে ; বাতাস লাগান , To blow :—পাক-দে ; ঘুরাণ ; To turn round :—জড়ান ; ফের-দে ; To coil :—পরিবর্ত্তন-কৃ ; বদল-কৃ ; To change :—বেষ্টন-কৃ ; To encircle :—বায়ুমুখে রাখা ; To expose to the wind :—বেদম-কৃ ; নিশ্বাস ফেলিতে সময়-দে : To knock the breath out of :—দৌড়ানতে পরাস্ত-কৃ ; Beat in running :—*v. i.* আবর্ত্তন-কৃ ; ঘুরা ; To turn round :—পাক লাগা ; জড়ান , To twist. *Syn* :—(*v*) Coil, twine, twist , meander.

A fair wind—অনুকূল বায়ু , A propitious wind.

A wind egg—বাওয়া ডিম । [হয় ।

A wind instrument—যে বাদ্য যন্ত্র ফুঁ দিয়া বাজান

Be in the wind—কোন কিছু হাওয়ায় উঠিতেছে ; হাওয়ায় উঠা ; সম্ভবপর বিবেচিত বা কথিত হওয়া ; Be in preparation ; be brewing.

Be tossed to the wind—কিছুই নয় বলিয়া ছুড়ে ফেলে-দে ; Be flung or thrown away as of no moment.

Between wind and water—ঠিক দিকে ; On the right side, in the right direction :—বিপদ-জনক অবস্থায় . সঙ্গীন স্থানে ; Exactly in the right line, as along the wave line of a ship ; in a critical spot, so as to damage :—যেখানে আঘাত করিলে বড় লাগে ; In the most susceptible part :—জাহাজের তলা কিংবা পার্শ্বদেশের যে ভাগ প্রায়ই জলের নীচে থাকে, সেই স্থানে ; In the dangerous part.

Down the winds—প্রবহমান বায়ুর দিকে ।

Get wind of—সংবাদ পাওয়া ; সন্ধান-পা ; জানিতে পারা ; Get information about, learn about.

Go to the winds—ছিন্ন ভিন্ন হইয়া যাওয়া ; Be dissipated, be utterly lost.

In the wind—কোন অনিষ্টপাতের আশঙ্কা ; Brewing, about to happen :—কোন কথা স্পষ্ট জানা যায় নাই অথচ হাওয়ায় উঠিয়াছে ; In the air, be going about though not announced.

In the wind's eye—প্রবহমান বায়ুর বিপরীত দিকে ।

Raise the wind—টাকা তোলা ; অর্থ সংগ্রহ-কৃ ; Precure money.

Sits the wind in that corner, Sets the wind that way—বাতাস কি সেই দিকে বহিতেছে ; তাহাই কি ঠিক না কি ? Are thing standing that way ; are things coming to that.

Take (or get) wind—প্রকাশিত-হ ; প্রকাশ হইয়া পড়া ; Be divulged ; become known ; become public.

Take (or have) the wind—সুবিধা লাভ-কৃ ; সুবিধা পাওয়া বা লওয়া ; To gain or have the advantage.

Take the wind out of one's sail—বাতাস আটকাইয়া থমথমা খাওয়াইয়া দেওয়া ; প্রতারণা-কৃ ; খর্ব্ব-কৃ ; বন্ধ করিয়া-দে ; Circumvent ; bring down.

Take the wind out of the sails of—কাহিল-কৃ ; বল হরণ-কৃ ; Take away the strength of :—কোন কিছুর শ্রেষ্ঠত্ব থাকা ; Gain the advantage.

The four wind of heaven—চারিদিক ।

The wind boll—হাওয়া পড়ে গেছে ; The fury of the wind abated. [hard drinking.

Three sheets in the wind—Unsteady from

Wind and weather permitting—দুর্য্যোগ না হইলে ; ঝটিকাদি প্রতিবন্ধক না ঘটিলে ; কোনরূপ প্রতিবন্ধক না ঘটিলে ; If the weather does not prevent ; obstacles. [roll ; to uncoil.

Wind off—পাক খোলা ; জড়ান বস্তু খোলা ; To un-

Wind out—মুক্ত-কৃ ; Extricate.

Wind up—কোন ব্যবসা তুলে ফেলা ; Close up, as one's business affairs :—সমাপ্ত-কৃ ; শেষ-কৃ ; উপসংহার স্বরূপ কিছু বলিয়া শেষ-কৃ , Conclude :—ঘড়ির দম-দে ; Wind the spring of a watch or clock : যাহা বিকল হইয়াছে তাহা দোরস্ত করিয়া দেওয়া ; পুনরায় চালিত-কৃ ; Put in order anew :—জড়াইয়া কেটি বাঁধা ; জড়ান ; গুটান , Roll into a ball or coil.

Windage, windāj, *n* কামানের ও তাহার গোলাগুলির ছিদ্রায়তনের তারতম্য , The difference between the diameter of the bore of the gun and that of the ball shot from it.

Wind-bag, *n.* বায়ু দ্বারা স্ফীত থলিয়া ; বায়ুপূর্ণ থলে , A bag filled with air :—অসার বস্তু ; Something hollow or unsubstantial :—জল্পক ; An empty talker.

Wind-bound, wind'bownd, *a.* প্রতিকূল বায়ু দ্বারা বদ্ধ ; বায়ুবদ্ধ ; Prevented by contrary winds.

Wind-broken, *a.* হাঁপানি রোগগ্রস্ত ; Diseased in the breath.

Wind-changing, *a.* চঞ্চল ; Fickle.

Wind-dropsy, *n.* পেট ফাঁপা ; Tympanites.

Wind-fall, windfawl, *n.* বায়ু পাতিত ফলাদি , Fruit blown off a tree—অনপেক্ষিত বা অভাবনীয় লাভ বা প্রাপ্তি ; যাহা অকস্মাৎ অর্শে ; An unexpected gain.

Wind-gauge, wind'goj, *n.* বায়ুর গতি পরিমাপক যন্ত্র ; বায়ুমান যন্ত্র ; Anemometer.

Wind-god, *n.* পবন-দেব ।

Winding, wind'ing, *n.* মোড় ; বাঁক ; ঘোর ; A bend :—*a.* বক্র ; পাকান ; Twisting or bending from a direct line. *Syn* :—(*a*) Sinuous, flexuous, meandering, serpentine.

Winding sheet, *n.* শবাচ্ছাদন ; Sheet or cloth in which a dead body is wound or wrapped.

Wind-instument, *n.* বাদ্যযন্ত্র বিশেষ ; Musical instrument played by the breath.

Windlass, *n.* চরকি কল ; ওজন তুলিবার যন্ত্র ; A machine for raising weights, consisting of a revolving cylinder.

Wind-mill, wind'-mil, *n.* বায়ু দ্বারা চালিত যন্ত্র বা কল ; A mill turned by the wind.
Windness, *n.* বায়ুপূর্ণতা ; স্ফীতি ; ফাঁপ ।
Window, wind'ō, *n.* বাতায়ন ; জানালা ; গবাক্ষ ; খড়খড়ি ; Opening in a wall for light.
Windows of heaven—মেঘ ; Clouds , rain clouds.
Window-blind, *n.* গবাক্ষ ; A blind to shut out of a light window.
Window-shade—জানালার পরদা ।
Window-shutter—খড়খড়ির ঝিলমিলি ।
Wind-pipe, wind'pip, *n.* শ্বাসনালী ; নিশ্বাসের পথ ; Trachea ; the passage for the breath to and from the lungs.
Windup, *n.* পরিসমাপ্তি ; শেষ ।
Windward, wind'ward, *a.* বায়ুর দিকে অবস্থিত ; বায়ুর অভিমুখে ; Toward the wind :—*ad* প্রবহমান বায়ুর বিপরীত দিকে ; বায়ুর অভিমুখে , Toward where the wind blows from :—*n.* যে দিক হইতে বায়ু বহে সেই দিক ; The point from which the wind blows.
To lay an anchor to the windward—পূর্ব্বে সাবধান-হ ; To adopt previous or anticipatory measures for success or security.
Windy, wind'e, *a.* বায়ুময় ; বায়ুপূর্ণ , Consisting of *wind* :—ঝটিকাযুক্ত , ঝটিকাময় , Tempestuous ; stormy :—শূন্য ; Empty. *Syn* :—Breezy, squally, stormy ; empty, airy , flatulent.
Wine, win, *n.* মদ্য ; মদ ; সুরা ; মদিরা , A liquor.
Spirit of wine—সুরাসার ।
Wine-bibber, win biber, *n.* মাতাল , মদ্যপায়ী , One who drinks wine to excess ; a great drinker of wine , a drunkard.
Wine-celler, *n.* মদের ভাণ্ডার ।
Wine-glass, *n* ক্ষুদ্র পানপাত্র ।
Wine-merchant, *n.* মদ-বিক্রেতা ; শুঁড়ী ।
Wine-toster, *n.* মদ্য-পরীক্ষক ; One who judges of wines.
Wing, wing, *n.* ডানা , পক্ষ ; পাখা ; One of the limbs with which a fowl or insect flies —উড়ন ; উড্ডয়ন , ঊর্দ্ধ গমন , Flight :—পার্শ্ব গৃহ ; সৈন্যের পার্শ্ব ; Side of an army, ship, building &c. :—আশ্রয় ; Protection :—*v. t.* পক্ষযুক্ত-কৃ ; পক্ষবিশিষ্ট-কৃ ; উড়িতে সক্ষম-কৃ , To furnish with wings. *Syn* :—(*n*) Pennon, pinion , side piece , flank.
Clip one's wings—পক্ষ ছেদন করিয়া দমন-কৃ ।
Give to wing—পলাইবার শক্তি প্রদান-কৃ , Enable one to fly or move with celerity.
Lend wings to -গতিবৃদ্ধি-কৃ ।
On the wing—উড়িতে উদ্যত ; উড়িতে উড়িতে, উড্ডীয়মান ; চলিতাবস্থা ; Flying :—যাইবার উপক্রম ; About to start.
On the wings of the mind—অতি ত্বরায় ; With the utmost velocity.
On the wings of the wind—নিরতিশয় বেগে ।
Take wing—উড়িয়া যাওয়া ; Fly away.
Under the wing—তত্ত্বাবধানে ; আশ্রয়ে ।
Wing a flight—উড়িবার চেষ্টা-কৃ ; উড়িয়া-যা ; উড়িবার শক্তি চালনা-কৃ ; Exert the power of flying.
Winged, *a.* ডানাযুক্ত ; পক্ষবিশিষ্ট ; Furnished with wings :—দ্রুত ; Swift :—আহত পক্ষ ; Wounded in the wing.
Wink, *v. i.* চক্ষু মিটি মিটি-কৃ ; সত্বর চক্ষু মুদ্রিত-কৃ ; To blink ; move the eye-lids quickly :—দেখিয়াও না দেখার ভাণ-কৃ ; To seem not to see :—ইসারা করা , চোক টিপা ; To give a hint by winking :—*v. t.* সত্বর পুনঃ পুনঃ নিমীলিত ও উন্মীলিত-কৃ :—*n.* চক্ষু মিটিমিটি করণ ; চোক টিপনি ; Act of winking :—ইঙ্গিত ; ইসারা , A hint given by winking.
A wink of sleep—একটুও ঘুম ।
Forty winks—ক্ষণিক নিদ্রা ।
Wink at—দেখিয়াও না দেখা ; চক্ষু বুজিয়া উপেক্ষা-কৃ ; Pretend not to see :—খবর না লওয়া ; Avoid taking notice of.
Winking, *n.* পলক ।
Winner, winer, *n.* জয়ী ; প্রতিযোগিতায় জয়ী ; One who wins in contest.
Winning, wining, *a.* চিত্তাকর্ষক ; মনের আকর্ষণকারী ; Attracting :—*n.* প্রতিযোগিতায় লাভ ; What is gained in contest, labour &c :—*pl.* উপার্জ্জন । *Syn* :—(*a*) Attractive, alluring, engaging, charming, bewitching, fascinating.
A winning post—যে পর্য্যন্ত পৌঁছিলে দৌড়ের বাজি জেতা হয় ।
Winnow, winō, *v. t.* [L. *vannare*, to fan] পাছড়ান ; বাতাসে তুঁষ উড়াইয়া-দে ; বাতাস দিয়া ঝাগড়া ঝাড়া ; বাতাস-কৃ ; পৃথক-কৃ , To separate the chaff from the grain by wind :—পরীক্ষা-কৃ ; To examine :—*v. i.* তুঁষ উড়াইয়া-দে ; To separate chaff from grain. *Syn* :—Fan, separate, part, sift.
Winnowing, *n.* পাছড়ান কাজ ; ঝাড়ন ।
Winsome, *a.* আহ্লাদপূর্ণ , Cheerful, light-hearted :—চিত্তাকর্ষক ; মনোহর ; Attractive. *Syn* :—Merry, gay, blithe, agreeable, pleasant.
Winter, winter, *n.* শীতকাল ; জাড়কাল ; হিমঋতু ; The cold season of the year :—*v. i.* শীতঋতু অতিবাহিত-কৃ ; শীতকাল কাটান ; To pass the winter :—*v. t.* শীতকালে খাওয়ান , To feed during the winter.
Winter-quarters—সেনাদলের শীতকালীন আড্ডা ; The quaters of an army during the winter :—শীতাবাস ; A winter residence.
Winter solstice, *n.* December 21.
Wintery, Winterly, Wintry, win'tre, *a.* শীতোপযুক্ত , হৈমন্ত , শীতকাল সদৃশ ; শীতল ; Suitable to winter , resembling winter ; cold :—ঝটিকাযুক্ত ; Stormy. *Syn* .—Cold, brumal, hyemal, snowy, frosty, icy.
Wipe, wip, *v. t.* মুছা ; পোঁছা ; পরিষ্কার-কৃ ; To clean by gentle rubbing ; to clear off :—*n.* মুছন ; ঠাট্টা । *Syn* —Cleaning , blow, stroke, hit ; gibe, jeer, taunt.
Wipe off, (out, away)—কোন দাগ উঠাইয়া ফেলা ; রগড়াইয়া তোলা ; কলঙ্ক অপনীত-কৃ ; Cleanse , remove , obliterate , efface.
Wipe off old scores—বহুদিনের দেনা পরিশোধ-কৃ ; To pay long standing debts.
Wiper, *n.* মার্জ্জনী ; ঝাড়ন ; নেকড়া ;—পরিষ্কারক ।
Wire, wīr, *n.* তন্তু ; তার ; A thread of metal :—তাড়িত বার্ত্তাবহ ; Electric telegraph :—*v. t.* তার দিয়া বাঁধা , তারযুক্ত তারে খবর-কৃ ; To bind or supply with wire ; to telegraph.
Wiredraw, wir'draw, *v. t.* তার নির্ম্মাণ-কৃ ; বাড়াইয়া তার-কৃ ; বাড়াইয়া লম্বা-কৃ ; To draw into wire ; to draw or spin out to a great length.
Wire-fence, *n.* তারের বেড়া ।
Wire-gauge, *n.* তার টানা যাঁতরী ।
Wire-puller, *n.* চক্রী ; An intrigner.
Wiry, *a.* নমনীয় ও অভঙ্গুর ; Flexible and tough :—তার নির্ম্মিত ; তারময় ; Made of or like wires.

Wis, *v. t.* বিবেচনা-কৃ ; জানা ; To think ; to know.

Wisdom, wizdum, *n.* প্রজ্ঞা ; বিজ্ঞতা ; বুদ্ধি ; Right use of knowledge ; knowledge gained from experience ; learning. *Syn* :—Sense, judgment, sagacity, prudence, judiciousness, discretion, circumspection, enlightenment ; reason, reasonableness, expediency, propriety.

The wisdom tooth—আক্কেল দাঁত ।

Wise, wiz, *a.* জ্ঞানী ; পরিণামদর্শী , বিজ্ঞ ; প্রবীণ ; Sagacious ; having the power of judgment correctly :—জ্ঞানী ; Learned :—চতুর ; নিপুণ ; Skilful :—জ্ঞানপূর্ণ ; Dictated by wisdom ; containing wisdom :—*n.* প্রকার ; রূপ ; ধারা ; রকম , Way ; manner ; mode ; guise. *Syn* :—(*a*) Sensible, sapient, judicious, discreet, sage ; erudite , dexterous, polite, crefty, prudent ; knowing , designing ; rational, reasonable, sound.

In any wise—যে কোনও রূপে , In any way.

In no wise—কোন রকমেই নহে ; In no way.

Wise in one's generation—স্বার্থ সম্বন্ধে চতুর ; Prudent in respect of one's own interests.

Wiseacre, wiza-ker, *n.* নির্বোধ ব্যক্তি ; জ্ঞানাভিমানী ; বুদ্ধিমত্তার ভাণকারী ; A simpleton ; one who makes undue pretensions to wisdom.

Wisely, *ad.* বুদ্ধিমানের মত ।

Wish, wish, *v. i.* ইচ্ছা-হ ; ইচ্ছুক-হ ; অভিলাষী-হ ; To have a desire ; to long :—*v. t.* ইচ্ছা-কৃ , স্পৃহ-কৃ ; বাসনা-কৃ ; To desire ; to long for :—*n.* ইচ্ছা ; অভিলাষ ; Desire ; longing. *Syn* :—(*v*) List, hanker, yearn, long for ; crave, covet. (*n*) Longing, mind, liking, hankering ; request, petition, imprecation.

The wish is father to the thought—ক্রমাগত কোন বিষয়ে ভাবিলে বা আশা করিলে সেই আশানুরূপ কার্য্য হইবে মনে মনে এই বিশ্বাস-হ , The desire to do a thing or to have it generates a belief that things will eventually turn out as desired.

Wishable, *a.* প্রার্থনীয় ; অভিলষণীয় ।

Wished-for, *a.* বাঞ্ছিত ; ইষ্ট ।

Wisher, *n.* প্রার্থী ; ইচ্ছুক ।

Wishful, wish'fool, *a.* ইচ্ছুক , ব্যগ্র ; Having desire ; eager. *n*=wishfulness (ব্যগ্রতা) । *ad*=wishfully (ব্যগ্রতাপূর্ব্বক) ।

Wishy-washy, *a.* দুর্ব্বল ; নিস্তেজ ; শক্তিহীন , Weak ; very thin ; feeble.

Wisp, wisp, *n.* (খড় বা তৃণের) আঁটি , গুচ্ছ ; A small bundle of straw or hay.

Wistful, wist'fool, *a.* চিন্তাশীল , চিন্তাযুক্ত ; Thoughtful :—উৎসাহী ; ব্যগ্র ; উৎসুক ; Earnest. *ad*=wistfully (সতৃষ্ণভাবে) ; *n*=wistfulness (ব্যগ্রতা) । *Syn* :—Contemplative, pensive, engrossed ; longing, eager, wishful.

Wit, wit, *n.* বুদ্ধিশক্তি ; বুদ্ধি ; জ্ঞান ; Understanding, intellect :—হাস্য উদ্দীপন করিবার ক্ষমতা, রসিকতা করিবার শক্তি ; The power of combining ideas with ludicrous effect :—বিচারশক্তি ; Judgment :—প্রতিভাশালী ব্যক্তি ; Man of genius :—রসিক ; কৌতুকপ্রিয় লোক ; Humourist ; one who has wit .—*n. pl.* সুস্থবুদ্ধি ; উপস্থিত বুদ্ধি ; Soundness of mind ; ingenuity :—*v. t.* or *i.* বিদিত থাকা ; জানা ; To know. *Syn* :—(*n*) Mind, sense ; genius, imagination, ingenuity ; humour, jocoseness, pleasantry.

At one's wit's end—কিংকর্ত্তব্য বিমূঢ়-হ ; হতবুদ্ধি-হ ; কি করিতে হইবে কিছুই বুঝিতে না পারা ; দিশাহারা ; Exhausted the last known contrivance or plan ; at a loss what further step or measure to take ; utterly bewildered or puzzled ; utterly at a loss.

Frighten one out of one's wits—ভয় দেখাইয়া হতজ্ঞান-কৃ ; Frighten a person so as to confound him.

Have one's wits about one—বুঝিতে ও কাজ করিতে তৎপর ; Be observant ; be quick at seeing and acting.

Live by one's wits—যে কোন উপায় দ্বারা জীবিকা নির্ব্বাহ-কৃ ; Live by shifts and expedients, as one without any regular occupation.

Mother wit—সংসার বুদ্ধি , সহজ বুদ্ধি ; বেশ বুদ্ধি-শুদ্ধি ; Common sense ; natural sagacity ; sound practical judgment.

Out of one's wits—বিকলবুদ্ধি , Deranged in mind.

The five wits—পঞ্চেন্দ্রিয় ।

To be out of one's wits—বিকৃতবুদ্ধি বা ক্ষিপ্ত-হ ।

To wit—অর্থাৎ , Namely ; that is to say.

Witch, wich, *n.* ডাকিনী , ডাইনী ; A woman who practises sorcery :—*v. t.* মুগ্ধ-কৃ ; জাদু-কৃ , To bewitch.

Witchcraft, wichkraft, *n.* জাদুবিদ্যা ; ডাকিনীবৃত্তি , মোহিনীশক্তি , Sorcery ; supernatural power

Witchery, wicher-e, *n* সম্মোহন , কুহক , জাদু , মোহিত করণ ; Fascination. *Syn* :—Sorcery, enchantment, witchcraft ; spell, entrancement.

Witching, *n.* মোহন ।

The witching time—সম্মোহন কাল ।

Witching hour—দুই প্রহর রাত্রি ; Midnight ; the hour suited to witchcraft.

Wit cracker—কৌতুককারী , A jester , joker.

Witenagemote, Witenagemot, *n.* বিজ্ঞসভা ; ইংলণ্ডের প্রাচীন ব্যবস্থাপক সভা , The supreme council of England in the days of the Anglo-Saxons

With, with, *prep.* সহিত ; সঙ্গে ; সহ ; সাথে ; দ্বারা ; By :—একত্রে , লইয়া , Together :—মধ্যে ; Among :—অব্যবহিত পরে ; Immediately after :—বিরুদ্ধে , In opposition to :—মতে , In the opinion of :—সম্বন্ধে ; In connection :—পক্ষে , On the side of :—প্রতিদ্বন্দ্বিতা বা তুলনায় , In compitition or comparison.

With a bad grace—কুভাবে ; মন্দভাবে ; With behaviour indecent and unbecoming.

With a good grace—ভাল ভাবে ; সুভাবে , With behaviour, decent and becoming.

With a high hand—যথেচ্ছাচারী হইয়া ; In an oppressive manner ; tyrannically.

With an eye of mercy—অনুগ্রহপূর্ব্বক , Mercifully.

With a view to—অভিপ্রায়ে ; ইচ্ছায় ; With the aim , with the intention or design.

With child—অন্তঃসত্ত্বা ; গর্ভিণী ।

With closed doors—গোপনে ; লুকায়িতভাবে ; None being admitted ; in secret.

With dry eyes—ক্রন্দন না করিয়া ; না কাঁদিয়া ; Unaffected ; without weeping.

With heart and soul—সর্ব্বান্তঃকরণে ; Heartily.

With might and main—যথাসাধ্য ; সাধ্যমত ; With the utmost strength ; with the utmost exertion.

With one accord—একযোগে ; একসঙ্গে ; Unitedly.

With one consent—একযোগে ; Unitedly ; with one accord.

With one's eyes open—সতর্ক ; সাবধান ; Observant ; vigilent.

With one's eyes shut—অজ্ঞভাবে ; অজ্ঞাতসারে ; Not observing ; not knowing ; in ignorance.

With open arms—স্নেহভাবে ; Affectionately.

With (or by) one's favour—অনুগ্রহে ; কৃপায় ; By permission , with leave.

With rapid strides—দ্রুতবেগে ; সত্বরপূর্ব্বক ; Rapidly.

With the best intentions—ভাল অভিপ্রায়ে ; সু-অভিপ্রায়ে , In kindness ; meaning well.

With the exception of—ব্যতিরেকে ; ব্যতীত ; Excepting ; except.

With one voice—একত্র হইয়া ; এক মতে ; United in opinion.

With the lark—প্রাতে ; অতি প্রত্যূষে ; At sunrise ; very early.

With this understanding—যদি ; এই করারে ; With this agreement ; provided that.

Withal, with-awl, *ad.* আরও ; তৎসহিত ; তাহার উপর ; Likewise ; moreover ; at the sametime.

Withdraw, with-draw', *v. t.* উঠাইয়া-ল ; ফিরিয়া-ল ; প্রত্যাহার-কৃ ; To recall ; to take away ; to draw back .—*v. i.* প্রস্থান-কৃ ; ফিরিয়া-যা ; সরিয়া পড়া , To retire ; to quit a company or place. *n*—withdrawal (প্রতিগ্রহণ , প্রস্থান) ; withdrawer (অবহারক) । *Syn* :—Remove, subtract, disengage ; retract. revoke ; retreat, recede, retrograde.

Withdraw from—কোন কিছু হইতে পিছান বা চলিয়া যাওয়া ; Retire from :—ফিরাইয়া আনা বা লওয়া ; Take back from.

Withe, with, *n* বেত ; কঞ্চি , কঞ্চির তোটা , A flexible twig ; a band of twisted twigs.

Wither, with'er, *v. i.* [A. S. *wyderu* ; withering] শুষ্ক-হ ; ম্লান-হ ; নীরস-হ , ক্ষীণ-হ ; To fade ; to dry ; to lose freshness ; to shrink , to waste : —*v. t.* শুষ্ক-কৃ , নষ্ট কৃ , ম্লান-কৃ , To waste ; to cause to dry up ; to cause to decay. *Syn* :— Shrivel, dry up ; decay, droop, languish, perish.

Withered, *p. a.* পরিম্লান ; শুষ্ক ।

Withers, witherz, *n. pl.* অশ্বের স্কন্ধ বা গ্রীবাস্থির সংযোগ ; ঘোড়ার স্কন্ধদ্বয়ের মধ্যবর্ত্তী সন্ধিস্থান , The ridge between the shoulder-bones of a horse at the bottom of the neek.

Wither-wrung—স্কন্ধ ক্ষত ; Injured or hurt in the withers, as a horse.

Withhold, with-hōld, *v. t.* সংযত-কৃ ; বদ্ধ-কৃ ; আটক-কৃ ; প্রতিরোধ-কৃ ; *To keep from ; to hold* back ; to check ; to restrain. *n*—with-holder (বদ্ধকারক) । *Syn* :—Rein in ; retain , reserve.

Withhold from—না দেওয়া ; Keep back from ; not to grant to.

Within, with'in, *prep.* ভিতরে ; অভ্যন্তরে ; মধ্যে ; সীমাতিক্রম না করিয়া ; Inside of ; in the reach of :— *adv.* ভিতরে ; অভ্যন্তরে ; কোনও সীমার এদিকে ; In the inner part ; inwardly.

To live within one's means—আয় মত ব্যয়-কৃ ; আপনার আয়ের মধ্যে চালান ।

Within an ace of—প্রায় ; অতি নিকটবর্ত্তী ; ঘটিবার উপক্রম হ ; হ'য় হ'য়-হ ; Almost ; very nearly ; very near ; on the point of.

Within an inch of—অতি নিকটে ; Very near.

Within an inch of one's life—মৃতপ্রায় হয় এমনতর কঠিন প্রহার ; So severely as to being one very near death.

Within a stone's throw—ইট ছুড়িলে যত দূর যায় তাহারই মধ্যে, অর্থাৎ বড় দূরে নহে ; Within such a distance that a stone thrown by the hand may reach the object—not very far from.

Within bounds—সীমার মধ্যে ; Not extravagantly ; not beyond the limits.

Within call—এত কাছে যে ডাকিলে আসিতে পারে ; Near enough to be summoned to come.

Within doors—গৃহের ভিতরে ; বাটীতে ; In the house.

Within ear-shot, within speaking distance—এতটুকু তফাতে যে কথা শুনা যায় ; Within reach of the ear that one's words may be heard.

Within hail—অল্প দূরে ; ডাকিলে শুনা যায় এমন নিকটে ; Within a short distance ; so near that persons accosting each other may be heard.

Within hail of—ডাকের মাথায় ।

Within hearing—খুব কাছে ; অতি নিকটে ; With the distance at which sound may be heard.

Within musket-range—গোলাগুলি ছুড়িলে পৌঁছায় এমনতর স্থানের মধ্যে . Within the range of a shot.

Within range of—আয়ত্তের অধীনে ; তাহার মধ্যে ; Within the compass, reach, or command of.

Within reach—প্রাপ্তব্য ; নাগাইলের মধ্যে ; Able to be obtained.

Within the bonds of possibility—An emphatic expression for *possible.*

Without, with-owt', *prep.* বাহিরে ; Outside ; out of :—সীমাতিক্রম করিয়া ; Beyond :—বিনা ; In absence of :—ব্যতিরেকে ; বিনা , ব্যতীত ; ছাড়িয়া , Except :—*conj* যদি না ; Unless.

It goes without saying—তার আর কথা কি ? তা স্বীকার করিতেই হইবে ; It is needless to say , it is undeniable.

To do without—ত্যাগ-কৃ ; ছাড়িয়া কাজ-কৃ ।

Without a parallel—অতুল ; Unequal.

Without a word—বাক্‌নিষ্পত্তি না করিয়া ; কথা না কহিয়া ।

Without beginning—অনাদি ।

Without ceremony—বিনা আড়ম্বরে ; Unostentatiously ; unceremoniously ; informally.

Without day—দিন না ফেলিয়া ।

Without end—অশেষ ; অনন্ত ।

Without exception—সকলেই ; Universally ; *no one being excepted.*

Without fail—নিশ্চয়ই ; অন্যথা না করিয়া ; যেন ইহাতে কোন ত্রুটি না হয় ; যেন এটা নিশ্চয়ই করা হয় ; Certainly ; positively ; without any hesitation ; without failure.

Without measure—অত্যন্ত ; অতিশয় ; Innumerably ; excessively.

Without reserve—গোপন না করিয়া ; Freely and fully.

Without rhyme or reason—বিনা কারণে ; কারণ ব্যতীত ; Without any cause whatever ; without sense.

Withstand, with-stand, *v. t.* বাধা-দে ; প্রতিরোধ-কৃ ; নিবারণ-কৃ ; রোধ-কৃ ; To oppose ; to resist ; to stand against. *Syn* :—Confront, face.

Witless, witles, *a.* বুদ্ধিহীন ; নির্বোধ ; Destitude of wit or understanding. *Syn* :—Thoughtless, foolish, inconsiderate, indiscreet.

Witling, witling, *n.* স্বল্পবুদ্ধি ব্যক্তি ; A pretender to wit ; ono who has little wit.

Witness, witnes, *n.* প্রমাণ ; সাক্ষ্য ; Testimony ; attestation of a event :—সাক্ষী ; গাওয়া ; One who knows and gives evidence :—*v. t.* দর্শন-কৃ ; স্বচক্ষে দেখা ; To see :—সাক্ষ্য-দে ; প্রমাণ-কৃ ; To give testimony ; to testify :—*v. i.* সাক্ষ্য-দে ; To give evidence ; to bear testimony. *Syn* :—Testimony, evidence, corroboration ; eyewitness, observer, spectator ; deponent. (*v*) Behold, observe ; attest, certify ; depove.

An eye witness—যে লোক স্বচক্ষে দেখিয়াছে।

With a witness—অতিশয়িত ; এরূপ পরিমাণে যে লোকের নজরে পড়ে।

Witsnaper, *n.* A witling. [standing.

Witted, *a.* বুদ্ধিবিশিষ্ট ; বুদ্ধিজীবি ; Having under-

Witticism, witi-sizm, *n.* রসবৎ বাক্য, বাক্পটুতা ; রসিকতা ; বিদ্রূপ ; A witty sentence ; a low kind of wit. [By design ; knowingly.

Wittingly, witing-li, *ad.* জ্ঞানপূর্ব্বক ; জ্ঞাতসারে,

Witty, wite, *a.* ব্যঙ্গকারী ; রসিক ; বিদ্রূপকারী : Amusing, droll, sarcastic. *ad*=wittily (কৌশলক্রমে ; ঠাট্টা করিয়া)। *Syn* :—Imaginative, fanciful, ingenious, acute, smart, sharp, arch ; facetious, waggish, humorous, jocular, funny.

Wive, *v. i.* বিবাহ-কৃ ; To marry :—*v. t.* পত্নীরূপে গ্রহণ-কৃ ; To take for wife.

Wizard, wizard, *n.* মায়াকর ; যাদুকর ; ভেল্কীওয়ালা ; A magician. *fem*=witch. *Syn* :—Conjurer, sorcerer, enchanter, juggler. [ম্লান-কৃ।

Wizen, *a.* কঠিন ; শুষ্ক, Hard ; dry :—*v. t.* শুষ্ক-কৃ ;

Woad, wōd, *n.* নীল রঙ্ করিবার গাছ বিশেষ ; A plant used as a blue dye staff.

Woe, wō, *n.* দুঃখ ; শোক ; কষ্ট ; বিপদ ; Grief ; heavy calamity, misery :—অভিশাপ, অভিসম্পাত, A curse :—হা ; ধিক ; An exclamination of grief. *Syn* :—Affliction, distress, sorrow, misery, disaster, trouble ; malediction.

Woe to him—তার বড় গ্রহ ; Evil befall him, it is a very unfortunate circumstance for him.

Woe worth—নষ্ট হউক, ডুবিয়া যাউক।

Woe-begone, wō'-be-gon, *a.* দুঃখিত ; দুঃখাভিভূত ; বিপদ্গ্রস্ত ; শোকগ্রস্ত ; Overwhelmed with woe ; melancholy.

Woeful, wō'fōōl, *a.* দুঃখজনক ; শোকার্ত্ত ; দুঃখপূর্ণ ; কষ্টজনক ; সন্তাপজনক ; Sorrowful ; wretched ; calamitous. *ad*=woefully (কষ্টজনকরূপে) ; *n*=woefulness (মহাকষ্ট)। *Syn* :—Sad, afflicted, grievous, afflictive, disastrous, lamentable, mournful ; wretched, pitiful, paltry.

Woer, *n.* বিবাহপ্রার্থী ; One who woes.

Wold, *n.* বন ; অরণ্য ; A wood :—পর্ব্বত, Mountain :—*pl.* পার্ব্বতীয় প্রদেশ।

Wolf, woolf, *n.* বৃক ; নেকড়ে বাঘ ; Wild animal of the dog tribe :—অত্যাচারী ব্যক্তি ; বিনাশসাধক বস্তু, Anything very ravenous. *pl*=wolves.

Keep the wolf from the door—খাটিয়া দুর্ভিক্ষ ; দুর্ভিক্ষ দূর-কৃ ; Keep away poverty.

To cry wolf—বিপদ আসিয়াছে বলিয়া মিথ্যা গোলযোগ-কৃ। [হওয়া ; বৃকোদর-হ।

To have wolf in the stomach—পেটে খাকোড়

Wolf in sheep's clothing—প্রতারক ; কপটী ; A hypocrite ; a deceiver.

Wolf-dog, woolf'-dog, *n.* বড় কুকুর ; A large kind of dog to guard sheep.

Wolfish, woolf'ish, *a.* বৃকবৎ ; Like a wolf :—অতি লোভী ; Rapacious.

Wolverine, woolvér-in, *n.* পেটুক ; বিড়াল জাতীয় জন্তু বিশেষ, The glutton.

Woman, woom'an, *n.* নারী ; মহিলা ; স্ত্রীলোক ; রমণী ; The female of man ; an adult female :—পরিচারিকা ; A female attendant. *pl*=women.

An excellont woman—বরবর্ণিনী।

To play the woman—রোদন-কৃ ; To cry.

Woman of the town, *n.* বেশ্যা ; গণিকা ; Harlot.

Woman-hood, woom'an-hood, *n.* স্ত্রীলোকের অবস্থা বা স্বভাব ; স্ত্রীত্ব ; নারীত্ব ; স্ত্রীজাতি ; The state, character or qualities of a woman.

Womanish, wōōm'an-ish, *a.* স্ত্রীসদৃশ ; স্ত্রীলোকের মত, অতি মৃদু ; স্ত্রৈণ ; Feminine ; effeminate. *n*=womanishness. *Syn* :—Effeminate, soft, weak, womanly.

Womankind, woom'an-kind, *n.* স্ত্রীজাতি ; স্ত্রীলোক ; The female sex. [woman.

Womanlike, woom'an-lik, *a.* স্ত্রীজনবৎ ; Like a

Womanly, woom'an-li, *a.* স্ত্রীবৎ ; স্ত্রৈণ ; Feminine ; becoming a woman :—কোমল ; Tender :—স্ত্রীস্বভাব যোগ্য ; স্ত্রীলোকের উপযুক্ত ; Like or becoming a woman :—*ad.* মৃদুভাবে ; Tenderly :—স্ত্রীলোকের ন্যায় ; In the manner of a woman.

Woman-worship, *n.* প্রকৃতি-পূজা ; রমণীর প্রতি সমাদর।

Womb, wōōm, *n.* গর্ভ ; গর্ভাশয় ; পেট ; জরায়ু ; The uterus :—গহ্বর ; অভ্যন্তর, Any deep cavity.

Wombat, wombat, *n.* বিগর্ত্ত গহ্বর জন্তু বিশেষ ; Burrowing four-footed beast found in Australia.

Won, wun, *pa. t.* and *pa. p.* of Win.

Wonder, wunder, *n.* বিস্ময় ; আশ্চর্য্য ; Astonishment ; the emotion excited by something new, or unexpected :—আশ্চর্য্য বস্তু, অদ্ভুত ব্যাপার বা ঘটনা ; Any thing wonderful ; a prodigy ; a strange thing ; a marvel :—*v. i.* আশ্চর্য্যান্বিত-হ ; আশ্চর্য্য-হ, বিস্মিত-হ ; To be amazed ; to marvel ; to feel wonder. *Syn* :—(*n*) Surprise ; amazement, admiration ; marvel, portent, miracle ; phenomenon, curiosity, rarity, sight.

A nine day's wonder—যে ব্যাপার দুই চারি দিন হুজুগ লাগায় তারপর তার বিষয় আর শুনা যায় না ; Something that causes a great sensation ; a temporary sensation caused by for a few days and is then forgotten.

No wonder—ইহাতে আশ্চর্য্য হইবার কিছুই নাই ; It is a matter of no wonder :—আশ্চর্য্য নহে।

The seven wonders of the world—পূর্ব্বকালের সাতটী অত্যাশ্চর্য্য বস্তু ; (১) মিসরদেশের সমাধিস্তম্ভ ; (২) আলেকজাণ্ড্রিয়ার আলোক-স্তম্ভ ; (৩) ব্যাবিলনের প্রাচীর ও উর্দ্ধস্থিত উদ্যান ; (৪) এফিসসের ডায়েনা দেবীর মন্দির, (৫) ফিডিয়াস্ কৃত জুপিটারের মূর্ত্তি ; (৬)

আর্টিমিসিয়া কর্ত্তৃক প্রতিষ্ঠিত সমাধি মন্দির ; (৭) রোডস্ দ্বীপের অতিমূর্ত্তি। [with amazement.

Wonder at—আশ্চর্য্য-হ বা তাক্ লাগা ; Be struck

Wonderful, wuńder-fōōl, *a.* বিস্ময়কর ; আশ্চর্য্য ; Exciting wonders ; strange. *ad*=wonderfully (আশ্চর্য্যরূপে) ; *n*=wonderness. *Syn* :—Marvellous, amazing, astonishing, surprising, startling, miraculous.

Wonder-land, *n.* অদ্ভুত দেশ।

Wonderment, *n.* আশ্চর্য্যবোধ ; বিস্ময়।

Wonder-stricken, Wonder-struck—আশ্চর্য্যান্বিত ; চমৎকৃত ; বিস্ময়ান্বিত ; Amazed.

Wonder-work, *n.* অদ্ভুত কার্য্য।

Wonder-worker, *n.* জাদুগর ; Performer of miracles ; magician.

Wondrous, wuńdrus, *a.* আশ্চর্য্য ; চমৎকার, অদ্ভুত ; Strange. *ad*=wondrously (অদ্ভুতরূপে) ; *n*=wondrousness. *Syn* :—Wonderful, marvellous, great, prodigious ; good, admirable.

Wont, wunt, *n.* [A. S. *wunian*, to dwell] রীতি, অভ্যাস ; Habit ; custom :—*a.* অভ্যস্ত, কৃতাভ্যাস ; Used ; accustomed :—*v. i.* অভ্যস্ত-হ ; To be accustomed.

Won't=will not.

Wonted, wunted, *a.* স্বাভাবিক ; নিত্য ; ব্যবহৃত ; অভ্যস্ত ; Useful, habitual. *Syn* :—Accustomed, customary, ordinary, common, familiar.

Woo, wōō, *v. t.* বিবাহার্থ উপাসনা-কৃ ; প্রণয় প্রার্থনা কৃ, To court ; to make love :—*v. i.* প্রণয়-কৃ, আরাধনা-কৃ ; To court ; to make love ; to solicit in love.

Wood, wōōd, *n.* [A. S. *wudu*, trees] কাষ্ঠ, Timber ; the hard substance of trees :—অরণ্য ; বন ; A forest :—*a.* কাষ্ঠময় ; দারুময়, কাষ্ঠ সম্বন্ধীয় :—*v. t.* কাষ্ঠ যোগান ; To supply with wood. *Syn* :—(*n*) Copse, grove.

A wood apple—বেল, শ্রীফল।

Out of the wood—নিরাপদে ; বিপদ হইতে নিষ্ক্রান্ত।

Woodbine, woodbin, **Woodbind,** woodbind, *n.* লতা বিশেষ ; The honey-suckle. [Charcoal.

Wood-coal, woodkōl, *n.* অঙ্গার ; পাথুরিয়া কয়লা ;

Woodcock, woodkok, *n.* বনকুক্কুট, দীর্ঘচঞ্চু পক্ষী বিশেষ ; A bird of the snipe family :—মূঢ়ব্যক্তি।

Wood-craft, *n.* বনবিহার পটুতা ; Skill in forests and in forest sports.

Wood-cut, woodkut, *n.* কাষ্ঠে খোদিত ছবি ; কাঠে খোদা ছবি ; An engraving on wood.

Wood-cutter, *n.* কাঠুরিয়া ; কাষ্ঠ-ছেদক ; One who fells or cuts timber.

Wooded, wooded. *a.* কাষ্ঠাবৃত ; কাষ্ঠাচ্ছাদিত ; বনাচ্ছন্ন ; Supplied or covered with wood. [তম হয়।

The wooden spoon—যে ছাত্র পাদরী পরীক্ষায় নিম্-

Wooden, woodn, *a.* কাষ্ঠনির্ম্মিত ; দারুময় ; Made of wood :—অশিষ্ট ; কঠিন ; Clumsy ; hard.

The wooden wall—জাহাজ। [করে।

Wood-engraver, *n.* যে ব্যক্তি কাষ্ঠ খুদিয়া ছবি প্রস্তুত

Wood-engraving, wood-en-grāving, *n.* কাষ্ঠে খোদিত ছবি ; কাষ্ঠে খোদন ছবি ; Engraving on wood &c.

Wood-house, *n.* কাঠের ঘর।

Wood-land, woodland, *n.* বৃক্ষাবৃত ভূমি ; বনাচ্ছন্ন প্রদেশ ; অরণ্য ; Land covered with wood :—*a.* বন্য, আরণ্য।

Wood-lark, woodlärk, *n.* চাতক পক্ষী বিশেষ ; A species of lark.

Woodman, woodman, *n.* বৃক্ষচ্ছেদক ; কাঠুরিয়া ; Wood-cutter :—বনাধ্যক্ষ ; বনরক্ষক, A forest officer :—শিকারী ; বনচারী ; ব্যাধ ; Woodman ; huntsman ; hunter.

Wood-monger, *n.* কাষ্ঠবিক্রেতা ; Wood-seller.

Wood-nymp, woodnimf, *n.* বনদেবী ; বনদেবতা ; A nymp or goddess of the woods.

Wood-oil, *n.* গর্জ্জন তৈল।

Wood-offering, *n.* কাষ্ঠ হোম। [A bird.

Woodpecker, woodpek-ėr, *n.* কাঠঠোকরা পক্ষী ;

Wood-pigeon, wood-pijun, *n.* বন কপোত ; পারাবত বিশেষ ; The ringdove ; the wild pigeon.

Woodruff, woodrup, *n.* উদ্ভিদ্ বিশেষ ; A plant.

Woods-man, *n.* কাঠুরিয়া ; Hunter.

Wood-stamp, *n.* কাঠের ছাপ।

Wood-ward, woodward, *n.* বনরক্ষক কর্ম্মচারী ; An officer to guard the wood.

Wood-work, *n.* কাঠের কাজ।

Woody, woodi, *a.* বৃক্ষাবৃত ; বৃক্ষাকীর্ণ ; বনবহুল ; অরণ্যময় ; Abounding with woods ; consisting of wood ; wooded.

Wooer, *n.* প্রণয়কারী ; স্ত্রীর উপাসনাকারক ; One who woos. [Weft.

Woof, wōōf, *n.* পড়েন ; বস্ত্রের অনুপ্রস্থগামী সূত্র ;

Warp and woof—টানা পড়েন।

Wool, wool, *n.* পশম, ঊর্ণা ; লোম ; The fleecy coat of sheep &c. :—ঘন কোঁকড়ান চুল ; কোমল ঘন লোম, Dense, curly hair ; soft thick hair.

A wool-stapler—ঊর্ণাব্যবসায়ী।

Great cry and little wool—বহ্বারম্ভে লঘু ক্রিয়া ; মেঘ নাই গর্জ্জন আছে।

To go a wool-gathering—বৃথা কাজে নিযুক্ত-হ।

Wool-comber, *n.* One who combs wool.

Woolen, woo'len, *a.* ঊর্ণাময়, পশমী ; ঔর্ণ্য ; Made of, pertaining to wool :—*n.* পশমী কাপড়।

Wool-gathering, wool-gathėr-ing, *n.* বৃথা কল্পনা ; কল্পনার বৃথা পরিচালনা ; বৃথা চেষ্টা ; Indulgence in idle fancies ; vagrant exercise of the imagination ; idle or fruitless expedition :—*a.* অনর্থক কল্পনার পরিচালনাকারী ; বিফল অনুসন্ধানকারী ; কাল্পনিক, Dreamy ; listless.

Wool-grower, woolgrō'ėr, *n.* (পশমের জন্য) মেষপালক, One who raises sheep for wool.

Wool-pack, *n.* লোমের বস্তা ; প্রায় ত্রিশ মণ পশম।

Wool-sack, woolsak, *n.* ইংলণ্ডের মহাসভার প্রধান সচীবের ঊর্ণাসন ; The seat of the Lord Chancellor in the House of Lords :—পশমের বস্তা ; ঊর্ণা-শ্রেণী ; Woolpack.

Wooly, wooli, *a.* পশমী ; ঊর্ণাক্ত ; পশম সদৃশ ; ঊর্ণময় ; Consisting of, or resembling wool :—লোমশ, লোমাবৃত, Clothed with wool.

Wooly-head, *n.* A negro.

Word, wurd, *n.* শব্দ ; Articulate sound :—কথা ; বাক্, ভাষা ; A vocable, term, talk :—আদেশ ; হুকুম :—বচসা ; বিবাদ ; Short discourse ; dispute :—প্রতিজ্ঞা ; অঙ্গীকার ; Promise :—নিদর্শন ; চিহ্ন ; Signal :—সংবাদ ; Message :—যিশুখ্রীষ্ট ; Jesus Christ ; the Holy Ghost ; the Logos :—*pl.* বচসা ; বাদানুবাদ ; Verbal contention :—বাক্য ; Declaration :—*v. t.* বাক্যে প্রকাশ-কৃ, শব্দে প্রকাশ-কৃ ; To

express in words. *Syn* :—(*n*) Term, vocable, expression ; tidings, report, advice, account ; statement, affirmation, declaration, pledge, assurance, engagement ; order, command, signal.

A household word—যে কথা সকলের মুখে শুনা যায় ; Well-known, in the mouth of every one.

A man of one word—এক কথার লোক , খাড়া লোক ; A man who acts up to his promises.

A man of few words—মিতভাষী লোক ।

Another word for—একই জিনিস ; এও যা ওও তা ; Synonymous with, the same thing expressed in different language.

At one's word—মুখের কথা পাইলেই ।

A word and a blow—যাই বলা অমনি কাজ ।

By word of mouth—কথা দ্বারা ; মুখে মুখে , সম্মুখের কথায় ; বাক্যে (লিখিয়া পড়িয়া নহে) ; Orally (not in writing).

Coin a word—কথা বানান বা তৈয়ার কৃ , Invent a new word

Eat one's word—যাহা বলা হইয়াছে তাহা প্রত্যাখ্যান-কৃ ; নিজের কথা ফিরাইয়া লওয়া , To retract what has been said.

Familiar as household words—ঘোরো কথার মত পরিচিত ; Well-known as words used in the family circle.

Fine words butter no parsnips—মুখ কথায় চিঁড়ে ভিজে না ; Fair promises do not clothe and feed persons to whom they are made.

Give another one's word for honour—কথা দেওয়া ; Tell another that one as a gentleman promises to do something.

Give one's word—কথা দেওয়া , অঙ্গীকার-কৃ , Make a promise ; declare solemnly.

Give the word—আদেশ-কৃ ; কোন কিছু করিবার সঙ্কেত-কৃ ; Give orders , give the signal.

Good word, *n.* প্রশংসা , Commendation.

Have a word with a person—কাহারও সহিত কথা কহা ।

Have words, Have a word—বচসা-হ ; কথা কাটান ; Have anything discussion ; quarrel.

In a word, In one word—সংক্ষেপে , এক কথায় বলিতে গেলে ; Briefly , to sum up.

In other words—অর্থাৎ ; That is to say.

In so many words—অবিকল সেই কথাগুলি বলিয়া , In exactly the same words, using exactly the same words.

In word—কেবল কথায় (কার্য্যে নহে) ; In declaration or resolution only.

In word and dead—কাৰ্য্যে কর্ম্মে , কাজকর্ম্মে ।

Send word to—বলিয়া পাঠান , Send a massage to one ; inform by message.

Take my word for it—আমি যাহা বলিতেছি তাহা বিশ্বাস কর ; Rely on what I say.

Take one at one's word—অপরের কথায় বিশ্বাস-কৃ ; Believe what one says.

Take one's word for—সাক্ষ্যহেতু বিশ্বাস-কৃ ; Believe because of one's testimony.

True to one's word—অঙ্গীকার পালনে তৎপর , সত্যপালন , (যে কথা সেই কাজ ,) Faithful to what one promises.

The word—বাইবেল ; সুসংবাদ ; The Scripture.

Upon my word—আমি শপথ করিয়া বলিতে পারি , I can swear , I assure you.

Waste words—বৃথা বাক্যব্যয়-কৃ ।

Word for word—অবিকল ; ঠিক সেই কথায় ; একটী কথা না ছাড়িয়া ; In the exact words ; verbatim ; in the same words

Word of honour—যে প্রতিজ্ঞা ভঙ্গ করিলে কোন লোকের নিন্দা হয় , A promise, the violation of which would dishonour the person

Word-book, wurdbŏŏk, *n.* শব্দ-সংগ্রহ ; অভিধান ; শব্দ-কোষ ; A cellection of words. *Syn* :—Vocabulary, glossary, dictionary, lexicon.

Word-building, *n.* শব্দ-যোজনা , পদ-রচনা ।

Wordiness, wurde-nes, *n.* The quality of abounding with words. *Syn* :—Verbosity, diffuseness, prolixity.

Wording, *n.* বাক্যে কথন ; কথনের ধারা বা প্রণালী ; The act, manner, style of expressing in words.

Word-painting, *n.* শব্দে চিত্রাঙ্কন বা বর্ণন :—বাক্য দ্বারা চিত্রিত করণ , সুন্দর বাক্যবিন্যাস ।

Word-picture, *n.* সুন্দর বিবরণ ।

Wordy, wurde, *a.* শব্দবহুল , বাক-ভূয়িষ্ঠ ; Using many words. *Syn* :—Verbose, diffuse, prolix.

Wore, wōr, *pa. t.* of *wear*

Work, wurk, *n.* কর্ম্ম ; Deed :—শারীরিক বা মানসিক শক্তির পরিচালনা :—শ্রম , পরিশ্রম , কার্য্য , চেষ্টা ; Labour , employment , effort :—কষ্ট , কর্ত্তব্য বা কৃতকর্ম্ম , Trouble , anything made or done :—ফল ; পরিশ্রমের ফল , Effect , the result of work : —সূচীকর্ম্ম ; বুনাট :—গ্রন্থ , পুস্তক , Book :—বন্দোবস্ত , Management :—সাহিত্যবিষয়ক রচনা , A literary composition :—*pl* দুর্গপ্রাকারাদি সামরিক গাঁথনি , Structures in military enginering, as walls, trenches :—পরিখা ; কারখানা , Trenches , fortifications, bulwoiks :—*v. i.* পরিশ্রম-কৃ ; কার্য্য কৃ , খাটা ; To labour :—কার্য্য নির্ব্বাহ-কৃ , কাজ চালান ; Perform :—ফল উৎপাদন-কৃ , ঔষধের ন্যায় কাজ-কৃ , To produce effects :—গাঁজা , গাঁজলা উঠা ; To ferment :—*v. t* করা , To make , form by labour :—চালান , কার্য্য করান , To make to work :—সূচিকর্ম্ম-কৃ , To embroider :—ফলোৎপাদন-কৃ ; To effect :—ব্যবহারে আনা , প্রবর্ত্তিত-কৃ , উৎপন্ন-কৃ ; To influence : —নির্ব্বাহ-কৃ , To manage :—বন্দোবস্ত ; সম্পাদন-কৃ ; To solve :—গাঁজান , To cause to ferment. *Syn* . —(*n*) Drudgery, toil ; occupation, business, craft , production, performance, achievement, action, feat ; fabric, manufacture ; composition (*v*) Toil, drudge, slave , act, operate, move, succeed ; heave ; effect, accomplish ; exert, strain.

Be at work—কোন কিছুর ক্রিয়া চলা ; Be in operation :—(কোন কাজে) লাগা ; Working :—কোন কাজে ব্যাপৃত থাকা ; Be engaged in (work).

Go to work—কাজ আরম্ভ-কৃ , নিজের কাজে প্রবৃত্ত-হ ; Begin labour , set about one's business ; commence operations.

Set to work, Set on work—কোন কাজে নিযুক্ত-কৃ , Employ oneself in some work ; engage in any business.

Work against—বাধা-দে , Oppose.

Work at arm's length—Work awkwardly or disadvantageously.

Work a passage—কাজ করিয়া রাস্তার খরচা দেওয়া ; কর্ম্ম করিয়া পাথের শোধ-কৃ ; To pay for passage by work instead of money.

Work at—নিযুক্ত-হ্ ; কোন কিছুর সম্বন্ধে কাজ-কৃ ; কার্য্যে নিযুক্ত-হ ; Be employed upon ; be engaged in.
Work double tides—দিবারাত্র কার্য্য-কৃ ; দুই দিনের কাজ এক দিনে করা ; Work day and night.
Work hard—খুব খাটা।
Work down—কর্ম্মে প্রবেশ-কৃ ; Enter by working.
Work in—নিবেশিত-কৃ ; অন্তঃস্যূত-কৃ।
